যুগনায়ক বিবেকানন

(দ্বিতীয় থণ্ড)

প্রচার

স্বামী গম্ভীরানন্দ



উদ্বোধন কার্যালয় কলিকাতা প্রকাশক
স্বামী জ্ঞানাত্মানন্দ
উল্লোধন কার্যালয়
১ উল্লোধন কেন, ক্লিকাডা-৩

প্রথম সংস্করণ ভারু, ১৩৭৩

মুজাকর শ্রীবিক্ষেত্রলাল বিশাস ইণ্ডিয়ান ফোটো এনগ্রেভিং কোং প্রাইভেট লিঃ ২৮ বেনিয়াটোলা লেন, কলিকাডা->

মূলা সাত টাকা

প্ৰাগ্বাণী

"নবেন শিক্ষে দেবে"—ভগবান শীরামক্ষদেবের স্বহন্ত-লিখিত 'চাপরাশ' नरेश 'ब्रेयरकारि' यामी वित्वकानम अगर्छ श्राज्ञकार्य उटी श्रेशाहितन। স্বামীজী কি প্রচার করিলেন, কেন প্রচার করিলেন, কি ভাবে প্রচার করিলেন ইত্যাদি কথা আমরা প্রচলিত গ্রন্থাবলী এবং অধুনা প্রকাশিত 'Reminiscences of Swami Vivekananda', 'Swami Vivekananda in America: New Discoveries' by Marie Louise Burke ইত্যাদি পুত্ৰব্যবস্থান পাঠকদের লমুখে তুলিয়। ধরিয়াছি। এই প্রচারপর্ব বা মধ্যলীলার আলোচাকাল ১৮৯৩ প্রতাম্পের ৩০শে জ্লাই স্বামীক্ষীর চিকালো মহানগরে প্রথম পদার্পণ হইতে ১৮৯৭ থষ্টাব্দের প্রারম্ভে ভারতে প্রত্যাগমনান্তর কলিকাতায় ওদাঞ্জিলি:-এ কয়েক দিনের কাৰ্যাবলী প্ৰস্ত । এ সময়ে তিনি প্ৰচাৱকাৰ্যে বা তাঁহার অমুল্য চিস্তাৱাঞ্চিকে বাঙ্ময় রূপপ্রদানেই প্রধানত: নিরত ছিলেন। কত ছ:থকই, বাধা-বিপত্তি, অভাব-चन्छेन, विल्न-विज् हे-a नानाविध मिथा। क्रमा ७ विभन्नीज मरकारतन मर्था *व* এই প্রচারপর উদযাপিত হইয়াছিল ভাহা অবর্ণনায়। অথচ কেমন অটল ছিল তাহার সকর। হিতাকাজ্জী আমেরিকান বন্ধরা যথন তাহাকে এই তু:সাহসিকভার জন্ম সাবধান করিয়া দিতেন, তথন তিনি নিজেকে 'জ্যোতির তনয়' বলিয়া পরিচয় দিয়া লিখিয়াছিলেন, "আমি পরমাত্মাকে সাক্ষাং করেছি, সমুদ্র পার্থিব वह रव क्षत्रात. जा शारा शारा जेननिक करत्रिक-वामि नामान वानकरमत कथाब आमात्र निर्मिष्टे পथ थ्याक ठ्राफ इटवा ?" ('वानी अ तहना,' ११०७८)। আর প্রচারে উৎসাহ দিয়া তিনি গুরুম্রাতাদের উদ্দেশে স্বামী ত্রিগুণাতীতকে লিখিয়াছিলেন, "একজন মান্তাজে হা, একজন বংখ যা। ভোলপাড় কর্— তোলপাড় কর তুনিয়া। কি ব'লব স্থাপদোস—যদি স্থামার মতো তুটা ভিনটা তোদের মধ্যে থাকত-ধরা কাঁপিরে দিয়ে চলে বেতুম। ... একটাকে চীনদেশে भाक्रिय (म. এक्টारक काभान (मर्म भाग)।" (खे, ११२४०-४४)। विषय कारन মনে, কি করিয়া এই কপর্দকহীন সন্ন্যাসী বিশ্বের সমস্ত মানবের বারে বারে ভারতীয় श्रविदात गार्रामिक, गार्रकानिक चवल चाचाद वागी अनाहेश আসিলেন: আর তথনই মনে পড়ে তাঁহারই কথা, "বডদিন ডিনি (জীরামক্লক-

দেব) আমার মাথায় হাত রাথছেন, ততদিন কি কারুর দাবাবার জো আছে ?" কিন্তু ভুপু বাদ-প্রতিবাদের মাধ্যমেই তো তাঁহার বার্তা বিঘোষিত হয় নাই, তাঁহার বাণীর প্রক্লত বাহক ছিল তাঁহার দীমাহীন প্রেম। তিনি সারা বিশ্বকেই আপনার বলিয়া বরণ করিয়াছিলেন, এবং বিশ্বমানবও তাঁহাকে পাইয়াছিল নিকট আত্মীয়রূপে। তিনি নিজেই বলিয়াছিলেন, "আমি অশরীরী বাণী," "আমি জগতের নৈর্ব্যক্তিক সত্তা।" আর জানাইয়া দিয়াছিলেন যে, তাঁহার দেহের মৃত্যু হইলেও তাঁহার বাণী অমর: "এমনও হইতে পারে, যে, আমি হয়তো বুঝিব—এই দেহের বাহিরে যাওয়া, এই দেহকে জীর্ণ পোশাকের মতো ফেলিয়া দেওয়াই আমার পক্ষে হিতকর। কিন্তু আমি কোন দিন কর্ম হইতে কান্ত হইব না। যতদিন না সমগ্র জগৎ ঈশরের সঙ্গে একত্ব অন্থভব করিতেছে, ততদিন আমি সর্বত্য—মান্থবের মনে প্রেরণা জাগাইতে থাকিব।" ('বাণী ওর্বচনা', ১০।২৭৫)।


বতমান গ্রন্থে প্রচলিত পুস্তকাদি হইতে যথাসম্ভব সমস্ত প্রধান প্রধান ঘটনা সংগ্রহের সাধ্যামুরপ চেষ্টা হইয়া থাকিলেও আমরা জানি যে, স্বামীজীর জীবনের আনেকথানিই আমাদের নিকট অজ্ঞাত এবং অমুসদ্ধিংস্থ ব্যক্তিগণ এখনও নৃতন তথাবিদ্ধারে নিরত আছেন। আমরা সে শুভদিনের অপেক্ষায় উদ্গ্রীব থাকিব, যেদিন ঐগুলি ধীরে ধীরে আবিষ্কৃত হইয়া মানব সমাজকে নবতর ও কল্যাণতর পথে উন্নীত করিবে। তথাপি আজ পর্যন্ত যেসব ঘটনা প্রকাশিত হইয়াছে, তাহা পাঠকদের সম্মুখে উপস্থিত করারও একটা সার্থকতা আছে জানিয়াই আমরা এই কার্যে বতী হইয়াছি। ইতি

বেলুড় মঠ্ জন্মাইমী ১৩৭৩ निर्वाक

গ্রন্থকার

সূচীপত্ৰ

বিষয়			পৃষ্ঠা
আমেরিকার প্রথম দিনগুলি	•••	•••	` ،
ধর্মমহাসভা			₹8
মহাসভার অব্যবহিত পরে			ec
ডেট্রয়েট		•••	۲۶
আমেরিকার পুর্বাঞ্চলে	•••	•••	220
অপবাদ ও প্রতিকার	•••		200
নবীন পরিকল্পনা ও আশ্রম-কেন্দ্রিক প্রচার	•••		209
সহস্ৰ দ্বীপো তা ন	•••		727
লণ্ডন	•••		٠,٧
স্বায়ী কাৰ্যপ্ৰতিষ্ঠা	•••		२७२
"আমি ইয়ান্ধিদের ভালবাসি"	•••		२०৮
লণ্ডনে দ্বিতীয়বার	•••	•••	२११
ইউরোপ ভ্রমণ	•••		२३३
লণ্ডনে বিদায়ের মৃথে	•••	•••	৩১৽
ম্বদেশের পথে	•••	•••	७२৮
নিদ্রিত ভারত জাগে	•••	•	৩৩৮
এবার কেন্দ্র ভারতবর্ষ	•••		७ €8
"আমার সমরনীতি"	•••	•••	৩৭০
कननी कन्नजृशि	•••		دده
জাতের বড়াই		•••	820
নিৰ্দেশিক।			889



আমেরিকার প্রথম দিনগুলি

স্থবিস্থৃত মহানগর চিকাগো বিশাল সাগরতুলা মিশিগান হ্রদের তীরে অবস্থিত। বিশ্বমেলা উপলক্ষে তথায় বিরাট লোকসমাগম হইয়াছে। স্বামীজী যথন সেথানে পৌছিলেন, তথন নানা দিগ্দেশাগত নরনারী রাস্তায় ভিড় করিয়া চলিতেছে, কিন্তু তাহাদের মধ্যে একটি মুখও স্বামীজীর পরিচিত নহে। অচেনা শহরে নিজের জিনিসপত্র লইয়া তিনি বিত্রত; কোথায় য়াইবেন, কি করিবেন, কিছুই ঠিক নাই। এদিকে স্থেয়াগ ব্রিয়া সকলে তাঁহাকে ঠকাইতেছে—কুলিরা পর্যন্ত তায়া পাওনার চারিগুণ আদায় করিতেছে, আর এই কিস্তুত-কিমাকার পোশাক পরিহিত অভ্তদর্শন লোকটিকে দেখিয়া কেহ বিদ্রুপ করে, কেহ হাততালি দেয়, তুই ছেলের দল পিছু লইয়া নানা প্রকারে বিরক্ত করে। একে অনাহার ও শীতে তিনি জর্জবিত, তাহার উপর এই অত্যাচার! অবশেষে তিনি একটি হোটেলে আশ্রম লওয়াই উচিত মনে করিলেন; আর হোটেল-ওয়ালাও ব্রাইয়া দিল, ইহা ভিন্ন গত্যন্তর নাই। তিনিও ব্রিলেন, কথাটা ঠিক, যদিও হোটেলের থরচ অনেক।

চিকাগোয় তৈনি প্রায় বার দিন ছিলেন। নগরে পৌছিবার দিতীয় দিন হইতেই তিনি ঘ্রিয়া ঘ্রিয়া বিশ্বমেলা দেখিতে লাগিলেন। পৃথিবীর বিভিন্ন দেশের শিল্পস্থাষ্ট ও কলাকৌশল এখানে সমবেত হইয়া যেন দর্শকের দৃষ্টি ও প্রশংসার জন্ম প্রতিদ্বন্ধিতা করিতেছে। মেলার সকল স্থানই তিনি দেখিলেন; বিপুলকায় যন্ত্রপাতি হইতে কারুকার্যথচিত বাসনদ্রব্য পর্যন্ত সমস্তই তাঁহাকে চমৎকৃত করিল বটে, কিন্তু এই সমস্তের মধ্য দিয়া মানবাত্মার যে অসীম উত্মও উদ্ভাবনী শক্তি আত্মপ্রকাশ করিয়াছিল তাহাই তাঁহাকে অধিকতর ম্যাকরিল। তবু এমন পরিবেশ-মধ্যেও তিনি ছিলেন বন্ধুহীন, একা সারাদিন আপনমনে ঘুরিয়া ঘুরিয়া প্রতিদিন সন্ধ্যায় একাকী রাজদেহে হোটেলে ফিরিতেন; পরদিন আবার দেখা শুরু হইত—কি ঐশ্বর্যের ছড়াছড়ি আর কেমন পরিগোটী বন্দোবন্ত! সব তিনি দেখিতেন, সব কিছু হইতেই শিথিতেন।

কিন্তু স্বামীজীর ব্যক্তিত্বের মধ্যেই এমন আকর্ষণীয় বস্তু ছিল যে, তিনি কোথাও দীর্ঘ দিন অজানা থাকিতে পারিতেন না—বিশ্বমেলায়ও ক্রমে তাঁহার প্রতি লোক আরুষ্ট হইতে থাকিল। এই কয়দিনে যাহাদের সহিত স্বামীজীর আলাপ জনিয়াছিল, তাঁহাদের মধ্যে ছইজনের কথা স্বামীজীর ২০শে আগস্ট তারিখের পত্রে পাই। ঐ পত্রে তিনি চিকাগো সম্বন্ধে স্বীয় অভিজ্ঞতার কথা বলিতে গিয়া লিখিয়াছেন, "এখানে প্রায় প্রতিদিনই মেলা দেখিতে যাইতাম—দে এক বিরাট ব্যাপার; অন্ততঃ দশ দিন না ঘ্রিলে সমৃদ্য় দেখা অসম্ভব। বরদা রাও যে মহিলাটির সঙ্গে আমার আলাপ করাইয়া দিয়াছিলেন, তিনি ও তাঁহার স্বামী চিকাগো সমাজের মহা গণ্যমান্ত ব্যক্তি। তাঁহারা আমার প্রতি খ্ব সদ্যবহার করিয়াছিলেন। কিন্তু এখানকার লোকে বিদেশীকে যত্ন করিয়া থাকে, কেবল অপরকে তামানা দেখাইবার জন্তা, অর্থ-দাহায়্য করিবার সময় প্রায়্ম সকলেই হাত গুটাইয়া লয়। এবার এখানে বড ছ্র্থেসর; ব্যবসায়ে সকলেরই ক্ষতি হইতেছে।" অপর ব্যক্তির নাম লাল্ভাই। ইনি চিকাগো হইতে বস্টন পর্যন্ত স্বামীজীর সঙ্গে ভ্রমণ করিয়াছিলেন। বস্টনের কথা আমরা পরে বলিব।

চিকাগোর একটা কৌতৃকপ্রদ ঘটনা স্বামীজী উল্লেখ করিয়াছিলেন। উহা হইতেও বুঝা যায়, স্বামীজী ইতিমধ্যে অনেকের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন: "চিকানোয় সম্প্রতি বড একটা মজা হইয়া গিয়াছে। কাপূর্তলার রাজা এথানে আসিয়াছিলেন, আর চিকাগো সমাজের কতকাংশ তাহাকে কেট্ট-বিষ্টু করিয়া তুলিয়াছিল। মেলার জায়গায় এই রাজার দকে আমার দেখা হইয়াছিল, কিন্তু তিনি বড়লোক, আমার মতো ফকিরের সঙ্গে কথা কহিবেন কেন? এখানে একটা পাগলাটে, ধৃতিপরা, মারাঠা ব্রাহ্মণ মেলায় কাগজের উপর নথের দাহায়ে প্রস্তুত ছবি বিক্রম করিতেছিল। এ লোকটা খবরের কাগজের রিপোটারদের নিকট রাজার বিরুদ্ধে নানা কথা বলিয়াছিল। সে বলিয়াছিল, এ ব্যক্তি খুব নীচ জাতি, এই রাজারা ক্রীতদাসম্বরূপ, ইহারা ত্নীতিপরায়ণ ইত্যাদি। আর এই সত্যবাদী (?) সম্পাদকেরা—যাহার জন্ম আমেরিকা বিখ্যাত—এই লোকটার কথায় কিছু গুরুত্ব-আরোপের ইচ্ছায় তার প্রদিন সংবাদপত্তে বড় বড় গুল্ভ বাহির করিল—তাহার৷ ভারতাগত একজন জ্ঞানী পুরুষের বর্ণনা করিল—অবশ্র আমাকেই লক্ষ্য করিয়াছিল। আমাকে স্বর্গে তুলিয়া দিয়া আমার মুথ দিয়া ভাহারা এমন দকল কথা বাহির করিল যাহা আমি কখন স্বপ্নেও ভাবি নাই। তারপর এই রাজার সম্বন্ধে মারাঠা ব্রাহ্মণটি যাহা যাহা বলিয়াছিল, সব আমার মুখে বদাইল। আর তাহাতেই চিকাগো-সমাজ একটা ধাকা খাইয়া তাড়াতাভি রাজাকে পরিত্যাগ করিল। এই মিথ্যাবাদী সম্পাদকেরা আমাকে দিয়া আমার দেশের লোককে বেশ ধাকা দিলেন। যাহা হউক—ইহাতে বুঝা যাইতেছে যে, এই দেশে টাকা অথবা উপাধির জাক-জমক অপেক্ষা বৃদ্ধির আদর বেশী।" ('বাণী ও রচনা', ৬।৩৬৩)।

সাংবাদিকগণ সত্যই স্বামীজীর প্রতি আরু ইইরাছিলেন ও তাঁহার বিষয়ে সবিশেষ জানিবার আগ্রহে মেলাভূমিতে কিংবা স্থাগে অন্থয়ায়ী অন্থন্ত তাঁহার সহিত আলাপ করিয়াছিলেন। তিনি যে হোটেলে ছিলেন, সেথানকার মালিকের নিকট হইতেও ইহারা তাঁহার সহদ্ধে তথ্য সংগ্রহ করিয়াছিলেন। বস্তুত: তাঁহার চেহারা এবং চাল-চলনে এমন একটা বৈশিষ্ট্র ছিল যে, এইরূপ না হইলেই বরং আশ্চর্য মনে হইত। ক্রমে তিনি নিজেও এই নৃতন পরিবেশের সহিত পরিচিত হইয়া নিজেকে বেশ খাপ খাওয়াইয়া লইলেন। কিন্তু তবু মাঝে নাঝে একটা নৈরাশ্রের ভাব আসিয়া পড়িত। মেলাভূমি ও অন্থন্ত অনেকের সহিত আলাপ হইলেও তাঁহার বন্ধু জোটে নাই; অর্থ-সাহায় তো দ্রের কথা। এ পর্যন্ত তাঁহাকে একান্তই আপন শক্তির উপর নির্ভর করিয়া চলিতে হইতেছিল। মেলার উৎসাহ-উদ্দীপনার সহিত এই সাময়িক গুশ্চিন্তা মিশ্রিত থাকিলেও একটি বিষয়ে তিনি স্বদাই নিশ্চিত ছিলেন—বিধাতার বিধানেই তিনি আমেরিকায় পদার্পন করিয়াছিলেন, অত্যব যেমন করিয়াই হউক, বিধাতা শেষ পর্যন্ত পথ করিয়া দিবেন।

চরম সাফল্যে নিঃসন্দিশ্ব মাতুষকেও সামন্বিক বিপত্তি স্বীকার করিতে হয়; স্বামীজীও ঠিক এমনি সময়ে একটা বড় বিপত্তির সম্মুখীন হইলেন। চিকাগোয় দিন কয়েক কাটিয়া গেলে তিনি একদিন মেলাক্ষেত্র-বিষয়ক সংবাদ-পরিবেশনের কার্যালয়ে উপস্থিত হইয়া ধর্মহাসভা সম্বন্ধ সম্বায় তথ্য জানিতে চাহিলেন। তিনি যথন জিজ্ঞাসা করিলেন, মহাসভার অধিবেশন কবে হইবে, তথন শুনিয়া হতভম্ব হইয়া পড়িলেন যে, উহা সেপ্টেম্বরের দিতীয় সপ্তাহের পূর্বে আরম্ভ হইবে না। তিনি আর এক হংসংবাদ পাইলেন যে, সঙ্গে উপযুক্ত পরিচয়পত্রাদি না থাকিলে কাহাকেও ঐ সভায় প্রতিনিধিরূপে গ্রহণ করা হইবে না, অধিকল্প তথন আর প্রতিনিধি গ্রহণের প্রশ্বই উঠে না, কারণ উহার সময় উত্তীর্ণ হইয়া গিয়াছে। ইহাতে স্বামীজীর মন প্রায় ভাকিয়া পড়িল। তথনও মহাসভার প্রায় দেড় মাস বাকী; তিনি অনেক আগে চলিয়া আসিয়াছেন। স্বাবার সে

আসাও বুথা হইল, কেননা মহাসভার মঞ্চে তিনি প্রবেশাধিকার পাইবেন না। হবই নিক্ষল হইল। এতটা বিফলতা সহ্ করা সতাই কঠিন। আর এই সহজ্ঞ কথাটাও তো তিনি ভাবিয়া দেখেন নাই যে. প্রতিনিধি হইতে গেলে কোনও প্রতিষ্ঠানের ছাপ লইয়া আসিতে হয় : নিজে কেহ কথনও নিজের প্রতিনিধি হয় না। ভাবপ্রবণ ভক্তদের কথায় চলিয়া বড়ই ভুল হইয়া গিয়াছে; আশ্চর্যের বিষয় এই যে, এতগুলি বিদ্বান, বৃদ্ধিমান ভারতীয়দের চিত্তে এই সহজ সরল কথাগুলি একবারও উঠে নাই। ভগিনী নিবেদিতা লিথিয়াছেন: "তাঁহাদের (অর্থাৎ ভক্তদের) অসীম শ্রন্ধাপূর্ণ মনোমধ্যে একথা কথনও উদিত হয় নাই ষে, মানবজগতে ধাহা অসম্ভব তাঁহারা এমনই একটা কিছুর দাবি করিতেছিলেন— তাঁহারা মনে করিতেছিলেন, বিবেকানন্দের শুধু উপস্থিত হওয়া আবশ্রক, এবং উপস্থিত হইলেই তিনি সমস্ত স্থযোগ অবশ্য পাইবেন। জাগতিক রীতি নীতি সম্বন্ধে শিষারা যেমন স্বামীজীও তেমনি অতি সরল বিশ্বাসই পোষণ করিতেন। তিনি যথন একবার ব্ঝিতে পারিলেন যে, তিনি এই প্রচেষ্টার জ্বন্স ভগবানের আদেশ পাইয়াছেন, তিনি তথন আর পথের বিছের কথা ভাবিতে পারিলেন না। হিন্দুসমাজের প্রতিনিধিত্ব করিতে যিনি আগত, তিনি যথন বিশ্বের ঐশ্বর্য ও শক্তি-ভাণ্ডারের দৃচস্থরক্ষিত দারপথে প্রবেশের জন্ম পা বাড়াইলেন, তথন কেহই যে তাঁহার কথা ঘোষণা করিল না. কিংবা তিনি যে সঙ্গে করিয়া ষথারীতি কোনও পরিচয় পত্র আনিলেন না, ইহাই কি এই বিষয়ে অনক্সনিরপেক্ষ প্রমাণ নহে যে, হিন্দুসমাজ তথনও সম্পূর্ণ সংহতিবিহীন ছিল ?"

এদিকে তাঁহার একমাত্র সম্বল ভক্তদের প্রদন্ত অর্থ ক্রত নিংশেষ হইতে চলিল। হোটেলের বায় অসম্ভব বেশী; আবার অপরিচিত স্থানে বিদেশীকে ঠকাইয়া সকলেই অধিক লাভবান হইতে চায়। তিনি নিজেকে বিপন্ন মনে করিয়া ছন্চিন্তাগ্রন্থ-চিত্তে আলাসিঙ্গার নামে পত্র লিখিয়া মাল্রাজের ভক্তদিগকে জানাইলেন, "এখানে আমার থরচ ভয়ানক হইতেছে। তোমার শ্বরণ আছে, তুমি আমায় ১৭০ পাউও নোট ও নগদ ১ পাউও দিয়াছিলে। এখন দাঁড়াইয়াছে ১৩০ পাউও। গড়ে আমার এক পাউও করিয়া প্রত্যহ থরচ পড়িতেছে। এখানে একটা চুকটের দামই আমাদের দেশের আট আনা। আমেরিকানরা এত ধনী বে, তাহারা জলের মতো টাকা থরচ করে, আর তাহারা আইন করিয়া সব জিনিসের মূল্য এত বেশী রাখিয়াছে যে, জগতের অপর কোন জাতি যেন কোন-

মতে এদেশে ঘেঁষিতে না পারে। এখানে আদিবার পুর্বে যেদব সোনার স্বপ্ন দেখিতাম, তাহা ভাঙিয়াছে; এক্ষণে অসম্ভবের সঙ্গে যুদ্ধ করিতে হইতেছে। শত শত বার মনে হইয়াছে, এদেশ হইতে চলিয়া যাই; কিন্তু আবার মনে হয়, আমি একগুরে দানা, আর আমি ভগবানের নিকট আদেশ পাইয়াছি। আমি কোন পথ দেখিতে পাইতেছি না; কিন্তু তাঁহার চক্ষ্ তো দব দেখিতেছে। মরি বাঁচি, উদ্দেশ্য ছাড়িতেছি না।" (ঐ, ৬।৩৬১)

দিদ্ধান্ত তাঁহার অবিচল রহিল, বিশ্বাসপ্র অটুট রহিল; কিছু বান্তবকে তো সম্পূর্ণ অম্বীকার করা চলে না; বন্ধুবান্ধবহীন চিকাগো মহানগরে রিক্তহন্তে বাস করাও চলে না। পরিচিত শুভকামীদের পরামর্শে তিনি স্থির করিলেন, চিকাগো ছাড়িয়া আমেরিকার পুর্বকূলে বস্টনে যাইবেন, কেননা ব্যয় সেখানে অপেক্ষাকৃত অল্প। বন্টন পর্যন্ত তাঁহার রেলের সাথী ছিলেন শ্রীযুক্ত লালুভাই; আর ভগবান অপ্রত্যাশিতভাবে একজন সহানয় বন্ধু জুটাইয়া দিলেন, তিনি ম্যাসাচুসেট্স প্রদেশের ব্রিজি মেডোজ নামক একটি গোলাবাড়ীর স্বত্যাধিকারিণী বর্ষিয়সী শ্রীমতী ক্যাথেরিন এয়াবট স্থানবর্ন। এই বস্টন অঞ্চলে গমন এবং শ্রীমতী ক্যাথেরিন (বা সংক্ষেপে কেইট্) স্থানবর্ন সম্বন্ধে স্বামীজী লিখিয়াছিলেন: "আমি এক্ষণে বন্টনের এক গ্রামে এক বুদ্ধা মহিলার অতিথিরূপে বাস করিতেছি। ইহার সহিত রেলগাড়ীতে হঠাৎ আলাপ হয়। তিনি আমাকে নিমন্ত্রণ করিয়া তাঁহার নিকটে রাখিয়াছেন। এখানে থাকায় আমার এই স্থবিধা হইয়াছে যে. প্রত্যহ এক পাউও করিয়া যে খরচ হইতেছিল, তাহা বাঁচিয়া যাইতেছে। স্থার তাঁহার লাভ এই যে, তিনি তাঁহার বন্ধুগণকে নিমন্ত্রণ করিয়া ভারতাগত এক অত্ত জীব দেখাইতেছেন! এসব যন্ত্রণা সহু করিতে হইবেই। আমাকে এখন অনাহার, শীত, অন্তত পোশাকের দক্ষন রাস্তার লোকের বিদ্রাপ—এইগুলির সহিত যুদ্ধ করিয়া চলিতে হইতেছে। প্রিয় বৎস! জানিবে, কোন বড কাজই গুরুতর পরিশ্রম ও কষ্টমীকার ব্যতীত হয় নাই।" (ঐ, ৩৬২)।

মিদ্ স্থানবর্নকে স্বামীজী বৃদ্ধা বলিয়া উল্লেখ করিলেও তিনি তথনও আমেরিকাবাসীদের দৃষ্টিতে বৃদ্ধা নহেন; তিনি তথন প্রোচা এবং বয়দ চুয়ায়। কর্মোজম তাঁহার তথনও যথেষ্ট ছিল, এবং স্বামীজীকে লইয়া এথানে দেখানে য়াইতে আনন্দই পাইতেন। সমাজেও বাগ্মী ও লেখিকা হিসাবে তাঁহার প্রতিপত্তি ছিল। অতএব এই মহিলার সাহায়ে স্বামীজী শীঘ্রই ঐ অঞ্চলের শিক্ষিত ও গণ্যমান্ত

সমাজে সহতে প্রবেশ করিতে পারিয়াছিলেন। ইহারই সাহায্যে তিনি অধাাপক ডা: বাইট-এর সহিত পরিচিত হন এবং সেই স্বত্রে ধর্মমহাসভায় প্রতিনিধির আসন লাভ করেন। আমরা আরও জানিতে পারি যে, তিনি শ্রীমতী স্থানবর্নের সহিত ১৮ই আগস্ট ঘোডার গাডীতে দশ মাইল দূরবর্তী একস্থানে নিমন্ত্রণরক্ষা কবিতে যান। এতদাতীত বস্টানের একটি মহিলা ক্লাবে ভারতের সমাজ ও সংস্কৃতি বিষয়ে বক্ততা দেন। ঐ ক্লাবের সভারা মহারাষ্ট্র দেশীয় আহ্মণ বিধবা. কিন্তু পরে খুটুধর্মে দীক্ষিতা পণ্ডিতা রমাবাঈএর ভারতীয় কার্যের জন্ম অর্থসাহায্য করিতেন। আরও জানা যায়, স্বামীজী শেরবোর্নে অবস্থিত মহিলা-সংশোধনাগারে (রিফর্মেটরীতে) ভারতীয় রীতিনীতি ও জীবনধারা সম্বন্ধে বক্তৃতা করেন। 🗳 সময়ে আমেরিকার জনসাধারণ স্বামীজীর নাম ঠিক উচ্চারণ বা বানান করিতে পারিত না: সত্য কথা বলিতে গেলে ভাহাদের এই অক্ষমতান্ধনিত ভ্রম দীর্ঘকাল চলিয়াছিল। স্বামীজীর পরিচয় সম্বন্ধেও তাহাদের অন্তত সব ধারণা ছিল। সংবাদপত্তে কখনও বলা হইত, তিনি রাজা, কখনও বা বলা হইত তিনি ব্রাহ্মণ-সয়াাসী—ব্রাহ্মণ মানে তাহাদের বৃদ্ধিতে উচ্চবর্ণের হিন্দু। আর নামের যেসক বিক্ষতি হইত তাহা বাঙলা অক্ষরে লিথিয়া বুঝানো একটা ক্সরতের মতোই দেখাইবে। মাদ কয়েক পরে তাহারা ঠিক করিয়া লইয়াছিল, নামটা হইবে বিব্কানন, অথবা ভার কানন ; অন্ততঃ ঐভাবে উচ্চারণ করা তাহাদের পক্ষে সহজ ও সম্ভব ছিল। যাহা হউক আমরা আপাততঃ বন্টনের কথাই বলি। 'বস্টন ইভিনিং ট্র্যানস্ক্রিপ্ট ' পত্রিকায় ২৫শে আগস্ট ছাপা হইল, "ইণ্ডিয়া হইতে আগত ব্রাহ্মণ-সন্ন্যাসী স্বামী বেরে কানন্দ আগামী মাসে চিকাগোতে ধর্ম-মহাসভায় উপস্থিত থাকিবার জন্ম এই দেশে আসিয়াছেন; তিনি গতকলা কন্ধর্ড-এর শ্রীযুক্ত এফ. বি. স্থানবর্নের সহিত বন্টনে আসিয়াছিলেন।" শ্রীযুক্ত ক্র্যান্থ লিন বেঞ্চামিন স্থানবর্ন শ্রীমতী কেইট স্থানবর্নের জ্ঞাতিভাই। প্রথমতঃ তিনি এই হিন্দু সন্ন্যাদীকে অবিখাদের চক্ষেই দেখিয়াছিলেন: কিন্তু ব্রিজি মেডোজে বাতালাপের পর তাঁহার মত পরিবর্তিত হইল। ঐীযুক্ত স্থানবর্ন সাংবাদিক, লেথক, পরোপকারক ও সত্রদেশ্যে স্থাপিত সভাসমিতির পৃষ্ঠপোষক ইত্যাদি বিভিন্নরপে বস্টন সমাজে বিশেষ সম্মানিত ছিলেন। স্বামীকী স্বভাবতই ইহার প্রতি আরু ইহয়াছিলেন।

এই সময়ে এবং পূর্বোল্লিখিত ঘটনা ও বাক্তিদের সম্বন্ধে স্বামীক্ষীর মনোভাব

অবগত হইবার জন্ম আমরা পুনর্বার তাঁহার ২০শে আগদেটর পত্রথানি পাঠ করিব। তিনি লিখিয়াছেন: "জানিয়া রাখ, এই দেশ খৃষ্টানের দেশ। এখানে আর কোন ধর্ম ও মতের প্রতিষ্ঠা কিছুমাত্র নাই বলিলেই হয়। আমি জগতে কোন সম্প্রদায়ের শক্রতার ভয় করি না; আমি এখানে মেরীতনয়ের সম্ভানগণের মধ্যে বাস করিতেছি, প্রভু ঈশাই আমাকে সাহায্য করিবেন। একটি জিনিস দেখিতে পাইতেছি, ইহারা আমার হিন্দুধর্মসম্বন্ধীয় উদার মত ও নাজারাথের অবতারের প্রতি ভালবাসা দেখিয়া খুব আক্রষ্ট হইতেছেন। আমি তাঁহাদিগকে বলিয়া থাকি যে, আমি সেই গ্যালিলীয় মহাপুরুষের বিরুদ্ধে কিছুমাত্র বলি না । কেবল তাঁহারা যেমন যীশুকে মানেন, সেই সঙ্গে ভারতীয় মহাপুরুষগণকেও মানা উচিত। একথা ইহারা আদরপুর্বক গ্রহণ করিতেছেন। এখন আমার কার্য এইটুকু হইয়াছে যে, লোকে আমার সম্বন্ধে কতকটা জানিতে পারিয়াছে ও বলাবলি করিতেছে। এখানে এইরূপেই কার্য আরম্ভ করিতে হইবে।

"কাল নারী কারাগারের অধাক্ষা মিসেস জনসন মহোদয়া এথানে আসিয়া-हिल्लन ; এখানে কারাগার বলে না, বলে সংশোধনাগার। আমেরিকায় যাহা যাহা দেখিলাম, তাহার মধ্যে ইহা এক অতি অন্তত জিনিদ। কারাবাদিগণের সহিত কেমন সহালয় ব্যবহার করা হয়, কেমন তাহালের চরিত্র সংশোধিত হয়, আবার তাহার। ফিরিয়া গিয়া সমাজের আবশুকীয় অঙ্গরূপে পরিণত হয়। কি অদ্ভত, কি হৃদর । ... ইহা দেখিয়া তারপর যথন দেশের কথা ভাবিলাম, তথন আমার প্রাণ অন্তির হইয়া উঠিল। ভারতবর্ষে আমরা গরীবদের, সামান্ত লোকদের, পতিতদের কি ভাবিষা থাকি। তাঁহাদের কোন উপায় নাই, পালাইবার কোন রান্তা নাই, উঠিবার কোন উপায় নাই। ভারতের দ্রিত্র, ভারতের পতিত, ভারতের পাপিগণের সাহায্যকারী কোন বন্ধ নাই। সে যতই চেষ্টা করুক, তাহার উঠিবার উপায় নাই। তাহারা দিন দিন ভূবিয়া যাইতেছে; রাক্ষনবং নশংস সমাজ তাহাদের উপর ক্রমাগত যে আঘাত করিতেছে, তাহার বেদনা তাহারা বিলক্ষণ অমুভব করিতেছে, কিন্তু তাহারা জানে না-কোণা হইতে ঐ আঘাত আসিতেছে। তাহারাও যে মারুষ, ইহা তাহারা ভূলিয়া গিয়াছে। ইহার ফল দাসত্ব ও পশুত্ব। চিস্তাশীল ব্যক্তিগণ কিছুদিন হইতে সমাজের এই ত্রবস্থা বৃঝিয়াছেন, কিন্তু তুর্ভাগ্যক্রমে তাঁহারা হিন্দুধর্মের ঘাডে এই দোষ চাপাইয়াছেন। তাঁহারা মনে করেন, জগতের মধ্যে এই মহত্তম ধর্মের

নাশই সমাজের উন্নতির একমাত্র উপায়। শোন বন্ধু, প্রভূর কুপায় আমি ইহার রহস্ত আবিদ্ধার করিয়াছি। হিন্দুধর্মর কোন দোব নাই। হিন্দুধর্ম তো শিখাইতেছেন, জগতে যত প্রাণী আছে, সকলেই তোমার আত্মারই বহু রূপ মাত্র। সমাজের এই হীনাবস্থার কারণ, কেবল এই তত্ত্বকে কার্যে পরিণত না করা—সহামুভতির অভাব, হদয়ের অভাব। । । নমাজের এই অবস্থাকে দূর করিতে इहेटव धर्मटक विनष्ट कविषा नट्ट, পत्रह्य हिन्नूध्टर्मत्र महान উপদেশসমূह अञ्चलत्र করিয়া এবং তাহার দহিত হিন্দুধর্মের স্বাভাবিক পরিণতিম্বরূপ বৌদ্ধধর্মের স্বস্তুত হুদুয়বত্তা লইয়া। । । হিন্দুধর্মের ন্যায় আর কোন ধর্মই এত উচ্চতানে মানবাত্মার মহিমা প্রচার করে না, আবার হিন্দুধর্ম ধেমন পৈশাচিকভাবে গরীব ও পতিতের গলায় পা দেয়, জগতের আর কোন ধর্ম এরূপ করে না। ভগবান আমাকে **(मथारेश) मिश्राराह्म, रेराराज धर्मात्र त्काम (माय मारे। उत्य रिम्पुधर्मात्र अन्तर्श** আত্মাভিমানী কতকগুলি ভণ্ড পারমার্থিক ওব্যাবহারিক' নামক মতদ্বারা সর্বপ্রকার অত্যাচারের আম্বরিক যন্ত্র ক্রমাগত আবিদার করিতেছে।" লোকে বলে স্বামীজী আমেরিকার সমাজের দারা প্রভাবিত হইয়া বহির্ভারতীয় ভাবধারা ভারতে প্রচার করিয়াছিলেন; কিন্তু স্বামীজীর মৌলিকতা এখানেই ষে, তিনি তুলনামূলক দৃষ্টিতে রোগ নির্ণয় ও ঔষধ স্থির করিতে পারিতেন। এই দৃষ্টি ও স্পাবিদ্ধার তাঁহার নিজস্ব। বাহিরের ঘটনাবলী উহাদের উদ্বোধক মাত্র। নতুবা এই অল্লবয়স্ক যুবক দিন কয়েক মাত্র আমেরিকায় থাকিয়াই এত নৃতন কথা বলেন কি করিয়া? আরও দেখা যায়—আমেরিকার সামাজিক আচার-ব্যবহার বেরপই হউক, বেদান্ত-সমত দার্শনিক ভিত্তিতে সামাজিক চিন্তা সেথানে তথনও অজ্ঞাত—উহা স্বামীন্দ্রীরই অবদান ; আর সে চিস্তাকে তিনি মনোজগতে পীমাবন্ধ না রাধিয়া কার্যে পরিণত করিতে চাহিয়াছিলেন। স্বামী বিবেকানন্দের বিশেষত্ব এইখানে। তিনি স্বীর গুরুদেবেরই ক্সায় মন-মূখ এক করিতে চাহিয়াছিলেন—অধ্যাত্মজগতের চিস্তার সহিত বহির্জগতের ব্যবহারে কোন সামলভ থাকিবে না, পারমাথিক ও ব্যাবহারিক জীবন সম্পূর্ণ বিভিন্ন ধারায় চলিবে, ইহা তিনি ভাবিতেই পারিতেন না। এবং তাঁহার দৃষ্টিতে ধর্মকে সামাজিক ত্নীতি, অত্যাচার ইত্যাদির জন্ম দায়ী করা চলে না, দায়ী ক্ষমতায় সাদীন শাসকবর্গ ও পুরোহিতকুলাদির স্বার্ধপরতা। ইহাও এক নবীন দৃষ্টি। বস্টনের গ্রামে শ্রীমতী স্থানবর্নের মাতিথ্য লাভের ফলে যদিও স্বামীজীর অর্থব্যয় হ্রাস পাইল, তথাপি অক্সদিকে ব্যয়বাছলো তিনি তথনও নিপীডিত। আমরা জানি, তিনি শীতবন্ত্র আনেন নাই। প্রাপ্তক্ত চিঠিতেই পাই: "এখন শীত আসিতেছে, আমাকে সকল রকম গরম কাপড় বোগাড় করিতে হইবে; আবার এথানকার অধিবাসী অপেকা আমাদের অধিক কাপড়ের আবশ্রক হয়।… এই গ্রাম হইতে কাল আমি বস্টনে যাইতেছি। সেখানে একটি বৃহৎ মহিলা-সভায় বক্তৃতা করিতে হইবে। ইহারা (খুষ্টান) রুমাবাঈকে সাহায্য করিতেছে। বন্টনে গিয়া আমাকে প্রথমে কাপড় কিনিতে হইবে। দেখানে যদি বেশী দিন থাকিতে হয়, তবে আমার এ অপুর্ব পোশাক চলিবে না-রান্তায় আমায় দেখিবার জন্ম শত শত লোক দাঁড়াইয়া যায়। স্বতরাং আমাকে কালো রংএর লম্বা জামা পরিতে হইবে; কেবল বকুতার সময় গেরুয়া আলখাল্লা ও পাগড়ি পরিব। এই পত্র তোমার নিকট পৌছিবার পূর্বে আমার সম্বল দাঁড়াইবে ষাট সম্ভর পাউও; অতএব কিছু টাকা পাঠাইবার বিশেষ চেষ্টা করিবে। এদেশে প্রভাব বিস্তার করিতে হইলে কিছুদিন এখানে থাকা দরকার।

অভাব বিস্তার করিতে হইলে কিছুদিন এখানে থাকা দরকার।

অভাব বিস্তার করিতে হইলে কিছুদিন এখানে থাকা দরকার।

তথানে বিস্তার বিস্ত কিছদিন থাকিতে হইবে। এত চেষ্টার পর আমি সহজে ছাডিতেছি না। তোমরা কেবল যতটা পার আমায় সাহায্য কর। আর যদি ভোমরা নাই পারে। আমি শেষ পর্যন্ত চেষ্টা করিয়া দেখিব। । । । যদি তোমরা টাকা পাঠাইয়া আমাকে चन्नजः इत्र मान এখানে রাখিতে পারো, আশা করি সব স্থবিধা হইয়া ঘাইবে। ইতিমধ্যে আমিও বে-কোন কাঠখণ্ড সন্মুখে পাই, তাহাই ধরিয়া ভাসিতে চেষ্টা করিতেভি। যদি আমার ভরণ-পোষণের কোন উপায় করিতে পারি, তৎক্ষণাৎ তোমায় তার করিব।" বাস্তবিক স্বামীন্ধীর আর্থিক অবস্থা তথন বডই ছশ্চিন্তাজনক বা ভয়াবহ। দরজীর নিকট পোশাকের ফরমাশ দিয়া ফিরিয়া খাসিয়া এই পত্তেই খাবার লিখিতেছেন: "এইমাত্ত দরজীর কাছে গিয়াছিলাম, কিছু শীতবস্ত্রের অর্ডার দিয়া আসিলাম; তাহাতে তিনশত টাকা বা তাহারও বেশী পড়িবে। ইহা যে খুব ভাল কাপড় হইবে, তাহা মনে করিও না, অমনি **ज्यानम्हें** भारहत हहेटव। · · · यह राजाना जामारक विशासन त्राधिवात जन है। का পাঠাইতে ना পারো, এদেশ হইতে চলিয়া বাইবার জন্ত কিছু টাকা পাঠাইও। ইডিমধ্যে যদি অমুকুল কিছু ঘটে, লিখিব বা তার করিব। কেবল 'তার' করিতে প্রতি শব্দে পড়ে চারি টাকা।"

স্বামীজীর আমেরিকায় গমনকালে থেতড়ী-রাজের দাহায্যের কথা আমরা

পূর্বে উল্লেখ করিয়াছি। পরেও তিনি নানাভাবে সাহায্য করিয়াছিলেন; বিশেষত: আলোচ্য অর্থক্ষুক্তার দিনে মন্মথ ভট্টাচার্য মহাশ্যের পত্রে ঐ সংবাদ পাইয়া রাজাজী তৎক্ষণাৎ তারযোগে পাঁচশত টাকা পাঠাইয়াছিলেন (বেণী শঙ্করজীর পুন্তক, ৮৬-১১ পৃ:)। আলাসিঙ্গাও আরও তিনশত টাকা পাঠাইয়া-ছিলেন; কারণ স্বামীজীর ২রা নভেম্বরের (?) পত্রে আটশত টাকা পাঠাইবার উল্লেখ আছে ('বাণী ও রচনা', ৬৮২ পৃ:)। ঐ সময়ের ঘটনাপরক্ষারা আলোচনা করিয়া মনে হয়, স্বামীজী আলাসিঙ্গাকে প্রেরিত পুর্বোল্লিখিত আগস্ট মাসের পত্র হাডা আরও পত্র বা 'তার' অপর বন্ধুদিগকে উহার পূর্বে বা পরে পাঠাইয়া-ছিলেন। তার যে তিনি করিয়াছিলেন, ইহা স্বমুখোক্ত পরবর্তী ঘটনা হইতে জানা যায়।

মাদ্রাজে 'আমার সমরনীতি' নামক বক্ততা প্রদানকালে তিনি বলেন, "আমি আমেরিকায় পৌচিলাম। টাকা আমার নিকট অতি অল্পই চিল-আর ধর্মমহাসভা বদিবার পূর্বেই দব খরচ হইয়া গেল। এদিকে শীত আদিতেছে। আমার ভুধু গ্রীন্মোপযোগী পাতলা পোশাক ছিল। একদিন আমার হাত হিমে আড ই হইয়া গেল। এই ঘোরতর শীতপ্রধান দেশে আমি যে কি করিব, তাহা ভাবিয়া পাইলাম না। কারণ যদি রান্তায় ভিক্ষায় বাহির হই, তবে আমাকে জেলে পাঠাইয়া দিবে। তথন আমার নিকট শেষ সম্বল কয়েকটি ডলার মাত্র ছিল। আমি মাদ্রাজে কয়েকটি বন্ধুর নিকট তার করিলাম। থিয়োসফিস্টরা এই ব্যাপারটি জানিতে পারিলেন। তাঁহাদের মধ্যে একজন লিখিয়াছিলেন, 'শত্বতানটা শীল্প মরিবে—ঈশরেচ্ছায় বাঁচা গেল।' ('বাণী ও রচনা' ৫।৯৬)। থিয়োসফিস্টদের ক্রোধের কারণও ঘটিয়াছিল—ইহার প্রমাণ স্বামীক্ষীর ২০শে ষাগস্টের পত্রেই রহিয়াছে। উহাতে স্বামীন্সী লিখিতেছেন, কুমারী স্থানবর্নের लाजा थिरबामिक करेल्द्र मः स्मार्ट्स चामियाहित्नन, भरत छेहारमत हा जिया रामन। এইটুকু লিপিয়া তিনি মস্তব্য করিয়াছেন, "এই তো এথানে থিয়োসফির প্রভাব এবং উহার প্রতি ইহাদের শ্রদ্ধা!" উক্ত ভদ্রলোক—শ্রীযুক্ত এফ. বি. স্থানবর্ন— স্বামীজীর প্রতি আরুষ্ট হন, এবং আমরা পুর্বেই দেখিয়া আসিয়াছি, তিনি স্বামীজীকে লইয়া ২৪শে আগস্ট বস্টনে উপস্থিত হন। পরে তিনি তাঁহাকে স্থারাটোগায় লইয়া গিয়াছিলেন।

मानित्छ इहेरव रस, बम्हेरन এই जाशमन देनवर श्रवाधीरनहे चित्राहिन;

কেননা ইহাকে অবলয়ন করিয়া স্বামীজীর আমেরিকায় আসার প্রথম উদ্দেশ— চিকাগো ধর্মমহাসভায় হিন্দুধর্মের প্রতিনিধিত্ব করা—দাফলামপ্তিত হইয়াছিল। মনে রাখিতে হইবে প্রতিকৃল অবস্থায় পড়িয়া স্বামীজীর মনে এককালে ঐ সম্বল্পতাগের কল্পনাও উঠিয়াছিল। তিনি ২০শে আগস্ট লিখিয়াছিলেন, "যদি আবার চিকাগো বাই, তবে উহার (ভট্টাচার্য মহাশয়ের ফনোগ্রাফের) জন্ম চেষ্টা করিব। আমি চিকাগোর আর যাইব কিনা, জানি না। আমার তথাকার বন্ধগণ আমাকে ভারতের প্রতিনিধি হইতে বলিয়াছিলেন; আর বরদা রাও যে ভদ্রলোকটির সহিত আলাপ করাইয়া দিয়াছিলেন, তিনি চিকাগো মেলার একজন কর্তা। কিন্তু আমি প্রতিনিধি হইতে অস্বীকার করি, কারণ চিকাগোয় একমাদের অধিক থাকিতে গেলে আমার দামাত সম্বল ফুরাইয়া যাইত।" > ঐ আশা ছাড়িয়া দিয়াই তিনি বন্টনে গিয়াছিলেন বলিয়া মনে হয়। কিন্তু ধর্ম-মহাসভার আশা ত্যাগ করিলেও বিদেশে কার্য করার সন্ধন্ন তথনও অব্যাহত ছিল। ঐ পত্রেই আছে: "প্রথমে আমেরিকায় চেষ্টা করিব; এখানে অক্নতকার্য হইলে ইংলণ্ডে চেষ্টা করিব। তাহাতেও কুতকার্য না হইলে ভারতে ফিরিব এবং ভগবানের পুনরাদেশের প্রতীকা করিব।" কিন্তু আমেরিকায় তাঁহার সাফল্যের পুর্বাভাস তিনি অচিরেই পাইতে আরম্ভ করেন।

২৪শে আগস্ট বস্টনে শ্রীযুক্ত স্থানবর্নের গৃহে থাকা কালে হার্ডার্ড বিশ্ব-বিভালয়ের গ্রীক্ ভাষার অধ্যাপক শ্রীযুক্ত জন হেনরি রাইট মহোদয় তাঁহার আ্যানিস্কোয়ামের বাসস্থান হইতে যদিও বস্টনে আসিয়াছিলেন এবং তিনি পূর্বেই স্থামীজীর গুণাবলীর কথা শুনিয়াছিলেন বলিয়া তাঁহার সাক্ষাৎ পাইতে বাগ্র ছিলেন, তথাপি দৈববশে সেদিন মিলন্ ঘটিল না। ইহাতে বরং লাভই হইল; কারণ অধ্যাপক মহাশয় ঐ সপ্তাহের বাকী দিনগুলি তাঁহার আ্যানিস্কোয়ামে অবস্থিত বাড়ীতে বাস করার জন্ম স্থামীজীক আমন্ত্রণ জানাইলেন এবং স্থামীজীও উহা গ্রহণ করিলেন। আ্যানিস্কোয়াম অতলান্তিক মহাসাগরের তীরবর্তী একটি ক্ষুদ্র গ্রাম; বায়ুপরিবর্তনের জন্ম শহরের লোক সেখানে যায়;

১। স্বামীজীর জীবনীকারগণ বলেন, স্বামীজীর সঙ্গে নিদর্শনপত্র না থাকার এবং প্রতিনিধি-এহপের দিন অতীত হওয়ার তিনি প্রতিনিধি হইতে পারেন নাই। এই বিবরণ পড়িয়া কিন্তু অস্থ কারণও ছিল বলিয়া মনে হয়। প্রতিনিধি হইলে তাঁহাকে দীর্ঘকাল চিকাগোর থাকিতে হইত নিজ ব্যরে; অথচ তেমন সম্পূল তাঁহার ছিল না।

অধ্যাপকও ঐ উদ্দেশ্যেই দেখানে ছিলেন। স্বামীজীর এই পল্লীবাদের বিবরণ অধ্যাপক-পতীর ২৯শে আগস্ট তারিখের এক পত্র হইতে পাওয়া বার। তিনি লিখিয়াছিলেন, "হিন্দু-সন্নাসীকে দেখিবার জ্বন্ত জন বস্টনে গিয়াছিলেন. কিন্তু দেখা না হওয়ায় তাঁহাকে এখানে নিমন্ত্ৰণ করেন। তিনি শুক্রবারে আসিয়াছিলেন। জাভার গায়ে ছিল এক লম্বা গেরুয়া আলথালা—দকলে দেখিয়া তো অবাক। ে তিনি সোমবার পর্যন্ত ছিলেন। আমি এর পর যত বিশেষ উল্লেখযোগ্য লোক দেখিয়াছি, তাঁহাদের মধ্যে ইনি অন্তত্ম। আমরা সারাদিন, সারারাভ আলাপ করিয়াছি, পরদিন সকালে আবার সাগ্রহে আলাপ **ও**ফ করিয়াছি। তাঁহাকে দেখিবার জন্ম সারা শহরে যেন আগ্রহের আগুন জলিয়া উঠিয়াছিল। কুমারী লেনের বাডীর অতিথিরা উলাদে আত্মহারা হইয়াছিলেন—তাঁহারা সব সময়ই ঐ বাড়ীর ভিতর-বাহির করিতেছিলেন; ক্ষুদ্রকায়া শ্রীয়ক্তা মেরিনের नयनवय উन्नारम जनिया উठियाছिल, जात ठांशांत करभानवय दृष्टेयाहिल तक्किय। আমরা প্রধানত: ধর্মসম্বন্ধে আলাপ করিতাম। তারপর জন তাঁহাকে রবিবারে গীজায় ভাষণ দিতে লইয়া গেলেন এবং সকলে মিলিয়া এমন একটি অখুষ্টান মহাবিভালয়ের জন্ম চাদা তুলিল, যাহা একেবারে অখুষ্টান ধারায় পরিচালিত হইবে। আমি ততক্ষণ এক কোণে সরিয়া গিয়া এত হাসিলাম যে, আমার **ठटक जल (मधा मिल**।...

"দেখিয়া শুনিয়া গ্রামবাদীরা ঠিক করিল, ইনি ব্রাহ্মণ। অথচ নৈশাহারের সময় ইনি সানন্দে মাংস ভক্ষণ করিতেছেন দেখিয়া তাহাদের ধারণা কোথায় ভাসিয়া গেল! এ সমস্তার সমাধান আবশুক ছিল, অতএব নৈশভোজনাস্তে তাঁহারা তাঁহার বাক্যালাপ শুনিতে তাঁহাকে ঘিরিয়া বসিল।…

"তিনি তাঁহার স্থমিষ্ট স্বরে বলিয়া যাইতে লাগিলেন, 'এই তো সেদিন, মাজ সেদিন—চার-শো বছরের আগে হবে না।' তারপর (ভারতের) একটা সফগুণশীল জাতির উপর, একটা নিপীড়িত জনসমষ্টির উপর যে নিষ্টুরতা ও নির্ঘাতন চলিতেছে এবং ইহার পরিণতিস্বরূপ (ইংরেজ্ব) উৎপীড়কদের উপর যে সাজা নামিয়া আদিবে তাহা তিনি বলিয়া যাইতে লাগিলেন। তিনি কহিলেন, 'ইংরেজ্ঞদের কথা কি আরে বলব ? এই কদিন আগেও তারা ছিল জঙ্গলী…তাদের ভত্তমহিলাদের গায়ে উকুন খুরে বেড়াত …আর তারা গায়ের ফুর্গক্ব ঢাকার জন্ত স্থগদ্ধি মাথত।…কি বিছ্-ছি-রি! এখনও ভারা তো সবে

জন্মলীপনা থেকে বেরুছে।' শ্রোতাদের মধ্যে একজন বলিয়া উঠিলেন, 'কি বাজে কথা! ও তো অন্ততঃ পাঁচ-শো বছর আগেকার কথা।' 'তা আমি কি বলিনি—এই কদিন আগে? জীবাত্মার দীর্ঘ ইতিহাসের কথা মনে রাখলে करम्ब- त्ना वहत्री कि युव नशा नाकि ?' তারপর স্থর পালটাইয়া খুবই স্থবিবেচক ও শাস্ত মাত্র্যটির মতো তিনি বলিয়া চলিলেন, 'ওরা একেবারে জবলী।' বলার সঙ্গে কথার জার ও তোড বাড়িয়াই চলিল, আর তিনি কহিতে থাকিলেন, 'চর্জয় শীত এবং তাদের উত্তরাঞ্চলের অন্টন ও অনাহার তাদের জঙ্গলী বানিয়ে দিয়েছে। এরা কেবল পরকে হত্যা করার কথাই ভাবে।... কোথায় তালের ধর্ম ? তারা মুখে সেই মহাপুরুষের নাম নেয়, তারা দাবি করে যে, তারা মাহুষকে ভালবাদে, তারা সভ্যতার বিস্তার করে – খুইধর্মের সাহায্যে করে কি? না; ভগবান ওদের সভ্য করেননি, ওদের সভ্য করেছে ওদের অন্নাভাব।'--- ক্রমে তাঁহার কথাওলি মন্থরতর হইল, তাঁহার মিষ্ট স্থর গছীর হইতে হইতে যেন ঘণ্টারাবের জায় শুনাইতে লাগিল, এবং তিনি বলিলেন, 'কিন্তু ভগবানের বিচার তাদের উপর নেমে আসবে—প্রভূ বলেছেন, "প্রতিশোধ নেব আমি, প্রতিদান আমি দেব" । ... এ কোটি কোটি চীনাদের দিকে চেয়ে দেখ — ওরাই হচ্ছে প্রভুর প্রতিশোধ, যা তোমাদের উপর নেমে আসবে। আবার ভ্নদের আক্রমণ হবে', আর একটু মুচকি হাসিয়া বলিলেন, 'ডারা ইয়োরোপ ছেয়ে ফেলবে, তারা ইটের উপর ইট খাড়া থাকতে দেবে না। নারী, পুরুষ, শিশু-সব যাবে, আবার অন্ধকারের যুগ ফিরে আসবে ৷ ৷ আমার কথা ?-আমি মোটে নিজের জন্ম ভাবিই না।' অমনি একজন প্রশ্ন করিলেন, 'একি খুক শীগ্রির হবে নাকি ?' 'হাজার বছরের আগে নয়।' সকলে স্বন্তির নিংশাস ছाफ़िलान-जित्व विश्वन हरेत ना !... जिनि विश्वा यहिए नाशितान, 'त्कर यहि ভগবানের প্রতিশোধে বিশাস নাও করে, ইতিহাসের প্রতিশোধে বিশাস করতেই इत् । जात्र এ প্রতিশোধ ইংরেজদের উপর নেমে আসবেই । তারা পা দিয়ে আমাদের ঘাড় চেপে রেখেছে। তারা নিজেদের ফুর্তির জন্ত আমাদের শেষ वक्कविन् हत्व (थरब्रह् । जावा यामात्मव काणि काणि है।का नूटि निरब्रह । चात्र चामारमत्रे शास्त्र शत्र शाम श्रामाणा भत्र श्रामाणा चनारात मिन कांगास्क । এখন চীনেরা পড়বে তাদের উপর প্রতিশোধরূপে—আর এতে ক্রায়সকত বিচার ছাড়া আর কিছুই হবে না'।"

এখানে পাঠকদিগকে স্মরণ করাইয়া দেওয়া চলে যে, ভগিনী ক্রীষ্টিন তাঁহার স্থাতিকথায় স্থামীজী সম্বন্ধে লিখিয়াছেন, "তাঁকে মনে হত, তিনি যেন ভবিয়দ্প্রেষ্টা ঋষিরূপে বিরাজমান; এমনিভাবে একদিন তিনি এই কথাগুলি বলে আমাদের চমকে দিয়েছিলেন, এর পর যে বিরাট অভ্যুখানের ফলে নব্যুগের স্ত্রপাত হবে, তা আসবে রাশিয়া বা চীনদেশ থেকে। বিকি যে কোন্ দেশ তা পরিষ্কার দেখতে পাছি না—তবে তা রাশিয়া বা চীনই হবে।" ('রেমিনিসেন্সেশ অব স্থামী বিবেকানন্দ', ২০৩ পৃঃ)। আর একবার তিনি বলিয়াছিলেম, 'ইংরেজরা চলিয়া যাইবার পর চীনদেশ হইতে ভারতাক্রমণের একটা বড় আশকা রহিয়াছে।' ('নিউ ডিসকবারিজ', ২৬ পৃঃ)

২৭শে আগস্ট আানিস্কোয়াম গির্জায় বকৃতা দিয়া ২৮শে আগস্ট সোমবার তিনি সালেমের 'থট আগও ওয়ার্ক ক্লাবে' বকৃতা দিবার জক্ত আানিস্কোয়াম ত্যাগ করিলেন। সালেমে তিনি ১৬৬ নং নর্থ স্ত্রীটে অবস্থিত শ্রীযুক্তা কেইট টেরাট উডস্-এর গৃহে অতিথিরূপে এক সপ্তাহ বাস করেন। শ্রীযুক্তা উডস্ বিহুষী সাহিত্যসেবিকা ছিলেন এবং অনেক গ্রন্থ রচনা করিয়াছিলেন; তর্মধ্যে শিশুপাঠ্য কিছু পুত্তকও ছিল। তথন তাহার বয়স আটায় বৎসর। ঐ বাড়ীতেই তাহার পুত্র প্রিকান্ত থাকিতেন; ইনি তথন চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করিতেন।

২৮শে আগস্ট অপরাত্নে তিনি সালেমের ওয়েস্লি চ্যাপেলে 'হিন্দুধর্ম ও হিন্দুপ্রথা' ইত্যাদি বিষয়ে বক্তৃতা করেন। বৈদিক ধর্মের ব্যাখ্যা করিয়া তিনি বলেন, জাতিবিভাগ-প্রথার সহিত ধর্মের কোন অবিচ্ছেন্ত সমন্ধ নাই। ভারতের দারিজ্যের উল্লেপ করিয়া তিনি বলেন, ভারতে ধর্মের অভাব নাই, অভাব অল্লের ও কার্যকরী শক্তির, আর এই বিষয়ে আমেরিকার লোকদের দৃষ্টি আকর্ষণার্থ ই তিনি সেদেশে পদার্পণ করিয়াছেন; ভারতে মিশনারী না পাঠাইয়া বরং কারিগরি বিভা শিখাইবার ব্যবস্থা করা উচিত। তিনি সতীদাহ, মৃতিপুজা, জগন্নাথের রথের নীচে পড়িয়া আত্মহত্যা ইত্যাদি বিষয়ে ভাস্তধারণা দূর করেন। পরদিন অপরাত্নে শীযুক্তা উত্য-এর উত্যানে এক বালক-বালিকা সম্মেলনের সম্মুধে

২। তিনি কুমারী ম্যাক্লাউডকে বলিরাছিলেন, "আমেরিকার ধারাও ঠিক অনুরূপ; আমেরিকা ঐ কার্থ সম্পাদনের উপযুক্ত যন্ত হতে পারবে না—কিন্ত চীনদেশ বা রাশিরা তাহতে পারবে"—অর্থাৎ আচা ও পাশ্চাতোর সন্মিলিত বিশেষ উদ্দেশ্তসাধন করিবে। ('দি লাইফ অব বিবেকানন্দ'— রোম'। রোলা, ৭৩ পু:)।

ভারতীয় বালক-বালিকাদের জীবনরীতি, ক্রীড়া-কৌতুক, বিছাশিক্ষা ইত্যাদি বিষয়ে বক্তৃতা করেন। তরা সেপ্টেম্বর তিনি ইস্ট চার্চে যে বক্তৃতা দেন উহার বিষয় ছিল, 'ভারতের ধর্ম ও দরিদ্র মদেশবাসী'। এথানেও তিনি তাহার এই বক্তব্যের প্নক্ষক্তি করেন যে, ভারতে ধর্মপ্রচারের জক্ত প্রচারক না পাঠাইয়া বরং শিল্পোন্ধতির জক্ত প্রচারক পাঠানো বাশ্বনীয়। সালেম ছাড়িয়া ঘাইবার সময় স্বামীজী কিছু জিনিসপত্র এই গৃহে রাখিয়া যান এবং চিকাগো ধর্মসভার অনেক পরে আর একবার আসিয়া এখানে সপ্তাহাধিক বাস করেন। ছিতীয়বার এই গৃহত্যাগের সময় তিনি প্রিন্ধানে স্থাহাধিক বাস করেন। ছিতীয়বার এই গৃহত্যাগের সময় তিনি প্রিন্ধানে কম্বল দিয়া যান—এই কথা আমরা পুর্বেই বলিয়া আসিয়াছি। জিনিসগুলি দিয়া তিনি বলিয়াছিলেন, "বারা আমার এদেশে বাসকালে গৃহস্থ্যের ব্যবস্থা করেছেন, তাদের আমার সবচেয়ে ভাল জিনিসই দেওয়া উচিত।" যষ্টিটি ও কম্বলখানির সহিত স্বামীজীর ভারতীয় প্রিত্ত পরিব্রাজকজীবনের বহু শ্বৃতি বিজড়িত ছিল।

অতঃপর সারাটোগা স্প্রিংস নামক স্থানে বক্ততা দিবার জন্ম তিনি বেঞ্জামিন ফ্রান্থলিন স্যান্বর্নের আমন্ত্রণে সালেম হইতে ৪ঠা সেপ্টেম্বর রাত্তে তথায় যাত্রা করিলেন। স্থারাটোগায় তিনি স্থানাটোরিয়াম নামক প্রতিষ্ঠানের অন্তর্গত বোর্ডিং হাউদে অবস্থান করেন ও ৫ই সেপ্টেম্বর বক্ততা দেন। তথন স্থারাটোগায় 'আমেরিকান ভোসাল সায়েন্স আাদোসিয়েশনের' অধিবেশন চলিতেছিল। এযুক্ত স্থানবর্ন ছিলেন ঐ অ্যাসোসিয়েশনের সেক্রেটারী, আর উহার সভ্য ছিলেন আমেরিকার বুধমগুলীর অনেকে। অতএব এই আমন্ত্রণ হইতে সহজেই বুঝিতে পারা যায় যে, স্থানবর্ন স্বামীন্সীর প্রতিভাদর্শনে মুগ্ধ হইয়াছিলেন, নতবা একজন অজ্ঞাতপরিচয় যুবক সন্মাসীকে কৃতবিশ্বসমাজে আহ্বান করিবেন কেন ? স্বামীজী এই অ্যাসোসিয়েশনের সমুখে তিন বার এবং অপর এক ভদ্রলোকের গুছে তুইবার বক্তৃতা করেন। বলা বাছলা, অ্যাসোনিয়েশনের আলোচা বিষয় ছিল-ইহলৌকিক সমস্তা। তদমুষায়ী ৫ই সেপ্টেম্বর সন্ধার ও ৬ই সেপ্টেম্বর পুর্বাত্তের অধিবেশনঘন্তে স্বামীজীর বক্তব্য বিষয় ছিল—'ভারতে মুসলমান রাজত্ব', 'ভারতে রৌপ্যের ব্যবহার'। ৬ই সেপ্টেম্বর সন্ধ্যায় তিনি কি বিষয়ে বক্ততা করিয়াছিলেন, জানা নাই। ভদ্রলোকের বাটীতে প্রদত্ত বক্তভার বিষয়ও সঞ্চাত। সামরা এ পর্যন্ত জানিতে পারিলাম, তিন সপ্তাহে স্বামীলী এগারটি বক্ততা

দেন এবং বন্টনের চারিদিকের শিক্ষিত ও গণামাত সমাজে প্রচুর স্থনাম অর্জন করেন। ঐ সময় মধ্যে তিনি আমেরিকার জনমনের সহিতও পরিচিত হন। তিনি রমাবাঈ-চক্রের মহিলাদের সমুধে বক্তৃতা দেন, বিভিন্ন গীর্জায় ভাষণ দেন, মহিলা-সংশোধনাগার দর্শন করেন। বালক-বালিকাদের সহিত ঘনিষ্ঠভাবে মেশেন এবং বিভিন্ন পরিবার মধ্যে বাদ করিয়া আমেরিকার পারিবারিক জীবন সম্বন্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করেন। অবশ্য সর্বক্ষেত্রে কেরল অনাবিল প্রশংদালাভ তাঁহার ভাগ্যে ঘটে নাই। সালেমের ওয়েদ্লি চ্যাপেলে বক্তৃতা-कारत এक मिरक जिनि रायन यिगनाती रामत ममारताहना करतन, अभवितरक তথায় সমবেত মিশনারীরাও নানরূপ কটাক্ষপূর্ণ প্রশ্ন করিয়া তাঁহাকে তাঁহার ভাবী শক্রদের সম্বন্ধে অবহিত করাইয়া দেন। মোটের উপর বলিতে পারা যায়, যদিও স্বামীজী বাধ্য হইয়াই বন্টন অঞ্চলে আসিয়াছিলেন এবং ধর্মমহাসভায় যোগদানের বাসনা মন হইতে প্রায় মৃছিয়াই ফেলিয়াছিলেন, তথাপি এই কয়টি দিন অলক্ষিতে তাঁহাকে মহাসভায় বক্তৃতা দিবার জন্তুই যেন প্রস্তুত করিয়া দিল। ইহার পর স্বামীজী ৬ই সেপ্টেম্বর সন্ধাায় তাঁহার স্থারাটোগার শেষ বক্ততা প্রদান করিয়া সম্ভবতঃ ৮ই সন্ধায় আলবানি হইতে ট্রেন ধরিয়া ১ই দেপ্টেম্বর সন্ধ্যা ৭টা ৫৫ মিনিটে চিকাগোয় উপস্থিত হইলেন। অথবা এমনও হইতে পারে যে তিনি ৭ই দেপ্টেম্বর পুনর্বার সালেমে ফিরিয়া যান এবং সেখান इंडेट अर्घाञ्जनीय मुवाहि नहेया ५३ (मर्लोच्चर वर्केटन रहेन धरतन।

আমরা দেখিয়া আসিয়াছি, স্বামীজী মহাসভায় যোগদানের আশা বা ইচ্ছা, অথবা উভয়ই পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন, এবং ইহার কারণও অবগত আছি। কিন্তু তিনি কেমন করিয়া চিকাগো যাইতে আবার রাজী হইলেন, তাহা পরিকার বলা হয় নাই। বুঝিতে হইবে, ইহারও মূলে ছিল বস্টন অঞ্চলে আগমন ও কুমারী স্থানবর্নের সাহায়ে অধ্যাপক রাইটের সহিত পরিচয়। বস্তুতঃ অধ্যাপক রাইটই তাঁহাকে বুঝাইয়া-শুনাইয়া চিকাগো যাইতে সম্মত করাইয়া-ছিলেন। আর তিনিই বন্ধুদিগকে পত্র লিখিয়া স্বামীজীর মহাসভায় প্রতিনিধিত্বের পথ পরিকার করিয়া দিয়াছিলেন। মহাসভায় যোগদানের আশা পরিত্যাগ্রুক স্বামীজী যথন অঞ্ভাবে স্বকার্যদাধনে প্রবৃত্ত হইবার কল্পনা করিতেছেন, তথন অধ্যাপক রাইট তাঁহার সহিত আলাপ করিয়া তাঁহার অসামান্ত জ্ঞানের পরিচয় পাইলেন এবং তাঁহাকে বুঝাইয়া দিলেন যে, আমেরিকার জনসাধারণের

সমক্ষে আত্মপরিচয় দিবার পক্ষে মহাসভাই উপযুক্ত ক্ষেত্র: "বিরাট জাতির নিকট পরিচিত হইতে হইলে এই আপনার স্বধোগ।" স্বামীজী নিজের অম্ববিধার কথা থলিয়া বলিলেন—পরিচয়পত্তের অভাব, অর্থের অন্টন ইত্যাদি সবই শুনাইলেন। শুনিয়া গুণমুগ্ধ অধ্যাপক বলিলেন, "আপনার কাছে পরিচয়পত্ত চাওয়া আর সূর্যকে তাহার কিরণ-বিকিরণের কি অধিকার আছে জিজ্ঞাসা করা একই কথা।" স্বামীজীকে মহাসভায় প্রতিনিধিরূপে উপস্থিত করার সমস্ত দায়িত্ব তিনি নিজ স্বন্ধে লইয়া প্রতিনিধি-নির্বাচক কমিটির সেক্রেটারীকে পত্র निथितन, "हैनि এমন একজন বিজ্ঞ ব্যক্তি যে, আমাদের সকল অধ্যাপককে একত্র করিলেও ইহার সমকক হইবেন না।" স্বামীজীর অর্থাভাব আছে জানিয়া তিনি তাঁহাকে চিকাগো পর্যন্ত একখানি রেল টিকিট কিনিয়া দিলেন এবং মহাসভার যে কমিটি প্রাচ্য প্রতিনিধিদের বাসস্থানাদির ব্যবস্থায় নিযুক্ত ছিলেন তাহার নামেও একথানি পত্র লিখিয়া দিলেন। অধ্যাপকের লিখিত পরিচয়পত্রথানি স্বামীন্ধী সালেমে অবস্থানকালে পাইয়াছিলেন। ৪ঠা সেপ্টেম্বর তিনি লিথিয়াছিলেন, "আপনার প্রদত্ত পরিচয়পত্র পেয়েই আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। চিকাগোর খ্রীযুক্ত থেলিস-এর কাছ থেকে এক চিঠি পেয়েছি, যাতে মহাসভার কয়েকজন প্রতিনিধির নাম ও অন্যান্ত সংবাদ আছে।"

ভগবছিধানে সমস্ত যোগাযোগ হইয়া গেলে স্বামীক্ষী সানন্দে ও নিশ্চিস্কমনে চিকাগোয় চলিলেন। ট্রেন একজন বাবসাদারের সহিত আলাপ হইলে তিনি আশা দিলেন, চিকাগোয় পৌছিয়া কোন্ পথে কেমন করিয়া ডাঃ ব্যারোক্ষণ যে অঞ্চলে থাকেন দেখানে যাইতে হইবে—তিনি সব বলিয়া দিবেন। সন্ধ্যাগমে ট্রেন যথন চিকাগো স্টেশনে থামিল, তথন কিন্তু সে ভল্লেনাক ব্যক্ততার মধ্যে সব ভূলিয়া স্বগৃহে চলিয়া গেলেন। এদিকে স্বামীক্ষী পকেটে হাত দিয়া দেখেন ব্যারোজের ঠিকানা হারাইয়া ফেলিয়াছেন। তিনি পথচারীদিগকে ক্সিক্সানা করিলেন; কিন্তু উহা ছিল—ক্সামানদের অধ্যুষিত শহরের উত্তর-পুর্বাঞ্চল; তাহারা তাহার প্রশ্ন না ব্রিয়া নীরবে নিজপথে চলিয়া যাইতে লাগিল। রাত্রি আসিয়া পড়িতেছে, তবু তিনি শুধু এই কথাটুক্ও কাহাকেও ব্রাইতে পারিলেন না বে,

ও। রেভারেও জন হেনরী ব্যারোজ, চিকাগোর ফার্ট প্রেসবিটেরিয়ান চার্চের প্যাস্টর এবং ধর্মমহাসভার জেনারেল কমিটির চেয়ারম্যান। মহাসভা-সংক্রান্ত যাবতীয় ব্যবস্থার ভার ইহারই উপর অপিত ভিল।

তিনি কোন হোটেলে যাইতে চান। এমন অবস্থায় নিজেকে বড়ই অসহায় মনে করিলেন, এবং কিংকত্বাবিমৃত হইয়া পড়িলেন। অবশেষে রেলের মাল রাথার জায়গায় প্রকাশু থালি বাক্ষ্ট দেখিয়া উহার মধ্যে প্রবেশ করিলেন এবং ভগবানের উপর নির্ভর করিয়া সমস্ত হুর্ভাবনামৃক্ত-চিত্তে নিদ্রিত হইয়া পড়িলেন। তুইদিন পরে যাহার কণ্ঠস্বর-শ্রবণে আমেরিকা, তথা বিশ্ববাসীর নিল্রাভক্ত হইবে এবং তাহারা উৎকর্ণ হইয়া তাহার শ্রীবদননি:স্তত নবীন সজীব বার্তা শুনিবে, তিনি আজ্ব ভাগ্যবশে নিরাশ্রম, নি:সম্বল, বয়ুহীন ও অবজ্ঞাতরূপে এমনিভাবে রাক্তি যাপন করিতে বাধ্য হইলেন, অথবা স্বদেশে পরিব্রাক্ষকজীবনে সারাদিন পথ চলার পর সক্ষ্যাগমে তিনি যেমন বৃক্ষতল আশ্রয়পূর্বক ভূশ্যা গ্রহণ করিতেন, ঐশ্বর্থের নিলম্ব চিকাগো নগরেও আজ্ব তিনি সেই ধারাই অব্যাহত রাখিলেন।

পরদিন নিদ্রাভদ হইলে তাঁহার চোথে-মুথে "মিঠা-জলের হাওয়া" লাগিল; তিনি দেই দিকে লক্ষ্য রাথিয়া অগ্রসর হইবামাত্র প্রদতীরবর্তী ধনীদিগের বাস-গ্রহম্বশোভিত রাজপথে আসিয়া পড়িলেন। এই 'লেক শোর ডাইভ'-এর ধারে ধারেই সব ক্রোড়পতি বণিকদের অট্রালিকা। তিনি তথন ক্ষ্ধায় কাতর; অত-এব সন্যাসীরই মতে৷ বারে বারে অন্নের জন্ম এবং মহাসভার আফিসের ঠিকানা জানিবার জন্ম ঘুরিয়া বেড়াইতে লাগিলেন। ময়লা পোষাক, কালো রং এবং ক্লান্ত চেহারা দেখিয়া অনেকেই তাঁহাকে রুঢ়ভাবে তাড়াইয়া দিলেন; অক্তত ভত্যেরা হাসিঠাট্রা করিয়া দরজা বন্ধ করিয়া দিল। স্থসভ্য আমেরিকায় ভিক্ষকের বিশেষতঃ কালো আদমীর স্থান নাই ! হাদয় বড়ই অবসম হইয়া পড়িল। টেলি-ফোন প্রভৃতির সাহায্য কিরপে লইতে হয়, তাহাও তাঁহার জানা ছিল না। অবশেষে হতাশমনে পথিপার্থে বসিয়া তিনি শ্রীভগবানের নির্দেশের অপেকা করিতে লাগিলেন। এমন সময় ঠিক সন্মুখবর্তী এক ধনীর গৃহের দ্বার উদ্ঘাটিত हरेन এবং রাজরানী-সদৃশা এক মহীয়সী মহিলা তাঁহার নিকট আসিয়া অভি মৃত্ ফুক্চিপুর্ণ স্বরে জিজ্ঞাসা করিলেন, "মহাশয়, আপনি কি ধর্মহাসভার প্রতিনিধি ?" सामीक्षी निक विभागत कथा यूनिया विनातन, अमिन मिट क्यमहिना छाँहारक সঙ্গে করিয়া নিজ বাটীতে লইয়া গেলেন এবং ভৃত্যদের প্রতি নির্দেশ দিলেন, একটি কক্ষে যেন আরামের ব্যবস্থা করিয়া দেওয়া হয়। তিনি স্বামীজীকে বলিয়া

ইহা বাঙ্গলা ও ইংরেজী জীবনীবয়ের মত। কাহারও মতে তিনি একটা থালি মালগাড়িতে শুইয়ছিলেন।

রাখিলেন যে, প্রাতরাশের পর তিনি তাঁহাকে লইয়া মহাসভার আফিসে যাইবেন।
এ যেন রূপকথার কাহিনীরই ন্যায় বিপদ হইতে মুক্তিলাভ! আর ভগবানের
লীলাথেলা কি অচিন্তনীয়। স্বামীজীর হৃদয় বিশ্বয় ও রুতজ্ঞতায় পূর্ণ হইয়া
গেল। এই মহিলাটি ছিলেন শ্রীযুক্ত জর্জ ডব্লিউ. হেল-এর পত্নী; সেদিন হইতে
তিনি, তাঁহার স্বামী ও সন্তানগণ স্বামীজীর অতি নিকট আত্মীয়ে পরিণত
হইলেন। শ্রীযুক্ত হেল ও শ্রীযুক্তা হেল ছিলেন অতি ধর্মপ্রাণ; তাই স্বামীজী
তাঁহাদের বলিতেন 'ফাদার পোপ' (পোপ-বাবা) ও 'মাদার চার্চ' (মা-গ্রীজা)!
আর হেলের কন্যাবয় ও ভাগিনেমীবয় ছিলেন তাঁহার ভগিনী ।

ষামীজীর হাদয়ে তথন নবোৎসাহের সঞ্চার হইল। এখন আর কোন
সন্দেহের অবকাশ ছিল না যে, ভগবান তাঁহাকে হাত ধরিয়া লইয়া চলিয়াছেন;
অতএব সাফল্য সম্বন্ধে নিশ্চিতদৃষ্টি ঋষির প্রায় তিনি ভবিয়্যতের দিকে তাকাইয়া
রহিলেন। শ্রীযুক্তা হেলের সহিত তিনি মহাসভার আফিসে উপস্থিত হইলেন,
অধ্যাপক রাইটের প্রদত্ত পরিচয়্মপত্র দেখাইলেন এবং বিনা বাক্যবায়ে প্রতিনিধিরূপে গৃহীত হইলেন। তাহার বাসস্থানও নিদিট্ট হইল—২৬২ নং নিশিগান এ্যাভিনিউন্থিত শ্রীযুক্ত জে. বি. লায়ন-এর গৃহে। সৌভাগ্যক্রমে এই গৃহে অবস্থানের
কিঞ্চিৎ বিবরণ শ্রীযুক্ত লায়নের দৌহিত্রী শ্রীযুক্তা কর্ণেলিয়া কোকার লিপিবদ্ধ
করিয়াছেন। আমরা উহা সংক্ষেপে উদ্ধৃত করিলাম।

"মহাসভার অধিবেশনের জন্ম বিভিন্ন সম্প্রদায়ের ধাহারাসভাশ্রেণীভূক হইয়াছিলেন, তাঁহারা প্রতিনিধিদিগকে অতিথিরূপে স্থ সৃহে রাখিতে সম্মত হন।
আমার মাতামহ গোঁড়া ধার্মিকদের পছন্দ না করিলেও দর্শন সম্বন্ধে আগ্রহনীল
ছিলেন বলিয়া আমার মাতামহা এইরূপ একজন প্রতিনিধিকে অতিথিরূপে
পাইতে চাহিয়াছিলেন, ধাহার মন খুব উদার। আমাদের গৃহ তথন অতিথিতে
পরিপূর্ণ, কারণ আমার মাতামহ ও মাতামহা অতিথিপরায়ণ ছিলেন এবং বিশ্বনাটি ছিল খুবই উৎসাহবর্ধক ও চমকপ্রদ। আমরা ধখন সংবাদ পাইলাম ধে,
আমাদের প্রতিনিধি সন্ধ্যাকালে আদিবেন, তখন আমাদের বাড়ীতে এত স্থানাভাব যে, আমার মাতামহা তাঁহার মেজো ছেলেকে নিজের ঘর ছাড়িয়া দিয়া
এক বন্ধুর বাড়ীতে চলিয়া ধাইতে বলিলেন। সংবাদ আদিল, আমাদের সম্প্রদায়ের
—ফার্স্ট প্রেসবিটেরিয়ান চার্চের—এক সভ্য ধিপ্রহর রাত্রের পরে অতিথিকে

शातिरप्रेट स्क, त्यती रक्त, शातिरप्रेट माक्किक्नी क हेकारक माक्किक्नो।

লইয়া আসিবেন। মাতামহী ছাড়া আর সকলেই শুইয়া পড়িল। দরজার ঘটা अनिया जिनि यथन पत्रका थूनिलान, जथन नशा राक्या आनथां ज्ञापिशविष्ठि স্বামী বিবেকানন্দকে দেখিয়া হতভম্ব হইয়া গেলেন। তিনি পূর্বে কথনও কোন ভারতবাসী দেখেন নাই। তিনি স্বামীজীকৈ সাদরে আহ্বান করিয়া থাকার ঘর দেখাইয়া দিলেন। কিন্তু শয়ন করিতে গিয়া এক ছশ্চিস্তায় পড়িলেন। আমাদের অনেক অতিথি ছিলেন দক্ষিণাঞ্গনীয়, যাঁহারা খেতাঙ্গ ব্যতীত কাহারও স্থিত মেলামেশা করিতে নারাজ। দাদামহাশয়ের ঘুম ভাঙ্গিলে তিমি তাঁহাকে সমস্রাটি জানাইয়া বলিলেন, স্বামীজী ও দক্ষিণাঞ্লীয় অতিথিদের একসঙ্গে থাকা চলিবে কিনা শ্বির করিতে হইবে। দরকার হইলে দিদিমা স্বামীজীকে আমাদের নিকটবর্তী অভিটরিয়াম হোটেলে রাধার কথাও বলিলেন। প্রাতরাশের আধ ঘন্টা আগে পোশাক পরিয়া দাদামহাশয় লাইত্রেরী ঘরে দৈনিক কাগজ পডিতে গেলেন। দেখানে স্বামীন্ধীর সহিত তাঁহার আলাপ হইল এবং প্রাতরাশ পরিবেশিত হওয়ার পূর্বেই তিনি দিদিমাকে বলিলেন, 'এমিলি, আমাদের সব অতিথি চলে গেলেও আমার এতটুকু ছল্চিস্তার কারণ নেই। আমাদের ঘরে এষাবং যত লোক এদেছেন তাঁর মধ্যে এই ভারতবাসীটি সর্বাধিক বৃদ্ধিমান ও চিন্তাকর্ষক; তিনি যতদিন খুশী এথানে থাকবেন।' তথন হইতে তাঁহাদের মধ্যে এক ঘনিষ্ঠ বন্ধুত্বের স্ত্রপাত হইল, এবং তাহারই ফলে চিকাগো ক্লাবে অপর বন্ধুদের সমুথে স্বামীজী ঘধন বলিয়া উঠিলেন, 'আমি যত লোক দেখিয়াছি, আমার বিখাস তাঁহাদের মধ্যে শীবুক্ত লায়ন সর্বাধিক খুইসদশ', তথন দাদামহাশয় পুরই বিত্রত বোধ করিয়াছিলেন। স্বামীজী আমার দিদিমাকে শ্রন্ধা করিতেন, কারণ তাঁহাকে দেখিলে তাঁহার মায়ের কথা মনে পড়িত। আমার বয়স তখন ছয় বংসর: আমি আমার বিধবা মায়ের সঙ্গে ঐ পরিবারেই থাকিতাম। স্বামীজী মায়ের সঙ্গে কথাবার্তা বলিয়া তাঁহার ত্রংখ দূর করিতে চেষ্টা করিতেন। দাদামহাশয় ও দিদিমা স্বামীন্ত্রীর প্রায় বক্ততাতেই উপস্থিত থাকিতেন।

"আমার ছেলেবেলার স্থৃতির সঙ্গে জড়িত আছে তাঁহার উজ্জল চকু, মিষ্টি
কণ্ঠবর এবং অতি আপনার জনের মতো মৃত্ হাস্ত। তিনি আমাকে ভারতবর্বের গ্লা—বাঁলর, মযুর, ঝাঁক ঝাঁক টিয়া, কলাগাছ, রাশি রাশি ফুল ও সব্জ্
ভবিতরকারী এবং ফলে ভতি বাজারের কথা ওনাইতেন। তিনি বাড়ীতে
কিরিবামাত্র আমি ঝাঁপাইয়া তাঁহাত কোলে উঠিতাম এবং আব্লার করিতাম,

'স্বামীন্ত্রী, একটা গল্প বলুন।' তাঁহার পাগড়িটা আমার কাছে বড় মন্ত্রার নিলিল বলিয়া, একটা গল্প বল্রা। তাঁহারে পাগড়িটা আমার কাছে বড় মন্ত্রার নিলাম, 'দেখান তো কেমন করে বাঁধেন।' আমাদের আমেরিকার খান্তে বেশী মশলা থাকে না। আমার দিদিমার ভাবনা ছিল, তিনি হয়তো এসব পছন্দ করিবেন না। কিন্তু স্বামীন্ত্রী বলিলেন, তিনি বেখানে থাকেন, সেধানকার খান্তাদির সন্দেনিক্রেক থাপ থাওয়াইতেই চেষ্টা করেন, তিনি যাহা পাইতেন তাহাই সম্ভ্রম মনে খাইতেন। দিদিমা ভালাভ্ তৈরী করার সময় কিছু ঝাল সস্ ব্যবহার করিতেন, স্বামীন্ত্রীকে ঐ বোতল দেখাইয়া তিনি বলিলেন, 'আপনি ইচ্ছা করলে এ থেকে তুই এক ফোটা আপনার খাবারের সন্দে মেশাতে পারেন। স্বামীন্ত্রী উহা হাতে লইয়া খাবারের উপর এত বেশী পরিমাণে ছড়াইয়া দিলেন বে, আমরা ভয় পাইয়া বলিয়া উঠিলাম, 'এত চলবে না, এ যে ভয়ানক ঝাল!' তিনি তুর্ হাসিলেন এবং বেশ আনন্দ করিয়া খাইলেন। অতঃপর দিদিমা ঐ সন্দের একটি বোতল তাঁহার কাচে রাখিয়া দিতেন।"

খামীজী ঠিক কোন্ তারিথে ঐ গৃহে আদিয়াছিলেন জানা নাই; হরতো মহাসভার অধিবেশনের প্রথম দিন (১১ই দেপ্টেম্বর) আদিয়াছিলেন। ঠিক কভদিন ঐ বাড়ীতে ছিলেন, তাহাও জানা নাই; তবে মহাসভার সব করটি দিন তিনি সেধানেই ছিলেন বলিয়া অন্থমান হয়। কেননা শ্রীযুক্তা কোলারের বিবরণেই পাওয়া যায়, খামীজী এক শুক্রবারে সিন্দোনি কন্সাটে গিয়াছিলেন, এদিকে মহাসভা আরম্ভ হইয়াছিল ১১ই সেপ্টেম্বর সোমবারে, আর খামীজী লায়নদের বাড়ীতে আদিয়াছিলেন সম্ভবতঃ সেই দিনই। যাহা হউক, কোলারের বিবরণে যদিও মহাসভার পরবর্তী কিছু ঘটনাও আছে, তবু বর্ণনার স্থবিধার জন্ম আমরা এধানেই উহার প্রায় সবটাই উপস্থিত করিতেছি। কোলার লিখিয়াছেনঃ

"এক শুক্রবার অপরাহে আমার মা তাঁহাকে সিন্দোনি কন্সার্ট শুনিভে লইরা গোলেন—পূর্বে ডিনি আর কথনও ইহা শুনেন নাই। ডিনি খুব মনোষোগ দিয়াই শুনিলেন, কিন্তু তাঁহার মাথা একদিকে হেলিয়া রহিল এবং মুখে একটু কৌভুকের ভাব দেখা গেল। সব শেষে মা জিজ্ঞাসা করিলেন, 'আপনার ভাল লেগেছে ডো ?' ডিনি বলিলেন, 'হা, বেল চমংকার।' মা তবু ব্বিলেন, কথাটা ঠিক প্রাণধোলা নয়, ডাই ডিনি প্রশ্ন করিলেন, 'আপনি কি ভাবছেন ?' ডিনি উত্তর দিলেন, 'আমি প্রথমতঃ বুরভেই পারছি না, কার্ফটীতে কেন বলা হরেছে বে, শনিবার সন্ধায়ও ঠিক একই প্রোগ্রাম অসুস্ত হবে। দেখুন ভারতবর্বে ভোরে এক স্থরের গান হয়, ছপুরের স্থর আবার এক বিশেষ রকমের; সন্ধার স্থরও সম্পূর্ণ ভিন্ন রকমের। কাজেই আমার অস্থমান হচ্ছিল, যে স্থর অপরাত্নের আরছে ভাল লাগে, তা নিশাগমে আপনাদের কানে বেস্থরো বলেই মনে হবে। আর একটা জিনিস বা আমার কাছে বেধায়া মনে হয় তা হচ্ছে সঙ্গীতে মূর্ছনার অভাব, আর বিভিন্ন স্থরের মধ্যে অধিক ফাঁক। আপনি আমাকে সেই যে স্থইজার্ল্যাণ্ডের স্থন্দর চীজ্ থেতে দেন, তাতে যেমন শত শত ছিত্র থাকে এও যেন তেমনি শতচ্ছিত্র!

"তিনি যথন বক্তা দিতে শুরু করিলেন, তথন লোকেরা তাঁহাকে ভারতীয় কাজের জন্ম টাকা দিত। তাঁহার কোন টাকার থলি ছিল না; তাই তিনি কমালে বাঁধিয়া ঐসব লইয়া আসিতেন—ঠিক যেন একটি সাফল্যপর্বিত বালক! ঘরে আসিয়া উহা দিদিমার কোলে ঢালিয়া দিতেন, তাঁহার হিসাবে রাখিয়া দিবার জন্ম। দিদিমা তাঁহাকে বিভিন্ন মূদ্রার সহিত পরিচয় করাইয়া দিলেন, এবং ঐগুলি গুনিয়া কি করিয়া থাকে থাকে সাজাইয়া রাখিতে হয়, তাহা শিখাইয়া দিলেন। তাঁহার শ্রোতারা যাঁহাদের সাহায়্য করিতেছেন, তাঁহাদের না দেখিয়াও এমনিভাবে অর্থ দিতেছেন দেখিয়া স্বামীজী খুব আশ্রুণ হইতেন।

"একদিন তিনি দিদিমাকে জানাইলেন যে, তাঁহাকে তাঁহার আমেরিকাজীবনের সর্বাধিক এক প্রলোভনে পড়িতে হইয়াছিল। দিদিমা তাঁহাকে একটু
থোঁচা দিবার মতলবেই বলিলেন, 'কে সে মেয়েটি, স্বামীজী ?' স্বামীজী হো-হো
করিয়া হাসিয়া উঠিলেন আর কহিলেন, 'মেয়ে নয়, প্রতিষ্ঠান-সঠন! ব্রাইতে
গিয়া তিনি বলিলেন, রামক্লফ-শিশুগণ একাকী খ্রিয়া বেড়ান এবং কোন গ্রামে
পৌছিলে সেধানে আসন পাতিয়া অপেক্ষা করেন, যদি কোন জিজ্ঞান্থ উপদেশলাভের জন্ম আসে। কিন্তু যুক্তরাষ্ট্রে আসিয়া তিনি ব্রিয়াছেন সক্ষবন্ধভাবে কাজ
করিলে কত বেশী কল পাওয়া যায়। তব্ তাঁহার মনে সন্দেহ ছিল, ভারতীয়দের
পক্ষে ঠিক কিরপ প্রতিষ্ঠান গ্রহণযোগ্য হইবে, পাশ্চান্তা জগতে যাহা তাঁহার নিকট
ভাল বলিয়া মনে হইয়াছিল, উহাকে কিভাবে ভারতীয় জীবনে গ্রহণ করা চলে
এই বিষয়ে তিনি বছ চিন্তা ও পর্যবেক্ষ্ণ করিয়াছিলেন।…তাঁহার কথাবার্তায়
একটু বেশ মজাদার আইরিশ উচ্চারণ ভঙ্গী ছিল। আমার দাদামহাশ্র তাঁহাকে
ঐ চানটুক্র জন্ম ঠাটাও করিতেন। স্বামীজী ব্রাইয়া দিয়াছিলেন বে, তাঁহার

সর্বাধিক শ্রন্ধাভান্ধন একজন অধ্যাপক ছিলেন জাতিতে আইরিশ — ভাব্লিনের ট্রিনিট কলেজের পাদ-করা; ঐ টানটুকু তাঁহারই নিকট পাইয়া থাকিবেন।…

"বংসর খানেক পরে তিনি যখন আবার চিকাগোয় আসিয়াছিলেন, তখন আমাদের বাড়ীতে অল্পদিনই ছিলেন। তিনি জানিতেন বে, তিনি তাঁহার চিরাভ্যন্ত থাছা গ্রহণ করিলে এবং ধ্যানের প্রচুর সময় পাইলে প্রচারকার্য আরও ভালভাবে করিতে পারিবেন। আর তাঁহার সাহায্যকামীদের সহিত তিনি স্বাধীনভাবে মেলা-মেশা করিতে পারেন—এরপ ব্যবস্থারও প্রয়োজন বোধ হইয়াছিল। তাই দিদিনা তাঁহার জন্ম একটি সাধারণ গোছের অথচ আরামপ্রদ ফ্যাট খুঁজিয়া দিয়াছিলেন।"

শ্রীযুক্তা কর্ণেলিয়া কোলার তাঁহার মাসীর মূথে আর একটি ঘটনা শুনিয়াছিলেন। মাসী ক্যাথারিন বা শ্রীযুক্তা রবার্ট ভব্লিউ. ফামিল তথন স্বামীর গৃহে থাকিতেন; অতএব পিতৃগতে আসিয়া স্বামীজীর সঙ্গে মিশিবার বিশেষ স্থযোগ পান নাই। ছই-চারি বার দেখিয়া থাকিলেও বক্ততা তিনি মোটেই ওনেন নাই। তবে তিনি ও তাঁহার স্বামী সাহিত্যাদির চর্চা করিতেন এবং তাঁহাদের বন্ধুদের মধ্যে ছিলেন জন কয়েক বিশ্ববিদ্যালয়ের ডক্লণ অধ্যাপক ও সংবাদপত্রদেবী প্রভৃতি বুদ্ধিন্দীবী। "এক রবিবার সদ্ধায় শ্রীযুক্তা হামিল স্বামীন্সীর অন্তত গুণাবলীর কথা তাঁহাদিগকে গুনাইতেছিলেন; ইহাতে তাঁহারা বলিলেন যে, আধুনিক বৈজ্ঞানিকেরা এবং মনন্তত্ত্ববিদ্রা একমূহুর্ভে তাঁহার ধর্মবিশাসকে ফুৎকারে উড়াইয়া দিতে পারে না। মাসীমা বলিলেন, 'আমি যদি তাঁকে আগামী রবিবার সন্ধায় এখানে আসতে রাজী করাতে পারি তো আপনারা সবাই এসে তাঁর সঙ্গে দেখা করবেন তো! ভাঁহারা সমত হইলেন এবং একটা ঘরোয়া নৈশভোজনের আসরে স্বামীন্দীর महिक कांशास्त्र माकाथ हहेन। किमर विषय चालाठना हहेबाहिन. **छा**हा মাসীমার স্মরণ নাই; তবে এইটুকু মনে আছে যে, দব সময়টাই থুব উৎসাহপূর্ণ हिल, अवर चारलाठा विषय हिल श्रावक त्रक्रायत । क्राथात्रिन यांनी वर्रलन, বাইবেল ও কোরান এবং প্রাচ্যদেশীয় ধর্মগুলি সম্বন্ধে এবং বিজ্ঞান ও মনগুত্ত 'বিষয়ে তাঁহার বাংপত্তি ছিল অতি অপূর্ব। আসর ভালিবার পূর্বেই সন্দেহপরায়ণ সেই পণ্ডিতের ধল পরাজিত হইয়া স্বীকার করিলেন যে, প্রত্যেকটি বিরয়ে স্বামীন্সী স্বমত স্থাপনে সক্ষম হইয়াছেন ; একটা গভীর প্রশংসার ভাব ওভালবাসা লইয়াই তাঁহারা বিদার গ্রহণ করিলেন।" ('প্রবৃদ্ধ ভারত', মে, ১৯৫৬)।

ধৰ্মমহাসভা

চারিশত বংসর পূর্বে কলম্বাস স্পেনদেশ হইতে আমেরিকায় পদার্পণ করেন, উহার স্মরণে ১৮৯৩ খুষ্টাব্দে চিকাগো শহরে যে ওয়ার্লড্স কলম্বিয়ান এক্সপজিশন হইয়াছিল, তাহার প্রধান উদ্দেশ্ত ছিল, মাহুব তথন পর্বস্ত ইহজগতে যতপ্রকার উন্নতিসাধন করিয়াছে, তাহা একত্র সমবেত করা। সেধানে পাশ্চান্তা কৃষ্টির নিদর্শনগুলি তো অবশ্রই স্থান পাইয়াছিল, অহমত দেশের সংস্কৃতির চাক্ষ্য निमर्गन्छ रमथारन প্রতীকাকারে সংগৃহীত হইয়াছিল। তবু মনে হইল, মনোজগতে মানবের উন্নতির নিদর্শনও দেখানে স্থান পাওয়া আবশ্রক। ১৮৮৯ খুষ্টান্দের গ্রীমকালে শ্রীযুক্ত চার্লস্ ক্যারল বনির মনে হইল জগতের সর্বদেশের প্রতিনিধিদের লইয়া এমন কতকগুলি কংগ্রেদের (সম্মেলনের) আয়োজন হওয়া আবশুক বাহাতে মানবসভ্যতার সহিত দুঢ়সংশ্লিষ্ট বিষয়গুলি আলোচিত হইতে পারে। বনি একজন ক্রতিমান বাবহারজীবী ছিলেন। তাঁহার কল্পনা সাদরে গৃহীত হইয়া ১৮৯০ খুষ্টান্দের ৩০শে অক্টোবর 'ওয়ার্লড্স কংগ্রেস অক্সিলিয়ারী অব দি কলম্বিয়ান এক্সপজিশন' নামে একটি কমিটি গঠিত হইল এবং বনি হইলেন উহার প্রেসিডেন্ট। এই কংগ্রেসগুলির সংখ্যা ছিল কুড়ি এবং ইহাদের व्यक्तियम इस २०३ (ম इटेल्ड २৮८म व्यक्तिवित २৮२० थृष्टीय পर्यक्ष । এই मकरनत আলোচ্য বিষয় ছিল, সমাজের উন্নতি, সাধারণ সংবাদপত্ত, চিকিৎসা ও শল্যবিছা, মাদকতাবর্জন, আইন ও সমাজসংস্থার, অর্থশান্ত্র, ধর্ম ইত্যাদি। এই কংগ্রেসগুলির মধ্য धर्ममहामञ्जि नर्वारिका शुक्रपूर्व हिन এवः अनुनाधात्रवात नर्वाधिक मृष्टि আকর্ষণ করিয়াচিল।

অবশ্র এইরপ ধর্মহাসভা জগতে নৃতন নহে। বৌদ্ধর্গে ভারতবর্ষে ধর্মসম্মেলন অনেকবার হইয়া গিয়াছে। গৃষ্টানগণও বহুবার স্বীয় ধর্মমত স্থির
ক্রিবার জন্ম সম্মিলিত ইইয়াছেন। মুসলমান ধর্মের ইতিহাসেও ইহার সাক্ষ্য
আছে। কিন্তু জগতের বিভিন্ন ধর্মাবলম্বীদের একই সম্মেলনে উপস্থিত হইয়া
মুক্তকণ্ঠে নিবিবাদে একই মঞ্চ হইতে স্বীয় মত ঘোষণা করিবার স্ক্রোগ বা
অধিকার পূর্বে কেহ পান নাই। এরপ একটি পরিকল্পনাই ছিল অচিন্তনীয়।
ভদানীজন পরমতাসহিক্তার ও জড়বাদের প্রাধান্তের দিনে বধন এই প্রস্তাব



िकार्ता भर्य-महाम डाब डिनविष्टे यामीकी, ३४३७

ঘোষিত হইরাছিল, তথন উহা মাছবের সাধ্যাতীত বলিয়াই প্রতীত হইয়াছিল, কিন্তু এমন অসম্ভব ব্যাপারও স্বামীজীর নিকট দৈবনিদিষ্ট ও অবক্রম্ভাবী বলিয়াই বোধ হইয়াছিল। ভারত-ত্যাগের পূবে তিনি স্বামী তুরীয়ানন্দকে বলিয়াছিলেন, "হরিভাই, ধর্মমহাসভাটা এরই (নিজের দিকে অঙ্কুলি নির্দেশ করিয়া) জন্ম হচ্ছে। আমার মন তাই বলছে। শীগ গীরই এর প্রমাণ দেখতে পাবে।"

স্বামীজীর দিবাদৃষ্টির সমুখে মহাসভার উদ্দেশ্য এইভাবে প্রকৃটিত হইলেও, বাঁহারা প্রত্যক্ষত: ইহার আয়োজনে নিযুক্ত ছিলেন, তাঁহাদের মনে আপাতবিক্লম তুইটি ভাবের মিশ্রণ ঘটিয়াছিল। তাঁহারা উদারতাসহকারে সকল ধর্মকে মহাসভায় সমাসন প্রদান করিলেও তাঁহাদের গোপন বিশাস ও উদ্দেশ্য ছিল অন্তর্মপ, এবং বক্তৃতাকালে তাহা অনেক ক্ষেত্রে প্রকাশ হইয়াও পড়িয়াছিল। স্বামীজী পরে এক পত্তে লিখিয়াছিলেন. "খুইধর্ম অপর ধর্মাপেক্ষা মহন্তর এই কথা প্রমাণ করিবার জন্মই ধর্মমহাসভার আয়োজন হইয়াছিল।" অপর এক সময় এক সাক্ষাৎকারকালে তিনি বলিয়াছিলেন, "আমার মনে হয়, জগতের কাছে বিধর্মীদিগকে তামাসাচ্চলে দেখানোই ছিল ধর্মমহাসভার উদ্দেশ্য।" অনেকে মনে করেন, যে মহাসভা স্বামীজীকে জগৎসমক্ষে পরিচিত করিয়া দিল, তাহার বিরুদ্ধে এইরূপ বিপরীত মস্তব্য করা ঠিক হয় নাই। কিন্তু যেভাবে সভার আয়োজন ও পরিচালনা হইয়াছিল, তাহার প্রতি লক্ষ্য রাখিলেই বৃথিতে পারা ষাইবে, অন্ত ধর্মের প্রতি একটা অশ্রদ্ধার ভাব ধেন আয়োককদের অস্তরতমদেশে লুকায়িত ছিল, আর তাঁহারা সরলভাবে বিশাস করিতেন, মহাসভায় খুষ্টধর্মের জর অবশ্রম্ভাবী। অবশ্র উদারচেতা লোকেরও অভাব ছিল না। প্রেসিডেন্ট বনি ছিলেন ইহাদের অগ্রণী। কিছু অমুপ্রেরণা বনির হইলেও কার্যক্ষমতা ছিল कार्के (अनिविद्धितियान চার্চের ধর্মনেতা মাননীয় জন হেনরী ব্যারোজের হাতে; জিনিই ছিলেন সাধারণ সমিতির সভাপতি এবং ঐ সমিতিই সমস্ত আরোজনের দায়িত্ব গ্রহণ করিয়াছিল। ব্যারোক্ত এইক্ষয় অক্লান্ত পরিশ্রম করিয়াছিলেন সভ্য, কিছ তিনি তাঁহার সমীর্ণতাকে অভিক্রম করিতে পারেন নাই। গোঁড়া খুটানর। যখন বলিতে আরম্ভ করিলেন, অথুষ্টান ধর্মগুলির সহিত পুটান ধর্মকে সমাসনে বসানো মানে খুষ্টধর্মের অপমান করা, তখন ভাহার উত্তরে ব্যারোজ যাহা বলিলেন, তাহা বিশেষ প্রণিধানবোগ্য: "আমরা বিশ্বাস করি খুইংর্ম অপর সকল ধর্মের স্থান অধিকার করিবে, কারণ অন্ত সব ধর্মে বেসব সভ্য আছে, ভাহাভো

প্রষ্টার্মে আছেই, তদপেকা অধিক সতাও ইহাতে আছে, কারণ এই ধর্ম অন্বিতীয় মক্তিদাতা ভগবানের কথা বলে। সত্য বটে, আলোর সহিত অভকারের বন্ধত্ব সম্ভব নহে, কিন্ধু অল্লালোকের সঙ্গে তাহার সহচারিত্ব অবশ্রই আছে। এমন দেশ নাই, যেখানে ভগবান আপনার বাণী প্রচার করেন নাই, এবং যাহারা ক্রন্সের সম্পূর্ণ আলোক লাভ করিয়াছেন, তাঁহাদের পক্ষে উচিত এই যে, অপর যাহারা অল্লানে হাতডাইয়া বেডাইতেছে, তাহাদের প্রতি যেন তাঁহারা ভ্রাতভাব পোষণ করেন।" ইহা অবশুই সকল ধর্মকে সভা বলিয়া মানা বা সম্মন্ধাদা দান নতে। আর্চবিশপ অব ক্যাণ্টারবারি মহাসভায় যোগদানের অনিচ্ছা জানাইয়া শোকা কথায় লিখিয়াছিলেন, "আমি নিজে যে অস্থবিধা বোধ করিতেছি, তাহা দ্রত্ব বা স্থযোগ-স্থবিধার প্রশ্ন নহে, পরস্ক ইহার কারণ এই যে, খৃষ্টধর্মই একমাত্র ধর্ম। অপর যেসব সভা আসিতে চাহেন তাঁহাদিগকে সমুম্বাদা না দিয়া এবং তাঁহাদের মতামত ও দাবি-দাওয়ার তুলাতা স্বীকার না করিয়া খুইধর্মকে কিরুপে মহাসভার অক্সতম অক্সমপে গ্রহণ করা হইবে, ইহা তো আমি বঝিতে পারি না।" মহাসভার যে বিবরণ পরে মৃদ্রিত হয়, তাহাতে খুষ্টানদের এই অসহিষ্ণু মতই অধিক পাওয়া যায়, উদার মত ইহার তুলনায় অল্প এবং দেওলি প্রায়শঃ माधात्र लाकरमत म्थ इटेट जामिशास्त्र, धर्मशक्करमत नरह । तारताक राष्ट्रेकू উদারতা দেখাইয়াছিলেন, কোন ধর্মযাজক তাহার অধিক ধাইতে প্রস্তুত ছিলেন ना, जात रैहारमत्र भरानत कारन এই जानारे हिन रा, जायानार शृहेश्रर्भतरे अप হইবে, এবং মহাদভা সেই ধর্মের বিশ্বময় প্রচারের সহায়ক হইবে। কিন্তু এইরূপ হইলেও পুরোহিতমণ্ডলীর বাহিরের আমেরিকান নরনারী একটি উদার ভাব লইয়াই মহাসভার জন্ম সাগ্রহে অপেকা করিতেছিল এবং উহার জন্ম অর্থাদি দান করিয়াছিল।

উদ্যোদির কথা ছাড়িয়ে দিলে বাস্তব ক্ষেত্রে মহাসভাটি জগতের ইতিহাসে এক অভ্তপুর্ব অত্যাশ্র্য ঘটনা। ইহার সম্পূর্ণ প্রভাব ও তাৎপর্ব বৃবিতে আরও অধিক দিন লাগিবে, কারণ ইহার ফলে মানবের মনোজগতে যে এক গভীর পরিবর্তন আরম্ভ হুইরাছে উহার পরিপূর্ণ রূপ প্রকটিত হওয়া সমন্ত্রসাপেক। জগতের সর্বপ্রাস্তের মাহুব উহাতে সমবেত হুইরাছিল, প্রক্রভগক্ষে উহাধর্মমহাসভা মাত্র না হুইয়া যেন বিশ্বমহাসভার আকার ধারণ করিয়াছিল। এই মহাসভাতে আর কিছু না হুইয়াও যদি শুধু এইটুকু প্রমাণিত হুইত যে, মানবধর্মের বৃহত্তের

মধ্যেও একটা একৰ আছে, এবং মানবতারূপ একছের মধ্যেও বছছের বীক্লতি অবশুস্তাবী, তবু এই মহাসভার গোরব চিরশ্বরণীয় হইত। মহাসভার আর একটি বিশেব ফলও উল্লেখযোগ্য, ইহার দ্বারা পাশ্চান্ত্যের দৃষ্টিতে প্রাচ্যের মর্বাদা প্রচুর বর্ধিত হইয়াছিল। মহাসভার বিজ্ঞান-শাখার সভাপতি প্রীযুক্ত মারউইন-মেরী স্নেল লিখিয়াছিলেন: "ইহার একটি প্রধান দান এই বে, ইহা খুটান জগতকে, বিশেষতঃ আমেরিকার যুক্তরাষ্ট্রের অধিবাসীদিগকে, এই অমৃল্য শিক্ষা দিয়াছে বে, খুটধর্মের তুলনায় অধিকতর সম্মানযোগ্য আরও অনেক ধর্ম আছে যাহারা দার্শনিক চিন্তার গান্তীর্বে, আধ্যাত্মিক ভাবসম্পদে, স্বাধীন চিন্তার উৎকর্বে, মানবের প্রতি সহাস্তৃতির প্রসার ও অকপটতায় খুটধর্মকে অতিক্রম করে, অথচ নৈতিক সৌন্দর্ব কিংবা কার্যকারিতার দৃষ্টিতে উহা অপেক্ষা বিন্দুমাত্র ন্যুন নহে। আটটি অখুষ্ঠীয় ধর্ম মহাসভার আলোচনার উপস্থিত ছিল—হিন্দু ধর্ম, জৈন ধর্ম, বৌদ্ধ ধর্ম, ইহুদী ধর্ম, কনফুসিয়াসের ধর্ম, শিণ্টো ধর্ম, মুসলমান ধর্ম ও পারসিক ধর্ম।"

১৮৯৩ খুষ্টাব্দের ১১ই সেপ্টেম্বর সোমবার সকালে চিকাগোর আর্ট-ইনষ্টিটিউটে মহাসভার অধিবেশন আরম্ভ হইল। বিশ্বমেলা-ক্ষেত্রে অস্থায়ীভাবে আর্ট প্যালেস নামক যে বিরাট ভবন নির্মিত হইয়াছিল, ইহা তাহা হইতে ভিন্ন। চারুকলার স্থায়ী প্রদর্শনাগাররূপে পরিকল্লিড আর্ট-ইনষ্টিটিউট অবস্থিত ছিল মিশিগান স্মাভিনিউর উপর এবং উহাতে তখনও চারুশিল্প সক্ষিত হয় নাই। বিশ্বমেলার সহিত উহার কোনও সম্বন্ধ না থাকিলেও উহারই স্থপ্রশন্ত ককগুলিতে মেলা-সংক্রাম্ভ বহু কংগ্রেসের অধিবেশন হইয়াছিল। প্রাচীন পদ্ধতিতে প্রস্তরনির্মিত এই শিল্প-প্রদর্শন-শালার বৃহত্তম কক্ষে—'হল অব্ কলহাস'-এ—ধর্মমহাসভার অধিবেশন হটয়াচিল। ঠিক দশটায় সমবেত দশটি ধর্মতের উদ্দেশে দশটি चकाश्वित रहेन। প্রেসিডেক বনির মতে সেই প্রধান ধর্মগুলি ছিল—ইছলী ধর্ম. बुमनमान धर्म, हिन्तु धर्म, त्वीक धर्म, छाछ धर्म, कन्कृतिशात्मक धर्म, निल्हा धर्म, পারসিক ধর্ম, ক্যাথলিক ধর্ম, গ্রীক চার্চ ও প্রটেন্টান্ট ধর্ম (१)। ডভক্ষণ হল অব কল্বাসের গ্যালারিতে চারি সহল্রের অধিক শ্রোভা সমবেভ হইরাছেন: বারদেশেও অনেকে ভিড় করিয়া দখায়মান। অখচ তাঁহারা এডই শাস্ত বে, এক প্রত্যক্ষণীর মতে, তথন "একটি কুত্র পদী বধন মুক্ত বাতায়ানপথে প্রবেশ করিয়া শৃশু মঞ্চের উপর বিয়া উড়িয়া গেল তথন তাহার পঞ্চশন্দ পর্যন্ত প্রতি-পেক্তর হইয়াছিল।" মঞ্চী লখার প্রায় একশন্ত ফুট ও প্রস্তে প্রায় পুনর ফুট ছিল।

মঞ্চের পশ্চাতে ছিল হিব্রু ও জ্ঞাপানী ভাষায় লিখিত তুই দোত্ল্যমান দীর্ঘ-লিপি, পরক্ষার হইতে প্রায় চল্লিশ ফুট দূরে স্থাপিত তুইজন গ্রীক দার্শনিকের বিশাল প্রতিম্তি, দার্শনিকের পরে দক্ষিণে একটি সরস্বতী-দেবীর সদৃশ মৃতি উদ্ভোলিত-হত্তে দপ্তায়মান ছিল। দার্শনিক্তরের মধ্যে একটা অভুত জ্ঞিনিস ছিল—এক লোহনির্মিত সিংহাসন—উহাতে বসিবেন যুক্তরাষ্ট্রের ক্যাথলিক সম্প্রামের সর্বপ্রধান ধর্মবাজক কার্ডিগ্রাল সিবন্স্—কার্ডিগ্রালকে সম্মান প্রদর্শনেজন্ত সিংহাসনের একটু বৈশিষ্ট্য থাকার প্রয়োজন ছিল! সিংহাসনের উজয় পার্ষে প্রতিনিধিদের ও মহাসভার কর্মকর্তাদের জন্ম তিন সারিতে জ্ঞিশথানি করিয়া সাধারণ কান্তনির্মিত চেয়ার সজ্জিত ছিল। বক্তাদের জন্ম একথানি বিজ্ঞাপন ঝুলিত—নীচে সাংবাদিকদিগের জন্ম নির্দিষ্ট স্থানে অন্থমতি ব্যতীত কাহারও প্রবেশ নিষেধ। ইহার প্রয়োজন ছিল, কারণ উৎসাহী ধর্মপ্রাণ স্থোত্রন্দ বক্তাদের, বিশেষতঃ স্বামীজীর পরিচ্ছদ স্পর্শ করিবার আগ্রহে মঞ্চের দিকে ছিড় করিয়া আসিত।

ঠিক দশটার সময় প্রতিনিধিরা হল অতিক্রম করিয়া মঞ্চের দিকে অগ্রাসর হইলেন। পুরোভাগে প্রেসিডেন্ট বনি ও কার্ডিগ্রাল গিবন্স্ হাত ধরাধরি করিয়া চলিয়াছেন। তাঁহাদের পশ্চাতে প্রদর্শনীর মহিলা-কার্যকরী-সমিতির প্রেসিডেন্ট ও ভাইস-প্রেসিডেন্টও (যথাক্রমে প্রীযুক্তা পটার পামার ও প্রীযুক্তা চার্লস সি-হেন্রোটন)। তাঁহাদের পশ্চাতে প্রতিনিধিগণ শ্রেণীবদ্ধভাবে হলের মধ্যবর্তী রাস্তা ধরিয়া সর্বজ্ঞাতির জাতীয় পতাকার নীচে ও তুম্ল হর্ষধ্বনির মধ্যে অগ্রসর হইয়া মক্ষোপরি আসন গ্রহণ করিলেন। কার্ডিগ্রাল গিবন্স্ মধ্যহলে লৌহসিংহাসনে উপবিষ্ট হইলেন। তাঁহার দক্ষিণে বসিলেন পাঁচজন শ্বেতবন্ত্র-পরিছিত চীন ধর্মঘান্ধক এবং বামে বসিলেন কৃষ্ণ বন্ত্রায়ত গ্রীকচার্চের উচ্চাধিকারিগণ। এতব্যতীত শ্বেড, কৃষ্ণ, হরিন্তা, পেক্ষয়া ইত্যাদি বিভিন্ন বর্ণের বিচিত্র সাজে সক্ষিত প্রতিনিধিবর্গ সে মঞ্চের শোভা বর্ধিত করিলেন। তাঁহাদের মধ্যে ছিলেন ভারতবর্ধ হইতে আগত প্রতিনিধিবর্গ। তথার উপবিষ্ট আনধান্না ও পাগড়ি-শোভিত স্থদর্শন ও প্রতিভামন্তিত যুবক সন্ন্যানী স্বামী বিবেকানন্দ সকলের দৃষ্টি আকর্বণ করিতেছিলেন।

चक्या चर्नान वाविया छेडिन এवः नकल नयच्यत छन्वात्नत चिक

গাহিতে লাগিলেন। সন্ধীত শেষ হইল। তথন নিস্তন্ধতার মধ্যে কার্ডিয়াল গিবন্দ্ তাঁহার হস্ত উত্তোলন করিলেন এবং বাইবেলোক্ত ভগবানের 'সাধারণ প্রার্থনা' পাঠ করিলেন: "হে আমাদের স্থাস্থ পিতা, আপনার নাম জয়য়ুক্ত হউক" ইত্যাদি। মহাসভার কার্য আরম্ভ হইয়া গেল। সতর দিন ধরিয়া সকাল, দ্বিপ্রহর ও সন্ধায় তিন বার করিয়া প্রতিদিন অধিবেশন চলিল। শ্রোতার সংখ্যা ক্রমে বর্ধিত হইয়া চতুর্বদিনে এমন অবস্থা দাঁড়াইল যে, পার্ম্বর্তী 'হল অব ওয়ালিংটন' খুলিয়া দিয়া ভাহার মধ্যে প্রথম হলের য়ায় প্রত্যেকটি বিষয়ের প্ররার্থি হইতে থাকিল। পঞ্চম দিনে মহাসভার বিজ্ঞানশাখার কার্য আরম্ভ হইল এবং শ্রোভারাও এই ছই ভাগের—সাধারণ ও বিজ্ঞানের—মধ্যে বিধাবিভক্ত হইয়া পড়িলেন। বিজ্ঞানশাখায় অধিকতর পাণ্ডিত্যপূর্ণ বিষয়—ধর্মবিজ্ঞান ইত্যাদি আলোচিত হইলেও সেখানে স্থামীজীকে বক্ত্তা দিবার জয়্য প্রায়শঃ উপস্থিত থাকিতে হইত বলিয়া তাঁহার আকর্ষণে প্রচুর লোক সমবেত হইত; ইহার কলে 'হল অব কলস্থান'-এর ভিড় বেশ কমিয়া গিয়াছিল।

প্রথম দিনে প্রতিনিধিদিগকে মহাসভার কর্মকর্তারা সাদর আহ্বান জানাইলেন এবং প্রতিনিধিরা সংক্ষিপ্ত উত্তর দিলেন। পূর্বাহে সাভটি আমন্ত্রণাপক বক্তভা ভাতি বাগ্মিতাপূর্ণ ভাষায় প্রদত্ত হইল ; ইহাতেই পূর্বায় প্রায় শেষ হইয়া পেল— ভধু আটজন প্রতিনিধি সংক্ষিপ্ত উত্তর দিবার অবকাশ পাইলেন। প্রথম বক্তা ছিলেন আর্চ বিশপ অব জাস্তে। "মানবমাত্রের স্রষ্টা একজন; স্থতরাং ভগবানই তাহাদের সকলের পিত।"-এই বলিয়া আরম্ভ করিয়া বক্তৃতালেবে ভিনি यथन বলিলেন, "আমি আমার হস্তবয় উদ্ভোলনপূর্বক প্রীতিপূর্ণজনয়ে আমেরিকার যুক্তরাষ্ট্র ও তদ্দেশবাসী স্থণী জনগণকে আশীর্বাদ করি।" তথন প্রেসিডেন্ট বনি মস্তব্য করিলেন, "এতো সত্যি অতি চমংকার কথা।" অমনি শ্রোতরন্দের হর্ষধানিতে হলটি মুধরিত হইয়া উঠিল। ব্রাহ্মসমান্দের প্রতিনিধি প্রতাপচন্দ্র মন্ত্রদার দশ বংসর পূর্বে আমেরিকায় আসিয়া স্থ্যাতি অর্জন করিয়াছিলেন ; 'প্রাচ্য যীওখুই' গ্রন্থের রচয়িতা হিসাবেও তাঁহার স্থনাম ছিল। ষ্মতএব তিনিও শ্রোতাদের প্রশংসা পাইলেন। চীনদেশীয় প্রতিনিধি গুং কুয়াং ইউর বক্তভার পূর্বে প্রেসিডেণ্ট বনি মস্তব্য করিয়াছিলেন, "এমেশে শামরা চীনের প্রতি বধোচিত সন্ধাবহার করিনি"। পতএব পুং কুরাং ইউরু বক্তভা শেষ হওয়ার লব্দে সঙ্গে হলটি প্রশংসার মাতিহা উঠিল।

मुखात कार्य এইज्ञल अधामत श्रेटिकाइ ; आत अमितक सामीकी नीतरव ভগবানের নিকট প্রার্থনা করিতেছেন, যাহাতে এই বিরাট বিছৎসমাজের কাছে ভারতের বাণী প্রকাশের উপযুক্ত শক্তি তিনি তাঁহাকে দেন। প্রেসিডেন্ট তাঁহাকে বক্ততা দিবার জন্ম কতবার আহ্বান করিলেন; কিন্তু তিনি প্রতিবার বলিতে লাগিলেন, "না, এখন নয়।" বারংবার এইরূপ হওয়ায় প্রেসিডেন্টের মনে সন্দেহ জাগিল, "ইনি কি বক্ততা দিতে চান না নাকি ?" স্বামীজী স্বয়ং মহাসভার আরম্ভের বর্ণনা ও স্বীয় মনোভাব প্রকাশ করিতে গিয়া আধাপক রাইটকে ২রা অক্টোবরের পত্তে লিখিয়াছিলেন, "সেই মহাসভায়, বেখানে সারা পৃথিবীর বিশিষ্ট বক্তা ও চিন্তাশীল ব্যক্তিরা উপস্থিত, দেখানে তাঁদের সামনে দাঁড়াতে এবং বক্ততা দিতে আমার যে কী ভয় হচ্ছিল !…মহাসভায় আমি শেষ মুহুর্তে একেবারে বিনা প্রস্তুতিতে হাজির হয়েছিলাম। ... কিন্তু প্রভু আমাকে শক্তি দিয়েছেন।" আলাসিকাকে লিখিত পত্তে আরও বিশদ বিবরণ পাই: "মহাসভা থুলিবার দিন প্রাতে আমরা 'শিল্পপ্রাসাদ' নামক বাটীতে সকলে সমবেত इडेनाम । ... এখানে দৰ্বজাতীয় লোক দমবেত इडेग्नाছिलन । ভারতবর্ষ ইইতে **আসিয়াছিলেন ব্রাদ্ধদমাজের প্রতাপচন্দ্র মজুমদার এবং বোম্বাই-এর নগরকার**; বীরচাদ গান্ধী জৈনসমাজের প্রতিনিধিরূপে এবং এ্যানি বেসাণ্ট ও চক্রবর্তী থিয়সফির প্রতিনিধিরণে আসিয়াছিলেন। ইহাদের মধ্যে মজুমদারের সহিত আমার পূর্বে পরিচয় ছিল, আর চক্রবর্তী আমার নাম জানিতেন। একটা চমৎকার শোভাষাত্রা করিয়া আমাদিগকে লইয়া যাওয়া হইল এবং প্লাটফর্মের উপর শ্রেণীবদ্ধভাবে বসানো হইল। কল্পনা করিয়া দেখ, নীচে একটি হল, আর উপরে এক প্রকাণ্ড গ্যালারি; তাহাতে আমেরিকার স্থাশিকিত সমাজের বাছা বাছা ছয় সাত হাজার নরনারী ঘেঁষাঘেঁষি করিয়া উপবিষ্ট. আর গ্ল্যাটফর্মের উপর পৃথিবীর দর্বজাতীয় পণ্ডিতের সমাবেশ। আর আমি, বে জীবনে কখন সাধারণের সম্মুখে বক্তৃতা করে নাই, সে এই মহাসভায় বক্তৃতা করিবে! সঙ্গীত বক্তৃতা প্রভৃতি অমুষ্ঠান যথারীতি ধুমধামের সহিত অমুষ্ঠিত হইবার পর সভা আরম্ভ হইল। তথন একজন একজন করিয়া প্রতিনিধিকে সভার সমক্ষে পরিচিত করিয়া দেওয়া হইল। তাঁহারাও অগ্রসর হইয়া কিছু কিছু বলিলেন। অবশ্ব আমার বুক ত্রত্র করিতেছিল, এবং জিলা গুৰুপ্রায় হইয়াছিল। শামি এতদ্র ঘাবড়াইয়া গেলাম যে, পুর্বাহ্রে বফুডা করিছে ভরদা করিলাম না।

মজুমদার বেশ বলিলেন, চক্রবর্তী আরও স্থলর বলিলেন। খুব করতালিধ্বনি হইতে লাগিল। তাঁহারা সকলেই বক্তৃতা প্রস্তুত করিয়া আনিয়াছিলেন। আমি নির্বোধ, কিছুই প্রস্তুত করি নাই।" ('বাণী ও রচনা,' ৬।৩৮০-৮১)।

অপরাত্তে প্রতিনিধিদের আরও চারিটি লিখিত ভাষণ সমাপ্ত হইলে স্বামীজীর আহ্বান আদিল। তিনি লিখিয়াছেন: "দেবী সরম্বতীকে শ্বরণ করিয়া অগ্রসর হইলাম। ডক্টর ব্যারোজ আমার পরিচয় দিলেন। আমার গৈরিক বদনে শ্রোতবন্দের চিত্ত কিঞ্চিৎ আরুষ্ট হইয়াছিল, আমেরিকাবাসীদিগকে ধরুবাদ দিয়া এবং আরও ত্র-এক কথা বলিয়া একটি কুত্র বক্তৃতা করিলাম। যখন আমি 'আমেরিকাবাসী ভগিনী ও ভ্রাত্রব্দ' বলিয়া সভাকে সম্বোধন করিলাম. তখন তুই মিনিট ধরিয়া এমন করতালিধ্বনি হইতে লাগিল যে, কানে খেন তালা ধরিয়া যায়। ভারপর আমি বলিতে আরম্ভ করিলাম, যথন আমার বলা শেষ হইল, তথন হানয়ের আবেগে একেবারে যেন অবশ হইয়া বসিয়া পড়িলাম। পরদিন সব থবরের কাগজে বলিতে লাগিল, আমার বক্ততাই সেইদিন সকলের প্রাণে লাগিয়াছিল: স্বতরাং তথন সমগ্র আমেরিকা আমাকে জানিতে পারিল। সেই শ্রেষ্ঠ টীকাকার (শ্রীধর স্বামী) সত্যই বলিয়াছেন, 'মৃকং করোতি বাচালং' —ভগবান বোবাকেও মহাবক্তা করিয়া তোলেন। তাঁহার নাম অয়যুক্ত হউক। সেই দিন হইতে আমি একজন বিখ্যাত লোক হইয়া পড়িলাম, আর ষেদিন হিন্দু ধর্ম সম্বন্ধে আমার বক্তৃতা পাঠ করিলাম, সেই দিন 'হলে' এত লোক হইয়া-ছিল যে, আর কথনও সেরপ হয় নাই" (ঐ, ৬।০৮১)।

প্রথম দিনের বক্তার প্রারম্ভে হর্ধধনি সহকে ব্যারোজ লিখিয়াছিলেন, "প্রীযুক্ত (মি:) বিবেকানন্দ যথন প্রোত্রুন্দকে 'ভগিনী ও প্রাত্তগণ' বলিয়া সম্বোধন করিয়াছিলেন, তথন এক তুম্ল করতালিধ্বনি উথিত হইয়া অনেক মিনিট স্বায়ী হইয়াছিল।" প্রীযুক্তা এস. কে. রকেট ঐ দিনের বর্ণনা করিতে গিয়া বলিয়াছেন, "আমি ১৮৯৩ খৃষ্টাব্বের চিকাগো ধর্মমহাসভায় উপস্থিত ছিলাম। সেই যুবকটি উঠিয়া যথন বলিলেন, 'আমার আমেরিকাবাদী বোন ও ভাইরা', তথন সাত হাজার নরনারী এমন কি একটা জিনিসের প্রতি প্রভার্য্য নিবেদনার্থ উঠিয়া গাড়াইল যাহা ভাহার৷ ভাষায় প্রকাশ করিতে সমর্থ ছিল না। যথন বক্তা শেষ হইল, তথন দেখিলাম, দলে দলে নারীয়া জাহার সায়িধ্য লাভের জন্ম বেকি ভিন্তবিয়া অগ্রসর হইডেছে। আমি তথন মনে মনে যদিলাম:

'দেখ বাছা, এ আক্রমণে যদি তুমি মাথা ঠিক রাণতে পার তো তুমি ভগবান ৷'"

মাধা তিনি ঠিকট রাথিয়াছিলেন, হুদয়ও তাঁহার পূর্ববং ভারতের ছঃখ-দাবিদ্যার চিস্কায় পূর্ণ চিল। মহাসভায় একটা জগন্বরেণা জাতির মুখপাতদের দ্বারা মুক্তকণ্ঠে বিজয়ী বীররূপে সম্বর্ধিত হইয়াও এবং সে রাত্তে চিকাগোর এক ধনকুবেরের স্থসজ্জিত গৃহে রাজোচিত যত্নাদির অধিকারী হইয়াও তিনি নিদ্রাস্থর উপভোগ করিতে পারিলেন না। সেই জাঁকজমকপুর্ণ পরিবেশ মধ্যে তাঁহার মন আনন্দলাভ না কবিয়া বিধাদে মগু হইল। শ্যায় শ্যুন করিবামাত্র ভারতের দারিন্তা এবং এই অতুল ঐখর্যের মধ্যে ভয়াবহ বিরোধ যেন তাঁহার শাস রুদ্ধ করিয়া তুলিল; পালকের শ্যা তাঁহার নিকট কণ্টকাকীর্ণ বোধ হইল। বালিশ তাঁহার চক্ষের জলে আর্দ্র হইল। শ্যা ত্যাগ করিয়া তিনি বাতায়নপার্শে দাড়াইয়া অন্ধকারাচ্ছন্ন স্থলুরের দিকে উদাসদৃষ্টিতে তাকাইয়া রহিলেন—ছঃথে তিনি তথন যেন মুহুমান। অবশেষে ভাষাবেগ সহু করিতে না পারিয়া ভূশযা। গ্রহণপুর্বক কাঁদিয়া বলিলেন, "মা, আমার স্বদেশ যেকালে অবর্ণনীয় দারিত্রা-নিপীডিত, সেকালে মান্যশের আকাজ্জা কে করে? গরীব ভারতবাসী আমরা কি হঃখমর অবস্থায়ই না পৌছিয়াছি যে, লক্ষ লক্ষ আমরা একমৃষ্টি অল্লাভাবে প্রাণত্যাগ করি, আর এদেশের লোকেরা ব্যক্তিগত স্বাচ্চন্দ্যের জন্ম লক্ষ টাকা ব্যয় করে। ভারতের জনতাকে কে উঠাইবে ? কে তাহাদের খাইতে দিবে ? মা দেখিয়ে দাও, আমি কি করিয়া তাহাদের সেবা করিতে পারি।" আমাদের বিশ্বাস, এই ঘটনা লায়ন পরিবারের গৃহেই ঘটিয়াছিল এবং প্রথম দিন মহাসভার কার্যশেষে সেই সন্ধায় যে অভার্থনা সন্মেলনের অফুষ্ঠান হয়, তাহার পরে স্বামীজী অধিক রাত্তে ঐ বাড়ীতে আসিয়াছিলেন। চিকাগোর আগমনের ষিতীয় রাত্রি (১০ই সেপ্টেম্বর) তিনি হেলদের গুহে, অথবা অক্ত কোখাও काणिश्राहित्नम, तना कठिम। नाम्ननता हित्नम (तन धनी, मुक्तनारहेन प्रक्रिश ভাগে তাঁহাদের চিনির কল ছিল।

প্রথম দিনের বক্ততাটি খ্বই সংক্রিপ্ত ছিল; কিন্তু উহার ভাব এত উদার ও সর্ববাপী ছিল এবং প্রতিটি কথার সহিত বক্তার আবেগ সত্যনিষ্ঠা ও অকপটতা এমন উজ্জ্বলভাবে ফুটিয়া উঠিয়াছিল বে, উহার প্রভাব হইয়াছিল অভি গভীর ও দীর্ঘকালয়ায়ী। প্রথম ভাষণে তিনি শৃথিবীর মধ্যে স্বাপেক্ষা প্রাচীন সন্ন্যাসিন্মান্তের পক হইতে" যে দেশ সর্বধর্মের প্রস্থৃতিম্বরূপ তাহার নামে আমেরিকাবাসী নরনারীকে ধ্রুবাদ জানাইলেন। তিনি ঘোষণা করিলেন. "আমরা ওপু সকল ধর্মকে সহু করি না, সকল ধর্মকেই আমরা সত্য বলিয়া বিখাস করি। ... বিভিন্ন নদীর উৎস বিভিন্ন স্থানে, কিন্তু তাহারা সকলেই বেমন এক সমজে তাহাদের জলরাশি ঢালিয়া মিলাইয়া দেয়, তেমনি হে ভগবান, নিজ নিজ ক্ষচির বৈচিত্র্যবশতঃ সরল ও কুটিল নানা পথে বাহারা চলিয়াছে, তুমিই তাহাদের সকলের একমাত্র লক্ষা। ... এই ধর্ম-মহাসমিতির সন্মানার্থ আজ যে ঘণ্টাধ্বনি निर्नाषिण इरेबाएइ, जारारे... এकरे नत्कात पित्क अधनामी वाक्किनत्वत्र मत्या সর্বাধিক অসম্ভাবের সম্পূর্ণ অবসানের বার্তা ঘোষণা করুক।" মহাসভার উদ্দেশ্র ও আকাক্ষার কথা এমন বাগ্মিতাপূর্ণ স্থম্পট্ট ভাষায় আর কেহ প্রকাশ করিতে পারেন নাই ; স্থতরাং বিবেকানন্দ শ্রোভাদের হুদয় জয় করিলেন। কিন্তু ইহা মনে করিলে ভুল হইবে যে, এই বিজয় ৩ধু বাগ্মিতা বৃদ্ধিমন্তা ও উদারদৃষ্টির বলেই লাভ হইয়াছিল এবং শ্রোত্মগুলীর মনগুলিকে এক চেতনভূমিতে এক স্ত্রে সংগ্রথিত করিবার জন্ম অন্ত কোন অদৃষ্ট অধ্যাত্মশক্তি লোকচকুর অস্তরালে ক্রিয়াশীল ছিল না। স্থামরা বরং এ বিষয়ে 'নিউ ডিস্কভারিক্ক'-এর গ্রন্থকর্ত্তী শ্রীযুক্তা বার্কের অভিমত সমীচীন মনে করি। তিনি লিখিয়াছেন, "অপরদের বেলায় (হর্ষধানির) কারণগুলি স্থম্পষ্ট—রাজনীতিক বা সমধার্মিক সহাত্মভৃতি. বক্তার সহিত পূর্বপরিচয়, অথবা অবহেলিত জাতির প্রতি নিজেদের পূর্বকৃত चकारमञ्जलक । चामीकोत रामाय अमराय किन्ने किन ना। छानात বাগ্মিতার ফলে হর্মধনি উঠিয়াছিল ইহাও বলা চলে না: কারণ সারা সকাল ও ব্লক্ষেট যেমন বলিয়াছেন, শ্রোডমগুলীর সকলে নিশুয়ই বলিতেই পারিত না, কেন ভাহারা স্বামীজীর প্রথম শবস্তুলি শুনিবামাজ হর্ষধনি করিয়া উঠिल। ... बतः बनिए इटेर्ट, बामीकी बदः এवः छाहात नक्कानिमधा দুকায়িত কোন এক অহুজারিত বস্তুই তাহাদিগকে এমনভাবে অনুপ্রাণিত করিছাছিল, বাহাতে তাঁহার কথাগুলি তথু ফাঁকা ভাবুকভার আকারে না শাসিয়া বাত্তৰ সভ্যের দ্বলে আবিভূতি হইয়াছিল এবং দকলের জন্তরে এক চিরবিশ্বত আত্মিক ঐক্যের বোধ উজ্জীবিত করিয়াছিল—উচা ছিল এমন এক পতি বাহা তথন হইতে গোপনে অৰচ অনুস্থাপজ্জিতে কাৰ্য করিতে থাকিবে

এবং তাহার ফলে সভাতার রূপ বদলাইয়া দিবে ও ধর্মসমন্বর স্থাপন করিবে" (৫৮ পঃ)।

স্বামীজীর বক্ততার পরে আরও চারিটি বক্ততা হয়; অর্থাৎ পূর্বাহে ও অপরাছে মোট চবিশটি বক্ততার পর ১১ই সেপ্টেম্বরের কার্য শেষ হইল। ইহার পরও স্বামীজীকে প্রায় প্রতিদিনই হয় সাধারণ মহাসভায় না হয় উহার বিজ্ঞান-শাখার বক্তৃতা করিতে হইয়াছিল। সব বক্তৃতাতেই লোকস্মাগ্ম হইত প্রচুর এবং স্বামীন্ধীর বক্ততাশ্রবণে সমভাবেই হর্ষধানি উথিত হইত। তিনি নিজে আলাসিকাকে লিখিয়াছিলেন: "একটি সংবাদপত্ত হইতে আমি কিয়দংশ উদ্ধৃত করিতেছি, 'মহিলা, মহিলা, কেবল মহিলা—সমস্ত জামগা জুড়িয়া, কোণ পর্যস্ত ফাঁক নাই, বিবেকানন্দের বক্তৃতা হইবার পূর্বে অন্ত যেসকল প্রবন্ধ পঠিত হইতে-हिल, जाहा जाल ना नाशित्मध त्करन वित्वकानत्मत वकुछ। अनिवात जगहे অতিশয় সহিষ্ণুতার সহিত বসিয়াছিল,' ইত্যাদি। যদি সংবাদপত্রে আমার সম্বন্ধে যেসকল কথা বাহির হইয়াছে, তাহা কাটিয়া পাঠাইয়া দিই, তুমি আক্ষ হইবে। কিছ তুমি ভো জানই, নাম-যশকে আমি ঘুণা করি। এইটুকু জানিলেই যথেষ্ট হইবে যে, যথনই আমি প্ল্যাটফর্মে দাঁড়াইতাম, তথনই আমার জন্ম কর্ণবিধিরকারী করতালি পড়িয়া বাইত। প্রায় সকল কাগজেই আমাকে প্রশংসা করিয়াছে। খুব গোঁড়াদের পর্যন্ত স্বীকার করিতে হইয়াছে, 'এই স্থলরমূথ বৈহ্যতিকশক্তিশালী অন্তত বক্তাই মহাসভায় শ্রেষ্ঠ আসন অধিকার করিয়াছেন', ইত্যাদি ইত্যাদি। এইটুকু জানিলেই তোমাদের যথেষ্ট হইবে বে, ইহার পূর্বে প্রাচ্যদেশীয় কোন ব্যক্তিই আমেরিকান সমাজের উপর এরপ প্রভাব বিস্তার করিতে পারেন নাই।"

আলাদিলা প্রভৃতির সহিত স্বামীজীর একটা শ্বতি নিবিড় প্রীতির সম্বদ্ধ ছিল; তাঁহারা কত কটে অর্থসংগ্রহ করিয়াছেন এবং তাঁহাকে বিদেশে পাঠাইয়াছেন। অতএব মানষশের আকাজ্ঞা না থাকিলেও স্বামীজী তাঁহাদের নিকট একটা সংক্ষিপ্ত বিবরণ পাঠানো স্বীয় কর্তব্য বলিয়াই মনে করিয়াছিলেন। পত্রখানির তারিধ ২রা নভেম্বর, ১৮৯৩, মহাসভার অনেক পরে লিখিত; অর্থাৎ আনন্দে উৎফুল্ল হইয়া নাম জাহির করার জন্ম তিনি তথনই লিখিতে বসেন নাই। ঠিক এই হিসাবেই এবং ভারতে কেন তিনি তথনই দিরিতেছেন না, ইহা ব্রাইবার জন্ম জ্বাগড়ের দেওরানজী সাহেবকে লিখিয়াছিলেন: "আমি অলস পর্বটক নহি, কিংবা দৃষ্ঠ দেখিয়া বেড়ানোও আয়ার পেশানহে। বিদি বাঁচিয়া

থাকেন, তবে আমার কার্যকলাপ দেখিতে পাইবেন এবং আমাকে আজীবন আশীবাদ করিবেন।
শংশ্যহাসভায় আমি কিছু বলিয়াছিলাম এবং তাহা কডটা কলপ্রস্থ হইয়াছিল, তাহার নিদর্শনস্বরূপ আমার হাতের কাছে যে ত্ই-চারিটি দৈনিক ও মাসিক পত্রিকা পড়িয়া আছে, তাহা হইতেই কিছু কিছু কাটিয়া পাঠাইতেছি। নিজের ঢাক নিজে পিটানো আমার উদ্দেশ্য নহে, কিছু আপনি আমাকে স্নেহ করেন, সেই স্ত্রে আপনার নিকট বিশাস করিয়া আমি এ কথা অবশ্র বলিব যে, ইতিপুর্বে কোন হিন্দু এদেশে এরূপ প্রভাব বিস্তার করিতে পারে নাই এবং আমার আমেরিকা আগমনে বদি অক্ত কোন কাল্ল নাও হইয়া থাকে, আমেরিকাবাসিগণ অন্ততঃ এটুকু উপলব্ধি করিয়াছে যে, আজও ভারতবর্ষে এমন মান্তবের আবির্ভাব হইয়া থাকে বাহাদের পাদম্বে বিস্মা জগতের স্বাপেকা সভ্য জাতিও ধর্ম এবং নীতি শিক্ষা করিতে পারে।
শংকরেকটি পত্রিকা হইতে অংশবিশেষ নিয়ে উদ্ধৃত করিতেছি:

"'সংক্ষিপ্ত বকৃতার অনেকগুলিই বিশেষ বাগ্মিতাপুর্ণ হইয়াছিল সত্য, কিছ হিন্দু সন্ন্যাসী ধর্মহাসভার মূলনীতি ও উহার সীমাবদ্ধতা যেরূপ স্থন্দরভাবে ব্যাখ্যা করিয়াছিলেন, অন্ত কেহই তাহা করিতে পারে নাই। তাঁহার বক্তৃতার সব্টুকু আমি উদ্ধৃত করিতেছি এবং শ্রোত্রুদের উপর উহার প্রতিক্রিয়া সম্বন্ধে শুধু এইটুকু বলিতে পারি যে, দৈবশক্তিসম্পন্ন বক্তা তিনি এবং তাঁহার অকপট উক্তিগুলি যে মধুর ভাষার মধ্য দিয়া তিনি প্রকাশ করেন, তাহা তদীয় গৈরিক বদন এবং বৃদ্ধিদৃপ্ত দৃঢ় মুখমগুল অপেক্ষা কম আকর্ষণীয় নয়।' ঐ পৃষ্ঠাতেই পুনর্বার লিখিত আছে: 'তাঁহার শিকা, বাগ্মিতা এবং মনোমুম্বকর ব্যক্তিত্ব আমাদের সমুখে হিন্দুসভাতার এক নৃতন ধারা উন্মুক্ত করিয়াছে। তাঁহার প্রতিভাষীপ্ত মুখমগুল, গন্ধীর ও স্থললিত কণ্ঠন্বর বতই মাহুঘকে তাঁহার দিকে আরুষ্ট করে এবং ঐ বিধিদন্ত সম্পদসহায়ে এদেশের বছ ক্লাব ও গীর্জায় প্রচারের ফলে আজ আমরা তাঁহার মতবাদের সহিত পরিচিত হইয়াছি। কোন প্রকার নোট প্রস্তুত कतिया जिनि वकुछ। करतन ना ; किन्न निम वक्कवा विवयक्षण धात्रावाहिकछारव প্রকাশ করিয়া অপূর্ব কৌশন ও ঐকান্তিকতা সহকারে তিনি মীমাংসায় উপনীত হন এবং অন্তরের গভীর প্রেরণা তাঁহার বান্মিতাকে অপূর্বভাবে দার্থক করিয়া তোলে।' ('নিউ ইয়ৰ্ক ক্ৰিটিক')।

ैंधर्ममहामञ्जास विद्यकानसहे अदिमःदाहिङद्भार मर्वद्रवर्ध वाक्ति। छोहास

বক্তৃতা শুনিয়া আমরা ব্ঝিতেছি বে, এই শিক্ষিত জাতির মধ্যে ধর্মপ্রচারক প্রেরণ করা কত নিবু'দ্ধিতার কাজ!' ('হেরান্ড'—এখানকার শ্রেষ্ঠ কাগজ)।

"আর অধিক উদ্ধৃত করিলাম না, পাছে আমার দান্তিক বলিয়া মনে করেন।
…এক্ষণে, এই সকল উদ্ধৃত অংশ পাঠ করিবার পর ভারতবর্ব হইতে একজন
সন্মাসী এদেশে প্রেরণ করা সমীচীন হইয়াছে বলিয়া আপনার মনে হয় কি ?
অক্তগ্রহপূর্বক এই চিঠি প্রকাশ করিবেন না। ভারতবর্বে থাকিতেও বেমন,
এখানেও ঠিক তেমনি—অপকৌশল দ্বারা নাম করাকে আমি দ্বণা করি। আমি প্রভুর কার্য করিয়া যাইতেছি…" ('বাণী ও রচনা,' ৬।৫০৭-১)।

বে কয়দিন মহাসভার অধিবেশন হইয়াছিল, সেই কয়দিনই প্রতিনিধিদিগকে বিশেষ ব্যক্তভার মধ্যে দিন কাটাইতে হইয়াছিল। মহাসভায় ও মহাসভার বিজ্ঞান শাখায় বক্তৃতাদি তো ছিলই, মহাসভার বাহিরে উহার সহিত সংশ্লিষ্ট বা অসংশ্লিষ্ট বহু সভা, সমিতি, সম্মেলন প্রভৃতিতেও তাঁহাদিগকে যোগ দিতে হইয়াছিল। মহাসভার সর্বশ্রেষ্ঠ ও সর্বাধিক জনপ্রিয় বাগ্মী স্বামী বিবেকানন এই কয়দিন বিশ্রাম পান নাই বলিলেই চলে। অবশ্র এই সমন্ত বক্ত তাদির পূর্ব বিবরণ পাওয়া যায় নাই। যতনুর জানিতে পারা গিয়াছে তাহাতে এইটুকু প্রকাশ পায়: স্বামীজী ধর্মমহাসভায় ১১ই সেপ্টেম্বর প্রথম বক্তুতার পর, ১৫ই সেপ্টেম্বর শুক্রবার অপরায়ে কৃপমগুকের গল্পটি বলেন। ১৯শে সেপ্টেম্বর তিনি হিন্দুধর্ম সম্বন্ধে লিখিত বক্তৃতা পাঠ করেন। ২০শে সেপ্টেম্বরের সাধারণ আলোচনায় যোগ দিয়া তিনি খুষ্টান ধর্মপ্রচারকদের অশোভন কার্যকলাপ বিষয়ে কিঞ্চিং বিরুদ্ধ মন্তব্য প্রকাশ করেন। ২৬শে সেপ্টেম্বর বৌদ্ধর্মের সহিত হিন্দুধর্মের সম্বদ্ধাদি বিষয়ে আলোচনা করেন। ২ গশে সেপ্টেম্বর সংক্ষেপে বিদায় অভিভাষণ প্রদান করেন। খ্রীযুক্তা বার্কের মতে মহাসভায় প্রদত্ত এইসকল বক্তৃতা ছাড়াও স্বামীকী উহার বিজ্ঞানশাধার সম্ভবতঃ আটবার বক্ততা করেন। উহাদের মধ্যে কয়েকটি বক্ততার বিষয় ও তারিধ এইরূপ জানা গিয়াছে: 'শান্ত্রনিষ্ঠ হিন্দুধর্ম এবং বেদাস্ক-দর্শন'—ভক্রবার, ২২শে সেপ্টেম্বর, পূর্বাহু সাড়ে দশটা। 'ভারভের বর্তমান ধর্ষসমূহ'—ভক্রবার ২২শে দেপ্টেম্বর, অপরাছু। পূর্বে প্রস্তুত বক্তৃতাগুলির বিষয় नवरक--२०८न (मरल्डेवत । 'श्रिमुध्यर्वत मात्रारम'---(मायवात २०८म (मरल्डेवत । শারও করেকটি বক্তা ও শভার্থনাদির সংবাদ শানিতে পারা বার। মহাসভার अध्यक्तित्व अधिरवन्यत्व भारत्र मन्त्राव अञ्जितिधिविश्वरक क्रिकारशांत्र क्रज्ञमयारकत

সহিত পরিচিত করিয়া দিবার জন্ম শ্রীযুক্ত ব্যারোক শ্রীযুক্ত এন. টি. বার্টলেটের প্রস্তরনির্মিত প্রাসাদে যে বিরাট অভার্থনা-সম্মেলনের আয়োজন করেন তাহাতে অনেক রাত্রি পর্বস্ক ভোক্তন ও আমোদ-আহলাদ চলিতে থাকে। বিভীয় রাত্তে আর্ট ইনটিউটের হলগুলিতে প্রেসিডেন্ট বনি মহাস্ভার সমস্ত প্রতিনিধির সন্মানার্থ আর একটি বৃহত্তর প্রীতি-সম্মেলনের আয়োজন করেন এবং উহাতে সহস্র সহস্র ব্যক্তি যোগ দেন। মহাসভার চতুর্থ দিন রাত্রে (১৪ই সেপ্টেম্বর) বিশ্বমেলার মহিলা ম্যানেজারদের অধ্যক্ষা শ্রীযুক্তা পটার পামার একসপজিশনের মহিলা-ভবনে মহাসভার প্রতিনিধিবর্গকে এক প্রীতিসম্মেলনে আহ্বান করেন এবং খনেক প্রকার আমোদেরও আয়োজন করেন। এখানে স্বামীকী ভারতীয় নারী-সমাক্ত সম্বন্ধে বক্ততা করেন। এতদ্বাতীত বিভিন্ন দেশীয় নারীদের সম্বন্ধে বক্ততা করেন — चार्ठियम खास्त्र, धर्मभाग, मकुमनात ७ भूः कृताः हेछ । बामीकीत हेः त्रिकी 'কমপ্লিট ওয়ার্কন' হইতে জানা বায়, তিনি <u>জী</u>যুক্তা পটার পামারের সৌ**জ**জে চিকাগোর জ্ঞাকসন স্থাটে অবস্থিত মহিলাভবনে প্রাচাদেশীয় নারীদের সম্বন্ধে আর একবার বক্ততা দেন এবং ঐ বক্ততার বিবরণ প্রকাশিত হয় 'চিকাগো ডেলি ইণ্টার-ওক্সান' পত্রিকায় ১৮৯৩ খু: এর ২৩শে সেপ্টেম্বর (অষ্টম খণ্ড, ১৯৮ পঃ)। আবার ২৫শে দেপ্টেম্বর রবিবার প্রাতে তিনি লাফ লিন ও মনরে। ষ্ট্ৰীটে অবন্ধিত ততীয় ইউনিটেরিয়ান চার্চে 'ভগবং প্রেম' সম্বন্ধে বক্ততা দেন। ইহা ছাড়াও চিকাগোর ধনকুবেরদের ও ধর্মধাঞ্চকদের গৃহে বছ সমেলনের আয়োজন হয়। তাই পরে যথন স্বামীজী লিখিয়াছিলেন. "এই দেশের অধিকাংশ সমৃদ্ধ পরিবারের গৃহ্বারই আমার জন্ম উমুক্ত," তথন তিনি বিলুমাত্র মত্যক্তি করেন নাই। তখন তিনি চিকাগো-সমাজে সর্বত্র সমানৃত।

মহাসভা প্রতিদিন তিনবার করিয়া বসিত এবং ঐরপ প্রভােকবারের অধিবেশন আড়াই ঘটা হইতে তিন ঘটা কাল চলিত। প্রতিদিন নৃতন নৃতন ব্যক্তি সভাপতিত্ব করিতেন এবং প্রতিদিনের আরক্তে সভাছ সকলকে দণ্ডায়মান হইয়া ভগবানের নিকট সভার কার্য হালকরপে পরিচালনার জন্ম প্রার্থনা করিতে বলা হইত। অভঃপর উপস্থিত সকলে দণ্ডায়মান থাকা অবস্থাতেই পূর্ব হইতে নির্দিষ্ট কোন ব্যক্তি প্রার্থনা করিতেন, "হে আমাদের স্বর্গন্থ সিভা' ইত্যাদি। বক্তায়া সাধারণতঃ আধ ঘটা সময় পাইতেন; কিছু জনপ্রিয় বক্তায় জন্ম এই নিয়বের ব্যক্তিক্রম হইত। স্বামীকী ছিলেন এই বিশিষ্ট বক্তাদের মধ্যে অক্তম্ম

এবং সভায় শ্রোভাদিগকে ধরিয়া রাখিবার জন্ম কিংবা শৃত্বলা রক্ষার জন্ম অনেক ক্ষেত্রেই তাঁহার এই জনপ্রিয়তার স্থযোগ লওয়া হইত। 'দি বস্টন ইভিনিং ট্যানুস্ক্রিপ্ট্'পত্রিকায় তাঁহার সম্বন্ধে লেখা হইয়াছিল: "সীয় ভাবরাশির চমংকারিত্ব এবং আরুতির প্রভাবে তিনি মহাসভায় অত্যন্ত লোকপ্রিয়। তিনি ভুষু মঞ্চের একদিক হইতে অপর দিকে অগ্রসর হইলেই করতালি পাইয়া থাকেন এবং বহু সহন্র ব্যক্তির এই স্থব্যক্ত প্রশংসায় তিনি বিন্দুমাত্র গাঁব প্রকাশ না কবিয়া শিশুস্থলভ সম্ভোষসহকারে গ্রহণ করিয়া থাকেন। ... মহাসভার কর্তৃপক্ষ বিবেকানন্দকে একেবারে সর্বশেষের জন্ম ঠিক করিয়া রাখিতেন, যাহাতে শ্রোতারা শেষ পর্যন্ত বসিয়া থাকেন। কোন গ্রেম দিনে যথন কোন বক্তার নীরস প্রাণহীন দীর্ঘ বক্ততার ফলে শত শত ব্যক্তি কক্ষ ত্যাগ করিয়া চলিয়া যাইতে থাকিত, তথন সভাপতি উঠিয়া ঘোষণা করিতেন, সভাস্তে ভগবানের আশীর্বাদ প্রার্থনার ঠিক পূর্বে স্বামী বিবেকানন্দ কিছু বলিবেন। অমনি শত শত শ্রোতা শান্তভাবে বসিয়া থাকিত। হল অব কলম্বাসের (ঘর্মাক্ত কলেবর) বাজনপরায়ণ চারি সহস্র শ্রোতা আশাপূর্ণ হদয়ে সম্মিতবদনে একঘণ্টা তুই ঘণ্টা ধরিয়া অপর বক্তাদের অভিভাষণ ভনিতে থাকিত, ভুধু এই জন্ত যে পনর মিনিট বিবেকানন্দের ভাষণ শুনিতে পাইবে। সর্বোজম জিনিসটি শেষের জন্ম ধরিয়া রাখিতে হয়. সভাপতি এই প্রাচীন রীতিটি স্থবিদিত ছিলেন।"

'নর্দাম্পটন ডেলি হেরাল্ড' পত্রিকা ১৮৯৪ খুষ্টাব্বের ১১ই এপ্রিল লিখিয়াছিল, "কার্যক্রমের শেষ মৃহুর্তের পূর্বে বিবেকানন্দকে বক্তৃতা দিতে দেওয়া হইত না; ইহার উদ্দেশ্ত ছিল, লোককে শেষপর্যন্ত ধরিয়া রাখা। কোন গরম দিনে নীরস বক্তার স্থদীর্ঘ বক্তৃতার ফলে যখন শত শত লোক সভাগৃহ ত্যাগ করিতে থাকিত, তখন বিরাট শ্রোভূমগুলীকে ধরিয়া রাখার জ্বন্ত শুধু এইটুকু ঘোষণা করিলেই যথেষ্ট হইত যে, শেষ প্রার্থনার পূর্বে বিবেকানন্দ সংক্রেণে কিছু বলিবেন। শমনি সেই স্থনামধন্ত ব্যক্তির পনর মিনিটের বক্তৃতা শুনিবার জন্ত তাহারা ঘণ্টার পর ঘণ্টা বিসিয়া থাকিত।"

১৮৯৫ খুটাব্দের জাহ্যারি মাসে 'এ্যারেনা' নামক সাময়িক পত্রিকার এক প্রবৃদ্ধ লিথিয়া শ্রীযুক্ত বীরচাঁদ গান্ধীও এই কথা প্রকাশ করেন বে, চঞ্চল শ্রোভ্বর্গকে ধরিয়া রাখিবার জন্ম ভারতীয় বক্তাদিগের বক্তৃতা সর্বশেষে স্থান পাইত। বলা বাহুল্য, স্বামীজী এই চিহ্নিড ব্যক্তিদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন।

মহাসভার কার্যধারা অফুক্ত হইতেছে, বিভিন্ন ধর্মাবলমী বিভিন্ন বক্তা निक वक्का विनया घारे एउट हुन, मरामकात वारिता विविध मत्यानान তাঁহাদের ভাষণ চলিতেছে, আর প্রতিদিনই স্বামী বিবেকানন্দের জনপ্রিয়তা বর্ধিত হইতেছে। এইভাবে অখুষ্টান ধর্মের প্রভাব মামুষের মনে কতথানি গভীর রেখাপাত করিয়াছিল, তাহা ১৮৯৩-এর ১২ই অক্টোবর 'ওপেন কোর্ট' নামক সাময়িক পত্রিকায় মন্ত্রিত কবিতার অংশবিশেষ হইতেই প্রকাশ পায়। কবি লিখিয়াছিলেন, "তারপর শুনলাম গেরুয়াপরা সেই স্থলর হিন্দু সন্ন্যাসীর কথা, यिनि वनरानन, नकन मासूयहे ७१वारनत अरम, जात रहाय किहूरे कम नग्न। आत তিনি বললেন, আমরা পাপী নই: কাজেই আমার মনে আবার শান্তি ফিরে এল, আর ধর্মহাসভা একথায় সায় দিয়ে উচ্চ হর্বধ্বনি করে উঠল।" ইচ্ছাপুর্বক পুটধর্মের বিরুদ্ধাচরণ কোনও প্রাচ্যদেশীয় বক্তা না করিলেও তাঁহাদের নবীন বার্তা আমেরিকাবাদীর মন জয় করিতেছে, এবং মিশনারীরা প্রাচ্য জগৎকে বেরূপ অসভ্য বলিয়া চিত্রিত করিতেন তাহা বস্তুতঃ সেরূপ নহে দেথিয়া মিশনারীদের প্রতি আমেরিকানদের শ্রদ্ধা তিরোহিত হইতেছে ব্রিয়া গোঁড়া খুটানরা চঞ্চল হইয়া উঠিলেন এবং মহাসভায় প্রকাশ ধর্মবিরোধের অবকাশ নাই, ইহা জানিয়াও অপর ধর্মের বিক্লছে বিশেষতঃ হিন্দুধর্মের বিপক্ষে বিষোদগার আরম্ভ করিলেন। মহাসভার প্রথম দশ দিন খুষ্টধর্মের বিভিন্ন দিক পরিপূর্ণরূপে আলোচিত হইল। এই স্থযোগে অধিবেশনের তৃতীয় দিনেই 'লগুন মিশনারী সোদাইটি'র ধর্ম-প্রচারক টমাস এবেনজার লেটার বাইবেল ও বেদের তুলনা করিয়া দেখাইলেন, ভথু বাইবেলে ভগবানের অশেষ কুপার কথা প্রকটিত হইয়াছে, বেদে উহা নাই। চতুর্ব দিনে বন্টনের ধর্মপ্রচারক জোদেক কুক্ 'মাছৰ পাণী' ইত্যাদি কথা বেশ कतिया बुक्षावेदनम এवः वनिदनम रव, छगवादमत्र महिक स्रोदित मश्वक, स्रोदित ম্ব্রিলাভ ও পাপের স্বরূপ ইত্যাদি বিষয়ের ব্যাখ্যায় জগতের কোনও ধর্মই পৃষ্টধর্মের ধারে-কাছেও আসিতে পারে না। হুর চড়িতে চড়িতে স্বামীজী বেদিন (১৯শে সেপ্টেম্বর অপরাহু) হিন্দুধর্ম বিষয়ক প্রবন্ধটি পাঠ করিলেন, দেদিন বেন মন্তলব করিয়াই হিন্দুধর্মের বিরুদ্ধে আক্রমণ চরমে উঠিল। মহা-সভার সেই নবম দিনে বেন একটা তুম্ব বৃদ্ধের পূর্বাভাস পাওয়া গেল। উক্ত 'हिन्दूधर्य' मात्रक क्षत्रक भारतेत्र भूर्रतत घर्षमा वर्षमा कतिएक शिवा बाहे स्वात अक সংবাদপত্র ২৯শে সেপ্টেমর লিখিরাছিল: "রেডারেও কুক্ ছিক্দিগকে নির্মযভাবে সমালোচনা করিলেন, এবং অধিকতর নির্মাভাবে সমালোচিত হইলেন। স্বামী विद्यकानमः अद्देशनका जिल्ला विकृष्ट वक दिः य चाक्रमण चादक करिया विनित्न. 'আমরা যাহারা প্রাচা জগং হইতে আসিয়াছি, তাহারা এথানে দিনের পর দিন বসিয়া আমাদের প্রতি এইদব মক্বিয়োনার কথা শুনিয়াছি যে, আমাদের খুটান হুইয়া যাওয়া উচিত ; কারণ গৃষ্টান জাতিরা স্বাধিক ঐশ্বর্ণালী। আশে-পাশে তাকাইয়া আমাদের চকু পড়ে দ্বাধিক ঐশ্ব্যান খুষ্টান রাজ্য ইংলণ্ডের প্রতি, যাতা পঁচিশ কোটি এশিয়াবাসীকে পদদলিত করিয়া রাখিয়াছে। অতীত ইতিহাসের দিকে চক্ষ ফিবাইয়া আমরা দেখি খুইধর্মাবলম্বী ইউরোপের অভাদয়ের স্ত্রপাত হয় স্পেন দেশ হইতে: আর স্পেনের ঐশ্বর্যের স্ত্রপাত হয় মেক্সিকো আক্রমণ হটতে। পৃষ্টান ধর্ম সমান রক্তমাংদের মামুদের পলা কাটিয়া ঐশ্বর্য অর্জন করে। এমন মূল্যের বিনিময়ে হিন্দুরা ঐশ্বর্য চায় না।'" সেই দিন অপরাহাধিবেশনের শেযে স্বামীজী হিন্দুধর্ম সম্বন্ধীয় প্রবন্ধটি পাঠ করিলেন। এই মৃক্তিপূর্ণ ও তথ্যবহল প্রবন্ধটি আবও পূর্বে শ্রোত্মওলীর সন্মুখে স্থাপিত তইলে খুষ্টধর্মযাজকদের বুথা আফ্রালন অন্ধরেই বিনষ্ট হইত ; কারণ, তাহাদের সমস্ত সমালোচনা ছিল অজ্ঞতাপ্রস্ত ও বিদ্বেষসম্ভত। মিশনারীবা যত নিলজ্জভাবেই স্বামীজীকে ও তাঁহার মতবাদকে থর্ব করিতে বদ্ধপ্রিকর হউন না কেন, আমেরিকাবাসী জনসাধাবণ তাঁহার প্রতি ক্রমেই অধিক আরুষ্ট হইতেছিল। এমন কি ঐ দিনের হীন আক্রমণের পরও ঐ বক্তৃতাকালে লোকসংখ্যা হইল স্বাধিক। 'চিকাগো ইন্টার ওখানের' মতে, "মহাসভার আরস্তের এক ঘন্টা পুर इटेंटल्टे लाटकत दिकाम जिल्ल-माहात मर्पा नातीत्मत मःशाहे हिन व्यक्ति — কলম্বাস হলে'র প্রবেশদারগুলির দিকে ঝাঁকিয়া আসিতে লাগিল , কারণ পুবেই ঘোষণা করা হইয়াছিল যে, স্বামী বিবেকানন্দ বক্ততা করিবেন। মহিলা— মহিলা—সর্বত্ত মহিলাতে বিরাট গ্যালারি পরিপূর্ণ হইয়া গেল।"

এই প্রবন্ধে স্বামীজী অতি সংক্ষেপে হিন্দুদের দর্শন, মনস্তব্ব, সাধারণ মতবাদ, বিশ্বাস, আচার-বিচার ইত্যাদির পরিচয় দিয়াছিলেন। এত অল্প সময়ের মধ্যে এই বিশাল ধর্মের এতগুলি মৌলিক তথ্য এরূপ সহজবোধ্য ভাষায় এক বিধর্মী বিজ্ঞাতির সন্মুখে উপস্থাপিত করা শুধু তাঁহারই পক্ষে সম্ভব ছিল। কেন না বন্ধধা বিভক্ত এবং বিদেশীর চক্ষে কোনরূপ শৃদ্ধলাবিহীন হিন্দুচিস্থারাশিকে একটা অথও স্থান্নবিদ্ধানিজিক ধর্মরূপে এমন স্ক্ষান্ত ও স্থান্ন ভাষায় বিধ্যার নিকট

ইহার পূর্বে আর কেহ উপস্থিত করেন নাই। মহাসভার মঞ্চে স্বামী বিবেকানন্দ একমাত্র ভারতবাদী, এমন কি একক বাঙ্গালী ছিলেন না বটে, তথাপি সমগ্র হিন্দু-ধর্মের প্রবক্তা ছিলেন একমাত্র তিনিই। অপর প্রতিনিধিরা সম্প্রদায়বিশেষের কথা বলিয়াছিলেন, স্বামীজীর বক্তব্য বিষয় ছিল সমগ্র সনাতন ধর্মের সার্বজনীন তথ্য-রাশি। তিনি মানবাত্মা ও তাহার ভবিশ্বৎ সম্বন্ধে হিন্দুমত প্রকটিত করিলেন, বেদান্ত-দর্শনের মূলকথা খুলিয়া বলিলেন, এবং দেখাইলেন, ঐ ভিত্তিতেই সব-প্রকার উপাসনাপ্রণালীর মধ্যে সমন্বয় সাধিত হইতে পারে; কারণ বেদান্ত-মতে বিভিন্ন সাধনপ্রণালী একই সভালাভের বিভিন্ন উপায়মাত। তিনি বলিলেন. হিন্দের মতে জীবাত্মা নিতাপাপমুক্ত, নিতাভন্ধ-বুদ্ধ-মুক্ত, ভণু মায়াপ্রভাবে সে এক এবং অসীম হইয়াও বহু, বিচিত্র ও বন্ধ বলিয়া প্রতিভাত হয়। বহু জন্ম ধরিয়া সাধনার ফলে ভগবদর্শন বা একত্বাহ্যভৃতি হইয়া থাকে। আত্মা স্বষ্ট বস্তু নহে; মৃত্যুর অর্থ শুধু দেহের পরিবতন। বতমান জ্বীবন অতীতের কর্মফলে এবং ভবিষ্যৎ জীবন বর্তমানের কর্মফলে হইরা থাকে। ঈশর-সাক্ষাৎকারের জন্ম ক্রম্ 'আমি ও আমার' ভাবকে ত্যাগ করিতে হইবে; কিঙ্ক ইহাতে জীবাত্মার বিনাশ না হইয়। বরং পুর্ণতাপ্রাপ্তি ঘটে। স্বার্থপরতার মূলীভূত কৃত্র আমিত্বের ভাব বর্জন করিয়া জীব তথন স্বীয় পরিপূর্ণস্বরূপে অধিষ্ঠিত হয়। মৃত্যু তথনই দুরীভূত হয়, যুখন কোন প্রাণী বিশ্বপ্রাণের সহিত একীভূত হয়; চু:খ তখনই নিঃশেষিত হয়, যখন মানুষ আনন্দের সহিত একাত্মত। লাভ করে; ভ্রম তথনই তিরোহিত হয়, যথন মাতৃষ চৈতত্তের সহিত অভিন হইয়া যায়; আর ইহাই হুইল বিজ্ঞানসম্মত সিদ্ধান্ত। বিজ্ঞান শিক্ষা দেয় যে, সদীম-ব্যক্তিত্ব একটা ভ্রান্তিসম্ভূত মিখ্যা ধারণা, মানবদেহ যেমন একটা অথগু জড়রাশির মধ্যন্থিত নিতা-পরিবর্তনশীল জড়খণ্ডমাত্র, মানবের আত্মারূপ যে অপরাংশ উহাও তেমনি একটা ষ্মপণ্ড সন্তা হইতে বাধ্য। স্বামীজীর বক্তৃতার প্রধান বক্তব্যই ছিল এই একছ ; আর তিনি এই কথাই বলিতে চাহিয়াছিলেন যে, ভগবংসত্তার সহিত একত্বামুভ্তির অর্থ হইল একত্ব লাভ, এবং তাহার ফলে দঠত্তই এক ভগ্বংসন্তার সাক্ষাৎকার হইয়া থাকে।

এই ভাবে অন্ধ্রাণিত হইয়া তিনি শ্রোত্বর্গকে প্রাচীন সত্যন্ত্রী ভারতীয় অধিদের ক্যায় "অমৃতের পুত্র" বলিয়া সম্বোধনপুর্বক মহাপুরুষোচিত শ্বর ও ভাষায় বলিলেন, "অমৃতের পুত্র—কি মধুর ও আশার নাম! হে ভাতৃগণ, এই মধুর

নামে আমি ভোমাদের সম্বোধন করিতে চাই। তোমরা অমৃতের অধিকারী। হিল্পণ তোমাদিগকে পাপী বলিতে চায় না। তোমরা ঈশ্বের সন্ধান, অমৃতের অধিকারী—পবিত্র ও পূর্ণ। মর্ত্যভূমির দেবতা তোমরা! তোমরা পাপী? মান্সদকে পাপী বলাই এক মহাপাপ। মানবের যথার্থ স্বরূপের উপর ইহা মিথ্যা কলঙ্কারোপ। ওঠ, এস, সিংহস্বরূপ হইয়া তোমরা নিজেদের মেষতৃল্য মনে করিতেচ, ভ্রমজ্ঞান দ্র করিয়া দাও। তোমবা অমর আত্মা, মৃক্ত আত্মা—চির-আনলময়। তোমরা জড় নও, তোমরা দেহ নও, জড় তোমাদের দাস, তোমরা জড়ের দাস নও। এইরূপে বেদ (যাহা) ঘোষণা করিতেচেন (তাহা)—কতকগুলি নিয়মাবলীর ভ্রমাবহ সমাবেশ নয় বা কার্য-কারণের কারাবন্ধন নয়; কিন্তু এই সকল নিয়মের উর্দ্ধে প্রত্যেক প্রমাণ্ ও শক্তির মধ্যে অফুস্যুত রহিয়াছেন এক বিরাট পুক্ষ, 'বাহাব আদেশে বায়ু প্রবাহিত হইতেচে, অগ্নি প্রজ্ঞলিত হইতেচে, মেঘ বারিবর্ষণ করিতেচে, এবং মৃত্যু জগতে পরিভ্রমণ করিতেচে'। তাহার স্বরূপ কি? তিনি সর্ব্যাপী, শুদ্ধ, নিবাকার, স্বশক্তিমান—সকলের উপরেই তাঁহার কর্মণা। স্ক্রীব্রর ক্রপা হইলেই এই বন্ধন ঘুচিয়া যাইতে পারে, এবং পবিত্রহদয় মান্সমেব উপরই তাঁহার রুপা হয়।" ('বাণী ও রচনা', ১০৮-২৩)।

ইহা তো দর্শনের কথা। কিন্তু ইহাব সহিত হিন্দুদের বহুদেবদেবী-পূজার সামঞ্জন্ত কোথায়? স্বামীজী বুঝাইয়া দিলেন, মানবমনের গঠনান্থযায়ী নিয়তর স্তরের ধার্মিক ধারণা, পূজা, প্রার্থনা, আচার, অন্তর্চান প্রভৃতিরও, ভগবৎসান্নিধ্যলাভের সহায়করপে সার্থকতা আছে; মনকে একাগ্র করার জন্ত মূর্তি-পূজাও আবেশুক। যেথানে মনকে আত্মসমাহিত করার উদ্দেশ্তে ঈশ্বরপ্রতীকরপে প্রতিমাদির সাহাযা গ্রহণ করা হয়, সেথানে পৌত্তলিকতার প্রশ্নই উঠিতে পারে না। আর তিনি বলিলেন, "আত্মাও ঈশ্বর সম্বন্ধে দর্শেন করিয়াছি, ঈশ্বরকে দর্শন করিয়াছি।' সিদ্ধি বা পূর্ণত্বের ইহাই একমাত্র নিদর্শন। কোন মতবাদ বা বন্ধন্দার বিশ্বাস করার চেষ্টাতেই হিন্দুধর্ম নিহিত নয়; অপরোক্ষাক্রভৃতিই উহার মূলমন্ত্র; শুধু বিশ্বাস করা নয়, আদর্শস্বরূপ হইয়া যাওয়াই—উহা জীবনে পরিণত করাই ধর্ম।" (ঐ, ১৷২১)। প্রতিমা বা আচার-অন্তর্গানাদি উচ্চতর ধর্মাক্ষভৃতির সহায়কমাত্র—ধর্মজীবনের শৈশবাবস্থায় ঐশুলি অনেকের পক্ষে অত্যা-বশ্বক হইলেও সকলের পক্ষে অবশ্বগ্রাছ্য নহে। তিনি ধর্মের বিচিত্রতার মধ্যেও

একজের সন্ধান পাইয়া বলিয়াছিলেন, "বহুজের মধো একজুই প্রক্লতির ব্যবস্থা, হিন্দুগণ এই রহস্ত ধরিতে পারিয়াছেন। অন্যান্য ধর্ম কতকণ্ডলি নির্দিষ্ট মতবাদ বিধিবদ্ধ করিয়া সমগ্র সমাজকে বলপূর্বক সেগুলি মানাইবার চেষ্টা করে। ... হিন্দুর পক্ষে সমগ্র ধর্মজ্ঞগৎ নানাকচিবিশিষ্ট নবনাবীর নানা অবস্থা ও পরিবেশের মধ্য দিয়া সেই এক লক্ষোব দিকে অগ্রসর হওয়া বাতীত আর কিছই নয়। প্রত্যেক ধর্মই জড-ভাবাপন্ন মান্নবেব চৈত্রাম্বরূপ—দেবত বিকশিত করে এবং সেই এক চৈতনাম্বরূপ ঈশ্বরই সকল ধর্মের প্রেরণাদাতা। । । । হিন্দু বলেন, আপাতদৃষ্টিতে ভিন্ন ভিন্ন পরিবেশে বিভিন্ন প্রকৃতির মান্তবের উপযোগী হইবার জ্ঞা এক স্তাই এরপ পরস্পর-বিরুদ্ধ ভাব ধারণ করে।" এইরূপে জগতের মানবমাত্রকে—অসভা ইইতে স্ত্ৰসভা পর্যন্ত সকলকে, পৌত্তলিক হইতে নিগুণ-নিরাকারবাদী মানবমাত্রকে— এক মহাসমন্বয়ভূমিতে প্রতিষ্ঠিত করিয়া স্বামীক্ষী অবশেষে বলিলেন. "এইরূপধর্ম উপস্থাপিত কর, সকল জ্ঞাতিই তোমার অন্তবর্তী হইবে। অশোকের ধর্মসভা কেবল বৌদ্ধর্মের জন্ম হইয়াছিল। আক্ররের ধর্মসভা ঐ উদ্দেশ্যের নিকটবর্তী হইলেও উহা বৈঠকী আলোচনামাত্র। প্রত্যেক ধর্মেই ঈশ্বব আছেন-সমগ্র জগতে এ-কথা ঘোষণা করিবার ভার আমেরিকার জন্মই সংরক্ষিত ছিল। যিনি তিন্তুর ব্রহ্ম, পারসিকদের অভ্র-মজদা, বৌদ্ধদের বৃদ্ধ, ইছদীদের ক্রিহোবা, খৃষ্টান-দের 'স্বর্গন্ত পিতা', তিনি তোমাদের এই মহান ভাব কার্যে পরিণত করিবার শক্তি প্রদান করুন। পূর্ব গগনে নক্ষত্র উঠিয়াছিল—কথনও উজ্জ্বল, কথনও অস্পষ্ট হইয়া ধীরে ধীরে উহা পশ্চিম গগনের দিকে চলিতে লাগিল। ক্রমে সমগ্র জগৎ প্রদক্ষিণ করিয়া পূর্বাপেকা সহস্রগুণ উচ্ছল হইয়া পুনরায় পূর্বগগনে স্থানপোর (ব্রহ্মপুত্রের) সীমান্তে উহা উদিত হইতেছে। স্বাধীনতার মাতৃভূমি কলম্বিয়া, তমি কখনও প্রতিবেশীর শোণিতে নিজহন্ত নিমজ্জিত কর নাই, প্রতিবেশীর সর্বন্ধ-হরণরপ ধনশালী হইবার সহজ পদ্ধা আবিদ্ধার কর নাই। সভ্যতার পুরোভাগে স্মন্বয়ের প্তাকা বহন করিয়া বীরদর্পে অগ্রসর হইবার ভার তাই তোমারই উপর নান্ত হইয়াছে।" (ঐ, ১।২৫-২৮)।

ইহা বলিলে কিছুই অত্যুক্তি হইবে না যে, উনবিংশ শতাব্দীর শেষে স্থামীন্দীর এই স্থান্দাই ভাষণ একটা গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ঘটনা। ইহাতে বিঘোষিত হইয়াছিল, সর্বধর্মের একত্বের ষাথার্থা, মান্থবের ব্রহ্মত্ব, এবং সর্বত্ত অহৈতাক্সভৃতির সত্যতা। তিনি যথন বলিলেন যে, ক্লগতের সমস্ত ভাবধারা

এক সর্বব্যাপী আদর্শের বিভিন্ন অভিব্যক্তিরূপে বিবেচিত হইতে পারে ও উহারই অন্তর্ভুক্ত হইতে পারে, তথনই বুঝিতে হইবে—ধে একদেশদশিতা ও ধর্মান্ধতার পরিণতিস্বরূপে মানবসভাতার প্রগতি রুদ্ধ হইয়াছে ও ভগবানের নামে রক্ত-পাতাদি হহয়াছে, ডহার মূলোচেছদ হইতে চলিয়াছে। স্বানাজীর কথায় ছুইটি বিষয় প্রাধান্ত পাহয়াছিল—পরমতসাহফুতা এবং বিভিন্ন ধর্মের মধ্যে অধিকতর সহযোগিতা। হহাতে পরমত খণ্ডনের কোন প্রয়াস ছিল না, ইহাতে ভর্ ভান্ত ধারণ। দুরাভূত হইয়া বন্ধুত্ব স্থাপনের উপযুক্ত শ্রনাপূর্ণ পরিবেশ রচিত হহয়াছিল। তাহার সাবভৌম ধর্মের ধারণা এমনই অভিনব ছিল—বিচিত্রতা স্বাকার করিয়া তাহারই মধ্যে একত্বের গ্রান্থ আবিষ্কারের আগ্রহ এতহ প্রবল ছিল যে, উহার সম্মুখে সাম্প্রদায়িকতা স্বতই হানবাঁষ হইয়। পড়িয়াছিল। আবার তাহার ক্ষা গ্রাল বুদ্ধিসমূত না হইয়া অহুভূতিপ্রস্ত ছিল, তাই তাহাদের একটা মিজস্ব শক্তি ছিল, যাহ।র ফলে তাহারা স্বতই শ্রোতার হদয়ে প্রবেশ করিয়াছিল। তাহার ব্যক্তিএকে অবলম্বন করিয়া যেন দৈবশক্তি সেই মহাসভার উপর বিচ্যুৎ ঝলকের ক্রায় আপন প্রভাব বিস্তার করিয়াছিল। অতএব পুরে বাহারাধর্ম সম্বন্ধে সঞ্চাৰ্মন। ছিলেন, আজ তাহাদেরও হৃদয়দার থুলিয়। যাওয়ায় বিশ্বভাততের নবান আলোক নিবিবাদে তথায় প্রবেশপুরক একটা নবান সংস্কৃতির পুরাভাস আান্যা দিয়াছিল। আৰু হইতে সৰ্ব ধন সত্য, সৰ্ব মানুষ এক--বিশ্বস্ধাণ্ড একহ ব্রহ্মসন্তার বিচিত্র প্রকাশ। স্বামীজীর বক্তব্য ছিল হিন্দুধর্ম, কিন্তু সংস্থাপিত হুহল দোদন বিশ্ববৰ্ম ও বিশ্বভাতত্বের ভিত্তিপ্রস্তর।

স্বামাজার গোরবময় জীবনের সে এক অতি মহিমামাণ্ডত কণ। তথন তান মহাসভার মাধ্যমে প্রচার করিলেন—মানবপ্রকৃতির মহন্ব, মানবতার একত্ব এবং ঈশবের সহিত উহার অভেদ। বিভিন্ন দেশের জনসমাজ সেদিন তাহাকে জানিল একজন নববাতাবহ মহাপুরুষরূপে, নবান ধর্মপ্রচেষ্টার ও ধর্মপ্রগতির অগ্রদ্তরূপে। তিনি তথনই এক বিশ্ববেশ্য ব্যক্তির পদে সমার্ক্ত হইলেন, তাহার নাম চিরতরে মানবের দেবত্ববিঘোষক নববাতার সহিত একস্ত্রে প্রথিত হইয়া গেল। তার্ধ এই একটি বক্তৃতা-প্রভাবে তিনি ধর্মজগতে নবীন চিন্তাধারা আনম্মন করিলেন, খুরান জগৎ বাধ্য হইয়া তাহাদের বিশ্বাদের ভিত্তি আর একবার পরীক্ষা করিতে ও পুন্বিক্তন্ত করিতে উত্যত হইল। কিন্তু পাশ্চান্ত্য জগতে হিন্দুধর্ম প্রচারের ফলে এবং উক্ত ধর্মের চমকপ্রদ চিন্তারাশি সম্বন্ধে

বহির্জগৎকে অবহিত করার ফলে সর্বাপেক্ষা লাভবান হুইল ভারতবর্ষ। মহা-সভায় স্বামীজীর ভাষণের তাৎপর্য বর্ণনা করিতে গিয়া ভগিনী নিবেদিতার চিন্তাশীল লেখনীমুখে যাহা নির্গত হুইয়াছিল তাহা অতীব সতা:

"ধর্মমহাসভায় স্বামীজীর বক্তৃতা সম্বন্ধে বলা যাইতে পারে—যুখন তিনি বক্ততা আরম্ভ করিলেন, তখন তাঁহার বিষয়বন্ধ ছিল 'হিন্দুদের ধর্মভাবসমূহ', কিন্তু যথন তিনি শেষ করিলেন, তথন হিন্দুধর্ম নৃতন রূপ লাভ করিয়াছে।…কেননা সেধানে স্বামী বিবেকানন্দের মুখে তাঁহার নিজের কোন অমুভতির কথা উল্লাভ হয় নাই, এমন কি এই অবসরে নিজ গুরুর প্রসঙ্গ অবতারণা করিবার স্বযোগও তিনি গ্রহণ করেন নাই। এই ছইটি বিষয়ের পরিবর্তে ভারতের ধর্মচেতনাই তাঁহার মধ্য দিয়া বাছায় হুইয়া উঠিয়াছিল—ভারতের সমগ্র অতীতের ছারা স্থানিদিষ্ট তাঁহার দেশেব সকল মান্তবের বাণী। যথন তিনি পাশ্চান্ত্যের যৌবন-কালে-মধ্যাক্রসময়ে-বক্ততা করিতেছিলেন, তথন প্রশাস্ত মহাসাগরের অপর প্রান্তে, পথিবীর তিমিবাচ্চন্ন গোলার্ধেব প্রচ্ছায়ে স্বপ্ত একটি জাতি তাহাদের দিকে সঞ্চরমাণ উষার ছারা পরিবাহিত বাণীর জন্ম মনে মনে অপেক্ষা করিতে-ছিল—যে বাণী তাহাদের নিকট উদ্ঘাটিত করিবে তাহাদের নিজম্ব মহিমা ও শক্তির গুঢ় রহস্ত। একই বক্ততামঞ্চে স্বামীজীর পার্যে দণ্ডায়মান ছিলেন আরও অনেকে—বিশেষ বিশেষ ধর্মতের ও ধর্মীয় প্রতিষ্ঠানের প্রবক্তারূপে। কিন্ধ এ গৌরব তাঁহারই যে তিনি প্রচার করিতে আসিয়াছিলেন এমন একটি ধর্ম, যাহার নিকট—তাঁহার নিজেবই ভাষায়—ইহাদের প্রত্যেকটি ছিল 'বিভিন্ন নরনারীব বিভিন্ন অবস্থা ও পবিস্থিতির মধ্য দিয়া একই লক্ষো পৌচিবার অভিযাতা বা অগ্রগতির প্রচেষ্টা। তিনি ঘোষণা করিয়াছিলেন, তিনি দুগুয়মান হইয়াছেন এমন একজনের বিষয় বলিবার জন্ম, যিনি তাহাদের সকলের কথাই বলিয়াছেন: তাহাদের একটি বা অপরটি-- এ-বিষয়ে বা ও-বিষয়ে, এই কারণে বা অন্ত কারণে যে সত্য, ভাহা নহে, পরস্ক 'এগুলি সবই স্থত্তে মণিগণের মতো স্বামাতেই অমুস্তাত ৷ ে বেখানেই দেখিবে, কোন অলোকিক পবিত্ততা ও অসামান্ত শক্তি মানুষকে উন্নত ও পবিত্র করিতেছে, জানিও সেধানে আমারই প্রকাশ। বিবেকানন্দ বলেন, হিন্দুর দৃষ্টিতে 'মান্তব অসত্য হইতে সত্যে গমন করে না, বরং সভা হইতে সভো আরোহণ করে—নিমুভর সভা হইতে উচ্চতর সভো।' এই শিক্ষা এবং মৃক্তির উপদেশ—দেই আদেশ: 'ব্ৰহ্ম উপলব্ধি করিয়া মাত্রুষকে

ব্রহ্ম হাইতে হইবে'; ধর্ম তথনই আমাদের মধ্যে পরিপূর্ণতা লাভ করে, যথন উহা আমাদিগকে তাঁহার কাছে লইয়া যায়, যিনি মৃত্যুময় জগতে একমাত্র জীবন, যিনি নিয়তপরিবর্তনশীল বিখে নিত্য অধিষ্ঠান, যিনি একমাত্র আত্মা, জীবাত্মাসমূহ যাহার মায়াময় প্রকাশ মাত্র। এই ত্ইটি উপদেশকেই ত্ইটি পরম ও বিশিষ্ট সত্যরূপে গ্রহণ করা যাইতে পারে, মানবেতিহাসের চিরায়ত এবং জটিলতম অহুভূতির দারা প্রমাণিত এই সত্য স্বামী বিবেকানন্দের মধ্য দিয়া ভারতবর্ষ প্রচার করিয়াছে আধুনিক পাশ্চান্তা জগতের কাছে।

"ভারতবর্ষের নিজের দিক দিয়া এই কুদ্র ভাষণটি ছিল স্বাধিকার-প্রতিষ্ঠার এক সংক্ষিপ্ত প্রমাণপত্র। বক্তা হিন্দুধর্মকে সামগ্রিকভাবে বেদের উপর প্রতিষ্ঠিত করেন, কিন্তু 'বেদ' শব্দ উচ্চারণের দক্ষে সঙ্গেই উহার ধারণাকে অধ্যাত্ম-তাৎপর্যে তিনি পূর্ণ করিয়া দেন। তাহার নিকট—যাহা সত্য, তাহাই 'বেদ'। তিনি বলেন, 'বেদ-শব্দের দারা কোন গ্রন্থ ব্ঝায় না, উহা দারা বিভিন্ন সময়ে বিভিন্ন ব্যক্তিদ্বারা আবিষ্কৃত সভ্যসমূহের সঞ্চিত ভাণ্ডারই বুঝায়।' প্রসঙ্গতঃ তিনি স্নাতন ধর্মস্বন্ধে তাহার ধারণাও ব্যক্ত করিয়াছেন: 'যাহার তুলনায় বিজ্ঞানের অতি আধুনিক আবিষারসমূহও প্রতিধ্বনির মতো মনে হয়, সেই বেদান্তদর্শনের আধ্যাত্মিকতার উত্তব্দ সঞ্চরণ হইতে আরম্ভ করিয়া বিভিন্ন পুরাণসমন্বিত নিম্নতম মৃতিপুঞ্জা, বৌদ্ধদের অজ্ঞেয়বাদ, জৈনদের নিরীশ্ববাদ পর্যস্ত সবকিছুই হিন্দুধর্মে স্থান পাইয়াছে।' তাঁহার চিস্তায় এমন কোন সম্প্রদায়, এমন কোন মতবাদ— ভারতবাদীর এমন কোন অকপট আধ্যাত্মিক অমুভূতি থাকিতে পারে না, याश यथार्थजारव हिन्दुधर्भत वाह्शारनत विह्नु ७ इटेरज शास्त्र — व्यक्तिदिरनस्वत নিকট ঐ সম্প্রদায়, মতবাদ বা অমুভৃতি ষতই বিপথগামী বলিয়া মনে হউক। তাহার মতে ইষ্টদেবতা-বিষয়ক শিক্ষাই হইল ভারতের এই মূল ধর্মভাবের বৈশিষ্টা। প্রত্যেক ব্যক্তিরই নিজের পথ বাছিয়া লইবার এবং নিজের পথে ভগবানকে অন্বেষণ করিবার অধিকার আছে ৷...কিন্তু এই স্বাবগাহিত্ব-প্রত্যেকের এই স্বাধীনতা হিন্দুধর্মের মহিমা বলিয়া পরিগণিত হইত না, যদি না মধুরতম আশাসপুর্ণ এই পরম আহ্বান তাহার শাল্তে ধ্বনিত হইত: 'শোন অমৃতের পুত্রগণ, যাহারা দিব্যধামবাসী তাহারাও শোন! আমি সেই মহান পুরাণ পুরুষের দর্শন পাইয়াছি—যিনি সকল অল্পকারের পারে, সকল অজ্ঞানের উর্দ্ধে! তাঁহাকে জ্বানিয়া তোমরাও মৃত্যু অতিক্রম করিবে।' এই তো দেই বাণী, বাহার জন্ম বাকী সব কিছু আছে এবং চিরদিন রহিয়াছে। ইহাই হইতেছে সেই পরম উপলব্ধি, বাহার মধ্যে অন্ম সব অফুভৃতি মিশিয়া বাইতে পারে"। ('বাণী ও রচনা', ১ম, ভূমিকা)।

পরদিন ২০শে সেপ্টেম্বর তিনি মহাসভাকে বুঝাইয়া দেন যে, "ভারতের সর্বশ্রেষ্ঠ অভাব ধর্ম নহে।" তিনি বলিলেন "ভারতের কোটি কোটি আর্ড নরনারী শুক্ষকণ্ঠে কেবল ছটি অন্ন চাহিতেছে; তাহারা অন্ন চাহিতেছে, আর আমরা তাহাদের প্রস্তরথণ্ড দিতেছি। কুধার্ড মাহ্ম্যকে ধর্মের কথা শোনানো বা দর্শনশাস্ত্র শেখানো তাহাকে অপমান করা। আমার দ্বিত্র দেশবাসীর জন্ম তোমাদের নিকট সাহায্য চাহিতে আসিয়াছিলাম; খুষ্টান দেশে খুষ্টানদের নিকট হইতে অখুষ্টানদের জন্ম সাহায্য লাভ করাযে কি ছুরুহ ব্যাপার, বিশেষরূপে তাহা উপলব্ধি করিতেছি।" (ঐ, ১৷২৯)। কথাগুলি শুনিয়া আর কিছু না হউক, মহাসভা বুঝিতে পারিল, বিবেকানন্দ শুধু স্থবক্তা সন্ন্যাসী নহেন, তিনি হুদিবান দেশপ্রেমিক। ঐ বক্তৃতাশেষে তিনি হিন্দুর পুনর্জনবাদ সম্বন্ধেও কিছু বলেন।

ইহার পর স্বামীজী মহাসভার বিজ্ঞান-শাখায় বিভিন্ন দিনে বিভিন্ন বিষয়ে বকৃতা দেন—এই বকৃতার সংখ্যা অন্ততঃ আট। আমরা পুর্বে ইহার সংক্ষিপ্ত উল্লেখ করিয়াছি। মহাসভায় তিনি ২৬শে সেপ্টেম্বর 'বৌদ্ধর্ম হিন্দুধর্মেরই পরিপুরক' এই বিষয়ে বক্ততা দেন। ইহাতে স্বামীন্সীর চিম্ভাধারার একটা নিজম্ব ভাব পরিফুট হইয়াছে এবং ইহার আলোকে বুদ্ধের আগমনের পরবর্তী ভারতীয় ধর্মেতিহাস সহজ্বোধ্য হইয়াছে। তিনি দেখাইয়াছিলেন—হিন্দুধর্মের ত্ইটি প্রধান অংশ আছে—কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড। বুদ্ধ লোকসমাজে আধ্যাত্মিক দিকটাই প্রকাশ করেন এবং সমাজে উহার কিরূপ প্রতিক্রিয়া হওয়া আবশুক তাহা ব্যাখ্যা করেন। জগতে তিনিই প্রচারমূলক ধর্মের প্রথম পথিক্তৎ এবং তিনিই ধর্মান্তরিত-করণ প্রথার প্রবর্তক। তবু "শাকামুনি পূর্ণ করিতে আসিয়াছিলেন, ধাংস করিতে নয়; তিনি ছিলেন হিন্দুধর্মের স্বাভাবিক পরিণতি ও যুক্তিগত দিদ্ধান্ত-ক্রায়সমত বিকাশ। - ভারত তাহাকে ঈশ্বরাবতার বলিয়া পুজা করে; ... কিন্তু বুদ্ধদেব সম্বন্ধে আমাদের মত এই বে, তাঁহার শিশুগণ তাঁহাকে ঠিকঠিক বুঝিতে পারে নাই। --- শাক্যমূনি নৃতন কিছু প্রচার করিতে খাদেন নাই, যীশুর মতো তিনিও পুর্ণ করিতে আদিয়াছিলেন, ধ্বংস করিতে भारमन नाहे।...वृद्धामत्वत्र मिश्रागंगे ठाँशात मिक्कात पर्ध वृत्तित्व भारतन नाहे।" (ঐ, ১।৩০-৩১)। পরিশেষে তিনি বলিলেন, "বৌদ্ধর্ম ছাড়া হিন্দুধর্ম বাঁচিতে পারে না; হিন্দুধর্ম ছাড়িয়া বৌদ্ধর্মও বাঁচিতে পারে না। আন্ধণের ধীশক্তিও দর্শনশান্তের সাহায্য না লইয়া বৌদ্ধেরা দাঁড়াইতে পারে না এবং আন্ধর্মও বৌদ্ধের হৃদয় না পাইলে দাঁড়াইতে পাবে না। বৌদ্ধ ও আন্ধর্ণের এই বিচ্ছেদই ভারতের অবনতির কারণ।" (ঐ, ১।৩১)।

মহাসভার শেষদিনে ২৭শে দেপ্টেম্বর—স্বামীজী বিদায় অভিভাষণের শেষে বলিলেন, "গৃষ্টানকে হিন্দু বা বৌদ্ধ হইতে হইবে না , অথবা হিন্দু ও বৌদ্ধকে গৃষ্টান হইতে হইবে না ; কিন্তু প্রত্যেক ধর্মই অক্যান্ত ধর্মের সারভাগগুলি গ্রহণ করিয়া পৃষ্টিলাভ করিবে এবং স্বীয় বিশেষত্ব বন্ধায় রাথিয়া নিজ্প প্রকৃতি অক্যায়ী বিধিত হইবে। যদি এই ধর্ম-মহাসমিতি জগতে কিছু প্রমাণ করিয়া থাকে তো তাহা এই: ইহা প্রমাণ করিয়াছে—সাধুচরিত্র, পবিত্রতা ও দ্য়াদাক্ষিণ্য জগতের কোন একটি বিশেষ ধর্মমণ্ডলীর নিজস্ব সম্পত্তি নয়, প্রত্যেক ধর্মপদ্ধতিরই মধ্যে অতি উন্নত চরিত্রের নবনাবা জন্মগ্রহণ করিয়াছেন। এই সকল প্রত্যেক্ষ প্রমাণ সত্তেও থদি কেহ এরপ স্বপ্ন দেখেন যে, অক্যান্ত ধর্ম লোপ পাইবে এবং তাহার ধর্মই টিকিয়া থাকিবে, তবে তিনি বাস্তবিকই কুপার পাত্র ; তাহার জন্ম আমি আস্থরিক তৃঃথিত, তাহাকে আমি স্পষ্টভাবে বলিয়া দিতেছি, তাহার ক্যায় লোকেদের বাধাপ্রদান সত্ত্বও শীব্রই প্রত্যেক ধর্মের পতাকার উপর লিখিত হইবে: 'বিবাদ নয়, সহায়তা ; বিনাশ নয়, পরস্পরের ভাবগ্রহণ ; মতবিরোধ নয়, সমন্বয় ও শান্থি।'" (এ, ১০০৪)

মহাসভা ও উহার বিজ্ঞান-শাথার বাহিরে স্বামীক্ষী যেসকল বক্তৃতা দেন তাহার মধ্যে প্রাচ্য নারী সম্বন্ধে একটি বক্তৃতার সংক্ষিপ্ত বিবরণ বাহির হইয়াছিল ২৩শে সেপ্টেম্বরের 'চিকাগো ডেলি ইণ্টার ওশ্রান' পত্রিকায়, এবং ভগবংপ্রেম সম্বন্ধীয় একটি বক্তৃতার বিবরণ বাহির হইয়াছিল ২৫শে সেপ্টেম্বরের 'চিকাগো হেরান্ড' পত্রিকায়। প্রথম বক্তৃতায় তিনি বলেন ধে, ভারতীয় নারীবা খুবই ধর্মপ্রাণ ও আধ্যাজ্মিকসম্পদ্বিভূষিতা। সতীত্বকে ভারতে সর্বোচ্চ স্থান দেওয়া হয়। ভারতীয় নারীর এই পবিত্রতার সহিত্র বৃদ্ধির উৎকর্ষ যোগ দিতে পারিলেই বিশ্বের আদর্শ নারীক্ষীবন গঠিত হইবে। ভগবংপ্রেম সম্বন্ধ বক্তৃতায় তিনি বলেন, সকলেই বিভিন্ন নামে ভগবানের চিম্বাদি করিয়া থাকে এবং ভগবংপ্রেমই সমন্ত বিশ্বের মূল একত্বস্ত্র। ভগবান

শুধু বিশেষ ব্যক্তির সহিত নহে, তাঁহার প্রত্যেক সম্ভানেরই সহিত আলাপাদি করিয়া থাকেন। আমরা সকলেই ভাই-বোন; কারণ আমরা একই ভগবানের সম্ভান।

মহাসভা শেষ হইল, বিজ্ঞান-শাখার দিনগুলিও ফুরাইয়া গেল। এই কয়দিনে মহাসভার শ্রোত্বন্দ ও অপর সভাসমিতির সভাবৃন্দ স্বামী বিবেকানন্দকে কিরূপ সোলাসে গ্রহণ করিয়াছিলেন এবং আমেরিকার সংবাদপত্রে তাঁহার বিজয়বার্তা কিভাবে বিঘোষিত হইয়াছিল, তাহার অনেকটা আভাস আমরা পাইয়াছি। তথাপি এই বিষয়ে আরও তুই-চারিটি কথা বলা আবশ্রক।

মহাসভার প্রথম দিনই অজ্ঞাতপরিচয়, ভিক্ষামাত্রজীবী সয়্ল্যাসী বিশ্ববরেণ্য ব্যক্তিতে পরিণত হইলেন। ভারতের পর্বতকলরবাসী, অরণ্যবিহারী নিঃসঙ্গ বিবেকানল তথন নববার্তার বাহক, নবসংস্কৃতির অগ্রদৃত। মহাসভায় অজিত সাফল্য উহারই মধ্যে সীমাবদ্ধ না থাকিয়া দিকে দিকে বিস্তৃত হইল—বিবেকানলের নাম তথন সর্বত্র প্রতিধ্বনিত। তাহার পূর্ণাবয়ব মায়্য়প্রমাণ ত্রিবর্ণচিত্র তথন চিকাগোর রাজপথে দৃষ্টিগোচর হইত, আর তাহার নিমে লিখিত থাকিত "ভারতের হিন্দু সয়্ল্যাসী বিবেকানল"। পথচারীরা তদ্দর্শনে দ্বির হইয়া দাঁড়াইত এবং মন্তক অবনত করিয়া শ্রদ্ধা জানাইত। পত্রিকাসমূহ তাঁহার প্রশংসায় তথন মুগর। নগরের সর্বশ্রেষ্ঠ সংবাদপত্রে তাঁহাকে ঋষি ও ভগবংপ্রেরিত পুক্ষরূপে অভিনন্দিত করা হইল। আমরা পূর্বে স্বামীজীর পত্রের উদ্ধৃতিমধ্যে এবং অন্তর্ত্র 'দি নিউইয়র্ক ক্রিটিক' 'হেরাল্ড' ও 'বস্টন ইভিনিং ট্রান্সক্রিক'-এর মন্তব্যাংশের উল্লেখ পাইয়াছি। মহাসভার বিজ্ঞান-শাধার সভাপতি শ্রীমৃক্ত মারউইন-মেরী স্লেল লিখিয়াছিলেন:

এবং তাঁহার প্রতিটি কথা শুনিবার জন্ম উৎকর্ণ হইয়া থাকিত। তেখাঁহারা অত্যন্ত গোঁড়া খুষ্টান, তাঁহারাও বলেন, 'তিনি সতাই নরসমাজে নরেন্দ্র'।"

বিশ্বনেলার অন্তর্গত কংগ্রেসের সাধারণ সমিতির সভাপতি জে. এইচ. ব্যারোজ বলিয়াছিলেন, "স্বামী বিবেকানন্দ শ্রোতাদের উপর এক অত্যাশ্চর্য প্রভাব বিস্তার করিয়াছিলেন।"

দীর্ঘকাল পরে মহাসভায় স্বামীজীর উপস্থিতি সম্বন্ধে মত ব্যক্ত করিতে গিয়া শ্রীমতী অ্যানী বেশাস্ত লিথিয়াছিলেন, "এক চিন্তাকর্ষক মূর্তি—হরিদ্রা ও কমলালেবর বর্ণের বেশ পরিহিত, চিকাগোর ভারী আবহাওয়ার মধ্যে জাজন্যমান ভারতীয় সূর্যদদশ, দিংহতুল্য মন্তক, স্থতীক্ষ নয়নম্বয়, সক্রিয় ওষ্ঠম্ম, চকিত ও দ্রুত পদস্কারণ-এই ছিল স্বামী বিবেকানন সম্বন্ধে আমার প্রাথমিক ধারণা, যথন প্রতিনিধিদের জন্ম নিদিষ্ট মহাসভার একটি কক্ষে আমি তাঁহাকে দেখিতে পাইলাম। লোকেরা যে তাঁহাকে সন্মাসী বলিত, তাহা মিথ্যা নয়; কিন্তু তিনি ছিলেন বীর-সন্ন্যাসী, আর প্রথম সাক্ষাৎকালে সন্ন্যাস অপেকা বীরত্তের দিকটাই আমার মনের উপর অধিক ছাপ মারিয়াছিল; কারণ তিনি তথন আর মঞ্চের উপর উপবিষ্ট নহেন; তথন তাঁহার সমস্ত দেহ জুড়িয়া দেশের পর্বের, জাতির গবের ছাপ রহিয়াছে—তিনি সজীব সর্বপ্রাচীন ধর্মের প্রতিনিধি, তাঁহার চারিদিকে প্রায় নবীনতম জাতির স্বাগ্রহশীল দ্রষ্টার ভিড়, এবং তিনি একথা শ্বীকার করিতে সম্পূর্ণ পরাধ্ম্য যে, মহাসভায় উপস্থিত সর্বোত্তম ধর্ম অপেক্ষাও তিনি যে প্রাচীন ধর্মের প্রবক্তা, তাহা বিন্দুমাত্র হীন। কর্মচঞ্চল জ্বতগামী দান্তিক পাশ্চাত্ত্যের সম্মুখে ভারতকে তাঁহার বার্তাবহ সস্তানের উপস্থিতি দ্বারা কোনও রূপেই লজ্জাম্পদ করা চলিবে না। তিনি ভারতের বাণী বহন করিয়া আনিয়াছিলেন, তিনি সে বাণী ভারতেরই নামে প্রচার করিয়াছিলেন এবং যে রাজ-সমান-সমন্বিত দেশ হইতে তিনি প্রতিনিধিরূপে আসিয়াছিলেন, তাহার মর্যাদা তিনি সর্বদা শারণ রাখিয়াছিলেন। উদ্দেশ্যে অবিচল, উত্তমশীল, শক্তিমান-তিনি মাহুষের মধ্যে মাহুষ বলিয়া মাথা তুলিয়া দাঁড়াইতেন—আর সব সময়ে সক্ষম ছিলেন তিনি স্বমত সমর্থন করিতে।

"মঞ্চোপরি তাঁহার আর একটি রূপ প্রকটিত হইত। তাঁহার স্বীয় মর্যাদা, গুণাবলী ও শক্তি সম্বন্ধে একটা আজন্ম বিশ্বাস সেধানেও বিরাজ করিত; কিন্তু যে আধ্যাত্মিক বাতা তিনি বহন করিয়া আনিয়াছিলেন, তাহার অমুপম সৌন্দর্যের কাছে, ভারতের হৃদয়স্বরূপ—ভারতের জীবনস্বরূপ—প্রাচ্যদেশীয় দেই অতুলনীয় বার্তার, দেই অত্যান্চর্য আত্মবিলার গাস্তীর্ধের তুলনায় উহা চাপা পড়িয়া থাকিত। আরুষ্টচিত্ত বিশাল জনসমষ্টি তাঁহার উচ্চারিত শব্দরাশির জক্ত উৎকর্ণ হইয়া থাকিত—উহার একটি বর্ণও যেন বাদ না পড়ে, একটু উচ্চারণভঙ্গীও যেন অলক্ষিত না থাকে। জনৈক শ্রোতা সভাগৃহ ত্যাগকালে বলিলেন, 'এমন ব্যক্তিকেও বলে বিধর্মী! আর আমরা তাঁরই জাতের কাছে মিশনারী পাঠাই, বরং ওঁরা যদি আমাদের দেশে মিশনারী পাঠান, তবে আরো শোভন হয়'।"

আমেরিকার অক্তম বিখ্যাত কবি শ্রীমতী হারিয়েট মনরো মহাসভায় উপস্থিত ছিলেন এবং পরে স্বীয় আত্মজীবনীতে স্বামীজী সম্বন্ধে লিখিয়াছিলেন, "এই শেষাক্ত ব্যক্তিই, এই স্থমহিম স্বামী বিবেকানন্দই ধর্মসভাকে গ্রাস করিয়াছিলেন, গোটা শহরটাকে আত্মসাং করিয়া লইয়াছিলেন। অক্যান্ত বিদেশীরা ভালই বলিয়াছিলেন—গ্রীক, রাশিয়ান, আর্মেনিয়ান, কলকাতার মজ্মদার, সিংহলের ধর্মপাল ইত্যাদি—য়াহাদের কেহ কেহ দোভাষীরও সাহায়্য লইয়াছিলেন। করের স্থান্দির কেহ কেহ দোভাষীরও সাহায়্য লইয়াছিলেন। করের স্থান্দির সার্মানীই নিথুত ইংরেজীতে আমাদের সর্বোত্তম বস্তু দিলেন। তাহার ব্যক্তিত্ব প্রচণ্ড ও আকর্ষণীয়; তাহার কণ্ঠম্বর ব্যোক্তের ঘন্টাধ্বনিরই মতো গল্ভীর ও মধুর; তাহার সংযত আবেণের অন্তর্লীন প্রবাতা, প্রতীচ্য জগতের সামনে প্রথম উচ্চারিত ও আবিভৃতি তাহার বাণীর সৌন্দর্য—এই সমস্ত কিছু মিশ্রিত হইয়া চরম অন্তভ্তির এক নিথুত বিরল মূহুর্ত আমাদের দান করিল। মানবভাষণের এই ছিল সর্বোত্তম উৎকর্ষ।"

সামীজীর আগমনের পূর্ব হইতেই গীতা ও উপনিষদের ভাবরাশি পাশ্চান্তা জগতের বিশেষ বিশেষ বিদশ্ব-সমাজে অন্ধপ্রবিষ্ট হইয়া নবীন ধর্মান্দোলনের পথ ফজন করিতেছিল। স্বামীজী আসিয়া তাঁহাদের ও অপর অনেকের প্রাণে উৎসাহবহ্নি প্রজ্ঞলিত করিলেন। নবোল্যমে তাঁহারা আপন মত প্রচারে ও উহার পরিবর্তন পরিবর্ধনাদিতে নিরত হইলেন। এমার্সন-পন্থী, কংগ্রিগেশন-মগুলী, দ্যান্সেণ্ডেন্টালিফ, নব-খৃষ্টান, থিয়োসফিফ, ইউনিভার্স্যালিফ প্রভৃতি কত সম্প্রদায়ই না জ্ঞাতসারে ও অ্জ্ঞাতসারে তাঁহার বার্তায় প্রভাবিত হইলেন এবং মূথে যুঁহোর কীতি শুনিয়া সিদ্ধান্ত করিলেন —ইনি প্রাচীনের পুনক্ষরোধক

ও নবপ্রাণসঞ্জীবক আচার্য। এত সম্মান পাইয়াও স্বামীজী কিন্তু পূর্বেরই ক্যায় সরল নিরহন্বার সন্ন্যাসীই থাকিয়া গেলেন। প্রতীচীর মান ও ঐশ্বর্যাদি তাঁহার মনে বিন্দুমাত্র বিকার উপস্থিত করিল না।

স্বামীজী বৃঝিয়াছিলেন, ভগবানের নির্দেশে এবং গুরুক্পণায় তিনি বিশ্ববিজয়ী হইয়াছেন, অতএব তিনি নির্ভীক্ষণয়ে স্বীয় বক্তব্য বলিয়া যাইতেন। মহান্দভায় বক্তৃতাকালে তিনি একদিন হঠাৎ থামিয়া অন্থরোধ করিলেন—সভার মধ্যে যাঁহারা হিন্দুদের ধর্মশাস্ত্র পাঠ করিয়াছেন এবং ঐ ধর্মের সাক্ষাৎ পরিচয় পাইয়াছেন, তাঁহারা যেন হন্তোত্তোলন করেন। মাত্র তিন চারিটি হস্ত উত্তোলিত হুইল, যদিও সে সভাগৃহে বছ বিশ্ববরেণ্য ধর্মপ্রবক্তা উপস্থিত ছিলেন। তথন স্বামীজী সভার প্রতি ঘেন বাঙ্গদৃষ্টি করিয়া দৃচপদে দণ্ডায়মান হুইয়া এমন স্বরে এই কয়টি কথা বলিলেন, "তবু আপনাদের সাহস আছে যে, আমাদের সমালোচনা করিতে অগ্রসর হন," যে মনে হুইল শ্রোতাদিগকে উহা যেন তীরবৎ বিদ্ধাকরিতেছে। এমনই ছিল তাঁহার সাহস। খুটান মিশনারীদিগকে বাক্যক্তলেকশাঘাত করার দৃষ্টান্ত আমরা পূর্বেই দিয়াছি। অতএব সহজেই বৃঝিতে পারা যায়, একদিকে যদিও তিনি প্রশংসা পাইয়াছিলেন, অপর দিকে তেমনি শক্তন্তুিও হুইয়াছিল প্রচুর।

তাঁহার প্রধান শক্র হইয়া দাঁড়াইলেন খৃষ্টান মিশনারীরা এবং ব্রাহ্মসমাজের প্রতিনিধি প্রতাপচন্দ্র মজুমদার। ইহাদের নঙ্গে বস্টনের রমাবাঈ-মণ্ডলীও পরে যোগ দিয়াছিলেন। এইসব বিষয়ে আমাদিগকে পরে আরও অনেক কথা বলিতে হইবে। তবে মজুমদার মহাশয়ের সহিত বিরোধের তুই-চারি কথা এখানেই বলিয়া রাখিলে স্বামীজীর প্রচারের ধারা ও মর্ম বৃঝিতে সহজ হইবে। স্বামীজীর পত্রাবলী পডিয়া মনে হয়, মজুমদার মহাশয় স্বামীজীর সাফল্যে র্র্মাজির পত্রাবলী পডিয়া মনে হয়, মজুমদার মহাশয় স্বামীজীর সাফল্যে র্র্মাজির হইয়া বিরোধাচরণ করেন। ইহা অস্বীকার করিবার জো নাই। ইংরেজী জীবনীতে আছে, র্র্মাপরায়ণ ব্যক্তিদের মধ্যে "একজন ছিলেন তাঁহারই স্বদেশবাসী এবং তিনি ছিলেন এক প্রগতিশীল ধর্মসম্প্রদায়ের নেতা। তিনি দেখিলেন, তাঁহার নাম যশ এক নবীন প্রতিশ্বনী গ্রাস করিয়া ফেলিতেছেন। হিন্দু সয়াাসীর পরিচয় সম্বন্ধে জিজ্ঞাসিত হইয়া তিনি মহাসভার কর্তৃপক্ষকে কানে কানে বলিলেন, 'স্বামীজী ভারতের এমন এক ভবযুরে সম্প্রদায়ের অন্তর্ভুক, যাহাদের কোন সামাজিক মর্যাদা বা প্রভাব নাই; বস্ততঃ

তিনি ভণ্ড।' কিন্তু কর্তৃপক্ষের উদার মন ঐ সকল কথায় বিচলিত হয় নাই, তাঁহার। স্বামীজীর প্রবল ব্যক্তিত্ব অবলম্বনেই তাঁহার মধাদার ম্ল্যায়ন করিয়াছিলেন।"

ইবা তো ছিলই; উহার সঙ্গে ছিল ভাবের সংঘর্ষ। মন্ত্রমদার সম্বন্ধে ১ই দেপ্টেম্বর (১৮৯৩) তারিথের 'এ্যাড ভোকেট' পত্রিকায় এই তথ্য পরিবেশিত হইয়াছিল, "আহ্মসমাজের প্রধান প্রবক্তা (মজুমদার) সতর্কতাসহকারে এই কথা বলেন যে, তিনি স্বীয় ধর্মত মিশনারীদের হস্তে প্রাপ্ত হন নাই : কিন্তু উহা হিন্দুধর্মেরই পরিণতি মাত্র। উহা অধুনা হিন্দুধর্মে বাহা কিছু সত্য এবং অন্তান্ত ধর্মেও যাহা কিছু সত্য তাহাই অবলম্বন করিয়া থাকিলেও যীওথষ্টকে ভগবানের পুত্ররূপে এবং জগতের উদ্ধারকর্তারূপে গ্রহণ করাতেই হইবে উহার চরম পরিণতি।" বলা বাহুল্য স্বামীক্ষী যীশুখুইকে শতমুধে প্রশংসা করিলেও হিন্দুধর্মকে হীন করিয়া অপর ধর্মকে উচ্চতর স্থান দিতে মোটেই প্রস্তুত ছিলেন না। খুষ্টানদের সহিত হুর মিলাইয়া ব্রাহ্মরা বলিতেন হিন্দুরা পৌত্তলিক; স্বামীজী ইহা মানিতে মোটেই রাজী ছিলেন না। পাশ্চাত্তা জগতের অমুকরণে ব্রাহ্মরা হিন্দুর বহু সামাজিক প্রথা ও আচার-ব্যবহারকে নিন্দা করিতেন এবং শংস্কারের আশু প্রয়োজন অভুভব করিয়া তদ্যুখায়ী পদ্ধা অবলম্বন করিতেন। দংস্কারের প্রয়োজন মানিয়াও স্বামীজী প্রত্যেক প্রথার অন্তর্নিহিত আদর্শের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক বলিতেন, 'আদর্শন্রষ্ট হইয়া সমাজ বিপথে চলিয়া আবশুক।' সতীদাহ প্রভৃতির সমর্থন না করিয়াও তিনি উহাদের আদর্শের প্রতি লক্ষা রাখিতেন এবং সঙ্গে সঙ্গে পাশ্চান্তাদেশীয় অন্তর্মপ অত্যাচার ও অনাচারের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক প্রতিপক্ষকে নিরস্ত করিতেন। বস্তুতঃ, তিনি স্বসমান্তকে অযথা সমালোচনা হইতে প্রাণপণে রক্ষা করিতেন। এরপ কার্যধারা ত্রাক্ষদের অন্তমোদিত ছিল না। তাঁহারা মনে করিতেন, ত্রান্ধসমাজ প্রগতিশীল, স্মার বিবেকানন্দ ৰুথা তর্কজাল সহায়ে প্রাচীনের পূর্মপোষক, অতএব প্রগতি-পরিপন্তী। এরপ ক্ষেত্রে বিদ্বেষ অবশ্রম্ভাবী।

থিয়োসফিস্টরাও তাঁহার প্রতি বিরূপ ছিলেন, কারণ থিয়োসফিস্টদের 'মহাত্মা-বাদ' প্রভৃতি তাঁহার নিকট উদ্ভট ঠেকিত। আর অলৌকিক ক্রিয়াকাণ্ডকে তিনি তেমন আমল দিতেন না; অস্ততঃ তাঁহার দৃষ্টিতে ঐ সমস্ত

ছিল ভোজবাজীরই সমশ্রেণীভূক, উহাদের আধ্যান্মিক মূল্য অতি অল্প। সিদ্ধাই ভাঁহার নিকট ধর্মের সন্মান পাইত না।

আবার সকল বিরোধী সম্প্রাদায়ই হিন্দু ধর্ম ও সমাজের যে অতিরঞ্জিত কুংসিত চিত্র পাশ্চান্তা জগতে উপস্থাপিত করিয়া উহার নিরোধকল্পে অর্থসংগ্রহ করিতেন, বিবেকানন্দের উপস্থিতি ও ভাষণের ফলে দে সমস্ত বিক্নত চিত্রের স্বরূপ উদ্যাটিত হওয়ায় সকলে সমস্বরে বিবেকানন্দের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়াছিলেন। মজুমদারও ইহাদের মধ্যে ছিলেন। সেসব কথায় আমরা পরে আসিতেছি। আপাততঃ ধর্মমহাসভার কালে মজুমদারের কীর্তি সম্বদ্ধে স্বামীজীর নিজেব একটি মস্থব্য তুলিয়া আমরা এই অধ্যায় শেষ করিব। তিনি (১৯শে মার্চ, ১৮৯৪) স্বামী রামকৃষ্ণানন্দকে লিথিয়াছিলেন:

"প্রভুর ইচ্ছায় মজুমদার মহাশয়ের সঙ্গে এথানে দেখা। প্রথমে বড়ই প্রীতি। পরে যথন চিকাগোফুদ্ধ নরনারী আমার উপর ভেঙ্গে পডতে লাগলো, তথন मङ्ममात ভारात मत्न जाछन जनन। ... मामा. जामि (मर्थ छत्न ज्वाक। वन বাবা, আমি কি তোর অন্নে বাাঘাত করেছি? তোর থাতির তো যথেষ্ট এদেশে। তবে আমাব মতো তোদের হল না, তা আমার কি দোষ ? ... আর মজুমদার পালামেণ্ট অব রিলিজিয়নের পাদ্রীদের কাছে আমার যথেষ্ট নিন্দা করে. 'ও কেউ নয়, ঠক, ভোচ্চোর; ও তোমাদের দেশে এসে বলে—আমি ककीत' हेजानि व'तन जात्नत मन आमात छेलत यर्थहे विश्व मितन। वारताक প্রেসিডেন্টকে এমনি বিগড়ালে যে, সে আমার সঙ্গে ভাল ক'রে কথাও কয় না। তাদের পুত্তকে পাদ্দলেটে যথাসাধ্য আমায় দাবাবার চেষ্টা , কিন্তু গুরু সহায় বাবা! মজুমদার কি বলে ? সমন্ত আমেরিকান নেশন যে আমাকে ভালবাসে, ভক্তি করে, টাকা দেয়, গুরুর মতো মানে—মজুমদার করবে কি ? পাদ্রী-ফাদ্রীর কি কর্ম ? আর এরা বিদ্বানেব জাত। এথানে 'আমরা বিধবার বে দিই, আর পুতृत-পুজা कति ना'-- এमर चात हत्त ना-- भाजीत्तत कारह त्करत हत्ता। ভাষা এরা চায় ফিলসফি, বিজ্ঞা; ফাঁকা গঞ্জি আর চলে না। --ভায়া সব যায় — এই পোড়া হিংসেটা যায় না।"

মহাসভার অব্যবহিত পরে

ষামীজী নামধশের জন্ম লালায়িত ছিলেন না; বরং নিঃসক্ষ পরিব্রাঞ্জকজীবন যাপন ও ধ্যানাধ্যয়নাদিতে সময় অতিবাহিত করার আকুল আকাজ্রুনা তাঁহার হৃদয়ে প্রায়ই উথিত হইত ও বাক্যালাপকালে বা প্রাাদিতে প্রকাশ পাইত। কিন্তু দৈবনির্দেশ ছিল অন্ম প্রকার—তাঁহাকে আচার্যরূপে দেশ-বিদেশে ভগবন্ধান্তা প্রচার করিতে হইবে এবং ভজ্জন্ম আত্মাংসর্গ করিতে হইবে। আন্মর্যাক্ষকভাবে ভারতের কল্যাণচিস্তাও তাঁহার মনে সর্বদা জাগরুক ছিল, কিন্তু সমন্ত কর্মোগ্যমের পশ্চাতে বিরাজিত ছিল ভগবানের প্রতি অসীম বিশাস এবং তাঁহারই অঙ্গলিসংকতে চলিবার দৃঢ়সংকল্প। অতএব আমেরিকার প্রাথমিক অবস্থায় স্বীয় চিরস্তন ভাবধারা ও জীবনপ্রণালীর সহিত বিরোধ উপস্থিত হইয়া থাকিলেও তিনি ক্রমে আমেরিকার সাধারণ রীতিনীতির সহিত সামঞ্জন্ম স্থাপন করিয়া স্বীয় উদ্দেশ্য সাধনে যত্ত্বপর হইলেন। তিনি ব্রিতে পারিলেন, এই অভিনব পারিপাশ্বিক অবস্থার মধ্যেও মৌলিক ভারতীয় ভাবগুলিকে অব্যাহত রাথা চলে। এই তথাই তাঁহার তৎকালীন বিভিন্ন পত্রে প্রকাশ পায়। ২রা অক্টোবর (১৮৯৩) তিনি অধ্যাপক রাইটকে লিথিয়াছিলেন:

"আমি এখন এখানকার জীবন্যাত্রার সঙ্গে মানিয়ে নেবার চেষ্টা করছি। সমস্ত জীবন সকল অবস্থাকে তাঁরই দান ব'লে গ্রহণ করেছি এবং শাস্তভাবে চেষ্টা করেছি, তার সঙ্গে থাপ খাইয়ে নিতে। আমেরিকায় প্রথম দিকে আমার অবস্থা ছিল ডাঙায় তোলা মাছের মতো। আমি প্রভূর দারা চালিত হয়ে এসেছি—আমার আশক্ষা হ'ল, সেই এত দিনের অভ্যন্ত জীবনের ধারা এবার বোধ হয় ত্যাগ করতে হবে, এবার বোধ হয় নিজের ব্যবস্থা নিজেকেই করতে হবে—এ ধারণাটি কী জঘন্ত অন্যায় আর অক্তব্জক্তা! আমি এখন স্পষ্ট বুঝেছি যে, যিনি আমাকে হিমালয়ের তুষার-শৈলে কিংবা ভারতের দগ্ধ প্রান্তরে পথ দেখিয়েছেন, তিনিই এখানে পথ দেখাবেন, সাহায্য করবেন। স্কৃতরাং আমি আবার আমার প্রাতন রীভিতে শাস্তভাবে গা ঢেলে দিয়েছি। কেউ এগিয়ে এসে আমাকে খেতে দেয়, হয়তো কেউ দেয় আশ্রয়, কেউ বলে—তাঁর কথা শোনাও আমাদের। আমি জানি, তিনিই তাদের পাঠিয়েছেন—আমি ভর্ধু নির্দেশ পালন ক'রে যাব।

তিনি আমাকে দব যোগাচেছন, তার ইচ্ছাই পূর্ণ হবে।" ('বাণী ও রচনা', ৬।৩৭৬)।

এইভাবে তাঁহার সন্নাসোচিত মান্সিক পরিবেশ সংরক্ষিত হইলেও তাঁহাকে স্বীয় পরিকল্পিত কার্যধারার কিঞ্চিৎ পরিবর্তন করিতে হইয়াছিল। তাঁহার ইচ্ছা ছিল ভারতীয় ভাবের প্রচার করিয়া ও ভারত সম্বন্ধে ভ্রান্ত ধারণাগুলি দুরীভূত করিয়া বিনিময়ে আমেরিকা হইতে অর্থলাভ করিবেন এবং এইরপে ভারতে শিল্পাদি উৎপাদনের উপায় প্রবর্তনের দারা দারিন্তা দূরীভূত করিবেন। কিন্তু কাৰ্যক্ষেত্ৰে লব্ধ অভিজ্ঞতার ফলে তিনি প্ৰকাশ্যে অৰ্থভিক্ষা করার সিদ্ধান্ত আপাতত: ছাড়িয়া দিলেন। হয়তো তিনি ভাবিয়াছিলেন, ইহলৌকিক উদ্দেশ্যকে বেশী আগ্রহসহকারে অন্ধুসরণ করিলে পারমাথিক বিষয়ের জন্ম আকুলপ্রাণ শ্রোতার সংখ্যা কমিয়। যাইবে; ইহার পরিণতিম্বরূপে স্বামীন্ধীর উভয় উদ্বেশ্য বিফল হইবে। স্থতরাং ভারতের উন্নতিসাধনের অভিপ্রায় অব্যাহত থাকিলেও তিনি উহা প্রকাশ্যে বলা উচিত মনে করিলেন না। তাই তিনি অধ্যাপক রাইটকে ১৬শে অক্টোবর লিখিলেন, "নানা দুরদেশ থেকে বহু মামুষ এখানে বহু পরিকল্পনা, ভাব ও আদর্শ প্রচার করবার উদ্দেশ্যে সমবেত হয়েছে এবং আমেরিকাই একমাত্র স্থান যেথানে সব কিছুর সাফল্যের সম্ভাবনা আছে। তবে আমার পরিকল্পনার বিষয়ে একদম আর কিছু না বলাই ঠিক করেছি। সেই ভাল। কারণ দেখিতেছি, পরিকল্পনা অপেকা পরিকল্পক বিধর্মীকে লোকে বেশী চায়। পরিকল্পনার জন্ম একান্তভাবে থেটে যাওয়াই আমার ইচ্ছা-পরিকল্পনাটা থাকবে আড়ালে, বাইরে কাজ ক'রে যাব অক্তান্ত বক্তার মতো ।" (ঐ, ৩৭৯) অর্থাৎ তিনি ব্যক্তিগত পরিশ্রম হইতে ক্যায্যভাবে লব্ধ অর্থে ই ভারতীয় কার্যসম্পাদনের সম্ভন্ন গ্রহণ করিলেন।

ইতিমধ্যে স্বামীঞ্জী ঐ অঞ্চলে বিশেষ খ্যাতিলাভ করায় চিকাগো ও চিকাগোর বাহিরের বহুস্থান হইতে বক্তৃতার জন্ম আমন্ত্রণ আদিতে লাগিল, এবং দক্ষে মধ্যে আর্থাগমও হইতে থাকিল। তিনি ১০ই অক্টোবর শ্রীযুক্তা উভ্দূকে লিখিলেন, "এখন আমি চিকাগোর বিভিন্ন স্থানে বক্তৃতা দিয়ে বেড়াচ্ছি—আমার বিবেচনায় তা বেশ ভালই হচ্ছে। ত্রিশ থেকে আশি ডলারের মধ্যে প্রতি বক্তৃতায় পাওয়া বাচ্ছে। সম্প্রতি মহাসভার দক্ষন চিকাগোয় আমার নাম এমনই ছড়িয়ে পড়েছে বে, এই ক্ষেত্রটি ত্যাগ করা বর্তমানে যুক্তিযুক্ত হবে না।" (ঐ, ৩৭৮)। অধ্যাপক

রাইটকে বিধিত পূর্ব পজেও আছে, "চিকাগোয় আমি খুবই জনপ্রিয়, স্থতরাং এথানে আরও কিছু সময় থাকতে ও টাকা সংগ্রহ করতে চাই।" (ঐ, ৩৭৯)।

ঐ সময় স্বামীক্ষী কোনও নিৰ্দিষ্ট গৃহে থাকিতেন বলিয়া মনে হয় না। মহাসভার সময়ে তিনি লায়ন পরিবারের সহিত বাস করিতেন: কিন্ধ ২রা অক্টোবর অধ্যাপক রাইটকে লিখিত পত্র হইতে মনে হয়, তিনি তথন আর দেখানে থাকিতেন না। তিনি লিখিয়াছিলেন, "চিকাগোয় এলেই আমি মি: ও মিসেস লায়নকে দেখিতে যাই।" ঐ বংসরের নভেম্বরের মাঝামাঝি হইতে তাঁহার পতাবলীতে শ্রীযুক্ত হেলের বাডীর ঠিকানা—৫৪১ নং ডিয়ারবর্ণ স্মাভিনিউ, চিকাগো—দেখিতে পাওয়া যায়; ইহার পূর্ব পর্যন্ত স্থায়ী ঠিকানা লায়নদের বাডী। ঐ গুহে স্বামীজীর প্রথম আগমন ও মহাসভার অধিবেশনকালে অবস্থানের কথা আমরা পূর্বেই বলিয়া আদিয়াছি। দেখানে আমরা ইহাও লক্ষ্য করিয়াছি যে, মহাসভার পরেও ইহাদের সহিত তাঁহার সম্বন্ধ বিচ্ছিল্ল হয় নাই। স্বামীজী যথন প্রথম প্রথম বক্তৃতা দিয়া বেড়াইতেন তথন তিনি অস্ততঃ আর চুইবার লায়নদের বাডীতে আসিয়াছিলেন, ইহার প্রমাণ আছে। স্বামীদ্রীর অমুপস্থিতিকালে 🛍 ফুক লায়নের কলা ভারতীয় সাধনধারার সহিত পরিচয়লাভে উন্নত হন এবং একজনের দাহায্যে কিছুদিন চেষ্টার পর দেখেন, কাহারও পত্র হাতে লইবা-মাত্র নিমেষের জন্ম লেখকের চেহার। স্বস্পষ্টভাবে তাঁহার সম্মুখে ভাসিয়া উঠে। বৎসর্থানেক পরে স্বামীক্ষী একবার চিকাগোয় তাঁহাদের বাডীতে আসিয়া উহা জানিতে পারেন এবং লায়ন-ত্হিতাকে বলেন — তাঁহারও জীবনে একবার সিদ্ধাই-লাভ হইয়াছিল, কিন্তু শ্রীরামকুষ্ণ তাঁহাকে সাবধান করিয়া দেন এবং লোককল্যাণ-বাতীত অন্ত কোন কারণে উহা বাবহার করিতে নিষেধ করেন।

প্রথম দিকে আমেরিকার কোন কোন মহিলা স্বামীজীর প্রতি আরুষ্ট হইয়া তাঁহার চিত্তজন্নে দচেট হইতেছে, ইহা টের পাইয়া শ্রীযুক্তা লায়ন স্বামীজীর জ্বন্ত চিস্তিত হন ও তাঁহাকে দাবধান করিয়া দেন। কিন্তু স্বামীজী বলেন, "শ্রীযুক্তা লায়ন—আপনি আমার আমেরিকার স্নেহময়ী মা! আপনি আমার জ্বন্ত ভয় পাবেন না। সত্য বটে আমি এককালে বটতলায় ভয়ে এবং কোন চাবার দেওয়া একপাত্র আর থেয়ে দিন কাটিয়েছি। কিন্তু আমিই আবার কোন মহারাজ্বের বাড়ীতেও অতিথি হয়েছি, আর দাসীরা সারা রাত জ্বামার গায়ে ময়ুরপুচ্ছের

পাথার হাওয়া করেছে। প্রলোভন আমি ঢের দেখেছি—আমার জ্বন্ত আপনার ভাবনা নেই।"

মহাসভার পরেও তিনি কতদিন চিকাগোয় ছিলেন এবং কোথায় কোথায় বকুতা দিয়াছিলেন, সঠিক জানা যায় না। তবে তিনি সেথানে স্বস্তুতঃ তুইমাস ছিলেন বলিয়া স্বস্থান হয়। ঐ কালে বকুতা তো দিতেনই, সঙ্গে সঙ্গোমেরিকার সমাজব্যবস্থা ও উন্নতির কারণাবলীর সম্বন্ধেও স্বস্থসন্ধান করিতেন, যাহাতে উহার ভাল দিকগুলি ভারতে প্রচলিত হইতে পারে। মহাসভার এক বংসর পরে, ১৮৯৪ এর সেপ্টেম্বর মাসে চিকাগোর 'ইন্টার-ওশ্যান' পত্রিকায় স্বামীজীর সম্বন্ধে প্রকাশিত এক প্রবন্ধে এই কথাগুলি ছিল: "বিরাট মহাসভার পরেও স্বামী বিবেকানন্দ কয়েক মাস চিকাগোতেই থাকিয়া গিয়াছিলেন। তিনি স্বদেশবাসীদের নৈতিকতা ও আধ্যাত্মিকতা সম্বন্ধে হেমন স্বকাট্য প্রমাণ এদেশে স্বানিয়াছিলেন, তেমনিভাবে তাহাদের নিকট যাহাতে স্বামেরিকার বিষয়ে স্বকাট্য যুক্তির স্বব্রতারণা করিতে পারেন, এই উদ্দেশ্যে তিনি বিত্যাশিক্ষায় ও সভ্যতায় ইহলৌকিক উন্নতি-বিষয়ক স্বনেক তত্তান্বেষণেও নিরত ছিলেন।"

তিনি স্বীয় পরিকল্পনার জন্ম তথন কেন ধোলাখুলি ভাবে অর্থভিক্ষা করিতেন না, তাহার একটা কারণ শ্রীমতী লুসি মনবোর লেথায় পাই। ইনি কবি হারিয়েট মনরোর ভগিনী এবং স্বয়ং স্থলেথিকা। তিনি লিথিয়াছেন: "বিবেকানন্দ এথনও এই শহরে আছেন। তাঁহার এদেশে আদার প্রথম উদ্দেশ্ম ছিল আমেরিকাবাদী-দিগকে হিন্দুদের মধ্যে ন্তন শিল্প প্রতিষ্ঠার জন্ম উৎসাহিত করা। তিনি উহা আপাততঃ ছাড়িয়া দিয়াছেন, কেননা তিনি দেখিতেছেন, 'আমেরিকানরা জগতের মধ্যে সর্বাধিক পরোপকারী জাতি' বলিয়া যে কোন ব্যক্তির যে কোন পরিকল্পনা আছে, তাহারই জন্ম সাহায্য পাইতে সে এদেশে আসে। তাহার মার্জিত কচি, বাগ্মিতা এবং চিত্তাকর্ষক ব্যক্তিত্ব আমাদিগকে হিন্দুসভ্যতা সম্বন্ধে নৃতন ধারণা দিয়াছে।"

শ্রীযুক্তা বার্ক-এর অমুসদ্ধানের ফলে ('নিউ ডিসক চারিক্র') ঐ কালের অনেক তথ্য আবিদ্ধত হইয়াছে। তাহা হইতে জ্ঞানা যায়, চিকাগো-মহাসভার ঠিক পরেই স্বামীন্দ্রী ঐ শহরের উত্তরবর্তী ইভানস্টোন নামক নগরে তিনটি বক্তৃতা দিয়াছিলেন। সেধানে মহাসভার অধিবেশনকালে স্বামীন্দ্রীর সহিত পরিচিত এবং অধ্যাপক রাইট-এর বন্ধু ডাঃ ব্রাডলি বাস করিতেন।

ইভানস্টোনে স্থইডেনের (স্টক্হল্ম-এর) প্রতিনিধি ডা: কার্ল ডন বার্জেনও বক্তৃতা করেন। স্বামীজীর প্রথম বক্তৃতার তারিথ ও বিষয়—৩০শে সেপ্টেম্বর, শনিবার, 'হিন্দুদের পরমতে প্রদ্ধা'। দিতীয় বক্তৃতার তারিথ ও বিষয়—৩রা অক্টোবর, মঙ্গলবার, 'অবৈতবাদ'। তৃতীয় বক্তৃতার তারিথ ও বিষয়—৫ই অক্টোবর, রহস্পতিবার, 'পুনর্জন্ম'। বক্তৃতাগুলি হয় কংগ্রিগেশ্যাল চার্চে।

খামীজীর পত্রাবলীতে উল্লিখিত আছে যে, তিনি খ্রীটোরেও বক্তৃতা দেন।
নই অক্টোবর খ্রীটোর হইতে চিকাগোতে ফিরিয়া তিনি ১০ই অক্টোবরের পত্রে
শ্রীযুক্তা ট্যান্নাট উডস্কে জানাইয়াছিলেন, খ্রীটোরের বক্তৃতায় তিনি ৮৭ ডলার
পাইয়াছিলেন। ঐ পত্রে আরও আছে, "এই সপ্তাহে প্রতিদিনই আমার বক্তৃতা
আছে। সপ্তাহের শেষে আরও আমন্ত্রণ আদবে বলে আমার বিশাস।" খ্রীটোরের
বক্তৃতায় অন্ততঃ ছয়শত শ্রোতা উপস্থিত ছিলেন এবং বক্তৃতাটি প্রদন্ত হইয়াছিল
'প্রান্থ অপেরা হাউসে', ৭ই অক্টোবর। খ্রীটোর একটি অপেকাক্ত ক্ষুদ্র মহানগর
এবং উহা চিকাগোর নকাই মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। রিপোর্ট-দৃষ্টে
অফুমান করা চলে, বক্তৃতার বিষয় ছিল ভারতের রীতিনীতি। উহাতে বর্ণাশ্রম-প্রথা, সন্ন্যাস, আর্যজাতির সহিত অপরদের সম্বন্ধ ইত্যাদি বছ বিষয় আলোচিত
হইয়াছিল।

ইহার পর স্বামীজীর ২৬শে অক্টোবরের পত্র হইতে জানা যায়: "আগামী কাল শহরের (চিকাগোর) সবচেয়ে প্রভাবসম্পন্ন মহিলাদের 'ফর্টনাইটলি ক্লাবে' বক্তৃতা দিতে যাব।" এই বক্তৃতাবিষয়ে আর কিছু জানা নাই। অতঃপর চিকাগোয় অবস্থানকালে স্বামীজীর জীবনের কয়েকটি বিশেষ ঘটনার উল্লেপ করিতেছি।

স্বামীজীর শিশ্ব শ্রীযুক্ত শরচেন্দ্র চক্রবর্তী মহাশয় একসময়ে চিকাগোয় অবস্থানকারী স্বামী বিশানন্দকে এক পত্রে লিথিয়াছিলেন: "স্বামীজী আমাকে একবার বলিয়াছিলেন যে, এক জ্যোৎস্না-রাত্রে তিনি যথন মিশিগান হলের ধারে ছিলেন, তথন তাঁহার মন ব্রহ্মে লীন হইয়া যাইতে থাকে। অকস্মাৎ তিনি শ্রীরামক্রফকে দেখিতে পান এবং তাঁহার মনে পড়ে, তিনি এক বিশেষ কাজের জক্ত জগতে অবতীর্ণ হইয়াছেন; অমনি তাঁহার মন নামিয়া আসে এবং জীবনের ব্রতের প্রতি ধাবিত হয়। আমি এই ঘটনা আমার দিনলিপিতে লিথিয়া রাপিয়াছিলাম, কিন্তু প্রকাশ্রে বলার প্রয়োজন বোধ করি নাই: ভুধু আপনাকে জানাইতেছি।"

শ্রীযুক্তা উত্তদকে স্বামীজী একথানি চিঠি লিখিয়াছিলেন ১৯শে নভেম্বর, ১৮৯৩ তারিখে, শ্রীযুক্ত হেলের বাড়ী হইতে। মনে হয়, তিনি ঐ সময় সেথানেই ছিলেন। হেলদের বাড়ী হইতে লিঙ্কন পার্ক সামান্ত দূরে। স্বামীজী সেখানে বেডাইতে এবং রোদ পোহাইতে যাইতেন। লিঙ্কন পার্কের মধ্য দিয়া একটি মহিলা তাঁহার ছয় বছরের মেয়েকে লইয়া বাজার করিতে যাইতেন। ক্লাটিকে লইয়া বান্ধার করিতে অস্কবিধা হয়, এদিকে একজন ভদ্রলোক নিতা ঐ সময় পার্কে বসিয়া থাকেন দেথিয়া ভদ্রমহিলাটি স্বামীজীকে অমুরোধ করিলেন, তিনি কিছক্ষণের জন্ত মেয়েটির ভার লইতে পারেন কিনা। স্বামীজী সহজেই রাজী হইলেন এবং মহিলা তাঁহার ক্লাকে স্বামীষ্কীর হাতে সঁপিয়া দিয়া বাজার করিতে চলিয়া গেলেন। এইরপ অনেক দিনই ঘটিল। কলাটির বয়স যখন পনর কি যোল, তথন উক্ত মহিলা স্বামীজীর একথানি ছবি পাইয়া পরিষ্কার চিনিতে পারিলেন এবং ক্সার হাতে দিয়া জিজ্ঞাসা করিলেন, "তোর বন্ধুকে মনে পড়ে কি " ক্লাও বেশ চিনিতে পারিল। স্বামীজীর যশ তথন দেশ-বিদেশে ছডাইয়া পডিয়াছে। যশের কথা ছাডিয়া দিলেও স্বামীজীকে যে একবার দেখিয়াছে, তাহার পক্ষে নয় দশ বৎসর পরেও ভূলিয়া যাওয়া কঠিন ছিল। আরও পরে ঐ মেয়েটি বিবাহ করিয়া ফিলাডেলফিয়ায় যায় এবং রামক্লফ মঠের জনৈক সাধুর নিকট দীক্ষাগ্রহণ করে।

চিকাগো অবস্থানকালে স্বামীজীর আধ্যাত্মিক শক্তির কথা মুখে মুখে প্রচারিত হওয়য় অনেকেই তাঁহার সহিত ব্যক্তিগত সাক্ষাৎকার বা আশীর্বাদ লাভের জন্ম আসিতেন। প্রসিদ্ধ ফরাসী গায়িকা মাদাম এমা কালভেও একদিন এইভাবে তাঁহার নিকট আসিয়া উপকৃত হইয়াছিলেন, ইহা কালভের আত্ম-জীবনী হইতে ও কালভের নিকট শুনিয়া মাদাম পল ভাডিয়ার যে স্মৃতিলিপি রাথিয়াছিলেন তাহা হইতে জানা য়য়। সম্ভবতঃ ১৮৯৪ খুটান্দের মার্চ মাসে কালভে যখন 'মেট্রোপলিটান অপেরা কোম্পানী'র সহিত চিকাগোয় আসেন, তখন তিনি যশের সর্বোচ্চ শিখরে অধিষ্টিতা। কিন্তু তিনি ছিলেন উগ্রন্থভাবা, একওঁয়ে এবং ইন্দ্রিমপরায়ণা; অতএব জীবনে শান্তি ছিল না। এই সময়ে আবার তাঁহার একমাত্র কন্তা অগ্লিদয় হইয়া চিকাগোতেই দেহত্যাগ করে। কালভে তখন আত্মহত্যার চিন্তা করিতে লাগিলেন এবং জনৈকা বন্ধু তাঁহাকে স্বামীজীর নিকট লইয়া যাইতে চাহিলেও প্রথমটা রাজী হইলেন না। চারিবার

আত্মহত্যার চেষ্টায় বিফল হইয়া তিনি পঞ্চম বারে যেন দৈবনির্দেশেই যে বাদ্ধবীর গুহে স্বামীন্সী ছিলেন সেই গুহে উপস্থিত হইলেন এবং বাটলার তাঁহাকে বৈঠক-খানায় লইয়া গিয়া বসাইল। চেয়ারে কালভে যেন স্বপাবিষ্টের মতো বসিয়া খাছেন, এমন সময় পার্শ্বের ঘর হইতে কে যেন ডাকিলেন, "ভেতরে এসো বাছা. ভয় পেয়োনা।" যদ্রচালিতবং কালভে সে কক্ষে প্রবেশ করিলেন। উহা স্বামীন্সীর পাঠগৃহ। তিনি একটা বড টেবিলের পশ্চাতে উপবিষ্ট ছিলেন। কালভের নিজের ভাষায় পরবর্তী ঘটনাটি এইরূপ: "ঘাইবার পূর্বে আমায় বলিয়া দেওয়া হই য়াছিল, তিনি কথা বলার পূর্বে আমি ধেন কিছু না বলি। আমি ঘরে ঢুকিয়া ক্ষণমাত্র চুপ করিয়া দাঁডাইয়া রহিলাম। তিনি তথন অতি শাস্ত ভাবে ধাানাসনে উপবিষ্ট চিলেন। তাঁহার গেরুয়া রঙের পোষাক সোজা মেঝে পর্যস্ত ঝুলিয়া ছিল, মন্তকে ছিল পাগডি এবং উহা একটু সম্মুখের দিকে ঝুঁকিয়া ছিল। তাঁহার চকু ছিল নিমুদৃষ্টি। একটু পরেই তিনি চকু না তুলিয়াই বলিলেন, 'বাছা, কি ঝড়ো আবহাওয়াই না তুমি নিয়ে এলে! শান্ত হও, এটা একান্ত আবশ্রক।' অতঃপর অতি শাস্তব্বের, উদাসীন ও উদ্বেগহীন ভাবে এই ব্যক্তিটি — যিনি আমার নাম পর্যন্ত জানিতেন না, তিনি—আমার জীবনের গোপন রহস্য ও উদ্বেগ সম্বন্ধে বহু কথা বলিতে লাগিলেন। এমন সব কথা তিনি বলিলেন, যাহা মনে হয়, আমার নিকটতম বন্ধরাও জানিত না। মনে হইল এ যেন অলৌকিক ব্যাপার, অপ্রাকৃতিক। অবশেষে আমি ক্রিজ্ঞানা করিলাম. 'আপনি এসব জানলেন কি করে? কে আপনাকে আমার সম্বন্ধে বলেছে?' তিনি মৃত্ হাস্তদহকারে চক্ষু তুলিয়া আমার দিকে চাহিলেন, যেন আমি একটি শিশুরই মতো কোন অর্থহীন প্রশ্ন করিয়া বসিয়াছি। তিনি মুহভাবে বলিলেন, 'কেউ আমাকে কিছু বলে নি। আর বলার প্রয়োজন আছে কি? আমি খোলা বইয়ের মতোই তোমার ভেতরটা পড়তে পারি।'

"অবশেষে আমার ফিরিবার সময় আসিল। আমি উঠিয়া দাঁড়াইলে তিনি বলিলেন, 'তোমাকে সব ভূলে যেতে হবে। আবার খুনী ও স্থাী হও, শরীরটা সুস্থ কর। চুপ করে বসে শুধু তু:খের কথা ভেবো না। তোমার অন্তরের ভাবাবেগকে বাইরে কোনো একটা রূপ দাও। তোমার আধ্যাত্মিক স্বাস্থ্যের অন্ত এটা দরকার, ভোমার শিল্পকলার জন্ত এটা অভ্যাবশ্রক।' তাঁহার কথায় এবং ব্যক্তিত্বে অভিমাত্র মুখ্য হইয়া আমি বিদায় লইলাম। আমার মনে হইল যেন তিনি আমার ব্যাধিগ্রন্ত উত্তপ্ত মন্তিকের সমন্ত জটিলতা দূর করিয়া দিয়া তাহার স্থলে নিজের পবিত্র ও শাস্ত ভাবরাশি ঢালিয়া দিয়াছেন। তাঁহার স্থল্ট ইচ্ছাপ্রভাবে আমি আবার প্রাণবান ও আনন্দপরিপূর্ণ ইইয়া উঠিলাম। তিনি যে কোন সম্মোহন-শক্তি প্রয়োগ করিয়াছিলেন, তাহা নহে। তাঁহার চরিত্রের প্রভাব, তাঁহার উদ্দেশ্যের নির্মলতা ও ত্বার ক্ষমতাই আমার মনে বিশাস আনিয়া দিয়াছিল। তাঁহার সহিত ঘনিষ্ঠতর পরিচয় হইবার পরে দেখিয়াছিলাম তিনি লোকের বিশুখল চিস্তারাশিকে শাস্ত করিয়া ধীরভাবে ক্ষমতগ্রহণের উপযোগী করিতেন, আর ইহার ফলে তাহারা তাঁহার কথাগুলি পূর্ণ ও অচঞ্চল মনোযোগসহকারে শুনিতে পারিত।

"তিনি অনেক সময় ছোট গল্পের সাহায্যে উপদেশ দিতেন, একটু কবিত্বময় দুষ্টাম্বের দাহায়ে আমাদের প্রশ্নের উত্তর বা তাঁহার নিজের বক্তব্য দহজে বোধগম্য করিয়া তুলিতেন। একদিন আমাদের আলোচ্য বিষয় ছিল আত্মার অমরত্ব এবং ব্যক্তিগত গুণাবলীর চিরস্থায়িত। তিনি স্বীয় উপদেশের একটা মৌলিক কথা, পুনর্জন্মবাদ ব্যাখ্যা করিতেছিলেন। 'ও ভাবটা আমার মোটেই ভাল লাগে না,' আমি বলিয়া উঠিলাম, 'আমার ব্যক্তিত্ব নগণ্য হলেও আমি তাকেই ধরে থাকতে চাই। আমি একটা শাখত একত্বের মধ্যে আপনাকে হারিয়ে ফেলতে চাই ন।। ও চিস্তাটাই আমার কাছে ভয়াবহ!' স্বামীঞ্জী উত্তর দিতে গিয়া বলিলেন, 'একদিন এক ফোঁটা জল মহাসমূত্রে পড়েছিল। নিজেকে তেমন অবস্থায় দেখতে পেয়ে সে তোমারই মত কাদতে ও অভিযোগ জানাতে লাগল। মহাসাগর সে জলবিন্দুর দিকে চেয়ে হেসে উঠল এবং জিজ্ঞাসা করল: তুই কাঁদছিদ কেন ? তুই যথন আমাতে মিশে গেলি তথন তো ষ্পার যেসব জলবিন্দু নিয়ে আমি তৈরী হয়েছি, আর যারা হচ্ছে তোরই ভাই-বোন, তাদেরই তো সঙ্গে তুই মিশে গেলি, তুই মহাসাগরই হয়ে গেলি। আমাকে যদি তোর ছেড়ে যেতেই ইচ্ছা হয় তো সুধরশ্মি ধরে মেঘের দিকে উঠে या, मिथान (थरक आवात कृष कनविन् इराय निष्य आमवि, এमে ज्यार्थ धत्रीद মঞ্চল সাধন করবি।'"

আমেরিকার ধনকুবের জন ডি. রকফেলার সম্বন্ধীয় আর একটি ঘটনা মাদাম কালডের মুধে শুনিয়া মাদাম ভার্ডিয়ার লিপিবন্ধ করিয়াছিলেন। শ্রীযুক্তা বার্কের পুত্তক ('নিউ ডিসকভারিজ,' পৃ: ১১৩-১৪) হইতে আমরা উহা উদ্ধৃত করিলাম।

"যে ভদ্রলোকের বাড়ীতে স্বামীজী বাদ করিতেন তিনি অংশীদার হিদাবে বা অন্য কোন সতে জন ডি. রকফেলারের সহিত কোন কাববাবে সংশ্লিষ্ট ছিলেন। রকফেলার বন্ধদের মূথে বছবার তাহাদের অতিথি ঐ অত্যাশ্র্য ও অসাধারণ হিন্দু সন্ন্যাসীর কথা ভনিয়াছিলেন, এবং স্বামীজীর সহিত সাক্ষাতের আমন্ত্রণও পাইয়াছিলেন। কিন্তু একটা না একটা অছিলায় তিনি বরাবর পাশ কাটাইতেছিলেন। রকফেলার তথনও ঐশর্যের উচ্চতম শিখরে অধিরচ হন নাই, তবু তিনি ইতিমধ্যে বেশ শক্তিশালী ও দুচ্মনা হইয়া উঠিয়াছেন, এবং তাঁহাকে কাহারও মতাফুষায়ী চালানো বা কোন প্রামর্শ দেওয়া বিশেষ কঠিন কাজ ছিল। স্বামীজীর সহিত সাক্ষাৎকারের আগ্রহ না থাকিলেও একদিন কি একটা ভাবাবেগ তাহাকে ঐ কাৰ্যে প্ৰব্ৰত্ত করিল, তিনি দোজা বন্ধগৃহে উপস্থিত বলিলেন, তিনি হিন্দু সন্ন্যাসীকে দেখিতে চান। বাটলার তাঁহাকে শঘ্নকক্ষে লইয়া গেলে তিনি স্বামীজীকে থবর দেওয়ার অপেক্ষা পর্যন্ত না করিয়া স্বামীজীর পার্যবর্তী পাঠগুহে প্রবেশ করিলেন এবং দেখিয়া অত্যন্ত আশ্চর্য হইলেন যে. স্বামীকী তাঁহার লিখিবার টেবিলের পশ্চাতে বদিয়া আছেন, কে ঘরে আদিল তাহা দেখিবার জন্ম চক্ষ্ পর্যন্ত উঠাইলেন না।

"কিছুক্ষণ পরে, মাদাম কালভের বেলায় যেমন ঘটিয়াছিল, রকফেলারের বেলায়ও স্বামীজী তেমনিভাবে তাঁহার অতীত জীবনের এমন সব ঘটনা বলিয়া বাইতে লাগিলেন যাহা একমাত্র তিনি ব্যতীত আর কেহ জানিত না। স্বামীজী তাঁহাকে আরও ব্যাইয়া দিলেন যে, তাঁহার সঞ্চিত অর্থ তাঁহার নহে, তিনি ঐ অর্থের ভধু অছি, এবং তাঁহার কর্তব্য হইতেছে জগতের হিতসাধন। ভগবান তাঁহাকে এই উদ্দেশ্যে ধনদৌলত দিয়াছেন যে, তিনি ঐভাবে লোককে সাহায়্য করার ও তাহাদের কল্যাণসাধনের স্বযোগ পাইবেন। এইভাবে কেহ তাঁহার সহিত কথা বলিতে পারে এবং কর্তব্যাকর্তব্য সম্বন্ধে নির্দেশ দিতে সাহস পায়—এই কথা ভাবিতেও রকফেলার বিরক্তি বোধ করিলেন। জ্যোধভরে তিনি গৃহত্যাগ করিয়া গেলেন, বিদায়সম্ভাবণেরও প্রয়োজন বোধ করিলেন না। কিছু আবার এক সপ্তাহ পরে ঠিক তেমনি ভাবে খবর না দিয়াই ভিনি স্বামীজীর পাঠাগারে প্রবেশ করিলেন, এবং তাঁহাকে ঠিক পূর্বদিনেরই মতো পাঠনিরত দেখিয়া টেবিলের উপর একথানি কাগজ ছু ডিয়া ফেলিলেন, যাহাতে লিখিত

ছিল যে, তিনি সর্বসাধারণের জ্বন্য একটি প্রতিষ্ঠানের পরিকল্পনা করিয়াছেন এবং উহাতে বিপুল অর্থ ব্যয় করিবেন। তিনি বলিলেন, 'এই নিন মশায়, এখন আপনার সস্থোষ হবে, আর এর জন্য আপনি আমায় ধন্যবাদ দিতে পারেন।' স্বামীজী চক্ষু তুলিলেন না, একটু নডিলেনও না। অতঃপর কাগজ্ঞধানি লইয়া তিনি উহা ধীরভাবে পডিলেন এবং বলিলেন, 'ধন্যবাদ'তো আমাকে আপনারই দেওয়া উচিত।' এইটুকু মাত্র। উহাই ছিল সর্বসাধারণের জন্ম রকফেলারের প্রথম দান।"

ইহাবই এক সময়ে স্বামীজী একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করিলেন, তিনি একটি বক্ততা কোম্পানীর সহিত এই চক্তিতে আবন্ধ হইলেন যে, তিনি তিন বংসর উহার সহযোগিতায় আমেরিকায় বক্ততা দিয়া বেডাইবেন। মেমফিস-এর সংবাদপত্র 'আাপিল আভাল্যান্স'এ ২১শে জামুয়ারী, ১৮৯৪ খুষ্টাব্দে এই সংবাদটি প্রকাশিত হয়: "তিনি (স্বামী বিবেকানন্দ) চিকাগোর স্লাটন লাইসিয়াম বারোর সহিত এই দেশে তিন বংসরের জন্য এক চক্তিতে আবদ্ধ আছেন।" এই সংবাদ হইতেই আমরা কোম্পানিটির নাম ও চক্তির মেয়াদ অবগত হই। অবশ্র ভগিনী ক্ষ্টিন তাঁহার শ্বতিকথায় 'পণ্ডদ লেকচার বারে।'-এর নাম করিয়াছেন। তিনি কোনও প্রমাণের উপর নির্ভর কবিয়াছেন, অথবা একই কোম্পানীকে জনসাধারণ এই দ্বিতীয় নামে চিনিত ইহা জানিতে পারা যায় নাই। ঠিক কোন সময়ে স্বামীজী এইরূপ চুক্তিবদ্ধ হন তাহাও অজ্ঞাত। ইংরেজী জীবনীর মতে ইহা হেমস্কের অথবা শীতের আরম্ভে হইয়া থাকিবে। হয়তো ইহা নভেম্বর মাদের মধ্যভাগের কথা, কারণ ২রা নভেম্বরের পত্তে স্বামীক্ষী আলাদিকাকে লিখিয়াছিলেন, "আমি এই দেশে অন্ততঃ শীতকালটা থাকিব, তারণর ইউরোপ যাইব।" ('বাণী ও রচনা', ৬।৩৮৪)। অর্থাৎ তথনও তিন বংসর আমেরিকায় থাকার দিন্ধান্ত গৃহীত হয় নাই। ইহার পরবর্তী ১৯শে নভেম্বরে তিনি মিদেদ উডসকে লিখিতেছেন, "আগামী কাল ম্যাডিদন ও মিনিয়াপোলিদ রওনা হচ্ছি" (ঐ, ৩৮৬), অর্থাৎ তথন চিকাগো হইতে দুরদুরাস্থরে বক্তৃতাপ্রদান আরম্ভ হইয়া গিয়াছে। আবার ২৮শে ডিসেম্বরের পত্তে পাই, "আমি এদেশে এসেছি দেশ দেখতে নয়, তামাসা দেখতে নয়, নাম করতে নয়, এই দরিন্তের জন্ম উপায়

১। স্বামীলীর ১২।৩১৯৪ ও ১৫।৩১৯৪এর প্রস্কৃতে মিঃ হল্ডেন-এর নাম উল্লিখিত আছে। ইনি বক্ততা-কোশানীর সহিত জড়িত ছিলেন বলিয়া মনে হয়।

দেখতে। সে উপায় কি, পরে জানতে পারবে — যদি ভগবান সহায় হন।
কবে দেশে যাব জানিনা, প্রভুর ইচ্ছা বলবান।" (ঐ, ৬৮৯)। এই তিনটি পত্রাংশ
মিলাইয়া পড়িলে কোন সন্দেহ থাকে না যে, নভেম্বরে চুক্তি সম্পাদিত হইয়া
গেলেও তিনি তাহা ভারতীয় বন্ধুবর্গকে জানান নাই, অথবা জানাইবার প্রয়োজন
বোধ করেন নাই। হয়তো ভাবিয়াছিলেন, সয়াসী অর্থোপার্জনের জন্ম চুক্তিবজ
হইয়াছেন, এইরপ একটি বাাপার তখনকার দিনের হিন্দু সমাজের পক্ষে বরদান্ত
করা কঠিন, আর এই নবীন উল্পেয়র সাফল্য যথন অনিশ্বিত, তখন অত
জানাজানিরই বা আবশ্রত কি ?

অতঃপর প্রশ্ন এই—তিনি এইরূপে চুক্তিবদ্ধ হইতে গেলেন কেন ? ইংরেজী জীবনীতে বলা হইয়াছে, "তাঁহার মন যে ভাবরাশিতে পরিপূর্ণ ছিল, তাহা প্রচারিত করার সর্বোত্তম উপায়রূপে এবং ভারত ও ভারতীয় সংস্কৃতি সম্বন্ধে পাশ্চান্তা মনে যেসব ভাস্ত ধারণা ছিল, উহা দ্রীভূত করার অভিপ্রায়ে তিনি ঐরূপ করিয়াছিলেন। অর্থ সম্বন্ধে স্বাধীন হওয়ার জন্ত এবং ভারতে যেসকল ধর্মকার্য ও দেবাকার্য পরিচালনা করার সক্ষর করিয়াছিলেন উহাদের উদ্দেশ্তে অর্থ-সঞ্চয়েরও জন্ত উহা অন্ততম উপায় ছিল।" (৩১৬ পঃ)। শ্রীযুক্তা বার্ক ইহাও বলিয়াছেন যে, এখন যেমন, তেমনি স্বামীঙ্কীর কালেও সারা আমেরিকার বিভিন্ন শহরে স্কৃতিন্তিত কার্যধারা অবলম্বনে কান্ধ করিতে হইলে এইরূপ একটি লেকচার ব্যুরোর সাহায্য গ্রহণ আবশ্রুক ছিল, কিন্তু তবু তিনি তিন বংসরের চুক্তি কেন করিতে গেলেন, আর এইরূপ একটা প্রতিষ্ঠানের কথামুযায়ী চলিতে গেলে তাহারা যে তাঁহাকে ঠকাইয়া বা অবান্ধিতরূপে থাটাইয়া অধিক লাভ করিতে যত্মপর হইবে, ইহা তিনি ভাবিয়া দেখিয়াছিলেন কিনা, কিংবা তাঁহার বন্ধুরা তাঁহাকে এই বিষয়ে উপযুক্ত সং পরামর্শ দিয়াছিলেন কিনা তাহা বুঝিয়া উঠা কঠিন। ফল যে ইহাতে ভাল হয় নাই, তাহা আমরা শীঘ্রই দেখিতে পাইব।

ষাহা হউক, স্বামীজী এই বক্তৃতা কোম্পানীর সাহায়ে বা সহযোগে এক অতি পরিশ্রম্যাধ্য কার্বে অবতীর্ণ হইলেন এবং অতঃপর আমেরিকান সংবাদপত্রের ভাষায় কিছুদিন 'ঝঞাবাত'-প্রায় আমেরিকার বিভিন্ন স্থানে ক্রুত খুরিয়া বেড়াইতে লাগিলেন। আমরা প্রথমে তাঁহার মধ্য-পশ্চিমাঞ্চলের নগরগুলিতে বক্তৃতার কথাই বলিব। ইহার পরে তিনি দক্ষিণাঞ্চলে বক্তৃতা দেন। এই বক্তৃতাগুলির কাল ধরা যাইতে পারে মোটাম্টি ২০শে নভেম্বর ১৮৯৩ হইতে

এপ্রিল ১৮৯৪। তাঁহার ১৯শে নভেম্বরের পত্তে আছে, "আগামী কাল ম্যাভিদন এবং মিনিয়পোলিদ রগুনা হচ্ছি।" ইহাই তাঁহার ইলিনয়েদ স্টেটের (ষাহার রাজধানী চিকাগো) বাহিরে বক্তৃতাবলীর আরম্ভ বলা যাইতে পারে। এই তুইটি শহর ছাড়াও তিনি আইওয়া স্টেটের ডিময়েন নগরে বক্তৃতা করেন। ইহার পর ১৮৯৪ এর জায়য়ারি মাদে টেনেদি স্টেটের মেম্ফিদে এবং কেব্রুষারিতে ডেট্রেটে বক্তৃতা করেন। এইগুলি ছাড়া অন্ত কোন বক্তৃতার সংবাদ এ পর্যন্ত আবিষ্কৃত হয় নাই। তবে ইংরেজী জীবনীতে উল্লিখিত আছে বে, তিনি আইওয়া সিটিতেও বক্তৃতা দিয়াছিলেন।

ম্যাভিদনের বক্তা সম্বদ্ধে 'উইস্কনদিন স্টেট জার্নালে' এইরূপ সংবাদ বাহির হইয়াছিল: "বিবেকানন্দের বক্তৃতা অতীব চিন্তাকর্ষক ছিল এবং উহাতে সন্ধর্ম ও যুক্তিপূর্ণ দর্শনের কথা প্রচুর ছিল। তিনি অখ্টান হইলেও, খৃষ্টধর্ম তাঁহার জনেক উপদেশই গ্রহণ করিতে পারে। তাঁহার ধর্মবিশাস বিশ্বেরই মতো হ্বস্থিত, উহাতে সকল ধর্মই অন্তর্ভুক্ত হয় এবং সত্য যেথানেই প্রকাশিত হউক না কেন, স্বীক্ষত হয়। তিনি বলেন, ভারতের ধর্মে গোঁড়ামি ও কুসংস্কার এবং অর্থহীন অমুষ্ঠানের স্থান নাই।"

'মিনিয়াপোলিস স্টারে' তাঁহার ঐ শহরের বক্তৃভার বিবরণ এইরূপ প্রদত্ত হয়: "স্বামী বিবেকানল যথন ফার্স্ট ইউনিটেরিয়ান চার্চে হিন্দুধর্ম সম্বন্ধে বক্তৃতা করেন তথন শ্রোভারা অতীব মনোযোগ সহকারে ভনিতেছিলেন। শ্রোভাদের মধ্যে চিন্তালীল পুরুষ ও নারীরা ছিলেন…বিভিন্ন সম্প্রদায়ের ধর্মযাক্তকরাও ছিলেন।" এই বক্তৃতার তারিথ সম্ভবতঃ ২৪শে নভেম্বর। ২৬শে নভেম্বর সকালে তিনি ঐ গীর্জাতেই আর একটি বক্তৃতা দেন। ঐ ভাষণ সম্বন্ধে 'মিনিয়াপোলিস জার্নাল' লিখিয়াছিল: "কাল সকালে ইউনিটেরিয়ান চার্চ্চ আগ্রহশীল শ্রোভায় পরিপূর্ণ হইয়া গিয়াছিল। তাহারা স্বামী বিবেকানন্দের মুখে প্রাচ্য ধর্মের ব্যাখ্যা ভনিতে আসিয়াছিল।" 'পেরিপ্যাটেটিক ক্লাব'-এর আয়ুক্ল্যে প্রদত্ত এই বক্তৃতা-প্রসক্তে তিনি পাচটি অন্ধের হাতী দেখার গল্লটি ভনাইয়া কহিলেন, "ধর্মও এইরূপ এক বিবাদের বন্ধ হইয়া লাড়াইয়াছে। পাশ্চান্ত্যের লোকেরা মনে করেন, ভগবছর্মের তাহারাই একমাত্র অধিকারী, আবার প্রাচ্যদেরও তেমনি কুসংস্কার। উভয়েই প্রান্ধ, ভগবান সব ধর্মেই আছেন।…হিন্দুরা ভগবানের মাতৃত্বে বিশ্বাস করে।…আমরা ভালবাসারই ক্লম্ভ

ভগবানকে ভালবাসি এবং কোন জাতি কোন লোকসমষ্টি বা কোন ধর্ম ডতক্ষণ পর্বস্ত ভগবানকে পাইতে পারে না, যতক্ষণ না তাঁহাকে ভালবাসার জন্ম ভালবাসা হয়। পাশ্চান্তা জগৎ ব্যবসা-বাণিজ্যাদিতে দক; আমরা ধর্মে স্থদক্ষ। পভারতে কুসংস্কার আছে; কিন্তু তাহা নাই কোন দেশে ?" ইত্যাদি।

মিনিয়াপোলিসে একদিনও বিশ্রাম না করিয়া স্বামীজী আইওয়া স্টেটের **ভিময়েন-এর দিকে যাত্রা করিলেন। উহার দুরত্ব ২৫০ মাইলেরও অধিক।** ২৭শে নভেম্বর অপরাত্তে দেখানে এক ঘরোয়া বৈঠকে একটি ভাষণ ও সন্ধার জনসাধারণের জতা বক্ততা হইল। প্রকাশ্র বক্ততার বিষয় ছিল: হিন্দুধর্ম। ২৭শে নভেম্বর অপরাত্রে একটি প্রীতিসন্মেলনও হইয়াছিল। উহাতে আলোচা বিষয় ছিল: ভারতের রীতিনীতি এবং বক্তৃতার পরে স্বামীন্ধীকে বছ প্রশ্ন করা হইয়াছিল। 'ডিময়েন-নিউল্ল' পত্রিকায় প্রকাশ্ত বক্তৃতার যে বিবরণ বাহির इरेबाहिन, जारात्र माताः म এर : "পाका शृक्षान रहेए इरेल मकन धर्मरकरे মানা উচিত। এক ধর্মে যাহা নাই অপর ধর্মে তাহা মিলে: সে দবই দত্য এবং ভাল খুষ্টানের পক্ষে সবই স্বীকার্য। ... আমি ধর্মান্তরিত করার ভাবটা পছন্দ করি ना । ... जामात्मत्र त्मरण इरें । नम जाह्म-धर्म ७ मळानाम-गराहात्मत्र जर्थ हिक তোমরা যাহা বোঝ তাহা নহে। আমাদের মতে ধর্ম বলিতে সব ধর্মকেই বুঝায়। আমরা পরমতে অসহিষ্ণুতা ছাড়া আর সবই সহু করি। ... আর সম্প্রদায় বলিতে তাহাদের বুঝায়, যাহারা বলে, 'আমরা ঠিক ভোমরা ভূল।" এই বলিয়া তিনি কুপমভূকের গলটি ভনাইলেন। ডিময়েন-এ তাঁহার আর একটি বক্ততা হয় ২৮শে নভেম্বর রাত্রে খুটান চার্চে। বিষয় ছিল: পুনর্জন্ম।

শামীজী ভিময়েন-এ যে শ্বন্ধকাল ছিলেন, তাহাতে তিনি যেন নগরময় এক বিহাৎপ্রবাহ সঞ্চালিত করিয়াছিলেন। 'আইওয়া স্টেট রেজিন্টারে' এই বিবরণটি মৃত্রিত হইয়াছিল: "হিন্দু সন্ন্যাসী শামী বিবেকানন্দ ভিময়েন-এ ভিন বার বক্তৃতা করিয়াছিলেন। স্থের বিষয় যে, তিনি আরও পশ্চিমে যাওয়ার দিন পিছাইয়া দিয়া এখানে অধিক দিন থাকিতে পারিয়াছিলেন, যাহার ফলে তিনি শহরের শ্রেষ্ঠতম লোকদের সহিত সাক্ষাৎ করিতে পারিয়াছিলেন এবং ইহারাও তাঁহার সহিত দর্শন ও ধর্ম বিষয়ে আলাপাদিতে সময়ের সন্থাবহার করিতে পারিয়াছিলেন। কিন্তু কেহ যদি ঐ সন্ন্যাসীর সহিত তাঁহার নিজের গণ্ডির মধ্যে চুকিয়া বিরোধ করিতে চাহিতেন, ভবে তাঁহার ভাগো ঘটিত হর্ভোগ;

আর বাঁহারা প্রতিম্পর্ধার ভরদা কিছুমাত্র রাখিতেন, তাঁহারা ঐ পথই ধরিতেন। তাঁহার উত্তর আদিত বিহাৎ-ঝলকের মতো এবং হৃঃসাহদী তার্কিক ঐ ভারত-বাদীর অত্যুক্ত্রন বৃদ্ধিভল্লের ঘারা অবশ্রই বিদ্ধ হইতেন। তাঁহার বৃদ্ধি স্কন্ধ ও সমুক্ত্রন, এত সমৃদ্ধ ও স্থপরিমার্জিত যে উহার গতিবিধি শ্রোভাদিগকে ধাঁধা লাগাইয়া দিত, অথচ উহা দর্বদাই সাগ্রহে লক্ষ্য করার মতো জিনিস ছিল। তিনি ব্যথা দিবার মতো কিছুই বলিতেন না, কেননা উহা ছিল তাঁহার স্বভাব-বিকন্ধ। তাঁহার দহিত ঘনিষ্ঠভাবে পরিচিত সকলেই দেখিতেন, তিনি ছিলেন অতি অমায়িক ও ভালবাসার যোগা; এত সং, সরল, অকপট এবং সর্বপ্রকার সন্ধাবহারের জন্ম সর্বদা এমনি ক্রতক্ত ছিলেন তিনি! সত্যকারের বাঁহারা খুষ্টান তাঁহারা সকলেই বিবেকানন্দ ও তাঁহার বক্তব্য বিষয়কে সাদরে গ্রহণ করিয়াছিলেন।"

ইহার পর জাত্মারির শেষ ভাগ পর্যন্ত দীর্ঘ ছই মাস তিনি কি করিয়াছিলেন তাহার কোন বৃত্তান্ত এ বাবৎ সংগৃহীত হয় নাই। এই সময়মধ্যে লিখিত তিনখানি পত্রে তিনি তখন পর্যন্ত আমেরিকান সমাজকে কি চক্ষে দেখিয়াছিলেন এবং ভারতের উন্নতির জন্ম কি উপায় আবিষ্কার করিয়াছিলেন তাহার একটাঃ পরিষ্কার ধারণা পাওয়া যায়। আমরা পত্রত্রয়ের সংক্ষিপ্ত বিবরণ দিতেছি। প্রথম পত্রথানি শিশ্ম হরিপদ মিত্রকে লিখিত ২৮শে ভিসেম্বর তারিখে। ছিতীয় পত্রের তারিখ ২৪শে জাত্মারি; উহা মান্তাজের ভক্তদিগকে লিখিত। তৃতীয় পত্রথানি ২২শে জাত্মারি জুনাগড়ের দেওয়ানজীকে লিখিত ('বাণী ও রচনা', ৬।৩৮৭-২৭ পঃ:)।

প্রথম পত্তে আছে: "এদেশে আশ্চর্যের বিষয় অনেক। বিশেষ এদেশে দরিদ্র ও লী দরিদ্র নাই বলিলেই হয় ও এদেশের স্তীদের মতো লী কোপাও দেখি নাই। সংপ্রথম আমাদের দেশেও অনেক, কিন্তু এদেশের মেয়েদের মতো মেয়ে বড়ই কম। তার এদের মেয়েরা কি পবিত্র। পঁচিশ বংসর ত্রিশ বংসরের কমে কারুর বিবাহ হয় না। আর আকাশের পক্ষীর লায় স্বাধীন। তামাদের মেয়েদের উরতি করিতে পার ? তবে আশা আছে। নতুবা পশুজন্ম স্কুবে না। ছিতীয় দরিদ্র-লোক। যদি কারুর আমাদের নীচকুলে জন্ম হয়, তার আর আশা-ভরদা নাই, সে গেল। কেন হে বাপু ? কি অত্যাচার ! তার আর আমান আমরা কি মানুষ ! তারন স্বাতন ধর্মকে কি করে ফেলেছে !

এখন ধর্ম কোথায়? খালি ছুঁৎমার্গ—আমায় ছুঁয়ো না, ছুঁয়ো না।…এদের অনেক দোষও আছে। ফল এই, ধর্মবিষয়ে এরা আমাদের চেয়ে অনেক নীচে, আর সামাজিক সম্বন্ধে এরা অনেক উচেচ। এদের সামাজিক ভাব আমরা গ্রহণ করিব, আর এদের আমাদের অভূত ধর্ম শিক্ষা দিব।" অনেকগুলি মৌলিক কথাই এখানে পাইলাম—নারীসমাজ ও দরিদ্রের উন্নয়ন; ছুঁৎমার্গ-বর্জন, প্রাচ্য ও পাশ্চাত্যের নবীন আদান-প্রদানের ধারা।

দিতীয় পত্তে ইহারই কিছু কিছু পুনরুক্তি ও ভারতীয় অভ্যুখানের নবীন কল্পনার কথা আছে। হিন্দুধর্ম সম্বন্ধীয় একটি প্রবন্ধ পাঠাইয়া উহা বিভিন্ন ভাষায় প্রকাশ করিবার আগ্রহও তিনি দেখাইয়াছেন, যাহাতে হিন্দুজাতি তাহার নিজম্ব মৌলিক ভাবগুলি সম্বন্ধে অবহিত হইতে পারে। নিজের অর্থাভাব নাই, এই কথা জানাইয়া মাদ্রাজে সংগৃহীত অবশিষ্ট অর্থ এই কার্ষে ব্যয় করিবার নির্দেশ দিয়াছেন এবং একটি শাখাবিচ্ছালয়-সহ—একটি কেন্দ্রীয় বিচ্ছালয় স্থাপনের কথা উল্লেখ করিয়াছেন। "আমার উদ্দেশ্য এই যে, ভারতে বা ভারতের বাহিরে মহয়জাতি যে মহৎ চিম্বারাণি উদ্ভাবন করিয়াছে, তাহা অতি হীন, অতি দরিত্রের নিকট পর্যন্ত প্রচার করা। তারপর তারা নিজেরা ভাবুক। জ্বাতিভেদ থাকা উচিত কিনা, স্ত্ৰীলোকদের সম্পূর্ণ স্বাধীনতা পাওয়া উচিত কিনা, এ বিষয়ে আমার মাথা ঘামাইবার দরকার নাই।" সমাজ-সংস্থারে তিনি সরাসরি অংশ গ্রহণ না করিয়া শিক্ষান্বারা মামুষকে গড়িয়া তোলার পক্ষপাতী ছিলেন। স্বাধীন, দক্ষম, স্থাশিকত মামুষ নিজের পথ নিজেই গড়িয়া লইতে পারে। "আমার জীবনে এই একমাত্র আকাজ্জা বে. আমি এমন একটি যন্ত্র চালাইয়া যাইব—যাহা প্রত্যেক ব্যক্তির নিকট উচ্চ উচ্চ ভাবরাশি বহন করিয়া লইয়া যাইবে। তারপর भूक्षरे रुष्ठेक चात्र नात्रीरे रुष्डेक-निट्युतारे निट्युतात्र छात्रा तहना कतिरव। আমাদের পূর্বপুরুষণণ এবং অন্তান্ত জাতি জীবনের গুরুতর সমস্তাসমূহ সহছে কি চিন্তা করিয়াছেন, তাহা সকলে জাতুক। বিশেষতঃ তাহারা দেখুক-- অপরে এক্ষণে কি করিতেছে। তারপর তাহারা কি করিবে, শ্বির কর্মক।… चामारमत्र कार्यत्र এই मृन कथांठा नर्वमा मत्न त्राथिरव—'धर्म এकविन् ध चाचाज ना कतिया अनुमारात्रत्वत्र उम्रिक्टिविधान। भटन त्राथित्व पतित्वत्र कृणित्वरे আমাদের জাতীয় জীবন স্পন্দিত হইতেছে। । অবশ্র সকল সংস্থারকার্যেই আমার শহামুভতি আছে; বিধবাগণের স্বামীর সংখ্যার উপর কোন জাতির ভবিত্রৎ

নির্ভর করে না; কিন্তু উহা নির্ভর করে—জনসাধারণের অবস্থার উপর।" এই সঙ্গে 'ইন্টিরিয়র' কাগজ অবলম্বনে প্রাচ্যে প্রচারনিরত মিশনারীদের ও 'নীলনাসিক' (ব্লু-নোজ) প্রেসবিটেরিয়ান গোঁডাদের শক্রতার কথাও এই পত্তে উল্লিখিত আছে। স্থামীজী জানিতেন, খুটান ধর্মাজকরা সাধারণতঃ তাঁহার প্রতি বন্ধুভাবাপন্ন, আমেরিকান জাতিও তাঁহাকে বন্ধুভাবেই গ্রহণ করিয়াছিল, অতএব তখন পর্যন্ত তিনি এই বিদেশকে বড একটা আমল দেন নাই—বিদ্রেপ করিয়া উড়াইয়া দিয়াছিলেন। ভারতীয় মিশনারীদের উন্মার কারণও তিনি নির্দেশ করিয়াছিলেন, "প্রাচাদেশবাসিগণ এখানে দলে দলে অনেক আসাতে—তাহাদের (মিশনারীদের) ভারতে গিয়া বড়মান্থবি করিবার উপায় (অর্থাং আয়) অনেক কমিয়া আসিয়াছে।"

ততীয় চিঠিতে একটা বাক্তিগত স্থর আছে, যাহা পুর্বোক্ত পত্রবয়,হইতে ভিন্ন অথচ যাহা স্বামীজীর জীবনে গভীর তাৎপর্যপূর্ণ। একদা তাঁহার জীবনে এক ঘোর স্বন্দ উপন্থিত হইয়াছিল —তিনি শ্রীরামক্ষের বার্তাবহরণে সংসার ত্যাগ করিয়া জননী প্রভতিকে ত:থে ভাসাইবেন, অথবা তাঁহাদের স্থ-স্বাচ্চন্দা বিধানের জন্ম সংসাবে থাকিবেন। তিনি কেন সংসারত্যাগের পথ বাছিয়া লইয়াছিলেন, তাহার কারণ দেখাইতে গিয়া লিখিয়াছেন, "যদি আমি সংসাব-ত্যাগ না করিতাম, তবে আমার মহান গুরু পরমহংস এরামকুঞ্চদেব যে বিরাট সতা প্রচার করিতে জগতে অবতীর্ণ হইয়াছিলেন, তাহা প্রকাশিত হইতে পারিত না।" অতঃপর স্বীয় জীবনের অফুপ্রেরণার উৎস ও সাফল্যাদি সম্বন্ধ লিখিয়াছেন, "তিনি যে আমার দক্ষে আছেন, দে বিষয়ে আমি নি:দলেছ। আমি যতকণ থাঁটি আছি, ততকণ কেহই আমাকে প্রতিরোধ করতে সমর্থ হুইবে না: কারণ তিনিই আমার দহায়। ভারতের অসংখ্য নরনারী আমাকে ব্রিতে পারে নাই। আর কিরপেই বা পারিবে? বেচারীদের চিন্তাধারা দৈনন্দিন খাওয়াপরার ধরাবাঁধা নিয়মকামুনের গণ্ডিই যে কখন অতিক্রম করিতে পারে না। কেবল আপনার লায় মহৎ-অন্ত:করণ-বিশিষ্ট মৃষ্টিমেয় কয়েকজন মাত্র স্থামার গুণগ্রাহী। ... কি কারণে হিন্দু ছাতি তাহার স্পন্ত বৃদ্ধি এবং স্বক্তান্ত গুণাবলী সত্ত্বেও ছিন্নবিচ্ছিন্ন হইয়া গেল? আমি বলি, হিংসা। এই চুর্ভাগা হিন্দুজাতি পরস্পরের প্রতি যেরপ জঘন্তভাবে ঈর্বান্বিত এবং পরস্পরের ঘশ-খ্যাতিতে বেভাবে হিংসাপরায়ণ, তাহা কোনকালে কোথাও দেখা বায় নাই।

যদি আপনি কথন পাশ্চান্ত্য দেশে আসেন, তবে এতদ্দেশবাসীর মধ্যে এই হিংসার অভাবই সর্বপ্রথম আপনার নন্ধরে পড়িবে।"

কে জানে, স্বামীজী এই পত্রে মন্ত্র্মদার মহাশ্যের ব্যক্তিগত বিদ্বেরর প্রতিকটাক করিয়াছিলেন কিনা! মিশনারীদের ব্যক্তিগত আক্রোশের কথাও পূর্ব পত্রে উল্লিখিত আছে। তবু যে স্বামীজী বিদ্বেরাহিত্যের কথা লিখিয়াছেন, তাহা পরস্পরের প্রতি আমেরিকার জনসাধারণের প্রীতির কথা ভাবিয়াই লিখিয়াছেন বলিয়া মনে হয় জন কয়েক মিশনারীদের কথা ছাড়িয়া দিলে স্বামীজী নিজেও তথন পর্যন্ত সকলেরই সাহায়্য ও প্রশংসাদি পাইয়া আসিতেছিলেন। কিন্তু এসকল কথার অর্থ ইহা নহে যে, সন্ধীর্ণমনা ও ভারতের বিক্লজে কুৎসারটনাকাবী মিশনারীরা আমেরিকার জনগণের মনকে ভারতের প্রতিবিদ্বেজাবাপন্ন করেন নাই। ইহাই আশ্চর্য এবং এখানেই স্বামীজীর ব্যক্তিজ্বের মাধুর্য যে, তিনি তবু সকলের বন্ধুজ্ব পাইয়াছিলেন। তাই আমেরিকার তৎকালীন মনোভাবেব সহিত একটু পরিচয় না হইলে স্বামীজীর সাফল্যের প্রকৃত ম্ল্যায়ন সন্তব নহে।

নবীন স্বাধীনতালন্ধ আমেরিকা নবোগ্যমে ইহলৌকিক উন্নতিমার্গে ক্রত অগ্রসর হইতেছিল; কিন্ধ বিজ্ঞানের উন্নতি ও তৎসহগামী নবীন চিন্তাধারা উনবিংশ শতান্দীর শেষভাগে এক বিষম সমস্থার জন্ম দিয়া খৃষ্টান সমাজকে দ্বিধা বিভক্ত করিল। উগ্রপন্থী প্রাচীনরা নবালোককে অস্বীকারপূর্বক বাইবেলের আক্ষরিক অর্থকেই সত্য বলিয়া বুকে আঁকডাইয়া ধরিলেন। উদারপদ্বীরা মানবের নবাবিদ্ধারের মর্ম উপলন্ধি করিয়া ভাহার সহিত ধর্মের সামঞ্চস্থা বিধানে সচেষ্ট হইলেও ধর্মের আধ্যান্থিক দিক ভূলিয়া সামান্ধিক উন্নতির জন্ম ধর্মের প্রয়োগে অত্যধিক উৎস্থক হইলেন; ধর্মনেতাদের তথন কর্তব্য হইল, মজত্বনদের সমস্থাসমাধান, বস্তী-পরিক্ষার, সামান্ধিক হিতের বিক্রোণায়ে অর্থোপার্ক্তনের আনৈতিকতা প্রদর্শনি, রাজনীতিক অসদাচার নিবারণ ইত্যাদি। সামান্ধিক, আর্থনীতিক ও রাজনীতিক ক্ষেত্রে নৈতিক আচার প্রতিষ্ঠা করার দায়িত্ব এখন প্রতিল ধর্মের ক্ষন্ধে। জড়বাদ বা বৈজ্ঞানিকদৃষ্টি নামক অপর যে মতবাদ ধর্মনিরপেক্ষ উপায়াবলন্থনে বিজ্ঞানসমত দার্শনিক ভিন্তিতে সমাক্ষর্গঠনে উন্মৃথ ছিল, উদারপদ্বী খৃষ্টানদের অনেকেই ভাহার সহিত একটা রক্ষা করিয়া চলিতে অতিমাত্র আগ্রহণীল ছিলেন। আধ্যান্থিক উন্নতিকে তথন প্রকৃত্ত সামান্ধিক

উন্নতির ভিত্তি মনে না করিয়া বরং সামাজিক ও আর্থিক প্রাচূর্যকেই আধ্যাত্মিক উন্নতির কারণ বা লক্ষণ বলা হইত। উদারপদ্বীদের প্রভাব ছিল বেশী পূর্বাঞ্চলে অতলান্তিক মহাসাগরের কূলে, আর প্রাচীনপদ্বীরা আদৃত হইতেন মধ্যপশ্চিম ও দক্ষিণ প্রান্তে। পূর্বাঞ্চলীয়দের আগ্রহ ছিল সামাজিক ও আর্থনীতিক সংস্কারের দিকে, আর দ্বিতীয় অঞ্চলের ঝোঁক ছিল পাপ ও মাদকতানিবারণের দিকে।

মধ্যপশ্চিম ও দক্ষিণে ছিল গীর্জাপন্থী নারীসমাজের আধিপত্য। ইইংারা যুক্তির প্রাধান্ত না মানিয়া ভাবাবেগকেই অধিক মর্যাদা দিতেন, এবং পাপ বা কল্পিত অনৈতিকতা আবিষ্কার ও উহার সংস্কারকেই ধর্মের সার মনে করিয়া উহাতেই নিরত থাকিতেন। ইহাদের ভয়ে সমাজ ছিল সম্প্রত এবং মিশনারীরা ইহাদের নিকট অর্থভিক্ষা পাইতেন। নারীসমাজে যে নবীন সংস্কৃতি ও প্রগতির আভাস দেখা দিয়াছিল উহাকে ইহারা অবজ্ঞার চক্ষে দেখিতেন এবং একটা কাল্পনিক প্রাচীন সংস্কৃতিসম্পন্ন নারীসমাজের আদর্শই সকলের সমূথে তুলিয়া ধরিতেন। সমস্ত সামাজিক প্রচেষ্টায় ইহাদেরই মতের জয় হইত। আর পুরুষরা নীরবে ইহাদের নেতৃত্ব স্বীকার করিতেন।

এইরূপ পরিস্থিতির সাহায্যে লব্ধবল মিশনারীরা ভারতীয় ধর্মকে আমেরিকায় কতথানি হীন বলিয়া প্রচার করিতেন তাহার ধারণা করাও এখন অসম্ভব। ছবি আঁকিয়া ও কবিতা লিথিয়া বলা হইত, "পবিত্র গন্ধার স্রোত যেখানে প্রবাহিত হয়, দেখ, সেখানে অধামিক হিন্দু নারী কেমন করিয়া স্বহস্তে নিজ শিশুকে গন্ধায় বিসর্জন দিতেছে! আর সে শিশুকে যখন কুমীর প্রভৃতি হিংল্র জলজন্ধ লইয়া যায়, তখন কি মর্মন্তদ ক্রন্দনধ্বনিই না উপিত হয়! সে ক্রন্দন ক্রমে দ্রদ্রান্তরে মিলাইয়া যায়, কিন্তু জননীর হাদয় তখন বক্তকটিন, সে নিবিকার-চিত্তে তাহা ভানে। সে দেশে বাইবেল পাঠাও, পাঠাও শীঘ্র করিয়া। খুইের বাণী মায়েদের মর্মে প্রবেশ করুক, তাহা হইলে তাহারা আর রাক্ষসীর মতো সম্ভানের জীবননাশ করিবে না, মায়েরই মতো তাহাদের চিত্ত তখন কোমল হইবে।" এই প্রচারকদের মতে ভারতীয় স্বামীরা স্বীয় হত্তে চিতাগ্নি প্রস্তুত্ত করিয়া পত্মীদগকে দগ্ধ করিত, জননীরা সভ্যোজাত শিশুকে মাংসাশী পক্ষীদের ভোজনের জন্ম বৃক্ষশাবে ঝুলাইয়া রাখিত, মাহুষ স্বেচ্ছায় জগন্ধাথের রথচক্রনিয়ে নিম্পেষিত হইয়া আত্মহত্যা করিত—এইরূপ আরও কত কি আজগুবি কাহিনী! এইজাতীয় মিধ্যা অপবাদে মর্মাহত হইয়া স্বামীক্রী যথন বলিয়াছিলেন বে,

প্রতীচ্য ষেরপ প্রাচ্যের প্রতি মিখ্যা প্রচার ও নিন্দাবাদের আশ্রয় লইয়াছে. তাহার প্রতিশোধকল্পে ভারত যদি ভারতমহাদাগরের তলদেশের সমস্ত কাদা পাল্চাত্ত্যের দিকে ছু ড়িয়া মারে, তবু ষথেষ্ট প্রতিশোধ হইবে না, তথন তিনি একট্ও অত্যক্তি করেন নাই। এইরূপ বিরুদ্ধভাবের মধ্যেও স্বামীন্দ্রী যেরূপ সাহস অবলম্বনে স্বীয় উদার মত প্রকাশ করিয়াছিলেন, তাহা সতাই অত্যাশ্রহ। অবশ্য ইহা ঠিক যে, তাঁহার মত একাস্কভাবে গ্রহণ করিয়াছিল, এরপ লোকসংখ্যা তখন খুব কমই ছিল, কিন্তু তিনি এমন এক শক্তিশালী ভাবধারা প্রবাহিত করিয়াছিলেন যে, শত্রু ও মিত্র সকলকেই উহার প্রতি সাগ্রহ দৃষ্টি নিক্ষেপ করিতে হইয়াছিল এবং তদম্বায়ী নিজ নিজ কর্মধারা ও চিন্তাপ্রণালীকে জ্ঞাতদারে বা অজ্ঞাতসারে নৃতন করিয়া স্থবিশ্রন্ত করিতে বাধ্য করিয়াছিল। স্বামী षरा कार्यातकाव श्रीव पालकाव करन १२०७ शृहोरस्त १५३ मार्ट स কথাগুলি বলিয়াছিলেন, তাহা অতীব সত্য: "গত দশ বংসর মধ্যে আমেরিকার যুক্তরাষ্ট্রে এমন গীর্জা-বেদী থুব কমই ছিল যেখানকার ধর্ম-বক্তারা জগদ্বিখ্যাত স্বামী বিবেকানন্দের স্বপক্ষে বা বিপক্ষে কিছু না কিছু বলিতে বাধ্য হইয়াছিলেন।" অধিকম্ভ আমরা বলিতে পারি, এই শক্রভাবে বা মিত্রভাবে সাধনার দ্বারা আমেরিকায় এক অন্তত পরিবর্তন আসিয়াছিল এবং উহার প্রভাব হইতে অফুদার মধ্যপশ্চিমও আত্মরকা করিতে পারে নাই।

নবীন আলোকের ছটা ওগতি বেখানে ক্ষীণ ও মন্বর সেই মধ্য-পশ্চিমের পরে স্থামীজী গিয়াছিলেন অধিকতর নবালোকোদ্যাসিত মেম্ফিস নগরে 'নাইন্টিন্থ সেঞ্রী' ক্লাবের আমন্ত্রণে। স্থামীজী তথন বক্তৃতা কোম্পানীর সহিত চুক্তিবন্ধ থাকায়, ঐ কোম্পানী সমন্ত বক্তৃতায় লব্ধ অর্থের একটা মোটা অংশ আত্মসাৎ করিত। অথচ প্রাথমিক ব্যবস্থা অনেক ক্ষেত্রেই স্থানীয় লোকের সহিত্ত স্থামীজীর পত্রালাপ ইত্যাদির দারা স্থিরীক্ষত হইত। এইরূপেই 'পেরিপ্যাটেটিক ক্লাবে'র আমন্ত্রণে তিনি মিনিয়াপোলিস গিয়াছিলেন, শ্রীযুক্ত ডাঃ এইচ. ও. ব্রিডেন তাঁহার ডিময়েন-এর বক্তৃতায় প্রাথমিক আয়োজন করিয়াছিলেন এবং পরে 'ইউনিটি ক্লাব' তাঁহার ডেট্রেট গমনের ব্যবস্থা করিয়াছিলেন। মেম্ফিলে স্থামীজী শ্রীযুক্ত এইচ. এন. ব্রিক্লির অতিথি হইয়াছিলেন। এই ভন্তলোক 'লা স্থালিট আ্যাকাডেমি' বা শ্রীমতী মুনের বাসগৃহাবলী নামে পরিচিত একটি স্থানে বাস করিডেন। কুমারী ভার্জিনিয়া মূন-এর 'বোর্ডিং হাউস'-এর

বৈঠকখানাতেই স্বামীন্দ্রী আগন্ধকদের সহিত বাক্যালাপ করিতেন এবং ঐ কক্ষে তুইবার বক্তৃতাও করেন।

১৩ই জামুয়ারি স্বামীজী মেম্ফিলে উপস্থিত হন, এবং সেদিন স্ক্ষ্যায় প্রীযুক্তা এস. আর শেকার্ড-এর গৃহে তাঁহার জন্ম একটি প্রীতিসম্মেলন আছত হয়। পরদিন রবিবারে তিনি স্থানীয় এক সাংবাদিকের সহিত সাক্ষাৎকারকালে যাহা বলেন তাহা 'মেম্ফিল কমার্শিয়াল' পত্রিকায় ১৫ই জামুয়ারি মৃত্রিত হয়। এই সাক্ষাৎকারকালে স্বামীজী বলেন: চিকাগোর ধর্মমহাসভা মামুমের মনকে পুর্বাপেক্ষা উদার করিয়াছে। দকল ধর্মই সত্যা, অতএব বিবাদের প্রয়োজন নাই। যে কোন ধর্মেই সাধ্বাক্তির মৃক্তি অবশ্রজাবী। সিদ্ধাই-এর প্রতি হিন্দুরা প্রদাশীল নহেন। ধর্মের সহিত এই সকলের কোন অচ্ছেল্য সম্বন্ধ নাই।

১৫ই জান্তমারি সোমবাব অপরাহে তাঁহার প্রথম বক্তৃতা হইল 'নাইন্টিন্থ সেঞ্রী ক্লাব'-এর সৌজন্তে তাহাদেরই ক্লাব গৃহে। ঐ বক্তৃতার পরে একটি প্রীতি-সম্মেলন আয়োজিত হয়। পরদিন তিনি 'অভিটরিয়াম'-এ হিন্দুধর্ম সম্বন্ধে বক্তৃতা করেন। এই সকল ঘটনার বিবরণ প্রদানকালে 'আ্যাপিল অ্যাভালেন্দ' পত্রিকায় তাঁহার সম্বন্ধে মন্তব্য করা হয়: 'বক্তৃতামঞ্চের অন্ততম অতিমানব', 'তিনি তাঁহার জাতির আদর্শ মুখপাত্র', 'বিশ্বমেলার অন্তর্ভুক্ত মহাসভার ইনি এক অতি চিত্তাকর্ষক ব্যক্তি', 'দৈবশক্তিসম্পন্ন বাগ্মী ইনি'—এই সমস্ত এবং এতদপেক্ষাও অধিকতর বিশেষণ হিন্দু সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের প্রতি প্রযোজ্য।" ঐ সংবাদপত্র হইতেই জানা যায়, তিনি কর্ণেল আরু বি. স্নোডেন-এর গৃহে রবিবারে নৈশভোজনে আমন্ত্রিত ইইয়াছিলেন এবং সেখানে সহকারী বিশপ টমাস এফ, গেলর, রেভাঃ ডাঃ জর্জ প্যাটার্সন ও অন্যান্ত ধর্মবাজকের সহিত্ত

১৬ই জাহ্যারি 'অভিটরিয়ামে' হিন্দুধর্ম সম্বন্ধে সামীক্ষী যে বক্তা করেন তাহার বিবরণ ১৭ই তারিথের 'মেম্ফিন কমার্শিয়াল'পত্রিকায় মূদ্রিত হয়। উহার সারাংশ এই : পরমতসহিষ্ণুতাই ছিল তাঁহার বক্তব্য, আর সার্বভৌম দৃষ্টি লইয়াই তিনি ইহা বলিয়াছিলেন এবং দৃষ্টাস্কস্বরূপ হিন্দুধর্মের কথা উল্লেখ করিয়াছিলেন। প্রীতি ও পরমতের প্রতি সহামুভূতিই সর্বধর্মের সার হওয়া উচিত। হিন্দুধর্মের আচার-অমুষ্ঠান প্রভৃতির কথা না বলিয়া তিনি বরং মৌলিক তত্ত্ব-কথাই অধিক বলিয়াছিলেন। যে কয়টি অমুষ্ঠানের কথা তিনি তুলিয়াছিলেন, তাহা স্পষ্ট-

রূপেই ব্যাখ্যা করিয়াছিলেন। হিন্দুধর্ম পূর্বজন্মে বিশ্বাস করে এবং মানবজীবনের সহিত একটা মৌলিক পাপ মিশ্রিত আছে, বাইবেলাক্ত এইরূপ পাপবাদে বিশ্বাস করে না। মাহ্মর পবিত্র ছিল এবং পবিত্রতাতেই ফিরিয়া যায়। ইতিহাসের দৃষ্টান্ত তুলিয়া তিনি দেখাইয়া দিলেন, হিন্দুরা শুর্ব কথায় নহে, বান্তবক্ষেত্রেও কত পরধর্মসহনদীল। হিন্দুরা কত উদার ইহা প্রমাণ করিবার জন্ম বলিলেন যে, একই পরিবারের বিভিন্ন ব্যক্তির বিভিন্ন ইষ্ট থাকিতে পারে, কিন্তু সকলেই ভগবত্তবের মূলগত প্রেমের পূজারী বলিয়া সকলে বন্ধত: একই ভগবানের ভক্ত। হিন্দুদের প্রতীক শুর্ব ভগবদগুণাবলীরই স্মারক ও ভগবদ্ধানের অবলম্বন। "ঠাহার সমগ্র বক্তৃতাটি উদ্ধৃত করা অসম্ভব, কিন্তু ইহা ছিল সৌল্রাত্র স্থাপনের জন্ম একটি অত্যুৎকৃষ্ট আবেদন, এবং একটি মনোরম ধর্মমতের বাগ্মিতাপূর্ণ সমর্থন। আর সমাপ্রিটিও উল্লেখযোগ্যরূপে মনোরম হইয়া উঠিল, যথন তিনি ঘোষণা করিলেন রে, তিনি যীশুণ্টকে স্বীকার করিয়া লইতে প্রস্তুত থাকিলেও তিনি শ্রীক্রম্ব এবং বৃদ্ধের সন্মুখে অবশ্রুই মন্তব্ধ অবনত করিবেন। পরে তিনি সভাতার নিষ্ঠ্রতা সম্বন্ধে একথানি স্থন্সর চিত্র অন্ধিত করিলেন আব বলিলেন, এই প্রগতিম্থে কত অপরাধরাশির জন্ম তিনি যীশুণ্টকে দায়ী করিতে প্রস্তুত নহেন।"

১৭ই জান্বয়ারি 'ওম্যান্স্ কাউন্সিল'-এর বাডীতে তাঁহার বক্তার বিষয় ছিল 'মান্তবের ভাগা'। 'আাপিল আভাল্যান্স'-এ উহার যে বিবরণ বাহির হইয়ছিল উহা সংক্ষেপে এই: "কানন্দের (স্বামী বিবেকানন্দের) ভগবান সম্বন্ধে ধারণা ও পাপের শান্তির ধারণা খুটানদের মতো নহে। মনকে তিনি অমর বিলিয়া মানেন না। ভগবান দ্রে স্বর্গে অধিষ্ঠিত নহেন, 'আমি ব্রহ্ম'। মান্তব পূর্ব হইতেই পবিত্র, কিন্ধু স্বরূপ ভূলিয়া কট্ট পাইতেছে। অতঃপর তিনি সিংহ-মেষশাবকের গল্লটি শুনাইলেন। এবং তিনি বস্টনে যে মহিলা-সংশোধনাগার দেখিয়াছিলেন, তাহার উল্লেখ করিয়া বলিলেন, ক্রমা, ভালবাদা ও বিশ্বাসের ছারাই মান্তব্য সংশোধিত হয়, দণ্ডের দ্বারা তেমন ফল হয় না। ধর্ম ত্র্বলতা হইতে উভূত নহে—ধর্মের অর্থ ক্রমবর্ধমান, ক্রমপ্রকাশমান, ক্রমবিন্তারশীল প্রেম। একত্ব ও বৈচিত্র্য তুই থাকা আবশ্রক। অতঃপর তিনি ছয়্ম অন্ধের হন্তিদর্শনের গল্লটি শুনাইয়া বলিলেন: অক্সতা ও ধর্মোল্পতা কথনও সভাকে পিষিয়া মারিতে পারে না। অন্ত্র, আমরা সকলের সাহাধ্যে রত হই, ধ্বংসে নহে।"

মেম্ফিনে স্বামীকীর অকুরাগীর সংখ্যা ক্রমেই বাভিয়া চলিল এবং ইহাদের

অফুরোধে তাঁহাকে সেধানে আরও তিনটি বক্তৃতা দিতে হইল। প্রথম চুইটি 'লা স্থালিট অ্যাকাডেমিতে' হইয়াছিল। শুক্রবার সন্ধ্যায় বক্তৃতার বিষয় ছিল: পুনর্জন্ম। তিনি বলিলেন, প্রাচীন সব ধর্মেই পুনর্জন্ম স্বীকৃত হইত; এখন হিন্দু ও বৌদ্ধদের মধ্যে ইহা স্বীকৃত হয়। পাশ্চাত্ত্যেরা মনে করেন পুনর্জন্মবাদ স্বীকার করিলে ম্বনৈতিকতাকে প্রশ্রম দেওয়া হইবে। কিন্তু নীতির উৎসক্রপে যে স্থায়পরায়ণ ভগবানকে মানা হয়, তাহার কোন যুক্তিসঙ্গত ভিত্তি নাই। স্থায় থাকিলেই অন্তায়ও থাকিবে। ভগবান যদি জগতের অন্তায়ের জন্ম দায়ী না হন, তবে দায়ী কে ? পুনর্জন্মবাদে ইহার ব্যাখ্যা পাওয়া যায়। কারণ ছাড়া কার্য হয় না। জগৎ শৃতা হইতে আদে নাই। কারণ-পরম্পরাই কার্যপরম্পরা স্ঞ্জন করে; এইরূপে মাস্থধের বর্তমান জন্ম পুর্বজন্মের ফলে রচিত। "আমি যথন ট্রেনে মিনিয়াপোলিস হইতে আসিতেছিলাম, তথন এক গোপালক, যে ছিল কৃক স্বভাবের এবং 'নীল-নাসিক' শ্রেণীর প্রেসবিটেরিয়ান, আমাকে জিজ্ঞাসা वित्रम, चामि द्यार्था इटेट चामियाहि। चामि विनाम, ভाরত इटेट । 'আপনার ধর্ম কি ?'—দে জিজ্ঞানা করিল। আমি বলিলাম, 'হিন্দু'। 'তাহা হইলে আপনাকে নরকে ষাইতে হইবে ?'—দে বলিয়া উঠিল। আমি তথন **छाशाब्स এই পুনর্জন্মবাদের কথা अনাইলাম।** সে বলিল, সে উহাতে সর্বদাই বিশ্বাসী, কারণ সে যথন একদিন কাঠ কাটিতেছিল, তথন তাহার ছোট বোনটি তাহার পোষাক পরিয়া আসিয়া বলিল, 'সে পুর্বে পুরুষ ছিল।' পুনর্জ্মবাদের चात्र এक है। त्मीनर्य এই यে, देश वर्तन, याश दरेश शियाहर जाशांत्र अन्न जा ষাপদোদ করিয়া লাভ নাই, বরং প্রতিমৃহুর্তে আবার ভভ কর্ম করার যে নৃতন অবকাশ আদে তাহা গ্রহণ করা উচিত।

পরদিন অপরাত্নে একই স্থলে বক্তৃতার বিষয় ছিল: 'ভারতের রীতিনীতি'। বেদিন লোকসমাগম অধিক হয় নাই; কারণ আবহাওয়া ছিল থারাপ। বক্তৃতার বিবরণ দিতে গিয়া সাংবাদিক লিখিলেন: খৃইধর্মাবলম্বী আমেরিকার একটা প্রধান কর্তব্য ছিল অখৃষ্টান ও তমসাচ্ছয় ভারতকে আলোকোজ্জল করা; কিছ মনে হয় প্রাচ্য স্থোতিতে ভাম্বর বিবেকানন্দের ধর্ম আমাদের পূর্বপূক্ষদিগের নিকট প্রাপ্ত প্রাচীন খৃইধর্মের সৌন্দর্যকে রাজ্গ্রন্তপ্রায় করিয়াছে এবং অধিকতর শিক্ষিত অনেক আমেরিকানদের হ্লয়ে প্রসার লাভের জ্ল্প উহা অতি উপযুক্ত ক্লেজ্র পাইবে। "মেম্ফিনে আজ পর্যন্ত যক্ত অলাসয়াছেন, তাঁহাদের মধ্যে

কানন্দ সর্বাধিক আগ্রহের সহিত গৃহীত হইয়াছেন।" বফুডাকালে মহিলারা তাঁহাকে অনেক প্রশ্ন করিয়াছিলেন এবং তিনিও সহ্তর দিয়াছিলেন; কিছ এইসব বাধা সত্ত্বেও তিনি কখনও মূল বিষয় হইতে বিচ্যুত হন নাই।

অবশ্য স্বামীজীকে সকলেই সাদরে গ্রহণ করেন নাই। বিশেষতঃ ধর্মঘাক্সকগণ তাঁহার বিরোধিতা করিতে থাকেন। স্থালিভান নামক এক ধর্মঘাজক ঐ বিষয়ে অগ্রণী হইয়াছিলেন বলিয়া মনে হয়। ২১শে জান্ম্যারি তিনি গীর্জায় যে ভাষণ দেন তাহাতে দেখা যায়, তিনি বাইবেলকে সর্বধর্মশাস্থের শীর্ষে স্থাপন করিতে বন্ধণরিকর; তাঁহার মতে ধর্মমহাসভা একটা প্রকাণ্ড ঠকবাজী এবং পুনর্জন্মবাদে আত্মার অমরত্ব স্বীকৃত হয় না, বরং বলা হয়, মান্ত্র মরিয়া পশুপক্ষী হইবে; ভাই ষদি হয়, তবে মান্ত্র না হইয়া শত্যে বিলীন হওয়া বরং ভাল।

২১শে জাস্থ্যারি রবিবারে স্বামীজী 'লা স্থালিট স্থ্যাকাডেমি'তে একটি স্থালোচনাসভায় উপস্থিত বিভিন্ন জিজ্ঞাস্থর প্রশ্নের উত্তর দেন। সংবাদদাতা লিথিয়াছেন: পাশ্চান্ত্যসমাজের দোষক্রটি স্বামীজীর নজরে পড়িলেও তিনি স্পজ্জ্ঞাসিতভাবে কথনও সমালোচনা করিতেন না; বরং বলিতেন, উহা হইতে ভারত যাহা কিছু গ্রহণ করিতে পারে, তিনি তাহা ভাল করিয়া শিথিতেছেন। একজন প্রশ্ন করিলেন, হিন্দুরা যদি স্বতই ধার্মিক ও নীতিপরায়ণ হয়, তবে তাহারা অপর জ্ঞাতির তুলনায় অমন অধ্যণতিত কেন? উত্তরে স্বামীজী বলিলেন, জাগতিক উন্নতিবিধান ধর্মের কাজ নয়, আর ধর্ম তো খৃষ্টানজগতেরও উন্নতিসাধন করে নাই, প্রত্যুত খৃষ্টধর্ম পাশ্চান্ত্য জগতে প্রতি পদে বিজ্ঞানের নবালোকের পথে বাধা স্থাষ্ট করিয়াছে। তবে তিনি ইহাও বলিলেন যে, পাশ্চান্ত্য চিন্তা ও কর্মধারার সহিত প্রাচ্য চিন্তা ও কার্যধারার মিলনেই উভয় প্রান্তের হিতকর নবীন পন্থার স্থাষ্ট হইতে পারে।

সেই রাত্রেই তিনি তাঁহার সর্বাধিক প্রেরণাময় একটি ভাষণ প্রদান করিলেন। উহার স্থান ছিল 'ইয়ং মেনস্ হিক্র অ্যাসোসিয়েশন হল' এবং বিষয় ছিল : 'তুলনামূলক ঈশ্বরবাদ'। এই বফ্চভার ২২শে জামুয়ারির বিবরণ হইতে জানা যায়, "এ পর্যন্ত বিবেকানন্দ যত বক্তৃতা দিয়াছেন, তাহাতে লব্ধ অর্থ কোন নাকোন সংকার্যে উৎসর্গীকৃত হইয়াছে এবং ইহা নি:সন্দেহে বলা চলে যে, ঐ প্রতিষ্ঠানগুলি বিশেষ উপকৃত্তও হইয়াছে। কিন্তু গত রাত্রের বক্তৃতাটি তিনি নিজের জন্তা দিয়াছিলেন ও উহার আ্যোজন করিয়াছিলেন বিবেকানন্দের ঘনিষ্ঠ

বন্ধু এইচ. এল. ব্রিষ্ লী।" ঐ বক্তায় স্বামীজী ইতিহাস অবলম্বনে ধর্মচিস্তার ক্রমোন্নতির ধারা দেখাইয়া দিলেন এবং বলিলেন, কোন না কোন আকারে ধর্ম সর্বত্র, এমনকি অসভ্যদের মধ্যেও আছে। মানবাত্মা যেন বায়ুবিন্দুর ন্থায় জলের নিম্নদেশে পতিত হইয়া স্বভাবতই উপরে উঠিতে সর্বদা চেষ্টা করিতেছে। আর এই চেষ্টাই ধর্মের রূপ ধারণ করে।

২২শে জাহ্মারি স্বামীজী মেম্ফিস ছাড়িয়া চিকাগোয় চলিলেন, কারণ ২২শে সেথানে তাঁহার বক্তা দিবার কথা ছিল। চিকাগোতে ২২শে রাজে তিনি কি বিষয়ে কোথায় বলিয়াছিলেন, কিছুই জানা নাই। তেমনি অজ্ঞাত রহিয়া গিয়াছে, তাঁহার জীবনের কর্মচঞ্চল অনেকগুলি গভীর তাৎপর্যপূর্ণ দিন। মহাসভার কার্যসমাপনাস্তে তিনি নভেম্বরের প্রায় তৃতীয় সপ্তাহ পর্যন্ত চিকাগোও পার্মবর্তী নগরগুলিতে বক্তা দিয়াছিলেন। পরে নভেম্বরের শেষে, সম্ভবতঃ 'স্লেটন লাইসিয়াস ব্যরো'র ব্যবস্থাম্পারে ম্যাডিসন, মিনিয়াপোলিস, ভিময়েন, আইওয়া সিটি ইত্যাদি স্থলে বক্তা দিয়াছিলেন, ইহা আমরা দেথিয়াছি।

অত:পর প্রায় হুই মাস—অর্থাৎ মেম্ফিসে উপস্থিত হওয়া পর্যন্ত আর কোন থবর পাওয়া যায় না। তবে আমরা যেটুকু থবর মধ্যপশ্চিম ও মেমফিস সম্বদ্ধে পাই, উহা হইতে যদি তাঁহার কর্মব্যক্ততার কোন অহুমান করা যুক্তিসঙ্গত হয়, তবে বলিতে হইবে, মধ্যবর্তী দাত সপ্তাহে তিনি আরও অন্ততঃ চৌদ্দটি শহরে বক্ততা দিয়াছিলেন। আর ইহার কিঞ্চিৎ আভাস তাঁহার একথানি পত্রে পাওয়া যায়। ১৯শে মার্চ, ১৮৯৪ তারিখে চিকাগো হইতে স্বামী রামক্ষণাননকে লিখিত এক পত্তে অসহা শীতের বর্ণনার পরে তিনি লিখিয়াছিলেন, "প্রথমে একটু ভয় হয়েছিল; তারপর গরজের দায়ে একদিন রেলে ক'রে কানাডার কাছে. ষিতীয় দিন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ভাগে লেকচার করে বেড়াচিচ।" সময়ের হিসাব --একদিনে উত্তর হইতে দক্ষিণে যাওয়ার কথা-ছাড়িয়া দেওয়া চলে; ঐরূপ একটু অত্যক্তি বন্ধবান্ধবের মধ্যে হইয়াই থাকে। কিন্তু বাকী ষেটুকু তথ্য পাই, ভাহাতে পরিষ্কার ব্ঝা যায়, তিনি দারুণ শীতেও চুপ করিয়া বসিয়া থাকেন নাই—অবিরাম ইতন্তত: ভ্রমণ করিয়াছিলেন। এই বিষয়ে আরও তথ্য পাই ভগিনী ক্টিন-এর স্বতিকথায়: "ধর্মহাসভার পরে 'পণ্ড্স লেকচার ব্যুরো' (?) নামক একটা বক্তৃতা কোম্পানীর পরিচালনাধীনে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে বক্তৃতা দিয়া বেড়াইবার জন্ম স্বামী বিবেকাননকে সম্মত করানো হইল : ... সাধারণ



চিকাগো — ১৮৯৪ (সম্ভবত: হেল—পরিবার বাসভবনে)

প্রথামুষামী স্থানীয় কমিটিকে এই সব বিষয় হইতে একটি বিষয় বাছিয়া লইতে বলা হইত—'মানবের দেবম্ব', 'ভারতের রীতিনীতি', 'ভারতীয় নারীসমাম্ব'. 'আমাদের পরস্পরাগত সংস্কৃতি'।…সব সময়েই দেখা যাইত বক্ততা-স্থানটি যদি কোন খনির নিকট অবস্থিত থাকিত, যেখানে বন্ধির চর্চা অল্পই হয়, তবে সর্বাধিক কঠিন বিষয়ই বাছিয়া লওয়া হইত। বক্ততার প্রতিক্রিয়ারূপে শ্রোতাদের মুখে একটুও বৃদ্ধির আলোক উদ্দীপিত না হইলে বক্ততা দেওয়া যে কত কঠিন, তাহা তিনি আমাদিগকে বলিয়াছিলেন।" রোমা রোলার ভাষায় বলিতে গেলে বক্ততা কোম্পানী "তাঁহাকে যেন কোন সার্কাদের দুটব্য বস্তুর ক্রায় আমেরিকার শহরে শহরে ঘুরাইত; আর তিনি শীতে রেলভ্রমণ, জিনিসপত্র সামলানো, দীপ্তিহীন মুখবিশিষ্ট শ্রোভার সন্মধে বক্ততা প্রদান, টাকার হিসাব রাখা, পরিশ্রমসাধ্য দীর্ঘ বক্তভার পর বাজে সব বিরক্তিকর প্রশ্নের উত্তর দেওয়া— মাহুষের দেবত্বের কথা বলিয়াই হিন্দুরা কেন কুমীরের মূথে ছেলে অর্পণ করে, কেন স্ত্রীকে স্বহন্তে পোড়ায়, কেন জগলাথের রথচক্রে আত্মহত্যা করে ইত্যাদি কাল্পনিক প্রশ্নবাণে বিদ্ধ হওয়া প্রভৃতি সম্ম করিয়াও অবিরাম ভ্রমণ করিতেন। সত্য বলিতে গেলে, তাঁহার শক্তিসামর্থাকে তথন যেন নির্মম ভাবে স্কার্থ সাধনে নিযুক্ত করিতেই ঐ কোম্পানী প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছিল। স্বামীজীও কার্বের উৎসাহে এবং ধর্ম ও ভারতকথা শুনাইবার আগ্রহে নিজ স্থপস্থবিধা বা স্বাস্থ্যের কথা মোটেই ভাবেন নাই।"

ইহারই কোন এক সময়ে হেলপরিবারের গৃহ স্বামীজার চিকাগোর স্থায়ী ঠিকানা ও আবাসস্থল হইয়া দাঁড়াইয়ছিল। শ্রীয়ৃক্তা হেল ও শ্রীয়ৃক্ত হেল তথন তাঁহার মাতা ও পিতা এবং তাঁহারাও তাঁহাকে পুত্রবৎ ক্ষেহ করিতেন ও লাদরে স্থাহে রাখিতেন। হেলদের ছইট কল্যা—ক্যারিয়েট হেল ও মেরী হেল এবং ছইটি বোনঝি—ক্যারিয়েট ম্যাক্কিগুলি ও ইসাবেল ম্যাক্কিগুলি ছিলেন তাঁহার চারিটি স্বেহের ভগিনী—সহোদরা সদৃশ। এই চারিটি বোনকে তিনি প্রাণ ঢালিয়া ভালবাসিতেন, তাঁহারাও তাঁহাকে ভালবাসিতেন। বিশেষতঃ মেরী হেল ও ইসাবেলের সহিত তাঁহার স্বেহসম্ম ছিল ম্বতি নিবিড়। ইহাদের নিকট তিনি বহু পত্র লিখিয়াছিলেন এবং উহার ম্বনেকগুলি আবিষ্কৃত হইয়া 'বাণী ও রচনা'তে মৃত্রিত হইয়াছে। পত্রগুলি পড়িলেই দেখা বাইবে উহাতে কোন সামাজিক ভব্যতা নাই, আছে কেবল ঘনিষ্ঠ আত্মীয়তাসম্ভূত স্বাভাবিক

ভাববিনিময়, হাসি-ঠাট্টা, কালা, সহাকুভৃতি ইত্যাদি। হেলদের পরিচয় দিতে গিয়া স্বামীজী স্বামী রামক্রফানন্দকে ২৫শে সেপ্টেম্বর ১৮৯৪ তারিখে লিখিয়া-ছিলেন: "তাদের কথা কিছু বলি। হেল আর তাঁর ল্লী-বুড়ো-বুড়ী। আর ছই মেয়ে, ছই বোন-ঝি, এক ছেলে। ছেলে রোজগার করতে দোসরা জায়গায় থাকে। মেয়েরা ঘরে থাকে। এদের দেশে মেয়ের সম্বন্ধই সম্বন্ধ।...চারজনেই যুবতী—বে-থা করেনি। ... মেরী আর হারিয়েট হল মেয়ে, আরেক হারিয়েট স্মার ইসাবেল হল বোনঝি। মেয়ে তুইটির চুল সোনালি স্মর্থাৎ (ভারা) রগু, স্মার বোনঝি ছটি ব্রানেট, স্মর্থাৎ কালো চুল। জুতো-দেলাই থেকে চণ্ডীপাঠ এরা দব জানে। বোনঝিদের ততো পয়দা নেই—তারা একটা কিণ্ডারগার্টেন चून करत ; त्यरत्रता कि हू त्राष्ट्रशांत्र करत ना ।... त्यरत्रता आभारक मामा तरन ; আমি তাদের মাকে মা বলি। আমার মালপত্র সব তাদের বাড়ীতে—আমি যেখানেই কেন যাই না। তারা সব ঠিকানা করে" ('বাণী ও রচনা', ভাষচত)। তথনকার দিনে দরিদ্রদের জন্ম কিণ্ডারগার্টেন স্থল তেমন অপরিচিত না থাকিলেও ধনীদের সস্তানদের জন্ম ঐরপ কিণ্ডারগার্টেন অতি বিরল ছিল। অতএব সম্ভাস্ত বংশীয়া ম্যাক্কিণ্ডলী ভগিনীদ্বয়ের প্রতিষ্ঠিত বিভালয়ের অভিনবত্ব ও বৈশিষ্ট্য ছিল এবং এইজন্ম তাঁহারা সমাজে বিশেষ প্রশংসাও অর্জন করিয়াছিলেন। তদানীস্তন এক সংবাদপত্রে ইসাবেল সম্বন্ধে লেখা হইয়াছিল, "এমতী ম্যাক্তিগুলি তাঁহার কার্য সম্বন্ধে বেশ ওয়াকিবহাল এবং থোকাথুকীদের সঙ্গে তাঁহার সম্বন্ধ ক্ষেহ ও বৃদ্ধিবিবেচনা অমুধায়ী যেরূপ হওয়া উচিত, ঠিক সেইরূপই বটে। তাঁহার মনটি অতি স্থন্দর এবং তাঁহার বাক্যালাপ অতীব চিত্তাকর্ষক।"

হেলদের সহিত স্বামীজীর এই আত্মীয়তা জীবনব্যাপী ছিল। ১৮৯৬ খুটাব্বের ২৮শে নভেম্বর তাঁহার লগুন হইতে ভারতবর্ধে প্রত্যাবর্তনের প্রাক্কালে 'হেল ভগিনীদের' নিকট বিদায় লইবার জন্ম লিখিত এক পত্রে আছে: "আমার মনে হয়, পৃথিবীতে তোমাদের চার জনকে আমি সবচেয়ে ভালবাসি এবং ভোমরাও আমাকে ঐরপ ভালবাস।" আরও পরে ১৮৯৮ খুটাব্বের হরা মার্চ বেলুড় মঠ হইতে মেরী হেলকে লিখিয়াছিলেন, "তোমরা এবং ভোমাদের পরিবারের সকলেই আমাকে এত ভালবাস যে, তাহাতে মনে হয় (আমরা হিন্দুরা যেমন বলে থাকি) আমি পূর্বজন্মে নিশ্বয়ই ভোমাদের পরিবারের কেহ ছিলাম।"

ডেট্রয়েট

ইরি হলের তীরে যুক্তরাষ্ট্রের উত্তরে এবং চিকালোর পূর্বে অবস্থিত ডেট্রমেট এখন ঐ রাষ্ট্রের ও বিশের অতিবৃহৎ শিল্প-মহানগর। স্বামীন্ধীর সময়ে উহা এত সমুদ্ধ না হইলেও নানা কারণে বেশ গুরুত্বপূর্ণ ছিল। তথন সেধানে মোটরগাড়ী প্রস্তুত না হইলেও অন্তান্ত শিল্প প্রতিষ্ঠিত হইয়াছিল এবং নিতানতন শিল্পের আয়োজন করিয়া উহা ক্রমেই বৃদ্ধি পাইতেছিল। ঐ সঙ্গে যুক্তরাষ্ট্রের সর্বপ্রকার প্রাচীন ও নবীন চিম্বাধারার মিশ্রণ এবং ঘাত-প্রতিঘাতও সেধানে চলিতেছিল। অতএব স্বামীজীর তথায় অবস্থানন্তনিত ক্রিয়া ও প্রতিক্রিয়াও অমুরপ প্রবল ও বিপরীতমুখী ছিল। মহাসভার পরে সর্বোচ্চ খ্যাতি ধেমন তিনি এথানে অর্জন করিয়াছিলেন, বিরুদ্ধ সমালোচনাও তেমনি এখানেই প্রবলতম বা ভয়াবহ হইয়া উঠিয়াছিল। বস্তুত: (ভটুয়েট স্বামীন্ত্রীর জীবনে অতি তাংপর্যপূর্ণ। এখানে তিনি কয়েক বার আসিয়াছিলেন এবং প্রতিবারেই শত্রু ও মিত্রের সংখ্যা বৃদ্ধি পাইয়া পরিশেষে জয়টীকা তাঁহারই ললাটে অন্ধিত হইয়াছিল। অবশ্ব ধর্মমহাসভায়ও বিরুদ্ধভাব মাথা তুলিতে চেষ্টা করিয়াছিল। **मिथारन थृष्टीन धर्ममाक्रकशन अथृष्टीन धर्मत ममार्गाठनाग्र करन करन मृथत ट्**रेग्रा উঠিয়াছিলেন; কিন্তু ভদ্রতার থাতিরে ব্যাপার অধিক দুর গড়ায় নাই। অতএব খুইধর্মাবলম্বী জনসাধারণ অখুষ্টান বক্তাকে অভিনন্দিত করিতেছেন দেখিয়াও কোন প্রকারে ভাতৃভাবের ও পরমতসহিষ্ণুতার মুখোশ পরিয়া পুরোহিতকুল যথাসম্ভব শাস্তিভঙ্গ করেন নাই। মহাসভার পরে সেই রাজনীতিক প্রয়োজনসম্ভূত নীরবতা ভবে আর কোন আপত্তির কারণ ছিল না। চিকাগোর প্রেসবিটেরিয়ান সম্প্রদায়ের একথানি সংবাদপত্র স্পষ্টট লিখিয়া বসিল: "মহাসভায় তিনি (খামী বিবেকানন্দ) যথন ছিলেন, তথন ছিলেন তিনি আমাদের অতিথি: কিন্তু এখন তো মহাসভা শেষ হইয়া গিয়াছে. এখন আমাদের কর্তব্য হইতেছে তাঁহার ও তাঁহার মতবাদের বিক্লমে উৎসাহ-সহকারে আক্রমণ চালানো।" কার্যতও দেখা গেল, মধাপশ্চিমে স্বামীন্দীর খ্যাতি বেমন বুদ্ধি পাইতে থাকিল, পুরোহিতকুলের আক্রমণও তেমনি কঠোরতর হইতে লাগিল। মেম্ফিনে আমরা ইহার পুর্বাভাদ পাইয়াছি। হয়তো অক্তাক্ত নগরেও ঐরপ ঘটিয়াছিল, কিছ্ক সংবাদপত্তে তাহা প্রকাশ পায় নাই। ডেট্রয়েটের আক্রমণ আরম্ভ হইল আরও প্রণালীবদ্ধরূপে। বীরসয়্যাসী বিবেকানন্দ এই সক্তবেদ্ধ শত্রুতার বিরুদ্ধে উন্নতশিরে দণ্ডায়মান হইয়াছিলেন; কারণ তাঁহার স্বভাবই ছিল এই য়ে, তিনি বাধা পাইলে অধিকতর শক্তি প্রকাশ করিতেন; কারণ তিনি জানিতেন, তিনি য়ে সংগ্রামের সম্থীন হইতেছেন, উহা স্বার্থশৃশু ও নৈর্ব্যক্তিক; তিনি স্বার্থপ্রণাদিত হইয়া কার্যক্তেত্রে অবতীর্ণ হন নাই; প্রত্যুত্ত তিনি মানবসমান্ধকে সত্যের রাজপথে স্থপরিচালিত করার ব্রত্ত উদ্যাপনের জন্ম জীবনপাতে উন্মত। আর দেখাও গেল য়ে, তাঁহার বিজয়ের দিনেও উহাতে লাভবান হইয়াছিল ভারতের ও অন্যান্ম দেশের অগণিত নরনারী। ডেট্রয়েটে প্রোহিতকুল ও প্রোহিতকুল-প্রভাবিত একদল লোকের শক্রতা তাঁহার আদর্শ ও কার্য এবং ব্যক্তিগত চরিত্র ইত্যাদি বিভিন্ন বিষয়ের বিরুদ্ধে পরিচালিত হইয়াছিল। বর্তমান অধ্যায়ে আমরা শেষোক্ত বিষয়ের আলোচনা না করিয়া পরে সেসব কথা তুলিব।

১৮৯৪ খুষ্টাব্দের ১২ই ফেব্রুয়ারি তারিখে স্বামীজী যথন ট্রেন হইতে ডেট্রুয়েটে নামিলেন, তথন তুষারঝঞ্চা চলিতেছে—যেন স্বামীজীর জীবনের ভাবী হুর্যোগেরই গৌরচন্দ্রিকা। অবশ্র বন্ধুদের নিকট তিনি সাদর অভ্যর্থনাই পাইলেন। ডেট্রয়েট সমাজে বহুসম্মানিতা, স্থািকিতা, অভিজাতকুল-সম্ভবা ও মিশিগানের ভূতপূর্ব গবর্ণরের স্ত্রী এীযুক্তা জন জে. ব্যাগ্লী তাঁহাকে স্বগৃহে লইয়া গেলেন। ছয় মাস পুরে ধর্মমহাসভায় স্বামীজী ইহার সহিত পরিচিত হন। স্বামীজীর ডেট্রেটে আগমনের পরদিবদ সন্ধায় শ্রীযুক্তা ব্যাগলী এক বিরাট জাঁকজমকপূর্ব প্রীতিভোজের আয়োজন করিলেন এবং ঐ আমন্ত্রণে নগরের সম্ভান্ত ব্যক্তিদের কেহই বাদ পড়িলেন না। সংবাদপত্তে প্রকাশিত তালিকা হইতে জানা যায়, নিমন্ত্রিতদের সংখ্যা ছিল তিন শতাধিক, এবং তাঁহাদের মধ্যে ছিলেন ড়েট্রয়েট সমাজের চড়ামণিরা-বিশপ, মেয়র, উকিল, ব্যবসায়ী, অধ্যাপক, বিভিন্ন সম্প্রদায়ের ধর্মধাজক ইত্যাদি। স্বামীজী তথনই ঐ সমাজের শীর্ষস্থানে অধিষ্ঠিত হইলেন। কিন্তু এমন একটি সর্বাঙ্গস্থলর প্রীতিসম্মেলনের মধ্যেও অকস্মাৎ যে একট বেস্থরো আওয়াজ শোনা গেল, একট ঝড়ো হাওয়া ঢুকিয়া পড়িল তাহাতে স্বামীন্ত্রী হয়তো ভাবী ঝঞ্চাবাতের পূর্বলক্ষণ দেখিতে পাইলেন। "জনসাধারণের স্মুখে স্বামীজী একটি মাত্র শব্দও উচ্চারণ করার পূর্বেই, অতি লজ্জার সহিত

বলিতে হইতেছে যে, এক নির্লজ্ঞা মহিলা, যে গৃহে তিনি নিমন্ত্রিত হইয়া আদিয়াছিলেন, দেই গৃহে বিদিয়াই স্বামীজীর সাক্ষাতে এবং তাঁহাকেই আক্রমণ করিয়া তাঁহারই মুথের উপর নিষ্ঠ্রভাবে নিন্দা করিতে আরম্ভ করিলেন।" ('নিউ ভিস্কভারিজ', ১৮৩ পঃ)।

এ সম্মেলনে আর কেহ বিরুদ্ধবাদী না হইলেও নগরবাসীরা সকলে স্বামীজীকে নিশ্চয়ই শ্রীযুক্তা ব্যাগ্লীর ভাষ সাদরে গ্রহণ করে নাই। ইহার প্রমাণস্বরূপ তাঁহার নাতনী শ্রীযুক্তা ফ্রান্সেদ ব্যাগলী ওয়ালেদ, বাঁহার বয়দ তথন ছিল মাত্র নয় বংসর, তিনি পরে বলিয়াছিলেন যে, তাঁহাদের বাডীতে বিধর্মীকে রাখা হইয়াছিল বলিয়া বিজ্ঞালয়ের সহপাঠীরা তাঁহাকে মুখ ভেঙ চাইত। কিন্তু ব্যাগ্লী পরিবারের প্রতিপত্তি এমনিই ছিল যে, তাঁহারা এই সমস্ত সমালোচনা অগ্রাহ্য করিয়া সমাজকে তাঁহাদেরই মতে চলিতে বাধ্য করিতে পারিতেন। স্বামীজী সেই গৃহে বাদ করিয়া ঐ পরিবারের দামাজিক প্রতিপত্তির স্থযোগে এমন অনেক জিজ্ঞাত্বর সংস্পর্শে আসিতে পারিয়াছিলেন, যাহারা অভাগা পুরোহিতকুলের ভয়ে তাঁহার সহিত দেখাই করিতেন না। এীযুক্ত। ব্যাগলী অশেষ গুণের অধিকারিণী ছিলেন। নানা বিছংস্মাঙ্গের তিনি সভ্যা ছিলেন, বহু ধর্ম-শিক্ষালয়ের তিনি পরিচালনা করিতেন, অনেক দেবা-প্রতিষ্ঠান তাঁহার দানে পুষ্ট হইত; এবং তাহার স্বামী যথন গবর্নর ছিলেন, তথন সর্বতোমুখা বৃদ্ধিমন্তার জন্ম তিনি খ্যাতি অর্জন করিয়াছিলেন। চিকাগোর বিশ্বমেলায় তিনি অন্যতম মহিলা ম্যানেজার ছিলেন, এবং সম্ভবত: এই স্থত্তেই স্বামীজীর সহিত পরিচিতা হইয়াছিলেন। ভ্রমণও করিয়াছিলেন তিনি প্রচুর এবং ইহার ফলে তিনি ছিলেন অতি উদার। ১৮৯৪ খুটান্দে তাঁহার বয়দ সম্ভবত: একষ্টি হইয়া গিয়াছিল।

স্বামীক্সীর আগমনের পূর্বে 'ডেটুয়েট ক্রি প্রেস' পত্রিকার ঘোষণার মধ্যে ছিল: "(বিশ্বমেলায় ষেসকল হিন্দু প্রবক্তা আসিয়াছিলেন) তাঁহাদের অ্যাত্তম সর্বজ্ঞন-প্রিয় প্রবক্তা ছিলেন স্বামী বিব্ কানন্দ। ঘিনি পূর্বে একজন উচ্চবর্ণের ব্রাহ্মণ' ছিলেন, কিন্তু সন্ন্যাসী সভ্যে যোগদানের জন্ত ঐ পদ ত্যাগ করিয়াছিলেন, কারণ সন্ন্যাসীদের প্রথম নিয়মই ইইতেছে এই যে, অহঙ্কার ইইতে মৃক্ত

১। আমেরিকানরা তথন এক্লণ তান করিতেন। তাঁহাদের ভাষার ত্রাহ্মণ শব্দের অর্থ ছিল উচ্চবরণের হিন্দু! স্বামীকী কথনও এভাবে আন্ধপরিচয় দেন নাই।

হুইবার জন্ম ব্রাহ্মণোচিত বিশেষ অধিকারাদি বর্জন করিতে হুইবে। মহাসভায় তিনি নিজেকে অন্ততম সর্বশ্রেষ্ঠ বন্ধারূপে উপস্থিত করিয়াছিলেন এবং কোনরপ নোটের সাহায্য ব্যতীত বিশুদ্ধ ইংরেজী ভাষায় বক্ততা দিয়াছিলেন; তাঁহার উচ্চারণ এমনই মিষ্ট ছিল যে, অনেক শ্রোতার মতে তাঁহার কোনও শব্দ বোধগম্য না হইলেও ঐ শ্বরই দলীতরূপে উপভোগ্য হইত। মহাসভার পরে তিনি বছ নগর ও মহানগরের বিরাট জনসভায় বক্ততা দিয়াছেন: আর সেসব শ্রোতারা এই বিষয়ে সকলেই একমত এবং সকলেই এইজ্বন্ত উচ্ছুসিত প্রশংসায় মুখর যে, তাঁহার একটা আকর্ষণী শক্তি আছে ও যে-কোন বিষয়েই তিনি আলোচনা কম্বন না কেন. তিনি ঐ বিষয়গুলিকে প্রাণবান ও আলোকোজ্জন করিয়া ভোলার একটা বিশেষ উপায় জানেন। কঠিন সমস্তাগুলি সম্বন্ধে তাঁহার বক্তব্য তাঁহারই মতো পৃথিবীর অপর গোলার্ধ হইতে আসিয়াছে বলিয়া স্বভাবতই আমেরিকাবাসীদের নিকট প্রেরণাপূর্ণ ও নবালোকপ্রদ। ক্লফবর্ণবিশিষ্ট ক্লফকেশ-মণ্ডিত ও মর্যাদাসম্পন্ন এই ভদ্রলোকটি যখন হরিদ্রাবর্ণের বেশে ভ্ষিত হইয়া দণ্ডায়মান হন এবং আমেরিকাবাসীদেরই ভাষায় পরিষ্কার ও বিশুদ্ধ উচ্চারণসহ নিজ বক্তব্য বলিতে থাকেন, তখন সকলে এক আনন্দপূর্ণ বিশ্বয়ে আবিষ্ট হয়।" ঐ ঘোষণায় বলা হইয়াছিল—তিনি বুধ, বুহস্পতি ও শনিবার সন্ধ্যায় ইউনিটে-রিয়ান চার্চে বক্ততা করিবেন।

ষামীজীর অবস্থানকালের বিতীয় দিনে (১৩ই ক্ষেক্রয়ারি) পূর্বোক্ত পত্রিকার প্রতিনিধি তাঁহার সহিত সাক্ষাৎ করিলে, তিনি বলিয়াছিলেন—"এমন এক নবীন মহয়জাতি গড়িয়া তুলিতে হইবে, যাহাদের মধ্যে ঐহিক শক্তির সহিত আধ্যাত্মিক শক্তির মিশ্রণ ঘটিবে, যাহারা নিজ জীবনে সিংহবিক্রম ও মেষ-ফ্লভ নিরীহভাবের মিলন ঘটাইবে এবং পূর্ব ও পাশ্চান্ত্যের সময়য় স্কলন করিবে।" তিনি প্রকৃত ধর্ম ও সাম্প্রদায়িকতার পার্থক্য দেখাইয়া বলিয়াছিলেন, "বিভিন্ন পথে একই লক্ষ্যে পৌছানো চলে, এবং আমার পথ আমার প্রতীচ্য প্রতিবেশীর নিকট উপবোগী নাও হইতে পারে।···আমাদের চেটার অপেক্ষা না রাথিয়াই হিন্দ্ধর্মের জনেক জিনিস দ্র দ্রান্তরে ছড়াইতেছে, আর এই সকলের বহিঃ-প্রকাশরূপে পাই 'খৃটান সায়েজ', 'থিয়োসফি', এড্ইন আর্নন্তের 'লাইট অব এসিয়া'। খুট্র্থর্ম ·বিজ্বা হিন্দুর্ধ্য হইতে উত্ত্ত। ক্যাথলিক ধর্মও তাহার সমন্ত রীতিনীতি আমাদের নিকট পাইয়াছে—বথা উহাদের পাপ-শীকারের জন্ম পুরোহিত-কক্ষ, মহাপুরুষের প্রতি শ্রন্ধাবিশাস ইত্যাদি।" ধর্মান্তরিতকরণ সম্বন্ধে প্রশ্ন উঠিলে স্বামীন্দ্রী অশোকের শিলালিপি হইতে পড়িয়া শুনাইলেন যে, সর্বধর্মের প্রতি শ্রন্ধাবান হইতে হইবে।

एक देखर वामीकी अध्यमपाद >२३ क्या विकास रेक्ट राज्य विकास वित षिতীয় বাবে ৯ই মার্চ হইতে ৩•শে মার্চ পর্যন্ত ছিলেন। এই সময়ুমধ্যে নিকট-বৰ্তী নগরগুলিতে বেসব বক্ততা দেন তাহা ছাড়িয়া দিলে ডেট্রয়েটে মোট আটটি বক্ততা দেন। তা ছাড়া অনেক ঘরোয়া বৈঠকেও ভাষণ দেন। ভগিনী ক্লীন তথন দেখানে থাকিতেন এবং স্বামীজীর প্রতিটি বক্ততা ভনিয়াছিলেন। তিনি লিখিয়াছেন, "এই দৈবশক্তিসম্পন্ন পুরুষ হইতে যে শক্তি নির্গত হইত তাহা এতই প্রবল ছিল যে, সকলে যেন উহার সংস্পর্শে আসিতে ভীতসম্ভব্ত হইত। এ যেন একেবারে ভাসাইয়া লইয়া যাইত।" আমেরিকার মহাকবি সারা বার্ড ফিল্ড (অথবা শ্রীযুক্তা চার্লস আরম্বিন স্কট উড) ডেট্রয়েটের এক উচ্চ বিদ্যালয়ের জার্মান ভাষার শিক্ষয়িত্রী শ্রীমতী মার্গুয়েরাইট কুকের মুখে ভনিয়াছিলেন, স্বামীন্ত্রীর এক বক্ততান্তে শ্রীমতী কুকের জীবনে সেই প্রথমবার অকন্মাৎ মনে रहेन त्य. जिनि वक्तांत्र अजिनम् बानाहत्वन। श्रामीकीत महिक क्रमर्भन করিতে গিয়া তাঁহার বাক্যকৃতি হইল না। স্বামীজী কয়েক মিনিট তাঁহার হাত ধরিয়াছিলেন। ঐ সময়ের অমুভৃতি সম্বন্ধে শ্রীমতী কুক বলিয়াছিলেন, "তাঁহার স্ক্র অন্তদু ষ্টির কথা আমি কখনও ভূলিতে পারিব না। তাঁহার মহন্ত ও পবিত্রতা সম্বন্ধে আমার মনে এমন ছাপ পড়িয়াছিল যে, আমি তিন দিন ধরিয়া আমার হাত ধুইবার কথা ভাবিতেই পারিলাম না।" স্বামীজীর এই বৈছ্যুতিক শক্তিপ্রভাবে মহানগরের শত্রু ও মিত্রের মধ্যে তুমুল আলোড়ন উপস্থিত হইবে, ইহাতে আর আন্তর্য কি ?

প্রথম বাবে ডেট্রন্নেটে প্রদন্ত চারিটি বক্তৃতার বে বিবরণ 'ডেট্রন্নেট ফ্রি প্রেন' পত্রিকায় বাহির হইয়াছিল, উহা স্বামীন্ত্রীর ডেট্রন্নেট-নিবাসিনী ভক্তমহিলা শ্রীযুক্তা মেরী এফ ফান্ধি শ্রীমৎ স্বামী ব্রহ্মানন্দকে পাঠাইয়াছিলেন, এবং উহা পরে স্বামীন্ত্রীর 'কম্প্লিট্ ওয়ার্কস্'-এ ছাপা হয়। এই বক্তৃতাগুলি সম্বদ্ধে স্বামীন্ত্রীর অক্ততমা ডেট্রন্নেট-নিবাসিনী ভক্তমহিলা ভগিনী ক্রাইন লিখিয়াছিলেন, "এইসব শোনা ও অফুভব করা, অথচ ঠিক পূর্বেরই মতো অপরিবর্তিত থাকিয়া বাওয়া সম্ভব ছিল কি ? শ্রোভার সমন্ত ধারণা অক্তর্মপ হইয়া বাইত, আধ্যান্থিকতার

বীক্ক উপ্ত হইয়া বৃদ্ধি পাইতে থাকিত এবং সারা জীবন ধরিয়া বৃদ্ধিই পাইত যতক্ষণ না উহা ফলবান হয়।"

প্রথম বক্ততা হইয়াছিল ১৪ই ফেব্রুয়ারি, বুধবার, ইউনিটেরিয়ান চার্চে। শ্রীযুক্তা ফান্ধির মতে, "প্রকাণ্ড বাড়ীটি আক্ষরিক অর্থে বোঝাই হইয়া গিয়াছিল. এবং স্বামীজীকে তুমুল হর্ষধ্বনি সহ অভিনন্দিত করা হইয়াছিল। আমার এখনও চোথের সন্মুথে ভাসিতেছে, তিনি কেমন করিয়া মঞ্চে অধিরুত্ হইলেন— যেন একটি নরপতিসদশ জমকাল মতি-প্রাণবান, ওজোময় ও সর্বাধীশস্করপ। আর বেমনই প্রথম অপূর্ব শন্ধটি উচ্চারিত হইল—যাহা ছিল সঙ্গীততুলা, কথনও তারযম্ভের মৃত্তঞ্জনপ্রায় এবং কথনও গম্ভীর, ঝন্ধারময় ও স্বনুরপ্রসারী—অমনি সব নিন্তৰ হইয়া গেল, এমন এক নীরবতা বিরাজিত হইল যাহা স্পষ্ট অহুভূত হয়, এবং সে বিশাল শ্রোতমগুলীর স্বাস-প্রস্থাস সমতালে বহিতে লাগিল।" বক্তৃতাটি 'কমপ্লিট ওয়ার্কদ'-এর অষ্টম ভাগে 'ভারত' নামে ছাপা হইলেও বস্তুতঃ বিষয়টি ছিল, 'ভারতীয় রীতিনীতি'। বিশপ নিতে স্বামীজীকে পরিচিত করিয়া দিতে গিয়া আশা প্রকাশ করিয়াছিলেন, বিধর্মীরা একদিন সত্যের আলোক দেখিতে পাইবে এবং মনে মনে ধরিয়া লইয়াছিলেন, স্বামীজী ঐ বিধর্মীদের সম্বন্ধে হয়তো এমন বর্ণনা দিবেন যাহা শ্রবণস্থধকর ও কৌতৃকজনক হইবে, আবার পরোক্ষভাবে ভারতে খুইধর্ম প্রচারের প্রয়োজন প্রমাণ করিবে। সম্ভবত: এইরূপ মুরুব্বীয়ানা দেখিয়া স্বামীন্ত্রী থুবই বিরক্ত হইয়াছিলেন; স্বতরাং তাঁহার বক্তব্য বিষয় 'ভারতের রীতিনীতি' অতি স্থন্দরভাবে বর্ণনা করার সঙ্গে সঙ্গে তিনি ইহাও বলিতে ভুলিলেন না: "নৈতিক বিষয়ে ভারতীয়েরা অপর সব জাতি অপেকা অতি উচ্চে অবস্থিত। ... এরূপ দেশে খুষ্টান মিশনারীদের যাইয়া কতকগুলি ভাব ছড়ाইবাব কোনই প্রয়োজন নাই; কারণ হিন্দুর ধর্ম মামুষকে ভদ্র, বিনয়ী, এবং ভগবৎস্ট অপর সকল জীবের প্রতি সহামুভৃতিশীল ও প্রীতিপূর্ণ করিয়া থাকে। ... সে দেশে বাইয়া মিশনারীদের উচিত এই পবিত্র বারি পান করা এবং লক্ষ্য করা, কেমন করিয়া শতশত সাধু মহাত্মার জীবন একটা গোটা সমাজের উপর অতি মনোরম প্রভাব বিস্তার করিতেছে।"

বলা বাছল্য দেদিন হইতেই সংবাদপত্ত, বৈঠকখানা ইত্যাদিতে এক ভরঙ্কর আক্রমণ ও বাদপ্রতিবাদ আরম্ভ হইল। বিশপ নিওে ধবরের কাগজ্ঞের মারহুতে জানাইলেন, তিনি সে সভায় ভ্রমক্রমে এবং অপরের প্ররোচনায় উপস্থিত

হইয়াছিলেন। নিত্তে ছিলেন গোঁড়া মেথডিস্ট সম্প্রদায়ের অতি প্রতিপত্তিশালী ধর্মপ্রচারক। অতএব স্বামীজীর 'হিন্দুধর্ম' সম্বন্ধীয় বিতীয় বক্তৃতায় লোকসমাগ্রম পূর্ববং হইলেও বছ সংবাদপত্তে ঐ বক্তৃতার বিবরণ বিশপের ভয়ে বিশেষ কিছুই প্রকাশিত হইল না। যেটুকু প্রকাশিত হইল, তাহাও বিদ্বেষ্ণুর্ণ ও বিক্লত। তবে 'ডেট্রমেট ট্রিবিউন' পত্রিকা অধিকতর নিরপেক্ষতা দেখাইয়া বক্তুতার বিবরণ সংক্ষিপ্ত হইলেও বন্ধুভাবেই প্রকাশ করিল। অবশ্র এই বক্তৃতাতেও পাশ্চান্তা মনোভাবের প্রতি একটু কটাক্ষ ছিল; কিন্তু কটাক্ষের বিষয় ছিল প্রক্নত शृष्टेधर्म नटर, পরস্ক মিশনারীদের এই দাবি যে গোটা জগৎকে शृष्टोन হইতে হইবে, নতুবা মুক্তি তাহাদের পক্ষে অলভ্য। স্বামীন্ত্রীর এই সব যুক্তিপূর্ণ কথার বিক্লব্ধে আত্মপক্ষ সমর্থন করিতে গিয়া মিশনারীরাংযেদ্র উন্তট যুক্তির অবতার্ণা করিলেন তাহাতেই বরং তাহাদের মুখোশ অধিকতর উল্মোচিত হইল; ঐ বিষয়ে স্বামীজীর বক্তৃতা অপেক্ষা নিজেদের মূর্থতা ও অতীতের ভ্রমই তাহাদের বিপক্ষে অধিকতর কার্যকর হইল। আর যে পরমতাসহিষ্ণুতার নিন্দা স্বামীজী করিতেছিলেন, তাহার প্রত্যক্ষ প্রমাণ আমেরিকাবাসীরা পূর্ব হইতেই ঘরে বসিয়াই পাইতে-ছিলেন ; কারণ বিভিন্ন খুষ্টান সম্প্রদায়ের প্রকাশ্য বিরোধে সমাজের চিন্তাশীল ব্যক্তিরা ইতিমধ্যেই অত্যন্ত বিরক্ত হইয়া উঠিয়াছিলেন। এই দকল কথা প্রকাশ করিতে গিয়া ও. পি. ডেলডক এই ছল্মনামধারী এক সংবাদপত্রদেবী ১৭ই ফেব্রুয়ারির 'ফ্রী প্রেস' পত্রিকায় লিখিলেন, "বিশপ (নিণ্ডে) স্বারও বলেন. ভারতে যে নৈতিক ও সামাজিক অবস্থা বিরাজিত, উহা 'হিন্দুসমাজের অস্কর্নিহিত নিজম্ব শক্তি হইতে উদ্ভূত হয় নাই। পরস্ক যীশুগৃষ্টের প্রচারিত বাণীর অপরোক ও পরোক্ষ প্রভাবে হইয়াছে।' বিশপ যদি প্রাচীন ইতিহাস পড়িয়া থাকেন, (আর তাঁহার পড়াই উচিত), তবে অবশ্রই জানেন যে, ইহা মিথ্যা। বুদ্ধ, ত্রশ্ব, কন্ফুশাস ও অপর যাহারা নৈতিক সংস্কারে নিযুক্ত ছিলেন, তাঁহাদের মৌলিক নীতিকথা ও ধর্মমত খৃষ্টের আগমনের বছ পুর্বেই স্থবিদিত ছিল। বছ্যুগ পুর্বেই মানবলাতৃত্ব, এবং মানবের দেবোপমত্ব প্রচারিত হইয়াছে। বিশপ নিতে হদি প্রকৃত মিশনারীরূপে প্রাচ্যদেশে বাইতে চান, তবে শান্তি ও প্রেমের স্থানন্দময় বার্তা প্রকৃতভাবে প্রচার করিবার পূর্বে তাঁহাকে 'মানবের দেবছু' সম্বন্ধীয় তথাটি প্রধানত: শিধিয়া লইতে হইবে।" এই সময়ে আরও কয়েকথানি প্রতিবাদপত্তে স্বামীজীর সমর্থন করা চইয়াচিল।

তৎকালীন বৈদেশিক সমাজে আর একটা বড় ভ্রম এই ছিল ষে, হিন্দু যোগীরা নানা প্রকার অলৌকিক অচিন্তনীয় ব্যাপার ঘটাইতে পারেন। হিন্দুধর্মকে প্রকৃত ধর্মরূপে গ্রহণ না করিয়া তথন অলৌকিকতার ভাণ্ডাররূপেই গ্রহণ করা হইত, এবং প্রকৃত ধর্ম বলিতে খৃষ্টধর্মকেই ব্যাইত। স্বামীজীকে স্পষ্টভাষায় এই মনোভাব থণ্ডন করিতে হইয়াছিল, এবং বারংবার অন্থক্ষ হইয়াও তিনি স্বীয় মত প্রচারের জন্ম অলৌকিকতার সাহায্য গ্রহণ করেন নাই।

এইভাবে বাদ-প্রতিবাদের সাহায্যে ডেটুয়েটের আবহাওয়া অনেকটা পরিষ্কার ও স্বামীজীর অমুকূল হইল। অতঃপর তিনি যথন ১৭ই ফেব্রুয়ারি ভারিখে ইউনিটেরিয়ান চার্চে 'মানবের দেবত্ব' সম্বন্ধে বক্ততা দিলেন, তথন অনেকগুলি দংবাদপত্রই তাঁহার মতবাদকে চাপিয়া রাখা বা প্রকাশভাবে উহার বিরুদ্ধে দাঁডাইবার প্রয়োজন বোধ করিল না। ইহার ফলে তাঁহার ভাবপ্রচারের বিশেষ স্থবিধা হইল। এই বক্তভার বিবরণ দিতে গিয়া ১৮ই ভারিখের 'ফ্রী প্রেস' পত্রিকায় লেখা হইল: "আবহাওয়া প্রতিকৃল হইলেও প্রাচ্য ভ্রাতার (ইনি এইভাবেই সম্বোধিত হইতে চান) আগমনের আধঘণ্টা পুর্বেই গীর্জার দরজা পর্যন্ত লোকপরিপূর্ণ হইয়া গেল। সমুৎস্থক শ্রোতৃমগুলীর মধ্যে সর্বশ্রেণীর এবং সর্বব্যবসায়ের ব্যক্তিদেরই সমাবেশ হইয়াছিল, সেখানে ছিলেন উকিল, জ্ঞ , খুষ্টধর্মপ্রচারক, বাবসায়ী, ইত্দী-ধর্মপ্রচারক; আর মহিলাদের তো কথাই নাই, কারণ ইহারা বারংবার বক্ততায় উপস্থিত থাকিয়া এবং গভীর মনোযোগসহ উহা প্রবণ করিয়া ইহাই জানাইয়া দিতেছিলেন যে. এই অবেতাক অতিথির প্রতি তাঁহারা তাঁহাদের প্রশংসা প্রকাশ করিতে সমুৎস্থক। আর ইনি ঘরোয়া বৈঠকে বেমন প্রকাশ্য বক্ততায়ও তেমনি সমভাবে সকলের চিত্ত আকর্ষণ করেন। গতরাত্তের বক্তভাটি পূর্ব বক্তভাগুলির মতো তত বর্ণনাময় ছিল না : প্রায় হুই ঘণ্টা ধরিয়া বিব কানন মানবীয় ও দৈব তথ্যাবলী লইয়া এমন একটি দার্শনিক পটচিত্র অহিত করিলেন যাহা এতই যুক্তিযুক্ত বে, তিনি বিজ্ঞানকেও সাধারণ ব্যাপারসদৃশ সহজ্ববোধ্য করিয়া তুলিলেন। যে পটখানি তিনি চিত্রিত করিলেন ভাহা বড়ই মনোরম, উহাতে এত উচ্ছল বর্ণের সমাবেশ ছিল এবং ভাবিতে ও দেখিতে তাহা এতই চিত্তাকর্ষক ও আনন্দপ্রাদ ছিল, যেন উহা তাঁহার বদেশের চিত্রিত একখানি বছবর্ণরঞ্জিত গালিচা, আর প্রাচ্যদেশেরই মতো মনভুলানো স্থবাদ-বাদিত ছিল উহা। এই ময়লা রক্ষের ভত্রলোকটি চিত্রকরের বর্ণ-

প্রয়োগেরই মতো কাব্যিক অলমার ব্যবহার করিয়া থাকেন, এবং ষেথানে বে রংটি দরকার ঠিক সেথানেই তাহা প্রয়োগ করেন। ফলে যে ছবি দাঁড়ায়, উহা হয়তো অনেকটা অদৃষ্টপূর্ব কিন্ধ তবু বিশেষ চমকপ্রদ। বেসকল ফ্রায়পূর্ণ সিদ্ধান্ত তিনি পরপর বলিয়া বাইতেছিলেন, তাহা ছিল বিচিত্র বর্ণশীল বন্ধর ফ্রন্ড পরিবর্তনেরই মতো, আর বে কৌশলী ব্যক্তি উহাদের নাড়িতেছিলেন, তিনি প্রায়ই এই পরিশ্রমের জন্ম আবেগপূর্ণ প্রশংসাধ্বনি পাইতেছিলেন।"

বক্ততার প্রারত্তে স্বামীজী বলিয়া রাখিয়াছিলেন যে, তাঁহাকে অনেকগুলি প্রশ্ন করা হইয়াছে, উহাদের উত্তর তিনি ঘরোয়া ভাবে দিবেন। 🖦 তিনটি প্রশ্নের উত্তর প্রকাশ্য সভায় দিবেন। প্রশ্নগুলি এই: "ভারতের লোকেরা কি নিজের সম্ভানকে কুমীরের মূপে ফেলিয়া দেয় ?" "তাহারা কি জগল্লাথের রথের নীচে পড়িয়া আত্মহত্যা করে ?" "তাহারা কি স্বামীর সহিত প্রীকেও পোডাইয়া মারে ?" প্রথম প্রশ্নটি তিনি ঠাটা করিয়া উড়াইয়া দিলেন; তবু অতি সরলপ্রাণ এক ব্যক্তি যথন জিজ্ঞাসা করিয়া বসিলেন, "আচ্ছা, ওরা শুধু মেয়ে সম্ভানকেই ওভাবে কুমীরকে দেয় কেন?" স্বামীজী বাঙ্গ করিয়া উত্তর দিলেন, "হয়তো জলজীবরা মেয়েগুলোকেই থেতে ভালবাদে, ওদের শরীর খুব কোমল কিনা!" জগন্নাথের রথ সম্বন্ধে তিনি বলিলেন, "অতি উৎসাহী কেহ কেহ হয়তো ভিড়ের মধ্যে রথের দড়ি ধরিতে গিয়া বেদামাল হইয়া পড়িয়া গিয়া দেহত্যাগ করে: আর এইসব আকম্মিক ঘটনাকেই ফাঁপাইয়া বড়বড় গল্প তৈয়ার করা হইয়াছে।" সংবাদপত্ত্রের মতে "বিব কানন্দ অস্বীকার করেন যে, বিধবাদের পোড়ানো হয়, তবে এটা সত্য বে, সতীরা স্বেচ্ছায় চিতারোহণ করিতেন। অল্প যেসব কেত্রে শতীদাহ হইত, সেখানেও প্রথমে শতীকে নিরম্ভ করা হইত ; এবং তথনও তিনি আগ্রহ দেখাইলে তাঁহাকে আগুনে হাত দিয়া পরীকা দিতে হইত, তিনি অগ্নিদাহ সক্ষ করিতে পারিবেন কি না। এ জাতীয় ধর্মাছত। সব দেশেই আছে যদিও অতি বিরল।" স্বামীনী বলিয়া যাইতে লাগিলেন, "না, ভারতের লোকেরা মেয়েদের পোড়াইয়া মারে না; (মধ্যযুগের পাশ্চান্তাদের মতো) ভাহারা কোন দিন ভাইনীদেরও পোড়ায় নাই।"

মূলবক্তৃতাকালে তিনি আত্মার শ্বরূপ, ভগবানের সহিত জীবের সম্বন্ধ, সর্বধর্মের সত্যতা, বিভিন্ন শ্বভাবামুষায়ী বিবিধ ধর্মের প্রয়োজন ইত্যাদি বিবয় স্থলরভাবে ব্রাইয়া দিলেন। খৃষ্টান-জগতে 'গোক্টেন কুল'-এর (স্থর্ণময়-নীতি- নিষ্ঠার) কথা বলা হয়: নিজের প্রতি যেমন ব্যবহার পাইতে চাও, পরের প্রতি তেমনি ব্যবহার করিও। "কিন্তু বিব্ কানন্দ বলিলেন, এই স্বর্গময়ী নীতিও কত কুৎসিত! সব সময়েই স্বার্থচিস্তা। খৃষ্টান ধর্মটাই যেন স্বার্থময়! নিজের প্রতি যেমন ব্যবহার আশা কর, তেমনি ব্যবহার পরের প্রতি করিবে—এতো অতি জঘন্ত বর্বরোচিত কথা। এই নীতি না মানিয়া হিন্দুরা বলে সর্বপ্রকার স্বার্থত্যাগই উত্তম ধর্ম, সমস্ত স্বার্থচিস্তাই মন্দ। হিন্দুধর্ম দেখাইয়া দেয়, সর্বদা ক্ষুদ্র আগিকে ধরিয়া থাকা ঠিক নহে, স্বার্থত্যাগের ফলে মামুষ অসীমতা প্রাপ্ত হয়।"

স্বামীজীর এই তিনটি বক্ততা—'ভারতের রীতিনীতি', 'হিনুধর্ম', 'মানবের দেবত্ব"—সম্বন্ধে মন্তব্য করিতে গিয়া ১৮ই ফেব্রুয়ারির 'ডেট্রুয়েট ট্রিবিউম' লিখিল, "ইহা অতি স্থলকণ যে, খুষ্টানবা স্থধ্ম ব্যতীত অপর ধর্ম সম্বন্ধে যাহা কিছু বলা চলে তাহা শুনিতে ইচ্ছুক। ইহা এই যুগধারার একটা আশাপ্রদ লক্ষণ যে, স্থনামধন্য খুষ্টানও বিশ্রুত্বীতি হিন্দুর সহিত সাক্ষাং করিতে এবং তিনি যাহা দিতে চাহেন তাহা শ্রন্ধাভরে গ্রহণ করিতে প্রস্তত। চিকাগোর ধর্মমহাসভা ধর্মনিষ্ঠার রাজ্যে এক নব্যুগের প্রবর্তন করিয়াছে বলা চলে।" অবশ্র ইহা উদার-পম্বী খুষ্টানদের মত। উগ্রপম্বী খুষ্টানরা ইহাতে আনন্দিত না হইয়া ত্শিস্তাগ্রস্তই হইয়াছিলেন, আর মিশনারীদের তো কথাই নাই। এই মহলে সক্রিয় প্রতিক্রিয়া আরম্ভ হইতে চুই-চারিদিন বিলম্ব হইয়াছিল, কারণ গোঁডারা বক্তৃতায় আদেন নাই, এবং তাঁহাদের মতবাদী সংবাদপত্রে বিক্লত বিবরণ বাহির হইতে একসপ্তাহ কাটিয়া গিয়াছিল। ইতিমধ্যে স্বামীজী অন্তত চলিয়া গেলেও তাঁহার পক্ষের সংবাদপত্র ও গীর্জা প্রভৃতিতে তাঁহার প্রচারিত মতের ধ্বনি-প্রতিধ্বনি উঠিতে লাগিল। ১৮ই তারিধ রবিবারে ইউনিটেরিয়ান চার্চে শ্রন্ধেয় রিভ্ স্টুয়াটের বক্ততার বিষয় ছিল, 'প্রাচ্যাভিমুখে উন্মচামান কপাট' আর র্যাবাই গ্রোসম্যানের 'টেম্পল বেথএল'-এ আলোচ্য বিষয় ছিল, 'বিব কানন্দ আমাদের কি শিখালেন।' ২০শে তারিখেই প্রতিক্রিয়া দেখা দিল। 'ইভিনিং নিউজ' এভাবে 'প্রাচ্যের দিকে আলোকের অপেকায় ভাকাইয়া থাকা' বরদান্ত করিতে পারিল না এবং পরিষ্কার জানাইয়া দিল, বিবেকানন্দ ভেটুয়েটবাসীকে এমন কোন কথা ভনাইয়া ধান নাই, ধাহা ধর্গ বা মত্য সম্বন্ধে নৃতন, ধনিও তাঁহার অপূর্ব ব্যক্তিও ও শালীনভার মোতে পডিয়া অনেকে বাজে বকিতে আরম্ভ করিয়াছেন।

मनिवारतत्र त्मव वक्का-'मानरवत्र रमवष'-- मश्यक् পরবর্তী রবিবারেই

কিছু বলিবার স্থযোগ না পাইলেও বিরুদ্ধ পক্ষের ধর্মধাজ্ঞকগণ পূর্ববর্তী হুইটি ভাষণ অবলম্বনে যথেষ্ট বাগাড়ম্বর করিতে পারিয়াছিলেন, যাহার প্রতিবাদকরে 'জাষ্টিদিয়া' ছদ্মনামে একজন ২৩শে ফেব্ৰুয়ারির 'ফ্রী প্রেদ' পত্রিকায় বুঝাইতে চেষ্টা করিয়াছিলেন, "এই সকল সমালোচনা বুথা, কারণ বিবু কানন্দ যীভথুট বা প্রকৃত খুষ্টধর্মকে নিন্দা করিয়াছেন, এইরূপ বলা নিছক কল্পনা। তিনি ওধ তথাকথিত খুষ্টধর্মের যেসকল বহি:প্রকাশের ফলে সাম্প্রদায়িক বিশ্বাস, পুরোহিত-প্রচারিত মতবাদ, কুসংস্কার ও গোঁডামির দারা আমাদের ধর্ম অবনতিপ্রাপ্ত হয় এবং অসততা, নিষ্ঠরতা, প্রমতে অসহিফুতা এবং নিরাব্বণ স্বার্থপ্রতায় আমাদের সামাজিক জীবন ও ব্যবসায়ক্ষেত্র কল্ষিত হয়, তিনি তাহারই নিন্দা করিয়াছিলেন।" ঐ লেখিকার প্রবন্ধে আরও প্রকাশ, "এই নগরে প্রায় প্রতি ডাকে বহু অপমানজনক পত্রে তাঁহার উপর আক্রমণ চালানো হইয়াছে ।… আমাদের আইন এবং রীতিনীতি না জানায় বক্ততার আয়োজনাদি বিষয়েও তাঁহাকে ঠকাইয়া এবং তাঁহার প্রতি অতান্ত অন্যায় বাবহাব করিয়া বাবদারক্ষেত্রে অপরকে পরাজিত করিয়া নিজের স্বার্থনিদ্ধির জন্ম আমাদের পক্ষে যাহা কিছু করা সম্ভব তাহা করা হইয়াছে। আমাদের অনেক গোঁডা ধর্মন্দিরের বেদী হুইতে তাঁহার বিরুদ্ধে অতি অসভোচিত ভাষায় প্রচার করা হুইয়াছে। আবার এইরূপ করিয়াছেন সেইসব ধর্মযাজকরা যাঁহারা সংবাদপত্তের বিবরণ বাডীত তাঁহার সম্বন্ধে অন্য কিছুই জানেন না, আর আমার মতে সে সমস্ত বিবরণ অসম্পূর্ণ ও বিভ্রমোৎপাদক। এইসব লোক প্রথমে তাঁহার স্বমুথের কথা না ভনিয়া তাঁহার সমালোচনা করিতে সাহস পায় কি করিয়া ? 'নিজের দোষক্রটির সমালোচনা হইতে বাঁচিতে চাও তো অপরের সমালোচনা করিও না।'··· '(दह छगवान), जामापिशदक जातल (तमी कानम जानिया पाल, कम नदह, যাহাতে অপরে যে চক্ষে আমাদের দেখে, তাহা আমরা জানিতে পারি'—এই আমার মত।" এই বিবাদ-বিসংবাদ সংবাদপত্তের মাধ্যমে সারা ক্ষেক্রয়ারি माम धतियां है हिन्याहिन, এवः हैहारि हैहाई श्रमानिङ हहेबाहिन द्य. 'नीन-নাসিক', 'শক্ত-খোলস' ও 'নরম-খোলস' গোঁড়াদিগকে তিনি যেমন একদিকে কেপাইয়া তুলিয়াছিলেন, অন্তদিকে তাঁহার বন্ধুও জুটিয়াছিল অনেক। তাঁহার वकुछा । देर्कटक एछ। बात्मदक बानिएछनरे, बात्मदक बानात वगुरर छाहारक নিমন্ত্রণ করিয়া চা, মধ্যাক্ডোজন বা নৈশভোজনে আপ্যায়িত করিতেন এবং ঐ সত্তে বহু গুণগ্রাহীও আমন্ত্রিত হইয়া তাঁহার সহিত ঘনিষ্ঠভাবে পরিচিত হইতেন। 'ডেটুয়েট জার্নালে' লিখিত হইয়াছিল, "সমাজে রাজ্বসিংহাসনে অধিষ্ঠিত হিন্দু সন্ন্যাসী স্বামী বিবু কানন্দের সম্মানার্থ গত সপ্তাহে বহু আধুনিক কুচিসম্মত घरताया श्रीजिमधर्यनात चारयाक्रन इट्याछिल । . . . এट्टेमर मधर्यनाट थ्र कंक्सियक्रील ছিল।" এইরূপ এক বৈঠকের সংবাদ হইতে জানা যায় বিভিন্ন প্রশ্নকর্তাদের किकानाञ्चनादत सामीकी जांशास्त्र পठनीय त्रनायनभारत्वत्र । नक्किविधात গ্রন্থাবলীর এক তালিকা মুথে মুখে বলিয়া দিয়াছিলেন, যীওখুট সম্বন্ধেও অনেক তথ্য পরিবেশন করিয়াছিলেন। অবশেষে জনৈকা চতুরা মহিলা কৌশলক্রমে ভারতে ইংরেজ-শাসন ও সিপাহীযুদ্ধের কথা তুলিয়া স্বামীজীকে উত্তেজিত করিলেন এবং তিনিও যথন ভাবাবেগে প্রাণের কথা খুলিয়া বলিতে লাগিলেন, তথন মহিলাটি হাদিয়া ফেলিয়া বলিলেন, "আমি ভেবেইছিলাম, আমি আপনার দার্শনিকতাপুর্ণ প্রাচ্য গাম্ভীর্য ভেকে দিতে পারি।" সত্যই স্বামীন্সী তাঁহার সাধের ভারতজ্ঞননীর কথায় মাতিয়া উঠিতেন, আপনাকে যেন হারাইয়া ফেলিতেন। ভারতের উন্নতিকল্পে অর্থসংগ্রহের বাসনা তথনও তাঁহার মনে ছিল, এবং আমেরিকা হইতে ভারত কি শিথিতে পারে তাহা আবিষ্কার করিতেও তিনি সতত উদগ্রীব ছিলেন। 'ডেট্রেয়ট ট্রিবিউন'-এ ১৮ই ফেব্রুয়ারি স্বামীজীর সম্বন্ধে যে প্রবন্ধ প্রকাশিত হয় তাহার সার এই:

"তিনি স্বীকার করেন যে, ভারতের জনতা অতি দরিদ্র, অতি অশিক্ষিত এবং এমনসব সম্প্রদায়ে বিভক্ত বাহার সাধনপ্রণালী অতি নিমন্তরের প্রতিমাপুদ্ধা হইতে মানবভাতৃত্ব ও ভগবানের একত্বরূপ সভ্যের অতি উদার ও সর্বপ্রসারী ধারণার উপর প্রতিষ্ঠিত। তাঁহার ব্রত আমাদিগকে ধর্মান্তরিত করা বা স্থমতে আনম্বন করা নহে, প্রত্যুত অর্থ সংগ্রহ করিয়া এমন একটি মহাবিছ্যালয় স্থাপন করা, বেখানে শিক্ষকরা শিক্ষিত হইয়া সাধারণ লোকের নিকট বাইবেন এবং বর্তমানে বেসকল দোষ প্রচুরপরিমাণে রহিয়াছে, দেগুলির সংশোধন করিবেন। তিনি বলেন, ভারতে পৌরোহিত্য-প্রাধান্ত মারাত্মকরূপে বিছমান, পৌরোহিত্যই সভাকে বিক্লত করিয়া অজ্ঞতাকে চিরস্থায়ী করে। তিনি মৃতিপুলার মধ্যেও মন্ধল দেখিতে পান। তিনি অকপটভাবে স্বীকার করেন বে, পাশ্চান্ত্যবাসী আমরাও পৌরোহিত্যের আধিক্যবশতঃ প্রগতির পথে প্রতিহত হইতেছি, এবং আমরাও মৃতিপুলামূলক উপাসনাপদ্ধতি হইতে মৃক্ক নহি। স্বামীলী এই দেশে

তুইটি উল্লেখযোগ্য জিনিস লক্ষ্য করিয়াছেন—প্রথমতঃ সামাজিক মর্বাদা ও বৌদ্ধিক উৎকর্বের ক্ষেত্রে আমাদের নারীদের প্রতিপত্তি। দ্বিতীয়তঃ দরিশ্রের প্রতি আমাদের দানব্যবস্থায় এবং ব্যবহারে যে রীতি অবলন্ধিত হয়, তাহাতে উহাদের সমস্থার প্রায় সমাধান হইয়া গিয়াছে বলিলেই চলে। শুধু ইহাই নহে; আমাদের পরিশ্রম-লাঘবকারী যন্ত্রপাতিও তিনি লক্ষ্য করিয়াছেন। আমাদের ইহজাগতিক সভ্যতায় তিনি মোটেই মুগ্ধ নহেন, কারণ ইহাতে মাহুষকে উৎকৃষ্টতর করে না।" অতঃপর লেখক মিশনারীদের বিক্তমে আমীজীর সমালোচনার উল্লেখ করিয়া উহার যৌক্তিকতা দেখাইয়াছেন।

শামীজীর সন্ধর ছিল, তিনটি বক্তৃতা দিয়াই ডেট্রয়েট ত্যাগ করিবেন। কিছ বন্ধুদের অম্বরোধে ২০শে ফেব্রুয়ারি মঙ্গলবার ভগবৎ-প্রেম সম্বন্ধে ইউনিটেরিয়ান চার্চে আর একটি বক্তৃতা দিতে হইল। এই বক্তৃতায় শ্রোতৃসংখ্যা সর্বাধিক হইয়াছিল। এখানে অস্তাস্ত কথার মধ্যে স্বামীজী ইহাও বলিয়াছিলেন বে, প্রেম শুধু দান করে, কথনও স্বার্থচিস্তা করে না। ঈশ্বরকে শাসকরপে বা পিতৃরপে ভাবা চলে; কিছ ইহাতেও ভয়স্পর্শ আছে। ভারতে ভগবানকে স্নেহম্মী মাভারপে ভাবা হয়।

স্বামীজী ২১শে ফেব্রুয়ারি সকালে যাত্রা করিতে প্রস্তুত হইলেন, কিছু এবারেও যাত্রা স্থগিত হইল, তিনি সে অপরাহে শ্রীযুক্তা ব্যাগ্লীর গৃহে যে বক্তৃতা দিলেন উহার সারাংশ স্বামীজীর ইংরেজী গ্রন্থাবলীর অষ্ট্রম থণ্ডে 'হিন্দুগণ ও খৃষ্টানগণ' নামে মৃত্রিত হইয়াছে। সংবাদপত্রের মতে এই বক্তৃতাটি ছিল সর্বাপেক্ষা চিন্তাকর্ষক, শ্রোতাও ছিলেন অজ্ঞ্র, আর স্বামীজী হই ঘণ্টা ধরিয়া বক্তৃতা করিয়াছিলেন। শ্রীযুক্তা ব্যাগ্লীর মতে এই ভাষণের বক্তব্য বিষয় ছিলে, 'প্রাচীন হিন্দু দার্শনিকগণ ও তাঁহাদের শিক্ষা'। এই বক্তৃতাতেই স্বামীজী বলিয়াছিলেন, "ব্ধনই আপনাদের ধর্মযাজ্ঞকেরা আমাদের সমালোচনা করেন, তথন তাঁহাদের একথা যেন মনে থাকে—যদি গোটা ভারত উঠিয়া দাঁড়ায় এবং ভারত মহাসাগরের নীচে বত কাদা আছে সব তুলিয়া লইয়া পাশ্চান্ত্য দেশগুলির দিকে ছুঁড়িয়া মারে, ভাহা হইলেও আপনারা আমাদের বিক্তম্বে বাহা করিতেছেন, ভাহার অভি সামান্ত প্রতিশোধও হইবে না।" আমেরিকায় ভারতনিন্দা তথন এতই প্রবল ছিল!

২৩শে কেব্রুয়ারি শুক্রবার সকালে তিনি ডেট্রুয়েট হইতে ওহিয়ো প্রদেশের

আড়া নগর অভিমুখে থাত্রা করিলেন এবং সেই সন্ধ্যায়ই সেখানে 'মানবের দেবত্ব' সম্বন্ধে বক্তৃতা দিলেন। আড়া ক্ষু নগর, সেখানে তিনি অধিক দিন ছিলেন, অথবা একাধিক বক্তৃতা দিয়াছিলেন বলিয়া মনে হয় না। সম্ভবতঃ হুই-এক দিন থাকিয়াই চিকাগোর হেল পরিবারের গৃহে উপস্থিত হুইয়াছিলেন।

স্বামীক্ষী ডেট্যেট ত্যাগ করিলেও ডেট্যেট স্বামীক্ষীকে ত্যাগ করিতে পারিল না। তাঁহার বিরাট ব্যক্তিত্বের প্রভাব মহানগরীর উপর এতই প্রচণ্ড চিল যে, তাঁহার অমুপস্থিতি কালেও শত্রু ও মিত্রভাবে তাঁহাকে লইয়া এক প্রবল আন্দোলন চলিতে থাকিল। পর পর পাচটি উত্তম বক্ততা ও বহু ঘরোয়া বৈঠকে বাৰ্যালাপ এবং বিশিষ্ট গৃহে আপ্যায়িত হওয়া প্ৰভৃতি অবলম্বনে যে জনপ্ৰিয়তা প্রকাশ পাইয়াছিল, মিশনারীরা তাহা সহজে হজম করিতে পারিবেন কেন? বিশেষতঃ স্বামীজী দেখাইয়া দিয়াছিলেন, কোন ধর্মকেই ধর্মান্তর অপেক্ষা শ্রেষ্ঠ বলা চলে না, ভারত ধর্ম ও নৈতিকতায় অবংপতিত ও কুসংস্কারের জন্মভূমি— ইহাও মিশনারীদের স্বার্থোদ্ধারের জন্ম কল্লিত চিত্র, আর মদেশে ও বিদেশে খুই-ধর্মের নামে যে আচার-বিচার ও সাম্প্রদায়িকতার অমুসরণ করা হয়, তাহাকে ধর্ম না বলিয়া ধর্মধ্বজিতা বলাই উচিত। এই কথাগুলি এত সত্য অথচ মিশনারী-দের আত্মপ্রসারের এতই বিরোধী যে, তাহারা স্বামীজীর বিরুদ্ধে যুদ্ধঘোষণা করিতে বাধ্য হইলেন। ২৬শে ফেব্রুয়ারির 'ডেটুয়েট জানাল' ইহা দেখিয়া মন্তব্য করিয়াছিল, "হিন্দু সন্ন্যাসী বিব্ কানন্দ অন্ততঃ এইটুকু মঙ্গলসাধন করিয়া গিয়াছেন যে, গতকল্য কমপক্ষে দ্বাদশ জন বা ততোধিক ধর্মধাজক তাঁহার নাম ও বক্তব্য च्यवनम्रान चीय वक्कजात विषय म्बित कतिराज भातियाहिरानन।" हैशारनत क्व সোজা, কেহ বা বক্রভাবে আক্রমণ করিলেন, কেহ কেহ গালাগালিরও আত্রয় লইলেন। 'জানালের' ভাষায় "কেহ কেহ কানন্দকে কোমর বা উক্তেও আঘাত कतिरानन।" श्वामीकी विनिधाहिरानन, "रह ज्यानन, आमानिशरक आमारानत रिम्निक कृष्टि माख"-- এ काजीय প্রার্থনা স্বার্থপ্রণোদিত। মিশনারী প্রচারক প্রতিবাদকল্পে বুঝাইয়া দিলেন, "হিন্দুরা প্রার্থনাই করে না, কারণ ভাহাদের निर्द्ध व उत्तर कानरे नारे।" सामीको उथन श्रष्टान मिननातीरात निकर्छ अक অবশ্রপরিত্যাক্তা মারাত্মক প্রাণিবিশেষ। অনেক পরে স্বামীক্ষী সব দেখিয়া অনিয়া নিজেই লিখিয়াছিলেন: "এই দেশের গোঁডা-সম্প্রদায় আজ্বরকার পথ খুঁজিতেছে—তাহারা আমার বিষয়ে অতিমাত্র সম্ভন্ত এবং বলিতেছে, 'কি

মারাত্মক প্রাণীরে বাবা! হাজার হাজার নরনারী তাকে মানে! সে গোঁড়ামীর উচ্ছেদ করে ছাড়বে!"

এই মারাত্মক প্রাণীটির উচ্ছেদশাধনোদ্রেশ্র ডেট্রেরটের ব্যাপ্টিন্ট্ সম্প্রদায় থই মার্চ একটি জনসভার আহ্বান করিল, এবং তাহাতে জ্মন্তম বক্তা ডাঃ ডিরিউ. ই. বগ্দ বলিলেন, "জগতের মধ্যে ভারত সর্বাধিক পৌত্তলিক দেশ।… ব্রাহ্মণদের পক্ষে বিশ্বভাত্ত্ব প্রচার ততটাই স্থাসঞ্জন যতটা নাকি জাপানীদের পক্ষে গর্ব করা শোভা পায় যে, সতীত্ব ও নৈতিক পবিত্রতা জাপানীদের একটা বিশেষ গুণ।…ভারতে খৃষ্টান মিশন প্রেরণের প্রয়োজন বিষয়ে কোন দিনই অত্যুক্তি করা হয় নাই, হইতেও পারে না; আর আজই হইতেছে উহার সর্বাধিক প্রয়োজন।" বগ্দ ভারতবর্ষে দীর্ঘকাল ছিলেন; অতএব শ্রোতাদের নিকট তাহার বার্তা ছিল প্রামাণিক! ৭ই মার্চ আর একটা মিশনারী সোসাইটির সভায় অন্ততম বক্তা ছিলেন, মাননীয় ডাঃ ম্যাক্ওয়েল, যিনি ভারতে পয়তারিশ বংসর খৃষ্টধর্ম প্রচারান্তে স্বদেশে অবস্থান করিতেছিলেন। আমেরিকায় সেদিন পর্যন্ত ভারতসম্বন্ধে যত অপপ্রচার হইয়াছিল, তাহার সবই তিনি মৃক্তকণ্ঠে সত্য বিলিয়া ঘোষণা করিলেন, অধিকদ্ধ জনেক অপর্যপ নবীন তথ্য ও মৃগরোচক কাহিনী পরিবেশন করিতেও ভূলিলেন না। অবশ্র এই সকল বাগাড়ম্বরের পশ্চাতে তাহার মৃথ্য লক্ষ্য ছিলেন স্থামী বিবেকানন্দ।

কিন্তু সোভাগ্যের বিষয় এই যে, স্বানীজীর অন্থরাগীরাও তাঁহার বাণীর সত্যতা মর্মে মর্মে উপলব্ধি করিয়াছিলেন; তাই এই সকল হীন আক্রমণ সহ্য করিতে না পারিয়া মধ্যে মধ্যে তাঁর আপত্তি জানাইতে লাগিলেন। ১৫ই মার্চের 'ডেট্রেটে জার্নালে' এই ম্যাক্ওয়েল-ভাষণের প্রতিবাদ-কল্পে অক্তান্ত কথার মধ্যে একবাক্তি লিখিলেন, "একজন বিধর্মীকে খৃষ্টধর্মে আনিতে গড়ে পচিশ হাজার হইতে বিশ হাজার ভলার ধরচ পড়ে। এই ব্যয় অত্যধিক, এবং ইহাতে আশুর্ব হইবার কিছুই নাই যে, এই অর্থ সংগ্রহের জন্তু সর্বপ্রকার উপায়ই অবলম্বিত হয়। ভারত যেমন মদ চায় নাই, চীনও তেমনি আফিং চায় নাই; তর্ (খৃষ্টান) ইংলগু কামান দাগিয়া চীনদেশে আফিং-এর ব্যবদা চালাইল, আর ব্যবদায়ীদের সাহায্যে ভারতে মদ প্রচলিত করিল। ইংলগু মিশনারী প্রচারকের প্রচুর প্রয়োজন এবং বৈদেশিক মিশনারী সোসাইটি যেন ইংলগুর কথা ভলিয়া না বায়।"

ইচ্ছাপূর্বক বা অনিচ্ছাপূর্বকই হউক স্বামীজীর ডেট্রেটে পরিভ্যাগের অব্যবহিত পরেই ২৮শে ফেব্রুয়ারি হইতে ৪ঠা মার্চ পর্যন্ত ঐ নগরে 'ছাত্র স্বেচ্ছা-দেবক মিশনারী আন্দোলন'-এর দ্বিতীয় আন্তর্জাতিক অধিবেশনের ব্যবস্থা হইল। উহাতে ১,১৮৭ জন প্রতিনিধি ও অপর অনেক দর্শক উপস্থিত ছিলেন। চিকাগোনহাসভার প্রতিবাদকল্লে ইহা আছত হইয়াছিল কিনা জানা নাই; কিন্তু ইহা যে বিবেকানন্দবিরোধী ছিল তাহা 'খৃষ্টান অ্যাডভোকেট' পত্রিকার মন্তব্যেই স্বন্দেই: "এই অধিবেশনটি বিব্ কানন্দ ও তাঁহার বক্তৃতাবলীর কি অপূর্ব প্রতিবেধক! ইহা ঠিক সময়েই বসিয়াছিল। বিব্ কানন্দ যে মুখরোচক মিধ্যা তর্কজালের মোহ স্ক্রন করিয়াছিলেন, তাহা ষেসকল বীর বিধর্মের বিক্লজে দাঁড়াইয়া এ যাবৎ যুদ্ধ করিয়াছেন তাঁহাদের স্বদৃঢ় বিশ্বাস ও জীবস্ত 'অভিজ্ঞাতার সন্মূথে কুল্মটিকাবং' উড়িয়া গেল। কানন্দ বিদায়।"

বিবেকানন্দ যথন ডেট্রয়েট হইতে বিদায় গ্রহণ করেন, তথন ফিরিবার চিস্তামাত্র তাঁহার মনে ছিল না। কিন্তু ঘটনাচক্রে তুই সপ্তাহ পরে ৯ই মার্চ তিনি পুনর্বার দেখানে উপস্থিত হইলেন। মিশনারীদের অশোভন আফালনের সহিত স্বামীন্দীর পুনরাগমনের একটা কার্যকারণ সম্বন্ধ ছিল বলিয়াই মনে হয়। হয়তো তাঁহার বন্ধরা ভাবিয়াছিলেন তিনি আসিয়া ইহার সমূচিত উত্তর দিলে মিশনারীরা নীরব হইবেন। 'ডেউয়েট জার্নাল'-এর ১ই মার্চের মন্তব্যটি এই ধারণারই অনুকুল। উহাতে আছে: "হিন্দু সন্নাসী বিব্ কানন্দ চিকাগো হইতে আৰু রাত্তে ডেটুয়েটে ফিরিবেন এবং হয় শ্রীযুক্ত জন জেন ব্যাগলী অথবা মাননীয় টি. ভব্লিউ. পামারের আতিথা গ্রহণ করিবেন। পরবর্তী রবিবারে (১১ই মার্চ) কানন্দ 'ডেট্রেয়েট অপেরা হাউয়'-এ 'ভারতে খুষ্টীয় মিশন' সম্বন্ধে বক্ততা দিবেন; এখানে গত সপ্তাহে যে ছাত্র-স্বেচ্ছাসেবকদের অধিবেশন विमग्नाहिन, উठात्रहे পরিপ্রেক্ষিতে বিষয়টি পরিকল্পিত হইয়াছে।" ইংরেজী গ্রন্থাবলীর অষ্টম থণ্ডে এই বক্তভাটির কিয়দংশ 'ভারতে থ্রন্থর্ম' নামে ছাপা হইয়াছে। প্রায় একসহস্র শ্রোতা আড়াই ঘন্টা ব্যাপী এই ভাষণটি শ্রদ্ধাসহকারে ভনিয়াছিলেন। 'ভেট্টয়েট ট্রিবিউনে' বক্তৃতার বে বিবরণ প্রকাশিত হয়, ভাহাতে व्यथरपट वना द्य: १७ वृष्टे मश्राह धतिया वित्वकानत्मत विकृत्य त्य व्यव्यात চলিয়াছিল, ইহা তাহারই প্রত্যান্তর। স্বামীজী প্রথমে ভারতের সামাজিক অবস্থা বর্ণন করেন, পরে স্পেন ও পতুর্গালের খৃষ্টানদের ধ্বংসলীলার কথা উল্লেখ করেন। অতঃপর ইংরেজ মিশনারীরা আসিলেন; কিন্তু ভারতীয়দের সহিত না মিলিয়া স্বীয় আভিজাত্য রক্ষায় ব্যন্ত রহিলেন, এবং সরীবের অয়বত্রহীনতার স্থবোগ লইয়া তাহাদিগকে ধর্মান্তরিত করিতে লাগিলেন। তিনি আরও বলিলেন যে, অধিকাংশ মিশনারীরা ভারতীয় শাল্প সম্বন্ধ অপরিচিত, অর্ধপরিচিত, বা স্বকার্যের অম্পযুক্ত। তিনি প্রক্লত গামিক মিশনারীর বিরোধী ছিলেন না, কিন্তু তেমন স্বার্থহীন ধার্মিক মিশনারী কোণায় ? উহায়া তো জীবিকা অর্জনের জন্ম ধর্মপ্রচারে ব্রতী হয়। আর খৃইধর্মাবলম্বী জাতিগুলির কথা বলিতে গেলে বলিতে হয়, উহায়া পৃথিবীতে রক্তনদী প্রবাহিত করিয়াছে। তিনি আরও বলেন যে, সকল ধর্মই মূলতঃ সত্য। অতএব মিশনারীরা বেন কোন জাতীয় গর্ব, কোন সাম্প্রদায়িক অহমার না রাখেন। কারণ ভগবানের সন্তানদের আবার সম্প্রদায় হইবে কিরপে ?

এই বক্তৃতা দিয়া স্বামীক্ষী নিক্ষেপ্ত বেশ সম্বোষলান্ত করিয়াছিলেন। প্রদিন হেল ভগিনীদিগকে তিনি পত্তে জানাইলেন, "আমি এখন মিঃ পামারের অতিথি। ইনি বড় চমৎকার লোক। পরশু রাত্তে ভোজ দিলেন এঁর একদল প্রাচীন বন্ধুকে; তাঁদের প্রত্যেকেরই বয়স ষাটের উপর। দলটিকে ইনি বলেন, 'পুরানো বন্ধুদের আড্ডা'। এক নাট্যশালায় বক্তৃতা দিলাম আড়াই ঘণ্টা। সকলেই খ্ব খ্শী। •••এষাবং যতগুলি বক্তৃতা দিয়েছি, তার মধ্যে শেষেরটাই সবচেয়ে ভাল। শুনে মিঃ পামার তো আনল্দে আত্মহারা। আর শ্রোতারা এমন মন্ত্রমুগ্ধ হয়ে যান যে, বক্তৃতা শেষ হয়ে যাবার পর তবে আমি জানতে পারলাম—এত দীর্ঘকাল ধরে বলেছি। শ্রোতার সমনোযোগ বা চাঞ্চল্য বক্তার অগোচর থাকে না।" ('বাণী প্রচনা', ৬াছ ০০)।

স্বামীজীর পরবর্তী বক্তৃতা হয় ১৯শে মার্চ, সোমবার, অভিটরিয়াম-এ। বিষয় ছিল: বৌদ্ধর্ম। ইহাতে তিনি ভারতের প্রাচীন ধর্মেতিহাসের কথা তুলিয়া বৃদ্ধের জীবন ও বাণী সম্বন্ধে আলোচনা করেন।

এই বক্তৃতার পরই তিনি অগ্যন্ত চলিয়া ষাইবেন স্থির করিয়াছিলেন ; কারণ ২০শে মার্চ বে-সিটি-তে ও ২২শে মার্চ স্থাগিনোতে বক্তৃতা দিবার কথা ছিল। এই উভয় নগরই মিশিগান প্রদেশের অন্তর্ভূক। কিন্তু ডেট্রংয়টের বন্ধুদের আগ্রহে তিনি ঐ তুই বক্তৃতান্তে পুনর্বার সেথানে ফিরিয়া আসেন এবং ২৪শে মার্চ শনিবারে, ইউনিটেরিয়ান চার্চে 'ভারতীয় নারী' সক্ষমে বক্তৃতা দেন। এই

বক্তৃতার তিনি বলেন: ভারতীয় নারীর আধ্যাত্মিক আদর্শ অতি উচ্চ। বিভিন্ন দেশের নারীসমান্ধকে নিজ নিজ আদর্শাহ্যায়ী বিচার করা কর্ত্ব্য। প্রতীচ্যের মাপকাঠিতে প্রাচ্যের নারীর পরীক্ষা করা চলে না। পাশ্চাত্য দেশে নারীর মর্যাদা স্ত্রীরূপে, কিন্তু পূর্বদেশে তাহার মর্যাদা মাত্রূপে স্থিরীক্ষত হয়। ভারতে সতীত্বের সম্মান সর্বাধিক। নারীর দেহাবলম্বনে জগরাতাই আত্মপ্রকাশ করেন।

এই সকল প্রকাশ্র বক্তৃতা ছাড়া ঘরোয়া বৈঠকে স্বামীজী পূর্বোক্ত বিষয়গুলি সহদ্ধে এবং অক্সান্ত বহু বিষয়ে স্থলীর্ঘ আলোচনা করিয়াছিলেন। আর বক্তৃতা আপেক্ষা এইসব ব্যক্তিগত বার্তালাপের ফলই হইয়াছিল অধিক। ভারতীয় নারী সহদ্ধে এইরপ একটি আলোচনার দীর্ঘ বিবরণ ১লা এপ্রিলের 'ট্রিবিউন' পত্রিকায় প্রকাশিত হয়। ঐ পত্রিকারই ১৭ই মার্চের আর একটি বিবরণ হইতে জানা যায় যে, জনৈক প্রশ্নকর্তা ভারতীয় পতিতা নারীদের সহ্ধে রাডিয়ার্ড কিমিং-এর মতামত উল্লেখ করিলে স্বামীজী সরলভাবে ভারতীয় অবস্থা ব্ঝাইয়া দেন এবং দেখাইয়া দেন যে, পতিতাবৃত্তি মানবসমাজের একটা কঠিন সমস্তা; শুধু ভারতকে দোষ দেওয়া বুণা।

ভারতীয় নারী সম্বন্ধে বক্তৃতার অব্যবহিত পরেই তিনি ডেট্রেয়ট ত্যাগ করেন এবং ১৮৯৬ খৃষ্টাব্দের পূর্বে আর সেধানে ফিরেন নাই। ঐ বংসরের প্রথম ভাগে ডেট্রেয়টে আসিয়া তিনি প্রায় তুই সপ্তাহ অবস্থান করেন এবং বক্তৃতা ও ক্লাস পরিচালনা করেন। ঐ কালের অবস্থিতি সম্বন্ধে শ্রীযুক্তা ফান্ধি ('দেববাণী', ৩১-৩৪) লিখিয়াছিলেন: "তাঁহার সঙ্গে আসিয়াছিলেন সাংকেতিক লেখক ও তাঁহার স্থবিশ্বত গুড়উইন। বিভিন্ন পরিবারের বাসের জক্ত সেধানে বে ক্ষুদ্র রিশিনিউ হোটেলটি আছে, উহারই এক কক্ষে তাঁহারা থাকিতেন এবং ক্লাস ও বক্তৃতার জক্ত বৃহৎ বৈঠকখানাটি ব্যবহার করিতে পারিতেন। ভিড় যেরপ হইত তাহার তুলনায় ঐ ঘরটি তেমন বড় ছিল না; তাই আমাদের দেখিয়া ত্বংশ হইত যে, অনেককে ফিরিয়া যাইতে হইডেছে। ঘরখানি, হলঘর ও সিঁড়িঘর—সব লোকে লোকারণ্য হইয়া যাইত। সে সময় তিনি শুধু ভক্তিতেই পূর্ণ থাকিতেন—ভগবৎপ্রেমের জক্ত তিনি ছিলেন বুভূক্ষিত ও পিপাসিত। তিনি যেন একটা ভগবত্ন্মাদনায় আত্মহারা হইরাছিলেন—বেন স্লেহময়ী জগজ্জননীর জক্ত ব্যাকুলতায় তাঁহার হন্দ্র ফাটিয়া যাইবে। সর্বসাধারণসমক্ষে তাঁহার শেষ বক্তৃতা হইয়াছিল 'টেম্পন বেধ এন'-এ। উহার ধর্মযাক্র ছিলেন রাবাই লূই

গ্রোসম্যান; তিনি ছিলেন স্বামীজীর স্বতি একনির্চ গুণগ্রাহী। সেদিন ছিল রবিবার এবং জনতা এত স্বধিক হইয়াছিল যে, স্বামরা একটা কিছু ছ্বটনার ভাবনায় বিহলে হইয়া পড়িয়াছিলাম। গায়ে গায়ে ঠাসা লোকের সারি রাজ্যা পর্যন্ত বিস্তৃত ছিল, স্বার কত শত জনকে যে ফিরিয়া য়াইতে হইয়াছিল! বিবেকানন্দ তাঁহার শ্রোতাদিগকে মন্ত্রমুগ্ধ করিয়া রাঝিয়াছিলেন। (এ গীর্জায় প্রদন্ত) তাঁহার বক্তভাষয়ের বিষয় ছিল: 'পাশ্চান্ত্যের নিকট ভারতের বাণী' ও 'বিশ্বধর্মের স্বাদর্শ'। তাঁহার মুখে স্বামরা এক স্বতি মনোরম ও পাতিতাপুর্শ ভাষণ শুনিলাম। স্বাচার্যদেবকে সে রাত্রে যেরপ দেখিয়াছিলাম তেমনটি স্বার ক্ষনও দেখি নাই। তাঁহার সে সৌন্দর্যে এমন কিছু ছিল, যাহা এ জগতের নহে।"

শ্রীযুক্তা ব্যাগ্লীর বাড়ীতে না উঠিয়া স্বামীন্ধী সেবারে কেন হোটেলে উঠিলেন, এ প্রশ্ন স্বাভাবিক। কিন্তু তথন শ্রীযুক্তা ব্যাগ্লীর একটি কল্পা ফ্রারারের হইতে সারিয়া উঠিতেছিলেন বলিয়া তিনি কল্পাস্থ কোলোরেডোতে দীর্ঘকাল যাবৎ বাস করিতেছিলেন। ইহারও হুই বৎসর পরে তিনি অকস্মাৎ আ্যাপেগুলাইটিস রোগে দেহত্যাগ করেন। তিনি ডেটুয়েটে থাকিলে স্বামীন্ত্রীকে কথনই বাহিরে বাস করিতে দিতেন না। যাক, কথায় কথায় আমরা বহু দূর আসিয়া পড়িয়াছি। ইহার কারণ এই যে, একই স্থলে ডেটুয়েট পর্ব শেষ করা স্থবিধান্ত্রনক। আর এই বিবরণ হইতে আমরা ইহাই বৃঝিতে পারি যে, ১৮৯৪ হইতে ১৮৯৬-এর প্রথম ভাগ পর্যন্ত পূর্ণ হুই বৎসরকাল অতীত হইলেও ডেটুয়েটে স্বামীন্ত্রীর প্রভাব মান না হইয়া বরং বৃদ্ধি পাইয়াছিল। কথাটা মনে করিয়া রাধার মতো, কারণ পরে আমরা যে অপ্রিয় বিষয়গুলির আলোচনায় অগ্রসর হইতেছি, তাহার মূল্যায়নের পক্ষে এই দীর্ঘকালবাাপী অটুট জনপ্রিয়তা একটা বিশেষ প্রামাণিক বস্তু। সে আলোচনায় আলার পূর্বে ১৮৯৪-এর আরগ্র হুই-একটি ক্ষুত্র বিষয়ের উল্লেখ করা আবক্তক।

অত্যুক্ত সন্মান ও সাফল্যেরই মধ্যে স্বামীজীর বৈরাগ্য কিরূপ আজ্মপ্রকাশ করিত, তাহার পরিচয় ঐ কালের একখানি পত্রমধ্যে পাই। ১৮৯৪ খুটাব্যের ১২ই মার্চ তিনি লিখিয়াছিলেন, "মি: হল্ডেন আজ প্রাতে খুব বোঝাচ্ছিলেন আমাকে—মিশিগানে বক্তৃতা দেবার জন্ত। আমার কিন্তু এখন বস্টন ও নিউ ইয়র্ক একটু খুরে দেখবার আগ্রহ। সত্য কথা বলতে কি, বতই আমি

জনপ্রিয় হচ্ছি এবং আমার বান্মিতার উৎকর্ষ হচ্ছে, ততই আমার অস্থান্তি বোধ হচ্ছে। তব্দ বাজে জিনিদ থেকে ভগবান আমাকে রক্ষা করন—আর এদব ভাল লাগে না। ঈশ্বর করেন তো বন্টন বা নিউ ইয়র্কে বিশ্রামের অভিপ্রায়।" ('বাণী ও রচনা', ৬।৪০০)। এই হল্ডেন বাক্তিটি কে জানা নাই, হয়তো তিনি বক্তৃতা-কোম্পানীর কেহ হইবেন। কারণ আমরা জানি যে, ঠিক এই সময়েই স্বামীজী মিঃ পামার ও অক্যান্ত প্রতিপত্তিশালী ডেটুরেটবাদী বন্ধুদের সাহায়ে বক্তৃতা-কোম্পানীর দহিত সম্বন্ধ ছিল্ল করেন। ১৫ই মার্চের পত্তে আহে, "প্রথম বক্তৃতা সম্পর্কে বন্দোবন্ত ঠিক হয়নি। হলের ভাড়াই লেগেছিল একশো পঞ্চাশ ডলার। হল্ডেনকে ছেড়ে দিয়েছি। অন্ত একজন জ্টেছে; দেখি এর ব্যবস্থা ভাল হয় কিনা" (ঐ, ৪০৪)।

বক্তা-বিষয়ক চুক্তি-সমাপ্তি প্রদক্ষে শ্রীযুক্তা বার্ক লিথিয়াছেন, "স্বামীজী ষধন শ্রীযুক্ত পামারের বাড়ীতে ছিলেন সম্ভবতঃ দেই সময়েই বক্তৃতা-কোম্পানীর সহিত তাঁহার চুক্তির অবসান ঘটে। চুক্তিটি ছিল তিন বৎসরের, কিন্তু চারি মালের মধ্যেই উহা তাঁহার নিকট এক বন্ধনপ্রপ হইয়া উঠে। সম্ভবতঃ স্বামীজীর ব্যবসায়ী বন্ধুরাই তাঁহাকে মুক্ত করিতে সক্ষম হইয়াছিলেন, কারণ ভগিনী কৃত্তিনের মতে, প্রভাবশালী বন্ধুরা হস্তক্ষেপ না করিলে, বাহির হইবার কোন উপায় ছিল না। কিন্তু চুক্তি নাকচ করার ফলে আর্থিক ক্ষতি হইল প্রচুর। বিশ্বত্বত্বে জানা গিয়াছে যে, স্বামীজী ঐ পর্যন্ত ভারতীয় কাজের জন্ম হাহা কিছু সঞ্চয় করিয়াছিলেন, তাহার প্রায় সমন্তই থোয়াইতে হইয়াছিল।" ('নিউ ভিসকভারিজ', ৩০১)।

স্বামীন্দ্রী বক্তৃতা-কোম্পানীর সহিত সম্পর্ক বিচ্ছিন্ন করিলেন কেন? পূর্বের পজাংশ ও শ্রীযুক্তা বার্কের বাক্য হইতে আমরা করেকটি প্রধান কারণ পাই: আমীন্ধ্রীর প্রকৃতিগত বৈরাগ্য এভাবে অর্থসংগ্রহের ব্যাপারে ও অবিরাম কর্মকোলাহলে মন্ত থাকার বিহুদ্ধে মন্তকোত্তলন করিয়াছিল। আর এতাে ছিল এক বন্ধন, এক পরাধীনতা! এই সব ভাবগুলি স্বামীন্ধ্রী ১৫ই মার্চ মেরী হেলকে যে পত্র লিথিয়াছিলেন, তাহা হইতে স্পাইই হ্রন্মক্রম হয়। তিনি বলিতেছেন: "এ পর্যন্ত গলই বাচ্ছে। কিন্ত জানি না কেন, এখানে আসা অবিধি আমার মন বড় ভারাক্রান্ত হয়ে আছে। বক্তৃতা প্রভৃতি বাক্তে কাক্ষে একেবারে বিরক্ত হয়ে উঠেছি। শত বিচিত্র রক্ষের মহয়নামধারী কতকগুলি

জীবের সহিত মিশে মিশে উত্যক্ত হয়ে পড়েছি। আমার বিশেষ পছন্দ বন্ধটি। বে কি তা বলছি: আমি লিখতেও পারি না, বক্ততাও করতে পারি না; কিছ আমি গভীরভাবে চিন্তা করতে পারি, আর তার ফলে যখন উদ্দীপ্ত হই, তখন বক্ততায় অগ্নিবর্ষণ করতে পারি: কিছু তা অল্ল-ছতি অল্লসংখ্যক বাছাইকরা লোকের মধ্যেই হওয়া উচিত। তাদের যদি ইচ্ছা হয় তো আমার ভাবগুলি জগতে প্রচার করুক—আমি কিছুই ক'রব না। কাজের এ একটা যুক্তিযুক্ত বিভাগ মাত্ৰ। একই বাক্তি চিন্তা ক'ৱে তাৱপৰ সেই চিন্তালৰ ভাব প্ৰচাৱ ক'ৱে কখনও সফল হতে পারেনি। এরপে প্রচারিত ভাবের মূলা কিছুই নয়। চিস্তা করবার, বিশেষ ক'রে আধ্যাত্মিক চিন্তার জন্ম পুর্ণ স্বাধীনভার প্রয়োজন। স্বাধীনতার এই দাবি এবং মামুষ যে যন্ত্রবিশেষ নয়-এই তত্ত্বের প্রতিষ্ঠাই ষেহেতু সব ধর্মচিস্তার সারকথা, অতএব বিধিবদ্ধ যান্ত্রিক ধারা অবলম্বন ক'রে এই চিন্তা অগ্রসর হ'তে পারে না। যন্ত্রের স্তরে সব্কিছুকে টেনে নামাবার এই প্রবৃত্তিই আন্ধ্র পাশ্চাত্তাকে অপুর্ব সম্পদশালী করেছে সত্য, কিন্তু এই প্রবৃত্তিই আবার তার সব রকম ধর্মকে বিতাড়িত করেছে। যৎসামান্ত যা কিছু অবশিষ্ট আছে, তাকেও পাশ্চান্ত্য পদ্ধতিমত ক্ষরতে পরিণত ক্রেছে। আমি বান্তবিক্ই 'ঝঞ্চাসদৃশ' নই, বরং ঠিক ভার বিপরীত। আমার যা কাম্য, তা এখানে লভ্য নয় এবং ঐ 'ঝঞ্চাবর্তময়' আবহাওয়াও আমি আর সহা করতে পারছি না। পূর্ণত্বলাভের পথ এই যে, নিজে এরপ চেষ্টা করতে হবে এবং অক্টান্ত স্ত্রীপুরুষ যারা সচেষ্ট, তাদের যথাশক্তি সাহায্য করতে হবে। বেনাবনে মৃক্তা ছড়িয়ে সময় স্বাস্থ্য ও শক্তির অপব্যয় করা আমার কর্ম নয়—মৃষ্টিমেয় কয়েকটি মহামানব স্ষ্টি করাই আমার ব্রত।" ('বাণী ও রচনা', ৪০৪-৫)।

মানসিক অবস্থা বাঁহার এইরূপ, তাঁহার পক্ষে বক্তা-কোম্পানীর তাগিদ
অহ্যায়ী অর্থসংগ্রহ করিবার জন্ত ঝঞ্চাবাতপ্রায় আমেরিকার নগরে নগরে
ঘ্রিয়া বেড়ানো অসম্ভব—ইহা সহজেই ব্ঝিতে পারা যায়। অতএব অন্ত কোন
কারণ না ঘটিলেও বিচ্ছেদ ছিল অবশ্রম্ভাবী। অন্ত কারণও ঘটিয়াছিল—যদিও
উহা গৌণ। ভারতের উন্নতিকরে তিনি চিরাচরিত সন্ন্যাসপ্রথার বিক্লম
হইলেও বক্তা দিয়া অর্থোপার্জন করিতে প্রস্তুত ছিলেন, প্রয়োজন ফ্লে
যান্থ্যের কথা না ভাবিয়া অবিরাম কর্মস্রোতে গা ভাসাইতেও পশ্চাৎপদ ছিলেন
না, আপাততঃ আত্মক্তির চিন্তা ভুলিয়া জনকল্যাণসাধনে জীবনবার করিতেও

পরাধ্য হন নাই, কিন্তু তাঁহার এই হৃদয়াবেগ ও বাগ্মিতাশক্তির অপব্যবহার করিয়া বক্তৃতা-কোম্পানী নিজের কোলে ঝোল টানিবে এবং পদে পদে তাঁহাকে ঠকাইবে, ইহা বরদান্ত করা তাঁহার পক্ষে সম্ভব ছিল না। মানবজীবনের এমন অবমাননা সহু করা অপেক্ষা সমন্ত অর্থ ছুঁড়িয়া ফেলাই বাহ্মনীয়। আমরা দেখিয়াছি, বক্তৃতা-কোম্পানীর সহিত বিচ্ছেদের ম্লাম্বরূপ তিনি তাঁহার কটার্জিত প্রায় সমন্ত অর্থ ই অকাতরে ত্যাগ করিয়াছিলেন। বক্তৃতা-কোম্পানী কিরপ ঠকাইত, তাহার উদাহরণ দিতে গিয়া স্বামীজী ১১ই জুলাই (১৮৯৪) আলা-সিন্ধাকে লিখিয়াছিলেন, "ডেটুয়েটের বক্তৃতায় আমি ২০০ তলার অর্থাৎ ২৭০০ টাকা পেয়েছিলাম।" অন্যান্ত বক্তৃতার একটাতে এক ঘন্টায়্ম আমি ২৫০০ তলার অর্থাৎ ৭৫০০ টাকা রোজগার করি, কিন্তু পাই মাত্র ২০০ তলার। একটা জুয়াচোর বক্তৃতা-কোম্পানী আমায় ঠকিয়েছিল। আমি তাদের সংশ্রব ছেড়ে দিয়েছি।" (ঐ, ৪৬১ পঃ)। তথনকার দিনে তলারের দাম ছিল তিন টাকা।

সত্দেশ্যে অর্থ অর্জনের তুলনায় নীতির মানকে উচ্চতর স্থান দিয়া এবং আধ্যাত্মিকতার দাবিকে প্রাধান্ত দিয়া স্থামীজী বক্তৃতা-কোম্পানীর কবল হইতে মুক্ত হইলেও ভারতের চিস্তা এবং ঐ জন্ত চেষ্টা করা হইতে বিরত হইতে পারেন নাই, যদিও ইহাও স্থাকার্য যে, এই স্থাধীন পদ্মা অবলম্বনের পরও তিনি এই দিকে উল্লেখযোগ্য সাফল্য লাভ করেন নাই। শত্রুপক্ষ অবশ্র অনেক কিছুই কল্পনা করিত, কিছু বাত্তব সত্য অন্তর্মণ। ভারতের কার্যের জন্ত এই কালে অ্যাচিত দান হিসাবে তিনি তেমন কিছু পাইয়াছিলেন বলিয়া জ্ঞানা নাই, শুধু এইটুকু জ্ঞানিতে পারা গিয়াছে, ফ্রিমার নামক জনৈক ভেটুয়েটবাসী ব্যবসায়ী তাঁহাকে ছই শত ভলার (ছয় শত টাকা) দিয়াছিলেন। বাকী প্রায় সমন্তই তাঁহার ক্টার্জিত বলিয়া মনে হয়। এই স্থোপার্জিত অর্থও আবার অনেক ক্ষেত্রেই আমেরিকার বিভিন্ন প্রতিষ্ঠানে দান করিতেন—ইহা আমরা অন্তর্জ্ঞ বলিয়া আসিমাছি, পরেও বলিব। আর আমেরিকার ব্যয়াধিক্য তো জ্ঞানাই আছে। অতএব মোটের উপর তাঁহার সঞ্চয় কিরপ হইতেছিল এই বিষয়ে ২৫শে মার্চের 'ভেটুয়েট ক্রিটিক' পত্রিকায় যে মন্তব্যটি প্রকাশিত হয়, তাহা অনুধাবনযোগ্য। "বিধর্মের মহান শত্য, এবং সৌন্মর্য ও আধ্যাত্মিকতার কার্যকারিতা সম্বন্ধে

২। তাঁহার প্রথম বক্তৃতার ব্যক্তিগত আর সক্ষে ১৫ই মার্চের চিটিতে আছে, "মাত্র একশো সাডাশ ভলার গেনেছি।" বাকী টাকা বক্তৃতা-কোলানী ও হলের মালিকরা লইয়াছিলেন নিশ্চর।

প্রচারোন্দেশ্রে কানন্দ ডেটুয়েট শহরে কতকটা যে রোমাঞ্চকর অভিযান চালাইয়া বাইতেছেন, উহা হইতে তিনি প্রচুর অর্থলাভ করিতেছেন বলিয়া অনেক কথা ভনিতে পাই। আমি ঘটনাক্রমে জানিতে পারিয়াছি, আমাদের বিভিন্ন খুটান সম্প্রদায়ের বৈদেশিক মিশনগুলি হইতে যেসকল ধর্মপ্রচারক ভারতে প্রেরিড হন. বিবেকানন্দের যৎসামান্ত আয় তাঁহাদের বেতন অপেক্ষা অধিক নহে। সত্য কথা বলিতে গেলে সঞ্চয় তিনি তেমন কিছুই করিতেছেন না। তিনি এখানে প্রায় ছয় সপ্তাহ আছেন, এবং ঐ কালমধ্যে জনসাধারণের জন্ম তিনি অপেরা হাউসে একটি, অভিটরিয়ামে একটি, একটি গীর্জায় একটি, এবং এই প্রদেশের অগ্রত্র হই একটি বক্তৃতা দিয়াছেন। প্রথম বক্তৃতায় লব্ধ অর্থের প্রায় স্বটাই অপেরা হাউন আত্মনাৎ করিয়াছে। অভিট্রিয়ামটি ব্যবহারের ব্যবস্থা হয়তো এীযুক্তা ব্যাগ্লী করিয়াছিলেন, কারণ তিনি তাঁহারই অতিথি। যদি তাহা না रहेशा थाटक তবে তিনি খরচ চালাইতে পারিয়া থাকিলেই যথেষ্ট হইয়াছে মনে করিব। গীর্জাতে তিনি কিরপ করিয়াছিলেন জানি না, হয়তো অক্যান্ত স্থানের তুলনায় ভালই হইয়াছিল। বিকালবেলা ঘরোয়া বৈঠকে তিনি যেসব বার্তালাপ করেন, আর যাহারই ফলে তাঁহার এত খ্যাতি, দেগুলি তো মুক্ত বায়ুরই মতো দাবি-দাওয়া-শৃত্ম। অতএব গত ছয় সপ্তাহে আয়ব্যয়ের সমতারক্ষা ছাড়া কানন্দ বিশেষ কিছু করিয়াছেন বলিয়া তো আমার হিদাবে পাই না।" ('নিউ ডিদকভারিজ', ৩০২-৩ পৃ:)।

মনে রাখিতে হইবে, স্বামীজী যদিও বিতীয়বারে ডেট্রেটে আদিয়া প্রথমে মাননীয় (ভৃতপূর্ব সেনেটর) পামারের বাড়ীতে উঠিয়াছিলেন, তথাপি তিনি পরে শ্রীযুক্তা ব্যাগ্লীর বাড়ীতে চলিয়া যান। পামারের সহিত তাঁহার বন্ধুত্ব ও ব্যাগ্লীর বাড়ীতে চলিয়া যাওয়া সম্বন্ধে তিনি ১৫ই মার্চ ও ১৭ই মার্চর পত্রব্রেয় লিখিয়াছিলেন, "বুড়ো পামারের সঙ্গে আমার বেশ জমেছে। বৃদ্ধ সক্ষন ও সদানন্দ।…ইা, আমার সম্বন্ধে সবচেয়ে মজার কথা লিখেছে এখানকার এক সংবাদপত্র: ঝঞ্চাসদৃশ হিন্দুটি এখানে মি: পামারের অতিথি, পামার হিন্দুধর্ম গ্রহণ করেছেন, ভারতবর্ষে বাচ্ছেন; তবে তাঁর জেদ, ছইটি বিষয়ে কিছু অদলবদল চাই—জগরাথদেবের রথ টানবে তাঁর লগ-হাউদ ফার্মের 'পারচেরন' জাতীয় অশ্ব, আর তাঁর জাসি গাভীগুলিকে হিন্দুর গোদেবী-সম্প্রদায়ভূক্ত ক'রে নিতে হবে। এই জাতীয় অশ্ব ও গাভী মি: পামারের লগ্-হাউদ ফার্মে বহু আছে

এবং এগুলি তাঁর খুব আদরের।" ('বাণী ও রচনা', ৬।৪০৪)। "মিঃ পামারের সঙ্গে বেলী সময় থাকার ব্যাপারে মিসেস ব্যাগ্ লী ক্ষা হওয়ায় আজ তাঁর বাড়ীতে কিরেছি। পামারের বাড়ীতে বেল ভালই কেটেছে। পামার সত্যি আমুদে দিল-থোলা মজলিশীলোক, 'ঝাঝালো স্কচ' (মদ)-এর ভক্ত। " আমি চলে আসতে তিনি থুব তুঃখিত হলেন। কিন্তু আমার অন্ত কিছু করবার ছিল না।" (ঐ, ৪০৬ পঃ)।

ডেটয়েট ও আমেরিকার অক্তান্ত স্থানে স্বামীজীর এইরূপ অক্লুত্রিম বন্ধ অনেকেই জুটিয়াছিলেন। অপরদিকে আবার একমাত্র চিকাগো-বিজয়ের সঙ্গে তুলনীয় এই ডেটুয়েটের বিজয়বাতার পরিণামস্বরূপ শত্রুবৃদ্ধিও হইয়াছিল প্রচুর এবং ক্রমে উহা স্বামীজীর জীবনে সর্বাপেক। মর্মান্তিক হঃধ ঘটাইয়াছিল। সেসব ঘটনায় ক্রমে আসিতেছি। আপাততঃ এই দ্বিতীয়বারে ডেটুয়েটের মিশনারী সমাজ একেবারে চুপ করিয়া রহিল, যদিও ভারত প্রত্যাগত আরু এ হিউম নামক এক মিশনারী ডেটুয়েটের বাহির হইতে স্বামীন্সীর নামে ২১শে মার্চ একথানি পতা লিখিয়া বিষোদ্যার করিলেন। এই বিজ্ঞ মিশনারীপুরুব হিউমই চিকাগো ধর্মসভায় ভবিশ্বদাণী করিয়াছিলেন, "বর্তমান পুরুষের অবসানের সঙ্গে সঙ্গেই সমন্ত দায়িত্বপূর্ণ ও প্রতিপত্তিশালী কার্যের ভার ভারতীয় খুষ্টান সম্প্রদায়ের হাতে আসিয়া পড়িবে।" ('নিউ ডিসকভারিজ', ৩১৯)। হিউম-এর পত্র পাইয়া স্বামীন্সীর বিস্তারিত উত্তর দিবার সময় ছিল না, তাড়াতাড়ি একটা উত্তর লিখিয়া তিনি অন্তত্ত চলিয়া যান। ঐ ২৯শে মার্চের উত্তর 'বাণী ও রচনা'তে মুদ্রিত হইয়াছে। হিউম উভয় পত্র ডেটুয়েটের সংবাদপত্রে প্রকাশ করেন এবং তাহার करन हिडेम ७ वामीकीत वद्गुतनत मर्पा नीर्घ वानश्रि छवान চলিতে थारक। স্বামীজী ইহার সহিত সংশ্লিষ্ট চিলেন না।

শ্বামীন্দীর পত্রাবলী হইতেই প্রকাশ, তিনি মধ্যপশ্চিমের কান্ধ সারিয়া পূর্বাঞ্চলে যাইবার জন্ম ব্যগ্র ছিলেন। ঐ অঞ্চলে যাইবার পূর্বে তিনি ডেট্রয়েট হইতে ২৩শে ফেব্রুয়ারি ওহিয়ো প্রদেশের আডা শহরে এবং পুনর্বার ডেট্রয়েটে ফিরিয়া দেখান হইতে ২০শে মার্চ মিশিগান প্রদেশের অন্তর্গত বে-সিটি ও স্থাগিনোতে যান।

আডা কৃত্র নগর হইলেও দেখানে ওহিয়ো নর্দার্ন ইউনিভার্সিটি অবস্থিত

৩। পামার পরে মদ্যপান-নিবারণ-আন্দোলনে যোগ দেন।

থাকায় শ্রোতার অভাব ছিল না। তাঁহারা মনোযোগসহকারে স্বামীক্ষীর কথা শুনিয়াছিলেন, এবং প্রশ্নপ্ত করিয়াছিলেন বহু। বক্তৃতা হইরাছিল 'অপেরা হাউসে' শুক্রবার সন্ধ্যায়, ২২শে ফেব্রুয়ারি। বিষয় ছিল, 'মানবের দেবছ'। স্বামীক্ষী ব্রাইয়া দিলেন : মন ও জড় বস্তু হইতে আত্মা পৃথক ; মন নিজে বিনাশী ও উহা আত্মার যন্ধ্যাত্ত্র। আত্মার যন্ধ্যাত্ত্র। আত্মার যন্ধ্যাত্ত্র। আত্মার যন্ধ্যাত্ত্র। আত্মার যন্ধ্যাত্ত্র। আত্মার যন্ধ্যাত্তর আত্মার মাহ্রুয়ের কর্তব্য। সকল আত্মাই মৃক্তিলাভের ক্রুয় সচেষ্ট। কোন বিশেষ ধর্মকে একমাত্র সত্য বলা অল্লায়। বক্তৃতা অর্থঘণটাব্যাপী হইলেও সভাপত্তির ঘোষণাত্র্যায়ী প্রশ্ন ও প্রত্যুত্তরে বহু সময় ব্যয়িত হইল। এই প্রশ্নোত্তরকালে স্বামীক্ষী বলিলেন : হিন্দুর। পুনর্জন্মে বিশ্বাসী; শ্রীকৃষ্ণজীবনের সহিত গৃইজীবনের কিছু কিছু সাদৃশ্য আছে; স্পষ্ট অনাদি; মৃক্তির অর্থ কোথাও যাওয়া নহে, প্রত্যুত স্বরূপের অন্তর্ভুতি; ধর্ম মানে আত্মার স্বরূপের অভিব্যক্তি; পাশ্চান্ত্যের লোকেরা বড়ই কর্মচঞ্চল; শাস্থভাবে থাকাও সভ্যতাবিকাশের একটা প্রধান অবলম্বন; হিন্দুরা নিজের হু:থাদির জন্ম ভগবানকে দায়ী করে না, ইত্যাদি।

বে-সিটির কোন গীর্জায় বক্তৃতার অমুমতি না পাওয়ায় স্বামীজীকে জগত্যা 'বে-সিটি অপেরা হাউদে' বক্তৃতা দিতে হয়। কিন্তু মিশনারীরা বিরোধী হইলেও তাঁহার শ্রোতার অভাব হয় নাই। বক্তৃতা হয় ২০শে মার্চ, মললবার সন্ধ্যায়। বক্তৃতার সংবাদ ঘোষণা করিতে গিয়া 'বে-সিটি টাইমস্ প্রেস' পত্রিকায় লিখিত হইল : "হিন্দু সন্ধ্যাসী ডেটুরেটে টি. জি. ইলারসোল অপেকাও অধিক সংখ্যক শ্রোতাকে আকর্ষণ করিয়াছিলেন। তাঁহার অপূর্ব বাগ্মিতা, বিশুদ্ধ ইংরেজী, এবং চিন্তার গান্ধীর্ঘ এই দেশের সর্বত্র শিক্ষিত সমাজের মনোযোগ আকর্ষণ করিয়াছে।" বক্তৃতায় তিনি বলেন, আমেরিকায় অর্থকোলীক্ত স্বীকৃত হয়, ঘোর অপরাধীও অর্থবলে সমাজে উচ্চ স্থান পাইতে পারে। ভারতে সেরপ কৌলীন্য স্বীকৃত হয় না। ভারতীয় জাতিপ্রথার ভিত্তি অক্তরপ। হিন্দুধর্ম পরমতসহিষ্টু। মিশনারীরা সকল ধর্মাপেকা হিন্দুধর্মকে অধিক গালি দিতে পারে ওধু এই কারণেই যে, হিন্দুরা ধর্মমত-প্রকাশে কাহাকেও বাধা দেয় না। সাংবাদিকের সহিত সাক্ষাৎকালে তিনি ইহাও বলেন যে, হিন্দুরা সাধারণতঃ খুষ্টান হইতে চায়

৪। ই'হার প্রকৃতনাম রবার্ট গ্রীন ইক্লারসোল। ইনি সমসাময়িক আমেরিকার স্থপ্রিছ
অক্টেরবালী কক্রা। ই'হার সহিত স্বামীঞ্জীর সাক্ষাৎ ইইয়াছিল। এই অব্যায়ের ১০৭ পৃঠা ফ্রইয়।

না, তবে অর্থনোডে কেহ কেহ স্বধর্ম ত্যাগ করে। সামাজিক অপরাধে অপরাধী সব দেশেই আছে, এবিষয়ে ভারতও বেমন আমেরিকাও তেমনি; তাছাড়া সকল মানুষই দেবতা এরপ মনে করা অবৌক্তিক।

বে-সিটি হইতে স্বামীন্ত্ৰী স্থাগিনো শহরে যান এবং সেখানে বুধবার সন্ধ্যায় (২১শে মার্চ) বক্ততা দেন। এখানে লক্ষ্য করিবার বিষয় এই যে, তথনকার मित्न चारमित्रकात कनममाक त्वीक्तपर्य ७ हिन्मुधर्मत भार्वका वृक्षिक ना এवः অনেক ক্ষেত্ৰেই স্বামীজীকে বৌদ্ধ বলিয়া ভাবিত। স্থাগিনোর সংবাদপত্রগুলিও এইরপ ভ্রমে পতিত হইয়াছিল ৷ বিশেষতঃ স্বামীজীর বক্ততার বিষয় 'বৌদ্ধর্মম বা এশিয়ার জ্যোতির ধর্ম' হইতেও এই বিভ্রান্তি পরিপুষ্ট হইয়া থাকিবে। স্বামীজী পরে বক্রবা বিষয়ের পরিবর্তন করিয়া 'ধর্মসমন্বয়' সম্বন্ধে ভাষণ দেন। বক্ততার স্থান ছিল—'আকাডেমি অব মিউজিক'। শ্রোতার সংখ্যা অর হইলেও তাঁহারা বেশ মনোযোগ দিয়া ভনিয়াছিলেন। বক্ততায় তিনি ভারতের বান্তব সমাজজীবনে ও রাষ্ট্রীয় ক্ষেত্রে সমন্বয়ের বিপুল প্রভাবের কথা ঐতিহাসিক তথ্যসহায়ে বুঝাইয়া দেন। পরে এই তথ্যের প্রয়োগে অপর দেশ ও ধর্মগুলি কিরপে লাভবান হইতে পারে তাহাও ব্যাখ্যা করেন। তিনি ইহাও দেখাইয়া দেন যে, ক্যাথলিকদের অনেক অফুষ্ঠানপ্রথা বৌদ্ধদের নিকট হইতে গৃহীত হইয়াছে, এবং তিনি বলেন যে, অপরের নিন্দায় মাতিয়া উঠিলেও গৃষ্টান পাদ্রীরা যাহ। প্রচার করেন, কার্যতঃ তাহা পালন করেন না; বিশ্বভাতৃত্ব মুখে প্রচারিত হইলেও আমেরিকার দক্ষিণাংশে নিগ্রোরা অবহেলিত হইয়া থাকে। অন্তান্ত ম্বানে যেমন, এখানেও তেমনি স্বামীজী চলিয়া যাইবার সঙ্গে সঙ্গেই মিশনারীরা তাঁহার বার্ডাকে নস্তাৎ করিয়া দিবার জন্ম কোমর বাঁধিয়া লাগিয়া গেলেন, যদিও সাফল্য তেমন কিছুই হইল না।

এখানে স্বামীজীর আমেরিকা-শ্রমণকালের কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা বলিয়ারাধি। আমরা দেখিয়াছি, চিকাগো হইতে ডেট্রেরট পর্যন্ত, এমন কি স্থাগিনো পর্যন্ত সর্বত্র সংরক্ষণশীল সন্ধীর্ণমনা অনেক পাস্রী এবং তাঁহাদের অফুগামী সাধারণ জনসমাজ স্বামীজীর প্রচারের বিশ্বজ্ঞাচরণকল্পে নানা উপায় অবলম্বন করিয়াছিলেন। ইহার আরও বীভংস পরিচয় আমরা পরে পাইব। অথচ মনে রাখিতে হইবে, নবীন বিজ্ঞানালোকে উদ্ভাগিত আমেরিকা ঐ সময়মধ্যে পূর্বাপেক্ষা অনেক উদার হইয়াছিল; চিকাগোর কিছুদিন পূর্বেও ঐ সমাজে ঐরূপ বক্তৃতা দেওয়া মোটেই

म्हर रहे किना दर जात ? जात्मविकात जनशिव जास्क्रवानी ज्ववस्था वर्गार्ध ইকারসোলের সহিত স্বামীজীর পরিচর হইলে ইকারসোল তাঁহাকে সাবধান করিয়া দেন, তিনি যেন অতিসাহসী বা অতিস্পষ্টবাদী না হন। তাঁহার নবীন মতবাদ প্রচারকালেও প্রচলিত বীতিনীতির সমালোচনাবিষয়ে যেন সতর্কতা অবলম্বন করেন। ইহার কারণ জিজ্ঞাসিত হুইয়া ইলারসোল বলিয়াছিলেন. "পঞ্চাশ বছর আগে এদেশে প্রচার করিতে আসিলে আপনাকে ফাঁসিকাঠে ঝুলানো হইত বা পুড়াইয়া মারা হইত। এমন কি আরও কিছু পরে আসিলেও আপনাকে ঢিল মারিয়া গ্রাম হইতে তাডাইয়া দেওয়া হইত।" এই ডিব্রু অভিজ্ঞতা স্বামীজীর ভাগ্যে অনেক্থানি ঘটিয়াছিল। তবু ইহাও সত্য যে, স্বামীজীর অভিজ্ঞতা ও ইঙ্গারসোলের অভিজ্ঞতার মধ্যে একটা প্রভেদ ছিল। ইকারসোল ধর্মমাত্রের বিরোধী ছিলেন, স্বামীজী নিজে ছিলেন আন্তিক, ঈশ্বর-প্রেমিক এবং যীওখন্টের প্রতি অসীম প্রদাশীল। ইন্ধারসোল ছিলেন অতীক্রিয় সত্যে অবিশাসী, পামীজী ছিলেন বিশাসী; ইন্নারসোল ছিলেন ধর্মধ্বংসী, স্বামীজী ছিলেন ওধু সমীর্ণতা ও ধর্মধ্বজিতার বিরোধী। অতএব স্বামীশ্রীর ভাগ্যে বিরোধের সহিত সমর্থনও যথেষ্ট মিলিয়াছিল। একটি ঘটনায় ইহাদের পার্থকা ম্পষ্ট প্রতীত হয়। একবার এক ক্লাসের চাত্রদের স্বামীন্সী বলিয়াচিলেন. "ইন্বারসোল একদিন আমাকে বলিলেন, 'আমি এই জগৎ হইতে যথাসম্ভব ভোগ আদায় করাতেই বিশ্বাসী, আমি চাই কমলানেবটাকে নিওড়াইয়া কাঠ করিয়া ফেলিতে, কারণ এই জ্বগৎ ভিন্ন অপর কোন কিছুর সত্যতা সহদ্ধে আমরা নিশ্তিন্ত নহি।' আমি উত্তর দিলাম, 'এই জগত্রপ কমলানেবুটাকে আপনি বেভাবে নিঙ্ডাইতে চান আমি ভদপেকা উত্তম উপায় জানি, আরু আমি তাহাতে রুসও পাই বেশী। আমি জানি ষে. আমার নাশ নাই; অতএব আমার ব্যন্ততাও নাই। আমি জানি যে, আমার কোন ভয় নাই; অতএব নিঃড়াইতে আমি স্থপত পাই। আমার কোন কর্তব্য নাই—কোন স্ত্রী, পুত্র বা সম্পত্তির বন্ধন নাই: অতএব আমি দকল নরনারীকেই ভালবাদিতে পারি: আমার নিকট বাসিতে পারিলে আনন্দ কিরপ হয়! আপনার কমলানেবৃটিকে এইভাবে নিঙড়ান দেখি এবং তাহা হইতে সহলগুণ অধিক রস বাহির করুন-প্রত্যেক বিন্দু রস বাহির করিয়া ফেসুন।'"

পশ্চিম প্রান্তের একটা নগরে অবস্থানকালে স্বামীক্রী আপনাকে তাঁহার জীবনের একটা বিকটতম পরিস্থিতি মধ্যে দেখিতে পাইরাছিলেন। হিন্দুদর্শনের কথা ব্যাখ্যাকালে স্বামীন্ত্ৰী বলিয়াছিলেন, যিনি সৰ্বোত্তম সত্যে উপন্থিত হন, তিনি পারিপার্ষিক অবস্থার প্রভাব হইতে মুক্তিলাভ করেন, বাহিরের কিছুই তাঁহাকে বিচলিত করিতে পারে না। কথাগুলি শুনিল কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ছাত্র, যাহারা তথন গোচারণ-কার্যে নিয়ক্ত ছিল: আর ঐ প্রান্তের গোচারকগণ (কাউ বয়েন্দ্র) খুব বেপরোয়া ও উগ্রপ্রকৃতি বলিয়াই বিখ্যাত। তাহার। ঠিক করিল স্বামীজীরই উপর এই কথার পরীকা চালাইতে হইবে। তিনি উহাদের গ্রামে বক্ততা দিতে উপস্থিত হইলে তাহারা একটা কাঠের টবের তলাটা উপর मिटक উन्हों है या कार्या के बार के জ্রক্ষেপ না করিয়া বক্তৃতা দিতে লাগিলেন এবং অবিলম্বে তত্ত্বকথায় ডুবিয়া আর সব ভুলিয়া গেলেন। এমন সময় শোঁ শোঁ শব্দে তাঁহার কানের নিকট দিয়া বন্দুকের গুলি ছুটিতে লাগিল। ইহাতেও বিন্দুমাত্র বিচলিত না হইয়া তিনি নিবিকারচিত্তে পূর্ণ বক্ততাটি শেষ করিলেন। ভাষণ শেষ হইলে ছেলেরা তাঁহাকে ঘিরিয়া দাঁডাইল এবং সোৎসাহে কর্মর্দন করিয়া বলিতে লাগিল, "ঠিক माका जालभी वर्षे।"

স্থামীজী কৌতৃকছলে একটা মজার ঘটনা বলিতেন। তথন তিনি বক্তৃতায়
বাস্ত—একটি গ্লাড্সৌন ব্যাগ মাত্র সম্বল লইয়া অবিরাম একস্থান হইতে
স্থানান্তরে ঘ্রিয়া বেড়াইতেন, আর ঐসব স্থানে বক্তৃতা শুনিবার আগ্রহ থাকিলেও
স্থামীজীর স্থ্থ-স্থবিধার দিকে সব সময় বিশেষ নজর দেওয়া হইত না। ঐ সময়
মধ্য পশ্চিমের একটি ক্তুল শহরে তিনি বক্তৃতা দিতে উপস্থিত হইলেন। শরীর
তথন খ্বই অবসয়—একটু বিসয়া বিশ্রাম করা আবশ্রক। অভ্যর্থনা-সমিতির
কর্মসচিব তাঁহাকে বিশ্রামের জন্ম একটি অদ্ধকার ছোট ঘর দেখাইয়া দিলেন।
স্থামীজী উহাতে প্রবেশ করিয়া আরাম-কেদারায় বসিতে গিয়াছেন, অমনি সেটা
মাঝখান হইতে ধনিয়া গিয়া এমন বেখায়া গোছের হইয়া গেল বে তাঁহার
সর্বশরীর উহাতে ঢুকিয়া গেল। তিনি বহু চেয়া করিয়াও আপনাকে ঐ অবস্থা
হইতে মুক্ত করিতে পারিলেন না; বরং দেখিলেন, অধিক নড়া-চড়া করিলে
পোশাক ছি ডিয়া এবং চামড়া ক্তবিক্ত হইয়া অবস্থা আরও সঙ্গীন হইবে।
অগ্রতা সেই অস্বন্তিকর অবস্থাতেই পড়িয়া থাকিতে হইল। অবশেষে হথাকালে

কর্মসচিব মহাশয় বধন সেধানে ফিরিয়া তাঁহাকে বক্কৃতামঞ্চে লইয়া বাইবার জন্ম ভাকিলেন, "স্বামীজী চলুন, শ্রোতারা আপনার জন্ম অপেকা করছে," তধন তিনি ঈষৎ উচ্চকঠে বলিলেন, "আমার বোধ হয়, আপনি বদি আমাকে আমার বর্তমান শোচনীয় অবস্থা থেকে উদ্ধার না করেন, তাহলে শ্রোতাদিগকে বরাবরই এমনি ভাবে অপেকা করতে হবে।" কথা ভনিয়া কর্মসচিব তাড়াতাড়ি ভিতরে আসিলেন এবং স্বামীজীকে ঐ অবস্থা হইতে টানিয়া বাহির করিলেন। তারপর একচোট খ্ব হাসি হইল। স্বামীজী এমনভাবে ঘটনাটি বর্ণনা করিতেন বে, তাঁহার শিশ্ব ও বন্ধুরা হাসিয়া খুন হইতেন।

আর একটি ঘটনায় স্বামীজীর মহন্ত ও মানবতার প্রতি সত্যিকারের শ্রদ্ধা ও সহাত্মভৃতি প্রকাশ পাইয়াছিল। ঘটনাটি আমেরিকার দক্ষিণপ্রাস্তের। সেখানে তাঁহাকে অনেকেই নিগ্রো বলিয়া ভ্রম করিত। একবার তিনি ট্রেন হইতে অবতরণান্তে বিপুল সম্বর্ধিত হইতেচেন দেখিয়া একজন নিগ্রো কুলি তাঁহার নিকটে আসিয়া জানাইল যে, সে ভনিয়াছে, তিনি তাহারই স্ক্রাতীয় লোক এবং তাঁহার গৌরবে নিগ্রোসমাজ গৌরবান্বিত, অতএব সে তাঁহার করমর্দনের সৌভাগ্য লাভ করিতে চায়। স্বামীন্ধী সাগ্রহে সেই রেলওয়ে কুলির হাত স্বহন্তে লইয়া বলিলেন, "ধন্যবাদ, ভাই তোমাকে ধন্যবাদ।" তিনি তাঁহার প্রতি নিগ্রোদের এইরূপ ব্যবহারের আরও দৃষ্টাস্ত দিতেন এবং তাহারা তাঁহাকে নিগ্রো ভাবিতেছে বলিয়া একটও বিরক্ত হইতেন না। এমনও ঘটিয়াছে বে, দক্ষিণের হোটেলওয়ালা তাঁহাকে নিগ্রো ভাবিয়া হোটেলে চুকিতে দেয় নাই এবং অভদ্রভাবে ভাডাইয়া দিয়াছে। তথাপি তিনি একথা কথনও বলেন নাই বে. তিনি নিগ্রো নহেন, পরন্ধ ভারতবাসী হিন্দ। অতঃপর অন্তর্জ আপ্রম লইয়া স্বামীন্দ্রী যথন সেই নগরেই ফুলর বক্ততা দিলেন, তখন পরদিন সংবাদ-পত্রে উহা পড়িরা হোটেলওয়ালা নিজের ভ্রম বঝিতে পারিল এবং তাঁহার নিকট ক্ষমাপ্রার্থনা করিল। এমন কি আমেরিকার উত্তরাংশেরও নাপিতের দোকান হইতে তাঁহাকে অপমানিত হইয়া সরিয়া যাইতে হইয়াছে। বছকাল পরে এইসব ভ্ৰিয়া যখন একজন পাশ্চান্তা শিশু জাঁহাকে জিজানা করিয়াছিল, কেন তিনি এইসব ম্বলে আত্মপরিচয় দেন নাই, তখন তিনি উত্তর দিয়াছিলেন, "কি, অপরকে ছোট ক'রে আমি বড় হব ? আমি তো পৃথিবীতে সেজ্ঞ আসিনি !" চর্মের আভিজাত্য তিনি জীবনে কখনও প্রকাশ করেন নাই: কেছ ঐরপ

করিতে গেলে বরং বিজ্ঞপই করিতেন। তিনি নিজে বরং বিশাস করিতেন বে তাঁহার জাতির রজে বিভিন্ন ধারা মিশ্রিত হইয়াছিল। ভাগনী নিবেদিতা লিখিয়াছেন: "পৃথিবীর সৌভাগ্যবান জাতিগুলি বয়ং উচ্চাধিকার লাভ করিয়া যে মিখা জাতিতত্ব গড়িয়া তুলিয়াছে, উহার প্রতি তিনি ছিলেন অবজ্ঞাপূর্ণ। 'আমার খেতচর্ম আর্থ পূর্বপূক্ষবের জন্ম যদি গর্বের কারণ থাকে, তো আমি আমার পীতচর্ম পূর্বপূক্ষবের জন্ম আরপ্ত অধিক গর্বিত এবং ক্ষুদ্রকায় নিগ্রোদের পূর্বপূক্ষবের জন্ম আমার পাতচর্ম পূর্বপূক্ষবের জন্ম আরপ্ত অধিক গর্বিত এবং ক্ষুদ্রকায় নিগ্রোদের পূর্বপূক্ষবের জন্ম আমা অধিকতম গর্বিত'—এইরপই ছিল তাঁহার কথা। নিজ দেহের মঙ্গোলিয়ান সদৃশ চোয়ালের জন্ম তিনি অভিশয় গর্ব অম্বভব করিতেন, কারণ তিনি মনে করিতেন, উহা বুলডগেরই মতো একটা কিছুতে মরণকামড় দিয়া লাগিয়া পড়িয়া থাকারপ মনোভাবের ভোতক। তিনি বিশাস করিতেন যে, আর্য নামে থ্যাত প্রত্যেক জাতির মধ্যেই এই মকোলীয় গুণটি মিশ্রিত হইয়া আছে; তাই একদিন বলিয়া উঠিয়াছিলেন, 'দেখতে পাছ্ছ না ? তাতাররা যেন প্রতি জাতির রক্তের উত্তেজক মত্মবর্রপ। সে প্রত্যেক জাতির রক্তেউৎসাহ ও উত্তম সংক্রামিত করে।"

বাদ্মিতার ফলে তিনি এতই জনপ্রিয় হইয়াছিলেন দে, বক্তৃতার নিমন্ত্রণের ফেন শেষ ছিল না। সবগুলি স্বীকার করা তাঁহার সময় ও শরীরের পক্ষে সাধ্যাতীত ছিল। তবু যেগুলি গ্রহণ করিয়াছিলেন, তাহারই ফলে তাঁহাকে সপ্তাহে বার-চৌদটি করিয়া বক্তৃতা দিতে হইত। শরীর ও মন ইহাতে অবসয় হইয়া পড়িত; কিছুদিন পরে তাঁহার মনে হইত, তাঁহার বৃদ্ধির ভাগুার মেন শৃষ্ম হইয়া গিয়াছে—বক্তৃতার বিষয় পর্যন্ত ভাবিয়া ঠিক করিতে পারিতেছেন না। তিনি ভাবিতেন, "কি করি? কাল তাহলে কি বলব?" এমন চরম অবস্থায় উপন্থিত হইলে যেন দৈবায়ুক্ল্য অপ্রত্যাশিতরূপে নামিয়া আসিত। ইহার ফলে হয়তো তিনি মধ্যরাত্রে ভনিতে পাইতেন, কে যেন উচ্চৈঃ মরে বিলয়া দিতেছে, পরদিন বক্তৃতায় কি কি বলিতে হইবে। কথনও মনে হইত যেন এই দৈববাণী স্থল্বে ধ্বনিত হইতেছে এবং দ্রপথ বাহিয়া উহা ক্রমে নিকটে আসিতেছে। অথবা দেখিতেন, তিনি বিছানায় শুইয়া আছেন এবং অপর একজন পার্শ্বে গাঁড়াইয়া বক্তৃতা করিতেছে। কিংবা ছইজন দাঁড়াইয়া তাঁহায় সন্মুধ্বে বক্ষব্য বিবয়ে বাদ-প্রতিবাদ করিতে থাকিত এবং উহাই তাঁহায় পরদিনের বক্ষব্যের খোরাক জোগাইত। আবার এইসব চিস্তারাশি জনেক ক্ষেত্রেই

তাঁহার নিকট অক্ষাতপূর্ব বিদয়া প্রতিভাত হইত। অনেক সময় একই বাটীতে বাসকারী অপরেরাও এইসব কথাবার্তা ওনিয়া হয়তো পরদিন প্রশ্ন করিতেন, "স্বামীজী, আপনি কাল কাহার সহিত কথা কহিতেছিলেন?" তথন তিনি মৃত্ হাস্ত করিয়া ও এমন ত্ই-চারিট কথা বলিয়া এড়াইয়া যাইতেন যে, প্রশ্নকর্তার মনে সব ব্যাপারটা আরও রহস্তময় হইয়া উঠিত। বিশেষ পীড়াপীড়ি করিলে তিনি ব্যাখ্যাকল্লে বলিতেন, উহা কিছুই নহে, কেবল স্বয়্মক্রিয় মনের স্বকেন্দ্রিক ক্রিয়া; সে নিজেকে ঐরপে আপাততঃ বিভক্ত করিয়া উপদেল দেয়, কথা বলে, বিচার করে। ইহা আত্মারই অসীম শক্তির পরিচায়ক। আত্মাতে যে অসীম সম্ভাবনা রহিয়াছে, নিপ্রাকালে উহা এডাবে আত্মপ্রপাশ করে। এতয়তীত ইহার মধ্যে কোন অলৌকিক রহস্ত নাই। ঘনিষ্ঠ শিয়্মদিগকে তিনি ইহাও বলিতেন, "একেই বলে দৈবপ্রেরণা।" তবে প্রায়ই কথাবার্তায় তিনি এই সকলের উপর কোন গুরুত্ব আরোপ করিতেন না, বা ইহা অলৌকিক বলিয়া স্বীকার করিতেন না, বরং যুক্তিসহায়ে ব্র্ঝাইয়া দিতেন, মনের স্বাভাবিক রীতি অয়্যায়ীই এইরপ ঘটিয়া থাকে।

এই সময়ে তাঁহার অলোকিক যোগশক্তিও প্রকাশ পাইয়াছিল। মাদাম কালভের ঘটনায় উহার পরিচয় পাইয়াছি। কিন্তু সাধারণতঃ তিনি এই শক্তির প্রয়োগ করিতেন না; যে সকল বিরল স্থলে প্রয়োগ করিতেন, সেথানে কোন না কোন বিশেষ কারণ বিভামান থাকিত। তাঁহার মধ্যে এরপ শক্তি ছিল যে, তিনি ইচ্ছা করিলে স্পর্মাত্র অপরের জীবনগতি পরিবর্তিত করিতে পারিতেন, ঘরে বসিয়া তিনি স্থদ্রের সংবাদ পাইতেন এবং অপরের মনের অস্তত্ত্বল পর্যন্ত দেখিতেন। অনেক ক্ষেত্রে দেখা যাইত, প্রশ্ন করিবার পূর্বেই তিনি জিল্জান্থর সন্দেহ বৃদ্ধিতে পারিয়াছেন এবং উহা ভল্পন করিতেছেন। অপরের দিকে তাকাইয়া তিনি তাহার অতীত জীবনরহস্থও উদ্ঘাটিত করিতে পারিতেন। যৌগিক শক্তি সম্বন্ধে শন্দেহবান চিকাগোর এক ধনী ব্যক্তি একবার স্থামীজীকে কতকটা বিদ্রুপ করিবার উদ্দেশ্রেই বলিলেন, "মশায়, আপনি য়া বলছেন, এসব যদি সত্যি হয় তো আমার মনের গঠন বা আমার অতীত জীবন সম্বন্ধে কিছু বলুন দেখি।" স্থামীজী এক মৃহুর্ত একটু ইতন্ততঃ করিয়া ঐ ব্যক্তির চক্ত্রর উপর স্থীয় তীক্ষদৃষ্টি এমনই ভাবে নিক্ষেপ করিলেন, বেন অদম্য শক্তিতে উহা ঐ ব্যক্তির দেহমন ভেদ করিয়া নিরাবরণ জীবাত্মার সম্বন্ধে উপস্থিত হইবে।

ঐ বাক্তি অমনি সম্ভত হটয়া বলিয়া উঠিল, "সামীন্দ্রী, আপনি আমায় এ কি করছেন ? আপনি যেন আমার গোটা আত্মাকে মথিত করছেন বলে মনে হচ্ছে, আর আমার কীবনের সব গোপন রহস্ত জল জল করে ভেনে উঠছে।" এরপ শক্তির অধিকারী হইয়াও তিনি উহার অপপ্রয়োগ করিতেন না, কিংবা উহা আধ্যাত্মিক উৎকর্ষের পরিচায়ক বলিয়াও ভাবিতেন না।

ফলত: স্বামীন্ত্রীর নিকটে আগত ব্যক্তি আন্মোৎকর্ষের ও ধর্মান্তৃতির পথেরই সন্ধান পাইত এবং ঐ জন্ম জীবনে নৃতন অন্প্রপ্রেগণও লাভ করিত। তথনকার দিনে তিনি যেন আর সব ভূলিয়া আমেরিকার অধ্যাত্মচেতনার উন্বোধনেই বিশেষভাবে ব্রতী হইয়াছিলেন; আমেরিকার জনসাধারণ তাঁহাকে ঐ দৃষ্টিতেই দেখিত; তিনি তাঁহাদের নিকট ছিলেন সাধু, মহাপুরুষ—আমেরিকার নিকট ভারতের সর্বপ্রেকে তাই আমেরিকার সমাজ নিতান্ত আপনার বলিয়াই গ্রহণ করিয়াছিল।

আমেরিকার পূর্বাঞ্চলে

ডেট্রয়েট ত্যাগের পূর্ব হইতেই স্বামীন্ধী পত্রাদিতে বন্ধুদের জানাইতে-ছিলেন, তিনি আমেরিকার পূর্বাঞ্চলে ষাইতে উদ্গ্রীব। সম্ভবতঃ ডেট্রয়েটে থাকা-কালেই কিংবা তাহার অব্যবহিত পরে তাঁহার নর্দাম্পটন, লীন ও বস্টন যাওয়া স্থির হইয়া যায়। ডেট্রয়েট হইতে ১৫ই মার্চের চিঠিতে তিনি মেরী হেলকে লিখিয়াছিলেন, তিনি মেরীর মাতার ইচ্ছাত্মসারে লীন যাইবার পূর্বে ঐ বিষয়ে আরও সংবাদ চান এবং ৩০শে মার্চের চিঠিতে মেরীকে জ্ঞানান যে, লীন নগরের শ্রীযুক্তা ফ্র্যান্সিদ ডব্লিউ. ব্রীডের আমন্ত্রণে তিনি তথায় যাইবেন। নর্দাম্পটন ও বস্টন যাওয়া কিভাবে স্থির হইয়াছিল জ্ঞানা না থাকিলেও সংবাদ-পত্রে এইরূপ ঘোষণা বাহির হইয়াছিল:

"১৪ই এপ্রিল, শনিবার নর্দাম্পিটনের লোকের। অতি স্থপণ্ডিত হিন্দু সন্ন্যাসী বিব্ কানন্দের বক্তা শুনিবার স্থোগ পাইবে। যদিও ধর্মের দিক হইতে অল্প লোকই তাঁহার সহিত একমত, তথাপি এমন কেহই নাই যিনি ঔংস্কাবশতঃ অথবা অন্ত কোন কারণে তাঁহার কথা শুনিতে না চাহেন।" ('নর্দাম্পটন ডেলি হেরাল্ড', ৬ই এপ্রিল, ১৮৯৪)।

"কমলা বর্ণের পাগভি-পরা এবং বৌদ্ধিক ও নৈতিক সর্ববিষয়ে প্রগতিশীল মতের জন্ম লক্ষণিতি স্থামী বিব্ কানন্দ বন্টনে আসিতেছেন। চিকাগোয় অবস্থানকালে ধর্মমহাসভা সম্বন্ধে বাঁহারই কোন আগ্রহ ছিল, তিনিই 'ভাই বিব্ কানন্দের' কথা শুনিয়াছেন। (তিনি ঐ নামেই পরিচিত হইতে চান)। তিনি ব্যক্তিগতভাবেই ধর্মপ্রচারের ব্রত লইয়া আমেরিকায় আসিয়াছিলেন, এবং তাঁহার অভিপ্রায় ছিল, বাহাতে এই জড়বাদী ও অর্থোপাসক ভূমিতে ধর্মবিশাস পুন:সংস্থাপিত করিতে পারেন, সেই চেষ্টা করিবেন। তিনি সত্যই একঙ্গন উচ্চতরের মাহ্যয—ভদ্র, সরল, অকপট, এবং আমাদের অধিকাংশ পণ্ডিত অপেক্ষা এতই অধিক বিদ্বান যে, তুলনাই করা চলে না। লোকে বলে যে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের জনৈক অধ্যাপক ধর্মমহাসভার কর্তুপক্ষকে চিট্টি লিখিয়া জানাইয়াছিলেন, 'আমাদের সকলকে একসঙ্গে ধরিলেও তিনি তদপেক্ষা অধিকতর বিদ্বান্।' তিনি বন্টনের সর্বাধিক পরিচিত প্রায় দ্বাদশ জন ব্যক্তির নামে

চিকাগোর চিস্তা, কার্য ও হালক্ষচির নেতৃর্ন্দের নিকট হইতে পরিচয়পত্র লইয়া আদিতেছেন—কারণ এইদব বিষয়েও চিকাগোতে হাল ফ্যাশন বলিয়া একটা জ্বিনিস আছে।" ('বস্টন ইভিনিং ট্যান্স্ ক্রিপ্ট', ৫ই এপ্রিল, ১৮৯৪)।

পূর্বপ্রাক্তে আগমনের ঠিক আগের কয়টি দিন কিভাবে ও কোখায় কাটিয়াছিল ইহা জানা না থাকিলেও আমরা ধরিয়া লইতে পারি যে, তিনি বিশ্রাম বা পরিচয়পত্র সংগ্রহের জন্ম দিন কয়েক তাঁহার "প্রধান আড্ডা" হেলগৃহে কাটাইয়াছিলেন। অতঃপর সম্ভবতঃ বন্টনে গিয়া দিন কয়েক ছিলেন। ঐ নগরে বক্তৃতা দিয়াছিলেন কিনা জানা নাই, হয়তো মে মাসের মধ্যভাগের পূর্বে বন্টনে বক্তৃতা হয় নাই। তবে 'নর্দাম্পটন ডেলি হেরাল্ডের' ১৩ই এপ্রিলের এক সংবাদে প্রকাশ, "বন্টনের জনৈকা খ্যাতনামা ও সামাজিক জীবনে স্থপরিচিতা মহিলা বিবেকানন্দের জন্ম এক বৈঠকের আয়োজন করিয়াছিলেন। তিনি তাঁহার অতিথিবর্গকে বলিয়া দিয়াছিলেন, তাঁহারা যেন দর্শন, বিজ্ঞান অথবা ধর্ম সম্বন্ধীয় সর্বপ্রকার জটিল প্রশ্ন হিন্দু সয়্যাসীর নিকট উপস্থিত করেন। তাঁহারা আসিলেন, প্রশ্ন করিলেন, উত্তর পাইলেন এবং যাইবার কালে বলিয়া গেলেন, 'সত্যি বলিতে কি, ইনি য়া বললেন, তার অর্ধেকও আগে বলা হয় নি।'"

১৪ই এপ্রিল তিনি নর্দাম্পটন শহরে সর্বসাধারণের জন্ম এবং প্রদিন ঐ শহরের শ্বিথ কলেজে বক্তৃতা করেন। স্বামীজীর নর্দাম্পটনে উপস্থিতি সম্বন্ধে শ্বিথ কলেজের তদানীস্তন ছাত্রী শ্রীযুক্তা মার্থা ব্রাউন ফিকের দীর্ঘকাল পরে (১৯৩৬ খুষ্টাব্দে) লিখিত শ্বতিলিপিতে আছে: "১৮৭৫ খুষ্টাব্দে সোফিয়া শ্বিথ মেয়েদের উচ্চশিক্ষার জন্ম শ্বিথ কলেজ স্থাপন করেন। ১৮৯০ খুষ্টাব্দে আমি যথন এই কলেজে প্রবেশ করি, তথন আমি অপকর্দ্ধি অষ্টাদশবর্ষীয়া বালিকা—কোন শৃত্ধলে বন্ধ নহি, কিন্তু মনোরাজ্যের ও আত্মরাজ্যের সত্যলাভের জন্ম অতীব সমুৎস্থক। কলেজের ছাত্রী-নিবাদে সকলের স্থান-সন্ধূলান হইত না বলিয়া আমি আরও তিনজন ছাত্রীশহ এক সমচতুকোণ বাদামী রং-এর বাড়ীতে থাকিতাম।…এপ্রিলের ব্লেটিনে প্রকাশিত হইল, স্বামী বিবেকানন্দ ছুইটি সন্ধ্যায় বক্তৃতা করিবেন। আমরা এইটুকু জানিতাম বে, তিনি হিন্দু সন্ধ্যাসী, আর কিছুই জানিতাম না, কারণ সাম্রতিক ধর্মমহাসভায় তিনি বে খ্যাতিলাভ করিয়াছিলেন, তাহা আমাদের কর্ণগোচর হয় নাই। তারপর অতি উদ্দীপনাময় এই সংবাদটি বাহির হইয়া পড়িল যে, তিনি আমাদেরই বাড়ীতে থাকিবেন,

আমাদের সহিত আহার করিবেন এবং আমরা যে কোন প্রশ্ন করিতে পারিব। আমাদের ঘিনি গৃহস্বামিনী ছিলেন, তাঁহার উদারতার পরিচয় ইহাতেই পাওয়া ষায় যে, তিনি ময়লা রং-এর এমন এক ব্যক্তিকে স্বগৃহে স্থান দিলেন, যিনি নিশ্চয়ই কোন হোটেলে স্থান পান নাই। নির্দিষ্ট দিন আসিল, অতিথিকক সজ্জিত হইল, আর এক দিব্য স্কাম মৃতি দেখানে প্রবেশ করিলেন। ... তাঁহার পরিধানে ছিল कारना तः-এর প্রিন্স এলবার্ট কোট, কালো প্যাণ্টালুন, হরিদ্রাবর্ণের পাগড়ি জড়াইয়া জড়াইয়া মন্তকোপরি স্থশোভিত। তাঁহার বদনে ছিল এক অজ্ঞেয় ভাব, চক্ষতে ছিল আলোক-বিচ্ছুরক জ্যোতি: এবং দমন্ত অঙ্গে ছিল একটা শক্তির অভিব্যক্তি, যাহা বর্ণনাতীত। আমরা তো নীরব ও হতভম্ব হইয়া গেলাম, কিন্তু আমাদের গৃহক্ত্রী অত সহজে ভয়চকিত হইবার পাত্রী ছিলেন না, তিনি উদ্দীপনাময় বাক্যালাপে মাতিয়া গেলেন । . . বক্ততার বিষয় আমার কিছই মনে নাই, কিন্তু বিঘৎ-সম্মেলনের কথা মনে আছে। আমাদের গ্রহে আসিলেন কলেজের প্রেসিডেন্ট, দর্শনবিভাগের কর্তা, এবং আরও অনেক অধ্যাপক, নর্দাম্পটন গীজাগুলির ধর্মধাজকবর্গ ও একজন গ্রন্থকার। ... আমার দৃঢ় ধারণা দেদিনকার বিষয় ছিল, খুষ্টধর্ম ও উহা দ্বাপেক্ষা শ্রেষ্ঠ কেন ? স্বামীক্সী যে বিষয়টি নির্বাচিত করিয়াছিলেন তাহা নহে। স্পুর ভারত হইতে আগত একজন হিন্দু কি করিয়া নিজশাল্তে কৃতবিভ ইহাদের বিক্লমে স্বপক্ষ সমর্থন করিতে পারেন ? ... কিছু যে আশ্চর্য ফল দেখা গেল তাহার প্রতিক্রিয়া আমার একান্ত নিজম্ব হইলেও উহার তীব্রতা দম্বন্ধে আমি বাডাইয়া বলিতে পারি না। বাইবেলের উদ্ধৃতির প্রত্যান্তরে স্বামীকী বাইবেল হইতেই আলোচা বিষয়ের অধিকতর অন্তর্ম উদ্ধৃতি দিলেন। স্বীয় মত প্রতিষ্ঠাকল্পে তিনি দার্শনিক ও ধর্মবিষয়ক ইংরেজ লেখকদের মতসমূহের উল্লেখ করিলেন। কবিদের দক্ষেও যেন তাঁহার ঘনিষ্ঠ পরিচয় ছিল-তিনি ওয়ার্ড সওয়ার্থ ও টমাস গ্রের কবিতা উদ্ধৃত করিলেন। আমি যে জগতের লোক দে জগতেরই প্রতি সহামুভূতিশীল না হইয়া, বরং স্বামীজী যথন ধর্মের পণ্ডী প্রদারিত করিতে করিতে সমস্ত মানবজাতিকে উহার মধ্যে আনিয়। ফেলিলেন, তথন দে ককে বে মুক্ত বায়ু প্রবাহিত হইল, আমি কেন তাহারই मिरक अॅ किया পড़िमाम विमास भारत भारति ।··· आमि ७५ वृत्तिराज भारतिराजिहामा বে, আমি তাঁহার বিজয়ে গর্বাহুডব করিতেছি। বেলুড় মঠের একজন সন্মাসী বলিয়াছিলেন, তাঁহার দৃষ্টিতে স্বামীনী মৃতিমান প্রেম। স্বামার নিকট তিনি

সে রাত্রে ছিলেন যেন মৃতিমতী শক্তি। শক্তি। নি:সন্দেহ যে আমাদের কলেজের গণ্ডীর অস্তর্ভুক্ত এই ব্যক্তিরা ছিলেন সমীর্ণমনা, তাঁহাদের নিশ্চয়াত্মিকা বৃদ্ধির ছার ছিল অবক্ষ। শতাঁহারা (গীতার) একথা কেমন করিয়া স্বীকার করিবেন, 'যে যথা মাং প্রপাস্তরে তাংস্তথৈব ভজামাহম্' ? শতাঁহারা প্রেমের মর্যাদা স্বীকার করিতে প্রস্তুত ছিলেন না। কিন্তু শক্তিসহায়ে মিলন না ঘটাইতে পারিলেও উহারঘারা ত্রাস জন্মানো চলে। শতাঁহারা পরাজয় স্বীকার করিলেন।

"পরদিবদ প্রত্যুবে স্নানাগার হইতে জলপতনের উচ্চ শব্দ ও অজ্ঞানা-ভাষায় গন্তীর ক্বরে উচ্চারিত মন্ত্র ভনিতে পাইলাম। আমরা দল বাঁধিয়া দরজায় কান পাতিয়া ভনিতে লাগিলাম। প্রাতরাশের সময় এই মন্ত্রোচ্চারণের অর্থ জিজ্ঞাদা করিলে তিনি বলিলেন, 'আমি প্রথমে কপালে ও পরে বুকে জলস্পর্শ করাই এবং প্রতিবার জগতের কল্যাণস্চক মন্ত্রপাঠ করি।' কথাটি আমার মনে বসিয়া গিয়াছিল। আমিও সকালে প্রার্থনা করিতাম, প্রথমে নিজের জন্ত এবং পরে আমার পরিবারের জন্ত। কিন্তু সমস্ত মানব-সমাজকে আমার পরিবারভূক্ত করিয়া লইয়া নিজের চিন্তা ভূলিয়া যাইবার কথা আমার মনেই উঠিত না।

"প্রাতরাশের পরে স্বামীজী একটু বেড়াইতে চাহিলেন। তথন আমরা উভয়পার্থে তুই তুই জন করিয়া চারিজন ছাত্রী, দেই রাজপ্রায় ব্যক্তিটিকে লইয়া সগর্বে রান্তা ধরিয়া চলিলাম। চলিতে চলিতে সলজ্জভাবে একটু কথা বলিতে চেষ্টা করিলে তিনি শুল্লম্ব প্রকাশিত করিয়া শ্বিতবদনে উত্তর দিতে লাগিলেন। আমার শুধু একটি কথা মনে আছে। তিনি খুইানদের মতবাদের কথা তুলিয়া বলিলেন, সদা সর্বদা 'ঘীশুখুইের রক্তের' উল্লেখটা তাঁহার নিকট বড় জঘক্ত বলিয়া মনে হয়। উহা আমার চিস্তার খোরাক জোগাইল। 'রক্তে পূর্ণ রুগেছে একটি ফোয়ারা, যা উচ্ছুসিত হচ্ছে ইম্যাহ্ময়েলের ধমনী থেকে'—এ স্থোত্রটাকে আমি বরাবর ঘুণাই করিতাম; কিন্ধু একি তু:সাহস যে, ইনি সাম্প্রদায়িকভাবে চিরাদৃত একটি মতবাদকে সমালোচনা করিতেছেন! সেই স্বাধীনতাপ্রিয় আত্মাটি আমার চিন্তে যেন জাগরণ আনিয়া দিলেন: স্ত্যি বলিতে কি, সেইদিন হইতেই আমার স্বাধীন চিস্তার স্ত্রপাত।"

দীর্ঘকাল পরেও ফিকে স্বামীজীকে স্মরণ করিয়া রাধিয়াছিলেন এবং তাঁহারই আকর্ষণে ভারত ভ্রমণে আসিয়াছিলেন। স্বামীজীর প্রচারিত জীবের ব্রহ্মত্ব তাঁহাকে জীবনের হৃঃধমধ্যেও শান্তি প্রদান করিয়াছিল। শাস্ত্র বলিয়াছেন, "ক্ষণমিহ সজ্জন-সঙ্গতিরেকা, ভবতি ভবার্ণবতরণে নৌকা।" ফিক্ষের জীবন ভাহারই প্রমাণ।

নর্দাম্পটনের সিটি হলে ১৪ই এপ্রিল সন্ধ্যায় বক্তৃতা হইল। বক্তৃতার প্রারম্ভে স্বামীন্দ্রী দেখাইয়া দিলেন, ভাষা, বর্ণ, রীতিনীতির পার্থকা থাকিলেও জগতের প্রধান জাতিগুলি মূলত: এক। অতঃপর হিন্দুদের রীতিনীতি সম্বন্ধে তিনি বেন গল্লছেলে, সরল ও প্রাঞ্জল ভাষায় এমন অনেক কিছু বলিয়া গেলেন, যাহা শ্রোতাদের মন সহজেই জয় করিল। মধ্যে মধ্যে তিনি ইংরেজী ভাষাভাষী দেশের রীতিনীতির সহিত তুলনা করিয়া খদেশের রীতিনীতির মর্ম বা উৎকর্ষ প্রকাশ করিলেন। তিনি আরও বলিলেন যে, হিন্দুসমাজে মাতার স্থান সর্বোচ্চ এবং নারীকে তাহার। জগন্মাতারই প্রতিমৃতি মনে করে। জগংশাসনকারী ইংরেজ ও অন্তান্ত জাতির মধ্যে যে বিলাসিতা অর্থগৃধুতা ও অর্থকৌলীল্য দেখা ষায়, উহাই অবশেষে তাহাদের বিনাশের কারণ হইবে—এই কথাটি শ্রোতাদের খুবই জ্বন্যস্পর্শ করিয়াছিল। এই সমস্ত কথার বিবরণ দেওয়ার সঙ্গে সঙ্গে অবশ্র 'নর্দাম্পটন ডেলি হেরাল্ড' স্থলবিশেষে স্বামীজীর সমালোচনা করিতেও ছাড়িল না। তবে পরিশেষে বলিল, "কিন্ধ বিব কানন্দকে দেখিতে পাওয়ার স্থযোগ কোন বৃদ্ধিমান ও বিচারশীল আমেরিকানের পক্ষেই হারানো উচিত নহে—বদি সে আমেরিকানের ইচ্ছা থাকে যে তিনি, এমন একজাতির মানসিক, নৈতিক ও আধাাত্মিক সংস্কৃতির সর্বোত্তম ফলস্বরূপ এক সমুজ্জল জ্যোতিষ্ককে দেখিবেন, যে জাতির বয়স সহস্রসংখ্যায় গণিত হয়, আমাদের মতো শতসংখ্যায় নহে, এবং বে জাতির কথা প্রত্যেক মনের পক্ষেই চিস্তা করিয়া দেখা অতীব সুফলপ্ৰাদ।"

পরদিবদ সন্ধ্যায় তিনি স্মিথ কলেজের ছাত্রীদের সমূথে ভগবানের পিতৃত্ব ও মানবের প্রাতৃত্ব সম্বন্ধে ভাষণ দিলেন। এই বক্ততাটিও বিশেষ মর্মস্পর্লী হইয়াছিল। উক্ত পত্রিকার মতে "সমস্ত চিন্তারাশির মধ্যে অসুস্থাত ছিল সভ্য ধর্মবিষয়ক ভাব ও বাণীর এক প্রশন্ততম উদারতা; এবং সকল প্রোতাই বলেন বে, বক্ততাটিতে তাঁহারা সাতিশয় মুখ হইয়াছেন।" 'স্মিথ কলেজ ম্যাগাজিনে' লেখা হইয়াছিল: "আমরা মানব-প্রাতৃত্ব ও ঈশর-পিতৃত্বের অনেক কথা বলিয়া থাকি; কিন্তু অল্প লোকই ইহার অর্থ ব্রিয়া থাকেন। প্রকৃত প্রাতৃত্ব তেবল তথনই সম্ভব যথন জীবাত্মা জগৎপিতার এত নিকটে উপস্থিত হয় বে, ঈর্ষা ও প্রাধায়্যবিষয়ক সর্বপ্রকার কৃত্র দাবি-দাওয়া নিশ্চিতরূপে নিশ্চিক হইয়া ষায়; কারণ স্বভাবতই আমরা ঐ সকলের বহু উর্ধেন। আমাদের সাবধান থাকিতে হইবে যাহাতে আমরা হিন্দুদের প্রাচীন গরের কৃপমণ্ডুকের মতো না হইয়া ষাই, যে নাকি দীর্যকাল একটি কৃপের মধ্যে থাকার ফলে পরিশেষে বৃহত্তর স্থানের অন্তিছই অস্বীকার করিত।"

নর্দাম্পটন হইতে স্বামীক্ষী ম্যাসাচুসেট্স-এর অন্তর্গত লীন নগরে গিয়া শ্রীযুক্তা ক্র্যান্দিস ডব্লিউ ব্রীড-এর বাডীতে অতিথি হইলেন। লীন নগর চামড়ার কারবারের জন্ম প্রসিদ্ধ ছিল এবং শ্রীযুক্ত ব্রীডের একটা নিজম্ব কারথানা ছিল। তিনি নিজেও ছিলেন বিশেষ ধনী। স্বামীক্ষী সেখানে ছইটি বক্তৃতা দেন—প্রথমটি ১৭ই এপ্রিল অপরাহে 'নর্থ শোর ক্লাবে'। উহা ছিল মহিলাদের একটি সমিতি এবং শ্রীযুক্তা ব্রীড ছিলেন উহার সভ্যা। দ্বিতীয় বক্তৃতা হয় ১৮ই এপ্রিল সন্ধ্যায় 'অক্সফোর্ড হলে'। প্রথম দিনের বক্তৃতার বিষয় ছিল 'ভারতের রীতিনীতি'।

বস্টনেও শ্রীযুক্তা ব্রীডের বাড়ী ছিল: স্বামীক্সী সেথানেও কিছু দিন ছিলেন। লীন হইতে বন্টনের দূরত্ব মাত্র দশ মাইল। এই স্ক্রোগে স্বামীজী বন্টন-বাসী অধ্যাপক রাইট ও অপরাপর বন্ধুদের সহিত মিশিতে এবং আরও নৃতন বন্ধু সংগ্রহ করিতে পারিয়াছিলেন, ইহা বলাই বাছলা। এমতী ইসাবেল মাাক্-কিণ্ডলিকে নিউইয়ৰ্ক হইতে লিখিত স্বামীন্সীর ২৬শে এপ্রিলের পত্র হইতে এই সময়ের কিছু কিছু তথা জানিতে পারা যায়। উহার শেষাংশে আছে: "বস্টনে মিলেন ব্রীভ-এর বাড়ীতে আমার নময় কেটেছে চমংকার। অধ্যাপক রাইট-এর সঙ্গেও সাক্ষাৎ হয়েছে। আমি আবার বস্টনে বাচ্ছি। দরজীরা আমার নৃতন গাউন তৈরী করছে। কেম্বি জ ইউনিভার্সিটিতে (হার্ভার্ড) বক্ততা দিতে যাব। সেখানে অধ্যাপক রাইট-এর অতিথি হবো। বন্টনের কাগজপত্তে আমাকে বিরাট ক'রে স্বাগত জানিয়েছে। এইসব আজে-বাজে ব্যাপারে আমি পরিপ্রান্ত। মে মালের শেষের দিকে চিকাগোয় যাব। সেখানে কয়েক দিন কাটিয়ে আবার ফিরব পূর্বদিকে। গত বাত্রে ওয়ালভর্ক হোটেলে বক্তৃতা দিয়েছি। মিসেন শ্বিথ প্রতি টিকেট ত্ব-ডলার ক'রে বেচেছেন। ঘর-ভরতি শ্রোতা পেন্নেছিলাম— যদিও ঘরটি বেশী বড় ছিল না। . . . লীন-এ বে একশ ডলার পেয়েছি, তা পাঠালাম না, কারণ নৃতন গাউন তৈরী ইত্যাদি বাবে ব্যাপারে খরচ করতে হবে। বন্টনে টাকার ভরদা নেই। তবু 'আমেরিকার মন্তিক'টিকে স্পর্ণ করতেই হবে, তাতে নাড়া দিতেই হবে, দেখি বদি পারি।" ('বাণী ও রচনা', ৬।৪২১-২২)। বন্টন নগর তথন আমেরিকার শিক্ষা ও সংস্কৃতির কেন্দ্রস্থল—বিশ্ববিখ্যাত হার্ডার্ড বিশ্ববিখ্যালয়ের অধিষ্ঠান-ক্ষেত্র।

২৪শে এপ্রিল সদ্ধ্যায় ওয়ালডফ হোটেলে শ্রীযুক্তা আর্থার শ্বিধ-এর 'আলোচনা-চক্র'-এর ব্যবস্থায়য়ী 'ভারত ও হিন্দুধর্ম' সম্বন্ধ স্থামীজীর যে বক্তৃতা হইয়াছিল, উহাতে 'নিউইয়র্ক ডেলি ট্রিবিউন'-এর বিবরণ অম্বন্ধায়ী পূনর্জন্মবাদ আলোচিত হইয়াছিল। স্থামীজী বলিয়াছিলেন, "যেসব ধর্মযাজকের বিচ্ছা অপেক্ষা পরমতকে আক্রমণের প্রবৃত্তি অধিকতর, তাঁহাদের আনেকে জিজ্ঞাসা করেন, 'পূর্বজন্ম বলিয়া কিছু যদি থাকেই, তবে মাম্থ্য সে বিষয়ে সচেতন নহে কেন ?' উত্তর হইল এই: 'সচেতন থাকাকে (সত্যের) ভিত্তি বলিয়া ধরা ভূল হইবে, কারণ মাম্থ্য এই জীবনেও স্থীয় জন্ম সম্বন্ধ এবং অতীত আনেক ঘটনা সম্বন্ধ সচেতন নহে।' হিন্দুধর্মে 'শেষ বিচারের' দিন বলিয়া কিছু নাই। এবং হিন্দুর ভগবান শান্তি বা পুরস্কার দেন না। কোন দোষ করিলে শান্তি স্বাভাবিক নিয়মে অবিলয়েই আসে। জীবাজ্মা বিভিন্ন যোনিতে যুরিতে ঘুরিতে অবশেষে পূর্ণতা লাভ করে এবং দেহবন্ধন অতিক্রম করে।"

স্বামীকী ২৪শে এপ্রিল হইতে ৬ই মে পর্যন্ত নিউইয়র্কে ছিলেন এবং নিশ্চরই বহু বক্তৃতা দিয়াছিলেন বা ঘরোয়া আলোচনায় যোগ দিয়াছিলেন। তিনি ইসাবেল ম্যাক্কিগুলিকে ২রা মে (য়থার্থতঃ ১লা মে) তারিখে নিউইয়র্ক হইতে য়ে পত্র লিখেন, তাহাতে তাঁহার গতিবিধি, কার্যাবলী ও মানসিক অবয়া সম্বন্ধে কিছু কিছু জানিতে পারা য়য়। পত্রাংশে আছে: "সেদিন ওয়ালডর্ফের বক্তৃতায় সত্তর ডলার পেয়েছি। আগামী কালের বক্তৃতা থেকে আরপ্ত কিছু পাবার আশা রাঝি। সাত থেকে উনিশ তারিখ পর্যন্ত বন্টনে বক্তৃতাদি আছে, তবে সেখানে তারা খ্র কমই পয়সা দেয়। গতকাল তেরো ডলার দিয়ে একটা পাইপ কিনেছি—দোহাই, কাদার পোপকে (শ্রীযুক্ত হেলকে) বলো না য়েন। কোটের বর্রচ পড়বে ত্রিশ ভলার। শেসময় মোটের উপর চমৎকার কাটছে—কেবল ঐ জঘয়্প, অতি জঘল্প, নিরক্তিকর বক্তৃতা বাদে। শেহার্ডার্ড বিশ্ববিভালয়ের ছাত্রদের কাছে বক্তৃতা দিতে যাব। বস্টনে তিনটি বক্তৃতা এবং হার্ডার্ডে ভিনটি—সকলেরই ব্যবস্থা করেছেন মিসেস ব্রীড্। এখানে ওরা কিছু ব্যবস্থা

করছে। স্থতরাং চিকাগোর পথে আমি আর একবার নিউইয়র্কে আসব—
কিছু কড়া বাণী শুনিয়ে, টাকাকড়ি পকেটস্থ করে গাঁ করে চিকাগোয় চলে যাব।
চিকাগোয় পাওয়া যায় না, এমন কিছু যদি নিউইয়েক বা বস্টন থেকে তোমার দরকার থাকে, সত্তর লিথবে। আমার এখন পকেট-ভরতি ভলার। যা তুমি চাইবে এক মৃহুর্তে পাঠিয়ে দেব। এতে অশোভন কিছু হবে, কখনও মনে করো না। আমার কাছে বুজককি নেই। আমি যদি তোমার ভাই হই, তো ভাইই। পৃথিবীতে একটি জিনিস আমি ঘৃণা করি—বুজককি।"

স্বামীজীর নিউইয়র্ক-এর দিতীয় বক্ততা হয় ২রা মে শ্রীমতী মেরী ফিলিপ্স-এর গৃহে (১৯ পশ্চিম ৩৮ নম্বর স্ত্রীট)। ইনি ওয়ালডফের বক্তভান্ন উপস্থিত ছিলেন এবং ক্রমে স্বামীজীর অন্ততম ঘনিষ্ঠ ভক্তরূপে স্বামীজীকে স্বগৃহে পাইবার সৌভাগ্য লাভ করিয়াছিলেন। এক সময়ে স্বামীষ্কী ইহার গৃহকেই নিউইয়র্কের স্বীয় হেড্-কোয়াটার বলিয়া বিবেচনা করিতেন। শ্রীমতী ফিলিপ্স মহানগরীর বছ জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের সহিত জড়িত ছিলেন এবং এইসব বিষয়ে তাহার স্থনাম ছিল। ২রা মের বক্তৃতার বিষয় ছিল, 'ভারত ও পুনর্জন্মবাদ'। নিউইয়র্কে প্রদন্ত এই হুই বক্ততার ফলে শ্রীমতী ফিলিপ্স ছাডাও তাঁহার আরও কয়েকজন একান্ত অমুরাগী বন্ধু জুটিয়াছিলেন – ডাক্তার গার্সী ও তাঁহার স্ত্রী, याशास्त्र गुटर श्रामी की वहानिन वान कतिशाहित्नन ; निशं न्या अनवार्ग, यिनि চিলেন লেখক ও সাংবাদিক এবং পরে স্বামীজীর নিকট দীক্ষা ও সন্মাস গ্রহণাস্তে কুপানন্দ নামে পরিচিত হইয়াছিলেন; এবং স্থগায়িকা এমতী এমা থার্সবি। তাঁহার আর একজন বন্ধ ছিলেন লাইম্যান এ্যাবট; ইনি অতি স্থপরিচিত ধর্মধান্তক, ক্রকলিনের কংগ্রিগেশন্তাল চার্চের অধিপতি এবং স্থপ্রসিদ্ধ ও প্রতিপত্তিশালী 'আউটলুক' নামক সামন্বিক পত্তিকার প্রধান সম্পাদক। এই ভদ্রলোক একদিন স্বামীজীকে স্বগৃহে স্বাহার করাইয়াছিলেন। স্বামীজীর নিউইয়কে অবস্থানকালের কিছু বিবরণ শ্রীযুক্তা কন্দটান্দ টাউন (বিবাহের পুর্ববর্তী নাম কুমারী গিবন্স)-এর স্মতিলিপি হইতে পাওয়া যায়। ইনি সম্ভবতঃ ২৯শে এপ্রিল ডাক্তার গার্ন সীর বাড়ীতে স্বামীঞ্চীকে এক ভোজ্বসভার দেখিতে পান:

"আমি যখন তাঁহার দর্শন পাই, তখন তাঁহার বয়স সাতাশ (?)। তিনি যেন প্রাচীন গ্রীকদেশীয় দেবমূতিরই সদৃশ ছিলেন স্থনর। তাঁহার বর্ণ অবশ্র ছিল

মলিন এবং তাঁহার চক্ ছিল বৃহৎ, যাহা দেখিয়া মধ্যরাত্তের তারকাখচিত নীলা-কাশের স্বৃতি জাগিত।...তাঁহার মাথা ছিল কোঁকড়ানো ছোট ছোট চুলের রাশিতে পূর্ণ। ... তিনি তখন ছিলেন প্রসিদ্ধ ডাব্জার এগ্রার্ট গার্নসীর বাড়ীতে অতিথি—আর গার্সী ছিলেন অমায়িক, সাহিত্যসেবী ও সতাই আদর্শ অতিথিপরায়ণ। তাঁহার প্রশন্ত ও স্থদুশ্র বাড়ীটি অবস্থিত ছিল ফিফ্থ অ্যাভিনিউ-এর চুয়াল্লিশ নম্বর রাস্তায়। ... ডাক্তার গার্নী এক রবিবার অপরাহে ডিনারের ব্যবস্থা করিলেন। কথা রহিল, উহাতে প্রত্যেক অতিথি বিভিন্ন ধর্মের প্রবন্ধা হইবেন এবং ইশারসোল ঐ সময় শহরে না থাকায় ডাক্তার স্বয়ং তাঁহার প্রতি-নিধিত্ব করিবেন। আমি ছিলাম ক্যাথলিক, এই হিসাবেই সেই শারণীয় অপরাহ-ভোজনে উপস্থিতির সৌভাগ্য লাভ করিয়াছিলাম। ডাক্তার গান্দী ছিলেন আমার চিকিৎসক; তাই তিনি আমাকে ডাকিয়া পাঠাইলেন ক্যাথলিক মতের পষ্ঠপোষণ করিতে। ডাঃ পার্কহার্স্ট সেথানে ছিলেন এবং আমেরিকার প্রসিদ্ধ অভিনেত্রী মিনি ম্যাভার্ন ফিস্কেও ছিলেন। আমার মনে আছে, সর্বভন্ধ চৌদক্তন অতিথি উপস্থিত ছিলেন। অবশ্র পরস্পরের মধ্যে একটা নীরব চ্কি ছিল যে, স্বামীজীর অথষ্টান মতবাদ সম্বন্ধে সকলেই একটা ভল্রোচিত মনোভাব দেখাইবেন। কিন্তু হায়! ভোজপর্ব বেমন চলিতে লাগিল, স্বাধিক উত্তেজনাময় चारनाठना ठनिन चामी बोत मरक नरह, वतः वाहरवन-व्यवनशी विভिन्न मध्यमारवत মধ্য। আমার আসন ছিল স্বামীজীরই পার্মে, আমরা চুইজন নীরবে ও সকৌতৃকে এই হাস্তকরপ্রায় সাম্প্রদায়িক অসহিফুতা লক্ষ্য করিতেছিলাম।... স্বামীজী মাঝে মাঝে সংক্ষিপ্ত বক্ততার সাহায়ে প্রতাক্ষতঃ স্বীয় জন্মভূমি ও উহার রীতিনীতি বুঝাইবার প্রয়াস পাইলেও, তাঁহার উদ্দেশ ছিল সবদাই কোন না কোন দার্শনিক বা ধর্মীয় বিষয়ে স্বমতের প্রাধান্ত স্থাপন করা। । এই ভোজন-कारनहे आमारमत वसुरखत एखभा ह्य। भरत देवर्रकशानाम जिनि आमाम বলিয়াছিলেন, "মিদ গিবন্স আপনার ও আমার দার্শনিক মত একই, আমাদের ধর্মবিশ্বাসের মূলকথা একই।…

"স্বামি বাড়ী ফিরিয়া মাকে স্বামীন্ত্রীর কথা শুনাইলাম। মা বলিলেন, "কি ভয়ানক ডোন্ধসভারে বাবা—ষত সব মেথোডিন্ট, ব্যাপ্টিন্ট এবং প্রেস-বিটেরিয়ান, স্বাবার এক ক্লম্বর্ণ বিধর্মী কমলা রং-এর পোষাক-পরা!' কিন্তু মা ক্রমে বিবেকানন্দকে পছন্দ করিতে ও তাঁহার মতবাদের প্রতি সন্ধান দেখাইতে শিধিয়াছিলেন, এমন কি, পরে এক বেদান্তকেন্দ্রেও বোগ দিয়াছিলেন। স্বামীজীর কাছে মা ছিলেন সাতিশয় কৌতুকোদ্দীপক এবং এতদিন পরেও আমার চক্ষের সম্মুপে ভাসিয়া উঠিতেছে, আপনার সম্বন্ধে মায়ের মন্তব্য শুনিয়া স্বামীজী কেমন সানন্দে হাসিতেছেন।"

১৮৯৪ খৃষ্টাব্দের এই বসস্তকালে না হইলেও কিছু পরে এক রাত্রে কুমারী গিবনস স্বামীজীকে 'মেট্রোপলিটান অপেরাতে' 'ফট'-এর অভিনয় দেখাইবার জন্ম নিমন্ত্রণ করিলেন। স্বামীজী পূর্বে কথনও অপেরা দেখেন নাই। কিন্তু কুমারী গিবন্স-এর মাতা আপত্তি তুলিলেন, "কিন্তু আপনি যে কালো! বিশ্বের লোক বলবে কি ?" দে অপেরাতে সমাজের সব সেরা লোকদিগের স্বাসিবার কথা ছিল। স্বামীজী ঐ কথায় হাসিয়া উত্তর দিলেন, "আমি আমার বোনের কাছে বসব; ও ওতে কিছু মনে করে না।" স্বামীজীকে সেদিন যেমন স্থন্দর দেখাইতেছিল, এমন বোধ হয় আর কোনও দিন নয়। অপেরা-গৃহে তাঁহাদের "আশেপাশে বাঁহারা ছিলেন, তাঁহারা মুগ্ধ হইয়া তাঁহাকে এমন ভাবে দেখিতে-ছিলেন" যে, কুমারী গিবনস্-এর মতে "সে রাত্রে তাঁহারা অপেরা মোটে ভনেনই নাই।" "আমি বিবেকানন্দকে ফট-এর কাহিনীটা বুঝাইতে চেষ্টা করিলাম। মা বলিয়া উঠিলেন, 'হে ভগবান, যুবতী মেয়ে হয়ে তোর পক্ষে এমন একটা হতচ্ছাড়া গল্প একজন পুরুষের কাছে বলা উচিত নয়।' 'ভালই যদি না হয় তো তাকে আপনি এখানে আসতেই বা বললেন কেন ?'—স্বামীজী জিজ্ঞাসা করিয়া বসিলেন। মা বলিলেন, 'দেখন, অপেরা দেখতে যাওয়া একটা সামাজিক চাল। সব পালাই জঘন্ত। কিন্ধ পালা নিয়ে আলোচনা না করলেও তো চলে !' অপেরা চলিতে থাকিলে স্বামীনী বলিলেন, 'আছ্ছা বোন, ঐ বে ভদ্রলোকটি গান গেয়ে ঐ ফুলরী মেয়েটির কাছে প্রেম নিবেদন করছেন, ইনি কি সত্যি তাকে ভালবাদেন ?' 'হাঁ, স্বামীজী।' 'কিন্কু ভদ্রলোক তো মেয়েটির প্রতি অক্সায় করেছেন, আর তাকে হঃখ দিয়েছেন!' আমি বিনীতভাবে উত্তর দিলাম, 'হা।' স্বামীজী তথন বলিলেন, 'এইবারে বুঝেছি। ও ভত্রলোক इन्नती गरिनांगितक रा जानरारमन, जा नम्, किन्ह थे नान পোশाक-भन्ना ও लच्छ-বিশিষ্ট ঐ বে স্থন্দর ভদ্রলোকটি রয়েছেন, তাকেই তিনি ভালবাদেন—কি নাম বেন ওর-শহতান।' এই ভাবেই স্বামীন্ত্রীর পবিত্র মনটি বিচারের ধারা অবলম্বনে সবটা যেন ওজন করিয়া দেখিল এবং বৃবিদে অপেরা ও শ্রোডাদের

সবই ফাঁকা! সমাজের একটি অল্লবয়স্কা যুবতী মেয়ে তৃই অছের অবসর কালে মার কাছে আসিয়া বলিল, 'ঐ কমলা রং-এর গাউন-পরা ভদ্রলোকটি ধাকে অতি উচ্চপদস্থ ব্যক্তির ভায় দেখাছে, তাঁর পরিচয় পাবার জভ্ত আমার মা খুবই উতলা।"

নিউইয়র্কের ফিফথ অ্যাভিনিউতে বাদকালে স্বামীজী জনসমাজের বিশেষ मृष्टि चाकर्यन कतिशाहित्नन, हेटात श्रामा गरिला-कवि छातिरशि गनरता-त আত্মচরিতে লিখিত এই বিবরণ হইতেও পাওয়া যায়: "(চিকাগো ধর্ম-মহাসভার) পরে তাঁহার সহিত আমার ঘনিষ্ঠ পরিচয় হয় এবং কয়েক বংসর পরে ফিফথ অ্যাভিনিউতে তাঁহার সহিত আমার যে কথাবার্তা হয়, তাহা আমার চিরকাল শারণ থাকিবে। সে সময় তাঁহার দৃষ্টি উর্দেষ এক গগনচ্ছী সৌধের শীর্ষবিন্দতে উত্থিত হইলে, ডিনি এমন কিছ বলিয়াছিলেন, যাহা হইডে আমার এই অমুভৃতি জাগিয়াছিল যে, এই সমন্ত অভিনব সৃষ্টি তাঁহার নিকট তেমনি কল্পনারাজ্যের অপরূপ বস্তুসদশ মনে হইত, যেমন নাকি প্রাচীন বস্তুগুলি আমাদের নিকট প্রতিভাত হয়। আবার যে নিজম্ব দট্টভদী অবলম্বনে তিনি এই বিশ্বকে আরও নিবিডতর্ব্ধপে একত্রিত ও অধিকতর মহিম্মণ্ডিত বলিয়া দেখিতেন, সেই আশাপুরণের ভারও তিনি আমাদের নবীন উৎসাহের হস্তে অর্পণ করিয়া গিয়াছিলেন। বস্তুত: স্বামীজী সর্বপ্রকার কল্যাণময় শক্তির বিকাশকেই ভগবচ্ছক্তির বহিঃপ্রকাশরূপে দেখিতেন; গগনচুষী প্রাসাদও (স্কাই-ক্রেপার) তাঁহার নিকট মহাশক্তির বার্তাই আনিয়া দিত।" সত্য কথা বলিতে কি. স্বামীজী বেখানেই প্রাণবত্তা ও স্ক্রনীশক্তির বিকাশ দেখিতেন, সেখানে জগদন্বারই প্রাণস্পন্মন ও সৃষ্টিবৈচিত্তোর আভাস পাইতেন। যে বিশ্ব-শক্তি জগত্রচনা ও জগৎসংরক্ষণে নিয়োজিত আছে এবং মানবীয় যে শক্তিতে चाकानमुद्दी स्त्रीरभत्र পतिकद्वना ও मः गर्छन इडेवा थारक ভाष्टारमत्र मरधा मृत्रछः কোন পাৰ্থকা নাই।

স্বামীন্দ্রীর সহিত আরও বস্তু ক্লতবিছ্য প্রথিতবশা ব্যক্তির সাক্ষাৎ হইরাছিল। ইহাদের কাহারও কাহারও আত্মনীতে স্বামীন্দ্রীর স্বরণে তুইচারি পঙ্জি লিপিবদ্ধ পাওয়া যায়। কারণ মাত্র একবার দেখিলেও কেহ স্বামীন্দ্রীকে ভূলিতে পারিতেন না। মহিলা-ভাস্কর মালভিনা হফম্যান তাঁহার 'হেড্স্ এও টেলস্' গ্রন্থে লিথিয়াছেন: "ভারত স্বামার শৈশবের এক স্বতি পরিছার ও স্থানন্দ্রচঞ্চল

সাদাশতি জাগাইয়া দেয়। সে সদ্বাটি আমি আমার পিতার জনৈক আতীয়ের গতে কাটাইয়াছিলাম। তিনি পশ্চিম আটত্রিশ নম্বর রাজ্পথের উপরে অবস্থিত একটি সাধারণ গোছের বোর্ডিং হাউস-এ থাকিতেন। মহানগরবাসী প্রাচীনপন্থী এই দলটির মধ্যে অক্সাৎ একজন নবাগতকে উপস্থিত করা হইল-তিনি ছিলেন প্রাচ্যদেশীয় দার্শনিক ও আচার্য স্বামী বিবেকানন। তিনি ভোজনকক্ষে প্রবেশ করিলে দব নীরব হইয়া গেল। তাহার রুফাভ গৌরকান্তির ও হন্তবয়ের সহিত তাঁহার আলগাভাবে জড়ানো বিশাল পাগড়ি ও বিরাট অঙ্গাবরণের একটা অসামঞ্জ সহজেই লক্ষিত হইল। তাঁহার ক্লফক্ষ তারকাছ্য পার্থবর্তী লোকদের দেখিবার জন্ম যেন একবারও উর্ধের উঠিল না ; কিন্ধু তাহার সর্ববিষয়ে এমন একটা শাস্তি ও শক্তির ছাপ ছিল যে উহা আমার মনে অনপ্রবাীয় দাগ আঁকিয়া দিল। মনে হইল, তিনি বেন সমন্ত প্রকৃত ব্রহ্মপ্রবক্তাদের রহস্তের ও আধ্যাত্মিক নিঃসঙ্গতার মূর্ত বিগ্রহ; অথচ ইহারই সহিত তাহার সর্বমানবের প্রতি একটা সারল্যমণ্ডিত সদয় ও বিনম্র ব্যবহারের সমন্বয় ঘটিয়াছিল। বহু বংসর পরে ১৯৩১ খুষ্টাব্দে আমরা কলিকাতার বাহিরে বেলুড় মঠে বছ সহস্র ভক্তের অর্থে এই ব্যক্তিরই স্মৃতির উদ্দেশ্যে নিমিত মন্দির দেখিতে গিয়াছিলাম। যখন তাঁহার বেদীতে অর্পণের জন্ম একছড়া মালডী-মালা তুলিয়া ধরিলাম, তখন আমার আবেগময় হানয়ে এই কথাই জাগিল, জীবনে যে একবারমাত্র আমি এই সাধুপুরুষের দর্শনলাভ করিয়াছিলাম, সেই একমুহুর্তের মধ্যেই তিনি একটি কথা না বলিয়াও আমার নিকট ভারতের মর্মকথা এমন ভাবে তুলিয়া ধরিয়াছিলেন. যাহার অধিকতর আভাস আমি অতঃপর ভারতবর্ষ সম্বনীয় বহু বক্ততাতে বা ভারতবাসীর বক্তৃতাতেও পাই নাই।"

প্রদিদ্ধ বেহালা-বাদক আলবাট স্পল্ডিং-এর 'রাইজ টু ফলো' নামক পুস্তকে এই আমোদজনক বিবরণটি পাওয়া যায়: "একবার এক ভারতবর্ষীয় সাধু আহার করিতে আদিলেন। তিনি বিশ্ববিশ্রুত স্বামী বিবেকানন্দ ব্যতীত আর কেহ নহেন। মাসীমা (বা খুড়ীমা) স্থালী তাঁহার প্রতি খুব আরুট্ট হইলেন, যদিও তিনি স্বামীজীর অসংখ্য ভক্তেরা তাঁহাকে যে উচ্চ আধ্যান্মিকতার অধিকারী মনে করিতেন তাহার তেমন কিছুই ব্ঝিতেন না; চারিদিকে বেপ্রশংসাবাক্যের ছড়াছড়ি ভনিতেন, তিনি তাহা তৃ-একটি চুটকি কথাতেই উড়াইয়া দিতেন। স্বামীজীর বিলাসবজ্ঞিত কঠোরতা সম্বন্ধ তিনি বলিতেন, 'কঠোর জীবনই বটে!

আমি তোমাদের সাদা কথায় বলে দিছি—এই ব্যক্তি ভারতবাসী বা অক্যদেশ-বাসী, ধর্মধাজক বা অক্য যাহা কিছুই হউন না কেন, ইনি বনফুল চুষে এমন বিরাট বপুটি পান নি।' আপত্তি হইল, 'কিছু মাসীমা, আপনি নিজেও জানেন ষে, আপনি এঁকে পছন্দ করতেন। আপনার আচরণেও আপনি তাই দেখিয়েছিলেন।' 'পছন্দ তো তাঁকে অবশ্রুই করি', মাসীমা বলিয়া উঠিলেন, 'অনেককেই তো পছন্দ করি; কিছু পছন্দ করলেই যে তাঁদের ক্যাজারেথের যীভ্রুই মনে করতে হবে, এমন তো কোন কথা নেই!' আমাদের সাদ্ধা আসরগুলিতে প্রায়ই সন্দীত হইত, এমন কি স্বামীজীও বাদ পভিতেন না—যদিও আমার মার বিবেকবৃদ্ধি অধিক রাত্রি পর্যন্ত সন্ধীত চলার বিরোধী ছিল।"

স্বামীন্দ্রী ২রা মে মিস ইসাবেল ম্যাক্কিগুলিকে লিখিয়াছিলেন, "৭ থেকে ১৯ তারিখ পর্যন্ত বস্টনে বক্তৃতাদি আছে।" আবার ৪ঠা মে অধ্যাপক রাইটকে লিখিয়াছিলেন, "আমি রবিবার (৬ই মে) বস্টনে যাব। মিসেস হাউ-এর উইমেনস্ ক্লাবে (মহিলা-সংসদে) সোমবার বক্তৃতা দেবার কথা।" শ্রীযুক্তা জুলিয়া ওয়ার্ড হাউ তথন বৃদ্ধা হইলেও সংপ্রতিষ্ঠানের সহিত তাঁহার সম্বন্ধ ছিল এবং বিদ্বন্ধী বলিয়াও তাঁহার খ্যাতি ছিল। তাঁহার স্ব্যবন্ধায় সোমবারে মহিলা-সংসদে যে বক্তৃতা হয় উহার কোনও বিবরণ সংরক্ষিত হয় নাই। পরদিবস স্বামীন্দ্রী রাছিরকে একটি মহিলা-মহাবিভালয়ে বক্তৃতা দেন। উহা হার্ভার্ড ইউনিভার্সিটির সহিত সংশ্লিষ্ট ছিল। অধ্যাপক রাইট-এর শ্রীর লিখিত বিবরণ হইতে জানা যায়:

"৭ই মে, ১৮৯৪। স্বামী বিবেকানন্দ নামক এক প্রাচাদেশীয় ব্যক্তিকে ঐ পরিবারে এক সপ্তাহ থাকিবার জন্ম শ্রীযুক্ত রাইট নিমন্ত্রণ করিয়াছিলেন। কিন্তু স্বামীজী বন্টনের একটা হোটেলে থাকাই পছন্দ করিয়াছিলেন।…পূর্বের গ্রীম্ম-কালেও তিনি এই পরিবারে বাস করিয়াছিলেন।

"শনিবার, ১২ই মে, ১৮৯৪। মঞ্চলবারে (৮ই মে) স্বামী বিবেকানন্দ স্বীয় ধর্মত সম্বন্ধে মহিলা-মহাবিদ্যালয়ে বক্তৃতা দিয়াছিলেন। বক্তৃতাটি ছিল খুব কবিত্বময় ও প্রকাপরিপূর্ণ এবং উহাতে এমন একটা আবেগ ছিল বাহা অন্ততঃ তৎক্ষণের জন্ম অপরকে মতান্তর হইতে স্বমতে লইয়া আসিতে পারিত। বেসকল মেয়ের মুধে গান্তীর্বের ছাপ নাই, এমনও অনেক মেয়ের মুধ গান্তীর্বপূর্ণ হইল ও তাহারা এমন মনোধাণ সহকারে বক্তৃতা শুনিতে লাগিল বে, মনে হইল বক্তার

কথাগুলি বৃঝিবার জন্ম তাহারা সর্বতোভাবে উদ্গ্রীব। কিন্তু যথন তিনি আমাদের দোষগুলি দেখাইতে লাগিলেন এবং আমাদের আহাম্মকির ও পাপের কথা থুলিয়া বলিতে থাকিলেন তথন তাঁহার চিস্তা নিমতর স্তরে নামিয়া আসিল, এবং খোঁচা থাইয়া মাহ্য যেমন কাষ্ঠহাসি হাসে, মেয়েরা তেমনি হাসিতে লাগিল। তিনি বলিলেন: 'উচ্চবর্ণের ভারতীয় বিধবাদের বিবাহ হয় না, শুধু নিম্নজাতির বিধবারা পুনর্বার বিবাহ করিতে পারে, (স্বচ্ছেদে) আহার-বিহার করিতে পারে, বিবাহ-বিচ্ছেদ ঘটাইতে পারে, এককথায় এদেশের (আমেরিকার) সমৃদ্ধ সমাজের লভ্য সর্বপ্রকার স্থবিধাই তাহারা পায়।' আমরা তথন হাসিয়া উঠিলাম।

"বৃহস্পতিবারে (১০ই মে) বিবেকানন্দ শ্রীযুক্ত কলিজ-এর পৃহে রাউণ্ড টেবিলে বক্তৃতা করিলেন। এথানেও তিনি আমেরিকানদের বিরুদ্ধে টিপ্পনী কাটিয়া আবার আনন্দ-সজ্ঞোগ করিলেন। কথার থোঁচা সব ছিল হাস্তরসপূর্ণ, তিক্ত ও তীব্র, অথচ যথাধোগ্য, স্থন্দরভাবে প্রকাশিত এবং সম্পূর্ণ বিষয়বস্তমর অস্থায়ী। কিন্তু এতদপেকাও উচ্চতর তব্ব পরিবেশনের ক্ষমতাও তিনি রাখিতেন। হরিস্রাবর্ণের পাগড়ি ও কমলা রং-এর আলখাল্লায় তাঁহাকে বেশ স্থন্দর মানাইতেছিল এবং কথাগুলিও তিনি বলিতেছিলেন বেশ মান বজায় রাখিয়া। আমেরিকাকে তিনি ধনমর্থাদা, অনৈতিকতা ও ধর্মহীনতার জক্ত নিন্দা করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন, "আমরা যথন ধর্মান্ধ হই, আমরা নিজদিগকে বিরাট রথতলে নিম্পেষিত করি, নিজেদের গলায় ছুরি দিই বা কন্টকশ্যায় শয়ন করি। আর তোমরা যথন ধর্মান্ধ হও, তথন তোমরা অপরের গলায় ছুরি দাও, তাহাদের আগুনে পোড়াইয়া যন্ত্রণা দাও এবং তাহাদের জ্বন্তু কন্টকশ্যায় বচনা কর। কিন্তু নিজেদের চামড়া তোমরা খুবই সাবধানে বাঁচাইয়া চল।"

হলবিশেষে স্বামীজী কঠিন সত্যকে নিরাবরণরপে আমেরিকান সমাজের সম্মুখে তুলিয়া ধরিতেন এইরপ দৃষ্টাস্থ বিরল নহে। অধিকাংশক্ষেত্রেই ইহার ফল আশাহরপ হইত, অর্থাৎ বুজিমান শ্রোভারা নিজের স্বরূপ আলোচনা-মূকুরে প্রতিফলিত দেখিয়া নিখুত চিত্রান্ধনের জল্প বক্তার প্রশংসা করিতেন এবং নিজ্জীবনে দোষসংশোধনে প্রবৃত্ত হইতেন। তবে উল্লোচিত সত্যের উজ্জ্ল আলোক সকলে সভ্ করিতে পারে না, বিশেষতঃ মোহান্ধকারের পর হথন উহা

অকন্মাৎ বিপরীত দিক হইতে চক্ষের উপর আসিয়া পড়ে। অতএব ইহা কিছুই चार्क्य नरह रव, इनविर्भार छाँहाর সমালোচনা अधिमधुत इहेछ ना, এমন कि শ্রোতারা যতথানি সহ করিতে পারিবে, তাহার মাত্রা অভিক্রাস্ত হইয়াছে মনে করিয়া স্বামীকী নিকেও তঃখিত হইতেন। ইংরেজী কীবনীতে উল্লিখিড আছে যে, স্বামীজী একদিন বস্টনের এক বিশাল শ্রোত্মগুলীর নিকট 'मिनीय चाठार्यात्व'? विषया ভाষণ निष्ठ छेठिया तिथितन, मन्मूर्थ छेपविष्ट नत-নারীর মুখে ইহলৌকিকতার ছাপ বড়ই স্পষ্ট এবং আধ্যাত্মিকতার প্রতি ভাহাদের তেমন আগ্রহ, অফুসন্ধিংদা বা প্রীতি নাই। তাঁহার মন ছিল তখন শ্রীরামরুফচিন্তায় ও বৈরাগ্যে পরিপূর্ণ। অতএব তাঁহার বোধ হইল, ইহাদের সন্মথে শ্রীরামক্বফের উচ্চ ভাবরাশির কথা বা ঠাকুরের প্রতি স্বীয় প্রীতি ভক্তি ও শ্রদার বিষয় উল্লেখ করা "উলুবনে মুক্রা-ছড়ানো" ব্যতীত আর কিছুই নহে। ইহার ফলে তিনি পাশ্চাত্তা সভ্যতার ভিত্তিভূত ইহলৌকিকতা ও তৎসহ অর্থ-প্রীতি, দেহপ্রীতি, জডবাদ প্রভতির বিরুদ্ধে ভয়ম্বর নিন্দাবর্ধণে মাতিয়া গেলেন। তথন শত শত লোক অকস্মাৎ বক্তৃতাগৃহ ত্যাগ করিয়া চলিয়া গেলেন। পরদিন সংবাদপত্তে তুই রকম মস্তব্যই মুদ্রিত হইল—কোনটিতে উচ্ছাদিত প্রশংসা, কোনটিতে সম্পূর্ণ বিক্লম্ব সমালোচনা। তবে সকলেই তাঁহার অকপটতা, সাহস ও সরলতার প্রশংসা করিল। স্বামীজী স্বয়ং এই বক্ততায় আনন্দিত না হইয়া এই ভাবিষা অতি হৃ:খিত ও লজ্জিত হইয়াছিলেন যে, স্বীয় গুরুদেব যদিও সকলের প্রতি রুপালু ছিলেন এবং কোন মতের বিরুদ্ধাচরণ না করিয়া উহার প্রতি সম্মান দেখাইতেন, তথাপি এরপ মহাপুরুষের জীবন ও বাণী আলোচনা করিতে গিয়া তিনি লোকনিন্দায় মন্ত হইয়াছিলেন। এই বক্ততাটি ঠিক কৰে वर्केटन क्षमेख रुष, जाना नाहे। मण्डवणः हेश এই ममरप्रत नरह, कात्रण जिनि भ्रमा মে তারিখে ইসাবেলকে জানাইয়াছিলেন, তিনি বন্টনে ছয়টি বক্ততা দিবেন। 'মদীয় আচার্যদেব' ঐ ছয়টির মধ্যে অস্তর্ভুক্ত ছিল না। তাঁহার প্রথম বক্ততা হয় ৭ই মে, প্রীয়কা হাউ-এর মহিলা-সংসদে, বিতীয় বক্ততা পরদিন র্যাভঙ্কিষ

১ । বর্তমানে 'বাণী ও রচনাতে' ঐ নামীয় যে বক্তা আছে, উহা প্রান্ত হয় নিউ ইয়র্কে ১৮৯৬ খৃষ্টাব্দের ২৪শে কেব্রয়ায়ি, এবং ঐ বৎসরের পেবে ইংলণ্ডের উইবল্ডন নামক স্থানে । এই য়ই বক্তা একসলে মিলাইয়া বর্তমান প্রবন্ধ 'মণীয় আচার্বদেব' রচিত হইয়াছে (ঐ, ৮।৩৭৬)।

মহাবিভালয়ে এবং তৃতীয় বক্তা ১০ই মে শ্রীযুক্ত কলিজ-এর রাউণ্ড-টেবিলে। ('নিউ ভিদকভারিজ', ৩৮৬)।

অতঃপর 'বস্টন ইভিনিং ট্র্যান্স্ক্রিপ্ট্' পত্রিকা হইতে জানা যায়: "টাইলার ব্লীটে অবস্থিত ডে নার্সারীর (দিবাভাগে পরিচালিত শিশু-বিজ্ঞালয়ের) সাহায়াকরে শ্রীযুক্ত স্থামী বিব্ কানল সোমবার (১৪ই মে) অপরাহে আ্যাসোসিয়েশন হলে ভারতের রীতিনীতি সম্বন্ধে বক্তৃতা দিবেন। ১৬নং ওয়ার্ডের ডে নার্সারীর সাহায়্যকরে শ্রীযুক্ত স্থামী বিবেকানল ব্ধবার (১৬ই মে) অপরাহে আ্যাসোসিয়েশন হলে ভারতের ধর্মসমৃহসম্বন্ধে বক্তৃতা দিবেন। তাঁহার ব্যাখ্যাতব্য বিষয়মধ্যে থাকিবে পৌত্তলিকতা ও প্রতিমাপুজার পার্থক্য, ভগবান সম্বন্ধে ভারতীয়দের বিভিন্ন ধারণা এবং প্রাচীন হিন্দু দার্শনিকদের মতবাদ।" লক্ষ্য করিবার বিষয় এই যে, স্থামীজী ভারতের জন্ম অর্থ সংগ্রহ করিতে আসিয়াও আমেরিকার সংপ্রতিষ্ঠানগুলিকে সাহায্য করিতে পরামুথ হন নাই।

ভারতের রীতিনীতি সম্ধীয় বক্ততার সারমর্ম এই: "হিন্দুজাতি নারী-সমাজকে দুণা করে বলিয়া যে বিবাহ হইতে বিরত হয়, তাহা নহে, কিন্তু ইহার কারণ এই যে, আমাদের ধর্ম আমাদিগকে নারীগণকে মাতৃরূপে পূজা করিতে বলে। প্রত্যেক হিন্দু প্রত্যেক নারীকে মাতৃরূপে দেখিতেই শিক্ষা পায়, সার মাতাকে তো কেহ বিবাহ করিতে পারে না। ভগবান আমাদের মা। আমরা স্বর্গবাসী কোন ভগবানের ধার ধারি না, তিনি আমাদের মা। বিবাহকে আমরা অধ্যাত্মজীবনের অপেকাকৃত নিমুত্র অবস্থাই মনে করি, আর কেহ যদি বিবাহ করে, তবে সহধর্মিণী পাইবার আশায়ই ঐরপ করে। তোমরা বল, আমরা মেয়েদের প্রতি চুর্বাবহার করি। জগতের কোন জাতি না নারীদের প্রতি ছব্যবহার করিয়াছে? ইউরোপ ও আমেরিকায় অর্থলোভে লোকে স্ত্রীগ্রহণ করে. এবং অর্থ আত্মসাৎ করিয়া তাহাকে দুর দুর করিয়া তাড়াইয়া দেয়। ... আমাদের দেশে গুণকর্মানুষায়ী জাতিবিভাগ হয়, অর্থানুষায়ী নহে । ... সমবর্ণের অতি দরিক্র वाकि थ धनीत ममान । ... चर्ष कृत्र वृक्षविश्र घटा देशा । এवः श्रृष्टानिष्गरक পরস্পরের বিরুদ্ধে প্ররোচিত করিয়াছে। । এখানে সব তাড়াছড়া, কার্বব্যস্ততা ও ঠেলাঠেলি। জাতিপ্রথা মামুষকে এই সকল হইতে অব্যাহতি দেয়। ইহা मामुयरक बद्ध बर्पंश कीरनशांद्रागद छेशांच कदिया तम्य अरः हेश मकत्मद्रहे জ্ঞতা কর্মসংস্থান করিয়া দেয়। বর্ণাধীন ব্যক্তি আত্মচিস্তার সময় পায়, আর

ভারতীয় সমাক্ষ ইহারই জন্ম উদ্গ্রীব। নেবে মামুষ যত উচ্চ বর্ণে জন্ম লয়, তাহার সামাজিক শাসন ততই অধিক। বর্ণবিভাগ আমাদিগকে হিন্দুজাতি হিসাবে বাঁচাইয়া রাথিয়াছে এবং ইহাতে ক্রটি প্রচুর থাকিলেও ইহার গুণ তদপেক্ষা অধিক। নেত

ভারতের ধর্মসমূহ সহক্ষে বলিতে গিয়া তিনি মুসলমানধর্ম হইতে আরম্ভ করেন। অতঃপর পার্সীদের ধর্মের কথা তুলেন। পরে হিন্দুদের কথা-প্রসঙ্গে তিনি বলেন, "হিন্দুরা বেদকেই তাহাদের শাস্ত্র বলিয়া মানে। হিন্দুরা প্রত্যেক ব্যক্তিকে জাতি ও আচার-বিচারের অধীন করিয়াছে বটে, পরস্ক ধর্ম-বিষয়ে চিস্তার সম্পূর্ণ স্বাধীনতা দিয়াছে। তিন্দুরা প্রধানতঃ তিনভাগে বিভক্ত— বৈতবাদী, বিশিষ্টাদ্বৈতবাদী ও অদৈতবাদী, এবং প্রত্যেক সাধকের অধ্যাত্মজীবনে অগ্রগতির পক্ষে এইগুলি স্বাভাবিক ক্রমিক ত্তর বলিয়া স্বীক্রত হয়। তধ্ম পুত্রকাদিতে সীমাবদ্ধ নহে, হৃদয়ের গভীরতম প্রদেশে ভূবিয়া গিয়া সেধানে ঈশ্বরের ও অমৃত্রের সন্ধান পাওয়াকেই বলে ধর্ম।" অবশেষে জৈনদের কথা তুলিয়া তিনি বলেন, "ইহাদের মতে অহিংসা পর্মো ধর্ম:।"

১৬ই মে অপরাত্নে প্রদত্ত পুর্বোক্ত বক্তৃতার পব সন্ধ্যা ৮টায় তিনি হার্ভার্ড ইউনিভার্সিটিতে বক্তৃতা দেন হার্ভার্ড রিলিজিয়াস ইউনিয়ন-এর নেতৃত্বে 'সেভার হলে'। বক্তৃতায় তিনি বলেন, "ভারতে বহু ধর্মমত ও ধর্মসম্প্রদায় আছে, ইহাদের কেহ কেহ সগুণ ঈশরে বিশাসী, অপরেরা ঈশর ও জগতের অভেদে বিশাসী। কিন্তু হিন্দুরা যে কোন মতেরই অহগামী হউক না কেন, তাহারা কথনই বলে না যে, একমাত্র ভাহাদেরই মত সত্য এবং অপর সব ভূল। তাহারা বিশাস করে, ঈশরলাভের বিভিন্ন পথ আছে। অসমাসীর পক্ষে তইটি ব্রভ গ্রহণীয় —অটুট ব্রদ্ধার্থ এবং দারিন্দ্র।"

নিউ ইয়র্কের স্থায় বস্টনেও স্বামীজী বহু বন্ধুলাভ করিয়াছিলেন। তন্মধ্যে প্রীযুক্তা ওলি বুল দর্বাগ্রণী। ইনি অতঃপর তাঁহাকে দর্বদা বহুভাবে দাহায়া করিয়াছিলেন। প্রীযুক্তা ওলি বুলের সহিত স্বামীজীর প্রথমে কোণায় কিভাবে দেখা হয় জানা না থাকিলেও অহুমান করা যাইতে পারে যে, ক্যান্থি জে তাঁহার স্বগৃহেই মে মাদে স্বামীজীর পদার্পণ হইয়াছিল। বস্টন হইতে স্বামীজী নিউ ইয়র্কে ফিরিয়া যান এবং দেখানে বক্তৃতাদি করিয়া চিকাগোর হেলদের গৃহে উপস্থিত হন। সম্ভবতঃ তিনি গোটা জুন মাদটাই তাঁহাদের বাড়ীতে কাটাইয়াছিলেন।

অপবাদ ও প্রতিকার

আমেরিকার মধ্য ও পূর্ব প্রান্তে স্বামীজীর বিজয় বিঘোষিত হইল এবং সর্বত্ত বছ বন্ধলাভ ঘটিল সত্য, কিন্তু চিকাগো-বিজ্ঞাের দিন হইতেই শক্রবৃদ্ধিও হইতেছিল যথেষ্ট। ইহার কারণ ঈর্বা, স্বার্থে বিদ্ন ও স্বমতপ্রতিষ্ঠায় বাধা। ব্রাহ্মসমাজের ও থিয়োসফিক্যাল সোসাইটির যে প্রতিপত্তি পূর্বে আমেরিকায় ছিল, স্বামীন্দ্রীর অক্সাৎ অভ্যুদয়ে তাহা অনেকটা মান হইয়া গেল। আবার ভারতীয় সমাজের কাল্পনিক কুৎসিত চিত্র আমেরিকান সমাজের সম্মুখে তুলিয়া ধরিয়া এই অবনত বিধর্মীদের কল্যাণকল্পে মিশনারীরা অতি সহজে অর্থসংগ্রহ করিতে পারিতেন; স্বামীজীর আবির্ভাবে দে পথে বিদ্ন উপস্থিত হইল। व्यक्षिक सामीकी शानाथूनि ভाবেই मिनातीएनत প্রচারপ্রণানীর নিন্দা ও অর্থব্যয়ের তুলনায় তাঁহাদের সাফল্যের অকিঞ্চিৎকরতা দেখাইয়া মিশনারীদের অনেককে কেপাইয়া তুলিলেন। এই সমস্তের সম্মিলিত বেগ অতি ভয়ন্বর আকার ধারণ করিল। বিরুদ্ধ-পক্ষীয়ের। যুক্তির পথে না চলিয়া ও সত্যনির্ধারণের চেষ্টায় ব্রতী না হইয়া স্বামীজীর ব্যক্তিগত সর্বনাশের সহজ্ঞ পথ অবলম্বন করিলেন। তাঁহাদের আক্রমণ হুইটি বিশেষ ধারা অবলম্বনে পরিচালিত হুইল। প্রথমত: তাঁহারা দেখাইতে চাহিলেন, স্বামীন্সী হৃষ্টরিত্র, অতএব আমেরিকার সম্রান্ত পরিবারে অগ্রহণীয়। দ্বিতীয়ত: তিনি স্বমত প্রকাশ করিতেছেন মাত্র; তিনি কোনও সম্প্রদায়ের বা সমিতি প্রভৃতির মুখপাত্র নহেন এবং তাঁহার প্রচারিত মতসমূহ হিন্দুদের নিকট অগ্রাহ। স্থতরাং আমেরিকান সমাজে তিনি ভারতের প্রতিনিধি বা প্রবক্তারূপে অগ্রহণীয়। এই আক্রমণ যে কত সাফল্যলাভ করিয়াছিল, এবং স্বামীজীকে কতটা বিব্রত করিয়া তুলিয়াছিল, তাহা ঐ कारनत सामीकीत भवावनीराज्ये सम्भाव। भवावनी श्रेराज देशां अजीज रहा रहा, প্রথমে তিনি এই শক্ততাতে মোটেই বিচলিত হন নাই : কিন্তু পরে যথন মনে হইল, এই মিথ্যাপ্রচার এতটা প্রসারিত হইয়াছে এবং উহা এমন রূপ ধারণ করিয়াছে যে, উহাতে তাঁহার আমেরিকায় আদার উদ্দেশ্য পর্যন্ত বার্থ হইতে পারে, তখন তিনি ইহার প্রতিকারকল্পে বন্ধুদের দাহাষ্য পাইতে সচেষ্ট হইয়াছিলেন, কিন্তু নিজে সরাসরি কোন প্রতিবাদে প্রবৃত্ত হন নাই—উহা তাঁহার অভাববিক্তম ছিল। ভারতীয় বন্ধুগণকে ইহার প্রতিকারের জন্ম অগ্রসর হইতে বলার কারণ এই ছিল যে, ভারতীয়গণ ব্যক্তিগতভাবে তাঁহার বিজয়ে উৎফুল হইলেও এবং সংবাদপত্রাদিতে এইজন্ম কিঞ্চিং সম্ভোষ প্রকাশিত হইলেও, হিন্দুসমাজ স্পাইতঃ তথন্ও সজ্যবদ্ধভাবে এই কথা বলে নাই যে, বিবেকানন্দের ম্থের বাণী ভারতেরই মর্যবাণী, হিন্দুসমাজ তাঁহার সহিত সহমত। এই স্বীক্তিলাভের অভাবে বিবেকানন্দের মর্যাদা আমেরিকার সমাজে বিপর্যন্ত হইবে, একথা ভারতীয় বন্ধুগণ মোটে ধারণাই করিতে পারেন নাই। চিকাগো-বিজয়ের পর দীর্যকাল অতীত হইলেও ভারতীয় সমাজ এই বিষয়ে কিছুই করে নাই দেখিয়া স্বামীজী ক্ষম হইয়াছিলেন, বিক্ষম পক্ষের সাহস বর্ষিত হইয়াছিল, এবং বিদেশীয়দের মন সন্দেহাকুল হইয়াছিল। এই ক্রটি অবশ্য ভারতবাদীদের ইচ্ছাক্ত নহে। দীর্যকাল বিদেশী শাসনের অধীনে থাকিয়া তাহারা সজ্যবদ্ধভাবে কার্য করিতে এবং জাতীয় গৌরব-সংরক্ষণের উপযুক্ত উপায় অবলম্বন করিতে ভূলিয়া গিয়াছিল। তাই স্বামীজীকে বাধ্য হইয়াই তাহাদিগকে পুন:পুন: স্বীয় কর্তব্য স্মরণ করাইয়া দিতে হইয়াছিল। এই সাধারণ বিষয়ে অপরের সাহায় চাহিলেও তিনি স্বীয় চরিত্রসমর্থনের জন্ম কাহারও ঘারস্থ হন নাই।

স্বামীজীর মতে শ্রীযুক্ত প্রতাপ চন্দ্র মন্ত্রুমার মহাশ্য স্বামীজীর সাফল্যদর্শনে স্বামীজি হইয়া অপপ্রচার আরম্ভ করেন, ইহার উল্লেখ আমরা পুর্বেই করিয়াছি। মক্রুমার মহাশ্য আমেরিকায় থাকাকালেই পাদ্রীদের নিকট বলিতে থাকেন যে, স্বামীজী বস্তুত: অজ্ঞাত-কুলশীল ভূঁইফোড়। আমেরিকায় সে নিন্দাবাদ তথনই তেমন ফলপ্রস্থ না হইলেও তিনি বিদ্বোগ্নি প্রজ্ঞালিত রাখেন এবং স্থাদেশে ফিরিয়াও অপপ্রচারে মনোনিবেশ করেন। স্বামীজী তাই ১৮ই মার্চের (১৮৯৪) পত্রে মেরীকে লিখিয়াছিলেন, "মক্রুমানর কলকাতায় ফিরে গিয়ে রটাছে যে বিবেকানন্দ আমেরিকায় সব রক্ষের পাপ কান্ধ করছে।…এই তো তোমাদের আমেরিকার 'অপুর্ব আধ্যাত্মিক পুরুষ!'…মজুমানর বেচারীর এতদ্র অধ্যত্মতনে আমি বিশেষ তৃঃখিত। ভগবান ভল্লোককে রূপা কর্মন।" এই পর্যন্ত দেখা যায়, স্বামীজী সব ভনিয়াও প্রতিকারে নিরন্ত; ভগবানেরই উপর নির্ভর করিতেছেন। হয়তো ইহার ক্ষন্ত কোন দৈব ইন্ধিত পাইয়াছিলেন, হয়তো তিনি জানিতেন, তিনি দেবর্ক্ষিত। এইরূপ বিশ্বাদের কারণ স্বরূপে একটি ঘটনা তাঁহার গুরুলাতা পুরুপাদ স্বামী বিজ্ঞানানন্দ্রজী বলিয়াছিলেন।

ভেট্ররেটে এক নৈশভোজে স্বামীন্দ্রী কফির পেয়ালায় চুমুক দিতে যাইবেন, এমন সময় দেখিলেন, প্রীরামক্ষক তাঁহার পার্শ্বে দাঁড়াইয়া বলিতেছেন, "থাসনি, ও বিষ!" অলোকিকভায় যিনি বিশ্বাসী নহেন, ভিনিও এই ঘটনা হইতে অস্কৃতঃ এইটুকু স্বীকার করিতে বাধ্য যে, পারিপার্শ্বিক আবহাওয়া স্বামীন্দ্রীর বিশ্বদ্ধে তখন এমনই বিযাক্ত হইয়া উঠিয়াছিল যে, ভিনি প্রাণনাশের সম্ভাবনার কথা পর্যন্ত ভাবিতেন এবং তাঁহার অবচেতনা এই ষড়যন্ত্র বিষয়ে বিশেষ সতর্কতা অবলম্বন করিয়াছিল। আর অত্যন্ত সাধারণ লোকিকভাবে দেখিলেও মনে হয়, যেসব হীনমনা ব্যক্তি স্বার্থসিদ্ধির জন্ম এক মহাপুরুষের চরিত্রকে লোকচকে লাঞ্চিত করিত্বেও প্রন্ত্রত তাহারা সহজেই তাঁহার দেহনাশে সচেষ্ট হইবে, ইছাতে আকর্ষ কি থাহা হউক, আমরা মজুমদারের কথায়ই ফিরিয়া যাই।

মজুমদারের আমেরিকায় অপপ্রচার ও উহার তৎক্ষণাৎ প্রতিবাদ সম্বন্ধে এই একটি ঘটনা জ্ঞানিতে পারা গিয়াছে। আমেরিকায় যাইবার পূর্বে মজুমদার শ্রীরামক্রফ সম্বন্ধে উচ্চুসিত প্রশংসাপূর্ণ একথানি পুন্তিকা লিথিয়াছিলেন। স্থামীজী ঐ পুন্তিকাথানি ভারতবর্ষ হইতে আনাইয়া বন্ধুমহলে বিতরণ করেন, অক্তস্ত্রেও উহা শিক্ষিত ব্যক্তিদের হন্তগত হয়। অতঃপর হিংসায় মতিছের হইয়া মজুমদার স্থামীজীর বিক্লপ্ধে যথন প্রচার করিতে আরম্ভ করেন, তথন এক সান্ধ্য মজুদার স্থামীজীর বিক্লপ্ধে থখন প্রচার প্রধান শিশ্র স্থামীজীর নিন্দায় মাতিয়া উঠিলে, উপস্থিত একজন অতিথি ঐ পুন্তিকা মজুমদারের হাতে তুলিয়া ধরিয়া প্রশ্ন করেন, "আপনিই না এই প্রবন্ধটি লিথেছিলেন ?" মজুমদার কি উত্তর দিয়াছিলেন জানা নাই, জ্ঞানিবার প্রয়োজনও নাই; কারণ এইরপ ব্যক্তি কিরপ আবোল-তাবোল উত্তর দিতে পারেন তাহা সহজেই অন্থমান করা চলে।

ভারতে অপপ্রচার কে কবে আরম্ভ করেন, তাহা অজ্ঞাত, তবে মজুমদারের ইহাতে হাত ছিল, ইহা নিঃসন্দিশ্ধ। কারণ তাঁহারই নেতৃত্বে পরিচালিত নববিধান ব্রাহ্মসমাজের 'ইউনিটি অ্যাণ্ড দি মিনিস্টার' নামক পত্রিকার এই অংশটি 'বস্টন ডেলি অ্যাড্ভার্টাইজার' পত্রিকায় উদ্ধৃত হয়: "'ইণ্ডিয়ান মিরর' পত্রিকা তাহার হালের কয়েক সংখ্যায় নব-হিন্দু বাবু নরেক্রনাথ দত্ত, ওরফে বিবেকানন্দের প্রশংসায় দীর্ঘ সম্পাদকীয় মন্তব্য প্রকাশ করিয়াছে। এই সন্মাসীর নামে এইরূপ স্কৃতিবাদ মূজণের বিরোধী আমরা নহি। কিছু বেদিন তিনি নববৃন্দাবন নাটকে অভিনয় করিতে আসিয়াছিলেন এবং যথন ইইতে তিনি

নগরের এক বান্দ্রসমান্তে গান করিতে আরম্ভ করেন, সেদিন হইতেই আমরা তাঁহার চরিত্র সম্বন্ধে এরপ ওয়াকিবহাল আছি বে. সংবাদপত্তের কোনরূপ স্তুতিবাদই উহার উপর কোন নবীন আলোকসম্পাত করিতে পারে না। আমাদের পুরাতন বন্ধু সম্প্রতি আমেরিকায় বক্ততা দিয়া খ্যাতি অর্জন করিয়াছেন বলিয়া আমরা আনন্দিত। কিন্তু আমরা ইহাও অবগত আছি যে, আমাদের বন্ধু বে নব-হিন্দুধর্মের প্রতিনিধি, উহা গোঁড়া হিন্দুধর্ম নহে। কালাপানি পার হওয়া, মেছদের অন্ন গ্রহণ করা এবং অবিরাম দিগার টানিয়া যাওয়া ইত্যাদির কথা হিন্দুধর্ম ভাবিতেও পারে না। খাটি হিন্দুদের জন্ম আমাদের যতথানি শ্রদ্ধা আছে, আধুনিক হিন্দুত্বের অহুগামী কেহ সে শ্রদ্ধার দাবি করিতে পারেন না। আমাদের महरयांशी विरवकानत्मत स्था जि-वृद्धित ज्ञा यथामाधा तिहा कतिरा भारतन, किन्द তিনি যথন আজগুৰী বাজে কথা ছাপাইতে আরম্ভ করেন, তথন আমাদের বৈৰ্যচ্যতি ঘটে।" এই শ্লেষপূৰ্ণ উক্তিগুলিতে সাদা কথায় বলা হইল—স্বামীন্দী चधुना दिरवकानन इटेरल बामरल जिनि वातू नरतसनाथ पछ, बात जिनि थाँ। हिन् नट्टन-साक्टाहात्राखां की, जासकृष्टिंगरी, मागत-मञ्चनकाती, गायक छ অভিনেতা: এক কথায় স্বেচ্ছাচারী আমোদপ্রিয় 'বোহেমিয়ান'। আর উহাতে একটি সতা চাপিয়া যাওয়া হইল। স্বামীজী ছিলেন সাধারণ ব্রাহ্মসমাজের অন্তর্ভুক্ত এবং ঐ সমাজ তথন কেশবচক্রকে কপটাচারী মনে করিয়া নববিধান-বিরোধী ছিল। 'নববুন্দাবন' নাটকে কেশবচন্দ্রও বৃদ্ধমঞ্চে অভিনেতারূপে নামিয়াছিলেন, এবং যোগীর ভূমিকায় আর কাহাকেও না পাইয়া স্থগায়ক সাধারণ-वाचनयाकी नरतक्तनाथरक नाधा-नाधना कतिया रागी नाकारना इहेगाहिन। 'বস্টন ডেলি স্মাড্ভাটাইজার'-এর এই উদ্ধৃতিটি ভারতীয় ছইটি খুষ্টান পত্রিকায় यखबानर ১७३ म्य हाभारता रह जवर जे नरक स्नीर्य क्षवस्त वारित रह । जरे সমন্তই আবার 'ডেট্রেট ফ্রী প্রেস' পত্রিকায় ১১ই জুন তারিখে হবছ মৃদ্রিত इटेश विदिकानत्मत्र कुरुमात्रहेनात्र टेक्कन त्यागारेशाहिल।

কিন্তু আমেরিকার শিক্ষিত সমাজকে ঠকানো অত সহজ ছিল না। স্বামীকীর পক্ষ সমর্থন করিয়া এক ভদ্রলোক ১ ৭ই মে তারিখের 'বস্টন ভেলি স্ব্যাভ্তাটাই-জারে' এক পত্রে এই মন্তব্য করেন যে, স্বামীজীর বিশ্বদ্ধে যে তিনটি উদ্ধৃতি দেওয়া হইয়াছে, উহার বিতীয় পৃষ্টানদের, এবং তৃতীয়টি আস্বসমান্তের—বাহার প্রতিনিধি মন্তুমদার হিন্দুদের কোন সম্প্রদায়েরই প্রবক্তা ছিলেন না। ঐ সঙ্গে

পত্রলেখক স্বামীন্দীর স্থপক্ষে 'ইণ্ডিয়ান মিরর'-এর ও 'অমৃতবান্ধার' পত্রিকার উক্তি হইতে প্রমাণ করিয়া দিলেন যে, স্বামীন্দী হিন্দুদেরই প্রতিনিধি। 'অমৃতবান্ধারে' এই উক্তি ছিল: "যাহারা হিন্দুদের সম্বন্ধে সর্বদা এই কথাই শুনিয়া আসিয়াছেন যে, তাহারা ভ্ত-প্রেতাদির উপাসক, তাঁহারা বিশ্রুতকীর্তি স্বামী বিবেকানন্দের এবং তদপেক্ষাও অতিবরেণ্য শ্রীরামক্রফের উপদেশাবলী হইতে হিন্দুধর্মের যথার্থস্করপ জানিতে পারিবেন।" এই পত্রলেখক আরও উল্লেখ করিলেন যে, 'বেক্লনী' পত্রিকাও স্বামীন্দ্রীর পক্ষ সমর্থক।

একদিকে মজমদার অপরদিকে খুষ্টান মিশনারীরা। চিকাগো-বিজয়ের পর হইতেই মিশনারীদের শত্রুতা আরম্ভ হইয়াছিল; স্বামীজী উহাতে ক্রক্ষেপ করেন নাই। আবার মিশনারীদের বিরোধিতার সংবাদ ভারতে পৌচিয়াচে জানিয়াও তিনি বিচলিত হন নাই, ইহা মাদ্রাজের ভক্তদিগকে লিখিত তাঁহার ২৪শে জাতুয়ারির (১৮৯৪) পত্র হইতেই জানা যায়: "আমি আশ্চর্য হইলাম বে. আমার সম্বন্ধে অনেক কথা ভারতে পৌচিয়াছে। 'ইণ্টিরিয়র' পত্রিকার যে সমালোচনার উল্লেখ করিয়াছ, তাহা সমুদায় আমেরিকাবাসীর ভাব বলিয়া वृक्षिल ना। এই পত্রিকা এখানে কেহ জানে না বলিলেই হয়, আর ইহাকে এখানকার লোক 'নীল-নাসিক (ব্লু নোজ) প্রেসবিটেরিয়ান'দের কাগজ বলে। এ সম্প্রদায় খুব গোঁড়া। অবশ্র এই নীলনাসিকগণ সকলেই যে অভন্র, তা নয়। দাধারণে যাহাকে আকাশে তুলিয়া দিতেছে, তাহাকে আক্রমণ করিয়া একট বিখ্যাত হইবার ইচ্ছায় এই পত্রিকা ঐরপ লিখিয়াছিল। অবশ্র ভারতীয় মিশনরীগণ যে ইহা লইয়া একটা ছজ্জক করিবার চেষ্টা করিবে, তাহাতে সন্দেহ নাই; কিন্তু তাহাদিগকে বলিও—'হে য়াহদী, লক্ষ্য কর, তোমার উপর এখন ইমবের দণ্ড নামিয়া আদিয়াছে।" মনে রাখিতে হইবে, তখনকার দিনে ভাক যাতায়াতে যথেষ্ট সময় লাগিত। অভএব 'ইণ্টিরিয়র'-এর বিবরণ ভারতে প্রকাশিত হইয়া আলাসিকার দৃষ্টি আকর্ষণ করিতে এবং আলাসিকা হইতে স্বামীন্ত্রীর নিকট পত্র পৌছিতে অন্ততঃ তিন মাস লাগিয়া থাকিবে; অর্থাৎ 'ইন্টিরিয়রের' ঐ অপপ্রচারের তারিখ ২৪শে অক্টোবর, ১৮৯৩-এর পূর্বে, বা ধর্ম-মহাসভার প্রায় ঠিক পরে। মিশনারীদের ক্ষেপিয়া যাওয়ার অগতম কারণ चामीकीत तक्छात करन छाशासत चारवत घाठिछ। विरम्भात वर्धार्थ मःवाम পাইয়া আমেরিকার জনসাধারণ ধর্মান্তরিতকরণের জ্বন্ত চাঁদার পরিমাণ বিশুর কমাইয়া ফেলে। পাদ্রীদেরই নিজস্ব বিবরণে প্রকাশ: "বিবেকানন্দের সাফল্য ও প্রচারের পরিণতিশ্বরূপ মিশনারীদের তহবিলে দানের পরিমাণ এক বংসরে দশ লক্ষ পাউণ্ড (প্রায় দেড় কোটি টাকা) কমিয়া গিয়াছে।" অতএব পাদ্রী-পুক্ষবদের কেহ কেহ প্রতিজ্ঞা করিলেন, "জাহান্নমে যাইতে হয় তো তাহাও শ্বীকার, কিন্তু নচ্ছার বিবেকানন্দের সর্বনাশ করিতেই হইবে।"

ফলতঃ ভারতে ও আমেরিকায় নানাভাবে স্বামীজীর নিন্দাবাদ চলিতেই থাকিল। ইহার স্বরূপ ও রচয়িতাদের সম্বন্ধে সম্পূর্ণ অবহিত থাকিলেও স্বামীজী আত্মসমর্থনার্থ প্রকাণ্ডে কিছুই করিলেন না; ভুধু ১ই এপ্রিল (১৮৯৪) আলাসিকাকে লিখিলেন, "অবশ্র গোঁড়া পাদ্রীরা আমার বিপক্ষে, আর তাঁরা আমার সঙ্গে শোজা রান্তায় সহজে পেরে উঠবেন না দেখে আমাকে গালমন্দ নিন্দাবাদ করতে আরম্ভ করেছেন, আর মজুমদারবাব তাঁদের সাহায্য করছেন। তিনি নিশ্চয় হিংসায় পাগল হয়ে গেছেন। তিনি তাঁদের বলেছেন, আমি একটা ভয়ানক জোচ্চোর ও বদমাশ, আবার কলকাতায় গিয়ে দেখানকার লোকদের বলছেন. স্মামি ঘোর পাপে মগ্ন, বিশেষত: স্মামি ব্যক্তিচারে লিপ্ত হয়ে পড়েছি ॥। প্রকৃ ठाँदिक जानीवीम कक्नन।" মहाপुक्रव राखादि ज्यभवादमत्र উखत्र मिशा शास्त्रन, স্বামীন্ত্রীর এই উত্তর ঠিক তদ্রপই বটে। কিন্তু তথন যুগপরিবর্তন ঘটিয়াছে---প্রাচীন প্রচলিত ধারায় বর্তমান মূগে কোন কার্য স্থলাধিত হওয়া অসম্ভব। মূগ-প্রয়োজনে কার্যপ্রণালী পরিবর্তিত হইতে বাধ্য। বিশেষতঃ যেরূপ তঃসাহসিকতা অবলম্বনে স্বামীজী বিদেশে প্রচারকার্যে নিরত হইয়াছিলেন. ঐরপ কার্যের সাফল্যের জ্বন্ত ভারতের সজ্মবদ্ধ প্রচপোষকতার আবশ্রক ছিল। এই বিংশ শতান্দীর শেষার্ধে এই কথা স্বতঃসিদ্ধ বলিয়া প্রতিভাত হইলেও, উনবিংশ শতানীর অন্তিম কালেও স্বামীজীর দেশবাসীর বা ভক্তগণের মনে ইহার প্রয়োজন অমুভত হয় নাই। কাজেই যুগধর্মের সহিত পরিচিত স্বামীলী প্রকাশ্তে কিছু না বলিলেও ভক্তদিগকে পত্তের মারফত এই বিষয়ে একটু কার্যকরী উপদেশ দিতে বাধ্য হইয়াছিলেন। পূর্বোদ্ধত পত্রেই স্বামীন্দী তাই স্বালাসিকাকে লিখিয়াছিলেন, "একটা জিনিস করা আবশ্রক—যদি পার।" (এই 'যদি পার' কথাটা লক্ষ্য করিবার বিষয়)। "মাদ্রাব্দে একটা প্রকাণ্ড সভা আহ্বান করতে পারো? রামনাদের রাজা বা ঐরপ একজন বড়লোক কাকেও সভাপতি ক'রে ঐ সভার একটা প্রভাব করিয়ে নিতে পারো বে, আমি আমেরিকার হিন্দুধর্ম বেভাবে ব্যাখ্যা করেছি, তাতে তোমরা সম্পূর্ণ সম্ভুষ্ট হয়েছ (—অবশ্র যদি তোমরা সত্যই ঐব্ধপ হয়ে থাকো)। তারপর সেই প্রস্তাবটি 'চিকাগো হেরাল্ড', 'ইণ্টার-ওখ্যান', 'নিউ ইয়ৰ্ক সান', এবং ডেট্ৰেট (মিশিগান) থেকে প্ৰকাশিত 'কমার্শিয়াল এডভার্টাইন্সার' কাগন্তে পাঠিয়ে দিতে হবে। প্রস্তাবের কয়েকটি কপি ধর্ম-মহাসভার সভাপতি ডাঃ ব্যারোজকে চিকাগোয় পাঠাবে।...এই সভাটা যত বড হয়, তার চেষ্টা করবে। যত বড বড লোককে পারো, ধরে নিয়ে এনে এই সভায় যোগ দেওয়াবার চেষ্টা করবে; তাঁদের ধর্মের জন্ম, দেশের জন্ম তাঁদের এতে যোগ দেওয়া উচিত। মহীশুরের মহারাজ ও তাঁর দেওয়ানের নিকট হ'তে সভা ও তার উদ্দেশ্যের সমর্থন ক'রে চিঠি নেবার চেষ্টা কর—থেতডির মহারাজের নিকট থেকেও ঐরপ চিঠি নেবার চেষ্টা কর—মোটের উপর সভাটা যত প্রকাণ্ড হয় ও তাতে যত বেশী লোক হয়, তার চেষ্টা কর। ... ব্রাহ্ম সমাজের লোকেরা এখানে যা তা বলছে। যত শীঘ্র হয়, তাদের মুখ বন্ধ ক'রে দিতে হবে।" স্বামীক্ষী ভারতীয়দের সজ্যবদ্ধ কার্যকুশলতায় তথনও সম্পূর্ণ আস্থাবান ছিলেন না বলিয়াই এত খুটিনাটি বিষয়েরও উল্লেখ করিয়াছিলেন এবং কলিকাতায়ও যাহাতে এরপ সভা হয় তাহারও জন্ম চেষ্টা করিতে লিখিয়া-ছিলেন। এই সমন্তই কিন্ধু আর্ব্ধ কার্বের থাতিরে—নিজের চরিত্র সম্বন্ধে মিথ্যাপবাদ-স্থালন বিষয়ে তিনি একটি কথাও বলিলেন না। আবার কিছু করা না করা বিষয়েও তিনি আলাদিকাদিকে সম্পূর্ণ স্বাধীনতা দিলেন—যদিও তাঁহারা ছিলেন তাঁহার আজ্ঞাবহ ভক্ত এবং ইচ্ছা করিলেই তিনি আদেশ করিতে পারিতেন। আবার সাবধান করিয়া দিলেন, "আমার পত্রগুলি প্রকাশ সম্বন্ধে বক্তব্য এই,—যতদিন না আমি ভারতে ফিরছি, ততদিন এইগুলির যতটা অংশ প্রকাশ করা উচিত, ততটা আমাদের বন্ধগণের নিকট প্রকাশ করা যেতে পারে।"

অবশ্য আমেরিকায় স্বামীজী প্রশংসাও পাইতেছিলেন প্রচুর; আর মাঝে মাঝে ভারত হইতেও উহার প্রতিধ্বনি তাঁহার কর্ণে পৌছিতেছিল, যদিও ইহারই মধ্যে উথিত বিকট বেস্থরো আওয়াজগুলি বড়ই মর্মন্তদ ছিল। ২৬শে এপ্রিল তিনি ইসাবেল ম্যাক্কিগুলিকে লিথিয়াছিলেন, "ভারতের কাগজপত্তের যে ভাক গতকাল পাঠিয়েছ,…ওর মধ্যে কলকাভায় প্রকাশিত আমার সম্বদ্ধে একটি ছোট্ট পৃত্তিকা আছে, যাতে দেখা গেল,—'প্রত্যাদিষ্ট ব্যক্তি' তাঁর নিজদেশে মর্যাদা পেলেন; আমার জীবনে অন্ততঃ একবারের জন্ম এটা দেখতে পেলাম।

আমেরিকান ও ভারতীয় পত্ত-পত্তিকা থেকে সংগৃহীত আমার বিষয়ক অংশগুলি তার মধ্যে রয়েছে। কলকাতার পত্রাদির অংশগুলি বিশেষভাবে তপ্তিকর, কিন্তু প্রশংসাবাহুল্যের জন্ম দেগুলি তোমাকে পাঠাব না ।" এখানেও স্বামীজী আপন ভগিনী-সদৃশা ইসাবেলের নিকটও আপনাকে বাড়াইয়া দেখাইতে বান্ত নহেন. আত্মীয়তা হিসাবে শুধু খাঁটি সংবাদ দিয়া যাইতেছেন আর বলিতেছেন, "এখন আমি লোকের কথা আর গ্রাহ্ম করি না, আমার নিজের দেশের লোক বললেও না—কেবল একটি কথা। আমার বুড়ী মা এখনও বেঁচে আছেন, দারা জীবন তিনি অসীম কট পেয়েছেন, সে সব সত্তেও মাতৃষ আর ভগবানের সেবায় আমাকে উৎসর্গ করবার বেদনা তিনি সহু করেছেন। কিন্তু তাঁর শ্রেষ্ঠ আশার, তাঁর সবচেয়ে ভালবাসার যে ছেলেটিকে তিনি দান করেছেন, সে দূরদেশে গিয়ে —কলকাতার মন্ত্র্মদার যেমন রটাচ্ছে তেমনিভাবে—জ্বন্ম নোংরা জীবন যাপন করছে, এ সংবাদ তাঁকে একেবারে শেষ ক'রে দেবে। কিন্তু প্রভু মহান, তাঁর সম্ভানের ক্ষতি কেউ করতে পারে না। ঝুলি থেকে বেরাল বেরিয়ে পড়েছে— আমি না চাইতেই। ঐ সম্পাদকটি কে জানো ? – আমাদের দেশের অন্ততম প্রধান সংবাদপত্তের সম্পাদক (নরেক্রনাথ সেন), যিনি আমার অত প্রশংসা করেছেন এবং আমেরিকায় আমি হিন্দুধর্মের পক্ষ-সমর্থনে এসেছি ব'লে ঈশ্বরকে ধকুবাদ জানিয়েছেন, তিনি মজুমদারের সম্পকিত ভাই !! হতভাগ্য মজুমদার ! ট্রবায় জলে মিথ্যা কথা ব'লে নিজের উদ্দেশ্যেরই ক্ষতি করলে। প্রভু জানেন আমি আত্মসমর্থনের কিছুমাত্র চেষ্টা করিনি।"

সামীজীর এইকালের পত্রাবলীতে ইহাও দেখা যায় যে, তিনি আত্মপক্ষ
সমর্থনে কোনও প্রকাশ্য পদ্মা অবলহন না করিলেও অতিনিকট বন্ধুদের নিকট
অন্ততঃ অকাট্য তথা পৌছাইয়া দেওয়া আবশ্যক বোধ করিয়াছিলেন। এইরপ
না করিলে তাঁহার আমেরিকায় থাকাই অসম্ভব হইয়া পড়িত—ইহা অতি
সাধারণ বৃদ্ধির লোকও বৃঝিতে পারে। তাহাড়া প্রয়োজনের কথা ছাড়িয়া
দিলেও বন্ধুত্বের একটা নিজন্ম দাবি আছে। তাই তিনি মে মাসের মাঝামাঝি
(১৮৯৪) অধ্যাপক রাইটকে লিখিয়াছিলেন, "ইতিমধ্যে আপনি পৃত্তিকা ও
চিঠিগুলি পেয়ে গেছেন। যদি আপনি চান, তাহলে চিকাগো থেকে ভারতীয়

১। আলাসিক্লাকে স্বামীকী বে উপদেশ দিয়াছিলেন, তাহা আশ্বসমর্থনের রুক্ত নহে, হিন্দুদের আর্থকার রুক্ত।

বাজা ও রাজমন্ত্রীদের কয়েকথানি চিঠি পাঠাতে পারি। ... আমি যে প্রতারক নই, তা আপনাকে বিশাস করাবার জন্ম তাদের আপনার কাছে লিখতে ব'লব, আপনি যদি এটা পছন্দ করেন। কিন্তু প্রাতঃ, এসব বিষয়ে গোপনতা ও অপ্রতীকারই আমাদের জীবনের আদর্শ। েতে সহনয় বন্ধ, সর্বপ্রকারে আপনার সস্তোষ বিধান করতে ভায়তঃ আমি বাধা। আর বাকি পথিবীকে—তাদের বাতচীতকে আমি গ্রাহ্ম করি না। আত্মসমর্থন সন্ন্যাসীর কান্ধ নয়। আপনার কাছে তাই আমার প্রার্থনা, আপনি ঐ পুন্তিকা ও চিঠিপত্রাদি কাউকে দেখাবেন না বা ছাপাবেন না।" এই পত্তের শেষাংশে স্বামীজীর বাধিতক্ষায় হইতে একটি অতি তঃখ-বিষাদ-মিশ্রিত কথা বাহির হইয়া পডিয়াছে, "আমি কোনদিন 'भिन्नतत्री' हिनाम ना, त्कानिमन हत्वाख ना-चामात चन्नान हिमानत्य। भून বিবেকের সঙ্গে পরিতপ্তরদয়ে অন্তত: এ কথা আৰু আমি বলতে পারি. 'হে প্রভু. আমার ভ্রাতগণের ভয়ন্বর যাতনা আমি দেখেছি, যন্ত্রণামক্তির পথ আমি খঁল্লেছি এবং পেয়েছি—প্রতিকারের জন্ম আপ্রাণ চেষ্টা করেছি, কিন্তু বার্থ হয়েছি। তোমার ইচ্ছাই পূর্ণ হোক, প্রভূ!'" অধ্যাপককে লিখিত ২৪শে মে তারিখের পত্তে আছে, "প্রিয় বন্ধু, আমি যে যথার্থ ই সন্ন্যাসী, এবিষয়ে সর্বপ্রকারে আপনাকে আখন্ত করতে আমি দায়বদ্ধ। কিন্তু দে কেবল 'আপনাকেই'। বাকি নিকুষ্ট लारकता कि वरन ना वरन, चामि छात्र भरताग्रा कति ना।" चामीकीत भव হইতেই জানা যায়, এই পর্যন্ত জুনাগডের দেওয়ানজী ও খেতডীর মহারাজের পত্র এবং নরেন্দ্র দেন মহাশয়ের সম্পাদকীয় প্রবন্ধ স্বামীজীকে বিশেষ সাহায্য কবিয়াছিল।

সামীজীর কোন কোন পত্তে দেখা যায়, তিনি স্থদেশবাসীর নিকট স্বীয় কর্মের উপযুক্ত স্বীরুতি না পাওয়ায় বিরক্তি প্রকাশ করিতেছেন, আলাসিকা প্রভৃতিকে ভংসনাও করিয়াছিলেন। কিন্তু বস্তুতঃ তিনি ভারতের প্রতি প্রীতি কোন কালেই হারান নাই। ২৮শে মে তিনি লিখিয়াছিলেন, "আমার দেশ আমাকে যথেষ্ট আদর করিয়াছে।" কিন্তু ক্রমে তিনি দেখিতে পাইলেন, এই আদর সন্ত্বেও প্রতিপক্ষ নির্ভ হয় নাই, এবং তাঁহার কার্বের ক্ষতি হইতেছে; অতএব তাঁহার মনে হইল, প্রকাশ সভায় ইহার প্রতিকার করা আশু প্রয়োজন। সভ্যবন্দ্র বিরোধের মোকাবিলা সভ্যবদ্ধভাবে হওয়া আবশ্রক। তাই তিনি ২০শে জুনের একখানি পত্তে জুনাগড়ের দেওয়ানজীকে সমন্ত ব্যাপারটি বুঝাইয়া লিখিলেন,

"আমাদের হিন্দুসমাজের পক হইতে আমেরিকার জনসাধারণের নিকট আমার প্রতিনিধিত্ব-বিষয়ে একটি কথাও উক্ত না হওয়াতে ঐ সকল চুর্নাম যথেষ্ট ক্ষতির কারণই হইয়াছে। আমার দেশবাদী কেহ—আমি যে তাহাদের প্রতিনিধি— এ বিষয়ে কি একটি কথাও লিখিয়াছিল? কিংবা আমার প্রতি আমেরিকা-বাদীদের সহদয়তার জন্ম ধন্যবাদজ্ঞাপক একটি বাক্যও কি তাহারা প্রেরণ করিয়াছে ? পক্ষান্তরে - আমেরিকাবাদীর নিকট তারম্বরে এই কথাই ঘোষণা করিয়াছে যে, আমি একটি পাকা ভণ্ড এবং আমেরিকায় পদার্পণ করিয়াই আমি প্রথম গেরুয়া ধারণ করিয়াছি। অভার্থনার ব্যাপারে অবশ্য এই সকল প্রচারের ফলে আমেরিকায় কোন ক্ষতি হয় নাই; কিন্তু অর্থসাহায্যের ব্যাপারে এই ভয়াবহ ফল ঘটিয়াছে যে, আমেরিকাবাদিগণ আমার কাছে একেবারে হাত গুটাইয়া ফেলিয়াছে। এই যে এক বংসর যাবং স্বামি এখানে স্বাছি—এর মধ্যে ভারতবর্ষের একজন খ্যাতনামা লোকও এদেশবাসীকে এ কথাটি জানানো উচিত মনে করেন নাই যে. আমি প্রতারক নহি। ইহার উপর আবার মিশনরী সম্প্রদায় সর্বদা আমার ছিদ্রামুসদ্ধানে তৎপর হইয়াই আছে এবং ভারতবর্বে এটান পত্রিকাগুলিতে আমার বিরুদ্ধে যাহা প্রকাশিত হইয়াছে, তাহার প্রত্যেকটি খুঁটিনাটি দংগ্রহ করিয়া এখানকার কাগজে ছাপা হইয়াছে। আর আপনারা এইটুকু জানিয়া রাখুন যে, এদেশের জনসাধারণ—ভারতবর্ষে ঞ্জীষ্টান ও হিন্দুতে যে কি পার্থক্য, তাহার খব বেশী সংবাদ রাখে না। তথামার দেশের কেই এই কথাটুকু আমেরিকাবাদিগণকে বলিতে পারিল না বে. আমি সতাই সন্ন্যাদী, প্রতারক নই, এবং আমি হিন্দুধর্মের প্রতিনিধি।...কিন্তু ইহা সত্ত্বেও দেওয়ানজী সাহেব, আমি ভাহাদিগকে ভালবাসি ৷ অমার চরিত্তের সর্বপ্রধান ক্রটি এই যে, আমি আমার দেশকে ভালবাসি, বড একাস্কভাবেই ভালবাসি।"

মাদ্রাজ্বাদীদিগকে সভা ডাকিতে তিনি পরামর্শ দিয়াছিলেন; কিছ প্রায় তিন মাসেও কিছুই হইল না দেখিয়া হতাশা ও বিরক্তির সহিত ২৮শে জুন লিখিলেন, "বিদায়, হিন্দুদের ষথেষ্ট দেখা গেল। এখন তাঁর ইচ্ছা পূর্ণ হোক—যা আহক অবনত মন্তকে স্বীকার করছি। তেওিমূহুর্তে আমি ভারত থেকে কিছু আসবে, আশা করছিলাম, কিছু কিছুই এল না। বিশেষতঃ গত ত্মাস প্রতি মূহুত আমার উদ্বেগ ও বছ্বণার সীমা ছিল না—ভারত থেকে একখানা খবরের কাগজ পর্বন্ধ এল না!! কাজেই অনেকের উৎসাহ চলে গেল, অনেকে আমায় তাগ

করলে।" চারিদিকে শত্রুপরিবেষ্টিত স্বামীজী তথন বন্ধু হারাইবার ভরেও সন্ত্রন্ত। অধ্যাপক রাইটকে তিনি ১৮ই জুন লিখিয়াছিলেন, "বস্টনের কাগজে আমার বিরুদ্ধে লেখা সেই রচনাটী দেখে মিসেস ব্যাগলী খুবই বিচলিত হয়েছেন।" ব্যাগলী 'বিচলিত' হইলেও কিন্তু স্বামীজীর পক্ষ সমর্থন করিয়াছিলেন, ইহা আমরা পরেই দেখিব।

স্বামীজী (১৮৯৭ পুটান্দে) স্বদেশে ফিরিয়া আসার পর তাঁহার শিশু ত্রীযুক্ত শরৎচক্র চক্রবর্তী মহাশয় একদিন প্রশ্ন করিয়াছিলেন, "আছো মহাশয়, গোঁড়া थृष्टानता रमशात्न जापनात विभक्त रत्न नाहे १० सामीको य छेखत नियाहिएनन তাহাতে প্রকৃত অবস্থার কিঞ্চিং আভাদ পাওয়া যায়। তিনি বলিয়াছিলেন, "হয়েছিল বইকি ? আবার যথন লোকে আমাকে খাতির করতে লাগল, তথন পাদ্রীরা আমার পেছনে থুব লাগল। আমার নামে কত কুৎসা কাগজে লিখে রটনা করেছিল। কত লোক আমায় তার প্রতিবাদ করতে বলত; আমি কিন্তু কিছু গ্রাহ্ম করতুম না। আমার দৃঢ় বিশ্বাদ—চালাকি দ্বারা জগতে কোনও মহৎ কার্য হয় না: তাই ঐ সকল অল্লীল কুৎসায় কর্ণপাত না করে ধীরে ধীরে আপনার কাজ করে যেতুম। দেখতেও পেতৃম — অনেক সময় ধারা আমায় অযথা গালমন্দ করত তারা অমুতপ্ত হয়ে আমার শরণ নিত এবং নিজেরাই কাগজে প্রতিবাদ করে ক্ষমা চাইত। কথন কখন এমনও হয়েছে—স্বামায় কোন বাড়ীতে নিমন্ত্রণ করেছে দেখে কেই আমার নামে ঐ সকল মিথ্যা কুৎসা বাড়ীওয়ালাকে শুনিয়ে দিয়েছে। তাই শুনে সে দোর বন্ধ করে কোথায় চলে গেছে। আমি নিমন্ত্রণ রক্ষা করতে গিয়ে দেখি, দব ভোঁ ভোঁ, কেউ নেই। আবার কিছুদিন পরে ভারাই সত্য কথা জানতে পেয়ে অমুতপ্ত হয়ে আমার চেলা হতে এসেছে। কি कानिम, वावा, मःमाद्र मवहे कृनियामाति। ठिक मःमात्री ७ ब्यानी कि अमव ছনিয়াদারিতে ভোলে রে বাপ ! জগং যা ইচ্ছা বলুক, আমার কর্তব্য কার্য করে চলে যাব, এই জানবি বীরের কাজ। নতুবা এ কি বলছে, ও কি বলছে—এসব নিয়ে দিনরাত থাকলে জগতে কোন মহৎ কাজ করা যায় না।" ('স্বামি-শিশ্ত-সংবাদ' পূৰ্বভাগ)।

স্বামীজী চুপ করিয়া থাকিতেন। একবার কিন্তু তাঁহাকে মৃধ খুলিতে হইয়াছিল। সেবারে খ্রীরামক্তফের একথানি ছবি সংগ্রহ করিয়া আমেরিকার মধ্য-পশ্চিম অঞ্চলের এক বড় শহরের প্রধান প্রধান সংবাদ-পত্তে ছাপানো হয় এবং ছবির নীচে হিন্দুযোগী, হিন্দুধর্ম ও শ্রীরামক্লফের চেহারা সম্বন্ধে জঘন্ত টিপ্পনী কাটা হয়। তথন স্বামীজী বলিয়াছিলেন, "হায়! এ যে স্বয়ং ভগবিদ্বিষ্থ।" বিক্রম্ববাদীরা তথন স্বামীজীর চরিত্রে কলম্বলেপনের কার্যে লাগিয়া গিয়াছেন।

চরিত্রবিষয়ক মিথ্যাপবাদ খালনের জন্ত স্বামীক্ষী নিজে প্রকাশ্ত প্রতিবাদের ভূমিকায় অবতীর্ণ হইলেন না, বন্ধুদিগকেও দেরপ করিতে বলিলেন না; শুপু মাদ্রাজের ভক্তদিগকে জানাইলেন, তাঁহারা যেন সভার মাধ্যমে তাঁহার প্রতিনিধিজের দাবি সমর্থন করেন ও আমেরিকায় জনসাধারণকে ধল্যবাদ দেন। তিনি শুপু চাহিয়াছিলেন, তাঁহার প্রচারকার্য ও অর্থসংগ্রহচেষ্টা যেন ব্যর্থ না হয়। কিছু নীচ ব্যক্তি তো অত সহজে থামে না! তাহার যে স্বার্থে-আঘাত লাগিয়াছে! এই চরিত্রগত মিথ্যা কলন্ধারোপণের চেষ্টার ফলে স্বামীজীর যে অসম্ভ মনঃক্ষ হইয়াছিল, সেই কষ্টের পরিপ্রেক্ষিতে তাঁহার কার্যাবলী বিচার করিয়া দেখিলে তাঁহার চরিত্র-মাহাত্মা যতটা সম্জ্বল হইয়া উঠে এরপ বোধ হয় আর কিছুতেই হয় না। আমেরিকার কার্যে নিযুক্ত থাকা-কালে তাঁহাকে এই নিদারণ পরীক্ষায়ও উত্তীর্ণ হইতে হইয়াছিল।

মিশনারীদের কর্তৃপক্ষ যথন হিসাব করিয়া দেখাইলেন যে, বিবেকানন্দের প্রচারের ফলে তাহাদের সামৃহিক আর্থিক ক্ষতি হইয়াছে, তথন ক্ষিপ্রপ্রায় মিশনারীদের কেহ কেহ বিবেকানন্দকে জব্দ করিবার অত্যুৎসাহ দেখাইতে গিয়া প্রচার করিলেন, "বিবেকানন্দের অসদ্যবহারে উত্যক্ত হইয়া (মিশিগানের ভৃতপূর্ব গবর্নরের স্ত্রী) শ্রীযুক্তা ব্যাগলীকে তাহার একটি অল্পবয়ন্ধা ঝিকে বিদায় দিতে হইয়াছিল; বিবেকানন্দ অসম্ভব রকম আ্থাসংযমহীন।" সৌভাগ্যের বিষয়, এই জাতীয় বিদ্বেপূর্ণ প্রচারের মূখ বন্ধ করার উপযুক্ত তিনথানি পত্র ব্যাগলী পরিবার-ই লিখিয়া রাখিয়া গিয়াছেন, এবং উহা ইংরেজী জীবনীতে মৃত্রিত হইয়াছে। ১৮৯৪ খৃষ্টান্দের ২২শে জুন অ্যানিন্ধোয়াম হইতে জনৈক বন্ধুকে শ্রীযুক্তা ব্যাগলী লিখিয়াছিলেন:

"আপনি আমার প্রিয় বন্ধু বিবেকানন্দের কথা উল্লেখ করিয়াছেন। আমি উাহার চরিত্র সম্বন্ধে যে উচ্চ ধারণা পোষণ করি তাহা প্রকাশ করার একটা স্বযোগ পাইয়া আনন্দিত হইলাম। কেহ তাঁহার সম্বন্ধে কোন সন্দেহ পোষণ করিবে এমন চিস্তাও আমাকে অবজ্ঞামিপ্রিত কোধে পূর্ণ করে। মানবন্ধীবন সম্বন্ধ আমেরিকায় আমাদের বেসব ধারণা ছিল, তিনি তদপেকা উচ্চতর ধারণা

স্থানিয়া দিয়াছেন। ডেট্রেরেটের মতো একটা রক্ষণশীল প্রাচীন নগরের প্রত্যেক স্থলে তিনি এত সম্মান পাইয়াছেন, ষাহা পূর্বে কাহারও ভাগ্যে ঘটে নাই; এবং আমার শুধু এইটুকুই মনে হয়, ষাহারা তাঁহার বিক্লম্বে একটি কথাও বলে তাহারা তাঁহার মহন্ব ও আধ্যাত্মিক অমুভূতির জন্ম হিংসাগ্রন্ত হইয়াছে; অথচ কেন যে তাহারা এরূপ হয় ক্লানি না—তিনি তো ঐরূপ হইবার কোনই কারণ ঘটান নাই।

"তিনি প্রষ্টানদের নিকট আসিয়াছেন এক নবীন-বার্তাবহরপে। তিনি আমাদের সকলেরই জন্ম ভগবানকে অমুসরণ করার ও ধর্মকে জীবনে পরিণ্ড করার পথ অধিকতর স্থগম করিয়া দিয়াছেন। ধর্মপ্রচারক হিসাবে ও সকলেরই পক্ষে আদর্শ পুরুষের দৃষ্টিতে আর কেহ তাঁহার সমকক্ষ আছেন বলিয়া আমার জানা নাই। তিনি কোন বিষয়ে মাত্রা ছাডাইয়া যান, ইহা বলা বড়ই অক্সায়, বড়ই মিথা। দিনের পর দিন যাহার। তাঁহার সংস্পর্শে আসার স্কুযোগ পাইয়াছেন. তাঁহারা তাঁহার চরিত্রের অহুপম গুণাবলীর কথা সোংসাহে বলিয়া থাকেন; ভেটুয়েটের যেসব ব্যক্তি খুব বিচার করিয়া কথা কহেন ও কাহাকেও থাতির করিয়া চলেন না, তাঁহারাও তাঁহার গুণে মুগ্ধ ও তাঁহার প্রতি শ্বদ্ধাপরায়ণ।... তিনি আমার গৃহে অতিথিরূপে তিন সপ্তাহের অধিক বাস করিয়াছিলেন এবং তাঁহাকে আমি, আমার ছেলেরা, আমার জামাতা ও গোটা পরিবারই সর্বদা ভদ্রবোকরপেই পাইয়াছি—সর্বদাই তাঁহার ব্যবহার অতি অমায়িক ও সৌজন্ত-পূর্ণ; সঙ্গী হিসাবে তিনি আনন্দময় ও অতিথিরূপে সদাবাঞ্চিত। আমি তাঁহাকে এখানে (আনিস্কোয়ামে) আমাদের গ্রীমাবাসে আদিবার জন্ম আমন্ত্রণ জানাইয়াছি; আমার পরিবারে তিনি সব সময়ই সন্মান ও সাদর সম্বর্ধনা পাইবেন। তাঁহার বিরুদ্ধে সামান্ত কিছু কেহ বলিলেও সে ব্যক্তির প্রতি আমার ক্রোধ ष्मा वतः नगात উত্তেকই ष्मधिक रग्न এই कात्रण त्य, ঐ वाक्ति त्य विषय খালোচনা করিতে উন্নত, তাহার কিছুই জানেন না। তিনি চিকাগোয় वामकार्त अधिकाः म ममग्र दश्नापत वाफ़ीराज्ये कार्वान । आमात्र मरन दश, छेराष्ट्र ষেন তাঁহার স্বগৃহ। তাঁহারা প্রথমে তাঁহাকে অতিথিরপে লইয়া আদেন; কিন্তু পরে আর ছাড়িতে চাহেন না। ধর্মে তাঁহারা প্রেসবিটেরিয়ান।...তাঁহারা উচ্চ সংস্কৃতিসম্পন্ন ও ভদ্র এবং তাঁহারা বিবেকানন্দের গুণগ্রাহী এবং তাঁহার প্রতি শ্রদাশীল ও প্রেমপূর্ণ। তিনি একজন শক্তিমান সদ্গুণশালী পুরুষ—তিনি ভগবন্ধিষ্টি পথের যাত্রী। তিনি শিশুরই মতো সরল ও পরনির্ভরশীল। ডেটুয়েটে

আমি তাঁহাকে এক সাদ্ধাসম্মেলনে আপ্যায়িত করি এবং উহাতে ভদ্রমহিলা ও ভদ্রলোকদিগকে আহ্বান করি। তুই সপ্তাহ পরে তিনি নিমন্ত্রিত ব্যক্তিদের সম্মূথে আমার বৈঠকখানায় বক্তৃতা করেন। নিমন্ত্রিতদের তালিকামধ্যে আমি উকিল, জজ, ধর্মযাজক, সৈত্রবিভাগের কর্মচারী, ভাজার, ব্যবসায়ী, এবং তাঁহাদের স্ত্রী ও কন্তাদিগকেও রাথিয়াছিলাম। 'ভারতীয় প্রাচীন হিন্দুলার্শনিকগণ ও তাঁহাদের বার্তা' বিষয়ে বিবেকানন্দ তুই ঘণ্টা ধরিয়া বলিয়াছিলেন। সকলেই অতীব আগ্রহসহকারে শেষ পর্যন্ত শুনিয়াছিলেন। তিনি যে কোন জায়গায়ই বক্তৃতা দিয়াছেন, লোকে সানন্দে শুনিয়াছে এবং বলিয়াছে, 'আমি কখনও কাহাকেও এমন স্কল্বভাবে কথা বলিতে শুনি নাই।' তিনি মাহুষের মনে বিকন্ধ প্রতিক্রিয়া উৎপন্ন না করিয়া তাহাকে উচ্চতর ভূমিতে তুলিয়া লন—মাহুষের মনগড়া ধর্মমত ও ধর্মসম্প্রদায়ের নামের উর্ধ্ববর্তী একটা কিছুর সন্ধান তাহারা পায় এবং স্বীয় ধর্মমতের সহিত তাঁহার ধর্মমতের একত্ব অমুভব করে।

"তাঁহাকে চিনিতে পারিলে ও তাঁহার সহিত একই গৃহে বাস করিতে পাইলে যেকোন লোকের জীবন উন্নততর হইতে বাধ্য। । । আমি চাই যে, আমেরিকার প্রত্যেকটি মাহ্ব বিবেকানন্দকে জাহুক, আর ভারতে এইরূপ মাহ্ব যদি আরও থাকেন, তবে তাঁহাদিগকেও তাঁহারা আমাদের নিকট পাঠাইয়া দিন।"

শ্রীযুক্তা ব্যাগলীর স্থায় ঘনিষ্ঠ বিশ্বন্ত বন্ধু আরও ছিলেন, যাঁহারা এই অপপ্রচারকে ঐরপ দৃষ্টিতেই দেখিতেন। গোপন-প্রচার ও বন্ধুমহলে উহার প্রতিক্রিয়া সম্বন্ধে নমুনা স্বরূপে বলা ঘাইতে পারে যে, শ্রীযুক্ত হেলকে একবার একথানি বেনামী পত্রে বলা হয়, স্বামীজী হৃশ্চরিত্র, অভএব হেল পরিবারের কন্যাদিগকে যেন তাঁহার সহিত মিশিতে না দেওয়া হয়। হেল মহোদয় উহা পড়িয়াই তৎক্ষণাৎ উহাকে তেমনিভাবে অগ্নিকৃত্তে নিক্ষেপ করেন যেমন কেছ কীটপূর্ণ কোন জীর্ণ অপরিশ্বার কাগজের টুকরাকে দ্বে ছু ড়িয়া ফেলে। এই জাতীয় আরও চিটি স্বামীজীর অনেক রন্ধুগৃহেই আসিয়াছিল, এবং তাহাদের গতি প্রায়শ: এইরূপই ইইয়াছিল।

স্বামীন্ধীর বিরুদ্ধে এই স্বার্থপ্রণোদিত গোপন নিন্দাবাদ দীর্ঘকাল ধরিয়া চলিয়াছিল, ইহা এই কথা হইতেই প্রমাণিত হয় যে, শ্রীযুক্তা ব্যাগলী উক্ত বন্ধুকেই এই প্রচারের প্রতিবাদকল্পে ১৮৯৫ খৃষ্টান্দের ২০শে মার্চ অন্থরূপ আর একথানি পত্র লিখিতে বাধ্য হইয়াছিলেন। ঐ ভারিখে তিনি লিখিয়াছিলেন, "আমার প্রথম বক্তবাই এই যে, স্বামী বিবেকানন্দের সম্বন্ধে এই সব কথা আগাগোড়া স্বটাই ভাহা মিথ্যা—এর চেয়ে জ্বন্ত মিথ্যা আর হইতেই পারে না। তিনি যে ছয় সপ্তাহ আমাদের সঙ্গে কাটাইয়াছিলেন, তাহার প্রতিটি দিন ছিল আমাদের নিকট আনন্দপূর্ণ। ... ভদ্রলোকদের বিভিন্ন ক্লাবে তিনি নিমন্ত্রিত হইতেন, এবং আরও অধিক সংখ্যক লোক যাহাতে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে পারে, আলাপ করিতে পারে এবং তাঁহার কথা শুনিতে পারে এইজ্ঞ নৈশভোজের ব্যবস্থা হইত ...এবং প্রতিস্থলে সর্বদা তিনি ঠিক তেমনি শ্রদ্ধা ও সন্মান পাইতেন যেমন তাঁহার সত্যই প্রাপ্য ছিল। এমন কেহ তাঁহার সহিত পরিচিত হন নাই, যিনি দলে দলেই তাঁহার চারিত্রিক সততা ও উৎকর্ষের প্রতি এবং তাঁহার গভীর ধর্মপ্রাণতার প্রতি শ্রদ্ধানীল হন নাই। গত গ্রীমে আমর। স্মানিস্কোয়ামে একথানি কুটিরে ছিলাম, এবং বিবেকানন্দ তথন বস্টনে থাকায় তাঁহাকে আমাদের গ্রহে আহ্বান করিয়াছিলাম। তিনিও আদিয়াছিলেন এবং তিন সপ্তাহ ছিলেন। ইহাতে তিনি যে ওধু আমাদিগকেই আনন্দ দিয়াছিলেন তাহা নহে, আমার বিশ্বাস, আমাদের কুটিরের আশেপাশে যাঁহারা ছিলেন তাঁহারাও ইহাতে অহুগৃহীত হইয়াছিলেন। আমার ঝি-চাকররা অনেক বৎসরের পুরাতন এবং এখনও আমার কাছেই আছে। তাহাদের কেহ কেহ चामारमञ मरक च्यानिरक्षाश्वास शिशाहिल, वाकीता वाडीरङ (रुड्रेट्यरहे) ছিল। কাজেই দেখিতেছেন, এইসব কানাঘুষা কিরূপ নিছক মিথ্যা। আপনি ভেইবেটের যে মেয়েটির কথা লিখিয়াছেন, সে যে কে, আমি তা জানি না। আমি ভার এইটুকু জানি যে তাহার গপ্লিবাজির সব কয়টি কথাই যতদুর মিথ্যা হওয়া সম্ভব, তভটাই মিথা। । । আমরা সকলে বিবেকানন্দকে জানি। উহারা আবার কে যে এতটা মিথ্যাপ্রচারে সাহস পায় ?"

স্বামীজীর পক্ষসমর্থনে এইরপ দৃঢ় অথচ ভদ্রভাষায় লিখিত পত্রই যথেষ্ট। তব্ ইহারই পরিপোষকরপে ঠিক পরদিনই শ্রীযুক্তা ব্যাগলীর কলা শ্রীমতী হেলেন ব্যাগলী যে আর একথানি পত্র লিখেন, তাহাতে আছে: "শ্রীযুক্ত আর—এই গল্লটি চালান নাই জানিয়া খুশী হইলাম। যদি সম্ভব হয় তো আমি শ্রীযুক্তা এদ. এর সঙ্গে দেখা করিয়া জিজ্ঞাদা করিতে চাই, এইরপ বলিবার পক্ষে তাঁহার হাতে কি প্রমাণ আছে? আমি ইহা অবশ্য নীরবে করিব; কিছু আমি শেষবারের মতো জানিয়া লইতে চাই, বিবেকানন্দের নামে এইসব কুৎদা রটায় কে? এইসব কথা ছড়ায় খুব ফ্রন্ড, এবং যদি একবার একটাকে উন্মূলিড করিতে পারি। তবে এইসব মেয়েরা এত সহজে এজাতীয় গশ্লিবাজি করার পূর্বে একটু ভাবিয়া চিস্তিয়া চলিবে। একটু থোঁজ লইলেই তো ভাহারা জানিতে পারে যে, এসব কত মিথ্যা।"

এই দকল শত্রুতার কথা স্বামীজীরও অবিদিত ছিল না, ইহা শ্রীযুক্তা ওলি বুলকে লিখিত ২১শে মার্চের (১৮৯৫) পত্রেই প্রকাশ: "রমাবাঈ-এর দল আমার বিরুদ্ধে যে-দকল নিন্দা প্রচার করছে, তা শুনে আমি আশ্রুক হলাম। কুংসাগুলির মধ্যে একটি এই যে, আমার ছ্শুরিত্রের জক্ত শ্রীযুক্তা ব্যাগলীকে নিজের একটি অল্প-বয়স্কা ঝিকে বরখান্ত করতে হয়েছিল। মানুষ যেরপই চলুক না কেন, এমন কতকগুলি লোক চিরকালই থাকবে, যারা তার সম্বন্ধে ঘোরতর মিথাা রচনা করে প্রচার করবেই।" (ইংরেজী জীবনী, ৪০২)। রমাবাঈ-চক্রের কথা আমাদিগকে পরেও বলিতে হইবে। ডেটুয়েটের শ্রীযুক্তা ব্যাগলীর বাড়ীর দহিত স্বামীজীর নামীয় অপবাদ জুড়িয়া দিয়া উহা রটনা করার অপকীতির জন্ত রমাবাঈ-চক্র দায়ী হইলেও এই কুংসার প্রথম রচিয়িতা ছিলেন খুষ্টান মিশনারীরা, এই ভাবিয়া আমরা উভয়ের কথা একসঙ্গে উল্লেখ করিলাম। মনে রাখিতে হইবে, রমাবাঈ ছিলেন খুষ্টান, এবং তাঁহার পূর্চপোষিকাবর্গও ছিলেন খুষ্টান মিশনারীদেরই পদাস্থা।

চরিত্রের উপর কালিমা-লেপনের অভিযান যেমন দীর্ঘকালব্যাপী ছিল, উহার প্রতিবিধানও তেমনি দীর্ঘকাল ধরিয়াই চলিয়াছিল; এবং পরিশেষে স্বামীক্ষীর বন্ধুদেরই জয় হইয়াছিল। কিন্তু প্রকাশভাবে অপর যে জাতীয় আলোচনা চলিতেছিল, তাহার প্রতিবিধান স্বামীক্ষীর প্রস্তাবাস্ত্রূপ ভারতে আয়োজিত প্রকাশ সভাদির মাধামেই হওয়া সম্ভব ছিল, এবং ঐকপেই তাহা সাধিত হইয়াছিল, য়ালও ইহাতে বিলম্ব হইয়াছিল প্রচুর, এবং তক্ষ্ম্ম স্বামীক্ষীর মনস্তাপ ও কার্যবিদ্ধও ঘটয়াছিল মথেই। গোটা জুন (১৮৯৪) মাসটাই স্বামীক্ষীকে এই মর্মপীড়া ভোগ করিতে হইয়াছিল, অথচ হঃখ জানাইতে পারেন, এমন আশ্রীয় বা বন্ধুও কেহ নিকটে ছিলেন না; কারণ তথন গ্রীমাকালে হেল-ভর্গনীয়া চিকাগো হইতে দ্বে কোন গ্রীমাবাদে অবস্থান করিতেছিলেন। স্বাবার ভারতে উলাসীত্রের কথা তো আমেরিকাবাসীকে বলা চলে না!

ভারতায়দিগকে নিক্রিয় ও কার্যকুশলতাহীন ভাবিয়া স্বামীকা উভ্যক্ত ও

উদ্বিয় হইলেও তাঁহারা কিন্তু সত্য সতাই নীরব ছিলেন না : মন্থরগতিতে হইলেও তাঁহারা স্বামীজীর নির্দেশমত কার্যে ব্যাপত হইয়াছিলেন এবং সাফল্যও অর্জন করিয়াছিলেন। আলাসিকা প্রভৃতির অক্লান্ত উত্তমে জুন মাসে মাদ্রাজে একটি বিরাট জনসভার অধিবেশন হয়। ঐ সভায় সভাপতিত করেন রাজা স্থার রামস্বামী মুদালিয়ার এবং স্থার স্ববন্ধণ্য আয়ার প্রভৃতি বহু গণ্যমান্ত ব্যক্তি উহাতে উপন্থিত হন। বক্ততাগুলি থুবই আবেগময়ী হইয়াছিল, এবং ষ্থাসময়ে উহার বিবরণ আমেরিকার বিভিন্ন সংবাদপত্তে ও চিকাগো মহাসভার সহিত সংশ্লিষ্ট ব্যক্তিদিগকে পাঠানো হইয়াছিল। মাদ্রাজের পরে কুন্তকোনম্ প্রভৃতি অক্সান্ত স্থানেও অফুরূপ সভার অধিবেশন হইয়াছিল। রামনাদের রাজা ভাস্কর দেতৃপতি স্বামীন্সীর কার্যের প্রশংদা করিয়া একথানি পত্র তাঁহাকে পাঠাইয়া-ছিলেন। থেতভীর রাজা দরবার ভাকিয়া স্বামীজীর কার্যের অন্তুমোদন করিয়াছিলেন। কিন্তু স্বামীজীর জন্মস্থান কলিকাতায়ই লোকের উৎসাহ সর্বাধিক দেখা গিয়াছিল। কলিকাতার সভার অধিবেশন হইয়াছিল ৫ই সেপ্টেম্বর, ১৮৯৪—নগরের টাউন হলে। সভায় সভাপতিত্ব করেন রাজা প্যারীমোহন মুখার্জি আর তথায় উপস্থিত ছিলেন হিন্দুধর্মের বহু স্বনামধন্য প্রতিনিধি—বিভিন্ন সম্প্রদায়ের বহু পণ্ডিত, জমিদার, জজ, উকিল, ব্যারিস্টার, বিভিন্ন পত্রিকার সম্পাদক, রাজনীতিক নেতা, মহাবিভালয়ের অধ্যাপক এবং আরও বছ ক্লডবিভা খ্যাতিমান ব্যক্তি। ইহাদের মধ্যে এই কয়েকজনের নাম উল্লেখযোগ্য: পণ্ডিত রাজকুমার স্থায়রত্ব, বাবু ঈশান চক্র মুখোপাধ্যায়, মহারাজকুমার বিনয়ক্লফ দেব বাহাত্র, বাবু গুরুপ্রসন্ন ঘোষ, রায় নন্দলাল বস্থ বাহাত্র, মধুস্দন স্মৃতিরত্ন, কামাখ্যানাথ তর্কবাগীশ, উমাচরণ তর্করত্ব, চণ্ডীচরণ স্থতিতীর্থ, রামনাথ তর্ক-সিদ্ধান্ত, কেদারনাথ বিভারত্ব, মহেশচক্র চূড়ামণি, নন্দকুমার ভায়রত্ব, কৈলাসনাথ বিভারত্ব, ভারাপদ বিভাসাগর, বেণীমাধ্ব তর্কালকার, যতুনাথ সার্বভৌম, অম্বিকা-চরণ তায়রত্ব, বৈকুণ্ঠনাথ বিভারত্ব, শিবনারায়ণ শিরোমণি—এই সকল দেশপ্রসিদ্ধ हिन्मुम्माटकत नीर्वञ्चानीय त्नुष्ठा । १९७०वर्ग, त्राका भारतीरमाइन मुर्थाभाषाय, कुमात मीरनखनाथ ताव, कुमात ताथिकाळ्याम ताव, ताव ताथानाच्छ टोधुती (বরিশাল), রায় যতীজনাথ চৌধুরী (টাকী) প্রভৃতি ভূম্যধিকারী, এবং মাননীয় विठात्रथि जात अक्षाम वत्नाभाषात्र, माननीत्र ऋत्वनाथ वत्नाभाषात्र, 'ইণ্ডিয়ান নেশন'-সম্পাদক শ্রী এন. ঘোষ, 'মিরর'-সম্পাদক শ্রীনরেজ্ঞনাথ সেন, 'ডেলি নিউঅ'-সম্পাদক ডা: জে. বি. ড্যালি, 'ফাশফাল গার্ডিয়ান'-সম্পাদক শ্রীশশিভ্যণ মুখোপাধ্যায়, 'হোপ'-সম্পাদক বাবু অমৃতলাল রায়, শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বস্থু, রায় সিউ বন্ধ বগলা বাহাত্বর, 🖺 জে. পাদশা, সিংহলের রাইট রেডারেণ্ড এন, সাধনানন্দ প্রভৃতি দেশনায়কগণ। স্থার রমেশ চন্দ্র মিত্র এবং রাজা স্থার রাধাকান্ত দেবের পুত্র রাজা রাজেন্দ্র নারায়ণ দেব বাহাত্র স্বয়ং উপস্থিত থাকিতে না পারিয়া ত্র:খ-প্রকাশপূর্বক সহাত্মভৃতিস্চক পত্র পাঠাইলেন। মোটের উপর হিন্দুসমাজের কর্ণধার্গণ হয় স্বয়ং উপস্থিত থাকিয়া কিংবা সহাত্মভৃতি জানাইয় ৷ এই মহতী সভাকে এক সর্বজনীন সর্বাহ্নমোদিত অমুষ্ঠানে পরিণত করিলেন। বস্তুত: বিবেকানন্দের কুতকার্যতার প্রথম প্রত্যক্ষ স্থফল লক্ষিত হইল হিন্দুসমাজের মর্যাদা রক্ষাকল্পে এই দর্বাঙ্গীণ প্রতিক্রিয়া অবলম্বনে। সভায় ইংরেজীতে বক্ততা क्तिरनन वाशिश्ववत्र श्रुरतस्त्रनाथ वत्नाभाषात्र, अन. अन. रचाय, नरतस्त्रनाथ रमन প্রভৃতি। বন্ধভাষায় যাঁহারা বক্তৃতা করিলেন, তাঁহাদের মধ্যে সর্বাপেকা হৃদয়গ্রাহী হইয়াছিল শ্রীযুক্ত মনোরঞ্জন গুহু ঠাকুরতা ও হেমেন্দ্রনাথ মিত্র মহাশয়ের ভাষণ। এইসকল বক্তৃতার ফলে সনাতনধর্মাবলম্বী সকলেরই মধ্যে আত্মীয়তা-বোধ ও স্বধর্মনিষ্ঠার আগ্রহ প্রকৃষ্টরূপে জাগরিত হইয়াছিল। দেদিন যেন হিন্দুধর্ম উৎসাহ, উদ্দীপনা ও সজীবতার মূর্তি ধারণপুর্বক সমবেত সকলের হৃদয়ে পূর্ণরূপে বিরাজিত হইয়াছিল এবং বক্তাদিগের বাণীতে শক্তিদকার করিয়াছিল।

এই সকল সভাসমিতির আরুক্ল্যে বিবেকানন্দের নাম সারা ভারতে গঞ্জীর আরাবে বিঘোষিত হইল; সর্বত্র তিনি এক স্থমহান আচার্যের সন্মান পাইলেন। ভারত বুঝিল তাঁহার বাণী ও কার্যের দ্বারা হিন্দুসমাজের প্রভৃত উপকার সাধিত হইয়াছে এবং হইবে; তিনি যুগপ্রয়োজন-সাধনের কার্যে ব্যাপৃত, তিনি হিন্দুধর্মের সংরক্ষক, দেশবরেণ্য নেতা। আর এই উৎসাহের মধ্যেই ভারতবাসীরা সেই নবীন উষার রক্তিমালোকের সন্ধান পাইল, যখন

ভারত আবার জগৎ-সভায় শ্রেষ্ঠ আসন লবে—
ধর্মে মহান হবে, কর্মে মহান হবে,
নব দিনমণি উদিবে আবার পুরাতন পুরবে।

আবার সেই নব ভারত জাগিবে যুদ্ধবিগ্রাহের সাহায্যে নহে, রক্তপাতের ফলে নহে, প্রত্যুত ধর্মের শান্তিবাণীর অমৃতিনিঞ্চনে। আর ভারতকে পুনকল্লীবিড করার সে শক্তি ভারতেরই বেদ-উপনিষদের মণিপ্রকোঠে লুকায়িত আছে, ধর্মের নবালোড়নে তাহার দার উল্মোচিত হইবে, ভারত নবালোকে উদ্ভাসিত হইবে, নবীন উদ্দীপনায় কার্যনিরত হইবে। স্বামীজীর ক্লভকার্যতা তাহারই পুর্বাভাস।

মান্তাজবাসীরা সভার আয়োজন করিয়া স্বামীজীকে পত্র লিখিয়াছিলেন: কিন্তু সে পত্র ইতন্তত: ঘরিয়া স্বামীন্ত্রীর হন্তগত হয় জুলাই মাসের প্রারম্ভে। উহা পাইয়া তিনি ১১ই জুলাই তাঁহাদিগকে উপদেশ দেন, কিভাবে কাহাকে কাহাকে সভার বিবরণ পাঠানো আবশুক। আলাসিকারা ঐরপ করিলে অন্যান্ত কাগজের মধ্যে 'বস্টন ইভিনিং ট্র্যান্সক্রিপ্ট'-এ ৩০শে আগস্ট সভার বিবরণ মুক্রিত হইয়া তাঁহার দৃষ্টি আকর্ষণ করিল। স্বামীজীর আমেরিকায় আগমনের উল্লেখ করিয়া এবং সভাপতির ভাষণের সংক্ষিপ্ত বিবরণ দিয়া ঐ পত্রিকায় সভায় গৃহীত প্রস্তাবটি ছাপা হইল: "আমাদের অতীতকালের সর্বপ্রকার বিদ্ধ ও লাঞ্চনার মধ্যেও আমাদের সাম্প্রতিক অধংপতন সত্ত্বেও আমরা হিন্দরা এখনও আমাদের প্রাচীন ধর্মমতের প্রতি বিশ্বাস অক্ষম রাখিয়াছি: এবং ঐ ধর্মেরই ভিত্তিভত সার তথ্যসমূহ অতি অপুর্ব দৃঢ়তা ও সাফল্যের সহিত আমাদের প্রতিভাবান প্রতিনিধি আপনাদের (আমেরিকানদের) সম্মুথে উপস্থিত করিয়াছেন। আমাদের যাহাদের বিবেকানন্দকে ব্যক্তিগতভাবে জানিবার সৌভাগা ঘটিয়াছিল. তাহাদের মনে কথনও এই বিষয়ে কোন সন্দেহ জাগে নাই যে, আপনাদের স্থমহান ও স্বাধীন জাতির নিকট তিনি যে বার্তার দূতরূপে উপস্থিত হইয়াছেন উহা সম্পূর্ণ দাফলামণ্ডিত হইবেই এবং তাঁহার প্রতিভা, প্রজ্ঞা, উৎদাহ ও বাগ্মিতা ফলপ্রস্থ হইবে। অতীতে ভারত যেমন বিশ্বসভাতার জন্মভূমি ছিল, আজিও উহা তেমনি আধ্যাত্মিকতার বাদভূমি। নৈতিকতা ও আধ্যাত্মিকতা আজও আমাদের জাতির শক্তির উৎস। আর যতদিন ইহা অব্যাহত থাকিবে ততদিন আমাদের এই সনাতন বিশাসও অটট থাকিবে যে, আমাদেরই দেশ পুণাভূমি, এবং আমাদেরই জাতি ভগবানের আপনার জন। আমাদের আ্যাংলো-স্থাক্সন শাসকবর্গ-- বাহারা আপনাদেরই নিকট জ্ঞাতি ও আমাদের দূরবর্তী জ্ঞাতি--এই দেশে তাঁহাদের দৈবনির্দিষ্ট কর্তব্য বধাসম্ভব শক্তি ও সততা অবলম্বনে সম্পাদন করিতেছেন। ইতিমধ্যেই পুনর্লবজীবন জাতির উচ্ছলতর ভবিশ্বতের উবালোকের আভাস আমরা দেখিতেছি, আর ইহলোকিক অভ্যাদয় ও স্থশাসনের ফলে यथन अवश्रक्षारीक्रां आमारिक नर्वश्रकांत्र वहन मृत्रीकृष्ठ इटेर्रित, उथन আমাদের বিশাস, আমাদের জাতি তাহার পুনরভূাথানকে সমন্ত জগতের আধ্যাত্মিক উন্নতিসাধনে নিয়োজিত করিতে সক্ষম হইবে। স্বামী বিবেকানন্দ আমেরিকায় প্রচারকার্যে যে বিপুল সাম্বল্যমণ্ডিত হইয়াছেন, এবং আমাদের প্রতিভাশালী প্রবক্তার প্রতি এবং তাঁহার দ্বারা ব্যাখ্যাত আমাদের মূনি-শ্ববিদিগের উপদেশাবলীর প্রতি আপনাদের মহান জাতি উহার বিহ্যা, শক্তি ও স্বাধীনতার কেন্দ্রসমূহে যে সাদর ও সোৎসাহ সম্বর্ধনা জানাইয়াছেন ঐ সমন্তকে হিন্দুসমাজ পুর্বোক্ত এই দৃষ্টিতেই দেখিয়া থাকে।" ('নিউ ভিসকভারিজ্ঞ', ৪১৫)।

উক্ত বিবরণ পাঠ করিয়া স্বামীজী আলাসিকাকে ৩১শে আগস্ট লিথিলেন, "প্রিয় বংস, এ পর্যন্ত তোমরা অভ্ত কর্ম করেছ। কথন কথন একটু ঘাবড়ে গিয়ে যা লিখি, ডাতে কিছু মনে ক'রো না। মনে ক'রে দেখ, দেশ থেকে ১৫,০০০ মাইল দ্রে একলা রয়েছি—গোঁড়া শক্রভাবাপন্ন খ্রীষ্টানদের সলে আগাগোড়া লড়াই ক'রে চলতে হয়েছে—এতে কখন কখন একটু ঘাবড়ে যেতে হয়। অধন মনে নিরাশভাব আসবে, তখন ভেবে দেখো, এক বছরের ভেতর কত কাজ হয়েছে। আমরা নগণ্য অবস্থা থেকে উঠেছি—এখন সমন্ত জ্বগৎ আমাদের দিকে আশায় চেয়ে রয়েছে। শুধু ভারত নয়, সমগ্র জ্বগৎ আমাদের কাছ থেকে বড় বড় জিনিস আশা করছে। নির্বোধ মিশনারীরা, মজুমদার ও উচ্চপদন্থ ব্যক্তিগণ কেইই সত্যা, প্রেম ও অকপটতার শক্তিকে বাধা দিতে পারবে না।" মান্রাজ্বের সভার সংবাদ 'চিকাগো ইন্টার ওশ্রান', নিউ ইয়র্কের 'সান' ও 'ডেলি ট্রিবিউন' প্রভৃতি পত্রিকায়ও সাদরে ও সোলাদের মৃক্রিত ইইয়াছিল।

কলিকাতার অধিবেশনটি স্বামীজীর জীবনের ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে আরও গুরুত্বপূর্ণ ছিল, কারণ কলিকাতা তাঁহার জন্মভূমি, কলিকাতা ভারতের রাজধানী, কলিকাতা মজুমদারের অপপ্রচারের উর্বরক্ষেত্র, কলিকাতায় তাঁহার ক্ষতিত্বের স্বীকৃতি বিশ্বসমাজের চক্ষে সত্যের স্বরূপ বেভাবে খুলিয়া ধরিতে পারিত, আর কোধাও তাহা সেভাবে সম্ভব ছিল না। কলিকাতার সভায় এই প্রতাব গৃহীত হইয়াছিল।

১। চিকাগো-ধর্মহাসভায় এবং পরে আমেরিকায় স্বামী বিবেকানন্দ হিন্দুধর্মের জন্ত যে অত্যুত্তম কার্যসম্পাদন করিয়াছেন, এই সভা ভাহা লিপিবন্ধ করিয়া রাখিতে চায়।

- ২। স্বামী বিবেকানন্দকে সাদরে ও সহাত্মভৃতিসহকারে গ্রহণ করার জন্ত এই সভা চিকাগো ধর্মহাসভার সভাপতি ডাঃ শ্রীযুক্ত জে. এইচ. ব্যারোজকে উহার বিজ্ঞানশাধার সভাপতি শ্রীযুক্ত মারউইন-মেরী স্নেলকে এবং আমেরিকার জনসাধারণকে আন্তরিকতম ধ্যুবাদ জানাইতেছে।
- ৩। এই সভা সভাপতিকে অন্থরোধ করিতেছে, তিনি ষেন স্বামী বিবেকানন্দকে লিখিত নিমের পত্রসহ পূর্ববর্তী প্রস্তাবন্ধয়ের নকল শ্রীমৎ বিবেকানন্দস্বামীকে, ডাঃ ব্যারোজকে এবং শ্রীযুক্ত স্নেলকে পাঠাইয়া দেন।

শ্রীমৎ বিবেকানন্দস্বামীর প্রতি

আর্থ, আপনি ১৮৯৩ দালের দেপ্টেম্বর মাদে চিকাগো মহানগরীর ধর্মনহাসভায় অসাধারণ রুতিত্বের দহিত হিন্দুধর্মের মাহাত্ম্য ঘোষণা করাতে ১৮৯৪ দালের ৫ই সেপ্টেম্বর তারিথে কলিকাতা মহানগরী ও তল্লিকটবর্তী স্থানসমূহের অধিবাসিহৃন্দ কলিকাতা টাউন হলে একটি মহতী জনসভা আহ্বান করেন। তাহার সভাপতিরূপে আমি আপনাকে অতিশয় আনন্দসহকারে স্থানীয় হিন্দু-সমাজ্বের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

বাঁহাদের প্রতিনিধিরণে আপনি হিন্দুধর্মের গোঁরবধ্বক্সা উড্ডীন করিবার জন্ত আমেরিকা গমন করিয়াছিলেন, তাঁহারা আপনার কঠোর আত্মত্যাগ ও ত্ঃসহ কষ্ট সম্যক হাদয়দ্ম করিয়াছেন এবং তাঁহাদের হৃদয়ের প্রিয়বস্তু পবিত্র আর্থধর্মকে আপনি বেভাবে বক্তৃতা ও উপদেশাদি বারা ব্যাখ্যা করিয়াছেন, তজ্জন্ত আপনি বিশেষভাবে তাঁহাদিগের ধন্তবাদের পাত্র।

আপনি ১৮৯৩ খুটাবের ১৯শে সেপ্টেম্বর, মকলবার চিকাগো ধর্মহাসভার সমক্ষে আপনার পঠিত প্রবদ্ধে হিন্দুধর্মের মূল তত্বগুলি বেরপ হৃন্দর ও পরিকার ভাবে ব্যাইয়াছেন, মনে হয় একটি বক্তৃতার মধ্যে ঐরপ হৃন্দর ব্যাখ্যা আর হইতে পারে না। পরে আপনি ঐ বিষয়ে অক্তাক্ত স্থানে যাহা বলিয়াছেন, তাহাও ঠিক ঐরপ সরল ও বিশুদ্ধ। হিন্দুজাতির ত্র্ভাগ্যক্রমে তাহাদের ধর্ম ব্লুদিন হইতে জগতে অনাদৃত ও মিথ্যারূপে কল্লিত হইয়া আসিতেছে। স্থতরাং যিনি সেই অনাদর দ্ব ও মিথ্যা কল্লনা নট করিয়া তাহার স্থানে সত্য প্রতিষ্ঠার জন্ত সাহস ও শক্তি সঞ্জ্যপূর্বক বিদেশে বিভিন্নধর্মী বিচিত্রাচারী লোকের মধ্যে গ্রমন করিয়াছেন, তাহার প্রতি কৃতজ্ঞতা না হইয়া যায় না।

ধে মহোদয়গণ মহাসভার আয়োজন করিয়াছিলেন ও আপনাকে উৎসাহ ও বলিবার অ্যোগ প্রদান করিয়াছিলেন এবং বেসকল সদাশয় শ্রোতা ধীরসহিষ্ণু-ভাবে ও প্রসম্নচিত্তে আপনার বচনাবলী শ্রবণ করিয়াছিলেন, তাঁহারাও আমাদের কম ধলুবাদের পাত্র নহেন। হিন্দুধর্মের ইতিহাস পর্যালোচনা করিলে দেখা যায় যে, এই প্রথম একজন এই ধর্মের প্রচারকর্মপে বিদেশীদের মধ্যে দণ্ডায়মান হইয়াছেন এবং সৌভাগ্যক্রমে এই প্রচারক আপনার লায় একজন কৃতী ও সর্ব-গুণায়িত মহাহত্বৰ পুরুষ।

আপনার স্বদেশীয়গণ, স্বনাগরিকগণ ও স্বধমিগণ মনে করেন যে, প্রাচীন ধর্মের প্রকৃত তথ্য প্রচারের জন্ম যদি তাঁহারা আপনাকে স্থান্থরে একান্ত সহায়ভৃতি ও ক্বতজ্ঞতা না জানান, তাহা হইলে তাঁহারা কর্তব্যহানিজ্বনিত গুরুতর অধর্মে লিপ্ত হইবেন। আপনি যে কার্য আরম্ভ করিয়াছেন, ভগবান তাহাতে আপনার সহায় হউন এবং তাহা সম্পন্ন করিবার জন্ম আপনার মধ্যে উপযুক্ত বল ও শক্তিসঞ্চার করুন।

নিবেদক শ্রীপ্যারীমোহন মুখোপাধ্যায় সভাপতি

'ইণ্ডিয়ান মিরর'-সম্পাদক শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সেনের বক্তৃতার কিয়দংশ এই: "কলিকাতা শহরে এই প্রকার সভা পূর্বে আর কথনও হয় নাই। কারণ অভ আমরা কোন উচ্চপদস্থ রাজপুরুষকে সম্মান প্রদর্শন করিবার জভ্য এ স্থানে সমবেত হই নাই। যে হিন্দু সন্ন্যাসী সম্প্রপারে গমন করিয়া তাঁহার বিভা ও বক্তৃতাপ্রভাবে হিন্দুধর্মবিন্তারের জভ্য প্রাণপণ পরিশ্রম করিয়াছেন, তাঁহারই সম্মানার্থ আব্দু আমরা মিলিত হইয়াছি। আর গৌরবের বিষয় এই যে, বাঁহার কার্যাবলী আলোচনা করিতে আমরা এখানে উপস্থিত হইয়াছি, তিনি একজন ত্রিশ বংসর বয়স্ক যুবকমাত্র। তিনি যে এত অল্প বয়সে তাঁহার অসামান্ত গুণ্-প্রামপ্রদর্শনে বর্তমান যুগের সর্বাগ্রণী জ্বাতিকে বিশ্বয়াভিভৃত ও মন্ত্রমুগ্ধ করিতে সমর্থ হইয়াছেন, ইহাতে বুঝা যায় যে, এই যুবক কিরপ অসাধারণ শক্তিসম্পন্ন। কথায় বলে, সত্য ঘটনা কল্পনাচিত্র অপেক্ষা অধিক বিশ্বয়কর। আমার মনে হয়

যে, সম্প্রতি যাহা ঘটিতেছে, তাহা ঔপন্যাসিকের কল্পনাপ্রস্থত আখ্যাদ্বিকা হইতে সমধিক বিচিত্র। আমার মনে সবিশ্বয়ে এই প্রশ্নের উদয় হইতেছে—'আমরা কি স্বপ্নরাজ্যে বিচরণ করিতেছি ?' নতুবা চিকাগো নগরের ধর্মমহাসভায় স্বামী বিবেকানলের অত্যন্তত ক্রতকার্যতা ও তৎপরে সমগ্র মার্কিনদেশে তাঁহার कार्यायमी कि श्वकाद्य मञ्जय इंटेंडि शाद्य ? जांशाय ममने जाय हिन्दुकाि পুনকজ্জীবিত হইয়াছে। বাস্তবিক উহাকে তাহাদের বর্তমান অন্ধকারময় ইতিহাসে এক উচ্ছল রেখা বলিয়া নির্দেশ করিতে পারা যায়। কারণ উহার करन जाहारमत क्रमरत अपूर्व आनात मकात हहेग्रारह। यथन आमामिरगत मकन আশা উন্মূলিতপ্রায় তথন এই প্রতিভাবান যুবকের চেষ্টায় আমেরিকায় হিন্দু-ধর্মের বিজয়লাভে আমরা অত্যন্ত আশার আলোক দেখিতে পাইতেছি । স্বামী বিবেকানন্দের মতো পুরুষ জগতে অতি তুর্নভ। জাতীয় ইতিহাস-রঙ্গমঞ্চে শ্রেষ্ঠ নাট্যাংশ অভিনয় করিবার জন্ম তাঁহার জন্ম। আমরা তাঁহার পদাঙ্ক অমুসরণ করিলে যে অদৃষ্টপূর্ব উন্নতির পথে অগ্রসর হইব, তাহাতে আর বিন্মাত্র সন্দেহ নাই। যিনি দেশের প্রকৃত মঞ্চলকামনা করেন, তাঁহার মূলমন্ত্র হউক 'কর্ম, কর্ম'—স্বদেশভক্ত স্বামীজী যেমন নিদ্ধাম ও একনিষ্ঠভাবে কর্ম করিয়াছেন, তাহা আমাদের সকলেরই অমুকরণযোগ্য এবং তাহার স্থফল অবশ্রম্ভাবী।"

'ইণ্ডিয়ান নেশন'-সম্পাদক শ্রীযুক্ত এন ঘোষের বক্তৃতাংশ এইরপ:
"পুরাকালের গ্রীক পণ্ডিত সক্রেটিসের সময় হইতে আজ পর্যন্ত অনেকানেক
মনীধী আচার্য স্ব ম ত প্রচার করিতে প্রয়াস পাইয়াছেন। কিন্তু দেখা যায়,
সাধারণ লোকে তাঁহাদের উপদেশ ও শিক্ষা গ্রহণ করা দ্রে থাকুক অবজ্ঞাভরে
সেসকল প্রত্যাখ্যান করিয়াছে, এমন কি অনেক স্থলে উক্ত আচার্যগণকে
লাম্বিত ও উৎপীড়িত করিতেও কৃষ্ঠিত হয় নাই। বিবেকানন্দ ব্যতীত আর
কেহ কথন এত অল্পকাল মধ্যে এতাদৃশ সফলতা লাভ করিতে পারেন নাই।
বস্তুত: বাগ্মিতার ইতিহাসে এরূপ অশ্রুতপূর্ব সিদ্ধিলাভ বিরল। তিনি তাঁহার
প্রাঞ্জল, স্থাধুর ও যুক্তিগর্ভ বচনবিস্থানে শ্রোত্বর্গকে অনায়াসে মুয়্ম ও চমৎকৃত
করিয়াছেন। কিন্তু একপক্ষে আমেরিকাবাসীদের স্ক্র অন্তর্গুত্রের মধ্যে কোন্টি বে
অধিকতর প্রশংসনীয় তাহা ঠিক করিয়া বলা কঠিন। এরূপ অপুর্ব বিজ্বলাভের

বার্তা ইতিহাসে আর লিখিত হয় নাই। বৃদ্ধ, যীত, মহম্মদ, কংকুছো প্রভৃতি মহামতি জগদগুরুগণের মধ্যেও কেহই প্রথম উন্থমে শতশত ব্যক্তিকে সীয় ধর্মমত গ্রহণ করাইতে পারেন নাই। কিন্তু এই হিন্দুধর্মপ্রচারক গৈরিক-বসনধারী সন্মাসী চেষ্টামাত্রেই শতশত লোকের মন হইতে বহুযুগসঞ্চিত ভ্রান্ত সংস্কারসমূহ দূর করিয়া সেই সনাতন ধর্মের সত্যতা উপলদ্ধি করাইতে সমর্থ হইয়াছেন—যে ধর্মের কথা তাহারা পূর্বে কথনও তনে নাই, বা তনিলেও ঘুণার চক্ষে দেখিত, বিশেষত: (ইহা ঘটিল) এই যুগে যখন মানব-হৃদয়ে ধর্মভাব ক্রমশ: লুগু প্রায়।

…কিন্তু এই মহাপ্রাণ পুরুষের খ্যাতি কেবল একটি বক্তৃতার উপরই প্রতিষ্ঠিত নহে ধর্মমহাসভার বক্তৃতার ফলে তিনি সাধারণের নিকট পরিচিত হইয়াছেন বটে, কিন্তু তাহার কার্থ সেখানেই শেষ হয় নাই।"…

বক্তা হইটি স্বামীজীর সাফল্য ও উহার ভবিয়ৎ সম্ভাবনা বিষয়ে সমসাময়িক প্রগতিশীল হিন্দুসমাজের দৃষ্টিভঙ্গীর প্রকৃষ্ট নিদর্শন, আর এই সক্রিয়, দৃরদর্শী প্রতিভাবান হিন্দু প্রবক্তাদের পশ্চাতে ছিল আকুল আগ্রহশীল, উন্নতিকামী জনগণের সম্পূর্ণ সমর্থন ও সহামুভূতি। প্রগতিবিরোধী মৃষ্টিমেয় লোকের কথা আমরা এখানে ভাবিতেছি না। কোন্ সমাজে এরূপ সংকর্মে বাধা প্রদানকারীর অভাব আছে ? ইহাদের কথা আমরা পরে বলিব। আপাততঃ আমরা দেখিতে পাই, "তথন ভারতের একপ্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত কেবল বিবেকানন্দের নামই বিঘোষিত হইতেছে। তিনি তথন আর্যাবর্তের গৌরবক্তম্ভ, আর্যন্তাতির আশাস্থল, ও আর্যধর্মের বরণীয় আচার্যরূপে সকল হৃদয়ে প্রতিষ্ঠিত হইয়াছেন।" তাঁহার সিদ্ধান্ত তথন প্রামাণিক, তাঁহার নির্দেশ অবশ্যগ্রাহ্ম এবং তাঁহার বাণীতে তথন জনগণের শিরায় শিরায় বিত্যৎপ্রবাহ সঞ্চালিত হয়। বিবেকানন্দ তথন স্বজনবন্দ্য ধর্মনেতা—ভাবরাজ্যের সম্রাট।

কলিকাতার সভাটি স্বামীজীর নিকট থুবই প্রীতিপ্রদ হইয়াছিল, কারণ গৃহীত প্রস্তাব ও সভাপতির পত্তে স্বামীজীর অনেকগুলি প্রাণের কথার প্রতিধ্বনি ছিল। অধিকস্ত তাঁহার গুরুল্রাতাদের—বিশেষত: স্বামী অভেদানন্দ, স্বামী রামক্রফানন্দ প্রভৃতির প্রাণপণ চেষ্টাতেই অধিবেশনটি সাফল্যমণ্ডিত হইয়াছিল জানিয়া তিনি সাতিশয় সন্তুষ্ট হইয়াছিলেন। অধিবেশনে স্বামীজীকে ধর্মপ্রচারকর্মপে ধয়্যবাদ প্রদানের ফলে আর একটি লাভ হইয়াছিল এই বে, শক্রপক্ষের ঐবিষয়ক অপবাদ নিস্তর্ম হইয়াছিল। অয়াক্ত মিগ্যাপ্রচারের সঙ্গে ইছারা ইছাও বলিতে

আরম্ভ করিয়াছিলেন যে, স্বামীজী আমেরিকায় ধর্মপ্রচার না করিয়া রাজনীতি প্রচার করিতেছেন। আমরা এ পর্যন্ত দেখিয়া আসিয়াছি, তিনি ধর্মেরই কথা বলিয়াছেন, এবং সাধারণ লোক যেহেত সমাজব্যবস্থাকে ধর্ম হইতে পৃথক করিয়া বঝিতে পারে না এবং ভজ্জা সমাজের বাস্তবিক বা কাল্পনিক গানির জ্ঞা ধর্মকেই দায়ী করিয়া থাকে, এই জন্ম তিনি বাধ্য হইয়া হিন্দুর সামাজিক রীতিনীতির মূলগত আদর্শের পক্ষ সমর্থনে অগ্রসর হইয়াছিলেন এবং থুষ্টধর্মের উৎকর্ষের প্রমাণস্বরূপে যেসকল অযৌক্তিক কথার অবতারণা করা হয় তাহা শূন্তগর্ভ বলিয়া প্রমাণ করিয়াছিলেন। খুষ্টানরা যথন দাবী করিতেন যে, খুষ্টানধর্মের সহিত জাগতিক ও সামাজিক উন্নতির কার্যকারণ সম্বন্ধ আছে, অন্ত ধর্মের সহিত তদ্রেপ নাই, অতএব ঐগুলি হীনতর, তখন তিনি পাশ্চান্তা সমাজের চকে আঙ্গুল দিয়া দেখাইয়া দিলেন, তথাকথিত সভ্য পাশ্চান্ত্য জাতিগুলি বর্বরতার সাহায্যেই পরদেশগুলিকে পদানত করিয়াছে এবং এখনও ঐ উপায়েই নিজ ক্ষমতা অব্যাহত রাখিয়াছে, এমন কি খুষ্টান জাতিগুলি পরস্পরের প্রতিও বর্বরোচিত ব্যবহারে পশ্চাৎপদ নহে; পৃষ্টানরা বিজ্ঞানের উন্নতিতে বাধা দিয়াছে, মধ্যযুগীয় পৃষ্টানরা ভাইনী-জ্ঞানে বহু বুদ্ধাকে পোড়াইয়া মারিয়াছে, ধর্মের নামে জগতে রক্তগঙ্গা বহাইয়াছে; খুষ্টান ইংলণ্ড ভারতে মদ ও চীনে আফিং এর প্রচলন করিয়াছে. ইত্যাদি। ইহাকে ঠিক রাজনীতি বলা চলে না, ইহা হুর্থের প্রতি পানী। জবাব মাত্র। শত্রুপক্ষ তবু স্বামীজীকে ধার্মিক না বলিয়া রাজনীতিকই বলিত। তিনি ইহা অবগত ছিলেন ; তাই ২৭শে সেপ্টেম্বরের (১৮৯৪) পত্তে আলাসিক্লাকে লিখিয়াছিলেন, "প্রকৃত পক্ষে কিন্তু আমি একজন রাজনীতিক নই, অথবা রাজনৈতিক আন্দোলনকারীও নই। ... অতএব তুমি কলকাতার লোকদের অবশ্র অবশ্য সাবধান ক'রে দেবে, যেন আমার কোন লেখা বা কথার ভেতর রাজনৈতিক উদেশ্র মিথা। ক'রে আরোপিত করা না হয়। ... শুনলাম, রেভারেও কালীচরণ বাঁড়ুযো নাকি খ্রীষ্টান মিশনরীদের সমক্ষে এক বক্তভায় বলেছিলেন যে, স্থামি একজন রাজনৈতিক প্রতিনিধি। যদি সর্বসাধারণের সমক্ষে একথা বলা হয়ে থাকে, তবে আমার তরফ থেকে তাঁকে প্রকাশ্যে জিজ্ঞাস। করবে, তিনি উহা কলকাতার যে-কোন সংবাদপত্তে লিখে হয় প্রমাণ করুন, নতুবা তাঁর ঐ বাজে আহাম্মকি কথাটা প্রত্যাহার করুন। এটা অন্তর্ধর্মবলম্বীকে অপদস্ত করবার খ্রীষ্টান মিশনরীদের একটা অপকৌশল মাত্র। আমি সাধারণভাবে

প্রীষ্টান-পরিচালিত শাসনতন্ত্রকে লক্ষ্য ক'রে সরলভাবে সমালোচনার ছলে কয়েকটা কড়া কথা বলেছি। কিন্তু তার মানে এ নয় যে, আমার রাজনৈতিক বা ঐ রকম কিছু চর্চার দিকে কিছু ঝোঁক আছে, অথবা রাজনীতি বা তৎসদৃশ কিছুর সঙ্গে আমার কোনরূপ সম্পর্ক আছে। যাঁরা ভাবেন, ঐসব বক্তৃতা থেকে অংশবিশেষ উদ্ধৃত ক'রে ছাপানো একটা খুব জমকালো ব্যাপার, আর যাঁরা প্রমাণ করতে চান যে আমি একজন রাজনৈতিক প্রচারক, তাঁদের আমি বলি, 'হে ঈশ্বর, আমার বন্ধুদের হাত থেকে আমায় রক্ষা কর।'" কলিকাতার সভা পরোক্ষভাবে এই মিথ্যা আপবাদের সম্চিত প্রত্যুত্তর দিয়াছিল।

কলিকাতার সভায় এবং মাদ্রাজ্বেরও সভায় স্বামীক্ষী আর একটি বিষয়ে সমর্থন পাইয়াছিলেন: উভয় সভাই প্রতাক্ষতঃ বলিয়াছিল, তাঁহার আমেরিকার কাজ দাফল্যমণ্ডিত হইয়াছে এবং পরোক্ষত: স্বীকার করিয়াছিল, দেদেশে স্বারও প্রচার আবশ্রক। স্বামীন্সীর ভারতীয় ভক্ত, বন্ধুবান্ধব ও হিতাকাক্রীরা পুনঃপুন: পত্র লিখিয়া তাঁহাকে অমুরোধ করিতেছিলেন, তিনি যেন স্বদেশে ফিরিয়া আসেন। ইহার কারণরূপে যদিও তাঁহারা ভারতকেই উপযুক্তর ক্ষেত্র বলিয়া উল্লেখ করিতেছিলেন, তথাপি তাঁহাকে দেশে ফিরাইয়া আনিয়া মিশনারীদের প্রদত্ত চুর্নাম হইতে বাঁচাইবার উদেশুও উহার সহিত মিশ্রিত ছিল কিনা কে বলিতে পারে ? তুর্বলচিত্ত মামুষ পশ্চাৎপদ হইয়াই আপনাকে রক্ষা করে, ইহা সর্বজনবিদিত ; অতএব বন্ধকে রক্ষার জন্মও ঐ একই উপায়ের উপদেশ দেওয়া হইবে, ইহা তো স্বাভাবিক। কিন্তু প্রকাশ্রভাবে ইহা কেহ বলেন নাই; স্বতরাং এই বিষয়ে আলোচনাও নিরর্ধক। তবু ভারতেরই মঙ্গলের জন্ম তাঁহাকে ফিরিয়া আসিতে বলা হইয়াছিল, ইহার উল্লেখ আমরা স্বামীনীর ১ই এপ্রিল (১৮৯৪) এর পত্তে পাই: "সেকেটারী সাহেব আমায় লিখেছেন, আমার ভারতে ফিরে যাওয়া অবশ্রকর্তব্য-কারণ ভারতই আমার কর্মক্ষেত্র। এতে কোন সন্দেহ নাই। কিন্তু হে ভ্রাতৃগণ, আমাদিগকে এমন একটি প্রকাণ্ড মশাল জালতে হবে, যা সমগ্র ভারতে আলো দেবে।" থেডড়ী-রাজের १ই এপ্রিলের (১৮৯৪) চিঠিতেও ভারতে ফিরিবার প্রয়োজনের কথা উল্লিখিত ছিল, যদিও রাজা সল্পে বলিয়াছিলেন, আমেরিকায় থাকাই ভাল ; কারণ "তথাকার লোকেরা জ্বরী, জহর চিনে।" এইরূপ অমুরোধ আরও আসিলেও বীর সন্নাসী विदिकानम अकृतिक त्यम भक्तत्र विक्काहत्रण भ्राप्त है हम नाहे, अभूत्रमिटक তেমনি হিতাকাক্রী, অথচ দ্রদৃষ্টিহীন বন্ধুদের উপদেশেও সম্প্রচ্যুত হন নাই। তিনি জানিতেন, দরিদ্র ভারতবাসী বা ফ্রদ্মহীন ধনী ভারতবাসী কেহই অর্থ সাহায্য করিয়া তাঁহার ভারতোদ্ধার-পরিকল্পনাকে রূপান্বিত করিবে না; অর্থের সম্ভাবনা রহিয়াছে শুধু ধনকুবের আমেরিকায়। আবার পরপদানত, পরম্থাপেক্ষী, পরাম্বকরণপ্রিয় ত্বল জাতিকে পুনক্র্যুদ্ধ করিতে হইলে ত্বল জাতির আদর্শের প্রতি সকলের শ্রদ্ধাকর্ষণ ও প্রশংসোচ্চারণ আবশ্রক। স্বামীদ্ধী এই উভয় দিকেই সফলকাম হইয়াছিলেন; স্বতরাং ফলপ্রস্থ আরন্ধকার্য তিনি অক্স্মাং ত্যাগ করিতে মোটেই প্রস্তুত ছিলেন না; তিনি তথন আরও কিছুকাল আমেরিকায় থাকিবার প্রয়োজন বোধ করিয়াছিলেন। মাল্রান্ধ ও কলিকাতার সভা তাঁহার এই সিদ্ধান্তেরই পরিপোষক ছিল। অধিকন্ধ আমেরিকারানীদের ধর্মলাভের আগ্রহ তাঁহার করণার উত্তেক করিয়াছিল; তিনি ব্বিয়াছিলেন এই আগ্রহ মিটাইবার জন্মও সেখানে থাকা আবশ্রক।

কলিকাতার অধিবেশনের সংবাদও আমেরিকার পত্রিকাসমূহে যথাসময়ে প্রকাশিত হইয়াছিল, এবং উহার এক সংবাদে বলা হইয়াছিল যে, কলিকাতার সভায় শ্রোভূসংখ্যা ছিল চারি সহস্র, আর সভার কার্যাবলী ও বক্তৃতা তুই সহস্র পুস্তিকাকারে মুদ্রিত হইয়াছিল নিউ ক্যালকাটা প্রেস হইতে।

স্বামীক্ষী এই সভার সংবাদে খুবই উৎফুল্ল হইয়াছিলেন, ইহা বলাই বাছল্য।

নই জুলাই-এর একখানি পত্রে হেল ভগিনীদিগকে তিনি এই সভার সংবাদ

দিতে গিয়া ক্বতজ্ঞ হৃদয়ে লিথিয়াছিলেন, "ক্ষয় জগদস্বে! আমি আশারও অধিক
পেয়েছি। মা আপন প্রচারককে মর্যাদায় অভিভূত করেছেন। তার দয়া দেখে
আমি শিশুর মতো কাঁদছি। ভগিনীগণ! তার দাসকে তিনি কথনও ত্যাগ

করেন না। আমি যে চিঠিখানি তোমাদের পাঠিয়েছি, তা দেখলে সবই বুঝতে
পারবে। আমেরিকার লোকেরা শীব্রই ছাপা কাগজগুলি পাবে। পত্রে বাদের
নাম আছে, তাঁরা আমাদের দেশের সেরা লোক। সভাপতি ছিলেন কলকাতার

এক অভিজাতশ্রেষ্ঠ, অপর ব্যক্তি মহেশচক্র ক্রার্মস্ব কলকাতার সংস্কৃত কলেক্রের

অধ্যক্ষ ও ভারতীয় ব্রাহ্মণ-সমাজের শীর্ষস্থানীয়"। ('বাণী ও রচনা,'৬।৪৫৯-৬০)।

২। কলিকাতার সভা হয় ৫ই সেপ্টেম্বর। উহার থবর স্বামীক্ষী জুলাই মাসে পাইতে পারেন না। অতএব পত্রথানির তারিখ ভূল। অথবা স্বামীকী হয়তো সভার নিষম্রণপত্র পাইয়া উহার উল্লেখ করিয়াছিলেন। কিন্তু নিমন্ত্রণপত্র অতে আগে বাহির হইবে কেন ?

নবীন পরিকল্পনা ও আশ্রম-কেন্দ্রিক প্রচার

ষামীন্দ্রী ঝড় কাটাইয়া উঠিলেন। কিন্তু এত প্রতিক্ল অবস্থায়ও তিনি সম্বন্ধ হইতে বিচ্যুত হন নাই, স্বেচ্ছায় স্বীক্লত কর্তব্যে এতটুকু শৈথিলা বা অবহেলা প্রদর্শন করেন নাই। তবে প্রতিপদে সংগ্রাম চলিতে থাকায় সব সময়ে এইটুকুমাত্র অনিশ্চয়তা তাঁহাকে পীড়া দিত—হয়তো বা প্রয়োজনসাধনে সাধ্যাতীত বিল্ল ঘটিবে। মোটের উপর চর্জনের সমালোচনা গ্রাহ্ম না করিয়া, সাহায়ের অভাবে পশ্চাৎপদ না হইয়া, কুয়াসাচ্ছেল্ল ভবিল্লতের মধ্যেও আশা পরিত্যাগ না করিয়া তিনি দৃচ্পদেই অগ্রসর হইতেছিলেন। শুদু তাহাই নহে, এমন হংখয়য় দিনেও তাঁহার শিশুর মতো মুখখানি সরল হাসিতে উদ্ভাসিত হইত—ইহারও পরিচয় তাঁহাব এ সময়ের পত্রে বিশেষতঃ সোয়াম্য়ট হইতে হেল ভগিনীদিগকে লিখিত ২৬শে জ্লাই-এর পত্রে পরিকার পাওয়া যায়। আবার ভারতবর্ষের উদাসীনতায় বিরক্তি প্রকাশ করিলেও তিনি এই সময় হইতেই ভারতীয় কার্যের জন্ম বিভিন্ন বান্তব পরিকল্পনা-রচনায় নিযুক্ত হন এবং ভারতীয় ভক্ত ও বন্ধুদিগকে এই সকল বিষয়ে বিশেষ প্রেরণাপ্রদ উপদেশ দিতে থাকেন। পত্রাবলী হইতে উদ্ধৃত তুই-চারিটে স্থানের প্রতি দৃষ্টিনিক্ষেপ করিলেই ইহার সত্যতা উপলব্ধ হইবে:

"একটি কেন্দ্রীয় বিদ্যালয় স্থাপন করিয়া সাধারণ লোকের উন্নতিবিধানের চেটা করিতে হইবে এবং এই বিদ্যালয়ে শিক্ষিত প্রচারকগণের দ্বারা গরীবের বাড়ীতে বাড়ীতে ঘাইয়া তাহাদের নিকট বিদ্যা ও ধর্মের বিস্তার—এই ভাবগুলি প্রচার করিতে থাক। সকলেই যাহাতে এ বিষয়ে সহাম্ভৃতি করে, তাহার চেটা কর।" (২৪শে জান্ময়রি, ১৮৯৪)।

"আমরা একটি অসাম্প্রদায়িক সম্প্রদায় হ'তে চাই। সম্প্রদায়ের বে-সকল উপকারিতা তাও তাতে পাব, আবার তাতে সার্বভৌম ধর্মের উদারভাবও থাকবে।" (৩রা মার্চ, ১৮৯৪)।

"সামাজিক বিধানগুলো সমাজের নানাপ্রকার অবস্থাসংঘাত হ'তে উৎপন্ন— ধর্মের অফুমোদনে। তথ্য আমরা সেভগুট একথাও বলি, ধর্ম বেন সমাজের বিধানদাতা না হন। তথ্য হচ্ছে, মাফুষের ভিতর যে পূর্ণতা প্রথম হতেই বর্তমান, তারই প্রকাশ। ধর্ম হচ্ছে, মাসুবের ভিতর যে ব্রহ্মত্ব প্রথম থেকেই বর্তমান, তারই প্রকাশ। স্থতরাং উভয় স্থলেই শিক্ষকের কার্য কেবল পথ থেকে সব অস্তরায় সরিয়ে দেওয়া।···বাকী সব ভগবান করেন।" (ঐ)।

"অগ্নিমন্ত্রে দীক্ষিত একদল যুবক গঠন কর। তোমাদের উৎসাহাগ্নি তাহাদের ভিতর জ্ঞালিয়া দাও।

শব্রিকাদি গৌণ, ইহাই মুখ্য। যেকোনরপেই হউক, সাধারণ দরিদ্রলোকের

মধ্যে আমাদের প্রভাব বিন্তার করিতেই হইবে। কার্ষের সামান্ত আরম্ভ দেখিয়া
ভয় পাইও না।" (২৮শে মে)।

"ভারতবর্ষ জয় করা ইংরেজের পক্ষে এত সহজ হইয়াছিল কেন ? যেহেত তাহারা একটি সভাবদ্ধ জাতি ছিল, আর আমরা তাহা ছিলাম না।...এদেশের শিক্ষিত নবনাবীর সংখ্যা অতান্ত বেশী। ... জনসাধারণকে শিক্ষিত করা এবং তাহাদিগকে উন্নত করাই জাতীয় জীবন-গঠনের পন্থা। আমাদের সমাজসংস্কারকগণ খুঁজিয়া পান না—ক্ষতটি কোথায়। সমস্ত ক্রটির মূলই এইখানে যে, সত্যিকার জাতি—যাহারা কুটারে বাস করে, তাহারা তাহাদের ব্যক্তিত্ব ও মহয়ত্ব ভূলিয়া গিয়াছে। ... তাহাদিগকে শিক্ষিত করিতে হইবে। मुर्जिभुका थाकित्व कि थाकित्व ना, कज्जन विश्वात भूनवात विवाह इहेत्व, काजिएजन-अथा जान कि मन, जाशा नहेशा माथा घामाहेवात जामात अर्याकन নাই। ... এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, সন্ন্যাসিগণ কিসের জন্ম এ-জাতীয় ত্যাগত্রত গ্রহণ করিবে এবং কেনই বা এ প্রকারের কান্ধ করিতে অগ্রসর হুইবে ? উত্তরে আমি বলিব—ধর্মের প্রেরণায়। ... গোড়া মতবাদ সব গোলায় যাউক—উহাদের দারা কোন কাজই হয় না। একটি থাঁটি চরিত্র, একটি স্ত্যিকার জীবন, একটি শক্তির কেন্দ্র-একজন দেবমানবই পথ দেখাইবেন। …এ কার্যের জন্ম সভ্যের প্রয়োজন এবং অস্ততঃ প্রথম দিকটায় সামান্ত কিছু অর্থেরও প্রয়োজন। (২০শে জুন)। "ভারতের সমৃদয় হর্দশার মূল —জনসাধারণের मात्रिया। शाकाखारमाभव मतियान शिभाष्टश्रक्ति, जूमनाय याभारमत मतियान

১। ১৯শে দার্চে স্বামী রামকুকানন্দকে লিখিত পত্রে ছুঁৎমার্গ বর্জন এবং নারীজাতি ও দরিদ্র-দিসের উন্নতিসাধনের একান্ত প্ররোজন অতি প্রাণন্পর্নী ভাবার লিপিবদ্ধ আছে। স্থদীর্ঘ বলিরা উহা উদ্ধৃত ক্রিলাম না।

দেবপ্রকৃতি। ••• আমাদের নিম্নশ্রেণীর জন্ম কর্তব্য এই, কেবল তাহাদিগকে শিক্ষা দেওয়া এবং তাহাদের বিনষ্টপ্রায় ব্যক্তিত্বশেধ জাগাইয়া তোলা। ••• পুরোহিত-শক্তি ও পরাধীনতা তাহাদিগকে শত শত শতান্ধী ধরিয়া নিম্পেষিত করিয়াছে, অবশেষে তাহারা তৃলিয়া গিয়াছে যে তাহারাও মাহুষ। ••• আমাদের দেশে সহস্র দৃঢ়চিত্ত নিঃস্বার্থ সন্মাসী আছেন। ••• তাঁহারা এখন যেমন একস্থান হইতে অপর স্থানে, লোকের বারে বারে গিয়া ধর্মশিক্ষা দিয়া বেড়াইতেছেন, তাহার সঙ্গে বলীকিকবিছাও শিখাইবেন।" (২৩শে জুন)।

ভাবিয়া অবাক হইতে হয় একজিংশ বর্ষ বয়স্ক একজন যুবক— যিনি বিদেশে শক্র-পরিবেষ্টিত এবং স্থানেশে মিশনারী ও ব্রাহ্মসমাজের কাহারও কাহারও হণ্ডে লাঞ্চিত, যিনি অবিরাম ইতন্তত: ভ্রমণ করিয়া ভারতের ও বিদেশের কল্যাণার্থ ভারতের রীতিনীতি ও অধ্যাত্মবিষয়ে ঘরোয়া-বৈঠকে ও প্রকাশ্ত সভায় বক্তৃতা দানে ব্যন্ত এবং সেই স্থযোগে দেশের জন্ত ও নিজের ব্যয়সঙ্কুলনার্থ অর্থসংগ্রহে ব্যাপৃত, যিনি অবসরকালে নির্জনতায় মগ্র হইয়া সমাধিস্থ উপলব্ধি করেন, তিনি কি প্রকারে আত্মীয়ক্রপে গৃহীত বিদেশীদের সহিত একই কালে নির্দোষ আনন্দে মগ্র হন ও আবার ভারতীয় সমস্তার সমাধানকরে গভীর মৌলিক চিন্তা ও নবীন বাত্তব পরিকল্পনা রচনায় নিরত হন! মনে হয় দৈবপ্রেরণায় পরিচালিত স্বামীজীর পক্ষেই ইহা সম্ভব ছিল। আর ইহা আমাদের অস্থাননহে; তিনি নিজেও এ বিষয়ে সচেতন ছিলেন। তাই উদ্ধৃত পর্ঞধানিতে তিনিই লিখিতেছেন: "তিনি পিছে আছেন। আমি আর লিখতে পারছি না—এগিয়ে চল, এই কথাটা থালি বলছি, যে যে এই চিঠি পড়বে, তাদের ভিতর আমার শক্তি আসবে—বিশ্বাস কর। এগিয়ে চল—হরে, হরে। চিঠি

বাজার ক'রো না। আমার হাত ধরে কে লেখাচ্ছে। এগিয়ে চল, হরে হরে" ('বাণী ও রচনা', ৬।৪৫৭)।

আমরা বলিয়া আদিয়াছি, স্বামীন্ত্রী গোটা জুন মাসটা হয়তো চিকাগোতেই কাটাইয়াছিলেন। অতঃপর বন্ধুদের আমন্ত্রণে বাকী গ্রীয়নালটা কাটাইবার জন্ম আমেরিকার পুর্বাঞ্চলে গিয়াছিলেন। ইহা তাঁহার নিউ ইয়র্ক প্রেদেশের ফিস্কিল ল্যাণ্ডিং হইতে লিখিত ১৮৯৪-এর জুলাইর পত্র ও ম্যাসাচুসেটস্-এর অন্তর্গত সোয়াম্স্কট হইতে লিখিত ২৬শে জুলাই-এর পত্রে জানিতে পারা য়য় । ফিস্কিল ল্যাণ্ডিং-এ তিনি নিউ ইয়র্কের পুর্বপরিচিত বন্ধু ডাঃ গার্নসী ও তাঁহার জীর আতিথ্য গ্রহণ করিয়াছিলেন। সোয়াম্স্কটে কাহার বাড়ীতে ছিলেন, তাহা জানা নাই; তবে ঐ সময়টা য়ে খুব আনন্দে কাটিয়াছিল, তাহা তাঁহার পত্রের প্রতি পঙ্কিতে প্রকাশ। হেল ভগিনীগণকে তিনি উপহাসচ্ছলে লিখিয়াছিলেন: "য়থন ভাবি তোমরা চার জনে গরমে ভাজা পোড়া সিদ্ধ হয়ে য়াচ্ছ, আর আমি এখানে কি ভোফা ঠাণ্ডা উপভোগ করছি, তথন আমার আনন্দ শতগুণ বেড়ে য়য়। আ হা হা হা!"

হৃ:থের মধ্যেও আনন্দবিহ্বল হওয়ার একটা বিশেষ কারণ ছিল এই ষে, ইহার পূর্ব পর্যন্ত কর্মবান্ততা, টাকাকড়ি, জিনিসপত্রের হিসাব ও তদ্বির এবং ছিল্ডা বা বক্তৃতার চিন্তায় তিনি অতিমাত্র ব্যন্ত ও বিত্রত ছিলেন। স্থলর পরিবেশ-মধ্যে, নগরের কোলাহল হইতে দ্রে, বন্ধুপরিবারের আদর্যত্নের মধ্যে নিশ্চিম্বানে আরামে দিন কাটাইবার এমন স্থযোগ তো তিনি খুব বেশী পান নাই। ধ্যানসিদ্ধ ও ধ্যানপরায়ণ তাঁহার নিকট আমেরিকার জীবন ইহার পূর্বে অতিশয় অস্বাভাবিক বলিয়াই মনে হইত। ভগিনী নিবেদিতা লিখিয়াছেন, "১৮৯৩ খুষ্টান্দে চিকাগোতে হাঁহারা স্বামীজীর স্থপ-স্বাচ্ছল্যের ব্যবস্থা করিয়াছিলেন তাঁহাদের মধ্যে এখনও এমন অনেকে আছেন, হাঁহারা বলেন, পাশ্চান্ত্যে আসার অব্যবহিত পরে কত কটে তাঁহাকে সর্বদা ধ্যানে ড্বিয়া যাওয়ার অভ্যাস কাটাইতে হইয়াছিল। ট্রামে উঠিয়া হয়তো চিন্তামগ্র হইয়া ভূলিয়া যাইতেন ঠিক কোথায় নামিতে হইবে, যাহার ফলে ঐ একই জায়গায় যাইবার জন্ম ট্রাম লাইনের এক সীমা হইতে অপর সীমা পর্যন্ত বারবার টিকেট কাটিতে হইত।" ('মান্টার আ্যান্ধ আই স হিম')। ১৮৯৪-এর জুলাই মানে ঐ ভাব কিছুটা কাটিয়া গিয়াছিল, যদিও শক্রদের উৎপীড়ন পূর্ববংই চলিয়াছিল। কিন্তু তখন এই সম্পূর্ণ

জবসর হইতে লব্ধ জানন্দের নিকট ছর্জনের নিন্দাবাদও হার মানিতে বাধ্য হইয়াছিল।

ঐ পত্রেই আছে: "নিউ ইয়র্ক প্রদেশের কোন স্থানে মিদ কিলিপ্দের পাহাড় হ্রদ নদী জন্পলে ঘেরা স্থলর একটি স্থান আছে। আর কি চাই। আমি যাচ্ছি স্থানটিকে হিমালয়ে পরিণত ক'রে দেখানে একটি মঠ খুলতে—নিশ্চম্বই। তর্জন গর্জন, লাথি ঝগড়ায় তোলপাড় এই আমেরিকায় ধর্মের মতভেদের আবর্তে আর একটি নৃতন বিরোধের সৃষ্টি না ক'রে এ দেশ থেকে যাচ্ছি না।" হইচই ছাড়িয়া জনকয়েকমাত্র আগ্রহনীল ব্যক্তিকে আপন ভাব সম্পূর্ণরূপে শিখাইবার ইচ্ছা তিনি পুর্বেও প্রকাশ করিয়াছিলেন। এই চিঠিতে জ্বানা যায়—ঐ ইচ্ছাই আরও গভীরতা লাভ করিতেছে। দীর্ঘকাল আমেরিকায় থাকিয়া বেদাস্তকে দুঢ়ভিত্তিক করিবার অভিপ্রায়ও ইহাতে স্থব্যক্ত। এই চিঠিতেই তিনি আরও লিখিয়াছিলেন, "আমি গ্রীনএকারে যাচ্ছি। ...গ্রীনএকার থেকে ফেরবার পথে करमक नित्तत क्रम ज्यानित्यामा याच भिरमम चार्गमीत मरक राज्या करवात জন্ম।" যতদূর জানিতে পারা যায়, গ্রীনএকারেই ব্যক্তিগতরূপে ও প্রণালীবদ্ধ-ভাবে তাঁহার শিক্ষাদানকার্যের ফ্ত্রপাত হয়। এই গ্রীম্মকালেই তাঁহার কার্য-ধারায় আর একটি আমূল পরিবর্তন আদিতেছিল—তিনি অর্থের বিনিময়ে ধর্মপ্রচার করা অমুচিত বলিয়া বোধ করিতেছিলেন এবং পূর্বে ষেভাবে অর্থ-সংগ্রহের জন্ম ঘুরিতেছিলেন, তাহা পরিত্যাগ করারই সিদ্ধান্ত গ্রহণ করিতে-২০শে আগদ্টের এক পত্তে তিনি লিথিয়াছিলেন, "অর্থসংগ্রহের সবরকম মতলব ছেড়ে দিয়েছি, এবং একগ্রাস অর ও একখানি কুটার পেলেই আমি খুশী হয়ে কান্ধ করতে থাকব" (C.W.V. 39)। এ ভাব অসাফল্যের দক্ষন খাদে নাই, আদিয়াছিল সম্ভবতঃ গ্রীনএকারেরই কার্বের সাফল্যদর্শনে খার অর্থের প্রতি স্বীয় বিতৃষ্ণা হইতে। গ্রীনএকার হইতে ৩১শে জুলাই তারিখে তিনি লিখিয়াছিলেন, "এই সেদিন রাত্রিতে ছাউনির সকলে একটা পাইন গাছের তলায় ভতে গিয়েছিল—আমি রোজ প্রাতে ঐ গাছতলাটায় হিন্দু ধরনে বলে এদের উপদেশ দিয়ে থাকি। অবশ্র আমিও তাদের সঙ্গে গেছলাম—তারকা-থচিত আকাশের নীচে জননী ধরিত্রীর কোলে **ও**য়ে রাতটা বড় আনন্দেই त्करोहिन—चामि त्ला এই चानत्मत्र नवहेकू उपलांश करत्रहि। এक वश्नत्र হাড়ভাঙা থাটনির পর এই রাজিটা বে কি আনন্দেকেটেছিল-মাটিতে শোওয়া,

বনে গাছতলায় বসে ধ্যান—তা তোমাদের কি ব'লব ! সরাইয়ে বারা রয়েছে তারা অল্পবিত্তর অবস্থাপন্ন, আর তাঁবুর লোকেরা স্থস্থ সবল শুদ্ধ অকপট নরনারী। । । । এদের শিক্ষা দিয়ে আমিও পরম আনন্দ ও গৌরব বোধ করছি। ভগবানকে ধগুবাদ যে তিনি আমাকে নিঃস্থ করেছেন ; ঈশ্বরকে ধগুবাদ যে, তিনি এই তাঁবুবাসীদের দরিন্দ্র করেছেন।" আর ৩১শে আগস্ট তিনি আলাসিন্ধাকে লিখিলেন, "তুমি তো জান—টাকা রাখা, এমন কি টাকা ছোঁয়া পর্যন্ত আমার পক্ষে বড় মুশকিল। উহা আমার পক্ষে বেজায় বিরক্তিকর আর ওতে মনকে বড় নীচু ক'রে দেয়। । এই নিস্পৃহতা বা অর্থবিত্ত্তা যে কথার কথা ছিল না, তাহা হেল ভগিনীদিগকে লিখিত ১১ই আগস্টের পত্রেই প্রমাণিত হয়। উহাতে আছে: "কেনিলওয়ার্থের মিদেস প্র্যাট নামী এক চিকাগোবাসিনী মহিলা আমার প্রতি বিশেষ আরুষ্ট হয়ে পাঁচশত ভলার দিতে চান। আমি প্রত্যাখ্যান করেছি। আমায় কিন্তু কথা দিতে হয়েছে যে, অর্থের প্রয়োজন হলেই তাঁকে জানাব। আশা করি, ভগবান আমাকে সেরপ অবস্থায় কেলবেন না। একমাত্র তাঁর সহায়তাই আমার পক্ষে পর্যাপ্ত।"

বৈহাতিক আলোকের প্রথম প্রচলনকারী বৈজ্ঞানিক মোজেস গেরিস ফার্মারের কন্তা কুমারী সারা ফার্মার 'গ্রীনএকার রিলিজিয়াস কনফারেল্ল'-এর (ধর্মসম্মেলনের) প্রতিষ্ঠান্ত্রী ছিলেন। সম্মেলনে সর্বসম্প্রদায়ের নরনারী আসিতে পারিতেন এবং উহা গ্রীমকালে মেইন প্রদেশের ইলিয়ট নগরের নিকটবর্তী গ্রীনএকারে সমবেত হইত। সম্মেলনের সভাগণ বাঁধাধরা নিয়মে ধর্মাহ্বসরণ না করিয়া প্রগতিশীল স্বাধীন দৃষ্টি লইয়া উহাতে নিরত হইতেন। অতএব বেদাস্ত ছইতে প্রেতবিদ্যা পর্যন্ত গান্তীর্যপূর্ণ ও উদ্ভট সর্বপ্রকার মতবাদেরই স্থান ছিল এবং ধর্ম-সাধনার সহিত ধর্ম ও নীতিবিষয়ক বক্তৃতাদিও হইত। স্বামীলী কুমারী ফার্মারের আমন্ত্রণে যে বংসর প্রথম সেধানে যান, এবং যে বারের কিঞ্চিৎ বর্ণনা আমরা তাঁহার পত্র হইতে উদ্ধৃত করিয়াছি, নে বারের বক্তাদের মধ্যে ডাঃ লুই জি. জেনস্ও ছিলেন। ইনি ছিলেন ক্রকলিনের 'এথিক্যাল কালচার সোসাইটির' (নৈতিক উৎকর্ষসাধক সমিতির) প্রেসিভেন্ট। গ্রীনএকারে আসায় পূর্বেই নিউ ইয়র্কে স্বামীলী ইহার সহিত পরিচিত হইয়াছিলেন। গ্রীনএকারে সে পরিচয়্ব ঘনিষ্ঠ বন্ধুছে পরিণত হয় এবং স্বামীলী পরে ঐ ক্রক্লিনের

সোদাইটিতে বক্তা প্রদান করেন। ঐ সমেলনে শ্রীযুক্তা ওলি ব্লও আগষ্ট মাদের তিন সপ্তাহ কাটাইয়াছিলেন; সম্ভবতঃ তখনই স্বামীজীর সহিত তাঁহার ঘনিষ্ঠ পরিচয় হয়। সেখানে সমবেত সাধকগণ বিভিন্ন প্রকৃতির ও বিভিন্ন সম্প্রদায়ভুক্ত হইলেও তাহাদের সরলতা, নিষ্ঠা ও আগ্রহ দেখিয়া স্বামীজী ঐ সম্প্রেলনের প্রতি বিশেষ আরুষ্ট হইয়াছিলেন। এই দলটি কোন মতবাদকে কেবল মতবাদ হিসাবে না লইয়া উহাকে কার্মে পরিণত করার যে উৎসাহ দেখাইতেন, তাহাতে স্বামীজী অভিভূত হইয়াছিলেন। তাই শ্রীযুক্তা ওলি বুল এক সময়ে তাঁহাকে অর্থ সাহায়্য করিতে উত্যত হইলে তিনি ঐ অর্থ গ্রীনএকারের জন্ম বায় করিবার পরামর্শ দিয়াছিলেন: "আমার সরল বিশ্বাস এই যে, আপনার এ বৎসরের দান কুমারী ফার্মারের গ্রীনএকার-এর কাজে দেওয়া উচিত। ভারত অপেক্ষা করতে পারবে—যেমন বহু শতান্ধী ধরে অপেক্ষা করে আসছে। তাছাভা হাতের কাছে যে কাজটা পড়ে সেটাই আগে করতে হয়।" গ্রীনএকারের মঙ্গলচিন্তা কুমারী ফার্মারকে লিখিত তাঁহার ১৮৯৫ খুষ্টান্দের ডিসেম্বর মানের পত্রেও প্রকাশ পায়। পরবর্তী কালে স্বামী সারদানন্দ এবং স্বামী অভেদানন্দও এই গ্রীনএকার সম্মেলনে যোগ দিয়াছিলেন।

গ্রীনএকারের নদীর ধারে সমতলভূমিতে ছোট-ছোট তাঁব্ ফেলিয়া অল্পবিজ সাধকরা বাস করিতেন; আর পাহাড়ের উপরে সরাইয়ে থাকিতেন ধনী আগস্ককরা। মধ্যস্থলে ঢাল্ জমির উপর ফেলা হইত একটা বড় তাঁব্, যাহার নাম ছিল 'হল অব পিস্' বা 'শাস্তির আগার'। এথানেই বক্তৃতা ও বছ মতের উপাসনা অস্তুস্ত হইত। স্বামীজী বেলাস্তশিকা দিতেন কিঞ্চিং দূরে একটি পাইন বা সরল গাছের তলায় হিন্দুমতে বিদয়া। এই গাছটিকে বলা হইত 'স্বামীজীর পাইন'। ঐ বংসর ৩০শে জুলাই প্রচণ্ড বড়ে তাঁব্গুলি ভূপাতিত হয়। ইহার রহস্তপূর্ব বর্ণনা পাই স্বামীজীর ৩১শে জুলাইর পত্রে, "কাল এখানে একটা ভয়ানক ঝড় উঠেছিল—তাতে তাঁব্গুলোর উত্তম-মধ্যম 'চিকিংসা' হয়ে গেছে। যে বড় তাঁব্র নীচে তাদের এইসব বক্তৃতা চলছিল, ঐ 'চিকিংসার' চোটে সেটির এত আধ্যাত্মিকতা বেড়ে উঠেছিল বে, দেটি মর্ত্যলোকের দৃষ্টি হ'তে সম্পূর্ণ অন্তর্হিত হয়েছে, আর প্রায় ত্ল' চেষার আধ্যাত্মিক ভাবে গদগদ হয়ে জমির চারিদিকে নৃত্য আরম্ভ করেছিল !" গ্রীনএকারে স্বামীজী সম্ভবতঃ তুই সপ্তাহেরও অধিক ছিলেন। অতঃপর তিনি আবার বক্তৃতা দিতে অক্তর্য চলিয়া যান।

১১ই আগস্ট (১৮৯৪) তিনি হেল ভগিনীদের লিখিয়াছিলেন, "রবিবার বক্ততা দিতে যাচ্ছি প্লিমাথে কর্নেল হিগিনসনের 'সিম্পেথি অব বিলিজিয়ন্স'-এর (ধর্মসমূহের সহামুভতির) অধিবেশনে।" হিগিনসন ছিলেন উদার প্রগতিপদ্ধী: আমেরিকার সিভিল ওয়ারের সময় তিনি দাসপ্রথা নিবারণের পক্ষে একদল নিগ্রো সৈত্ত প্রস্তুত করিয়া যুদ্ধ করিয়াছিলেন। পরে তিনি সাহিত্যিক হিসাবে খ্যাতি অর্জন করেন। তাঁহার আফুকুল্যে স্বামীজী ১২ই আগস্ট প্লিমাথে 'ক্রী রিলিজিয়ান স্ম্যানোসিয়েশন'-এ (মুক্ত ধর্মসমিতিতে) বক্ততা দেন। প্লিমাথ ছাড়িয়া তিনি পুনর্বার নিউ ইয়র্কের বন্ধু ডা: গার্নসীর ফিস্কিল ল্যাণ্ডিং-এর বাড়ীতে যান। হাড্যন নদীর তীরবর্তী এই কুদ্র শহর হইতে ডিনি অতঃপর ১৬ই আগন্ট শ্রীযুক্তা ব্যাগ্লীর আমন্ত্রণে অ্যানিস্কোয়ামে তাঁহার গ্রীম্মনিবাদে যান। এক বংসর পূর্বে তিনি এখানেই ডা: রাইট-এর অতিথি হইয়াছিলেন: কিছ তথন তিনি অজ্ঞাতপরিচয়, আর এখন সর্বজনবিদিত ও সর্বত্র সম্মানিত। এই গ্রামে তিনি অন্ততঃ ৪ঠা সেপ্টেম্বর পর্যন্ত ছিলেন এবং ঐ দিন হিন্দুধর্ম সম্বন্ধে বক্ততা দিয়াছিলেন। ডা: রাইট সেথানে উপস্থিত থাকিয়া তাঁহাকে শ্রোতাদের নিকট পরিচয় করাইয়া দেন। তারপর স্বামীজী বস্টনে চলিয়া যান ও একটি হোটেলে আশ্রয় গ্রহণ করেন। ক্যাম্বিজের শ্রীযুক্তা ওলি বুলের সহিত তাঁহার পুর্বেই পরিচয় হইয়া থাকিলেও উক্ত মহিলা তথন সম্ভবতঃ নিউ ইয়র্কে ছিলেন ; ইহাই হয়তো হোটেলে উঠিবার কারণ। শ্রীযুক্তা ওলি বুল ছিলেন প্রসিদ্ধ বেহালাবাদক নরওয়ে নিবাসী ওলি বুলের বিধবা পত্নী। তিনি বিহুষী, ধনাধিকারিণী এবং সমাজে প্রতিপত্তিশালিনী ছিলেন। তিনি পরে স্বামীজীকে বছভাবে সাহায্য করিয়াছিলেন।

এইবার বস্টনে স্বামীজীর কর্মময় জীবন, বিশেষতঃ বক্তৃতা প্রদান আরম্ভ হইল। ইহারই মধ্যে তিনি গ্রন্থপ্রনের চেষ্টাও করিয়াছিলেন; ষদিও কার্যতঃ কিছুই হয় নাই। ১১ই জুলাই আলাসিকাকে লিখিত এক পত্রে ঐ বিষয়ে তাঁহার ঔংস্কোর প্রথম আভাস পাই। বস্টন হইতে মেরী হেলকে লিখিত একথানি পত্রেও লেখার সাজ সরয়াম সংগ্রহের সংবাদ পাই; কিন্তু ঐ পর্যন্তই। এই অসাফল্যের প্রধান কারণ সম্ভবতঃ এই যে, ঐ সময়ে তিনি বক্তৃতাদিতে অত্যন্ত বাল্ড থাকায় শাস্তভাবে বসিবারই সময় পান নাই। তথাপি ঐ সময়েই তিনি মাল্রাজ অভিনন্ধনের স্থার্ম উত্তর লিখিয়া পাঠান। তিনি পুত্রক রচনার

কথাও ভাবিতেছেন, এই সংবাদ পাইয়া শ্রীযুক্তা ওলি বুল তাঁহাকে স্বগৃহে থাকিয়া ঐ কার্ষে লিপ্ত হইতে অহুরোধ জানাইলে তিনি সম্মত হইলেন। কিন্তু তাঁহার পূর্বে তিনি একবার বক্তার জন্ত মেলরোজে ঘ্রিয়া আসিলেন। মেলরোজ বস্টন নগরের কিঞ্চিৎ উত্তরে অবস্থিত। সেগানে তিনি অস্ততঃ ত্ইটি বক্তা দেন, শেবেরটি ৩০শে সেপ্টেম্বর রবিবারে। অতঃপর ২রা অক্টোবর তিনি শ্রীযুক্তা ওলি বুলের গৃহে উপস্থিত হইলেন। ওলি বুল তাঁহাকে শ্রুমা করিতেন, স্বামীজীও তাঁহাকে শ্রুমা করিতেন ও 'মা' বলিয়া সম্বোধন করিতেন। শ্রীযুক্তা ওলি বুলের গৃহে অনেক বিছৎ-সম্মেলন হইত; এবং সম্ভবতঃ স্বামীজীকে ত্ই-একবার তাঁহার বৈঠকখানায় একটু-আধটু ভাষণ দিতে হইয়াছিল। এই গৃহেই জগ্রিখ্যাত দার্শনিক পণ্ডিত উইলিয়াম জেমসের সহিত স্বামীজীর পরিচয় হয় এবং সম্ভবতঃ এইবারে এখানেই উক্ত পণ্ডিতের আগ্রহে তিনি সমাধিতে নিময় হইয়া ঐ বিষয়ে তাঁহাকে এই রহস্তের প্রত্যক্ষ পরিচয় দেন। কিন্তু এই গৃহে আসিয়াও পুন্তকপ্রণয়ন সম্ভব হইল না।

শান্তিময় জীবনের জন্ম স্বামীজী ক্রমেই অতিমাত্র ব্যগ্র হইয়া উঠিতেছিলেন। ২৭শে সেপ্টেম্বর তিনি আলাসিঙ্গাকে লিথিয়াছিলেন, "···সাধারণের সহিত জড়িত এই বাজে জীবনে এবং থবরের কাগজের হুজুকে আমি একেবারে দিক হয়ে গিয়েছি। এখন প্রাণের ভেতর আকাজ্ফা হচ্ছে—হিমালয়ের সেই শান্তিময় ক্রোড়ে ফিরে যাই।" কিন্তু জীবনের স্রোত একদিকে প্রবাহিত হইতে থাকিলে অকস্মাৎ অন্তদিকে ফিরাইয়া দেওয়া অত সহজ্ঞ হয় না; কাজেই বক্তৃতাপ্রদান তিনি ইচ্ছা করিলেও তখনই থামাইতে পারেন নাই, ইহা আমরা এইমাত্র দেখিয়া আসিলাম। এই কারণেই তিনি ওলি বুলের গৃহে নয়-দশ দিনের অধিক থাকিতে পারেন নাই। সেথান হইতে তিনি ম্যারিল্যাণ্ডের অন্তর্ভুক্ত বাণ্টিমোর শহরে উপনীত হইলেন ১২ই অক্টোবর সন্ধ্যায়।

স্বামীন্ত্রী বাণ্টিমোরে গিয়াছিলেন ক্রম্যান প্রাত্ত্রন্থ তথান্টার, হিরাম ও কার্ল-এর আহ্বানে। তিন প্রাতাই তথন যুবক—বয়স কাহারও বাইশ-তেইশ এর উপরে নহে; কিন্তু তিন জনেই ছিলেন অত্যন্ত আদর্শবাদী, উচ্চমশীল ও বিপদের প্রতি ক্রক্ষেপহীন। জীবন তাঁহাদের ছিল নানারূপ পরিবর্তন ও অনিশ্রেবরণের সমষ্টিস্বরূপ। স্বামীন্ত্রী বথন বাণ্টিমোরে বান, তথন বড় ত্ই ভাই নামে ধর্মবাক্রক হইলেও নানা সমাক্রসংস্কার ও রাজনীতিক আন্দোলনাদিতে জড়িত ছিলেন। তভীয়ের অভাবও ঐরপ হইলেও তিনি তথনও ধর্মযাজক হইবার জন্ম অধায়নে রত। ইহারা কিরুপে স্বামীজীকে ধরিলেন এবং কেনই বা তিনি তথায় যাইতে দম্মত হইলেন স্থানা নাই। হয়তো স্থবক্তা ভ্রাতৃত্রয় বাণ্টিমোর সম্বন্ধে এবং তাঁহাদের পরিকল্পিত 'আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়' সম্বন্ধে নানা কথা বলিয়া স্বামীজীর বিশ্বাদোৎপাদন ও চিত্তজম করিয়াছিলেন। স্বামীজী প্রচারের জন্ম উদগ্রীব তো ছিলেনই, আবার আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের আদর্শ তাঁহার थवरे ভान नागियाहिन। किन्ह निज जीवत्न प्रःमार्शनक क्यान लाज्वय थ्व বেশী অতিথিপরায়ণ বা অপরের স্থ্য-স্বাচ্ছন্য বিষয়ে সাবধান ছিলেন বলিয়া মনে হয় না। স্বামীজীকে স্বগৃহে না রাথিয়া ওয়ান্টার ক্রম্যান তাঁহাকে লইয়া নিম্নশ্রেণীর হোটেলে হোটেলে ঘুরিয়া বেড়াইতে লাগিলেন--যদি কোথাও স্থান মিলে। কিন্ধ বাণ্টিমোরে বর্ণবিদ্বেষ যথেষ্ট চিল—ময়লাবর্ণের স্বামীজীর কোথাও স্থান মিলিল না। স্থগত্যা ওয়ান্টার একটা প্রথম শ্রেণীর হোটেলে, 'হোটেল রেয়ার্ট'-এ গিয়া স্থান পাইলেন এবং তাঁহাকে সেখানে রাখিয়া সরিয়া পড়িলেন। অবশ্ব স্বামীন্দ্রী এই বিপরীত পরিবেশের মধ্যেও বিনুমাত্র দুঃখিত বা বিচলিত इन नारे। ১२रे चारकोपरतत महााग्र वान्तिसारत भन्नार्भरनत आग्र मरक 'বাল্টিমোর আমেরিকান' পত্রিকার সংবাদদাতা তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আসিয়া দেখিলেন, তিনি বৈঠকখানায় শাস্তভাবে রাজোচিত ভন্গীতে বসিয়া পাছেন। পরদিন 'দাণ্ডে হেরাল্ডের' সংবাদদাতাও তাঁহাকে ঐরপ অবস্থায়ই দর্শন করিলেন। উভয় পত্রিকায় সাক্ষাৎকারের বিবরণ প্রকাশিত চইয়া স্বামীজীকে অচিরে বাণ্টিমোরে পরিচিত করিয়া দিল। বিতীয় সাংবাদিককে হিরাম ক্রম্যান এই কথাও বলেন যে, স্বামীজী 'আন্তর্জাতিক বিশ্ববিভালয়' বা 'টেম্পল ইউনিভার্স্যাল' (বিশ্বমন্দির) স্থাপনে আগ্রহশীল।

১৪ই অক্টোবর রবিবার, ক্রম্যাণ ভ্রাতৃগণ তাঁহাদের আদরের বিষয় 'বিত্যুৎপ্রায় ধর্ম' সম্বন্ধে বক্তৃতা দেন, এবং সংবাদদাতার মতে সর্বশেষ বক্তা স্বামীজী ঐ বিষয়ে কিছু বলিয়া "তাঁহাদিগকে সাহায়্য করেন" (অর্থাৎ তাঁহাদের বক্তব্য সহজ্ববোধ্য ও পরিপুষ্ট করেন)। বক্তৃতায় তিনি বলেন, মূখে বেশী বাগাড়ম্বর না করিয়া ধর্মজীবন যাপন করাই শ্রেয়ঃ, আর ভারতে অধিকসংখ্যক মিশনারী নঃ পাঠাইয়া অর্থসাহায়্য প্রেরণই বাঞ্কনীয়।

সম্ভবতঃ ইহার স্বর পরেই স্বামীকীকে আর হোটেলে থাকিতে হয় নাই;

ভিনি অপরের গৃহে স্থান পাইরাছিলেন, কেননা ভিনি ২৭শে অক্টোবরের এক পত্তে প্রীযুক্তা ওলি বুলকে জানাইয়াছিলেন, "বান্টিমোরে এক হোটেলওয়ালার নিকট আমি যে তুর্ব্যবহার পেয়েছি, সেজগু আপনি তৃঃখিত হবেন না। যেমন সর্বত্রই হয়েছে, এখানেও তেমনি—আমেরিকার নারীগণ আমাকে এই বিপদ হ'তে উদ্ধার করেছিলেন, তারপর আমি বেশ স্বছলে ছিলাম।" হয়তো কলিকাতার আমেরিকান কন্সাল জেনারেলের স্ত্রী প্রীযুক্তা প্যাটার্সনও এই সাহায্যকারিণীদের মধ্যে ছিলেন।

বাণ্টিমোরের দ্বিতীয় সভা হয় ২১শে অক্টোবর, রবিবারে। এই সভায় প্রধান বক্তা ছিলেন স্বামীন্দ্রী স্বয়ং এবং বিষয় ছিল, 'বৃদ্ধ'। শ্রোভার সংখ্যা ছিল তিন সহস্র।

বাল্টিমোর হইতে তিনি ২৩শে অক্টোবর ওয়াশিংটনে পৌছিয়া শ্রীযুক্তা এনোক টটেনের আতিথা গ্রহণ করিলেন। ওয়াশিংটন হইতে ২৬শে অক্টোবর তিনি ইসাবেলকে যে পত্র লিখেন, তাহাতে প্রকাশ, তিনি ওয়াশিংটনে আরও এক সপ্তাহ থাকিয়া কিলাডেলফিয়া যাইবেন। উহাতে আরও জানা যায়, তাঁহার পরিচিত অক্ষ ঘোষ ইংলণ্ডে যে কুমারী ম্লারের পোছপুত্ররূপে বাস করিতেন, সেই মহিলা তাঁহাকে ইংলণ্ডে যাইবার আমন্ত্রণ জানাইয়াছেন, এবং তিনিও শীতে যাইবার কথা ভাবিতেছেন। অবশ্র যাওয়া তথনই হয় নাই।

ভয়াশিংটনে তিনি পিপল্স চার্চের ধর্মযাক্ষকের অন্থরোধে ২৮শে অক্টোবর ঘূইবার বক্তৃতা দেন, এবং ঐদিনই এক সাংবাদিকের সহিত বার্তালাপ করেন। সেথান হইতে তিনি পুনর্বার বাল্টিমোরে যান এবং ২রা ও ৫ই নভেম্বর সেথানে বক্তৃতা করেন। ইহার পর ৬ই নভেম্বর মঞ্চলবারে ওয়াশিংটনে ফিরিয়া १ই তারিখে ফিলাভেলফিয়া যাত্রা করেন। অধ্যাপক রাইট তথন ফিলাভেলফিয়াতে ছিলেন।

তারপর ৫ই ডিসেম্বর পর্যন্ত স্বামীজ্ঞীর সম্বন্ধে কোন সংবাদ পাওয়া যায় না।
তবে মেরী হেলকে লিখিত একখানি পত্রে আছে: "অধ্যাপক রাইটের সজে
দেখা করবার জ্ঞাই ফিলাডেলফিয়ায় মাত্র দিনকয়েক থাকব। ওখান থেকে
নিউ ইয়র্ক। বার কয়েক নিউ ইয়র্ক—বস্টন দৌড়াদৌড়ি ক'রে ডেট্রয়েট হয়ে
চিকাগোয় যাব। তারপর প্রবীণ সিনেটর পামার বেমন বলেন—'সাঁ ক'রে ইংলও'।"
('বাণী ও রচনা,' ৬।৫০১)। তিনি এই সময়ে ক্লান্তিবোধ করিতেছিলেন এবং

একজায়গায় স্থির হইয়া বসিয়া খ্যান-ধারণা ও ঘনিষ্ঠভাবে লোকশিক্ষায় কাল কাটাইবার আগ্রহ তাঁহার মনে প্রবলতর হইডেচিল। তাই ২৭শে অক্টোবর चानामिकारक निशिवाहित्नन, "এখন একট বিশ্রাম করিতে চাই।...स्যानसात्रना ख অধায়নের উপরই আমার ঝোঁক। ... আমি একণে আমার গুরুদেবের নিকট হইতে যাহা পাইয়াছি, ভাহাই লোককে একটু শিক্ষাদিব।" তবে তিনি বুঝিতে পারিয়া-ছিলেন, বিশ্রাম পাওয়া তথন তাঁহার আয়তাধীন ছিল না; মেরীকে লিখিত পুর্বোদ্ধত চিঠিতেই আছে: "আলাদিকা লিখেছে, দেশজুড়ে গ্রামে গ্রামে আমার নাম রটেছে। ফলে পূর্বেকার দে শান্তি আর রইল না; এরপর আর কোথাও বিশ্রাম বা অবসর পাওয়া কঠিন। তর্ত্তপক্ষে এখানে এসেছিলাম নিঃশব্দে কিছু অর্থসংগ্রহের উদ্দেশ্যে; কিন্তু ফাঁদে পড়ে গেছি, আর এখন চুপ:চাপ থাকতে পারব না।" আমেরিকার কাজের ধারা ও উদ্দেশ্য সম্বন্ধেও এই সময়ে স্বামীজীর দৃষ্টিভঙ্গী পরিবর্তিত হইতেছিল, ইহা আমরা পূর্বেই বলিয়া আসিয়াছি। বিদেশের সহিত ভারতের যোগাযোগ সম্বন্ধেও তাঁহার মত স্পষ্টতর হইয়াছিল। আলাসিকাকে লিখিত উপরোক্ত পত্তে আছে: "ভটাচার্য আমাকে ভারতে ষাইতে লিখিতেছেন। এস্থান প্রচারের উপযুক্ত ক্ষেত্র। বিভিন্ন মতবাদ লইয়া কি করিব ? আমি ভগবানের দাস। উচ্চ উচ্চ তত্ত্ব প্রচার করিবার উপযুক্ত ক্ষেত্র এদেশ অপেকা কোথায় পাইব ?…কোন ব্যক্তি—কোন জাতিই অপর্কে ছলা করিলে জীবিত থাকিতে পারে না। যথনই ভারতবাসীরা 'ক্লেছ্ড'-শব্দ আবিষ্কার ক্রিল ও অপর জাতির সহিত স্ব্রিধ সংশ্রব পরিত্যাগ ক্রিল, তথনই ভারতের অদৃষ্টে ঘোর দর্বনাশের স্তরপাত হইল।" রাজা প্যারীমোহন মুখার্জিকেও তিনি লিখিয়াছিলেন, "আমাদিগকে পৃথিবীর সকল জ্বাতির সহিত মিশিতে হইবে।… পাশ্চান্ত্য জাতিগণ জাতীয় জীবনের যে অপুর্ব সৌধ নির্মাণ করিয়াছেন, দেওলি চরিত্ররূপ শুদ্ধের উপর প্রতিষ্ঠিত। যতদিন না আমরা এইরূপ শতশত উৎকৃষ্ট চরিত্র স্থাষ্ট করিতে পারিতেছি, ততদিন এ-জ্বাতি বা ও-জ্বাতির বিরুদ্ধে বিরক্তি প্রকাশ ও চীৎকার করা বুথা।" ('বাণী ও রচনা', ৭।৩৮-৩৯ প:)।

এই সময়ের দিনপঞ্চী একটু গভীরভাবে নিরীক্ষণ করিলে মনে হয়, নভেম্বর মাসটা স্বামীক্ষী নিউ ইয়র্কে কাটাইয়াছিলেন, এবং ঐ সময়মধ্যে সেখানে বেলাস্ক প্রচারের কেন্দ্ররূপে একটি সমিতি গঠন করিয়াছিলেন। স্বালাসিকাকে লিখিত একধানি পত্তে ঐ সমিতির উল্লেখ স্বাছে। (ঐ, ৭।৪৪ গৃঃ)।

৫ই ডিসেম্বর তিনি ক্যাম্বিজে শ্রীযুক্তা ওলি বুলের গৃহে উপস্থিত হইলেন ও ২৮শে ডিসেম্বর পর্যন্ত সেখানে থাকিরা ঐ বাড়ীরই বৈঠকখানায় শাস্ত্রবাখ্যানাদি চালাইতে লাগিলেন। এই প্রবচনগুলি সম্বন্ধে "ক্যাম্বিজের ক্লাশগুলিতে উপস্থিত থাকিতেন এরূপ এক ব্যক্তি লিখিয়াছেন, 'তিনি (হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের) ছাত্রদের এমন সব দার্শনিক সমস্থার সমাধান করিয়া দিয়াছিলেন যেগুলির মধ্যে পড়িয়া তাহারা ছাত্রাবস্থায় বোরপাক খাইতেছিল।'" ('নিউ ডিসকভারিজ্', ৪৬৫ পু:)।

স্বামীজী ক্যাম্বিজে যে কয়টি ভাষণ দিয়াছিলেন, তয়ধ্যে শ্রীয়ৃক্তা বুলের অম্বরোধে প্রদত্ত 'ভারতীয় নারী'-শীর্ষক ভাষণটিই সর্বাধিক মনোজ্ঞ হইয়াছিল। বক্তৃতা-শেষে তিনি স্বীয় জননীর প্রতি মৃক্তকণ্ঠে প্রাণঢালা শ্রদ্ধা নিবেদন করিয়াছিলেন। হিন্দু-নারী-জীবনের আদর্শবিষয়ে এই প্রেরণাপূর্ণ নবালোক পাইয়া বস্টন ও ক্যাম্বিজের নারীসমাজ এত মৃয় হইয়াছিলেন য়ে, তাঁহারা স্বতঃ-প্রণোদিত হইয়া স্বামীজীর অজ্ঞাতসারে তাঁহার মাতৃদেবীকে মেরী-ক্রোডে যীশুর একথানি চিত্রসহ একথানি অভিনন্দনপত্র পাঠাইয়া তাঁহার প্রতি হাদিক শ্রদ্ধা জ্ঞাপন করিয়াছিলেন। পত্রথানি এই:

"স্বামী বিবেকানন্দের পুজনীয়া জননীর প্রতি

"ঠাকুরানী, আজ মেরীপুত্র ভগবান যীশুর জন্মদিন। সেই মহাপুরুষ জগতে যে অম্ল্য রত্ম বিতরণ করিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া আজ চতুর্দিকে আনন্দরোল উঠিতেছে। এই শুভক্ষণে আমরা আপনাকে অভিবাদন করিতেছি, কারণ আপনার পুত্র এক্ষণে আমাদিগের মধ্যে অবস্থান করিতেছেন।

"কয়েক দিন পুর্বে তিনি এখানে ভারতের মাতৃত্বের আদর্শ সম্বন্ধে যে বক্তা দিয়াছিলেন, তাহাতে বলেন য়ে, এখানকার আবালবৃদ্ধবনিতার কল্যাণার্থ তিনি যাহা কিছু করিতে সমর্থ হইয়াছেন, তাহা কেবল আপনার শ্রীচরণাশীর্বাদে। সেদিন বাহারা তাঁহার কথা ভনিয়াছেন, তাঁহারা মনে করেন, তাঁহার জননীকে জর্চনা করিলে দিবাশক্তি ও আত্মোয়তি লাভ হয়।

"হে পুণাচরিতে, আপনার জীবনের কার্যসমূহ আপনার সম্ভানের চরিত্রে প্রতিফলিত। সেই মহৎকার্যের মাহাত্ম্য সম্যক উপলব্ধি করিয়া আমরা আপনার প্রতি আমাদের হৃদয়ের ক্বতজ্ঞতা নিবেদন করিতেছি; অন্তগ্রহপূর্বক উহা গ্রহণ কল্পন। আশা করি, এই কুল্ল প্রজা উপহার সকলকে শ্বরণ করাইয়া দিবে ধে, জগতে ভ্রাতৃভাব, একপ্রাণতা, ও ধূর্মরাজ্যের প্রতিষ্ঠা অচিরে অবশ্রস্তাবী।" (বাঙ্গলা জীবনী, ৫৪১-৪২)।

ক্যান্থিজের ভাষণগুলির আর একটি ফল এই হইয়াছিল বে, তিনি ১৮৯৬ খুষ্টাব্দের মার্চ মানে 'গ্রাক্ষেট ফিলোসফিক্যাল সোসাইটি অব্ হার্ভার্ড ইউনিভার্সিটিতে' বক্তৃতা প্রদানের জন্ম আছত হইয়াছিলেন। এই কথা আমরা যথাস্থানে বলিব।

স্বামীজীর সম্বর্ধনার্থ ক্রকলিনের শ্রীযুক্ত চার্লস এম. হিগিনস ২৮শে ডিসেম্বর শুক্রবারে (১৮৯৪ খু:) তথায় যে সাদ্ধাসন্মেলনের আয়োজন করেন, উহাতে যোগ দিবার জন্ম স্বামীজী ঐ দিন ক্যাম্বিজ হইতে ক্রকলিনে যান। 'ক্রকলিন এথিক্যাল আাসোসিয়েশনের' অনেক সভাও ঐ সম্মেলনে সমবেত হইয়াছিলেন: তাছাড়া আরও আদিয়াছিলেন স্বামীন্ধীর শিশু ল্যাওস্বার্গ, পূর্বপরিচিতা কুমারী ফিলিপদ ও উক্ত এথিক্যাল অ্যানোদিয়েশনের (নৈতিক সমিতির) সভাপতি ডা: জেনস। নৈতিক সমিতি ১৮৮৫ খুষ্টাব্দে তাঁহারই সভাপতিত্বে প্রতিষ্ঠিত হয়। ইনি স্বামীজীর একনিষ্ঠ বন্ধ ও প্রষ্ঠপোষক ছিলেন। এীযুক্ত হিগিনসঙ স্বামীজীর বিশেষ বন্ধ ও নৈতিক সমিতির পদাধিকারী ছিলেন। স্বামীজীর ক্রকলিনে পদার্পণের পূর্বে ইনি তাঁহার সম্বন্ধে একথানি দশ পূচার পৃত্তিকা ছাপাইয়া বিতরণ করিয়াছিলেন। ইহারই আমন্ত্রণে স্বামীজী ব্রুকলিনে ও 'ব্ৰুক্লিন নৈতিক সমিতি'তে বক্তৃতা দেন। ব্ৰুক্লিন শহরের প্রথম বক্তৃতা হয় পাউচ ম্যানশনে ৩০শে ডিসেম্বর, রবিবার সন্ধাায়; বিষয় ছিল ভারতীয় ধর্মসমূহ আর সভাপতি ছিলেন ডা: জেনস। বকুতার পরে কিছুক্ষণ প্রশ্নোত্তর চলিয়াছিল। 'ব্রুক্লিন স্ট্যাণ্ডার্ড ইউনিয়নে' এই বক্তুতার যে বিবরণ বাহির হয়, তাহা चामीकीत है: दिकी श्रचारनीत अथम थए 'हिन् दिनिकियान' नारम हाना হইয়াছে। বক্তুতায় কোন প্রবেশ-ফি গৃহীত হয় নাই। প্রশ্লোত্তরকালে স্বামীজীর মুথে আমেরিকায় সর্বপ্রথম এই বার্তাটি বিঘোষিত হয়: "বৃদ্ধ ষেমন প্রাচ্যদেশের জন্ম একটি বিশেষ বাণী লইয়া আসিয়াছিলেন, আমিও তেমনি পাশ্চান্ত্যের জন্ম এক বিশেষ বাণী লইয়া আসিয়াছি।"

প্রথমে কথা ছিল, স্বামীজী ক্রকলিনে একটি মাত্র বক্তৃতা দিবেন। কিন্তু প্রথম বক্তৃতার সাফল্য দেখিয়া পরে আরও বক্তৃতার আয়োজন হয়। এই কালের কার্বাবলী সম্বন্ধে স্বামীজী ১৮৯৫ খুষ্টাব্দের ওরা জাত্ময়ারি শ্রীযুক্তা ওলি বুলকে লিখিয়াছিলেন: "তাঁহাদের অনেকেই মনে করিয়াছিলেন যে, এই জাতীয় প্রাচাদেশীয় ধর্মবিষয়ক বক্তৃতায় ক্রকলিনের জনসাধারণ আরুট হইবে না। কিন্তু ঈশ্বরের আশীর্বাদে বক্তৃতাটি বিপুল সাফলামণ্ডিত হইল। ক্রকলিনের বিদশ্ধন্মাজের প্রায় ৮০০শত জন উপস্থিত ছিলেন, এবং যেসব ভন্তলোক সাফলা সম্বন্ধে সমাজের প্রায় ৮০০শত জন উপস্থিত ছিলেন, এবং যেসব ভন্তলোক সাফলা সম্বন্ধে সন্দেহবান ছিলেন, তাঁহারাই গোটা কয়েক বক্তৃতার আয়োজন করিতেছেন। আমার নিউ ইয়র্কের বক্তৃতাবলীর আয়োজন প্রায় সম্পূর্ণ হইয়াছে; কিন্তু কুমারী থার্সবী নিউ ইউর্কে ফিরিয়া না আসা পর্যস্ত আমি তারিথ ঠিক করিতে চাই না। অতএব কুমারী থার্সবীর বন্ধু কুমারী ফিলিপন্—য়িনি আমার নিউ ইয়র্কের বক্তৃতাবলীর উল্লোক্তা—য়িনি ভি ইয়র্কের কিছু করিতেই চান, তবে তাহা থার্সবীর সহযোগেই করিবেন।" পত্রগানি চিকাগো হইতে লিখিত, এবং হঠাৎ চিকাগো য়াওয়ার ব্যাখ্যাকল্পে তিনি লিখিয়াছেন: "আমি হেল-পরিবারের নিকট অনেক ঋণী; তাই ভাবিলাম, নববর্ষের দিনে হঠাৎ এখানে উপস্থিত হইয়া তাঁহাদিগকে অবাক করিব" (C.W.V.63)। সত্যই স্বামী বিবেকানন্দ যেমন জনপ্রিয় ছিলেন, তেমনি ছিলেন সর্বতোভাবে বন্ধুবৎসল।

ক্রকলিনের নৈতিক সমিতির আফুকুল্যে যে বক্তৃতা কয়টি আয়োজিত ইইয়াছিল উহার বিষয় ও তারিথ এইরূপ নির্দিষ্ট হয়:

নারীর আদর্শ — হিন্দু, মৃসলমান ও খৃষ্টান — ২০শে জাহুয়ারি। ভারতের দৃষ্টিতে বৌদ্ধর্ম — ৩রা ফেব্রুয়ারি। বেদ ও হিন্দুধর্ম; পৌত্তলিকতার অর্থ কি ?—১৭ই ফেব্রুয়ারি।

প্রত্যেকটি বক্তৃতাই হয় রবিবারে এবং ঘোষণায় বলা হয়: "সব বক্তৃতার জন্ম টিকেট—১ ডলার; একটির জন্ম—৫০ দেনট। স্বামী বিবেকানন্দের শিক্ষাকার্য ও নৈতিক সমিতির পৃত্তক প্রকাশ তহবিলের জন্ম এই অর্থ ব্যয়িত হইবে।" সর্বশেষ বক্তৃতাটি নির্দিষ্ট দিনে হয় নাই; কিন্তু ২৫শে ফেব্রুয়ারি স্বামীজী "জগতে ভারতের দান" সম্বন্ধে বক্তৃতা দেন। এতদ্যতীত ঘরোয়া বৈঠকে তিনি ছইটি বক্তৃতা দেন এবং ৭ই এপ্রিল পাউচ ম্যানশনে সর্বশেষ বক্তৃতা দেন—'হিন্দুদের করেকটি রীতি-নীতি; তাহাদের অর্থ ও তাহাদের সম্বন্ধে ভ্ল ধারণা', এই বিষয়ে।

আমরা দেখিয়া আদিয়াছি, চিকাগো ধর্মমহাসভার সময় হইতেই একদল মিশনারী স্বামীজীর শক্রতা করিয়া আদিতেছিলেন; এবং বিরোধ চরম সীমায় উঠে ডেট্রেটে স্বামীজীর জনপ্রিয়তার পরে। ইহার পরে উহা ক্রমে জিমিত হইয়া ভস্মাচ্চাদিত অগ্নিপ্রায় অতি কীণ ভাবে আপনার কার্য চালাইয়া যাইতে থাকিলেও, সে বিরোধ অচিরে চিরতরে নির্বাপিত হইবে বলিয়া বোধ হইয়াছিল। কিছ ক্রকলিনে স্বামীজীর বিতীয় বক্ততা 'নারীর আদর্শ' আবার সে অগ্নিতে ইন্ধন যোগাইল এবং দেখিতে দেখিতে উহা পূর্ণরূপে প্রজ্ঞলিত হইল, যদিও উহা দীর্ঘকাল স্থায়ী হয় নাই এবং পূর্ব পূর্ব বাবের ভায় এবাবেও স্থামীজীর কোন বিশেষ ক্ষতি করিতে পারে নাই; উহা ৩ধু আমেরিকান সমাজে একটা ক্ষণিক চাঞ্চলা ঘটাইয়া চিরতরে নির্বাপিত হইয়া যায়। ব্যাপারটি আরম্ভ হইয়াছিল রমাবাঈ সার্কল (রমাবাঈ-মণ্ডলী) গুলিকে কেন্দ্র করিয়া। পণ্ডিতা রমাবাঈ ছিলেন, মহারাষ্ট্রদেশীয় এক ব্রাহ্মণের বালবিধবা। পিতা তাঁহাকে সংস্কৃত শিখাইয়াছিলেন। বাইশ বংসর বয়সে তিনি কলিকাতার এক ভদ্রলোককে পুনবিবাহ করেন। এই দ্বিতীয় স্বামীরও অকাল মৃত্যুর পর তিনি খুষ্টার্ম গ্রহণ-পूर्वक हे:नए यान ७ हे: दब्बी विद्या अर्कनभूर्वक हिन्तु-वानविधवारमञ्ज त्मवाकार्य আত্মনিয়োগ করেন। এই উদ্দেশ্তে অর্থসংগ্রহের জ্বন্ত তিনি আমেরিকায় যান ও সেদেশে তাঁহার সাহায্যকল্পে আমেরিকান নারীসমাজের অনেকে 'রমাবাঈ সার্কল' নাম দিয়া পঞ্চানটি প্রতিষ্ঠান গড়িয়া তোলেন। ক্রকলিনের মণ্ডলটি এই বিষয়ে অগ্রণী ছিল। সহজে অর্থলাভের উদ্দেশ্যে মিশনারীরা যেমন মুখবোচক কাহিনী ও কুৎসা রটনা করিতেন, রমাবাঈ এবং তাঁহার অফু-গামিনীরাও ঐরপ পথ অবলম্বনে আমেরিকার নিকট ভারতীয় বৈধবাজীবনের এমন এক কাল্পনিক ও বীভংস চিত্র অন্ধিত করিয়াছিলেন যে, স্বামীজী যখন স্বীয় বক্ততায় সত্য ঘটনা খুলিয়া বলিলেন, তখন অনিচ্ছাসত্ত্বেও এবং অজ্ঞাতসারেই রমাবাঈ-মণ্ডলীর দহিত তাঁহার বিরোধের স্বরুপাত হইল। তিনি প্রত্যক্ষতঃ এই বিরোধে বোগদান না করিলেও তাঁহার বন্ধু অধ্যাপক ডাঃ জেনস তাঁহার পক সমর্থনপূর্বক শত্রুপক্ষকে সমূচিত প্রত্যুত্তর দেন। বিরোধ ইহাতেও শাস্ত হয় नारे; क्रायक मान धतियारे हेश हिनयाहिन, विश्वयकः मिननातीलात छन्कानी । ইহার পশ্চাতে ছিল। আবার ২৫শে ফেব্রুয়ারি (১৮৯৫) তারিখে 'জগতে ভারতের দান' বিষয়ক স্বামীনীর বক্তৃতা শেষ হইলে শ্রোতাদের মধ্যে একজন তৎकानीन विভर्कमूनक विषय 'शिन्-विधवा' मधास वामी बीटक विकामा कतिया ्वनित्नन । ७ थन यागी बीत्क वाधा हहेशा वनित्छ हहेन त्य, छात्राछ विधवात्मत्र

প্রতি তুর্ব্যবহার করা হয়, ইহা অতিরঞ্জিত মিথ্যা কথা; আইন অন্থুমায়ী বিধবাদের ব্যক্তিগত সম্পত্তিতে পূর্ণ অধিকার আছে, এবং অন্থ কোন উত্তরাধিকারী না থাকিলে স্বামীর সম্পত্তিতেও তাহার জীবন-স্বত্ব আছে। আর উচ্চপ্রেণীতে বিধবাবিবাহ হয় না প্রাক্তিক নিয়মে। কারণ, তাহাদের মধ্যে পুরুষের সংখ্যা মেয়েদের অন্থুপাতে কম। নিয়বর্ণের মধ্যে বিধবাবিবাহ অপ্রচলিত নহে; আর সতীদাহ প্রথা পূর্বেই বন্ধ হইয়া গিয়াছে। সর্বক্ষেত্রেই বাল্যবিবাহ হয়, এমনও কোন কথা নয়। এই সকল এবং আরও যেসব এই জাতীয় তথ্য স্বামীজী বলিয়াছিলেন তাহাতে রমাবাঈ-মণ্ডলের ক্রোধে ঘুতাছতি পভিয়াছিল মাত্র।

রমাবাঈ-দলের উন্মাও সংবাদপত্তে লেখনী-সঞ্চালন কিছুদিন ধরিয়া চলিলেও স্বামীজীর প্রচারকার্য উহাতে ব্যাহত হয় নাই। প্রকাশ্য বক্তৃতা তো পূর্বনির্দিষ্ট দিনগুলিতে চলিতেই ছিল, ঘরোয়া আলোচনাদিও বেশ জমিতেছিল। ল্যাগুস্বার্গ ২৬শে জাম্মারিতে মেরীকে লিখিয়াছিলেন, "গতকাল (ভক্রবার) ক্রকলিনের শ্রীযুক্তা চার্লস ওয়েলের গৃহে স্বামীজীর ঘরোয়া বক্তৃতাবলী আরম্ভ হইয়াছে। সভায় প্রায় পয়ষটি জন উপস্থিত ছিলেন—ইহাদের অধিকাংশই ভদ্রমহিলা। স্বামীজী 'উপনিষদ্ ও আত্মতত্ত্বের' মূল কথাগুলি বলিয়াছিলেন, এবং তাঁহার বক্তব্য ভানিয়া সকলে খ্ব আনন্দিত হইয়াছিলেন। তাঁহার পরবর্তী আলোচনা বৈঠক হইবে মঞ্চলবারে।"

ক্রকলিনে স্বামীন্ধীর তৃতীয় বক্তৃতা হয় 'ভারতের দৃষ্টিতে বৌদ্ধর্ম' সম্বন্ধে পাউচ্ ম্যানশনে ৩রা ফেব্রুয়ারি। ২৫শে ফেব্রুয়ারি সোমবারে তিনি 'ভারতের দান' সম্বন্ধে লক্ আয়ল্যাণ্ড হিন্টরিক্যাল সোসাইটির হলে বক্তৃতা দেন। এই সব সময়টাই ক্রকলিনের সংবাদপত্রগুলি রমাবাঈ-মণ্ডলীর সহিত স্বামীন্ধীর মত্ত্বিধ লইয়া মাতিয়া উঠিয়াছিল এবং উভয়পক্ষের অনেক বাদপ্রতিবাদ ছাপাইয়া বিরোধটা জাগাইয়া রাথিবারই প্রবৃত্তি দেখাইয়াছিল। সভাসমিতিতেও ল্যোতারা ঐ বিষয়ে প্রশ্ন তৃলিয়া স্বামীন্ধীকে বিত্রত করিতেছিলেন। এই বাদপ্রতিবাদের মধ্যে একটা কথা ফাপাইয়া তোলা হইল যে, স্বামী বিবেকানন্দ হিন্দু-কল্যাদের শিক্ষার বিরোধী। হয়তো ইহারই প্রত্যুত্তরকল্পে ভাঃ জেনস্ সংবাদপত্তের মাধ্যমে ১২ই মার্চ ঘোষণা করেন, "আমরা আশা করি, আমরা এই অনুমানটি সর্বতোভাবে মিধ্যা বলিয়া প্রমাণ করিতে পারিব, বধন এই উদ্দক্তে স্বামী বিবেকানন্দ বাবু শশিপদ ব্যানার্জির শিক্ষাকার্থের সাহায়কল্পে আগামী

বারে ক্রকলিনে বক্তা দিবেন।" আমরা ধরিয়া লইতে পারি, আমীজী তথু প্রয়োজনের থাতিরে ঐ বক্তা দেন নাই; ইহার সহিত তাঁহার হার্দিক সমন্ধ্রও ছিল; কারণ আমরা পুর্বেই দেখিয়াছি, তিনি বালিকাদের শিক্ষার জগু ভারতীয়দিগকে উৎসাহিত করিতেছেন। এই বক্তৃতালক অর্থ ডাঃ জেনস্ 'বরাহনগর বোর্ডিং স্থল ফর হিন্দু উইডোজ' এর সাহায্যকল্পে পাঠাইয়া উহার প্রতিষ্ঠাতা শশিপদবাবুকে লিথিয়াছিলেন, "আমীজীর প্রতি অবিচার না হয়, এইজন্ম আমাকে বলিতে হইবে যে, আপনার বিভালয়ের সাহায্যার্থ বক্তৃতা দিবার প্রত্যাবটি ছিল আমীজীর নিজন্ম, যদিও আমরা সানন্দে তাঁহার স্বেছ্ণা-প্রণাদিত কার্যে সহযোগিতা করিয়াছি।" ('নিউ ডিসকভারিজ্', ৫১৭)।

রমাবাঈ-মণ্ডলীর প্রতিহিংদা-প্রবৃত্তি কতদুর প্রদারিত হইয়াছিল তাহার ইদিত পাওয়া যায় শ্রীযুক্তা বুলকে লিখিত স্বামীন্ধীর ২১শে মার্চের (১৮৯৫ খু:) পতে। উহাতে তিনি জানাইয়াছিলেন যে, এই মণ্ডলীটি তাঁহার চরিত্তে কলভারোপ করিতেছে। আমরা এই বিষয়টি পুর্বেই উল্লেখ করিয়াছি। ব্রুক্তিনের রমাবাঈ-মণ্ডলীর সভানেত্রী শ্রীযুক্তা জেমস্ ম্যাক্কীন ৬ই এপ্রিলের সংবাদপত্তে পুরানো কাস্থন্দি ঘাঁটারই মতো স্বামীজীর বিরুদ্ধে 'নববিধান-সমাজের' প্রচারিত আর একটি অপবাদের কথাও পাঠকবর্গকে স্মরণ করাইয়া দেন: "ব্রাহ্ম সমাজের অফিসিয়াল মুখপত 'ইউনিটি ও মিনিস্টার'-এ এতদূর পर्यस्य तना इरेघाट्य (स, वातू नत्त्रस्त्रनाथ मखरक मार्ननिकद्गरेश ना जानिया তাঁহারা বরং তাঁহাকে নববিধানের থিয়েটারে অভিনেতারূপেই জানিয়াছিলেন।" ('নিউ ডিসকভারিজ্', ৫৩৩ পু:)। লেখিকা ক্রোধোন্মন্তা হইয়া আরও বিভিন্ন দিক হইতে স্বামীজীর বিরুদ্ধে পুরাতন নানা কথার পুনরাবৃত্তি করিয়াছিলেন এবং ডাঃ জেনস্ উহার সমুচিত প্রত্যুত্তর প্রস্তুত করিয়াছিলেন; কিন্তু এক-পক্ষপাতী সংবাদপত্র 'ঈগল' তাহা প্রকাশ করে নাই। এইভাবে ক্রকলিনের জনসাধারণ সত্য হইতে বঞ্চিত রহিল; তথাপি স্বামীজী শশিপদ্বাবুর নারী-বিচ্চালয়ের জন্ম ৭ই এপ্রিল যে বক্ততা দিলেন, তাহাতে প্রতিপক্ষের প্রতি কথা ধরিয়া উত্তর না দিলেও সাধারণভাবে এমন কতকগুলি কথা বলিয়া গেলেন যে, **এই বিষয়ে বাদপ্রতিবাদ দেখানেই নিরন্ত হইল। ঐ দিন তাঁহার বক্তৃতা** হইয়াছিল পাউচ গ্যালারীতে; বক্ততার বিষয় ছিল, 'হিন্দুদের কয়েকটি রীতি-নীতি—তাহাদের অর্থ এবং তাহাদের সম্বন্ধে ভ্রাম্বধারণা।

এই বক্তভায় তিনি বলেন যে, না জানিয়া-গুনিয়া প্রধর্মাবলম্বীর নিন্দা করা অক্তায়; কেননা অপরের আচরণ পছন্দ না হইলেও উহার পশ্চাতে যক্তি থাকিতে পারে। দ্রাস্তম্বরূপে বলা যাইতে পারে যে, লোম দিয়া দাঁত না মাজিয়া গাছের ভাল দিয়া মাজা আরও উত্তম। জগন্নাথের রথের তলায় ফেলিয়া লোকহত্যার আৰগুৰী গল্প ভূলিয়া যাওয়াই ভাল। তারপর তিনি জাতিবিভাগের মূল তথ্য বুঝাইয়া দেন। এই প্রসঙ্গে তিনি অস্পৃত্যতার অত্যন্ত নিন্দা করেন এবং জাতিভেদের কিছু কিছু দোষও দেখাইয়া দেন। সঙ্গে সঙ্গে ইহাও বলেন যে, সব দিকটা ভালভাবে পরীক্ষা না করিয়া ওধু থারাপ দিকটা দেখিয়া বই লিখিতে যাওয়া অন্তায়। ইংরেজী শিক্ষার ফলে অনেক হিন্দু যে জাতীয় সংস্কৃতির প্রতি विषयभत्राम्न इन, जिनि इंशांत्र निका करतन। इंश्त्रक्षत्रा हिन्दृष्तिभटक मजा করিতে যাইয়া অসভা করিয়া তোলে। তবে ডেভিড্ হেয়ারের মতো মহামুভব ব্যক্তিও ইংরেজদের মধ্যে আছেন। পরিশেষে তিনি বলেন, "ধামা-ধামা গালাগালি, গাড়ী-গাড়ী কুৎসার ব্যবস্থা, এবং জাহাজ-জাহাজ নিন্দাবাদ না পাঠাইয়া একটা নিরবচ্ছিন্ন প্রেমধারা প্রবাহিত হউক। আমরা যেন সকলে মামুষ হই।" मভাশেষে শ্রোতৃবুন্দ একবাক্যে বক্তাকে ধল্লবাদ দিবার প্রস্তাব গ্রহণ করিলেন। সভার জন্ম কোন প্রবেশ-ফি ছিল না; কিছু বক্তৃতান্তে শশিপদবাবুর বিভালয়ের জন্ম চাঁদা সংগৃহীত হইয়াছিল। এইভাবে রমাবাঈ-মণ্ডলীর নামোল্লেখ মাত্র না করিয়া ভারতের প্রকৃত দোষগুণ ও অভাবের কথা পরিষ্কার ভাবে বর্ণনা করিয়া এবং পরিশেষে প্রেমের আবেদন জানাইয়া ও অর্থ-দানপুর্বক সে প্রেমকে রূপপ্রদানের অবকাশ দিয়া স্বামীন্দ্রী ক্রুকলিন-সমাজের कुमन्न अन्न कतिरागन । देशांत शत त्राभीकी यछिमन आरमितकान छिरामन, এই জাতীয় বিরুদ্ধাচরণ আর কোন কালে মাথা তুলিতে পারে নাই। ঐ দিনের বকৃতার রিপোর্ট ছাপাইতে গিয়া 'ডেলি ইগল' ফলর শিরোনামা দিয়াছিল. "ভারতকে নিজের মতো চলিতে দাও; তাহা হইলেই সব ঠিক হইয়া যাইবে— **७**हे कथा तलान चामी वित्वकानमा" मता इश्र. ७थन इटेट उर्च आमितिका ভারতকে এই স্বাধীনতা দিতে প্রস্তুত হইয়াছিল।

আমরা কিন্ত ভাবিয়া অবাক্ হই, শক্রতা বেখানে চরিত্রকে পর্যন্ত জনমতের সম্মুখে বলি দিতে প্রস্তুত হয়, এবং এই নিচুর ও মিথ্যাচারত্ই উভট কল্পনা বেখানে প্রত্যক্ষত: কোনও বাধা পায় না, সেধানেও ঐ মিথ্যার সহিত অপরোক্ষ সম্পর্কহীন এবং অক্স বিষয়ে ব্যাপৃত বক্তৃতার দারা কিরপে উহা হঠাৎ নিরন্ত হয়? ইহা কি দৈববিধান অথবা স্থামীজীরই দৈব শক্তির প্রভাব? উত্তর আমরা পাঠকেরই হত্তে অর্পণ করিয়া অক্স বিষয়ে অগ্রসর হই। যতদূর জানিতে পারা যায়, তাহাতে মনে হয়, স্থামীজী ৩০শে ভিদেম্বর (১৮৯৪) হইতে ৮ই এপ্রিল (১৮৯৫) পর্যন্ত ক্রকলিনে সর্বসাধারণের জক্ত মোট পাঁচটি ও ঘরোয়াভাবে ছইটি বক্তৃতা দিয়াছিলেন। বাকী সময় তিনি নিউ ইয়র্কের কার্যে ব্যক্ত ছিলেন। এখন আমাদিগকে ঐ ঘটনাবলীতেই ফিরিয়া ঘাইতে হইবে।

সৎকার্ষের জন্ম হইলেও এবং অনন্যোপায় হইয়া ঐরপ করিতে বাধ্য হইলেও ধর্মশিকার বিনিময়ে অর্থসংগ্রহ করা স্বামীক্ষী আর কিছুতেই বরদান্ত করিতে পারিতেছিলেন না; তাঁহার ইচ্ছা হইতেছিল, একস্থানে বসিয়া আশ্রমের মতো একটা কিছু গড়িয়া তুলিবেন এবং আগ্রহশীল জন কয়েক নরনারীকে ঘনিষ্ঠভাবে বেদান্ত ও যোগ প্রভৃতি বিষয়ে শিক্ষা দিবেন। নিউ ইয়র্কে তাঁহার এই বিতীয় কার্যপ্রণালী রূপপরিগ্রহ করিল। ক্যাম্বি জ হইতে তিনি ২৮শে ডিসেম্বর (১৮৯৪) নিউ ইয়র্কে আদেন, এবং দেখান হইতে মাঝে মাঝে ক্রুকলিনে ঘাইয়া বক্ততাদি দেন। ইতিমধ্যে একবার নববর্ষে চিকাগোতেও বান। বাকী সময় নিউ ইয়র্কে আশ্রম-প্রতিষ্ঠার আয়োজন চলিতে থাকে। অবশ্য নভেম্বর মাসেই (১৮৯৪) সেখানে একটি বেদান্ত-সমিতি প্রতিষ্ঠিত হইয়া গিয়াছিল, যদিও উহা নামে মাত্র। এখন প্রকৃত কার্যের আরম্ভের পূর্বে আয়োজনও তদমুদ্ধপ হওয়ার প্রয়োজন ছিল। বক্ততা ও আশ্রম-কেন্দ্রিক কার্যের মধ্যে পার্থক্য অনেক। বন্ধগৃহে হুই-চারিদিন থাকিয়া বক্ততা দেওয়া চলে, কিন্তু আশ্রমে বসিয়া ধর্মশিকা দিতে হইলে চাই शायी गृह, जाहात्रामित वावन्हा, िठि-भवामि जामान-श्रमात्नत उभयुक महकाती এবং সমাগত ব্যক্তিদের সহিত আলাপ-আলোচনার স্থব্যবস্থা। স্বামীন্সীর বন্ধরা -विस्मिष्ठः न्या अनवार्ग (পরবর্তী কালের স্বামী রূপানন্দ), কুমারী থার্সবী ও कुमाती कामात- এই नव विषय थुवर उप्तत हरेलन अवर बामीकी हिकाला इहेट निष्ठ हेश्रद्ध फितिवाद भूटवेंहे न्या अनवार्ग आधारमत बस्नावन्छ कतिया रफनिरनन । अवश्र প্রাথমিক আয়োজন অতি সাধারণ গোছেরই হইল। এই বিষয়ে ল্যাওদ্বার্গ ২০শে জামুয়ারি (১৮৯৫) ইসাবেল ম্যাক্কিওলীকে লিখিয়া-हिर्ग्न:

"কুমারী 'থাপবী ও কুমারী ফার্মার নিউ ইয়র্কে ঘরোয়া বৈঠকের ব্যবস্থা

করিতেছেন। আপনি শুনিয়া আনন্দিত হইবেন, আমি ছুইখানি ঘর ভাড়া করিয়াছি—একখানি নিজের জন্ত, এবং অপরখানি হইবে স্বামীজীর প্রধান আফিস। আগামী রবিবারে আমরা সেখানে যাইব। স্বামীজী গার্নসীদের গৃহে থাকিবেন ও আহার করিবেন, এবং নৃতন ভাড়াঘরটি শুধু অফিস হিসাবে ও যোগ বিষয়ে দলগতরূপে শিক্ষা দিবার জন্ত ব্যবহার করিবেন। অতএব আপনার পত্রাদি নৃতন ঠিকানায় পাঠানোই উচিত হইবে—৫৪ পশ্চিম ৩৩ নম্বর স্থীট। ঐ সব পাইবার জন্ত ও স্বামীজীর সম্বন্ধে সমস্ত প্রশ্নের উত্তর দিবার জন্ত আমি সেখানে সর্বদাই থাকিব। আপনি কি মনে করেন না যে, এই মতলবটি অতি স্থন্দর ?"

এখানে ল্যাওস্বার্গের একটু পরিচয় লইয়া রাখা ভাল। ভগিনী ক্লষ্টন তাঁহার স্মৃতি-কথায় ল্যাগুস্বার্গের সম্বন্ধে এইরূপ লিখিয়াছেন: "তিনি রাশিয়ার এক ইত্দী পরিবারে জন্মগ্রহণ করিয়া পরে আমেরিকার নাগরিকত্ব গ্রহণ করেন। তাঁহার মধ্যে স্বজাতিস্থলভ সবগুণই ছিল—স্মাবেগ, কল্পনা, বিছ্যোৎসাহ ও প্রতিভাপুদ্ধা…। ইউরোপের সহিত তাঁহার ঘনিষ্ঠ পরিচয় —উহার দর্শন, ভাষাসমূহ ও সংস্কৃতি তাঁহার চিন্তারাজ্যে এমন একটা গান্তীর্য ও পরিপূর্ণতা আনিয়া দিয়াছিল, যাহা অন্তুদাধারণ। কথাবার্তায় তিনি ছিলেন তেজঃপূর্ণ ও সৌন্দর্যময়। বসনভূষণ ও নিজ শরীর সম্বন্ধে তাঁহার ওদাসীতা দেখিয়া এবং স্বার্থচিস্তাহীন ভাবাবেগেরই মতো প্রতীয়মান তাঁহার দরিদ্রের প্রতি সহাত্মভৃতি লক্ষ্য করিয়া স্বামীজী তাঁহার দিকে আরুষ্ট হন। শেষ পয়সাটি পর্যন্ত তিনি ভিক্কের হত্তে তুলিয়া দিতেন, আর তিনি যে ভাণ্ডার হইতে উহা দান করিতেন তাহাও ছিল যাচকেরই ভাণ্ডারসদৃশ শৃষ্ম। তিনি নিউ ইয়র্কের একটি সংবাদপত্ত্বের সম্পাদকীয় কার্যের সহিত সংশ্লিষ্ট ছিলেন। সেই সমন্ত কর্তব্য ত্যাগ করিয়া এখন তিনি স্বামীজীর খুঁটিনাটি কাজেই আত্মনিয়োগ করিলেন—ডিনি वाफ़ी छाफ़ा कतिरानन, शृश्यानीत कार्य खराख जुनिया नरेरानन, शामीकीत সেকেটারী সাঞ্চিলেন-এক কথায় তিনি হইলেন স্বামীন্দীর দক্ষিণ হস্ত। ব্যবস্থা क्रिक इटेंग्रा (शतन चामीकी २१८न काच्याति त्रविवादत थे शृंदर भागर्भ। कतितन এবং জুন মাস পর্যন্ত ইহাই হইল তাঁহার স্বায়ী কর্মকেন্দ্র। ঐ সময়ে স্বামীজীর चाचा थ्र जान हिन ना, माक्र नीए उक्निन शूरनत উপর मिया वातःवात যাতায়াতের ফলে তিনি সর্দিতে ভূগিতেছিলেন, কিন্তু ইহাতেও তাঁহার কার্যোক্তম ব্যাহত হয় নাই।

रा পाणा वा जी नश्वा रहेन, উराक् जथन किं महास्थानी वना हरन ना, কারণ ব্যবসা-বাণিজ্ঞা ক্রমেই ঐ দিকে অগ্রসর হওয়ায় সমাজের উচ্চন্তরের সন্ত্রান্ত ব্যক্তিরা তথন অন্তত্র সরিয়া যাইতেছিলেন। বেশীরভাগ পুরাতন বাড়ী ভাঙ্গিয়া তখন নতন ব্যবসাকেন্দ্র গড়িয়া উঠিতেছিল। নগরের পতিত পল্লীও সেখান হইতে খুব দূরে ছিল না। তবে তখনও উহা ভত্রপল্লী বলিয়াই পরিচিত হইত এবং অনেকগুলি বাড়ীতে কুদ্র কুদ্র পরিবার ভাড়াটিয়ারপে থাকিতেন। স্বামীজীর বাড়ীর অপর দিকে প্রশন্ত ফিফ্ধ্ অ্যাভিনিউতে সল্যোনির্মিত ওয়ালভফ হোটেল স্বীয় ঐশ্ব্যোতক অত্যুচ্চ মন্তক উত্তোলন করিয়া নষ্টগৌরব ঐ পল্পীকেও সম্মানের আসন দিতেছিল। প্রশ্ন উঠে, হালফচির দ্বারা পরিত্যক্ত এই পল্লীতে স্বামীজী ও ল্যাণ্ডস্বার্গ বাড়ী লইলেন কেন ? প্রথমেই মনে হয় অর্থাভাবই ইহার কারণ ছিল। তবে এই কারণের সহিত অন্ম কারণও মিশ্রিত ছিল। ভগিনী দেবমাতা (এমতী লরা লেন) লিথিয়াছেন, "স্বামী বিবেকানন্দ নিউ ইয়র্কে আসিয়া এক প্রচণ্ড বর্ণবিদ্বেষের সম্মুখীন হইলেন, যাহার ফলে তাঁহাকে সাধারণ ক্ষেত্রে এবং ব্যক্তিগত জীবনেও বহু অম্ববিধায় পড়িতে হইল। অন্যান্ত অম্ববিধার মধ্যে বাসন্থান সংগ্রহ করা তাঁহার পক্ষে অত্যন্ত কঠিন হইল। গৃহস্বামিনীরা তাঁহাকে প্রায়ই বলিতেন যে, ব্যক্তিগতভাবে তাঁহার বিরুদ্ধে তাঁহাদের কোনই বিদ্বেষ নাই, কিন্তু তাঁহাদের ভয় ছিল এই যে. কোনও এশিয়াবাসীকে স্বগৃহে থাকিতে দিলে অবশিষ্ট বাসিন্দা বা ভোজনকারীরা সে গৃহ ত্যাগ করিবেন। এই কারণে বাধ্য হইয়া স্বামীজীকে অপেক্ষাক্বত নিমন্তরের গৃহ লইতে হইয়াছিল।" এই বিষয়ে স্বামীজীর বন্ধুমহলেও জল্পনা-কল্পনা হইয়াছিল— ইহার নিদর্শন স্বামীজীরই পত্তে রহিয়াছে। ১১ই এপ্রিল (১৮৯৫) তিনি শ্রীযুক্তা ওলি বুলকে লিথিয়াছিলেন, "আমার বন্ধুরা স্বাই ভেবেছিলেন, একলা একলা দরিত্র পল্লীতে এভাবে থাকলে এবং প্রচার করলে কিছুই হবে না, আর কোন ভত্তমহিলা কথনই দেখানে আদবেন না। বিশেষতঃ মিদ হ্যামলিন মনে করেছিলেন, তিনি কিংবা তাঁর মতে যারা 'ঠিক ঠিক লোক', তারা বে দরিদ্রোচিত কুটিরে নির্জনবাসী একজন লোকের কাছে এসে তার উপদেশ শুনবে তা হতেই পারে না। কিছ তিনি যাই মনে করুন, যথার্থ ঠিক ঠিক লোক' ঐ স্থানে দিনরাত আগতে লাগল, তিনিও আগতে লাগলেন।"

স্বামীজী আপন পরিকল্পনাত্র্যায়ী চলিয়া সত্যসত্যই সাফল্যমণ্ডিত হইয়াছিলেন

— অহবাসী ভক্তদের আসার দিক হইতে। কিন্তু ইহাতে খরচ সন্থলান হইতেছিল না। তাই স্বামীজী মিদেস বুলকে ২১শে মার্চ লিখিয়াছিলেন, "আমাদের বাড়ীটার নীচ তলায় অর্থের বিনিময়ে কয়েকটি বক্তৃতা দেবার সন্ধন্ধ করছি। ঐ ঘরে প্রায় ১০০ লোকের জায়গা হবে, এতেই খরচা উঠে যাবে। ভারতবর্ষে টাকা পাঠাবার জন্ম বান্ত নই, সেজন্ম অপেকা ক'রব।" প্রাচীন টোলের পণ্ডিতেরা যেমন অর্থ সংগ্রহ করিয়া বিনা পয়সায় ছাত্রদের পড়াইতেন, স্বামীজী এই সময়ে ঐ প্রথাই অবলম্বন করিয়াছিলেন। আর এই জীবনও ছিল বড় কপ্তের, কারণ প্রথমে যদিও তিনি গার্নসীদের গৃহে থাকিতে ও খাইতে যাইতেন, পরে তাহা না করিয়া ঐ ভাড়াবাড়ীতেই থাকা-খাওয়ার ব্যবস্থা করেন—অতি দরিদ্রভাবে। ১৪ই ফেব্রুয়ারি তিনি শ্রীযুক্তা ওলি বুলকে লিখিয়াছিলেন, "এখন বেশ স্থথে আছি। আমি আর মি: ল্যাওস্বার্গ মিলে কিছু চাল ডাল বা যব রাঁধি—চুপচাপ খাই, তারপর হয়তো কিছু লিখলাম বা পড়লাম, উপদেশপ্রার্থী গরীব লোকেদের কেউ দেখা করতে এলে তাদের সঙ্গে কথাবার্তা হয়। আর এইভাবে থেকে বোধ হচ্ছে আমি যেন বেশ সন্ন্যাসীর মতো জীবন্যাপন করছি—আমেরিকায় এসে অরথি এতদিন এরকম অহতব করিনি।"

কুমারী এলেন ওয়াল্ডো-র শ্বতিলিপি হইতে জানা যায়: "ক্রকলিনে যাহারা তাঁহার বক্তৃতা শুনিয়াছিলেন, তাঁহাদের কেহ কেহ তাঁহার নিউ ইয়র্কের বাসস্থানে যাতায়াত আরম্ভ করিলেন। সাধারণের যোগ্য বাসভবনের তিন তলায় উহা ছিল একথানি সাধারণ ঘর। ক্লাদের লোকসংখ্যা আশ্চর্যরকম বাড়িয়া চলিল, এবং ছোট ঘরখানিতে লোক যথন ঠাসাঠাসি করিয়া বসিত তথন বডই স্থন্দর দেখাইত। স্বামীজী মেঝেতে বসিতেন, অধিকাংশ শ্রোতারাও ঐরপ করিতেন। ক্রমবর্ধমান শ্রোতারা ভুলারের মার্বেল পাথরের উপরিভাগে, সোফার হাতলের উপরে, এমন কি কোণের হাতম্থ ধূইবার স্থানটির উপরে যে যেখানে পারিত বসিত। দরজা খোলা থাকিত এবং বাড়তি লোক হলে কিংবা সিঁড়িতে বসিত। আর কি চমৎকার ছিল দেই প্রথম দিকের ক্লাশগুলি! সেগুলি মনকে কি গভীরভাবেই না আকর্ষণ করিত! ঐ গুলিতে উপন্থিত থাকার যাহাদের সোভাগ্য ঘটিয়াছিল তাহাদের কেহ কি কথন তাহা ভূলিতে পারে? স্থামীজী ছিলেন অতি শ্রুছেয় ও সরল, তাহাতে ছিল একটা গাজীর্যপূর্ণ আগ্রহ, অপূর্ব বান্মিতা, আর ঘনির্চ সম্পর্কে সংবদ্ধ ছাত্র-ছাত্রীরা সমন্ত অস্থ্রিধা ভূলিয়া ক্ষরণানে তাহারে প্রতিটি

কথা শুনিতে থাকিত। যে আন্দোলনটি অতঃপর এত বিন্তারলাভ করিয়াছে, তাহার আরম্ভ এইরূপে হওয়া খুবই সমূচিত ছিল। সম্পূর্ণ বাহাাড়ম্বরশূন্তরূপেই चामीकी निष्ठ देशदर्क ठाँदात रामान्छ প্রচার আরম্ভ করিলেন। चामीकी मुक প্রনেরই স্থায় বিনা অর্থে সেবা করিয়া চলিলেন। স্বেচ্ছায় প্রদত্ত দানে বাডী-ভাডার খরচ চলিত। যথন উহাতে কুলাইত না, তখন স্বামীজী কোন হল ভাডা লইতেন ও ভারতের কোনও সামাজিক বিষয়াদি সম্বন্ধে বক্ততা দিয়া অর্থ সংগ্রহ করিতেন এবং উহা ক্লাদ চালাইবার জন্ম থরচ করিতেন। তিনি বলিতেন, হিন্দ শিক্ষকদের মতে পাঠ চালাইবার ব্যয়ের ব্যবস্থা করা শিক্ষকদের কর্তব্য, এমনকি ছাত্রদের অভাব থাকিলে উহা পুরণ করাও তাঁহাদেরই কর্তব্য, গরীব ছাত্রকে সাহাষ্যের জন্ম যথাসাধ্য ত্যাগ স্থীকার করিতে তাঁহারা প্রস্তুত থাকেন। ১৮৯৫ থুষ্টাব্দের ফেব্রুয়ারি মাসে(?) ক্লাসগুলি আরম্ভ হয় এবং জুন পর্যস্ত চলিতে থাকে। কিন্তু বছ পূর্বেই তাহাদের আয়তন এতই বাড়িয়া গিয়াছিল যে. অতঃপর একতলার বৈঠকথানা ও সংলগ্ন স্থানগুলি উহাদের জন্ম ব্যবহৃত হইতে থাকে। প্রায় প্রতিদিন দকালে তো ক্লাস বসিতই, প্রতি সপ্তাহের অনেক সন্ধ্যায়ও বসিত। তাছাড়া কয়েকটি রবিবাসরীয় বক্তৃতাও হইয়াছিল। এবং ধাহাদের নিকট শিক্ষিতব্য বিষয়গুলি অতাস্ত অভিনব ও অন্তত ঠেকিত বলিয়া তাহারা উহা স্মারও ভাল করিয়া বুঝিয়া লইতে চাহিত, তাহাদের জন্ম প্রশ্নোত্তর ক্লাসেরও ব্যবস্থা হইত।"

এই সময়েই কুমারী জোদেফিন ম্যাকলাউড স্বামীজীর সংস্পর্লে আদেন।
স্বামীজীর ভক্তবৃন্দ ইহাকে আদর করিয়া ট্যান্টিন (পিসী-মা) বলিয়া ভাকিতেন।
তিনি আপনাকে স্বামীজীর বন্ধু বলিয়া পরিচয় দিলেও অপর সকলে তাঁহাকে
অস্তরন্ধ ভক্ত বলিয়াই জানিতেন। তিনি স্বামীজীর সহিত ইউরোপ ও ভারতে
প্রমণ করেন ও বহু বিষয়ে স্বামীজীকে সাহায়্য করেন। রামকৃষ্ণ মঠ ও মিশনের
প্রতি তাঁহার ভালবাসা ও আমুকুলা বহুরূপে প্রকটিত হইত। এককালে তিনি
প্রায়্ম প্রতিবংসর ভারতভ্রমণে আসিয়া দীর্ঘকাল বেল্ড মঠে বাস করিতেন ও
নানা প্রকাবের মঠ-মিশনের কার্যে সাহায়্য করিতেন। প্রীয়ুক্তা পল ভার্ডিয়ার-এর
লিপি হইতে স্বামীজীর নিকট তাঁহার প্রথম আগমনের সংবাদ এইরূপ পাওয়া
য়ায়: "ট্যান্টিন তথন নিউ ইয়র্ক হইতে প্রায় ত্রিশ মাইল দ্বে হাড্সন নদীর
তীরে তাঁহার ভগিনীর (শ্রীয়ুকা স্টার্জিদ, পরে শ্রীয়ুক্তা লেগেটের) সহিত

ভবদন ফেরীতে বাদ করিতেন। ভগিনীর হুইটি সস্তান ছিল, একটি ছেলে ও একটি মেয়ে—(হলিন্টার ও অ্যালবার্টা)। প্রীযুক্তা ডোরা রোম্বেণলিদ্ বার্জার-এর আধ্যাত্মিকতা ও মানদিক শক্তি দম্বন্ধে স্থনাম ছিল ও তাঁহার দহিত ট্যান্টিন-এর বন্ধুত্ব ছিল। ভবদন ফেরীতে থাকাকালে ১৮৯৫ খুটান্বের ২৫শে জামুয়ারির কাছাকাছি একদিন তিনি প্রীযুক্তা রোমেথলিদ্ বার্জারের নিকট হইতে পত্র পাইলেন, তিনি এবং তাঁহার ভগিনী যেন ভারত হইতে আগত অপূর্ব এক ব্যক্তিকে দেখিতে ও তাঁহার কথা ভনিতে নিউ ইয়র্কে আদেন। তুই ভগিনীই চলিয়া আদিলেন এবং ২৯শে জামুয়ারি তিন জন একত্রে ৫৪ ওয়েন্ট ৩০নং স্ত্রীটের বাড়ীতে উপস্থিত হইলেন। ইহাই স্বামীজীর সহিত ট্যান্টিনের প্রথম দাক্ষাৎকার।"

অতঃপর কুমারী ম্যাকলাউডের স্মৃতিকথা হইতে জানা যায়: "১৮৯৫ খুষ্টাব্দের ২৯শে জামুয়ারি আমি আমার ভগিনীর সহিত নিউ ইয়র্কের ৫৪ ওয়েস্ট ৩৩নং ষ্ট্রীটের বাড়ীতে গিয়া স্বামী বিবেকানন্দের স্বগৃহে বসিয়া তাঁহার কথা শুনিলাম। সেখানে উপস্থিত ছিলেন প্রবর হইতে কুড়িজন ভদ্রমহিলা এবং ছুই-তিনজন ভদ্রলোক। ঘরটি ছিল পরিপূর্ণ। সব চেয়ার পূর্ব হইতেই পূর্ব হইয়া যাওয়ায় আমি সমুথের সারিতে মেঝের উপর বসিলাম। স্বামীক্ষী দাঁড়াইয়া ছিলেন এক কোণে। তিনি প্রথম যে কথাটি বলিলেন, তাহা এখন আমার মনে নাই; কিছ তথন উহা আমার নিকট অভ্রাস্ত সত্য বলিয়াই প্রতীত হইয়াছিল। তিনি যে দ্বিতীয় কথাটি বলিলেন, তাহাও ছিল সত্য, স্বার তেমনি সত্য ছিল তৃতীয় কথাটি। তারপর সাত বংসর ধরিয়া আমি তাঁহার কথা শুনিয়াছি এবং বাহা কিছু তিনি বলিয়াছেন, সবই আমার নিকট ছিল অল্রান্ত। সেদিন হইতে আমার নিকট জীবনের অর্থ অন্তরূপ হইয়া গেল। মনে হইত, তিনি অপরের মধ্যে এমন এক অমুভব জাগাইয়া দিতেন যেন সে অসীমের মধ্যে বাস করিতেছে। দে অসীমতায় কোন পরিবর্তন হইত না, কোনও বৃদ্ধিও তাহাতে ছিল না। স্থাকে একবার দেখিলে যেমন আর কখনও ভোলা যায় না, এ যেন ঠিক তাহারই মতো। সেই সারা শীতকালটাই আমি তাঁহার ভাষণ ওনিয়াছিলাম-সপ্তাহে তিন দিন স্কাল এগারটায় যাইতাম। আমি কোন দিন তাঁহার সহিত কথা বলি নাই: কিন্তু আমরা নিয়মিত যাইতাম বলিয়া স্বামীন্দীর এই বসিবার ঘরের সামনের লাইনে আমাদের জন্ম চুইখানি আসন নির্দিষ্ট থাকিত। একদিন তিনি

আমাদের দিকে ফিরিয়া বলিলেন, 'তোমরা কি ছুই বোন ?' 'হাঁ', আমরা বলিলাম। তারপর তিনি বলিলেন, 'তোমরা কি অনেক দূর থেকে আস ?' चामता विनाम, 'थूव नृत नम्, राष्ट्रमन ननीत এই जिन मारेन ऐकारन।' 'এত দুর থেকে ! এ তো খুব আশ্চর্ষ !' তাঁহার শক্তির বোধ হয় ইহাই প্রমাণ যে তিনি অপরের মনে সাহস আনিয়া দিতেন। কখনও এমন মনে হইত না যে. তিনি নিজের কথা ভাবিতেছেন, তাঁহার মনের আকর্ষণ ছিল অপরের দিকে। তিনি বলিতেন, 'জীবনের পুঁথিটা যখন খুলতে আরম্ভ করে তখনই তো মজা।' তিনি সামাদিগকে ব্ঝাইতে চেষ্টা করিতেন যে, জীবনে এমন কিছুই থাকিতে পারে না যাহ। ধর্মবিচ্যুত-স্বটাই পবিত্র। 'সর্বদা মনে রাখবে, তুমি যে আমেরিকাবাসিনী বা নারী হয়ে জন্মেছ, এটা একটা আকস্মিক ব্যাপার মাত্র: আদতে তুমি সদাসর্বদা ভগবানেরই সম্ভান। দিন রাত নিজেকে মনে করিয়ে দেবে, তুমি কে। কথনও ভূলে যেও না।' এইরূপ কথাই তিনি আমাদিগকে বলিতেন। বুঝিতেই পারিতেছ, তাঁহার সালিধ্য ছিল বিত্যুৎবৎ উদ্দীপনাময়। নিজের হাতে অর্থ না থাকিলে যেমন অপরকে দেওয়া চলে না. তেমনি নিজের আধ্যাত্মিক শক্তি না থাকিলে তাহা অপরের মধ্যে সঞ্চার করা চলে না; সঞ্চার করা হইতেছে বলিয়া কল্পনা করিতে পার, কিন্তু বস্তুত: পারা যায় না।"

এই সব কাজের সঙ্গে স্বামীজীর অন্তর্রূপ কাজও চলিতেছিল। মেরী হেলকে লিখিত ১০ই ফেব্রুয়ারির পত্রে পুন্তিকাপ্রকাশের সংবাদ রহিয়াছে: "তোমার পত্র পাবার ঠিক পরেই আমি তোমাকে লিখি এবং নিউ ইয়র্কে দেওয়া আমার তিনটি বক্তৃতাসংক্রান্ত কয়েকথানি পুন্তিকা পাঠাই। রবিবাসরীয় ও সাধারণে প্রদন্ত এই ভাষণগুলি সক্তেলিপিতে লিখিত হয়ে পরে মুদ্রিত হয়েছে। এইরপ তিনটি বক্তৃতা তৃইথানি পুন্তিকায় মুদ্রিত হয়, তারই কয়েকথানি তোমাকে পাঠাই।" ঐ পত্রেই তাঁহার ভয়্নসাস্থ্যের উল্লেখও আছে: "এ বংসর অবিরাম কাজের ফলে আমি ভয়্নসাস্থ্য। স্বায়ুই বিশেষভাবে আক্রান্ত। সারা শীতে একরাত্রিও স্থনিলা হয়নি। দেখছি—অতিরিক্ত খাটুনি হয়ে যাছে। আবার সামনে ইংলওে মন্ত কাজ।"

ইংলও যাত্রার পূর্বে গ্রীনএকারে যাইবার ইচ্ছা তাঁহার ছিল কিন্ত ২৫শে এপ্রিলের পত্রে তিনি শ্রীযুক্তা ওলি বুলকে জানাইলেন: "বর্তমানে গ্রীনএকারে যেতে পারছি না, থাউজেও স্বায়ল্যাও পার্কে (সহস্রদীপোঁছানে) যাবার বন্দোবন্ত করেছি—উহা যেখানেই হউক। তথায় আমার জনৈকা ছাত্রী মিস ডাচারের এক কুটির আছে। অআমার ক্লাসে বাঁরা আদেন, তাঁদের মধ্যে কয়েক-জনকে 'যোগী' করতে চাই। গ্রীনএকারের মতো কর্মচঞ্চল হাট এ কাজের সম্পূর্ণ অহুপযুক্ত।" এই পত্রে নিউ ইয়ের্কর ছাত্রছাত্রীর সংখ্যা এইরূপ দেওয়া হইয়াছে। "জ্ঞানযোগের ক্লাসে বাঁরা আসতেন, তাঁদের ১৩০ জনের নাম মিস হ্যামলিন টুকে রেখেছিলেন। অারও ৫০ জন বুধবারে যোগ-ক্লাসে আসতেন—আর সোমবারের ক্লাসে আরও ৫০ জন।"

ঐ পত্রেই একটি হংসংবাদ আছে: "মি: ল্যাণ্ডস্বার্গ আমার সংশ্রব ছেড়ে দিয়েছেন।" স্বামীজী কোন কারণ দেখান নাই; তবে ভাবপ্রবণ এবং খাম-থেয়ালী ল্যাণ্ডস্বার্গের পক্ষে এরপ করা আশ্রুর ছিল না। এমনও হইতে পারে যে, স্বাধীনচেতা স্বামীজীর কার্যে তিনি হস্তক্ষেপ করিতে গিয়াছিলেন, স্বামীজী তাহা পছন্দ করেন নাই; আবার স্বাধীনমতি ল্যাণ্ডস্বার্গও স্বীয় ভাবাবেগ সংযত করিয়া গুরুর নিকট পড়িয়া থাকিতে পারেন নাই। মিসেস বুলকে স্বামীজী ৭ই মে লিখিয়াছিলেন: "ল্যাণ্ডস্বার্গ আসে না; আমার আশকা হয়, সে আমার উপর বিরক্ত হয়েছে।" আবার জুন মাসে লিখিয়াছিলেন: "ল্যাণ্ডস্বার্গ বেচারী এ বাড়ী থেকে চলে গিয়েছে। সে তার ঠিকানা পর্যন্ত আমাকে জানিয়ে যায়নি। সে যেখানেই যাক, ভগবান তার মঙ্গল করুন। আমি জীবনে যে তু-চারজন অকপট লোক দেখবার সোভাগ্য লাভ করেছি, সে তাদেরই মধ্যে একজন।" পরে ল্যাণ্ডস্বার্গ ফিরিয়া আসিয়া আবার সহস্রদ্বীপোত্যানে স্বামীজীর সহিত মিলিত হইয়াছিলেন, ইহা আমরা শীঘই দেখিতে পাইব।

আমরা বলিয়া আসিয়াছি, এই সময়ে স্বামীজীর স্বাস্থ্য ভাল ছিল না। তাঁহার বন্ধু ডাঃ গার্নসী তাঁহার চিকিৎসা করিতেন। সম্ভবতঃ ডাঃ গার্নসীর উপদেশে কিংবা অন্ত কাহারও পরামর্শাহ্মসারে তিনি এই সময়ে শরীরের ওজন কমাইবার জন্ত স্বল্লাহারের আশ্রয় লন—ইহা মেরীকে লিখিত তাঁহার ২২শে জুন (?) তারিথের পত্র হইতে জানা যায়ঃ "ল্যাগুস্বার্গ অন্তত্ত চলে গেছে। আমি একাই আছি। আজকাল হুধ, ফল, বাদাম—এইসব আমার আহার। ভাল লাগে, আছিও বেশ। এই গ্রীন্মের মধ্যেই মনে হয়, শরীরের ওজন ৩০।৪০ পাউগু কমবে" ('বাণী ও রচনা', ৭।১২৭)।

चामीकी निक वामग्रट विना मिक्निगाय क्राम ठानाइँएजन এवः वाय निर्वाटहत

জন্ম নীচের তলার বৈঠকখানায় বক্তৃতা দিয়া অর্থসংগ্রহ করিতেন। এই ছই দান ছাড়াও তিনি শ্রীযুক্তা ওলি বুলের আয়ুক্ল্যে নিউ ইয়র্কের শ্রীযুক্তা কে. এল বার্বার-এর গৃহে এপ্রিল মাসে 'বার্বার-বক্তৃতাবলী' নামে কয়েকটি বক্তৃতা দেন। ডিক্সন সোসাইটিতেও তিনি বক্তৃতা দিয়াছিলেন, এবং মে মাসে ও হয়তো এপ্রিল মাসেও মট্স মেমোরিয়াল বিল্ডিং-এর উপরের হলে সর্বসাধারণের জন্ম অনেকগুলি বক্তৃতা দিয়াছিলেন। এই বক্তৃতাগুলির মধ্যে কেবল ছইটির বিষয়বন্ধ জানিতে পারা গিয়াছে; ১৩ই মের বক্তব্য বিষয় ছিল, 'ধর্ম-বিজ্ঞান' এবং আর একটি বক্তৃতার বিষয় ছিল, 'বোগের বৌক্তিক্তা'। এই দিতীয় বক্তৃতার তারিথ জানা নাই। বসন্তকালে সামীজী আরও বক্তৃতা দিয়া থাকিবেন এবং সম্ভবতঃ এইরূপ একটি বক্তৃতাতেই ভগিনী দেবমাতা স্বামীজীকে প্রথম দেখিতে পান। তাঁহার অতি মূল্যবান স্বতিকথার কিয়দংশ এইরূপ:

"একদিন ম্যাডিসন আভিনিউ ধরিয়া হাঁটিয়া চলিয়াছি এমন সময় 'হল অব দি ইউনিভার্স্যাল বাদারহুড' (বিশ্বভাত্ত্ব-হল)-এর জানালায় একটি সাধারণ বিজ্ঞাপন দেখিলাম—'আগামী রবিবার অপরায় তিনটায় স্বামী বিবেকানন্দ এখানে 'বেদাস্তের অর্থ কি ?' এই বিষয়ে এবং পরবর্তী রবিবারে 'যোগের অর্থ কি ?' এই বিষয়ে বক্ততা করিবেন।' আমি নির্দিষ্ট সময়ের বিশ মিনিট পুর্বে হলে উপস্থিত হইলাম ; উহা তথনই অর্ধেক পূর্ণ হইয়া গিয়াছে। হলটি অবশ্র বড ছিল না—একথানি অপ্রশন্ত দীর্ঘ কক্ষের মধ্যবর্তী একটি মাত্র চলার পথের इंडे मिटक প्राচीत पर्यस्थ (पिक्शिक्षणि मास्राद्या किन। इटनत अक श्वारस्थ अकिं অমুচ্চ মঞ্চের উপর পড়িবার ডেম্ব এবং চেয়ার ছিল, আর হলের পশ্চাতে ছিল সোপানাবলী। হলটি ছিল দোতলায় এবং ঐ একটিমাত্র সোপানশ্রেণী ধরিয়া বক্তা ও শ্রোতা সকলকেই হলে আসিতে হইত। তিনটা বাজিতে না বাজিতে इन, मिँ फ़ि, खानाना, दबनिः नवहे लात्क भविभून इहेशा त्रान। अमनिक खानतक নীচে এই আশাম দাঁড়াইয়া রহিল, যদি বা সৌভাগ্যক্রমে উপরের হলের বক্ততার কিছুও ভনিতে পায়। অক্সাৎ সব নিস্তন হইয়া গেল, সিঁড়িতে শান্ত পদক্ষেপ শোনা গেল এবং স্বামী বিবেকানন্দ অতি সমুন্নত দেহে মধ্যবর্তী বারাণ্ডা ধরিয়া মঞ্চে আরোহণ করিলেন। তাঁহার ভাষণ আরম্ভ হইল; অমনি আমার পূর্বস্থৃতি, तम. काल, পাত সমন্ত লীন হইয়। গেল—কিছুই অবশিষ্ট রহিল না—ভধু मृञ्ज মধ্যে একটিমাত্র শ্বর নিনাদিত হইতে থাকিল। মনে হইল, একটা সিংহদার ষেন সম্পূর্ণ উন্মুক্ত হইয়া গিয়াছে এবং উহার মধ্য দিয়া এমন এক পথে আদিয়া পড়িয়াছি, ষাহা অদীম প্রাপ্তির দিকে চলিয়া গিয়াছে। শেষ তথনও দেখা ষাইতেছে না; কিন্তু যিনি সে আশা আনিয়া দিয়াছিলেন তাঁহার চিস্তারাশি সে আশার আলোকে ভাশর ছিল এবং তাঁহার ব্যক্তিত্বের মধ্যে সে লক্ষ্যের জ্যোতিঃ চমকিত হইতেছিল। ঐ তো তিনি ওধানে দণ্ডায়মান—অদীমের যিনি বার্তাবহ! শৃত্যকক্ষের নীরবতা আমার আত্মসন্থিং ফিরাইয়া আনিল—তথন স্বামীজী এবং মঞ্চনকাশে দণ্ডায়মান ত্ই ব্যক্তি ব্যতীত সকলেই চলিয়া গিয়াছে। পরে আমি জানিতে পারিয়াছিলাম—তাঁহারা শ্রীযুক্ত ও শ্রীযুক্তা গুডইয়ার। সভায় গুডইয়ারই ঘোষণার কার্য করিতেন।"

দেবমাতার স্থতিলিপি হইতে স্বামীজীর ঐ কালের জীবন্যাত্রা বিষয়ে আরও কিছু জানিতে পারা যায়: "ঐ দরিদ্রোচিত গৃহে যে ক্লাসগুলি হইত, তাহাতে বিচিত্র রকমের লোকের সমাবেশ হইত-বৃদ্ধ ও যুবা, ধনী ও দরিদ্র, বিজ্ঞ ও মৃত, রূপণ যিনি হয়তো চাঁদার বাক্সে একটি বোডাম ফেলিয়া চলিয়া যাইতেন ও দাতা যিনি হয়তো একটি বা হুইটি ডলারও দিয়া যাইতেন। দিনের পর দিন সেধানে সমবেত হওয়ায় আমাদের মধ্যে সৌহার্দ্য জন্মিয়াছিল—য়দিও আমরা কথা বলিতাম না বা অন্তভাবেও মিশিতাম না। আমাদের অনেকে একটি অধিবেশনও বাদ দিতেন না। আমরা ভক্তিযোগ ও জ্ঞানযোগের অধ্যাপনধারার অফুসর্ণ করিলাম। আমরা একই সঙ্গে রাজ্যোগ ও কর্মধাণের পথে চলিলাম। विनाट र्शान वामात इःथरे रहे य, सामधनि के ठाति टिटरे स्मय हरेशा গিয়াছে। উহাদের সংখ্যা ছয় বা আট হইলে আরও উত্তম হইত; কারণ তাহা इडेटन পार्ठनशाराणि चात्रभ नीर्घकान द्वारी इडेख। चामारमत खानम्पृहा हिन অতপ্ত। আমরা নিজদিগকে বিশেষ কোন গ্রন্থ বা মতবাদে আবদ্ধ রাখিতে চাহিতাম না। আমরা সকলে বকুতা ভনিতে যাইতাম, অপরাবে আর একটা বক্ততায় যাইতাম, কথনও বা তৃতীয় আর একটিতে। দর্শন, অধ্যাত্মতত্ত্ব, জ্যোতিষ-প্রত্যেক বিষয়ই আসিয়া পড়িত। এইভাবে যদিও মনে হইত বে আমরা আমাদের জ্ঞানস্পুহাকে ইতন্তভ: বিক্লিপ্ত করিয়া ফেলিভেছি, তবু আমাদের প্রকৃত প্রদ্ধাকেন্দ্র ছিলেন স্বামীনী। আমরা বুঝিতে পারিয়াছিলাম, তাঁহার মধ্যে এমন একটা শক্তি আছে, যাহা আর কোনও ধর্মাচার্যের নাই। একমাত্র তিনিই আমাদের চিন্তা ও বিশাসকে গড়িয়া তুলিতেছিলেন। যে বিশ্বস্ত

দলটি স্বামীজীর পশ্চাতে পশ্চাতে সর্বত্র ঘ্রিয়া বেড়াইত, তাহারা যেমন ছিল আগ্রহশীল, তেমনি ছিল নাছোড়বান্দা। স্বামীজী যদি কথনও বলিতেন, ছুটির দিন আসিয়া পড়ায় বা অন্ত কোন কারণে কোন কাস বন্ধ থাকিবে, তো অমনি সর্বদাই তীব্র আপত্তি উঠিত—'ইনি নিউ ইয়র্কে আসিয়াছেন শুধু স্বামীজীর কথা শুনিয়া উপকৃত হইবার জন্ত, তাঁহাকে যথাসম্ভব বেশী করিয়াই পাইতে হইবে', 'উনি শীঘ্রই অন্তত্ত্ব চলিয়া যাইবেন, তাঁহার পক্ষে একটি দিনও বুথা নই করা চলে না', ইত্যাদি। শ্রোতারা তাঁহাকে অবসর দিত না। তিনিও স্কালে বিকালে শিক্ষা দিতে থাকিতেন। স্বাধিক আগ্রহশীলদের মধ্যে ছিলেন কয়েকজন শিক্ষক—ইহাদের প্রত্যেকের হাতে একখানি করিয়া বই থাকিত, আর স্বামীজীর বক্তৃতার সঙ্গে ক্তৃত্বত্ত্বের হাতে একখানি করিয়া বই থাকিত, আর স্বামীজীর বক্তৃতার সঙ্গে ক্তৃত্বতিতে ঐ কথাগুলি থাতায় টুকিয়া লইবার জন্ত্র পেন্দিলের শব্দও শুনিতে পাওয়া যাইত—একটি বাকাও অলিথিত থাকিত না; আর আমার বিশ্বাস, কেহ পরে নিউ ইয়র্কের 'নব-চিন্তার', দর্শনের ও ঈশ্বরতত্ত্বের কেন্দ্রগুলি ঘ্রিয়া দেখিলে সর্বত্র বেদান্ত, যোগ এবং উহাদের বিভিন্ন বিকৃত আকারের কথাই শুনিতে পাইত।"

ক্রমে ক্লাস বন্ধ করার শেষ দিন আসিলে সকলে তৃঃথিত মনে বিদায় লাইলেন। "কিন্তু তথনও রবিবাসরীয় একটি শেষ বক্তৃতা বাকি ছিল। উহার স্থান ছিল ম্যাভিসন স্বোয়ারের কন্সার্ট হলে। হলটি মোটের উপর বেশ বড় এবং ম্যাভিসন গার্ডেনের পশ্চাতে বাড়ীর দোতলায় অবস্থিত ছিল। তহলে কত লোক উপস্থিত ছিল বলিতে পারি না; তবে শেষ বক্তৃতার দিনে এমন হইয়াছিল যে, আর লোক ধরে না—প্রত্যেকটি আসন, প্রত্যেকটি দাঁড়াইবার মতো জায়গা ভরিয়া গিয়াছিল। আমার যতদ্র মনে পড়ে, ঐ দিনই স্বামীজী 'মদীয় আচার্যদেব' নামক বক্তৃতাটি দেন। মঞ্চের একপার্শ্ব হইতে তিনি যথন প্রবেশ করিলেন, মনে হইল যেন তাঁহার ভাবের পরিবর্তন ঘটিয়াছে। মনে হইল যেন নিজের উপর তাঁহার তেমন বিশ্বাস নাই, যেন অনিচ্ছাসত্বেও এই কার্যে অগ্রসর হইতেছেন। বহু বংসর পরে মাদ্রাজে থাকা-কালে আমি ইহার তাৎপর্য ব্রিতে পারিয়াছিলাম—তিনি স্বীয় গুরুদেব সম্বন্ধে কিছু বলিতে সর্বদাই দ্বিধা বোধ করিতেন। তিনি এক দীর্ঘ ভ্রুদিবার পরে বক্তব্যবিষয়ে আসিয়া পড়িলেন, আর আসামাত্র উহা তাঁহাকে ভাসাইয়া লইয়া চলিল। ইহার বেগে তিনি মঞ্চের একপ্রাস্ত হইতে আপর প্রান্তে তাড়িত হইতে থাকিলেন।

ধরস্রোতা নদীর স্থায় ক্রত প্রবহমান বক্তৃতাল্রোত তীর অতিক্রম করিয়া ছুটিয়া চলিল। বিরাট শ্রোত্মগুলী শ্রন্ধাপূর্ণ নীরবতা সহকারে উহা শুনিল এবং বক্তৃতাশেষে অনেকে নি:শন্ধে হল হইতে চলিয়া গেল। আমি নিজে তো নিশ্চল হইয়া গেলাম—যে অতীক্রিয় চিত্র অন্ধিত হইল তাহা আমাকে সম্পূর্ণ অভিভৃত করিল। সেদিনই আমি যেন আহ্বান পাইলাম এবং আমিও সাড়া দিলাম।

"এই রবিবারেই স্বামীক্ষীর প্রথম গ্রন্থ প্রকাশিত হইল। কিছুদিন ধরিয়া তাঁহার পূর্ববর্তী রবিবাসরীয় বক্তৃতা পরের রবিবারে পুস্তিকাকারে বই-এর টেবিলে বিক্রয়ের জন্ম উপস্থিত হইতেছিল। এখন কর্মযোগ সম্বন্ধীয় সম্পূর্ণ বক্তৃতাবলী পাতলা কাগজে ঘনভাবে ছাপিয়া একখানি বড় গ্রন্থাকারে প্রকাশিত হইল। পরে উহার যে সংস্করণ মৃত্রিত হয়, প্রথম সংস্করণ তাহা হইতে সম্পূর্ণ অন্মরকম ছিল। দেখিতে ইহা খুব স্থনর ছিল না, কিছু যাঁহারা এইজন্ম খাটিয়াছিলেন, তাঁহারা খুবই সর্ব অন্মূভব করিতেছিলেন। এই সভারই পরিপুরক হিসাবে আর একটি ঘরোয়া বক্তৃতার পরে স্বামীক্ষীর নিউ ইয়র্কের কাজ শেষ হইল।" ('রেমিনিসেন্দেস অব স্বামী বিবেকানন্দ', ১৩২-৩৬ পৃঃ)।


অন্তান্ত স্থারে জানা যায়, স্বামীজী যদিও প্রথমে আশা করিয়াছিলেন, কুমারী ফার্মার ও কুমারী থার্স্বনী তাঁহার নিউ ইয়র্কের ক্লাস ইত্যাদির ব্যবস্থা করিবেন, কিন্তু কার্যত: তাঁহারা তেমন কিছু করিয়া উঠিতে পারেন নাই। তবে শ্রীযুক্তা ব্লকে লিখিত স্বামীজীর এক পত্রে প্রকাশ, কুমারী কর্নিন্-এর গৃহে উক্ত বন্ধুদ্বের ও স্বামীজীর উপন্থিতিকালে দ্বির হয় যে, ১৭ই ফেব্রুয়ারি হইতে ঐ গৃহে প্রতি রবিবারে ক্লাস হইবে। উহা একমাস চলিয়াছিল। অতঃপর ১৬ই মার্চ স্বামীজী জানাইয়া দেন যে, তিনি আর ঐ ক্লাস করিতে পারিবেন না। শ্রীযুক্ত লেগেটকে লিখিত স্বামীজীর ১০ই এপ্রিলের পত্রে প্রকাশ, তিনি শ্রীমতী এণ্ডুক্ত-এর বাড়ীতেও ক্লাস করিতেন। এইসব বিক্লিপ্ত সংবাদের উপর নির্ভর্ক করিয়া অনুমান করা চলে যে, তিনি অনেক স্থানেই এমন অনেক ক্লাস চালাইতেন যাহার সংবাদ এখনও আমাদের অক্তাত।

শ্রীযুক্ত ফ্র্যান্সিস লেগেট ছিলেন স্বামীন্সীর নিউইয়র্ক-নিবাসী অমুরাগীদের অম্যতম। পরে ইহার বাড়ীতে স্বামীন্সী কিছুদিন বাস করিয়াছিলেন; এবং একসময়ে ইনি নিউ ইয়র্ক বেদান্ত সমিতির প্রেসিডেন্ট হইয়াছিলেন। পূর্বে আমরা প্রীযুক্তা কার্দ্ধিদ ও তাঁহার ভগিনী প্রীমতী ম্যাক্লাউডের কথা বলিয়া আসিয়াছি। প্রীযুক্ত লেগেট ও প্রীযুক্তা কার্দ্ধিদ ১৮৯৫ থুটাব্দে পরিণয়স্ত্রে আবদ্ধ হন। স্বামীজীর আমেরিকান ঘনিষ্ঠ বন্ধু ও সাহায্যকারীদের মধ্যে ইহাদের স্থান খুব উচ্চ।

'ব্রহ্মবাদিন-এ প্রকাশিত ল্যাণ্ডস্বার্গের ১৫ই ফেব্রুয়ারির (১৮৯৬) এক প্রবন্ধে এবং অক্তান্ত স্থত্তে জানা যায়, স্বামীজীকে নিউ ইয়র্কে এক অভুত পরিশ্বিতির মধ্যে কান্ধ করিতে হইত। তাঁহার বক্ততাদিতে আরুষ্ট শ্রোতারা সকলেই যে শুদ্ধ ধার্মিক ছিলেন, এরূপ নহে; অনেকে আসিতেন একটা কৌতৃহল মিটাইবার জন্ম, কিংবা অলৌকিক কিছু পাইবার আশায়। তথন আমেরিকার সমাজে প্রেতবিভার বেশ আলোচনা হইত, মন:শক্তি দাহায়ে রোগের প্রতিকারের চেষ্টা হইত, অলৌকিক দিদ্ধাই এবং অমুভূতির জ্বন্ত অনেকে লালায়িত ছিলেন। স্বামীজীর উদ্দেশ্য ও উপায় ছিল ইহাদের পরিপন্থী। আবার একদল লোক মাতব্বরী করিয়া স্বামীজীকে নিজেদের পরিকল্পনামুষায়ী চালাইতে চাহিতেন। স্বাধীনচেতা স্বামীক্ষী এইসব কোন দলেই না ভিড়িয়া কিংবা আশু সাফল্যের মোহে মুগ্ধ না হইয়া আপন সিদ্ধান্তামুযায়ী চলিতেন। ৬ই মে তিনি আলাদিলাকে লিথিয়াছিলেন, "আমি যদি কপট বিষয়ী হতাম, তবে এখানকার কান্ধ সংগঠিত ক'রে খুব সাফল্য অর্জন করতে পারতাম। হায়, এখানে ধর্ম বলতে তার বেশী কিছু বুঝায় না। টাকার সঙ্গে নাম-যশ--এই হ'ল পুরোহিতের দল; আর টাকার সঙ্গে কাম যোগ দিলে হ'ল সাধারণ গৃহত্তের। আমাকে এখানে একদল নৃতন মাতুষ স্পষ্ট করতে হবে, যারা ঈশরে ষ্মকপট বিশাসী হবে এবং সংসারকে একেবারে গ্রাহ্ম করবে না। স্মবশ্র এটি হবে **অতি ধীরে—অতি ধীরে।" আবার ১১ই এপ্রিল এীযুকা বুলকে লিখিয়াছিলেন,** "হে আমার ঈশ্বর, আমি কখন কখন একলা প্রবল বাধাবিত্নের দক্ষে যুদ্ধ করতে করতে দুর্বল হয়ে পড়ি, তথন মামুষের সাহায্যের কথা ভাবি। চিরদিনের জ্বন্ত ওসব তুর্বলতা থেকে আমায় রক্ষা কর, যেন আমি তোমা ছাড়া আর কারও कार्ष्ट कथन माहारा প्रार्थना ना कति।" श्रीयुक्त तूनरकरे जिन २১८न मार्ह निथिग्नाছिलन, "এখানেই ভয়, আপনার সঙ্গে আমার মতভেদ হবে। সেই বিষয়টি এই বে, কেউ সমাজকেও সম্ভষ্ট করবে, অথচ বড় বড় কাল করবে—তা হ'তে পারে না।"

নিউ ইয়ুকে অবস্থানকালে 'নিউ ইয়ুক ক্রেনোলজিকাল জার্নাল'-এ (করোটি-বিজ্ঞানবিষয়ক পত্তিকায়) স্বামীজীর আকৃতি-পরীক্ষাধারা তাঁহার বাক্তিত সম্বন্ধে যে পরিচয়লাভ হয় তৎসম্বন্ধে একটি প্রবন্ধ প্রকাশিত হয়। স্থামরা এ ংগ্র স্বামীজীর ব্যক্তিত্বের যে পরিচয় পাইয়াছি. এই প্রবন্ধটি তাহারই সমর্থক বলিয়া মনে হয়: "স্বামী বিবেকানন্দ অনেক বিষয়ে তাঁহার স্বজাতীয়গণের একটি উৎকুষ্ট নিদর্শন। তিনি দৈর্ঘ্যে পাঁচ ফুট সাড়ে আট ইঞ্চি এবং তাঁহার ওজন ১৭০ পাউও (অর্থাৎ চুই মণের উপর)। তাঁহার মন্তকের উপরিভাগের পরিধি এক কান হইতে অপর কান পর্যন্ত পৌনে বাইশ ইঞ্চি। স্বতরাং দেখা যাইতেছে যে, তাঁহার মন্তিক্ষের পরিমাণ দৈহিক আয়তনের অহুপাতে ঠিক আছে। তিনি যেখানে তাঁহার বৃদ্ধিবৃত্তির উপযোগী ও অহুকূল কার্য পাইবেন দেইখানেই স্বচ্ছন্দচিত্তে থাকিতে পারিবেন এবং **তাঁ**হার ব্<u>দু</u>ত্তের **অ**র্থ তৎপ্রচারিত কার্ষের প্রতি যাঁহারা উৎসাহ প্রকাশ করেন তাঁহাদের প্রতি ক্বতজ্ঞতা। তাঁহার মনোবৃদ্তিসমূহ এতদুর কোমল যে, তাহাতে দাম্পত্যভাবের পোষণ অসম্ভব। আর তিনি নিজেও স্বীকার করেন যে, আজ পর্যন্ত তিনি কোন ন্ত্রীলোককে প্রণয়িনীর চক্ষে দেখেন নাই। তিনি যুদ্ধের বিরোধী এবং বি**ভ**দ্ধ অহিংসা ধর্ম শিক্ষা দেন; স্থতরাং আশা করিয়াছিলাম, কর্ণমূলের নিকটে মন্তকের যে অংশ সংঘর্ষ ও হিংসাবৃত্তির পরিচায়ক, তাঁহার মন্তকের সেই অংশ मकीर्ग इटेर्टर, এবং দেখিলামও তাহাই। किकिन्टर्स्स वर्णां शार्कन ও मध्य এই তুই স্থানের পরিধিতেও ঐ সমীর্ণতা লক্ষ্য করিলাম। তিনি নিজেও বলিয়াছেন যে, তিনি বিষয়সম্পত্তির কোন ধার ধারেন না এবং তাঁহার কোন সঞ্চিত ধন নাই। আমেরিকানদিগের কর্ণে এই কথা বিসদশ শুনায় সন্দেহ নাই; কিন্তু একথা স্বীকার করিতেই হইবে যে, তাঁহার মুখমণ্ডলে যেরূপ শাস্তি ও সস্তোষের চিহ্ন বিভ্যমান তাহা রাদেল দেজ, হেটী, গ্রীণ এবং আমাদের অনেক ক্রোরপতি-দিপের মূথেও দেখিতে পাওয়া যায় না। দৃঢ়প্রতিজ্ঞা ও ধর্মজ্ঞান পূর্ণমাত্রায় প্রকটিত এবং পরোপকারপ্রবৃত্তি স্থপরিক্ষৃট, ললাটপ্রাস্তদ্বয়ের বিস্তৃতি হইতে সঙ্গীতের প্রতি আসক্তি স্পষ্ট বৃঝিতে পারা যায়। বিশাল চক্ষয়ে অসাধারণ স্থতিশক্তির পরিচয় স্থাক্ত এবং অন্তত বাগ্মিতার নিদর্শন স্থচিত। ननाটের উর্ধভাগে কারণামুসন্ধানপ্রবৃত্তি, মন্তুয়চরিত্রের জ্ঞান ও অমায়িকতার ভাব পূর্ণমাত্রায় বিরাজিত। তাঁহার মন্তিজ্বজ্ঞের লক্ষণসমূহ মোটের উপর এইভাবে নির্দেশ করা যাইতে পারে যে, দয়া ও সহাত্বভূতি, দার্শনিক বৃদ্ধিমন্তা ও উচ্চশিক্ষা সম্বন্ধীয় ক্লতকার্যতা লাভের আকাজ্বা তাঁহার চরিজের প্রধান অক। তিনি কলিকাতা বিশ্ববিচ্ছালয়ের উপাধিধারী এবং এরূপ বিশুদ্ধ ইংরেজী বলেন যে, মনে হয় যেন ইংলণ্ডেই তাঁহার জন্ম। তিনি বিশ্বশিক্সমেলায় যে উদার ভাব প্রদর্শন করিয়াছিলেন, য়িদ আর কিছু না করিয়া কেবল তাহারই বৃদ্ধিসাধনে যত্মবান হন, তাহা হইলে তাঁহার এদেশে আগমনের উদ্দেশ্য যে সম্পূর্ণ সার্থক ও স্কৃসিদ্ধ হইবে, সে বিষয়ে আর কোন সন্দেহ নাই।"

सामीकी এक मिरक रायन ছिलान सारनशी, साधीन, मारुमी वीत्र, अभन्न मिरक তেমনি ছিলেন অতি কোমলহানয় ও বন্ধবৎসল। জনসাধারণের কল্যাণসাধনে তাঁহার জীবন ব্যয়িত হইয়াছিল এবং একবার ঘাহাদিগকে শিশু বা আপনজন বলিয়া গ্রহণ করিয়াছিলেন তাহাদিগকে চিরন্ধীবন ভালবাসিয়াছিলেন, কথনও ভূলেন নাই—ইহাতে দেশ, কাল, জাতি, বৰ্ণ ইত্যাদি কোন কিছুই অন্তথা ঘটাইতে পারিত না। আমরা ল্যাওস্বার্গের প্রতি তাঁহার স্নেহের নিদর্শন একট আগেই পাইয়াছি, আবারও পাইব। হেল ভাগিনীদিগের প্রতি তাঁহার স্বেহমমতা তুলনাবিহীন। লেগেট-দম্পতী, কুমারী ম্যাকলাউড, ওলি বুল, ইত্যাদির প্রতিও শ্রদ্ধা ভালবাদা অপরিদীম। তিনি যে তথু ইহাদের আতিথ্য প্রভৃতি গ্রহণমাত্রই করিতেন, তাহাই নহে; সাধ্যামুসারে তিনি তাঁহাদিগকে প্রীতিচিহ্ন-মন্ত্রপ নানা জিনিসপত্র দানও করিতেন। কাহাকেও কাশ্মিরী শাল, কাহাকেও মহার্ঘ গালিচা, মদলিন বা রেশমী বস্তু, কাহাকেও বা পিত্তল-নির্মিত স্থচারু মৃতি ও অক্সান্ত কারুকার্য দানে হৃদয়ের প্রীতি নিবেদন করিতেন, কিংবা উপকারীদের প্রতি ক্লতজ্ঞতা জ্ঞাপন করিতেন। এই সকল জ্ঞিনিস তিনি জুনাগড়ের দেওয়ান, মহীশুরের মহারাজ, থেতড়ীর রাজা প্রভৃতি বরুবান্ধবের সাহায়ে ভারত হইতে আনাইতেন। স্থলবিশেষে আমেরিকায় প্রস্তুত দ্রবাও উপহারশ্বরূপে ব্যবহার করিতেন। শিশুদের জ্বন্ত ভারত হইতে কুশাসন এবং রুদ্রাক্ষের মালাও আনাইতেন।



'Thousand Island Park' - এর স্বামীজীর বাবহুত বাটী (এখানে স্বামীজী প্রান্ত উপজেশাবলী 'Inspired Talks' নামে জপরিচিত /

সহস্রদ্বীপোত্যান

নিউ ইয়র্কে দীর্ঘকাল কাজ চালাইয়া স্বামীন্দী জ্ব-এর প্রথম ভাগে তাঁহার বন্ধ এযুক্ত লেগেটের আমন্ত্রণে কিছুদিন বিশ্রামের জন্ম নিউ হ্যাম্পসায়ারের অন্তর্গত পার্শীতে অবস্থিত তাঁহার 'মেইন ক্যাম্প' নামক ভবনে উপস্থিত इटेरनन। ये ममरप्र श्रीपूका উटेनियाम मोर्किंग ७ ठाँदात जीनी श्रीमजी ম্যাকলাউডও লেগেটের অতিথিরূপে ঐ গৃহে ছিলেন। স্বামীজী সেখানে मन मिन ছिल्मन এবং অনেকটা সময় একাকী ভর্জবনে বা হ্রদতীয়ে ভ্রমণ করিতেন. গীতা পাঠ করিতেন অথবা বৃক্ষতলে বসিয়া ধ্যানে কাটাইতেন। একদিন বাগানের মালী স্বামীজীকে ব্রুলতীরে অচৈতত্ত দেখিয়া ছটিয়া গিয়া বাডীতে থবর দিল যে, স্বামীজী দেহত্যাগ করিয়াছেন। অমনি লেগেট, স্টাজিস ও ম্যাকলাউড দেখানে আসিয়া নানাভাবে স্বামীজীর দেহে চৈতগ্রসম্পাদনে সচেষ্ট হইলেন. কিন্তু কিছু তেই কিছু হইল না; অগত্যা তাহারা অনিচ্ছাদ্যত্ত্বও মালীর কথাই সত্য বলিয়া ধরিয়া লইলেন, এমন সময় স্বামী জীর দেহে চৈতক্ষসঞ্চার इरेन-श्रामीकी निर्विक ममाधि इरेट वृाधि**छ इरेटनन। পরবর্তী কালে** কুমারী ম্যাকলাউড এই ঘটনাটি বিবৃত করেন। 'মেইন ক্যাম্প' স্বামীজীর নিকট কত ভাল লাগিয়াছিল তাহা তিনি নিজেই ৭ই জুনের পত্তে শীযুক্তা বলকে জানাইয়াছিলেন:

"অবশেষে আমি এখানে মিঃ লেগেটের কাছে এসে পৌছেছি। আমি জীবনে যে-সকল স্থলরতম স্থান দেখেছি, এটি তাদের অক্সতম। কল্পনা কল্পন, চতুর্দিকে প্রকাণ্ড বনের দ্বারা আচ্ছাদিত পর্বতশ্রেণী ও তার মধ্যে একটি ব্রদ— আর সেধানে আমরা ছাড়া আর কেউ নেই। কি মনোরম, কি নিস্তন্ধ, কি শান্তিপূর্ণ! শহরের কোলাহলের পর, আমি যে এখানে কি আনন্দ পাচ্ছি, তা আপনি সহজেই অস্থমান করতে পারেন। এখানে এসে আমি যেন নবজীবন লাভ করেছি। আমি একলা বনের মধ্যে যাই, আমার গীতাখানি পাঠ করি এবং বেশ স্থেই আছি। দিন দশেকের মধ্যে এ স্থান ত্যাগ ক'রে সহস্রদ্বীপোস্থানে যাব। সেধানে ঘন্টার পর ঘন্টা, দিনের পর দিন ভগবানের ধ্যান ক'রব এবং একলা নির্জনে থাকব। এই কল্পনাটাই মনকে উচু ক'রে দেয়।"

কাজের ঝঞ্চাট হইতে মৃক্তিলাভ করিয়া ঈশ্বরচিস্কায় ডুবিয়া যাওয়ার আকুল বাসনা সর্বদা জাগরক থাকিলেও শেষ দিন পর্যস্ত তিনি কার্যেই লিপ্ত ছিলেন। অতএব সহস্রদ্বীপোতানে যাইয়া ভগবদ্ধানে নিময় থাকার ইচ্ছাও ফলপ্রস্থ হয় নাই, অথবা অন্তদৃষ্টিতে দেখিতে গেলে স্বামীক্ষীর নিজন্ব দার্শনিক মতামুসারে কার্যও যেহেতু ভগবদারাধনায় পরিণত হইতে পারে, অতএব স্বামীক্ষীর নায় উচ্চ আধ্যাত্মিক শক্তিসম্পন্ন ও অমভৃতি-সমৃদ্ধচিত্ত মহাপুক্ষের নিকট জাগতিক দৃষ্টিতে আমরা যাহাকে কর্ম বলি তাহা কথনই ছিল না; তিনি এই সকল কর্মব্যন্ততার মধ্যেও সর্বদা ভগবদমুভৃতিতে প্রতিষ্ঠিত ছিলেন।

যাহা হউক, ১৭ই জুন তিনি মেরী হেলকে লিখিয়া পাঠাইলেন "আগামী কাল যাচ্ছি সহস্ৰদ্বীপোভানে।" ১৮ই জুন হইতে ৬ই আগস্ট পৰ্যন্ত তিনি শেখানে কাটাইয়াছিলেন, তাঁহারই ছাত্রী শ্রীমতী ডাচারের কুটিরে। ঐ কৃটিরখানি দেণ্ট লরেন্দ নদীর বক্ষত্ব অজত্র দ্বীপগুলির মধ্যে দ্বিতীয় বৃহত্তম षीপ 'eracenen' बीरापत मिक्नारम महत्रकीराणातांत शूर्वशास्त्र व्यवश्चिष ছিল। দ্বীপটি দৈর্ঘ্যে নয় মাইল এবং প্রস্থে চার মাইল। তথনকার দিনে উহাতে লোকবদতি নামমাত্র ছিল। বনাকীর্ণ ও বৃহৎ প্রস্তরথগুচ্ছাদিত পাহাডের একখণ্ড ঢালু জমির উপর কুটিরখানি দাঁড়াইয়া ছিল, উহারই একপার্ম্বে স্কপ্রশন্ত সেন্ট লরেন্স নদী। ঐ বাড়ীটি নিমিত হয় ১৮৮৫ খুষ্টান্দে। তথন উহার নীচে হুইখানি ও উপরে হুইখানি ঘর ছিল। পরে স্বামীজীর জন্ম নৃতন একটা অংশ নির্মিত হয়। স্বামীজী আদিবার পূর্বেই দেখানে জন কয়েক ছাত্রছাত্রী জুটিয়াছিলেন; ক্রমে খাদশ জন যাতায়াত আরম্ভ করেন, যদিও কোন সময়েই একসঙ্গে দশ জনের অধিক থাকেন নাই। এই গৃহে নির্দিষ্ট সময়ে ছাত্রছাত্রীরা স্বামীজীর পদতলে উপবিষ্ট হইয়া তাঁহার যে উপদেশামূত পান করিতেন, উহার कियमः श्रीमाजी अयाद्यात त्नथनीमृत्य निभित्रक रहेया 'त्नववानी' (हेनमभायार्ड টক্স) নামে মৃদ্রিত হইয়াছে। গ্রন্থের কথাগুলি এমন স্বস্পষ্ট, প্রেরণাপ্রদ এবং অধ্যাত্মভাবে পরিপূর্ণ বে পড়িলেই মনে হয়, স্বামীক্রী তথন সত্যসত্যই দৈব-প্রেরণায় কথা বলিতেন; তাঁহার মন তথন এক অত্যুচ্চ আধ্যাত্মিক ভূমিতে বিচরণ করিত। প্রতিদিন প্রাতে তিনি বাইবেল, গীতা, উপনিষদ, ভক্তিস্তত্ত चथवा त्वनाच्चण्टावात चः निवास वार्या कतिराजन । जावात वनमस्या नीर्च समन-কালে নানা উচ্চতত্ব সম্বন্ধে আলোচনা করিতেন; এমন কি আহারকালে এবং

সময়বিশেষে যথন তিনি শিশ্ব-শিশ্বাদের জ্বন্স রন্ধন করিতেন তথনও খুঁটিনাটি বিষয়গুলিকেও উচ্চ ধর্মচর্চার অবলম্বন করিয়া তুলিতেন—দিনের প্রতিট মূহুর্ত এক ধার্মিক পরিবেশমধ্যে ব্যয়িত হইত, সকলের মন এক অতি উচ্চ স্থরে বাঁধা থাকিত। দিবাবসানে সন্ধ্যায় যথন সকলে দ্বিতল কুটারের উপরের বারাগুায় সমবেত হইতেন, তথনও তিনি নিস্তব্ধ ও ক্ষম্বাস সেই ভক্তবৃন্ধকে ভগবৎকথাই আবেগভরে শুনাইতেন।

সহস্রদীপোছানে ল্যাণ্ডস্বার্গ পুনর্বার তাঁহার সহিত মিলিত হইয়াছিলেন।
তিনি ঐ কালমধ্যে ল্যাণ্ডস্বার্গ ও শ্রীমতী মেরী লৃইকে সন্ন্যাসদীক্ষা দিয়া
যথাক্রমে রূপানন্দ ও অভয়ানন্দ নামে অভিহিত করেন। দ্বিতীয় ব্যক্তির সন্ন্যাসের
দিনে আরও পাঁচ জনকে ব্রহ্মচর্যদীক্ষা দিয়াছিলেন। "দীক্ষাদান কার্যটি অতীব
অনাড়ম্বর ছিল বলিয়া খ্ব হৃদয়স্পাশী হইয়াছিল। একটি ক্ষুদ্র বেদীতে প্রজ্ঞানিত
অগ্নি, স্বন্দর কিছু ফুল এবং আচার্যদেবের সাগ্রহ বাণীই ঐ অনুষ্ঠানটিকে দৈনন্দিন
কার্যাবলী হইতে ভিন্নরূপ প্রদান করিয়াছিল। গ্রীম্মকালীন এক উষাকালে উহা
অস্কৃতি হয়; আর সেদিনের স্মৃতি আমাদের মনে আজও স্পাই অন্ধিত
রহিয়াছে।" (ওয়াল্ডো)। বাকী সকলকে তিনি পরে নিউ ইয়র্কে মন্ত্রদীক্ষা
দিয়াছিলেন। ৬ই আগষ্ট অস্তিম ক্লাস শেষ করিয়া তিনি পরদিন নিউ ইয়র্কে

সহস্রদীপোতানের সাধারণ পরিবেশ, গৃহ ও অক্যান্ত ঘটনাদি সম্বন্ধে যেসব কথা শ্রীমতী ওয়াল্ডো, শ্রীযুক্তা ফান্ধি ও ভগিনী কৃষ্টিনের গ্রন্থ ও স্মৃতিলিপিতে সংবক্ষিত হইয়াছে, উহা খুবই তথ্যপূর্ণ। আমরা উহারই কিয়দংশ বথাক্রমে পাঠকের নিকট উপস্থিত করিতেছি। শ্রীমতী ওয়াল্ডোর 'দেববাণী'র পটভূমিকা হইতে জানা যায় ('বাণী ও রচনা', ৪।১৯২-৯৪):

"বে ছাত্রীট বাড়ীখানির অধিকারিণী ছিলেন, তাঁহার নাম ছিল মিস্
ভাচার'। তিনি ব্ঝিলেন ষে, এই উপলক্ষ্যে একটি পৃথক কক্ষ নির্মাণ করা
আবশুক—যেখানে কেবল পৃবিত্র ভাবই বিরাজ করিবে এবং তাঁহার গুরুর প্রতি
ভক্তি-অর্ঘাহিসাবে আসল বাড়ীখানি ষত বড় (উহার পশ্চিমাংশে) প্রায় তত

১। মিস মেরী এলিজাবেথ ডাচারের (১৮৩২—১৯২২) জন্ম হয় মিউ ইয়র্ক স্টেটের অন্বর্গত ওস্ওয়েগোর কাছে। তিনি চিত্রবিদ্বায় নিপুণা ছিলেন। ধর্মে তিনি ছিলেন প্রথমে মেখডিষ্ট ও পরে খন্টান সায়েটিষ্ট।

বডই একটি নৃতন (তেতলা) পার্থ সংযোজন করিয়া দিলেন। বাড়ীটি এক উচ্চভূমির উপর অতি স্থন্দর স্থানে অবস্থিত ছিল; স্থরম্য নদীটির অনেকথানি এবং উহার বহুদুরবিস্তৃত সহস্রদ্বীপের অনেকগুলি তথা হইতে দৃষ্টিগোচর হইত। দূরে ক্লেটন (শহর) অল্প অল্প দেখা যাইত, আর অপেক্ষাকৃত বিস্তৃত কানাডার উপকৃল উত্তরে দৃষ্টি অবরোধ করিত। বাড়ীথানি একটি পাহাড়ের গায়ে অবস্থিত ছিল; পাহাড়টির উত্তর ও পশ্চিম দিক হঠাৎ ঢালু হইয়া নদীতীর ও উহারই যে কুদ্র অংশটি ভিতরের দিকে ঢুকিয়া আসিয়াছে, তাহার তীর পর্যন্ত গিয়াছে: শেষোক্ত জলভাগটি একটি ক্ষত্র হলের ন্যায় বাডীখানির পশ্চাতে রহিয়াছে। বাড়ীথানি সভ্যসভ্যই (বাইবেলের ভাষায়) 'একটি পাহাড়ের উপর নির্মিত', আর প্রকাণ্ড প্রকাণ্ড পাথর উহার চারিদিকে পড়িয়াছিল। নবনিমিত সংযোজনটি পাহাড়ের খুব ঢালু অংশে দণ্ডায়মান থাকায় যেন একটি বিরাট আলোকস্তম্ভের মতো দেখাইত। বাড়ীটির তিন দিকে জানালা ছিল এবং উহার (পশ্চিমের) পিছনের দিক ত্রিতল ও সামনের (পুরাতন পূর্ব) দিক দ্বিতল ছিল। নীচের ঘরটিতে ছাত্রগণের মধ্যে একজন থাকিতেন; তাহার উপরকার ঘরটিতে বাডীথানির প্রধান অংশ হইতে অনেকগুলি দার দিয়া যাওয়া ঘাইত এবং প্রশন্ত ও স্ববিধাজনক হওয়ায় উহাতেই আমাদের ক্লাসের অধিবেশন হইত এবং দেখানেই স্বামীজী অনেক ঘণ্টা ধরিয়া আমাদিগের স্থপরিচিত বন্ধর মতো উপদেশ দিতেন। এই ঘরের উপরের ঘরটি শুধু স্বামীজীরই ব্যবহারের জন্ম নির্দিষ্ট ছিল। যাহাতে উহা সম্পূর্ণরূপে নিরুপদ্রব হইতে পারে, সেজন্ম মিস ভাচার বাহিরের দিকে একটি পূথক সিঁড়ি করাইয়া দিয়াছিলেন। অবশ্র উহাতে দোতনার বারাণ্ডায় আদিবার একটি প্রকাণ্ড দরজাণ্ড ছিল।^২

"এই উপরতলার বারাণ্ডাটি আমাদের জীবনের সহিত অতি ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট ছিল; কারণ স্বামীজীর সকল সাদ্ধ্য কথোপকথন এই স্থানেই হইত। বারাণ্ডাটি প্রশন্ত থাকায় উহাতে কভকটা জায়গা ছিল। উহার উপরে ছাদ দেওয়া ছিল, এবং উহা বাড়ীধানির দক্ষিণ ও পশ্চিমাংশে বিভৃত ছিল। মিস ভাচার উহার পশ্চিমাংশটি একটি পদা দিয়া সমত্ত্ব পূথক করিয়া দিয়াছিলেন,

২। নৃতন অংশের তেওলার স্বামীজীর শরনকক, দোতলার পাঠকক ছিল। শরনককের একটি দরজা দিরা বারাপ্তার বাওয়া চলিত; এথানে সান্ধ্য বৈঠক বসিত। পাঠককে বসিত সকালের ক্লাস। উহার নীচে একতলায় একজন শিষ্য থাকিতেন ('বেদান্তকেশরী', আগস্ট, ১৯৬৩, ২৫৩ পৃঃ)।

স্থতরাং যে-দকল অপরিচিত ব্যক্তি এই বারাণ্ডা হইতে তত্ত্বত্য অপূর্ব দৃষ্টিটি দেখিবার জন্ম দেখানে প্রায়ই আগমন করিতেন, তাঁহারা আমাদের নিন্তন্ধতা ভঙ্ক করিতে পারিতেন না।

"এইখানেই আমাদের অবস্থান-কালের প্রতি সন্ধ্যায় আচার্যদেব তাঁহার দ্বারের সমীপে বসিয়া আমাদের সহিত কথাবার্তা বলিতেন। আমরাও সন্ধ্যার ন্তিমিত আলোকে নির্বাক হইয়া বসিয়া তাঁহার অপুর্ব জ্ঞানগর্ভ বচনামূত সাগ্রহে পান করিতাম। স্থানটি যেন সতাসত্যই একটি পুণ্যনিকেতন ছিল। পাদনিমে হরিৎ পত্রবিশিষ্ট বুক্ষশীর্বগুলি হরিৎসমূদ্রের মতো আন্দোলিত হইত, কারণ সমগ্র স্থানটি ঘন অরণ্যে পরিবৃত ছিল। স্থবৃহৎ (দ্বীপস্থ) গ্রামটির একথানি বাড়ীও দেখান হইতে দৃষ্টিগোচর হইত না, আমরা যেন লোকালয় হইতে বহু যোজন দূরে কোন নিবিড় অরণ্যানী-মধ্যে বাদ করিতাম। বৃক্ষ-শ্রেণী হইতে দূরে বিস্তৃত দেন্ট লরেন্স নদী; উহার বক্ষে মাঝে মাঝে দ্বীপসমূহ; উহাদের মধ্যে কতকগুলি আবার হোটেল ও ভোজনালয়ের উজ্জ্বল আলোকে ঝিকমিক করিত। এগুলি এত দূরে ছিল যে, উহারা সত্য অপেক্ষা চিত্রিত দৃশ্য বলিয়াই মনে হইত। আমাদের এই নির্জন স্থানে জনকোলাহলও কিছুমাত্র প্রবেশ করিত না। আমরা ভগু কীট-পতঙ্গাদির অফুট রব, পক্ষিগণের মধুর কাকলি, অথবা পাতার মধ্য দিয়া সঞ্চরমাণ বায়ুর মৃত্ মর্মরঞ্বনি ভনিতে পাইতাম। দৃষ্ঠটির কিয়দংশ স্লিগ্ধ চন্দ্রকিরণে উদ্রাসিত থাকিত, এবং নিমের স্থির জলরাশিবক্ষে দর্পণের ক্যায় চল্লের মুখচ্ছবি প্রতিবিশ্বিত হইত। এই অপুর্ব মায়া-রাজ্যে আমরা আচার্যদেবের সহিত সাতটি পথাহ দিব্যানন্দে তাঁহার অতীন্দ্রিয় রাচ্চ্যের বার্ডা সময়িত অপুর্ব বচনাবলী **শ্রবণ** করিতে করিতে অতিবাহিত করিয়াছিলাম —তথন আমরা জগৎকে ভূলিয়া গিয়াছিলাম, জগংও আমাদিগকে ভূলিয়া গিয়াছিল। এই সময়ে প্রতিদিন শান্ধ্যভোজন সমাপনান্তে আমরা সকলে উপরকার বারাণ্ডায় গিয়া আচার্যদেবের আগমন প্রতীকা করিতাম। অধিকক্ষণ অপেকা করিতে হইত না. কারণ আমরা সমবেত হইতে না হইতেই তাঁহার গৃহ্বার উন্মুক্ত হইত এবং তিনি ধীরে ধীরে বাহিরে আসিয়া তাঁহার অভ্যন্ত আসন গ্রহণ করিতেন। তিনি আমাদিগের সহিত প্রত্যহ হুই ঘটা এবং অনেক সময়েই তদধিক কাল যাপন করিতেন। এক অপুর্বদৌন্দর্যমন্ত্রী রঙ্গনীতে (দে দিন নিশানাথ প্রায় পূর্ণাবয়ব ছিলেন) कथा कहिए कहिए हम च ख राग ; चामता । रामन कानरकर पत

বিষয় কিছুই জানিতে পারি নাই, স্বামীজীও মনে হয় ঠিক তেমনি কিছুই জানিতে পারেন নাই।…

"এই দিব্য অবসরে আমরা যে উচ্চাঙ্গের গভীর ধর্মামুভূতি লাভ করিতাম, তাহা আমাদের কেহই ভূলিতে পারিবে না। স্বামীন্দ্রী ঐ সময়ে তাঁহার হৃদয়ের ছয়ার খুলিয়া দিতেন। ধর্মলাভ করিবার জন্ম তাঁহাকে বেসকল বাধা-বিদ্ন অতিক্রম कतिया राष्ट्रिक रुरेयाहिन, मिश्चनि एयन श्रुनताय आमारतत मृष्टिरगाहत रुरेक।... আমাদের সকল সন্দেহ মিটাইয়া দিতেন, সকল প্রশ্নের উত্তর দিতেন, এবং সমুদ্য ভয় দুর করিতেন। অনেক সময় স্বামীন্ধী যেন আমাদের উপস্থিতিই ভূলিয়া ষাইতেন,—তথন আমরা পাছে তাঁহার চিম্ভাপ্রবাহে বাধা দিয়া কেলি এই ভয়ে ষেন শ্বাস রুদ্ধ করিয়া থাকিতাম। তিনি আসন হইতে উঠিয়া বারাণ্ডাটির সন্ধীর্ণ শীমার মধ্যে পায়চারি করিয়া বেডাইতে বেডাইতে অনুর্গল কথা বলিয়া যাইতেন।… স্বামী বিবেকানন্দের ক্রায় একজন লোকের সহিত বাস করাই অবিশ্রান্ত উচ্চ উচ্চ অমুভৃতি লাভ করা। প্রাতঃকাল হইতে রাত্রি পর্যন্ত দেই একই ভাব— আমরা এক ঘনীভূত ধর্মভাবের রাজ্যে বাস করিতাম। স্বামীজী মধ্যে মধ্যে বালকের ন্থায় ক্রীড়াশীল ও কৌতৃকপ্রিয় হইলেও এবং দোল্লাদে পরিহাস করিতে এবং কথার ক্ষিপ্র ও সর্বস প্রত্যুত্তর দিতে অভ্যন্ত থাকিলেও কথন মুহূর্তের জ্বন্ত জীবনের মূলস্থর হইতে বেশীদূর যাইতেন না। প্রতি জিনিসটি इटेट डिनि किছू ना किছू विनवात अथवा उमाइत मिवात विषय शाहेटजन, এবং এক মৃহুর্তে তিনি আমাদিগকে কৌতুকজনক হিন্দু পৌরাণিক গল্প হইতে একেবারে গভীর দর্শনের মধ্যে লইয়া যাইতেন। স্বামীজী পৌরাণিক গল্পসমূহের অফুরম্ভ ভাণ্ডার ছিলেন, আর প্রকৃতপক্ষে এই প্রাচীন আর্থগণের মতো আর কোন জাতির মধ্যেই এত অধিক পরিমাণে পৌরাণিক গল্পের প্রচলন নাই ।…

"'সহত্রদ্বীপোন্ঠানে' গমনকালে স্থিরীকৃত হইয়াছিল বে, আমরা পরস্পার মিলিয়া মিলিয়া একবোগে বাদ করিব; প্রত্যেকেই গৃহকর্মের নিজ নিজ অংশ সম্পার্ক করিবেন, তাহাতে কোন বাজে লোকের সংস্পর্শে আমাদের গৃহের শাস্তিভক্ষ হইতে পারিবে না। স্বামীজী স্বয়ং একজন পাকা রাধুনী ছিলেন, এবং আমাদের জন্ম প্রায়ই উপাদেয় ব্যক্ষনাদি প্রস্তুত করিতেন। প্রতিদিন প্রাতঃকালে আমাদের প্রত্যেকের নির্দিষ্ট কার্যগুলি শেষ হইবামাত্র (অনেক সময় তাহার পুরেই) স্বামীজী আমাদিগকে—বে বৃহৎ বৈঠকখানাটতে আমাদের ক্লাসের

অধিবেশন হইড, দেখানে সমবেড করিয়া শিক্ষাদান আরম্ভ করিডেন। প্রপ্রতিদিন তিনি কোন একটি বিশেষ বিষয় নির্বাচন করিয়া লইয়া তৎসম্বন্ধে উপদেশ দিতেন, অথবা শ্রীমন্তগবদ্গীতা, উপনিষদ বা ব্যাসক্ষত বেদাস্বস্ত্র প্রভৃতি কোন ধর্মগ্রন্থ লইয়া তাহার ব্যাখ্যা করিতেন। তেনেদাস্বস্ত্রগুলিতে ভাষ্মকারগণের মাথা খাটাইবার যথেষ্ট অবকাশ আছে, এবং শহর, রামাহ্মন্থ ও মাধ্য এই তিন-জন হিন্দু মহাদার্শনিক উহাদের উপর বিভৃত ভাষ্ম লিখিয়াছেন। প্রাতঃকালের কথোপকথনগুলিতে স্বামীক্রী প্রথমে এই ভাষ্মগুলির কোন একটি লইয়া, তারপরে আর একটি ভাষ্ম, এইরূপ করিয়া ব্যাখ্যা করিতেন এবং দেখাইতেন কিরূপে প্রত্যেক ভাষ্মকার তাঁহার নিজের মতাহ্যায়ী স্ত্রগুলির কদর্থ করার অপরাধে অপরাধী। করিতেন। তই কথোপকথনগুলিতেই স্বামীক্রী সর্বপ্রথম আমাদের নিকট তাঁহার মহানু আচার্য শ্রীরামকৃষ্ণদেবের কথা সবিস্থারে বর্ণনা করেন।"

সহস্রদীপোছানের আনন্দময় দিনগুলির কথা অরণ করিয়া শ্রীযুক্তা ফাছি লিখিয়াছেন: "(স্বামীজী যথন ডেট্রেরেটে ছিলেন) তথন আমি ও কৃষ্টিন গ্রীন-ষ্টিভেল ব্যক্তিগতভাবে তাঁহার সহিত পরিচিত হইবার কোন স্থােগ পাই নাই। কিছু তাঁহাকে (সেধানে) যাহা কিছু বলিতে শুনিয়াছি, তাহা সমন্তই আমরা মনে মনে চিন্তা করিতাম এবং সক্ষম করিতাম, কোন দিন কোথাও—এমন কি প্রয়োজন হইলে পৃথিবী পর্যটন করিয়াও তাঁহার সহিত মিলিত হইব। দেড় বংসর যাবং আমরা তাঁহার কোন সংবাদই না পাইয়া ভাবিলাম, হয়তা তিনি ভারতে ফিরিয়া গিয়াছেন। কিছু একদিন অপরাহে এক বন্ধুর নিকট খবর পাইলাম, তিনি তথনও আমেরিকায় আছেন এবং গ্রীমকালটি সহল্রবীপোছানে কাটাইবেন। পরদিন সকালেই আমরা যাত্রা করিলাম এবং সক্ষম করিলাম, তাঁহাকে খ্রাছার বাহির করিব ও তাঁহাকে আচার্যপদে বরণ করিব। অবশেষে অনেক কায়ক্রেশের পর তাঁহার সদ্ধান পাইলাম। তিনি বেখানে জনসংস্পর্শ হইডে দ্রে বাস করিতেছেন, সেখানে উপস্থিত হইয়া তাঁহার শান্তিভক্ষের ত্বংসাহস করিতেছি ভাবিয়া আমরা খ্বই ভয় পাইয়াছিলাম; কিছু তিনি আমাদের য়্বাম্রে

৩। স্বামীজীর পাঠককে সকালে বেদব ক্লান হইত তাহারই কিরদংশ 'দেববাদী'তে সংরক্ষিত হইয়াছে।

এমন এক অগ্নি প্রজ্ঞলিত করিয়াছিলেন, যাহা অনির্বাণ: এই আশ্রুর্য ব্যক্তিটিকে আরও ভাল করিয়া জানিতে হইবে, তাঁহার বাণী আরও ভাল করিয়া শিখিতে হইবে। সে রাজিটি ছিল অন্ধকার ও বর্ষণমুখর, এবং দীর্ঘ ভ্রমণের পর আমরাও ছিলাম ক্লান্ত; কিন্তু ঠিক তাঁহার সামনে না আসা পর্যন্ত যে আমাদের পক্ষে থামাই ছিল অসম্ভব। তিনি কি আমাদের গ্রহণ করিবেন ? যদি না গ্রহণ करतन, তবে আমাদের উপায় ? অকস্মাৎ আমাদের মনে হইল, এই যে শত শত মাইল দুরে চলিয়া আসিলাম এমন একজন লোকের সহিত সাক্ষাৎ করিতে যিনি আমাদের অন্তিও পর্যন্ত জানেন না—ইহা কি আহামকি হইল না ?্ কিন্ত অন্ধকার ও বুষ্টি ঠেলিয়া আমরা মন্থরগতিতে পাহাড়ের উপর দিকে আগাইয়া চলিলাম : পথ দেখাইবার জন্ত আমরা যে লোকটিকে নিযুক্ত করিয়াছিলাম, সে नर्धन नहेशा १९८ (प्रशाहेशा हिन्त । आमारमत अकरमय १८त आमारमत कथा বলিতে গিয়া এই ঘটনার উল্লেখ করিয়া বলিতেন, 'আমার যে শিয়ারা আমার অম্বেষণে বহু শত মাইল দুর থেকে এদেছিল, আর তারা এদেছিল অন্ধকারে বৃষ্টি মাথায় করে।' তাঁহাকে কি কি বলিব, দব ঠিক করিয়া আদিয়াছিলাম : কিছ যথন দেখিলাম, সত্যই তাঁহাকে পাইয়াছি, তথনই সব গুছানো স্থলর कथाश्वनि हाताहेशा (भन এवः आमारमत এक अन कहे कतिया वनिया विमानत. 'আমরা এসেছি ডেট্রয়েট থেকে আর এীযুক্তা পি—আমাদের পাঠিয়েছেন।' অপরে বলিলেন, 'যীশুখুট যদি মর্ত্যধামে এখনও থাকতেন, তাহলে তাঁর কাছে বেমন করে আসা উচিত এবং উপদেশ প্রার্থনা করা উচিত, আমরা তেমনি ভাবে আপনার কাছে এসেছি।' তিনি অতি রূপাদৃষ্টিতে আমাদের দেখিলেন, এবং বলিলেন, 'ভধু যদি আমার যীভ খুষ্টেরই মতো শক্তি থাকত এই মুহুর্তে ভোমাদের মুক্ত করে দেবার !' তিনি কিয়ৎক্ষণ চিস্কিতমনে দাঁড়াইয়া রহিলেন এবং পরে পার্মে দণ্ডায়মানা গৃহস্বামিনীর দিকে ফিরিয়া বলিলেন, 'এই ভদ্র-মহিলারা ডেটুয়েট থেকে এসেছেন, দয়া করে এঁদের উপরে নিয়ে যান। এই সদ্ধাটি আমাদের দঙ্গে থাকতে দিন।' অনেক রাত্রি পর্যন্ত থাকিয়া আমরা গুরুদেবের উপদেশ শুনিলাম, যদিও তিনি আমাদের প্রতি বিশেষ কোন नक्षत्र (मिलन ना । किन्क यथन नकत्मत्र निकृष्ठ विभाग नहेर्छ छेत्रिनाम, তथन আমাদের বলিয়া দেওয়া হইল, আমরা যেন প্রদিন স্কালে নয়টার সময় আসি। আমরা আসিলাম, এবং গুরুদেব আমাদিগকে গ্রহণ করিয়া

ঐ গৃহেই বাদের জন্ম সাদরে আমন্ত্রণ জানাইলে আমরা খুবই আনন্দিত হইলাম।"

ইহার পর রুষ্টিন গ্রীনষ্টিডেল (ভগিনী রুষ্টিন)-এর শ্বতিলিপির অংশবিশেষ উদ্ধৃত করিলাম: "যেদিন আমরা হু:সাহসভরে তাঁহাকে অন্বেষণপূর্বক বাহির করিলাম, দে তারিখটা নিশ্চয় ১৮৯৫ খুষ্টাব্দের ৬ই জুলাই ছিল। ... শ্রীযুক্তা ফাছি তাঁহার লিখিত স্বামী বিবেকানন্দের 'ইনস্পায়ার্ড টকস'-এর মুধবন্ধে আমাদের অন্বেষণের কথা বলিয়াছেন। ইহার পরবর্তী অত্যাশ্চর্য সপ্তাহগুলির কথা লিপিবদ্ধ করা কঠিন। আমরা তথন যে অত্যচ্চ অমুভতি-ভূমিতে বাস করিতাম আবার যদি মনকে সেই উচ্চক্ষেত্রে উন্নীত করিতে পারা যায়, তবেই দে পুর্বামুভতিকে ফিরাইয়া আনা সম্ভব। আমরা ছিলাম আনন্দে পরিপূর্ণ। তথন আমাদের এ বোধই ছিল না যে আমর। তাঁহারই আলোকে উদ্ভাসিত। প্রেরণার পক্ষোপরি স্থাপন করিয়া তিনি আমাদিগকে এমন এক উচ্চভূমিতে লইয়া গিয়াছিলেন, যাহা তাঁহার নিজের স্বাভাবিক আবাসস্থল। এই সময়ের কথাপ্রসঙ্গে তিনি নিজেও পরে বলিয়াছিলেন যে, তিনি সহস্রদীপোছানে তাঁহার সর্বোচ্চ অবস্থায় প্রতিষ্ঠিত ছিলেন। তথন তিনি অমুভব করিতেন যে, তাঁহার বাণী প্রচারের প্রকৃষ্ট প্রণালী, তাঁহার ত্রত উদযাপনের প্রকৃষ্ট পদ্ম তিনি আবিদ্ধার করিয়াছেন; কারণ গুরু তখন তাঁহার আপন শিয়ের সন্ধান পাইয়াছিলেন। তাঁহার প্রথম ও একান্তিক অভিনাষ ছিল আমাদিগকে মুক্তির পথ দেখাইয়া দেওয়া, আমাদিগকে মৃক্তি দেওয়া। মর্মস্পর্শী করুণ স্বরে তিনি বলিতেন, 'আহা, আমি যদি স্পর্শ মাত্র তোমাদের মুক্ত করে দিতে পারতাম !' তাঁহার দিতীয় ইচ্ছা, যাহা তেমন আপাতপ্রতীয়মান না হইলেও ফর্ম্বারার মতো প্রবাহিত হইত, তাহা ছিল আমেরিকার কার্য পরিচালনার জন্ম ঐ দলটিকে গড়িয়া তোলা। তিনি বলিতেন, 'এই বাণী ভারতে ভারতীয়েরা ও আমেরিকায় আমেরিকানরা প্রচার করবে।' তাঁহার ঘরের যে ছোট বারাগুটি হইতে গাছগুলির মাথা ও মনোরম সেন্ট লরেন্দ নদী দেখা যাইত, দেখানে তিনি প্রায়ই আমাদের ডাকিয়া বক্তৃতা দিতে বলিতেন : …ইহা ছিল এক স্থকঠিন পরীক্ষা। পর পর প্রত্যেককেই চেষ্টা করিতে ডাকিতেন, পালাইবার জো ছিল না। হয়তো এই ভয়েই আমাদের কেহ কেহ এই ঘনিষ্ঠ সাদ্ধ্য সম্মেলনে আসিতেন না, যদিও তাঁহারা জানিতেন যে, রাত্তি গভীরতর হওয়ার সঙ্গে সঙ্গে তিনিও তাঁহার অধ্যাত্মভূমির সর্বোচ্চ স্তরে উঠিতে থাকিতেন।

তথন রাত্রি ছইটা বাজিয়া গেলেও থেয়াল থাকিত না। চাঁদ উঠিয়া ভূবিয়া ঘাইতেছে দেখিয়াও আমাদের টনক নড়িত না—দেশ ও কাল আমাদের কাছে বিলীন হইয়া যাইত।

"উপরের বারাণ্ডায় এই সব নৈশ সম্মেলনের কোন বাঁধাধরা নিয়ম ছিল না। তিনি এক প্রান্থে তাঁহার দরজার কাছে বড় চেয়ারথানিতে বসিতেন। কখনও কখনও তিনি গভীর সমাধিতে মগ্ন থাকিতেন: তথন আমরাও ধাান করিতাম কিংবা নীরবে বসিয়া থাকিতাম। এই ভাব অনেক সময় কয়েক ঘণ্টা ধরিয়া চলিত ও ক্রমে আমাদের সকলে একে একে উঠিয়া যাইতেন: কারণ আমরা জানিতাম, এইরূপ অবস্থার পরে তিনি কথা বলিতে চাহিতেন না। অথবা হয়তো অল্প পরেই ধ্যানভঙ্গ হইত ও তিনি আমাদিগকে প্রশ্ন জিজ্ঞাসা করিতে উৎসাহ দিতেন এবং প্রায়ই আমাদেরই কাহাকেও উত্তর দিতে বলিতেন। উত্তরটি বতই ভূল হউক না কেন, তিনি আমাদিগকে উহারই মধ্যে হাতড়াইয়া চলিতে দিতেন, যতকণ না আমরা সত্যের নিকটবর্তী হই। তারপর কয়েকটি কথায় তিনি সমস্থাটির সমাধান করিয়া দিতেন। এই ছিল তাঁহার শিক্ষাদানের চিরস্তন প্রথা। কি করিয়া শিয়ের মনে ঔৎস্থকা জাগাইয়া তাহাকে স্বপ্রচেষ্টায় স্বাধীনভাবে চিস্তা করিতে শিথাইতে হয়, তাহা তিনি জানিতেন। আমরা হয়তো নিজের কোন ভাবের বা নুতন চিস্তার অহুমোদন লাভের জন্ম তাঁহার নিকট গিয়া বলিতাম, 'আমার মনে হচ্ছে এটা এই রকম এবং এইরপ।' তথন তিনি এমন করিয়া 'হাঁ' বলিতেন যে, উহা আমাদিগকে আরও ভাবিতে উৎসাহ দিত। পুনর্বার আর একটু পরিষ্কার ধারণা লইয়া আসিতাম; আবার সেই 'হাঁ'-টি আমাদিগকে আরও ভাবিয়া দেখিতে বলিত। হয়তো ততীয় বারে যখন আমাদের চিন্তাশক্তি ঐ পথাবলম্বনে আর অগ্রসর হইতে অক্ষম হইত, তথন তিনি ভ্রমটি দেখাইয়া দিতেন—আর ঐ প্রকার ভূল হইত আমাদের পাশ্চান্তা চিন্তাধাবার ফলে।...

"সেই গ্রীমকালে সহস্রদ্বীপে তিনি নিজেকে যে দলটির দ্বারা পরিবৃত করিয়াছিলেন, সে দলটি ছিল বড়ই অভুত। তাই ইহা মোটেই আশ্চর্য ছিল না যে, প্রথম আগমনকালে আমরা যে দোকানদারের নিকট থোঁজ-ধবর লইতে গিয়াছিলাম, সে বলিয়াছিল, 'হাঁ, ঐ পাহাড়ের উপর জন কয়েক অভুত লোক থাকে বটে, আর তাদের মধ্যে একজন বিদেশীর মতো লোকও আছে।'

তাঁহাদের মধ্যে ছিলেন, নিউ ইয়র্কে স্বামীন্দীর ক্লাসে আসিতেন এইরূপ তিন বন্ধু —কুমারী এম. ই. ওয়াল্ডো, কুমারী রুথ এলিদ ও ডাক্তার ওয়াইট। ত্রিশ বৎসর ধরিয়া তাঁহারা যত দার্শনিক বক্তৃতার খবর পাইয়াছেন, সব ভনিয়াছেন ; কিন্তু বর্তমান জ্ঞানের ধারে-কাছেও যায় এমন কিছুই তাঁহারা ওনেন নাই। ধীর গম্ভীরভাবে ডাক্তার ওয়াইট নবাগত আমাদিগকে এই কথা কানাইয়া দিলেন। কুমারী ওয়াক্তো এই দীর্ঘকাল বক্ততা শোনার ফলে একটা সম্পূর্ণ ভাষণকে মাত্র কয়েক কথায় সংক্ষেপে গুঢ়াইয়া বলার ক্ষমতা অর্জন করিয়াছিলেন। 'দেববাণীর' জন্ম আমরা তাঁহারই নিকট ক্বতজ্ঞ। দেই বৎসরই স্বামীন্দ্রী ইংলতেও ঘাইবার नमम कूमात्री अम्रात्छात्रहे हत्छ करमकि क्रारमत नामिष व्यर्ग कतिमाहितन ; ফিরিয়া আসার পরেও ওয়ান্ডোর সাহায্য ছিল অমূল্য। পতঞ্চলির যোগস্থতের ব্যাখ্যাও তিনি তাঁহারই দারা লিখাইয়াছিলেন এবং ওয়াক্ডোই কর্মধোগ, রাজযোগ, জ্ঞানযোগ ও ভক্তিযোগ প্রকাশে সাহায্য করিয়াছিলেন। তাঁহার যুক্তিবাদী, স্থানিকত মন ও পূর্ণ ভক্তি তাঁহাকে স্বামীজীর আদর্শ সহকারীতে পরিণত করিয়াছিল। রুথ এলিস নিউ ইয়র্কের এক সংবাদপত্তের আফিসে কাঞ্জ করিতেন। তিনি স্বভাবত: ছিলেন নম্র, নির্জনতাপ্রিয় ও স্বল্পভাষিণী; অধচ দকলেই জানিত যে তাঁহার ভক্তি শ্রদ্ধা ছিল অসীম। ডাক্তার ওয়াইটকে স্বামরা 'ডকি ওয়াইট' বলিয়া ডাকিতাম; রুথ ছিলেন যেন তাঁহার কলা। ওয়াইট-এর বয়স তথন সত্তরের অনেক উর্ধে হইলেও তিনি বালকেরই লায় উৎসাহী ও সমৃৎস্ক ছিলেন। প্রত্যেক ক্লাসের পরেই যখন একটু বিরাম আসিত, তখন ধৰ্বকায় বৃদ্ধ 'ভকি' একটু ঝুঁকিয়া টেকো মাথাটিতে হাত বুলাইতে বুলাইতে তীত্র নাকি-স্বরে বলিতেন, 'স্বামীন্ধী, তাহলে মোদ্দা কথাটি দাঁড়াচ্ছে এই যে, আমি নিগুণ ব্রহ্ম'। আমরা ঐ মস্তব্যটুকুর জন্ম অপেক্ষা করিয়া থাকিতাম, আর স্বামীন্দ্রী পিতৃস্থলভ স্থমধুর স্মিতহাস্থে ঐ কথায় দায় দিতেন। ঐরপ পরিস্থিতিতে, স্বামীজীর ত্রিংশ বংসর বয়স সপ্ততি বর্ষের তুলনায় অতীব দীর্ঘতর বলিয়া মনে रहेज- अथर প্রাচীন হইলেও তিনি বৃদ্ধ ছিলেন না; বরং বলা চলে, তিনি বয়সের অতীত, অথচ সর্বকালের জ্ঞানে পরিপূর্ণ। কথনও কথনও স্বামীন্ত্রী বলিতেন, 'আমার মনে হয়, আমি তিন শত বছরের বৃদ্ধ।'—বলিতেন একট मौर्यनिःचान **महका**त्त ।

"নীচের একথানি ঘরে থাকিতেন স্টেলা। বছদিন পরে তবে আমরা তাঁহার

দাক্ষাৎ পাইয়াছিলাম, কেননা তিনি ক্লাসে আসিতেন কলাচিৎ: আর ইহার কারণ আমাদের যতদুর বলা হইয়াছিল তাহা এই ষে, তিনি তপস্থায় এত গভীরভাবে নিমগ্ন থাকিতেন যে, ঐ সব অকন্মাৎ ছাড়িয়া আসা সম্ভব হইত না। পরে আমরা অনেক কিছ জানিতে পারিলাম। তিনি অভিনেত্রী ছিলেন: অতীতের সংস্কার সহজে মৃছিয়া ফেলা যায় না। এই তপস্তা আর একটা অভিনয় ছিল না তো, যাহার ফলে তাঁহার খ্রিয়মাণ রূপ আবার ফিরিয়া আসিবে এবং তাঁহার হারানো যৌবন তিনি ফিরিয়া পাইবেন ? কারণ যদিও শুনিতে আকর্ষ মনে হইবে, আমেরিকার আধুনিক তমিল্রাময় যুগে যৌবন, সৌন্দর্য, স্বাস্থ্য ও ঐশর্য প্রদর্শনই আধ্যাত্মিকতার নিক্ষরণে গৃহীত হয়। স্বামী বিবেশানন্দ কিরূপে বুঝিবেন যে, তাঁহার অত্যুক্ত ধর্মোপদেশকে কেহ এরূপ কদর্থে ব্যবহার করিবে ? আমরা অবাক হইয়া ভাবিতাম, 'কতটুকু তিনি বুঝতে পারেন ?' তারপর একদিন তিনি বলিলেন, 'ও থকীটিকে আমার বেশ লাগে: ও বড় সরল।' ভানিয়া কেছ টু শব্দও করিল না। অমনি তাঁহার গোটা চেহারা পাল্টাইয়া গেল; এবং তিনি গম্ভীরভাবে বলিলেন, 'আমি তাকে এই আশায় খুকী বলি যে, এতে করে হয়তো দে খুকীরই মতো হয়ে যাবে—লোক দেখানো ও কপটতা থেকে দে মুক্তি পাবে।' হয়তো এই ভাবিয়াই তিনি ফেঁলার ইষ্ট্রমপে গোপালকে নির্দেশ করিয়া দিয়াছিলেন। গ্রীশ্মকালে যথন আমরা পরস্পর হইতে বিচ্ছিন্ন হইলাম, তথন ফেলা অর্চার্ড লেকের একটি ক্ষদ্র দ্বীপে বাস করিতে গেলেন। সেখানে একটি ক্ষুদ্র এককক্ষ-বিশিষ্ট কুটীর নির্মাণ করিয়া তিনি উহাতে একা বাদ করিতেন। তাঁহার দম্বন্ধে অনেক অন্তত কাহিনী ছডাইতে লাগিল—তিনি পাগড়ী পরেন: যোগ-নামক রহন্ত-সাধনা করেন। যোগ শব্দের অর্থ কেচ জানিত না: উচা ছিল একটি বিদেশী শব্দ-ভারতের সঙ্গে, রহস্ত ও অলৌকিকভার সঙ্গে ছিল তাহার সম্বন্ধ। সাংবাদিকগণ তাঁহার সহিত দেখা করিতে আসিতেন।…

"ফাহ্বি সম্বন্ধে স্বামীন্দ্রী বলিতেন, 'ওর কাছে আমি স্বাধীনতা পাই।' তাঁহার কাছে তিনি যতটা স্বাচ্ছন্দ্য বোধ করিতেন, আর কোণাও সেরুপ নহে। আর একবার তিনি বলিয়াছিলেন, 'ও বড় সরল'। ইহাতে ফাহ্বি আমোদ পাইতেন, কারণ তিনি স্বামীন্দ্রীর ভাব অহ্যায়ী চলিতে কথনও কাতর ছিলেন না। সম্ভবতঃ তিনি আমাদের সকলের অপেকা স্বামীন্দ্রীর বিশ্রাম ও স্বাচ্ছন্দ্যের

প্রয়োজন অধিক অমুভব করিতেন। দেহমনকে সব সময়ই এতটা চাপ ও উত্তেজনার মধ্যে রাখা উচিত নয়। অপর সকলে যখন উদগ্রীব হইয়া থাকিত যাহাতে স্বামীজীর একটি কথাও অম্রত না থাকে, ফান্ধি তথন ভাবিতেন কি করিয়া তাঁহাকে আনন্দ দেওয়া যায়। ফান্ধি তাঁহাকে সব মজার গল্প অনাইতেন; এমনকি নিজের সম্বন্ধেও এরপ বলিতে ছাড়িতেন না এবং হালকা ও আমোদজনক প্রসন্ধ তুলিতেন। স্বামীজী একজনকে বলিয়াছিলেন, 'ও আমাকে বিশ্রাম দিচ্ছে।' আবার ঐ ব্যক্তিকেই ফান্ধি বলিয়াছিলেন, 'আমি জানি, তিনি আমাকে বোকা মনে করেন, কিন্তু তাতে করে যদি ওঁর আনন্দ হয়, তো আমি ওসব গ্রাহ্মই করি না।' স্বামীজীর নিকট (ফান্ধির) পাইবার মতো প্রচুর থাকিলেও উহার জন্ম লালায়িত না থাকার ফলেই কি ফান্ধির মনে তাঁহার ব্যক্তিত্বের ছাপ আজও সম্পূর্ণ অনাবিল রহিয়াছে ? ফাঙ্কির আনন্দোৎফুল্ল ভাব, আশাপুর্ণ চিত্ত, উৎসাহময় মন অপরকে সতেন্ধ করিয়া দিত। এমন কি, আজও শরীর অপটু হইলেও তাঁহার পূর্বকার আকর্ষণ ঠিকই আছে। স্বামীজীর কথা-প্রসঙ্গে তাঁহার হানয়দীপ পুন:প্রজ্ঞালিত হইয়া উৎসাহত্যতি যেমনভাবে ছড়াইয়া পড়ে, এমন আর কিছতেই হয় না। স্বামীজী তথন জীবন্ত হইয়া উঠেন, অপরে তাঁহার সান্নিধ্য অত্বভব করে।…

"স্বামীজীর অপর যে হইজন শিশু ছিলেন, তাঁহারা বোধ হয় তাঁহার এই মতবাদ অফুসারেই স্বীকৃত হইয়া থাকিবেন যে, যে শক্তি বিপথগামী হইয়া ধর্মান্ধতায় পরিণত হয়, সেই শক্তিকে পরিবর্তিত করিয়া যদি কোনও উৎকৃষ্টতর ধারায় প্রবাহিত করিতে পারা যায়, তবে উহা এক মঙ্গলসম্পাদক বৃহৎ শক্তিতে পরিণত হয়। শক্তি থাকা চাই—এই হইল প্রথম প্রয়োজন। তিনি দেখিয়াছিলেন, মেরী লুই ও ল্যাণ্ডস্বার্গের মধ্যে ধর্মোন্মন্ততা খুব বেশী রকমই আছে, এবং তিনি মনে করিয়াছিলেন, এই উপাদানটি অম্ল্য বলিয়া প্রতিপন্ন হইতে পারে। আমাদের কৃদ্র দলটির মধ্যে মেরী লুই-এর ব্যক্তিত্ব ছিল স্বাতিশায়ী। তিনি ছিলেন এক দীর্ঘাক্তি, উত্যপ্রকৃতির নারী; বয়স ছিল পঞ্চাশ বৎসর; আর চেহারায় এমন একটা পুরুষোচিত ভাব ছিল যে, বার কয়েক ভাল করিয়া না দেখিলে পুরুষ কি নারী স্থির করা কঠিন হইত। বব্ড হেয়ার (মেয়েদের ছোট করিয়া চূল ছাটা) আরম্ভ হওয়ারও আণেই তাঁহার ছোট, তারের মতো চূল, পুরুষোচিত চেহারা, মোটা হাড়, গন্ধীর আওয়াজ এবং প্রায় ভারতীয়

পুরুষদেরই মতো পোশাক পরিধান সন্দেহের কারণ ঘটাইত। তিনি বলিতেন, তাঁহার সাধনপথ সর্বোচ্চ—উহা দর্শন বা জ্ঞানের পথ। তিনি ছিলেন অতিপ্রগতিশীল দলগুলির প্রবস্ত্রী, বিহুষী ও অনেকটা বাগ্মিতাশক্তি-সম্পন্ন। তিনি বলিতেন, 'আমার কাছে বক্তামঞ্চের আকর্ষণী শক্তি আছে।' তাঁহার অহন্ধার ও ব্যক্তিগত উচ্চাকাজ্ঞা তাঁহাকে শিগ্মত্বের পক্ষে অমুপযোগী এবং স্বামী বিবেকানন্দ-প্রবৃত্তিত আন্দোলনে অনাবশ্রক করিয়া তুলিয়াছিল। আমাদের সকলের আগেই তিনি সহস্রবীপোতান ত্যাগ করিয়া প্রথমে ক্যালিফর্নিয়ায় এবং পরে ওয়াশিংটনে স্বতন্ত্র বেদাস্ককেক্র স্থাপন করিয়াছিলেন।

"আমাদের দলের অন্ততম বিশেষ চিত্তাকর্ষক ব্যক্তি এবং পণ্ডিতাগ্রণী চিলেন লিয়েঁ। ল্যাণ্ডস্বার্গ। 8...তিনটি বৎসর তিনি ছিলেন স্বামীন্সীর অবিচ্ছেত সাধী, বন্ধ, সেক্রেটারী ও সেবক। নিউ ইয়র্কের এক সংবাদপত্তের আফিসে তিনি কাঞ্চ করিতেন; ঐ কার্বে সময় বেশী লাগিত না, অথচ সামান্ত আয় হইত। তিনি ও স্বামীজী যথন নিউ ইয়র্কের ৩৩নং রাস্তায় বাস করিতেন তথন একজোটে অর্থব্যবহার হইত-কখনও চুইজনের পক্ষে যথেষ্ট থাকিত, কখনও থাকিত না। রাত্রে ক্লাস শেষ হইয়া গেলে তাঁহারা ভ্রমণে বাহির হইতেন এবং ভ্রমণশেষে সামান্ত অর্থব্যয়ে রাত্রেব আহার শেষ করিতেন। ইহাতে তুই জনের কাহারও কোন উদ্বেগ হইত না—তাঁহারা জানিতেন, প্রয়োজন মতো টাকা আসিয়া যাইবে। ল্যাণ্ডস্বার্গ ছিলেন যেন ইউরোপের ও ইউরোপীয় দর্শন, সাহিত্য ও শিল্পরাজির একটি সংক্ষিপ্ত সারসংগ্রহ। আর বই পড়া অপেক্ষা মানুষকে জানিতেই স্বামীজী অধিক আনন্দ পাইতেন। আবার ল্যাওদবার্গের মধ্যে যেন ইছদী জাতি—উহার উন্নতি, উহার অবন্তি—আত্মপ্রকাশ করিত। এই সাহচর্বের মধ্যে यन क्टों क्यांचीन काजित मिनन चित्राहिन, এवः উভয়েই এक है। माधात्र ভূমির সন্ধান পাইয়াছিল। দর্বপ্রথম বাঁহারা আদিয়াছিলেন এবং দীক্ষিত হইয়া-ছিলেন, তাঁহাদের মধ্যে ল্যাগুদ্বার্গ অক্তম। ঐ দময়ের প্রথামুদারে তাঁহার নুতন নামকরণ হইয়াছিল; তাঁহার অসাধারণ কুপার জন্ম তাঁহার নাম হইয়াছিল কুপানন্দ। তিনি ছিলেন ভক্তি, পুজা ও উপাদনা মার্গের সাধক। তাঁহার জালাময় আবেগশীল চরিত্র এই পথেই সহজে আত্মবিকাশের অবকাশ পাইত। তাঁহাকেই সর্বপ্রথম প্রচারকার্যে নিয়োগ করা হয়।…

৪। ইহার কথা পূর্ব অধ্যায়ে লিপিবদ্ধ হইরাছে।

"এ পর্বস্ত যাঁহারা দেখানে উপস্থিত হইয়াছিলেন তাঁহাদের অনেককে चामी वित्वकानम लामवाद्य (५३ कुनारे) मञ्जनीका मित्वन क्रिक कृतिया রাখিয়াছিলেন। রবিবারে তিনি আমাদের বলিলেন, 'আমি ভোমাদের এখনও এত ভাল করে জানি না যে, তোমাদিগকে মন্ত্রগ্রহণের উপযুক্ত ভেবে নিশ্চিম্ব হতে পারি।' তারপর তিনি যেন একট সলজ্জভাবেই বলিলেন, 'আমার একটা শক্তি আছে, যা আমি কলাচ কাজে লাগাই—আমি অপরের মনের কথা জানতে পারি। তোমরা রাজী থাক তো তোমাদের মনগুলি পরীক্ষা করে দেখি, কারণ অপরদের সঙ্গে আমি তোমাদিগকেও কাল দীকা দিতে চাই। আমরা সানন্দে সমত হইলাম। পরীক্ষার ফল তাঁহার নিকট নিশ্চয়ই সম্ভোষ-জনক হইয়াছিল: কারণ প্রদিন তিনি অপ্র অনেকের সহিত আমাদিগকেও একটি মন্ত্র দিলেন এবং শিশু করিয়া লইলেন। পরে যখন জিজ্ঞাসা করিলাম. মন পরীক্ষার সময় তিনি কি দেখিলেন, তথন তিনি আমাদিগকে কিছু কিছু বলিলেন। ... তিনি বলিয়াছিলেন, একজনকে প্রাচ্য দেশে অনেক ভ্রমণ করিতে इटेरर I··· जिनि (प्रशिधा किलान, श्वामार्गात এক अस्ति औरन जांत्र जिन स्थित অবিচ্ছেন্তভাবে বিজ্ঞতিত হইয়া যাইবে। তিনি আমাদের সহজে গুরুত্বপূর্ণ ও সাধারণ অনেক ঘটনার ভবিশ্বদাণী করিয়াছিলেন, যাহার প্রায় সবই সত্য বলিয়া প্রমাণিত হইয়াছে।...

" শ্বনেক সময় স্বামীন্ত্ৰী শুধু ল্যাগুস্বাৰ্গকৈ লইয়া বেড়াইতে ঘাইতেন; কথনও কথনও তুই-একজনকে সঙ্গে লইডেন, মাঝে মাঝে সকলেই দল বাঁধিয়া বেড়াইতে বাহির হইডেন। বেড়াইতে বেড়াইতে তিনি কথা কহিতেন, কিছ বিতর্কমূলক বিষয় তুলিতেন না। নির্জনতা ও অরণ্যানী যেন ভারতীয় জীবনের অভিজ্ঞতা শ্বরণ করাইয়া দিত এবং তিনি স্বীয় পরিব্রান্তক-জীবনের অফুভ্তির কথা আমাদের শুনাইতেন। শ

"গোড়াতে স্থির ছিল যে সকলে এক পরিবারভূক্ত ব্যক্তিদের ছায় বাস করিবেন; কোন চাকর থাকিবে না, প্রভ্যেকে গৃহস্থালীর কিছু কিছু কাজ করিবেন। অনেকেই গৃহকর্মে অনভ্যস্ত ছিলেন, আর ও কাজটাও পছল্ব করিতেন না। ফল হইল ভারী মন্তার! এমন কি, কিছুদিন পরে একটা মারাত্মক

৫। কৃষ্টিনের স্মৃতিলিপিতে এই কয়লনের নাম পাওয়া গেল—ওয়াল্ডা, ওয়াইট, এলিস, ঔেলা,
মেরী লুই, ল্যাওস্বার্গ, ফাছি, কৃষ্টিন, ডাচার।

পরিস্থিতির উদ্ভব হইল। আমাদের কেহ কেহ 'রুক ফার্য'এর কাহিনী পডিয়া-ছিলেন; তাই এই কয়জন মনে করিতেন ষেন, ঐরপ ঘটনাবলীই সন্মধে চাক্ষর ভাসিয়া উঠিতেছে। ইহা আৰ্ক্ষজনক নহে বে, এমাৰ্সন ঐ অতিলোকিক-বাদীদের দলে ভিড়িতে অধীকৃত হন: তাঁহার মানসিক শাস্তি সংরক্ষণের জন্ম বেশ একট ত্যাগ স্বীকার করিতে হইয়াছিল। স্বামাদের একজনের কাজ ছিল ঞ্টি কাটা; তিনি ইহাতে আর্তনাদ করিতেন এবং প্রায় কাঁদিয়া ফেলিতেন। এই সব ছোটথাট ব্যাপারে চরিত্রের পরীক্ষা কিরূপে হয় ভাবিলে আশ্র্য হইতে হয়। সাধারণ মেলামেশার ক্ষেত্রে যেসব তুর্বলতা হয়তো সারা জীবনই চাপা পড়িয়া থাকিত, তাহাও এইরূপ দলবদ্ধ জীবনে আপনা হইতে বাহির হইয়া পছে। এ এক মন্ধার ব্যাপার। কিন্তু স্বামীন্দীর মনে ইহার প্রতিক্রিয়া ছিল অন্তর্জপ। যদিও ঐ দলের মাত্র একজন বয়দে তাঁহার ছোট ছিলেন, তথাপি ধৈর্য ও স্কৈর্যে তিনি যেন ছিলেন সকলের পিতৃসদৃশ বা মাতৃ-স্থানীয়। মন-ক্ষাক্ষি যথন খুব বাডিত তথন তিনি বলিতেন, 'আজ আমি তোমাদের জন্ম রাঁধব।' ইহাতে न्गा धनवार्ग जनाश्चिरक वनिया छेत्रिएजन, 'छगवान तका ककन।' व्याधाकरहा তিনি বুঝাইতেন, নিউ ইয়র্কে যেদিন স্বামীজী রাধিতেন সেদিন ল্যাণ্ডস্বার্গ ছশ্চিম্ভায় নিজের চুল ছিঁডিতেন, কারণ সেদিন বাড়ীতে যত বাসন থাকিত, স্বই পরে মাজিতে হইত। দলবদ্ধ ভাবে গৃহস্থালীর কাজ চালাইতে গিয়া অনেক অভিজ্ঞতা লাভ হওয়ার পরে ঐজন্ত একজন সাহায্যকারী লোক রাখা হইল, এবং আমাদের অধিকতর কার্যক্ষম তুই-একজন কোন কোন দায়িত্ব গ্রহণ করিলেন। এইরূপে শান্তি ফিরিয়া আসিল।

"কিন্তু দৈনন্দিন কর্ম শেষ হইয়া গেলে আমরা যখন ক্লাসে সমবেত হইতাম, তখন সমন্ত আবহাওয়া বদলাইয়া যাইত। সেখানে কখনও কোন বেস্থরো কথা তনি নাই; মনে হইত যেন দেহ ও দেহবোধ বাহিরে ফেলিয়া আসিয়াছি। তিনি যখন ব্বিতে পারিতেন যে, আমাদের মনে তাঁহার প্রভাব খ্বই গভীর হইয়াছে, তখন বলিতেন, 'গোখুরা সাপে তোমাদের কামড়েছে, পালাবার জ্লো নেই।' অথবা বলিতেন, 'আমি তোমাদের জালে ফেলেছি; যাবে কোথায় ?'

"পামাদের গৃহকর্ত্তী কুমারী ডাচার ছিলেন এক অতি বিবেকপরায়ণা থবাকৃতি নারী; তিনি ছিলেন মেধডিস্ট সম্প্রদায়ের অস্তর্ভুক্তা ও সম্প্রদায়াহরাগিণী। অকপট বাজ্জিদিগকে আকৃষ্ট করা এবং তাঁহাদিগকে একত্ত ধরিয়া রাধার বে ক্ষমতা স্বামীন্দীর ছিল, তাহার সহিত যাহাদের পরিচয় ছিল না, তাহারা ভাবিয়া পাইত না যে, সেই গ্রীমকালে ডাচারের গৃহে যে দলটি একত্রিত হইয়াছিল, উহার মধ্যে ডাচার আসিয়া পড়িলেন কি করিয়া। কিন্তু একবার যে স্বামীজীকে দেখিয়াছে বা তাঁহার কথা ভনিয়াছে, তাহার পক্ষে তো গতান্তর ছিল না।... তথাপি বিনি তথনও আপনাকে প্রচলিত রীতিনীতি ও গোঁডামিতে বাঁধিয়া রাখিয়াছেন, তাঁহার পক্ষে পথটি ছিল বড় কঠিন, এবং অনেক ক্ষেত্রে ভয়াবহ। ডাচারের নিকট মনে হইত যেন, তাঁহার সমন্ত আদর্শ, জীবনের বিভিন্ন বিষয়ের মুল্যায়ন, ধর্ম-সম্বন্ধীয় ধারণা ধ্বসিয়া পড়িতেছে—যদিও প্রকৃতপক্ষে ঐগুলির আংশিক পরিবর্তন হইত মাত্র। মাঝে মাঝে তিনি ছই-তিন দিন ক্লাদে আসিতেন না। স্বামীজী বলিতেন, 'বুঝতে পারছ না—এ যেমন-তেমন অহুথ নয়। তার মনে যে ঝড় বয়ে যাচ্ছে, এ হচ্ছে তারই দৈহিক প্রতিক্রিয়া। সে সহা করতে পারছে না।' একদিন ক্লাদে স্বামীজীর একটা কথার উপর ডাচার যে মৃত্র প্রতিবাদ করিয়াছিলেন, তাহারই ফলম্বরূপে দর্বাধিক প্রতিক্রিয়া আদিয়া-ছিল। 'কর্তব্যবৃদ্ধিটা কি রকম জান ? এ যেন ত্রংখের মধ্যাক্র সূর্য-আত্মাকে পর্যস্ত জর্জরিত করে দেয়। '-এই কথা বলিয়াছিলেন স্বামীজী। 'এ কি আমাদের কর্তব্য নয় যে—' এইটুকু বলিয়াই ডাচার থামিয়া গেলেন, আর অগ্রসর হইতে পারিলেন না; কারণ স্বাধীন আত্মাকে কেহ শৃঙ্খলে আবদ্ধ করার সাহস রাথে একথা ভাবিতেও মুক্তাত্মা স্বামীজীর মন সম্পূর্ণ বিরোধে মাতিয়া উঠিল। কয়েক দিন কুমারী ভাচারকে আর দেখা গেল না। অথচ একইভাবে শিক্ষাপ্রণালী চলিতে থাকিল। উপযুক্ত গুরুভক্তি থাকিলে সে পথ किছ कठिन हिन ना, कात्रण निश ज्थन मश्राक्ष मार्पत रथानरमत मरण পুরাতনকে ছাড়িয়া নৃতনকে ধরিতে পারিত। কিন্তু প্রাচীন কুসংস্কার ও রীতি-নীতি যেখানে বিশাস অপেকা প্রবলতর হইয়া পড়িত, সেখানে উহা হইত ভয়ন্তর এমন কি অতি ধ্বংসশীল।…

"কিন্তু সব সময়ই বেদাস্তচর্চা হইত না বা গভীর গুরুতর চিন্তা চলিত না।
ক্লাস শেষ হইয়া গেলে অনেক সময় এমন বিমল হাস্ত-পরিহাস ও আনন্দহিল্লোল
চলিত বে, আর কোথাও সেরপ দেখি নাই। আমরা ভাবিতাম, ধার্মিক ব্যক্তি
সর্বদা গন্তীর হইবেন, কিন্তু ক্রমে আমরা ব্ঝিতে পারিলাম বে, ইচ্ছামাত্র জগতের
বোঝা সরাইয়া দিয়া শৈশবোচিত আনন্দে ময় হইতে পারাও বৈরাগ্যেরই একটা

স্থনিশ্চিত চিহ্ন এবং বাঁহারা চরম সত্যের সাক্ষাৎ পাইয়াছেন কেবল তাঁহাদের ভাগ্যে এইরপ ঘটে। ঐ সময়টুকুর মতো আমাদের সকলেরই মন খুব হালকা হইয়া যাইত।" ('রেমিনিসেন্সেস অব স্বামী বিবেকানন্দ')।

সহস্রদ্বীপোছানে দৈনন্দিন পাঠাদিবিষয়ক বিবরণ 'দেববাণী'তে আছে;
পুনরাবৃদ্ধি অনাবশ্রক। আমরা এখানে শুধু অহান্ত ঘটনাবলী লিপিবদ্ধ করিতেছি।
এক বন্ধুকে লিখিত শ্রীযুক্তা ফান্ধির পত্র হইতে জানা যায়: "সত্যই আমরা এখানে
আসিয়া পড়িয়াছি—বিবেকানন্দের সঙ্গে একই বাড়ীতে থাকিয়া সকাল আটটা
হইতে গভীর রাত্রি পর্যন্ত তাঁহার উপদেশ শুনিতেছি। অতি অসম্ভব কল্পনাবলম্বনেও আমি বিবেকানন্দের সঙ্গে থাকা এবং তাঁহার শিল্পান্ধপে গৃহীত হওয়া
রূপ এমন একটা অত্যাশ্র্যে ও স্বাক্ত্মন্দর পরিবেশের কথা ভাবিতে
পারিতাম না। আহা! বিবেকানন্দের শিক্ষা কি ভক্তি-উল্লেককারীই না ছিল!
কোন আজগুবী কথা নয়—শুধু ভগবান, যীশুখুই, বুদ্ধের কথা! আমার বোধ
হয় আমার পক্ষে আর কথনও ঠিক আগের অবস্থায় ফিরিয়া যাওয়া অসম্ভব;
কারণ আমি সত্যের কিঞ্চিৎ আভাস পাইয়াছি।

"একবার ভাবিয়া দেখ দেখি, প্রতিবার আহারের সময় বিবেকানন্দের কথা ভানিতেছি, প্রতি সকালে ও রাত্রে উপরের বারাণ্ডার ক্লানে বসিতেছি, আর উর্ধে উজ্জ্বল স্থবর্ণবিন্দুর স্থায় চিরস্তন তারাগুলি ঝকমক করিতেছে—ইহার ঠিক মর্ম কি? অপরাত্রে আমরা ভ্রমণে বাহির হই, এবং স্বামীজী আক্ষরিক অর্থে এবং অতি সরল স্বাভাবিক ভাবে 'প্রবহমান ঝরণার মধ্যে শাস্ত্রবাণী ও প্রস্তরমধ্যে ধর্মকথা ভানিতে পান এবং প্রত্যেক বস্তুতে ঈশ্বরদর্শন প্রাপ্ত হন।' আবার এই শ্বামীজীই কত আনন্দোচ্চুল ও কোতৃকপ্রিয়! আমরা তো মাঝে মাঝে পাগলপ্রায় হইয়া যাই।"

পরবর্তী পত্তে আছে: "তোমাকে আগে যে চিটি লিখিয়াছিলাম, তাহার পর আমরা সব অতি উচ্চভূমিতে বিচরণ করিতেছি। স্বামীক্ষী আমাদের বলেন, 'এখনকার মতো ভূলে যাও যে, ডেট্রেট বলে কোন জায়গা আছে।' অর্থাৎ এই উপদেশ গ্রহণের সময় আমরা যেন কোন স্বার্থ-চিস্তা আসিতে না দিই। ভূণপত্র হইতে মাসুষ পর্যস্ত সকলের মধ্যে, এমন কি ছুইলোকের মধ্যে, আমাদিগকে

৬। কাছি স্বামীজীর কার্বে আস্থোৎসর্গ করিতে চাহিয়াছিলেন ; কিন্তু তিনি বিবাহিতা বলিয়া স্বামীজী রাজী হন নাই। ব্রহ্মদর্শনের কথা বলা হয়। সভ্যি কথা বলিতে কি, পত্র লেখার মতো সময় পাওয়া এখানে প্রায় অসম্ভব। জায়গাটায় লোকবাছল্যবশতঃ বেসব অস্থবিধা হয়, আমরা তাহা সত্ম করিয়া যাই। স্বামীজী শীদ্রই ইংলণ্ডে চলিয়া যাইবেন; কাজেই আমাদের বোধ হয়, বিরামের জন্ম, ক্লান্ডি দূর করার মতো সময়ও মোটেই নাই—সময়টা এতই স্বল্প বলিয়া মনে হয়! নিজেদের কাপড়-চোপড় ভাল করিয়া গুছাইয়া লইবারও আমাদের সময় নাই; কারণ আমাদের ভয় হয়, পাছে অমূল্য রত্মগুলি হারাইয়া ফেলি—তাঁহার কথাগুলিই সেই রত্ম। আর তিনি যাহা কিছু বলেন, সব কিছুই যেন এক অতি মনোরম বিচিত্র চিত্রের ন্থায় পরস্পর সম্বন্ধ বলিয়া প্রতিভাত হয়। কথাপ্রসঙ্গে মনে হইতে পারে, তিনি যেন বিষয়বন্ধ ছাড়িয়া বছদ্রে চলিয়া গেলেন, কিন্তু তিনি সর্বদাই মূল বন্ধ, একমাত্র প্রাণপ্রদে বন্ধর কথাতেই ফিরিয়া আসেন—'ভগবান-লাভ কর। আর সবই তো অসার!'

"আমি বিশেষ পছন্দ করি কুমারী ওয়াল্ডো ও কুমারী এলিসকে। অবশ্র এ বাড়ীর সকলেই চিন্তাকর্ষক এবং কাহারও কাহারও চরিত্র অসাধারণ। ডা: ওয়াইট নামক ক্যাম্বিজের একজন ক্তবিগু ব্যক্তি মাঝে মাঝে খুব আমোদের কারণ হইয়া উঠেন। তিনি স্বামীজীর উপদেশমধ্যে এমন ডুবিয়া যান যে, প্রত্যেক ভাষণের পরে শেষ কথা হিসাবে স্বামীজীকে প্রশ্ন করেন, 'স্বামীজী, তাহলে শেষ পর্যন্ত তো কথাটা এই দাঁডাচ্ছে—তাই না—বে আমি ব্রহ্ম, আমি নিগুণ ও সর্বাতীত ?' স্বামীন্দী তথন যে কেমন স্নেহভরে মৃত্হাম্ম করেন এবং ধীরেধীরে উত্তর দেন, 'হাঁ ডকি, তুমি ব্রহ্ম, তোমার সতাম্বরূপে তুমি নিগুণ, সর্বাতীত'— তাহা যদি তুমি একবার দেখিতে পাইতে ! ইহারও পরে যখন ঐ বিধান ডাক্তার একটু দেরী করিয়া থাবার টেবিলে আদেন, তথন স্বামীজী অভিমাত্ত গান্তীর্থ-সহকারে, কিন্তু চক্ষ্ম মিটমিট করিয়া একটু হাসির ভঙ্গিতে বলেন, 'এই যে বন্ধ আসছেন', অথবা 'এই যে স্বাতীতের আগমন হল।' সামীন্সীর হাস্তকৌতুক সবই আনন্দজনক। কখনও তিনি বলেন, 'এখন আমি তোমাদের জন্ম রাঁধব!' তিনি রাখেন অতি চমৎকার এবং আমাদের সম্প্রদায়ের ভাই-বোনদের খাওয়াইতে খুব ভালবাসেন। তিনি যে খাছা প্রস্তুত করেন, তাহা অতি হস্তাদ, কিন্তু নানা রকম মশলার বড় বাড়াবাড়ি। তবু আমি স্থির করিয়াছিলাম, ইহাতে আমার मम चार्रिकारेया चानित्म आमि शहितरे-चात मम श्रीय तक रहेयारे चानिछ। বিবেকানন যদি আমার জন্ম রাঁধিতে পারেন, তবে আমার মতে, আর কিছু না

হউক, আমাকে অন্ততঃ থাইতেই হইবে। ভগবান তাঁহার কল্যাণ করুন! এইসব সময়ে আমাদের যেন হাসিঠাট্টার ফোয়ারা খুলিয়া বায়। স্বামীজী নিজের
হাতে একখানি সাদা তোয়ালে জড়াইয়া রেলগাড়ীর থাবার-কামরার পরিবেশকের
মতো মেঝেতে দাঁড়াইয়া ঠিক তাহাদেরই স্থায় স্থর করিয়া ভাকেন, 'থাবার
কামরার জন্ম এই শেষ ভাক। থাবার পরিবেশিত হয়েছে।…' না হাসিয়া পারা
যায় ? অতঃপর থাবার টেবিলে বসিয়া ছোটখাট টিয়নী বা ঠাট্টা লইয়া যেন
হাসির ঝড় বহিতে থাকে; কারণ তিনি প্রত্যেকের নিজম্ব অন্ত্ত চলন-বলনগুলি
ঠিক ঠিক ধরিতে পারিতেন; কিন্তু কখনও ব্যঙ্গ বা বিদ্রেপ না করিয়া শুধু তামাসা
করিতেন।

"আগে যে চিঠিতে আমি তোমাকে স্বামীন্দীর লোক হাসাইবার ক্ষমতার কথা লিথিয়াছিলাম, তাহার পর এমন অনেক কিছু ঘট্ট্য়াছে, যাহাতে বুঝা যায়, স্বামীন্দীর ব্যক্তিত্বের কত বিচিত্র দিক রহিয়াছে। আমরা চেটা করিতেছি, যাহাতে তিনি যাহা কিছু বলেন সব টুকিয়া রাখিতে পারি। কিন্তু দেখিতেছি, আমি তাঁহার কথাতেই ভূবিয়া গিয়া লিখিবার সংকল্প ভূলিয়া যাই। তাঁহার স্বর আশ্চর্যরকম স্থমিষ্ট। মাহুষ তো এই কণ্ঠনিঃস্বত দেবসন্ধীতে মুগ্ধ হইবেই! যাহা হউক, আমাদের প্রিয় শ্রীমতী ওয়াল্ডো পাঠগুলির বেশ লম্বা নোট লইতেছেন। এভাবেই এগুলি রক্ষিত হইবে।

"আমাদের—আমার ও ক্লাইনের—জন্মকণের উপর কোন শুভগ্রহের স্থান্তি নিশ্চমই নিবদ্ধ ছিল! এখনও আমরা কর্ম ও পুনর্জন্মবাদের কথা বিশেষ বৃঝি না; কিন্তু এইটুকু বৃঝিতে পারিতেছি যে, স্থামীজীর সহিত আমাদের সান্নিধ্য ঘটাইবার জন্ম উভয়েই সক্রিয় ছিল। আমি তাঁহাকে অনেক সময় অতিসাহসিক প্রশ্ন করিয়া বসি, কারণ আমি দেখিতে চাই, বিশেষ বিশেষ পরিস্থিতিতে তাঁহাতে কিরপ প্রতিক্রিয়া আসে। আমার ভাবাবেগ লইয়া যখন আমি 'দেবদ্তরাও যেখানে বিচরণ করিতে ভয় পান, সেখানেও চুকিয়া পড়ি', তখন তিনি উহা অতি ক্ষেহপূর্ণ দৃষ্টিতেই দেখেন। একবার তিনি একজনকে বলিয়াছিলেন, 'ফাছি আমার মানসিক বিরামের ব্যবস্থা করছে; ও বড় সরল।' ইহা কি তাঁহার খুব স্নেহের পরিচায়ক নয় ?

"এক সন্ধ্যার বৃষ্টি পড়িতেছিল, আর আমরা শরনঘরেই বসিরাছিলাম। স্বামীজীপবিত্র রমণীচরিত্তের কথাপ্রসঙ্গে আমাদিগ্রকে সীতার কাহিনী শুনাইলেন। কি চমৎকার গল্প বলেন তিনি! তোমার সামনে যেন সব ভাসিয়া উঠে, এবং সব চরিত্রগুলি জ্বল জ্বল করিতে থাকে। হঠাৎ দেখি, আমি মনে মনে ভাবিতেছি, পাশ্চান্ত্যদেশের রানীতৃল্যা স্থলরী সমাজনেত্রীদের কেহ কেহ—বিশেষতঃ যেসব নারী পুরুষের মন ভূলাইতে পারদর্শিনী, তাঁহারা—স্থামীজীর চক্ষে কিরপ ঠেকিবেন? কথাটা ভাবিয়া দেখার পুর্বেই আমার মুখ হইতে প্রশ্নটা ফদ করিয়া বাহির হইয়া পড়িল, আর আমিও ভারী বিব্রত হইয়া পড়িলাম। স্থামীজী কিছু আমার দিকে তাঁহার বড় অথচ গান্তীর্যপূর্ণ চক্ষ্ব্য ফিরাইয়া স্থিরকঠে উত্তর দিলেন, 'জগতের স্থলারতমা কোন নারী যদি অসৎ বা নারীর পক্ষে অহুচিত দৃষ্টিতে আমার দিকে তাকায় তবে সে তৎক্ষণাৎ একটা বিশ্রী সবুজ ব্যাঙ-এ পরিণত হয়ে য়াবে—আর ব্যাঙ এমন একটা কিছু দেখবার মতো জিনিদ নয়।…

"কখন তিনি ক্লাস বন্ধ করিয়া আমাকে বলিতেন, 'ফান্ধি একটা কিছু মজার গল্প বল না! আমরা শীঘ্রই যার যার জায়গায় চলে যাব। এখন মজার গল্প করাই ভাল। কি বল ?'…

"আমরা রোজ বিকালে দীর্ঘ অমণে বাহির হই। আর আমাদের বেড়াইবার পক্ষে সর্বাপেক্ষা পছন্দসই রাস্তাটি হইতেছে বাড়ীর পশ্চাৎদিকে পাহাড় হইতে নামিয়া যাওয়া এবং পরে গ্রাম্য পথ ধরিয়া নদী পর্যন্ত যাওয়া।…চলিতে চলিতে আমরা মাঝে মাঝে থামি এবং স্বামীজীকে ঘিরিয়া ঘাসের উপর বিসিয়া তাঁহার অপূর্ব কথা শুনি। হয়তো কোন পাঝী, ফুল বা প্রজাপতি দেথিয়াই তাঁহার কথা আরম্ভ হইল, আর তিনি আমাদিগকে বেদের গল্প বা স্তোত্তাদি শুনাইতে লাগিলেন।…"

"ব্ধবার, ৭ই আগস্ট। হায়, তিনি চলিয়া গিয়াছেন। স্বামীজী আজ্ব সকাল নয়টায় ক্লেটনের স্ত্রীমারে চলিয়া গেলেন। সেথানে তিনি নিউ ইয়র্কের টেন ধরিবেন এবং নিউ ইয়র্ক হইতে লগুনে য়াইবেন। শেষ দিনটা ছিল বড় চমৎকার, বড় মূল্যবান। সেদিন সকালে ক্লাস ছিল না। তািন জি—(গ্রীনিইডেল) ও আমাকে তাঁহার সঙ্গে বেড়াইতে য়াইতে বলিলেন—আর কাহাকেও সঙ্গে না লইয়া বেড়াইবার ইচ্ছা ছিল। অপরেরা তাে সারা গ্রীমকালটাই তাঁহার সঙ্গে ছিলেন; এখন তিনি ভধু আমাদের ছইজনের সহিত একটু শেষ কথা বলিতে চান। আমরা একটা পাহাড়ে চড়াই করিতে করিতে প্রায় আধ মাইল অগ্রসর হইলাম। চারিদিকেই ছিল বন আর নির্জনতা। অবশেষে তিনি একটা নীচ্-

ভাল-ওয়ালা গাছ বাহির করিলেন এবং আমরা ঐ নীচু ভালগুলির তলায় বিসিলাম। আশা করিতেছিলাম তিনি কথা বলিবেন; কিন্তু তিনি বলিয়া উঠিলেন, 'এখন আমরা ধ্যান করব। আমরা বোধিক্রমতলে উপবিষ্ট বৃদ্ধের মতো হয়ে য়াব।' তিনি এত নিশ্চল হইয়া গেলেন, যেন একটি রোঞ্জের মৃতি ! ভারপর বক্সনির্ঘোষসহ ঝঞ্চাবাত আরম্ভ হইল এবং বৃষ্টি নামিয়া আসিল। তিনি লক্ষ্যই করিলেন না। আমি নিজের ছাতা ধরিয়া তাঁহাকে য়থাসম্ভব রক্ষা করিতে লাগিলাম। ধ্যানে সম্পূর্ণ তয়য় হইয়া তিনি পারিপার্শিক সমস্ত ভূলিয়া গিয়াছিলেন। অচিরে আমরা দূরে চীৎকারধ্বনি ভনিতে পাইলাম। অপর সকলে আমাদের থোঁকে ছাতা ও বর্ষাতি (রেন-কোট) লইয়া বাহির হইয়াছিল। আমীজী ভাসা-ভাসা চোথে ইতন্ততঃ চাহিতে লাগিলেন—কারণ তখন আমাদিগকে যাইতেই হইবে—আর তিনি বলিলেন, 'আমি কি আবার কলকাতার বর্ষার মধ্যে এসে পড়লুম নাকি ?'

"এই শেষ দিনটায় তাঁহাকে বড়ই কোমল ও স্নেহ্ময় মনে হইতেছিল। স্থীমার যথন নদীর মোড় ফিরিয়া চলিতে লাগিল, তিনি বিদায় লইবার জন্তু স্থামাদের দিকে বালকের স্থায় সানন্দে তাঁহার টুপিটি নাড়িতে লাগিলেন—স্থার তিনি সতাই চলিয়া গেলেন।"

সহস্রদ্বীপোভানে স্বামীক্সী সর্বদা এক উচ্চ আধ্যাত্মিক ভূমিতে অবস্থান করিতেন। ইহার সাক্ষ্য আমরা 'দেববাণী'র প্রতি ছত্ত্রে পাই, শিশুদের স্মৃতি-লিপিতেও ইহার স্কুলান্ত পরিচয় পাইলাম। এই উচ্চ ন্তরে অবস্থানকালে তিনি একদিন সেণ্ট লরেন্স নদীর তীরে ধ্যানে বিসিয়া নির্বিক্স সমাধিতে নিমগ্ন হন। দক্ষিণেশ্বরে ও কাশীপুরে তিনি যে অধ্যাত্মান্তভূতি লাভ করিয়াছিলেন, সহস্রদীপোভানেও তাহারই পুনরার্ত্তি হইল, এবং গলাতীরবর্তী কাশীপুরে যে নির্বিক্স সমাধিস্থ অন্থভব করিয়াছিলেন, সেণ্ট লরেন্স নদীতীরে সেদিন সেরপ অন্থভূতিই উপস্থিত হইল। এই সময়ে তিনি এই বিষয়ে কাহাকেও কিছু না বলিলেও, তিনি এই দিনটিকে অতি গুকুত্বপূর্ণ মনে করিতেন। এই সহস্রদ্বীপোভানেই তিনি

৭। ইংরেজী জীবনীতে উলিখিত আছে, সহস্রবীণোছানে স্বামীজীর নির্বিকর সমাধি হইরাছিল। সম্ভবতঃ ইহাই সেই ঘটনা। সম্রতি অনুমানক্রমে ঐ স্থানটি আবিক্ত হইরাছে—একটি প্রকাপ্ত প্রক গাছের তলার এক সমতল প্রস্তর্গপ্ত—কুটীর হইতে প্রায় আধু মাইল দূরে।

৮। ৭ম পাদটীকা জন্তবা।

'পঙ্ অব্ দি সয়াসিন' (সয়াসীর গীতি) নামক কবিতাটি রচনা করেন। অনেকের মতে উহাতে তাঁহার কবিত্বশক্তি সর্বাধিক প্রকটিত হইয়াছে। ভাবগান্তীর্যে উহা অমুপম—বৈরাগ্যের পরাকাষ্ঠা ইহার প্রতিছত্তে জাজ্জন্যমান।
পড়িলেই বোধ হয়, অতি উচ্চ আধ্যাত্মিক ভূমিতে আরু ও অমুভূতিসম্পন্ন
মহাপুক্ষেরই পক্ষে এইরপ পঙ্কি লিপিবদ্ধ করা সম্ভব। স্বামীজী তথন সর্বসাধারণের সাহাঘো অনাড়ম্বরভাবে সয়্যাসীর চিরস্তন প্রণালীতে ধর্মশিক্ষা দিতে
ব্যাকুল; কিন্তু আমেরিকার ঐশ্বর্যশালী কেহ কেহ তাহাদের স্বীয় পরিকয়নামুয়ায়ী
চলিবার উপদেশ দিতেন। কবিতাটিতে ইহার প্রতিবাদ ও স্বামীজীর স্বাধীন
মনোভাব পরিক্ষার ফুটিয়া উঠিয়াছে।

স্বামীজীর পত্তেও তাঁহার ঐ কালের মনোভাবটি লক্ষ্য করা যায়। সহস্র-ষীপোন্তান হইতে তিনি মেরী হেলকে লিখিয়াছিলেন, "প্রতিদিনই মনে হচ্ছে— আমার করণীয় কিছু নেই। আমি দর্বদাই প্রম শাস্তিতে আছি। কাজ তিনিই করছেন। আমরা যন্ত্রমাত্র। তাঁর নাম ধন্ত । কাম, কাঞ্চন ও প্রতিষ্ঠারূপ ত্রিবিধ বন্ধন বেন আমা থেকে সাময়িকভাবে থসে পড়েছে। ভারতে মধ্যে মধ্যে আমার বেমন উপলব্ধি হ'ত, এখানেও আবার তেমনি হচ্ছে—'আমার ভেদবৃদ্ধি, ভালমন্দ বোধ, ভ্রম ও অজ্ঞান বিলুপ্ত হয়েছে, আমি গুণাতীত রাজ্যে বিচরণ করছি। কোন বিধিবিশেষ মানবো ? কোন্টাই বা লঙ্ঘন ক'রব ?' সে উচ্চ ভাবভূমি থেকে মনে হয়, সারা বিশ্ব যেন একটা ডোবা। হরি: ওঁ তৎ সং। একমাত্র তিনিই আছেন আর কিছু নেই। আমি তোমাতে, তুমি আমাতে। হে প্রভো ! তুমি আমার চির আশ্রয় হও। শান্তি: শান্তি: শান্তি:।" (বাণী ও রচনা, ৭।১৩১-৩২)। মেরীকে লিখিত ২৬শে জ্বনের পত্তে আছে: "কয়েকজন বন্ধু রয়েছেন, তাঁদের সঙ্গে ঈশ্বর ও আত্মা সম্বন্ধে ইচ্ছামত প্রসঙ্গ হয়। ফল হুধ প্রভৃতি আহার করি, আর বেদান্তবিষয়ক প্রকাণ্ড প্রকাণ্ড সংস্কৃত গ্রন্থ পড়ি, এগুলি ওরা ভারত থেকে অমুগ্রহ ক'রে পাঠিয়েছে।" স্বামীন্দী ঐ সময়ে 'বেদাস্ক স্তব্যের' প্রধান প্রধান দার্শনিক ভাষ্ট্রের তুলনামূলক অধ্যয়নে রভ ছিলেন।

সহস্রদীপোছানে বাইবার পূর্ব হইতেই গ্রীনএকারে বাইবার আহ্বান আসিতে থাকিলেও এবং গ্রীনএকারের প্রতি একটা প্রীতির আকর্ষণ থাকিলেও স্বামীজী গ্রীনএকার অপেক্ষা ইংলওে বাওয়াই অধিকতর যুক্তিসকত মনে করিলেন। ভারত হইতেও অফুরুপ আহ্বান আসিতেছিল। কিছু আমেরিকার কাজ বে সময়ে সাফল্যমণ্ডিত হইতে চলিয়াছে এবং ইংলণ্ডের ক্ষেত্রণ প্রপ্ত হইয়াছে, সে
সময়ে অকস্মাং ভারতে ফিরিয়া যাইবার প্রস্তাব তিনি গ্রহণ করিতে পারিলেন
না। থেতড়ীর রাজ্ঞাকে তিনি ৯ই জুলাই (১৮৯৫) জানাইয়াছিলেন, "আমার
ভারতে ফেরা সম্বন্ধে ব্যাপারটা দাঁড়িয়েছে এই: মহারাজ তো বেশ ভালই
জানেন, আমি হচ্ছি দৃঢ় অধ্যবসায়ের মামুষ। আমি এ দেশে একটি বীজ
পুঁতেছি, সেটি ইতিমধ্যেই চারা হয়ে দাঁড়িয়েছে। আশা করি খুব শীঘ্রই এটা
বক্ষে পরিণত হবে। আমি কয়েক শত অমুগামী শিশ্য পেয়েছি; কড়কগুলিকে
সদ্ম্যাসী ক'রব, তারপর তাদের হাতে কাজের ভার দিয়ে ভারতে চলে যাব।

…ইতিমধ্যে লণ্ডনে আমার কয়েকটি বন্ধু জুটেছে। আমি অগক্টের শেষে
সেখানে যাব মনে করেছি।" (ঐ, ১৬৮ পঃ:)

আমরা পূর্বে যেমন দেখিয়া আসিয়াছি, ঠিক তেমনি এই সময়েও স্বামীন্দ্রী ভাবী ভারতীয় কান্দ্রের কথা যথেষ্ট ভাবিতেন এবং নানা ভাবে কান্ধ গড়িয়া তোলার উপদেশাদি দিতেন। তাঁহারই অহ্নপ্রেরণায় মাদ্রাজের জন কয়েক ভক্ত মিলিয়া একথানি পাক্ষিক পত্রিকা বাহির করার পরিকল্পনা করেন। উহার ম্বথাকালে নাম হয় 'ব্রহ্মবাদিন্'। এই সম্বন্ধে ২৮শে মে স্বামীন্ধ্রী আলাসিন্ধাকে লিখেন, "এই সক্ষে একশ' ভলার…পাঠালাম। আশা করি, এতে তোমাদের কাগজটা বার করবার কিঞ্জিং সাহায্য হবে।"

আবার ১লা জুলাই আলাসিক্লাকেই লিখিয়াছিলেন, 'তোমাদের কাগজখানি বার ক'রে ফেলো। তথ্ব শীঘ্র তোমাদের আরও টাকা পাঠাচ্ছি এবং মাঝে মাঝে টাকা পাঠাতে থাকব। তোমরা কাজ ক'রে চল। দেশবাসীর জন্ম কিছু কর—তাহলে তারাও তোমাদের সাহায্য করবে, সমগ্র জাতি তোমাদের পিছনে থাকবে।" ৩০শে জুলাই লিখিলেন, "প্রিয় আলাসিক্লা, তুমি ঠিক করেছ। নাম ('ব্রহ্মবাদিন্') আর মটো ('একং সদ্বিপ্রা বছধা বদস্তি') ঠিকই হয়েছে। তে'সন্ন্যাসীর গীতি' এইটিই তোমাদের কাগজে আমার প্রথম প্রবদ্ধ।" 'ব্রহ্মবাদিনে'র প্রথম সংখ্যা বাহির হয় ১৮৯৫ খুটান্কের ১৪ই সেপ্টেম্বর। উহার ২৮শে সেপ্টেম্বরের দ্বিতীয় সংখ্যায় 'সন্ন্যাসীর গীতি' প্রকাশিত হয়।

এইভাবে আমরা দেখিতে পাই, স্বামীন্সী তথন প্রাচ্য ও পাশ্চান্ত্য উভয় ভূপণ্ডের কল্যাণচিস্তায় ও মঙ্গলসাধনে ব্রতী—সব দেশই তাঁহার আপনার দেশ, সব মাহ্বই তাঁহার আপনার জন। ইংলণ্ডে যাইবার প্রাক্কালে নিউ ইয়র্ক হইতে ১ই আগস্ট তিনি শ্রীযুক্ত স্টার্ডিকে লিখিয়াছিলেন "ভারতকে আমি সত্য সত্যই ভালবাসি, কিন্তু প্রতিদিন আমার দৃষ্টি খুলিয়া যাইতেছে। আমাদের দৃষ্টিতে ভারতবর্ষ, ইংলণ্ড কিংবা আমেরিকা ইত্যাদি আবার কি ? ভান্তিবশতঃ লোকে যাহাদিগকে 'মাহ্ম্ম' বলিয়া অভিহিত করে, আমরা সেই 'নারায়ণের'ই সেবক। যে ব্যক্তি বৃক্ষম্লে জলসেচন করে, সে কি প্রকারান্তরে সমস্ত বৃক্ষটিতেই জলসেচন করে না ?" আগস্ট মাসেরই আর একখানি পত্রে তিনি শ্রীযুক্তা ওলি বৃলকে লিখিয়াছিলেন, "আমি আমার স্বদেশবাসীর প্রতি কর্তব্য কতকটা করেছি। এখন জগতের জন্য—যার কাছ থেকে এই দেহ পেয়েছি, দেশের জন্য —যে দেশ আমাকে ভাব দিয়েছে, মহন্যুজাতির জন্য —যাদের মধ্যে আমি নিজেকে একজন বলতে পারি, কিছু ক'রব।" 'উদারচরিতানাং তৃ বস্থধৈব কুটুম্বকম্'।—ইহ। সত্য কথা; কিন্তু গভীরতম স্বদেশপ্রেমের সহিত উদারতম বিশ্বপ্রেমের মিনন বড়ই তুর্লভ।

স্বামীজীর পত্রাবলী পড়িয়া মনে হয়, তিনি ইউরোপ যাত্রার পূর্বে অন্ততঃ হই-এক দিনের জন্ম একবার হেল-পরিবারের সহিত সাক্ষাৎ করিয়া আসিয়াছিলেন। তারপর রুপানন্দ ও শ্রীমতী ওয়াল্ডোর (হরিদাসীর) হত্তে আমেরিকার কার্যভার অর্পণ করিয়া ইংলণ্ডের কার্যে অগ্রসর ইইলেন।

ইংলতে প্রচারের উদ্দেশ্তে যাওয়ার কথা স্বামীন্দীর মনে, বলিতে গেলে, প্রথম হইতেই ছিল। এমন কি প্রথমাবস্থায় যথন ধর্মমহাসভায় যোগদান এবং আমেরিকায় দাফল্যলাভ অসম্ভব বোধ হইয়াছিল, তথনও এই চিম্বা মনে উদিত হইত। ১৮৯৫ খুষ্টাব্দের শেষভাগে এই শুভেচ্ছা বাস্তব রূপ ধারণ করিল। শ্রীমতী হেনরিয়েটা মূলারের সহিত স্বামীজীর আমেরিকায় দাক্ষাৎ হইয়াছিল। আবার স্বামীজীর পরিচিত এীযুক্ত অক্ষয় কুমার বোষ এীমতী মূলারের বাড়ীতে থাকিতেন। স্বামীজীর পত্তাবলীর পাঠকগণ দেখিতে পাইবেন যে, পশ্চিম ভারতে ভ্রমণকালে স্বামীন্ধী এই অক্ষরবাবুকে পরিচয়পত্রসহ জুনাগড়ের দেওয়ানজীর নিকট পাঠাইয়াছিলেন। আলোচ্য সময়ে অক্ষয়বার শ্রীমতী মূলারের পক্ষ হইতে স্বামীন্ধীকে লগুনে যাইবার জন্ম নিমন্ত্রণ করিলেন। এদিকে শ্রীযুক্ত ই. টি. স্টার্ভি যখন আলমোড়ায় তপস্থায় নিরত ছিলেন, তথন স্বামীজীর গুরুত্রাতা স্বামী শিবানন্দের সহিত তাঁহার ঘনিষ্ঠ পরিচয় হয়। সেই স্থত্তে তিনি স্বামীজীর কথা শুনিতে পান এবং লণ্ডনে ফিরিয়া স্বামীজীর সহিত পত্রালাপ আরম্ভ করেন। শ্রীমতী মূলার স্বামীন্সীকে সাদর আহ্বান জানাইয়াছেন, এই সংবাদ পাইয়া স্টার্ডিও স্বামীজীকে আমন্ত্রণ করিলেন। ঠিক এই সময়েই এযুক্ত লেগেট ও শ্রীযুক্তা বেটি স্টার্জিস (শ্রীমতী ম্যাকলাউড-এর ভগিনী) তাঁহাদের পরিণয়-সম্পাদনের জন্ম প্যারিসে যাইতে উত্তত হন এবং স্বামীজীকেও সঙ্গে লইবার আগ্রহ প্রকাশ করেন। এতগুলি যোগাযোগ দৈবনির্বন্ধেই ঘটিয়াছে মনে করিয়া স্বামীন্দী ইউরোপ হইয়া লগুনে যাইতে প্রস্তুত হইলেন এবং ১৭ই আগস্ট (১৮৯৫) নিউ ইয়র্কে জাহাজে উঠিয়া ২৪শে আগস্ট প্যারিসে উপস্থিত হইলেন। প্যারিস হইতে তিনি ১০ই সেপ্টেম্বর লগুন যাত্রা করেন। লণ্ডন যাত্রার পূর্বে ১ই সেপ্টেম্বর তিনি আলাসিকাকে যে পত্রখানি লিথিয়াছিলেন, তাহাতে পুর্বে আলোচিত কয়েকটি কথা আরও পরিষ্কার হইয়া উঠে: মিশনারীরা তথনও ভারতে তাঁহার নিন্দাপ্রচার হইতে বিরত হয় নাই; স্বামীজী তখন আপনাকে শুধু ভারতদেবক না ভাবিয়া বিশ্বদেবক মনে করিতেন: তিনি বিখাস করিতেন, জগৎকে একটা বিশেষ কিছু



লপ্তনে বঞ্•ায় স্বামীক্ষী, ১৮৯৬

দেওয়াই তাঁহার জীবনের ব্রত; তিনি রাজনীতিক নহেন; ইত্যাদি। পত্রে আছে:

"তোমরা যে মিশনরীদের বাজে কথাগুলোর উপর এতটা গুরুত আরোপ কর, তাতে আমি আশ্চর্য হচ্ছি। অবশ্র আমি দবই থাই। বদি কলকাতার লোকেরা চায় যে, আমি হিন্দুথান্ত ছাড়া আর কিছু না খাই, তবে তাদের ব'লো, তারা যেন আমায় একজন রাধুনী ও তাকে রাধবার উপযুক্ত ধরচ পাঠিয়ে দেয়। ... অপরদিকে যদি মিশনরীরা বলে, আমি সল্লাসীর কামিনী-কাঞ্চন-ত্যাগরূপ প্রধান হুই ব্রত ক্থনও ভঙ্গ করেছি, তবে তাদের বলো যে, তারা মন্ত মিথ্যাবাদী। ... ভাঃ জেনস ঐ মিথ্যাবাদীদের এইরূপে ধরিয়ে দিয়েছিলেন। আমার সম্বন্ধে এইটুকু জেনে রেখো, কারও কথায় আমি চ'লব না। আমার জীবনের ব্রত কি, তা আমি জানি, আর কোন জাতিবিশেষের ওপর আমার তীব্র বিষেষ নাই। আমি যেমন ভারতের, তেমনি সমগ্র জগতের। এ বিষয় নিয়ে বাজে যা-তা বকলে চলবে না, আমি যতটা পারি তোমাদের সাহায্য করেছি—এখন তোমরা নিজেদের সামলাও। কোন দেশের আমার উপর বিশেষ দাবি আছে ? আমি জাতিবিশেষের ক্রীতদাস না কি ? ... আমার পেছনে এমন একটা শক্তি দেখছি, যা মাহুষ দেবতা বা শয়তানের শক্তির চেয়ে অনেক-গুণ বড। কারও সাহায্য চাই না। ... তোমরা কি বলতে চাও, তোমরা যাদের শিক্ষিত হিন্দু ব'লে থাকো, সেই জাতিভেদচকে নিম্পিষ্ট, কুসংস্থারাচ্ছন্ন, দয়ালেশ-मुख, क्रांते, नाखिक कार्श्वक्षराप्तत्र मर्था अक्बन हरम कीवनधात्रण कत्रवात्र ও मत्रवात्र জন্ম আমি জন্মেছি ? · · আমি কাপুক্ষদের সঙ্গে এবং রাজনৈতিক আহাম্মকির সঙ্গে কোন সংস্থাব রাথতে চাই না। আমি কোন প্রকার রাজনীতিতে (Politics) বিখাসী নই। ঈশ্বর ও সভাই জগতে একমাত্র রাজনীতি, আর সব বাজে।"

স্বামীজী বথন বেখানে বাইতেন, সেথানকার সামাজিক জীবন, সংস্কৃতি ও ধর্মাদির সহিত স্থারিচিত হইতে চেষ্টা করিতেন। প্যারিসে অবস্থানকালেও তিনি সময়ের সন্থাবহার করিতে ক্রাটি করিলেন না। প্যারিস ইউরোপীয় সভ্যতার কেন্দ্রভূমি। প্যারিসে অল্পক্ষদিন মাত্র থাকিলেও ডিনি এই স্থ্যোগে বাত্বর, ছোট ও বড় গীর্জা, চিত্রশালা ইত্যাদি দেখিয়া লইলেন এবং ফ্রাসীদের সৌন্ধব্যোধ ও স্প্রনশক্তি দেখিয়া মৃশ্ব হইলেন। লেগেটের অনেক বন্ধু-বান্ধবের সহিতও পরিচয় হইল, ধর্ম ও অক্সান্ত বিবয়ে পাণ্ডিত্যপূর্ণ আলোচনাদিও

হইল। আগস্তকগণও তাঁহার গুণে মৃথ হইলেন—কারণ একাধারে তিনি ছিলেন ধার্মিক, ঐতিহাসিক, দার্শনিক, রসিক, স্থবক্তা ও বন্ধুবৎসল। এইরূপে চান্ধ্ব প্রত্যক্ষ এবং মৌথিক স্থালাপ ও জিজ্ঞাসাবাদের দ্বারা তিনি ইউরোপ সম্বন্ধে স্থানেক কিছু শিথিয়া লইলেন।

প্যারিদের এক অভিজ্ঞতার কথা স্বামীন্ধী তাঁহার 'প্রাচ্য ও পাশ্চান্তা' গ্রন্থে এইরপ লিথিয়াছেন: "প্যারিদ, সভ্যতার রাজধানী প্যারিদ, রঙ-ঢঙ ভোগ-বিলাদের ভৃত্বর্গ প্যারিদ, বিভাশিরের কেন্দ্র প্যারিদ, সেই প্যারিদে এক বংসর এক বড় ধনী বন্ধু নিমন্ত্রণ করে আনলেন। এক প্রাসাদোপম মন্ত হোটেলে নিয়ে তুললেন—রাজভোগ খাওয়া-দাওয়া; কিন্ধু স্থানের নামটি নেই। ছুদিন ঠায় সহু করে—শেষে আর পারা গেল না। শেষে বন্ধুকে বলতে হ'ল—দাদা, তোমার এ রাজভোগ তোমারই থাকুক, আমার এখন 'ছেডে দে মা কেঁদে বাঁচি' হয়েছে। এই দারুল গরমি কাল, তাতে স্থান করবার জো নেই, হল্যে কুকুর হবার যোগাড় হয়েছে। তখন বন্ধু ছংখিত হয়ে চটে বললেন যে, এমন হোটেলে থাকা হবে না, চল ভাল জায়গা খুঁজে নিইগে। বারোটা প্রধান প্রধান হোটেল খোঁজা হ'ল, স্থানের স্থান কোথাও নেই। আলাদা স্থানাগার সব আছে—দেখানে গিয়ে চার-পাঁচ টাকা দিয়ে একবার স্থান হবে। হিরবোল, হরি!"

স্বামীজীর পত্রাবলী হইতে তাঁহার তুইটি হোটেলে অবস্থানের কথা জানা ষায়—'হোটেল কণ্টিনেন্ট্যাল, ৩ রু ক্যান্তিপ্লিয়েঁ।, প্যারিস' ও 'হোটেল হল্যাণ্ড রু ছা লা প্যায়, প্যারিস'।

ইংলণ্ডে পৌছিয়া স্বামীজী প্রথমে শ্রীমতী হেনরিয়েটা মূলারের স্বতিথি হইলেন; ঐ গৃহেই অক্ষরবাব মূলারের পুত্ররূপে থাকিয়া অধ্যয়ন করিতেন। ঐ বাড়ীর ঠিকানা, "জুয়ান ডাফ হাউস, রিজেন্ট স্থীট্ ক্যান্থিজ, ইংলণ্ড।" ঐ বাটীতে দিন কয়েক থাকার পর তিনি শ্রীযুক্ত ই. টি. ন্টার্ডির গৃহে চলিয়া যান। উহার ঠিকানা—"হাই ভিউ, ক্যাভার্শ্যাম, রিডিং, ইংলণ্ড।"

একদিকে ইংলণ্ডে আসার অভিপ্রায় স্বামীজী ষেমন দীর্ঘকাল হাবং পোষণ করিতেছিলেন, অপর দিকে তেমনি তাঁহার মনে যথেষ্ট সন্দেহ ছিল, ইংরেজ-সমাজ তাঁহাকে কিরপে গ্রহণ করিবে—রাজার জাতি প্রজাজাতির বিজ্ঞাতীয় ধর্মের একজন প্রচারককে সাদরে গ্রহণ করিবে তো ? অবশ্র শ্রীমতী মূলার ও শ্রীযুক্ত স্টার্ভির আহ্বান তাঁহাকে আখত করিয়াছিল: কিন্তু তথনও তিনি বিশাল

ইংরেজ-সমাজের সমুধীন হন নাই। কার্যক্রে নামিয়া তিনি বাহা দেখিলেন, তাহা শুধু আশ্চর্য নহে, কর্মনারও অতীত। সমাজ তাঁহাকে সাদরে গ্রহণ করিল, তিনি অবিলম্বে সাফল্যমণ্ডিত হইলেন। শীত্রই অনেক বন্ধু জুটিয়া গেলেন, এবং তাঁহারাই তাঁহার বাসস্থান, বক্তৃতা, আলাপ-আলোচনা, ক্লাস ইত্যাদির ব্যবস্থা করিতে লাগিলেন। দিন কয়েকের মধ্যেই 'হিন্দুরোগী'র আগমনে লগুনে সাড়া পড়িয়া গেল। তিনি সকালে ও সদ্ধ্যায় যে ক্লাস করিতেন, তাহাতে বেশ লোক সমাগম হইতে লাগিল; তাঁহার সহিত অস্ততঃ তুই-চারি মিনিট আলাপের স্থযোগ পাইবার জন্ম আগস্তুকের সংখ্যা বাড়িতে লাগিল। তিন সপ্থাহ যাইতে না যাইতে স্বামীজী দেখিতে পাইলেন, নিউ ইয়র্কে তিনি যেমন কর্মব্যাপৃত ছিলেন, এখানেও ঠিক তাহাই ঘটিল। সারা অক্টোবব ও নভেম্বর মাসে তিনি বিভিন্ন বাড়ীতে, ক্লাবে, সাধারণ বক্তৃতাগৃহে কিংবা ভাড়া-করা হলে বন্থ বক্তৃতাপ্ত সংখ্যাক করিলেন। ইংলণ্ডের সংবাদপত্রেও তাঁহার কার্যাবলীর সংবাদ সাগ্রহে ও সম্মানে মৃত্রিত হইল। অনেক সংবাদপত্রেও তাঁহার কার্যাবলীর সংবাদ সাগ্রহে ও সম্মানে মৃত্রিত হইল। অনেক সংবাদপত্র-প্রতিনিধি সাক্ষাৎকারের জন্ম আসিলেন; ইহাদের মধ্যে 'দি ওয়েন্স মিনিন্টার গেজেট', 'দি স্ট্যাণ্ডার্ড', পত্রিকা-ব্যের নাম বিশেষ উল্লেখযোগা।

স্বামীন্দ্রী প্রথমে ভাবিয়াছিলেন যে, ব্যক্তিগত মেলা-মেশা ও সৎপ্রস্কাদিতেই লগুনের দিনগুলি কাটিবে; কিন্তু ধ্বরের কাগন্তে প্রকাশিত তৎকালীন সংবাদাদি হইতে বুঝিতে পারা ষায় যে, তিনি অচিরে জনসাধারণের সেবায় অগ্রসর হইয়াছিলেন। তাঁহার খ্যাতিবৃদ্ধির সঙ্গে সরে ব্যক্তিগত কার্বধারারও বিশেষ প্রসার হইয়াছিলে। যে সকল বন্ধু এইসব কার্যে তাঁহার সহায়তা করিয়াছিলেন, এবং য়াহাদের সাহায্যে তিনি ইংরেজ-সমাজে স্পরিচিত হইয়াছিলেন, তাঁহাদের মধ্যে শ্রীযুক্ত স্টার্ডির নাম সমধিক উল্লেখযোগ্য। তিনি অনেকটা হিন্দুভাবাপন্ন ছিলেন এবং একসময়ে হিমালয়ের আলমোড়া অঞ্চলে নিরামিষাশী থাকিয়া তপক্তা করিয়াছিলেন। তিনি বিলান ও বিভোৎসাহী ছিলেন ও হিন্দুশাস্ত্র, বিশেষতঃ বেদান্তমত ইংলপ্তে প্রচারিত হয়, ইহা তাঁহার প্রাণের ইচ্ছা ছিল। ইহা ছাড়া তাঁহার ধনবল ও মুশোবল ছিল। অভএব ইহার বন্ধুত্ব স্বামীন্দ্রীর পক্ষে খুবই কলপ্রস্থ হইয়াছিল। ইনি পরে স্বামীন্দ্রীর শিক্তত গ্রহণ করিয়াছিলেন। কুমারী মূলার তো ছিলেনই। তাছাড়া প্রথমাবন্ধান্ধ যেসব সন্মানিত ব্যক্তি স্বামীন্দ্রীর সহিত পরিচিত হইয়াছিলেন, তাঁহাদের মধ্যে লেডি

ইসাবেল মার্গেদন প্রভৃতি কুলীন সম্প্রদায়ের অনেকেও ছিলেন। স্বামীজী ইহাদের আগ্রহ মিটাইবার জন্ম ধ্পাসাধ্য পরিশ্রম করিতেন।

জনসমান্ত স্বামীন্দীর প্রতি আরুট্ট হইয়াছে ব্রিয়া তাঁহার বন্ধুগণ ২২শে অক্টোবর লগুনের সন্ধান্ত পল্লী পিকাডিলীতে অবস্থিত প্রিন্দেস হলে তাঁহার একটি বক্তৃতার আয়োজন করিলেন। এই হলে স্বামীন্দ্রী সেইদিন সন্ধ্যায় 'আত্মবিজ্ঞান' সম্বন্ধে বক্তৃতা দেন। সেদিন ঐ সভায় লগুনের গণ্যমান্ত ও শিক্ষিত বহু ব্যক্তি উপস্থিত ছিলেন। ভাষণটি অভিশন্ন হৃদয়গ্রাহী হইয়াছিল এবং পরদিবস সংবাদপত্রগুলি উহার উচ্ছুসিত প্রশংসা করিয়াছিল। 'স্ট্যাণ্ডার্ড' প্রকা লিথিয়াছিল:

"সেদিন এক ভারতীয় যুবক প্রিন্সেদ হলে বক্তৃতা দিয়াছিলেন। রাজা রামমোহন রায়ের পর এক কেশবচন্দ্র সেন ব্যতীত ভারতবাদীদের মধ্যে এরপ উৎকৃষ্ট বক্তা আর কথনও ইংলণ্ডের বক্তৃতামঞ্চে দৃষ্ট হন নাই। · · · বক্তৃতাপ্রদানকালে তিনি মহাত্মা বৃদ্ধ ও যীশুর তুই-চারিটি কথার তুলনায় রাশি রাশি কলকারথানা, বিবিধ বৈজ্ঞানিক আবিদ্ধার ও পুন্তকাদি দ্বারা মান্ধ্রের যে কত সামাশ্র উপকার সাধিত হইতেছে তৎসম্বদ্ধে তীত্র মস্তব্য প্রকাশ করিয়াছিলেন। বক্তৃতাটি যে তিনি পূর্বে প্রস্তুত করিয়া আসেন নাই, ইহা স্পষ্ট বুঝা যায়। তাঁহার কণ্ঠত্মর মধুর এবং বক্তৃতা দিবার সময়ে মুথে একটি কথাও বাধে না।"

'দি লণ্ডন জনিকল'-এ প্রকাশিত হইয়াছিল:

"জনপ্রিয় হিন্দুসন্ন্যাসী বিবেকানন্দ, যাহার আক্রতির সহিত বুদ্ধের ইতিহাস-বিদিত মুখের স্পষ্ট সাদৃশ্য রহিয়াছে, তিনি আমাদের বাণিজ্য-কেন্দ্রিক ঐশর্ষকে, আমাদের নিষ্ঠ্র যুক্ষকে এবং আমাদের পরধর্ম-অসহিষ্ণুতাকে এই বলিয়া নিন্দা করেন যে, এইরূপ মূল্যের বিনিময়ে যদি আমাদের স্পর্ধার বস্তু এই সভ্যতা অর্জন করিতে হয়, তবে হিন্দুরা ইহার কিছুই চায় না।"

'ওয়েন্ট মিনিন্টার গেছেট'-এর জনৈক সাংবাদিক স্বামীজীর সহিত সাক্ষাৎ করিয়া ২৩শে অক্টোবর ঐ পত্রিকায় 'লগুনে একজন ভারতীয় বোগী' এই শিরোনামা-যুক্ত একটি প্রবদ্ধ প্রকাশ করেন। ঐ প্রবদ্ধের অক্টান্ত কণার মধ্যে ইহাও লিখিত ছিল: "খুষ্টান ধর্মাধ্যক্ষদের 'মাইটার'-সদৃশ পাগড়ি পরিহিত এবং শাস্ত অথচ সৌজন্তপূর্ণ মুখাবয়ববিশিষ্ট স্বামীজীর চেহারা বড়ই আকর্ষণীয়। স্বামীজী যখন কথা কহেন, তখন তাঁহার মুখ বালকের মুখের ন্তার ভাস্বর হইয়া

উঠে—মৃথথানি এতই সরল, অকপট ও সদ্ভাবপূর্ণ।" উক্ত সাংবাদিক দীর্ঘকাল ধরিয়া স্বামীজীর সহিত আলাপ করেন। কথাপ্রসক্তে স্বামীজী তাঁহাকে বৃঝাইয়া দেন, তিনি কেন সংসার ত্যাগ করিয়া সন্ন্যাসী হইয়াছেন। স্বামীজী স্বীয় গুরুর কথাও বলেন, এবং জানান যে, তিনি কোন সম্প্রদায় গঠন করিতে আসেন নাই, কোন সাম্প্রদায়িক মতবাদ প্রচার করিতেও আগ্রহণীল নহেন, তিনি তথু বেদান্তের মৌলিক ও বিশ্বজনীন তথাগুলিই প্রচার করিতে চান এবং আশা করেন যে, শ্রোভারা প্রত্যেকে ঐগুলি গ্রহণপূর্বক নিজ নিজ ভাবে জীবনে রূপায়িত করিবে। তিনি বলিয়াছিলেন: "আমি কোন গোপন-সম্প্রদায়ের প্রবক্তা নহি, অথবা আমি বিশ্বাসও করি না যে, এই জাতীয় দলের দ্বারা কোন মলল সাধিত হইতে পারে।" 'গেছেট'-এর সংবাদদাতা স্বামীজীর সমস্ত কথা, আদর্শ ও আমেরিকায় সাফলোর বিবরণ টুকিয়া লইয়াছিলেন এবং যথাকালে প্রবদ্ধাকারে ছাপাইয়াছিলেন। প্রবদ্ধশেষে তিনি মন্তব্য করিয়াছিলেন: "আমি অতংপর তাঁহার নিকট বিদায় লইলাম। আমার সহিত যত ব্যক্তির সাক্ষাংকার হইয়াছে, তাঁহাদের মধ্যে ইনি যে একজন প্রধান মৌলিকভাপূর্ণ ব্যক্তি, একথা আমি নিঃসন্দেহে বলিতে পারি।"

এইরপে লগুনের শিক্ষিত, সংস্কৃতিসম্পন্ন ও ধার্মিক সমাজ এই হিন্দু-সন্ন্যাসীর ব্যক্তিত্ব, মতামত ও গুণাবলী সম্বন্ধে বহু বিবরণ অবগত হইলেন এবং তাহার ফলে তাঁহাদের জ্ঞানস্পৃহা ও ঔংস্কর বর্ধিত হওয়ায় স্বামীজী নিত্য নৃতন অন্ধ্রাগ্মী লাভ করিতে থাকিলেন। ইংরেজগণকে এইভাবে হিন্দু-মতের সমর্থক ও তাঁহার নিজের প্রতি শ্রহ্মালু দেখিয়া স্বামীজী বিশেষ সম্ভই হইলেন। তিনি সর্বপ্রয়ম্বে এই স্বন্ধকালের অবস্থানের স্ব্যোগে রুটিশ সাম্রাজ্যের হৃদয়ক্তেরে একটা স্বামী দাগ রাখিয়া যাইতে ক্বতসকরে হইলেন। তাঁহার গুণে মৃন্ধ হইয়া যাঁহারা আসিয়াছিলেন তাঁহাদের মধ্যে অক্সতমা ছিলেন শ্রীমতী মার্গারেট ই নোবল, যিনি পরে ভগিনী নিবেদিতা নামে ভারতে ও ভারতেত্র দেশে স্পরিচিতা হইয়াছিলেন। তাঁহার নিকট চমৎকার লাগিয়াছিল স্বামীজীর ধর্মতত্ব বিষয়ে অভিনব উদার বাণী এবং দার্শনিক ক্ষেত্রে বিচারপুত নবীন চিস্তাধারা; আর তিনি লক্ষ্য করিয়াছিলেন, "স্বামীজীর আহ্বান বিঘোষিত হইয়াছিল, মান্থবের মধ্যে বাহা কিছু স্কনর ও শক্তিপ্রদ তাহারই নামে, পরন্ধ মান্থবের মধ্যে বাহা কিছু নীচ ও অশিব তাহার উপর উহা নির্ভর করে নাই।" স্বামীজীর সহিত

দাক্ষাতের পূর্বে এবং কিছুকাল পরেও মার্গারেট ইংলণ্ডে শিক্ষাকার্বে ব্রতী ছিলেন এবং তিনি স্বপ্রতিষ্ঠিত একটি বিস্থালয়ের অধ্যক্ষা ছিলেন। এতদ্যতীত শিক্ষাকার্যের পরিপুষ্টি সাধনকল্পে সংস্থাপিত 'সিসেম ক্লাবে'রও তিনি একজন প্রধান সদস্যা ছিলেন। তাঁহার বন্ধবর্ণের মধ্যে সকলেই ছিলেন শাস্তপ্রকৃতি ও ন্দ্রশিক্ষিত। আধনিক সমন্ত চিন্তাধারা ও উহার প্রভাবের প্রতি তাঁহার একটা প্রগাঢ অমুরাগ ছিল। স্বামীজীর বাক্যগুলি তিনি প্রথমেই আপন নিক্ষে ক্ষিয়া ব্রিলেন, তাঁহার পক্ষে উহার অনেক্টা নির্বিচারে গ্রহণ করা কৃঠিন। কিন্ধ স্বামীক্রী জানিতেন, নিবেদিতার এই বিধাকে নববার্তায় অন্তঃপ্রবিষ্ট হওয়ার প্রাথমিক প্রয়াস বলিয়াই ধরা উচিত, কারণ তিনি বুঝিয়াছিলেন, শ্রদ্ধামিশ্রিত-বিচারপরায়ণা নিবেদিতা যদি একবার তাঁহার মতবাদ পরীক্ষাপুর্বক चीकात करतन, তবে তিনিই काल হইবেন এই নববাণী প্রচারের সর্বাগ্রণী মুখপাত্রী। নিবেদিতা নিজেও বলিয়া গিয়াছেন, স্বামীন্ধীর মতসমূহ সম্পূর্ণরূপে মানিয়া লইতে তাঁহার বহু মাদ লাগিয়াছিল। আবার স্বামীন্সীর দহিত তাঁহার প্রথম সাক্ষাতের যে চমৎকার বিবরণটি তিনি দিয়াছেন, তাহা হইতে ইহাই প্রতীত হয় যে, তিনি প্রথম দিন হইতেই স্বামীন্দীর প্রতি শ্রদ্ধা পোষণ করিতেন। ফলত: সেদিন হইতেই মার্গারেট স্বামীন্দীর কথাগুলির গভীর অমধ্যানে রত হইয়াছিলেন এবং স্বামীন্ধীর লগুন ত্যাগের পূর্বেই নিবেদিতা তাঁহাকে আচার্যপদে বরণ করিয়াছিলেন। প্রথম দাক্ষাৎকারের চমৎকার বর্ণনাট এই: "সত্য কথা বলিতে কি, সেই স্থার লণ্ডনেও আমি যথন তাঁহার প্রথম দর্শন পাই, সেই দিনের কথা স্মরণ করিয়া আজ যেমন তাহার স্থ-কিরণোক্ষন জন্মভূমির সহিত জড়ানো অসংখ্য কথা আমার শ্বতিপথে উদিত इटेट्डिइ, ठाँशाव मत्त तिका निकार के के विकार के वा किर्त । तम ममर्गी ছিল নভেম্বর মাসের এক রবিবারের শীতের অপরাহু, যদিও স্থানটি ছিল লণ্ডনের ওয়েস্ট এণ্ড-এর একটি বৈঠকখানা। অর্ধচন্দ্রাকারে উপবিষ্ট এক শ্রোতৃমণ্ডলীর সমুথে তিনি উপবিষ্ট ছিলেন, আর তাঁহার পশ্চাতে ছিল অগ্নিকুও। প্রশ্নের পর প্রশ্নের যথন তিনি উদ্ভর দিতেছিলেন এবং উত্তরগুলি বুঝাইবার জন্ম হুর করিয়া শ্লোক আবৃত্তি করিতেছিলেন, তথন সন্ধার তিমিত আলোক নৈশ অদ্ধকারে মিলাইয়া ঘাইতেছে, আর সমস্ত দুখ্রটি তাঁহার নিকট ভারতীয় উত্তানেরই একটা অভিনব সংস্করণ অথবা স্থান্তকালে যথন সাধু আসিয়া কুপের

ধারে কিংবা গ্রামের প্রাস্তে বৃক্ষতলে আসন পাতেন আর গ্রামের প্রোতারা তাঁহার চারিদিকে ঘিরিয়া বদে, উহারই আর একটা অন্তুত প্রকারভেদ বলিয়া মনে হইয়া থাকিবে। ইংলতে স্বামীজীকে আর কথনও এইরূপ জনাড়ম্বর আচার্যরূপে দেখিতে পাই নাই। অতঃপর তিনি বক্তৃতাপ্রদানেই ব্যস্ত থাকিতেন, অথবা যে সকল প্রশ্নের ডিনি উত্তর দিতেন তাহা আসিত বিধিবন্ধ রীতিতে অপেক্ষাকৃত রুহত্তর শ্রোভূমগুলী হইতে। এই প্রথম বারেই মাত্র আমরা পনর-বোল জন নিমন্ত্রিত হইয়াছিলাম এবং আমরা অনেকেই ছিলাম ঘনিষ্ঠ বন্ধ. আর তিনি আমাদের মধ্যে তাঁহার লাল রঙ-এর আলথাল্লা ও কোমরবন্ধ পরিয়া বসিয়া যেন কোন স্থানুর দেশের কাহিনী শুনাইতেছিলেন ও মাঝে মাঝে এক অন্তত অভ্যাসবশে বলিতেছিলেন, 'শিব, শিব।' তাঁহার আননে ছিল কোমলতা ও উচ্চভাবের এমন এক মধুর সমাবেশ যাহা ধ্যানপরায়ণ ব্যক্তিদের বদনে ফুটিয়া উঠে—এ যেন সেই মুখচ্ছবি যাহা মেরী-ক্রোড়ে উপবিষ্ট যিওখুষ্টের মুখে রাফেলের তুলিকায় চিত্রিত হইয়াছে। সে অপরাহের পর আজ দশ বৎসর কাটিয়া গিয়াছে। কিন্তু সেদিন তিনি যে সংস্কৃত শ্লোকাবলী আবৃত্তি করিয়াছিলেন, তাহা কোনদিন বিশ্বত হইবার নহে; সে আরুত্তি হইয়াছিল প্রাচ্যদেশীয় সেই অপূর্ব স্থরে যাহ৷ আমাদের গীর্জাগুলিতে শ্রুত গ্রেগোরিয়ান স্থরেরই সদৃশ, অথচ উহা হইতে কডই পূথক !"

লগুনের অভিজাতগৃহে বা ক্লাবগুলিতে স্বামীজী বেদব ঘরোয়া বৈঠকে
মিলিত হইতেন, তাহাতে তিনি ভারতীয় ধর্মমতের, বিশেষতঃ বেদাস্তের
মৌলিক তথ্যগুলির আলোচনা করিতেন। আমেরিকার ক্রায় ইংলগুও তাঁহাকে
বহু প্রকার অজ্ঞ প্রশ্নবাণের সম্মুখীন হইতে হইত; এখানেও তিনি ঝটিতি
উত্তরপ্রদান, ক্লেষযুক্ত প্রত্যুত্তর, হাস্থ-কৌতৃক প্রভৃতির দ্বায়া সকলের চিল্তাকর্ষণ
করিতেন, অথচ মূল অধ্যাত্মচর্চার ধারা কথনও ব্যাহত হইত না। পাশ্চাজ্যস্থলত সক্তবন্ধভাবে ধর্মলাভ-প্রচেষ্টার বিক্লজে প্রায়ই তিনি তীত্র সমালোচনা
করিতেন এবং প্রশ্বকৈজ্ঞিক সভ্যতার প্রতি বিভূক্ষা দেখাইতেন। এই
ভাবন্ধয়ের প্রতিপক্ষপ্রপে তিনি ধর্মজগতে হিন্দুদের ব্যক্তিগত স্বাধীনভার কথা
তুলিতেন এবং ত্যাগের মহিমাকীর্তনে শতমুখ হইয়া উঠিতেন।

স্বামীজীর বক্তৃতা ও আলাপ শ্রোতার হৃদয়ে অনেকক্ষেত্রে ভাবোচ্ছ্যুস জাগাইত ও সর্বদাই নবালোক আনিয়া দিত। এই বিষয়ে একটি প্রকৃষ্ট চমৎকার

দষ্টাম্ভ পাওয়া গিয়াছিল একদিন ওয়েস্ট এণ্ড-এর এক বৈঠকখানায় ঘরোয়া আলাপ প্রসঙ্গে। সেদিন তাঁহার সম্মুখে উপবিষ্টা ছিলেন লণ্ডনের সম্লান্তকুলের কয়েকজন উচ্চশিক্ষিতা জননী, এবং স্বামীজীর বাগ্মিতা স্বীয় প্রভাবপ্রসারের শক্তিতে যেন **পেদিন চরমে উঠিয়াছিল।** আলোচ্য বিষয় ছিল প্রেমের মহন্ত: আর স্বামীজী দেখাইয়া দিতেছিলেন, প্রেম মানবচিত্তকৈ স্বার্থত্যাগের কত উচ্চন্তরে উন্নীত করে এবং মনের সর্বপ্রকার উচ্চতম ভাবরাশিকে কিরূপে স্বকার্যে নিয়োগ করে। কথাটি দ্টান্তসহায়ে ব্যক্ত করিবার জন্ম তিনি বলিলেন, "ধক্ষন রান্ডায়া অকস্মাৎ আপনাদের সামনে একটা বাঘ এসে হাজির হল। এতে আপনারা कতই না ভীত-সম্ভন্ত হবেন এবং আত্মরক্ষার জন্ম পালিয়ে যেতে কতই না ব্যাকুল হবেন। কিন্তু-" বলিতে গিয়া তাঁহার কণ্ঠধানি অকুমাৎ পরিবর্তিত হইয়া গেল এবং আধ্যাত্মিক তেজ্ঞপুষ্ট ব্যক্তির বদন যেমন দিব্যবল ও সাহসে উদ্ভাসিত থাকে, তাঁহারও মুথ অকুমাৎ তেমনি প্রজ্ঞলিত হইল, আর তিনি বলিয়া ঘাইতে লাগিলেন, "মনে করুন ঐ ব্যান্ত্রের পথে একটি ক্ষুদ্র নিরুপায় শিশু পড়িয়া আছে, তথন আপনারা কোথায় যাবেন ? বাঘের মুথের সামনে—আপনাদের যে-কেহ সেধানে গিয়েই দাঁড়াবেন—আমার এতে বিন্দুমাত্র সন্দেহ নেই।" শ্রোত্তীবুন্দ তাঁহার এই চমৎকার মন্তব্যে মুগ্ধ হইয়া গেলেন, কারণ ইহার মধ্যে এমন একটা সতাদৃষ্টি ছিল যাহা মাতৃহ্দয়ের স্নেহের সহিত স্থনিবিড় পরিচয় দিতেছিল অথচ সব রদয়গুলিকেই অধিকতর স্বার্থত্যাগের আদর্শাভিম্থে সবলে আকর্ষণ করিতেছিল। তাঁহার এই অপূর্ব গুণাবলীর—তাঁহার ব্যক্তিত্বের অসীম আকর্ষণ, তাঁহার সহজ সরল উক্তি, তাঁহার প্রাঞ্চলতা, তাঁহার ঋষিদৃষ্টি—এই সকল মিলিয়া তাঁহার বাক্যাবলীকে অপূর্ব শক্তিসমন্বিত ও চুর্নিবার করিয়া তুলিত; শ্রোভার মনে উহা তৎক্ষণাৎ বিশ্বাস জন্মাইয়া দিত, এবং বক্তা ও শ্রোতাকে এক চিরস্থায়ী বন্ধবহুত্তে গ্রম্পিত করিত। দেশ, কাল বা পাত্রের বিভেদ-স্থলেও এই প্রভাবের বাতিক্রম হইত না। এই জন্মই তিনি দেশ-বিদেশে অতি একনিষ্ঠ ও অকপট ধর্মপ্রাণ বছ শিশ্ব ও বন্ধু লাভ করিয়াছিলেন। আর এই সর্বজনীন প্রভাবের কারণও ছিল যথেষ্ট। কেননা তুলনামূলক দৃষ্টি অবলম্বনে তিনি যেভাবে জগতের ধর্মগুলিকে শ্রেণীবদ্ধ করিয়া তাহাদের উৎকর্যাদি স্থস্পষ্টরূপে দেখাইয়া দিতেন. তাঁহার বাণীতে যে বিশ্বভাতৃত্ব, উদার মনোভাব, এবং বিস্থাবতা ও স্থসংস্কৃতির পরিচয় ফুটিয়া উঠিত, তাঁহার প্রচারিত ভাবরাশিতে যে অভিনবত্ব প্রকটিত হইত,

তাঁহার মৌলিক চিন্তা বেভাবে নৈতিকতার ভিত্তি নবীনভাবে দৃঢপ্রতিষ্ঠিত করিত, আর থেরপ প্রাণালা ভালবাসা লইয়া তিনি সকলের সহিত ভাবের আদান-প্রদানে প্রবৃত্ত হইতেন—তাহাতে এইরপ হওয়াই ছিল খুব স্বাভাবিক। অনেক দিক হইতেই স্বামীজীর বার্তা ছিল একাধারে অভিনব ও প্রাণপ্রদ। আর এই সমন্তের সঙ্গে সমিলিত হইয়াছিল তাঁহার আত্মিক বল, বীর্ষ ও অভী:।

স্বামীজীর মনে করিবার যথেষ্ট কারণ ছিল যে, তাঁহার এই প্রথম ইংল্ডে আগমনের ফলে সেথানে বেদাস্তের ভিত্তি এমন দৃঢ়সংস্থাপিত হইয়াছিল ধে, ইচ্ছা করিলে ভবিশ্বতে যে কোন দিন তিনি উহার উপর বিশাল স্থায়ী সৌধ নির্মাণ করিতে পারিবেন। প্রথম যথন তিনি ইংলণ্ডে আসার কথা ভাবিতেন. তথন তিনি ভুধু পরীকাহিসাবে সেখানকার লোকের মনোভাব নিরীকণ করার অধিক আশা পোষণ করিতেন না। কিন্তু দেখানে আদিয়া তিনি বুঝিয়াছিলেন, এ আগমন শুধু পর্যবেক্ষণ নহে, প্রত্যুত তিনি প্রকৃত মূল্যবান কার্যে লিপ্ত হইয়াছেন এবং উহা আশাতীতরূপে সাফলামণ্ডিত হইয়াছে। সংবাদপত্রসমূহ তাঁহার চিন্তাগুলিকে সাদরে অভার্থনা করিয়া জনসাধারণের নিকট পৌচাইয়া দিয়াছিল: মহানগরের সন্ত্রাস্ত ব্যক্তিদের বছ গৃহে ও ক্লাবে তিনি আমন্ত্রিত হইয়াছিলেন এবং ধর্মবাজকশ্রেণীর নেতৃস্থানীয় অনেকেও তাঁহাকে বন্ধভাবে সাদরে গ্রহণ করিয়া-ছিলেন। এই সকল দেখিয়া ভানিয়া ইংরেজ নরনারী সম্বন্ধে ওাঁহার পূর্ববর্তী ধারণার আমূল পরিবর্তন ঘটিয়াছিল। আমেরিকাতে তিনি লক্ষ্য করিয়াছিলেন, জনসমাজ তাঁহার চিস্তারাশিকে ঝটিতি সোৎসাহে গ্রহণ করে; কিন্তু ইংলণ্ডে তিনি দেখিলেন, তাহারা যদিও নৃতন বার্তাটি গ্রহণ করিয়াছে বলিয়া স্বীকার করিতে এবং ঐ চিস্তাধারার প্রশংসা করিতে ততটা তৎপর নহে, এবং স্বভাবতই যদিও তাহারা অধিকতর রক্ষণশীল, তথাপি সতাসতাই কোন আচার্যের গুণে মুগ্ধ হইলে এবং তাঁহার উপদেশের মূল্য বুঝিতে পারিলে, তাহারা একবার বাহা ধরে, তাহা সহজে ছাড়ে না। স্বামীজীর সর্বদাই বিশ্বাস ছিল যে, ভারত রাজনীতি-ক্ষেত্রে বছবার পরাধীন হইলেও, যুগেযুগে তাহারই অধ্যান্মবাণী বিজ্বেতাকে বিমোহিত করিয়াছে এবং বিজ্বেতারই শক্তি অবলম্বনে উহা বিশের বিভিন্ন প্রান্তে প্রসারিত হইয়াছে। তাৎকালিক জগতে সর্বাধিক শক্তিশালী ও স্থবিস্থত সামান্ত্রোর অধিকারী ইংরেজ-জাতির মনে ভারতীয় ভাবরাশির প্রতি এই গভীর শ্রন্ধার উদ্রেক স্বামীন্দীর দৃষ্টিতে স্বতীব গুরুত্বপূর্ণ এবং ভবিশ্বৎ সম্ভাবনার স্বাকররূপে প্রতিভাত হইয়াছিল। স্বামীন্দীর ঐ সময়ের পত্রাবলীতে এইসকল কথার পরিন্ধার প্রমাণ পাওয়া যায়।

শ্রীযুক্তা লেগেটকে তিনি অক্টোবর মাসে লিখিয়াছিলেন, "এখানে ইংরেজরা খুবই বন্ধুভাবাপন্ন। কতিপন্ন আাংলো-ইণ্ডিয়ান ব্যতিরেকে কেউ কালা আদমীদের ঘুণা করে না। এমন কি রাস্তায় আমাকে লক্ষ্য ক'রে কেউ কোন বাঙ্গরর করে ना। ... जावात य-मकन हेश्त्रक शुक्रम এवर नाती जात्रज्वस्व जानवार्तम, जाता হিন্দুদের চেয়েও বেশী 'হিন্দু'। আপনি শুনে বিশ্বিত হবেন যে, এখানে আমি নিখুঁত ভারতীয় পদ্ধতিতে প্রস্তুত প্রচুর তরিতরকারী পাচ্ছি। যথন একজন ইংরেজ একটি জিনিস ধরে, সে তখন তার গভীরতম দেশে প্রবেশ করে।" ('বাণী ও রচনা', ৭।১৫৫)। ২০শে অক্টোবর তিনি শ্রীমতী ম্যাকলাউডকে লিখিয়াছিলেন, "এক হিসাবে এদেশ আমার মাতৃভূমি, স্থতরাং পূর্বেই তোমাদিগকে অভার্থনা জানাচ্ছি।" ২৪শে অক্টোবরের পত্তে আছে, "এ পর্যন্ত দেখছ, ইংলতে স্থন্দরভাবে বীজ বপন করা হয়েছে।" ১৮ই নভেম্বরের পত্তে আছে, "ইংলতে আমার কাজ বান্তবিক থুব চমৎকার হয়েছে; আমি নিজেই আশ্চর্য হয়ে গেছি। ইংরেজরা খবরের কাগজে বেশী বকে না, কিন্তু নীরবে কাজ করে। আমেরিকা অপেক্ষা ইংলতে অনেক বেশী কাজ হবে বলেই আমার স্থির বিশ্বাস। দলে দলে লোক আসছে, কিন্তু এত লোকের জন্ম তো আমার জায়গা নেই। স্বতরাং বড় বড় সম্রাস্ত মহিলা ও অক্যাক্ত সকলেই মেঝের উপর আসনপি ড়ি হয়ে বদে। আমি তাদের কল্পনা করতে বলি যে, তারা যেন ভারতীয় আকাশের তলে শাখাপ্রশাখা-সমন্বিত একটি বিস্তীর্ণ বটবুক্ষের নীচে ্বদে আছে—তারা অবশ্র এ ভাবটা পছন্দই করে।" ১৩ই নভেম্বরের পত্তে चाट्ह, "এদেশে সকল কাজ धीत्र धीत्र श्रा कि इ रेश्त्रज्ञ-वाच्हा कान्छ काट्ज হাত একবার দিলে আর ছাডে না। আমেরিকানরা চটপটে, কিছু অনেকটা খডের আঞ্নের মতো।"

আলাসিন্ধাকে লিখিত তাঁহার ২৪শে অক্টোবরের পত্তে জানা যায়: "আগামী মন্ধলবার লগুনে গিয়ে ৮০ ওক্লি খ্রীট্, চেলসী, লগুন, এস. ডব্লিউ—ঠিকানায় একমাস থাকব!" রিডিং ছাড়িয়া অতঃপর তিনি ঐ বাড়ীতেই সংপ্রসন্দাদি চালাইতেন; ঐ ঠিকানা হইতে লিখিত কয়েকথানি চিঠি 'বাণী ও রচনা'তে

স্থান পাইয়াছে। সম্ভবত: কাজের স্থবিধার জন্ম এই স্থানপরিবর্তন আবশুক হইয়াছিল।

পত্রাবলী হইতে স্বামীজীর লণ্ডনের কার্যের যে কিঞ্চিং বিবরণ পাওয়া যায়. তাহা এইরূপ: সেপ্টেম্বর মাসে স্টার্ভির বাটীতে অবস্থানকালে স্বামীন্দ্রী জনসাধারণের জ্বন্ত বিশেষ কোন কার্য না করিয়া স্টার্ডিকে সংস্কৃত-চর্চায় ও নারদীয় ভক্তিস্ত্রের ইংরেজী অমুবাদে সাহায্য করেন। তাছাড়া স্বয়ং শাস্তগ্রন্ধ অধ্যয়ন করেন। তিনি শ্রীযুক্তা বুলকে ২৪শে সেপ্টেম্বর লিথিয়াছিলেন, "মি: ন্টাডিকে সংস্কৃত শিখতে সাহায্য করা ছাড়া এ পর্যন্ত আমি উল্লেখযোগ্য কোন কাজই করিনি।" আর শ্রীমতী ম্যাকলাউডকে লিখিয়াছিলেন, "বন্ধটি দংস্কৃত-ভাষায় স্থপণ্ডিত। স্থতরাং শহর প্রভৃতি আচার্যদের ভাগ্রপাঠে আমরা সর্বদা নিযুক্ত আছি। এখানে এখন কেবল ধর্ম ও দর্শন চলেছে।" শ্রীযুক্তা বুলকে লিখিত ৬ই অক্টোবরের পত্তেও আছে, "মামি মিঃ স্টাডির সহিত 'ভক্তি'দম্বন্ধে একথানি পুস্তকের অমুবাদ করিতেছি, প্রচুর টীকা সমেত উহা শীঘ্রই প্রকাশিত হইবে।" তাহার পরবর্তী কালের বক্ততাদি সম্বন্ধে জানা যায়, "লণ্ডনে ও লণ্ডনের কাছে-পিটে কয়েকটি বক্ততা দেবে।; ২২ তারিখে (অক্টোবর) দাড়ে আটটার দময় প্রিন্সেস হলে দেবো সাধারণের জন্ম একটি"(ম্যাকলাউডকে লিখিত অক্টোবরের চিট্টি)। "এই মাসে স্থামাকে লগুনে হুইটি এবং মেডেন-হেডে একটি বক্ততা দিতে হইবে। ইহাতে কতকগুলি ক্লাস খুলিবার ও পারিবারিক বক্তৃতার বন্দোবন্ত হইবার স্থবিধা হইবে" (৬ই অক্টোবরের পত্র)। "মিদ চেমিয়ার্শের ওথানে যে ক্লাস হ'ত তা শেষ হ'ল। আগামী শনিবার রাত্তি থেকে আমার বাসাতেই হবে। আমার ক্লাসের জন্ম ত্ব-একখানা চলনসই বড় ঘর পাব, আশা করি। মনকিওর কনওয়ের নৈতিক সমিতির নিমন্ত্রে ১০ই তারিখে তাদের ওখানে বক্তৃতা দেবো। আগামী মঙ্গলবার ব্যাল্বোয়া সমিতিতে বক্তৃতা" (৩১শে অক্টোবরের পত্র)। "ব্যালেরেন সোদাইটির টিকিটের সংখ্যা ৩৫। বিষয় হ'ল--- 'ভারতীয় দর্শন ও পাশ্চাত্য সমাজ', সভাপতির স্থান শৃত্ত" (১লা নভেম্বরের । (हीवी

অবশ্য ইহা তাঁহার কার্যের অতি অসম্পূর্ণ তালিকা; সম্পূর্ণ তালিকা নিশ্চয়ই ইহা অপেকা অনেক দীর্ঘতর ছিল। মোটের উপর এই সময় তিনি কঠোর পরিশ্রম করিতেছিলেন ও তাহার ফলে স্বাস্থ্য ভাকিয়া পড়িতেছিল। স্টার্ভির ৰাড়ী হইতে স্বামী ব্রহ্মানন্দকে তিনি নিজেই প্রধাণে জানাইয়াছিলেন, "আমার এই ঘুরে ঘুরে লেকচার ক'রে শরীর অত্যন্ত nervous (সার্প্রধান) হয়ে পড়ছে —প্রায় ঘুম হয় না, ইত্যাদি। তার উপর একলা। দেশের লোকের কথা কি বল ? কেউ না একটা পয়না দিয়ে এ পর্যন্ত সহায়তা করেছে, না একজন সাহায়্য করতে এগিয়েছে। এ সংসারে সকলেই সাহায়্য চায়—এবং য়ত কর ততই চায়। তারপর য়দি আর না পারো তো তুমি চোর!" ('বাণী ও রচনা', ণা১৭৪)। নিদ্ধামভাবে কলিকাতার বদ্ধুবাদ্ধবকে ও মাদ্রাজের কাজে তিনি অর্থসাহায়্য পাঠাইতেন, 'ব্রহ্মবাদিন'-এর জন্ম গ্রাহ্ম সংগ্রহ করিতেন ও অন্য প্রকারে সাহায়্য বরাবরই করিতেন। কিছু ইংলণ্ডে আমেরিকার মতো অর্থসাছল্য ছিল না। তাঁহার পত্রেই প্রকাশ, সঞ্চিত অর্থে ও স্টার্ডির আমুক্ল্যে লগুনের কার্য চালাইয়া অবশেষে আমেরিকায় ফিরিয়া যাইবার মতো অর্থ মাত্র অবশিষ্ট চিল; কারণ ইংলণ্ডের শ্রোতারা আগ্রহ্বান হইলেও তেমন দাতা ছিলেন না। স্বীয় পরিশ্রমের কথা উল্লেখ করিয়া তিনি লিখিয়াছিলেন, "যেরপ কঠোর পরিশ্রম করেছি, আর কোন হিন্দুকে এরপ করতে হ'লে সে এতদিনে রক্ত বিমি ক'রে মরে যেত।" (বাণী ও রচনা, ৭১৭৯)।

স্বাস্থ্যভঙ্গের বা সংকার্যার্থ উপযুক্ত অর্থাভাবের কথা ছাড়িয়া দিলে প্রায় তিন মাস কার্যের পর স্বামীজীর সম্ভোষলাভের যথেষ্ট কারণ ছিল, ইহা স্বামীজীর নিজের কথা ভিন্ন অন্ত স্থত্যেও জানা যায়। স্বামীজীর ক্লাসে উপস্থিত থাকিতেন, এইরপ এক ব্যক্তি এক সংবাদপত্রে নিথিয়াছিলেন, "লগুনের বিশিষ্ট পরিবারের কোন কোন ভদ্রমহিল। চেয়ারের অভাবে আসন-পিঁড়ি হইয়া মেঝেতে বিসিয়া গুকর প্রতি ভারতীয় চেলাদের সদৃশ পূর্ণ প্রদ্ধা লইয়া উপদেশ শুনিতেছেন, এরূপ দৃশ্য সচরাচর দেখা যায় না। ইংরেজী ভাষা-ভাষী জাতির হৃদয়ে স্বামীজী ভারতের জন্ম যে ভালবাসা ও সহাম্বভূতি উদ্দীপিত করিতেছেন তাহা নিশ্চয়ই ভারতের উন্নতির পক্ষে একটি স্বৃঢ় সমুন্নত শুস্তের সদৃশ হইয়া উঠিবে।"

শ্রীযুক্ত ই. টি স্টার্ডি 'ব্রহ্মবাদিন' পত্রে লিখিয়াছিলেন: "স্বামী বিবেকানন্দের ইংলণ্ডে আগমনের ফলে ইহা প্রমাণিত হইয়াছে বে, ঠিক ঠিক খুঁ জিয়া বাহির করিতে পারিলে এবং তাঁহাদের নিকট ভুগু উপন্থিত হইলেই দেখা ঘাইবে বে, এই দেশেও চিন্তাশীল ও স্থশিক্ষিত এমন একদল লোক আছেন ঘাঁহারা ভারতের প্রাণপ্রদ চিন্তাধারার সাহাব্যে সবিশেষ উপকৃত হইতে প্রস্তুত।

অধাবার এদেশে স্বামীকী যে-সকল কথা প্রচার করিয়াছেন, গীর্জার বেদী হইতে উচ্চারিত কোন কোন ভাষণে যথন তাহার উল্লেখ ভানতে পাওয়া যায়, তথন তাহা হইতেও ইহা সহজেই বোধগম্য হয় যে, য়ে-সকল পাশ্চান্তা উদারিত্তি ধর্মযাজকরা থোলা-মনে তাঁহার সহিত মিশিতে পারিয়াছিলেন, তাঁহারা তাঁহারই সাহায্যে বিশুদ্ধ বৈদান্তিক তত্ত্বস্হকে কিরুপে স্থধ্ম ব্যাখ্যাকল্পে প্রয়োগ করা চলে তাহার উপায় শিথিতে পারিয়াছিলেন।
 অয়োগ করা চলে তাহার উপায় শিথিতে পারিয়াছিলেন।
 অয়েন করিতেন তাহাতে ইংরেজ-সমাজের বিবিধ ন্তরের বহু ব্যক্তি আরুই হইতেন। ইহাদের অধিকাংশই এই দৃঢ় ধারণা লইয়া ফিরিতেন যে, আচার্ষ হিসাবে তাঁহার ক্ষমতা বিশেষ উল্লেখযোগ্য।
 তিনি আমাদের এই দীপে আসিয়াছিলেন এমন একজন যোগিরূপে, যাঁহার হৃদয় ছিল প্রেমে পূর্ণ এবং শ্বতি ছিল বহু যুগের ঐতিহ্নে সমুদ্ধ।

ইংলণ্ডের কার্যের সাফলা স্বামীজী স্বচক্ষে দেখিয়াছিলেন এবং অধিকতর সাফলোর সম্ভাবনার গভীর আশাও পোষণ করিতেন। লোকচিত্তে তাঁহার বার্তা স্থায়ী আসন পাতিয়াছিল, স্টার্ডির তায় কর্মী তিনি লাভ করিয়াছিলেন, নিবেদিতার মতো কর্মীর আগমনের পুর্বাভাস পাইয়াছিলেন এবং ভারত-প্রত্যাগত ইংরেজ দেনানায়কদের মধ্যে বেদান্তের প্রতি অমুরাগ দর্শনে ভারতীয় কার্যে অধিকতর সাহায্য লাভের আশার আলোক দেখিয়াছিলেন। কিন্তু তবু তিনি জানিতেন যে, আমেরিকায় আরন্ধ কার্যে অবহেলা করিয়া তথনই তিনি দীর্ঘকালের জন্ম অন্তত্ত্ব অবস্থানের কথা ভাবিতে পারেন না। ইংলণ্ডে থাকা-কালেও আমেরিকায় প্রত্যাবর্তনের জন্ম তাগিদ আসিতেছিল। এই উভয় সহটে পড়িয়া স্বামীজী স্থির করিয়াছিলেন, ভারত হইতে আর একজন সন্ন্যাসীকে আনাইয়া ইংলণ্ডের কার্য তাহার হতে সমর্পণপুর্বক তিনি স্বয়ং আমেরিকার ফিরিয়া ঘাইবেন। এীযুক্ত স্টাডিও এই প্রস্তাবে সমত ছিলেন; ইংলতে এমন স্থলরভাবে যে কার্ষের স্ত্রপাত হইয়াছিল, তাহা অকমাৎ বন্ধ হইয়া যাইবে, তিনি এমন কথা ভাবিতে পারিতেছিলেন না। বিশেষতঃ সংস্কৃত শাস্ত্র रेश्त्रकीरक अञ्चतारम्य क्रम किन विकास हिन्दू मह्यामीय प्रशासकी हिरमन ; শার তিনি জানিতেন যে, স্বামীজীর পকে দীর্ঘকাল ইংলণ্ডে থাকা সম্ভব হইবে না। সতএব স্টার্ভির অমুরোধে এবং নিজের বিবেচনামুসারে স্বামীজী ভারতে গুৰুভ্ৰাতাদিগকে লিখিয়া পাঠাইলেন, তাঁহারা যেন অবিলম্বে একজন উপযুক্ত

সন্ন্যাসীকে ইংলণ্ডে প্রেরণ করেন। তিনি নিজে ক্বতবিদ্য ত্যাগী ও শ্রীরামক্লফের একাস্ত অমুরাগী স্বামী রামকুফানন্দকে পাইবার আগ্রহ প্রকাশ করিয়াছিলেন, অগত্যা রামকৃষ্ণানন্দজীর আগমন অসম্ভব হইলে স্বামী সার্দ্রানন্দ বা স্বামী অভেদানন্দকে পাঠাইতে লিখিয়াছিলেন। স্বামী রামক্ষণানন্দের আগমন তথন অসম্ভব ছিল, কারণ তিনি তথন দারুণ চর্মরোগে ভূগিতেছিলেন। অপর তুইজনেরও বোধ হয় কোনও কারণে তথনই যাত্রা করা সম্ভব হয় নাই। অতএব আলমবাজার মঠ হইতে নৃতন চুই-একজনের নাম প্রস্তাবিত হইল: কিন্তু স্বামীজীর তাহা মন:পুত হইল না —তিনি পুনর্বার পূর্বের ব্যক্তিদিগের কাহাকেও পাঠাইবার কথাই লিখিলেন, এমন কি আসার ব্যয় বাবদ কিছু টাকাও পাঠাইলেন ও কিভাবে আসিতে হইবে, কিরুপ পোশাক পরিতে হইবে ইত্যাদিও লিখিয়া পাঠাইলেন। তথাপি স্বামীজীর ইংলও পরিত্যাগের পূর্বে কেহই আদিলেন না। এই অবস্থায় হতাশ হইয়া তিনি এক সময়ে মাদ্রাজ হইতে স্থশিয়া কাহাকেও আনাইবার চেষ্টাও করিয়াছিলেন, কিন্তু তাহাও ফলবতী হয় নাই। স্বামীক্ষীর পত্রাবলী হইতে জানিতে পারা যায়, ২৪শে সেপ্টেম্বর হইতে পূর্ণ চুই মাস এইভাবে চেষ্টা করিয়াও এই বিষয়ে প্রায় বিফলকাম হইয়াই তিনি ২৭শে নভেম্বর বুধবার 'ব্রিটানিক' জাহাজে আমেরিকা রওনা হইলেন।

অবশ্য নৃতন সন্ন্যাসী না আদিলেও স্বামীজীর অবর্তমানে ইংলণ্ডের কাজ সম্পূর্ণ বন্ধ হইল না; কারণ শ্রীযুক্ত স্টার্ডির পূর্বোদ্ধত প্রবন্ধেই আছে: "তিনি যথন আমেরিকায় ফিরিয়া গোলেন, তথন এইভাবে যে প্রারম্ভিক কার্য সম্পাদিত হইয়াছিল, তাহাকে বাঁচাইয়া রাখিবার জন্ম ভগবদ্গীতা এবং ঐ জাতীয় বিষয় অধ্যয়নের জন্ম সারম্ভ হইল। এই ক্লাসগুলি এখনও চলিতেছে। এই জন্ম কোন পরিচয়পত্রাদির প্রয়োজন নাই। একোন প্রতিষ্ঠান গঠিত হয় নাই, হইবেও না। আর ইহার সহিত অর্থ প্রদানেরও কোন সম্পর্ক নাই।" বলা বাছল্য, এই কার্য পরিচালনার প্রধান দায়িত্ব স্টার্ডির স্কল্পেই ক্লন্ড ছিল।

মোটের উপর ইংলণ্ডের কাব্ধে পূর্ণ সম্ভোষ ও ভবিশ্বতে ফিরিয়া অধিকতর কার্য করার আকাজ্জা লইয়া স্বামীজী ইংলণ্ড ত্যাগ করিলেন। ইংলণ্ড ও আমেরিকার কাজের যে তুলনামূলক লিপি তিনি জাহাজে বিদিয়া ৫ই ডিদেম্বর কুমারী এলবার্টাকে লিথিয়াছিলেন, তাহাতেও এই কথার স্কুম্পষ্ট সাক্ষ্য পাওয়া বায়। পত্রে আছে, "এলবার্টা, তোমাদের দেশে (আমেরিকায়) বৈদান্তিক

চিন্তাধারা প্রথমে অজ্ঞ 'বাতিকগ্রন্ত' ব্যক্তিদের দ্বারা প্রবর্তিত হয়েছিল, সেই প্রবর্তনের ফলে সষ্ট নানা অম্ববিধার মধ্য দিয়ে কাজের পথ তৈরি ক'রে নিতে হয়। তুমি হয়তো লক্ষ্য করেছ, আমেরিকায় আমার ক্লাসগুলিতে উচ্চ শ্রেণীর नतनाती कथन-कथन यांग निष्ठा हन — তাও मृष्टि यह। आवात आय्मितिकाह উচ্চশ্রেণীর লোকেরা ধনী হবার ফলে তাদের সমন্ত সময় ঐশ্বর্য সম্ভোগ করতে ও ইউরোপীয়দের অমুকরণ (বোকার মতো ?) করতে করতে কাটে। অপর পক্ষে, ইংলণ্ডে বৈদান্তিক মতবাদ দেশের সেরা জ্ঞানী ব্যক্তিদের দ্বারা প্রবৃতিত হয়েছে এবং ইংলণ্ডের উচ্চশ্রেণীর মধ্যে বহু লোক আছেন, থারা বিশেষ চিম্বানীল। তুমি শুনে অবাক হবে, এথানে আমি ক্ষেত্র সম্পূর্ণ প্রস্তুত পেয়েছিলাম, এবং বিশ্বাস कति या, जामात काक जाय्मितिकात कार्य हेश्नए तमी मक्न हरत। ... हेश्न छ সম্বন্ধে আমার মত অনেকথানি পালটে গিয়েছে, এবং আমি সানন্দে তা স্বীকার করি।" আর শ্রীযুক্তা বুলকে তিনি ৮ই ডিসেম্বর জানাইলেন, "ইংলণ্ডে আমি জন কয়েক বন্ধু রেখে এসেছি। আগামী গ্রীমে ফিরে যাব, এই আশায় তাঁরা আমার অমুপস্থিতিকালে কাজ করবেন।"

স্থায়ী কার্যপ্রতিষ্ঠা

দশদিন সমুদ্রধাত্তার পর স্বামীন্ধী ৬ই ডিসেম্বর (১৮৯৫) শুক্রবারে নিউ
ইয়র্কে পৌছিলেন। কিন্তু এই যাত্তাটি তাঁহার নিকট মোটেই প্রীতিপ্রদ ছিল না;
সমুদ্রক্ষ ছিল ঝ্লা-বিক্ষ্ম এবং ইহাতে তাঁহার ক্ষেক্দিবসব্যাপী সমুদ্রপীড়াও
(সী সিকনেস) হইয়াছিল। আবার নিউ ইয়র্কে পৌছিবার পূর্বে ঘন কুয়াসার
জন্ম বহুক্ষণ জাহাজকে সমুদ্রমধ্যে দাঁড়াইয়া থাকিতে হইয়াছিল; কারণ কিছুই
দেখা যাইতেছিল না। তাই ৮ই ডিসেম্বরের পত্তে তিনি লিখিয়াছিলেন, "দশদিন
অতি বিরক্তিকর দীর্ঘ সমুদ্রধাত্তার পর আমি গত শুক্রবার এখানে পৌছেছি।
সমুদ্র ভয়ানক বিক্ষম ছিল এবং জীবনে এই সর্বপ্রথম আমি 'সমুদ্রপীড়ায়' (seasickness) অতিশয় কষ্ট পেয়েছি।"

নিউ ইয়র্কে ফিরিয়া তিনি ২২৮ ওয়েষ্ট ৩৯ নং খ্রীট-এর বাড়ীতে উঠিলেন।
বন্ধুগণ এ বাড়ীতেই তাঁহার বাসের জন্ম ছুইথানি বড় ঘর ঠিক করিয়া রাখিয়াছিলেন। স্বামী কুপানন্দও তাঁহার সহিত সেই বাড়ীতেই বাস করিতে আরম্ভ করিলেন। ঘর ছুইথানি ছিল দোতলায় অবস্থিত—সম্পুথের একখানি রাস্তার উপরে এবং অপর্থানি তাহার পশ্চাতে। প্রথমে স্বামীজ্ঞী ও কুপানন্দ হুই বিভিন্ন কামরাতে থাকিতেন; কিন্তু পরে কার্যবৃদ্ধির সঙ্গে দলে লোকসমাগম আরম্ভ হুইলে কুপানন্দ ঐ বাড়ীর উচ্চতম তোলায় একথানি ঘরে চলিয়া গেলেন, আর স্বামীজ্ঞী পশ্চাতের ঘর্থানিকে শ্বনকক্ষ ও সম্মুথের থানিকে ক্লাস ইত্যাদির জন্ম ব্যবহার করিতে লাগিলেন। অবশ্ব লোকসংখ্যা আরও বৃদ্ধি পাইলে উভয় ঘরেই তাহারা বিসত।

আমরা জানি, স্বামীজী নিরিবিলি কাজ করার দিকেই ঝুঁ কিতেছিলেন এবং অর্পের সহিত সম্বন্ধ ত্যাগ করিতে ব্যাকুল হইয়াছিলেন। লগুন হইতে প্রত্যাবর্তনের পর এইদিকে আরও বেশী ঝুঁ কিলেন। ইহার প্রস্তৃতিষ্বরূপ ৮ই ডিসেম্বর তিনি শ্রীযুক্তা বুলকে লিখিলেন, "সাধারণের কাছে প্রকাশুভাবে বক্তৃতা দেওয়াটা আমি একেবারে ছেড়ে দেব স্থির করেছি; কারণ আমি দেখছি, আমার পক্ষে সর্বোৎকৃষ্ট কাজ হচ্ছে—প্রকাশ্র বক্তৃতায় কিংবা ঘরোয়া ক্লাসে টাকাকড়ির একদম সংশ্রব না রাখা। পরিণামে ওতে কাজ্বের ক্ষতি হবে এবং খারাপ দৃষ্টাস্ত

দেখানো হবে। ইংলণ্ডে আমি ঐ ধারায় কার্য করেছি এবং লোকজন স্বেচ্ছায় যে টাকাকড়ি দিতে এসেছিল, তাও ফেরং দিয়েছি।" ঐ পত্রেই তিনি জানিতে চাহিয়াছিলেন, চিকাগো গিয়া "ধারাবাহিক কতকগুলি বক্তৃতা দেওয়া সম্ভব হইবে কিনা" তাহা যেন শ্রীযুক্তা বুল তাঁহাকে জানান, "অবশ্র টাকাকড়ির ব্যাপার একদম বাদ দিতে হবে।"

श्वामी की हिकारना राहेवात कथा ভाविश्वाहित्वन ; किन्ह या अश्वा इश्व नाहे ; কারণ ১ই ডিদেম্বর, দোমবার হইতেই তাঁহার নিউ ইয়র্কের ক্লান আরম্ভ হইয়া গেল। বিরক্তিকর সমুদ্রযাত্তা ও সমুদ্র-রোগের পর মাত্র তিনটি দিন তিনি অবকাশ লইলেন। অবশ্র এই তিন দিনও বিশ্রাম অল্লই মিলিল; কারণ পুরাতন বন্ধ-বান্ধবের সহিত দেখাসাকাৎ ইত্যাদিতেই ঐ অল্প সময় কাটিয়া গেল। ক্লাসগুলির থবর ওলি বুলকে লিখিত স্বামী কুপানন্দের (১০ই ডিসেম্বরের) এক পত্র হইতে জানা ষায়: "স্বামীজী কাল সন্ধ্যায় একটি বক্ততা করিয়া তাঁহার কার্য আরম্ভ করিয়াছেন। বক্ততায় তিনি যোগের বিবিধ প্রণালীর কথা বলিয়াছেন। তিনি ষেন ভক্তিতে পরিপূর্ণ ছিলেন। ঘর তুইখানি লোকে ভরিয়া গিয়াছিল; এবং মনে হয় আন্দোলনটি এই বংসর বিশালাকার ধারণ করিবে। এই সঙ্গে বিভিন্ন যোগের জন্ম নিদিষ্ট দিনগুলির তালিকা পাঠাইলাম।" ঐ তালিকাটি পাওয়া যায় নাই। তবু ইহা নিশ্চিত যে ঐ সময়ে স্বামীজী কর্মধোগ, রাজ্যোগ ও জ্ঞানযোগ —এই যোগত্রয় সম্বন্ধে বকুতা দিতে আরম্ভ করেন। সম্ভবত: সাংখ্যদর্শন ও উপনিষদ সম্বন্ধেও ক্লাস করিতেন। ক্লপানন্দের আর একথানি পত্র হইতে বক্তৃতার ক্ষেকটি বিষয়ের নাম পাওয়া যায়—'প্রাণ ও উহার পরবর্তী বিকার'; 'মন: উহার ক্রিয়া ও সংষম', 'প্রধান যোগ-সাধনগুলি', 'উপনিষদ সকল'। এই অসম্পূর্ণ তালিকা দেখিলেও মনে হয়, স্বামীকী অল্প সময়ে অধিক পরিশ্রম করিয়া যেন তাহার বাণীর একটা নিষ্ঠ দিবার জন্ম আগ্রহান্বিত ছিলেন। উদ্দেশ্রামুসারে ১০ই ডিসেম্বর মন্ত্রবার হইতে ২৩শে ডিসেম্বর সোমবার পর্যস্ত তিনি দিনে তুইবার ক্লাস করিতেন, রবিবারও বাদ পড়িত না, এমন কি বড়দিনের প্রাক্সদ্ধায়ও ভক্তিযোগ সম্বন্ধে ক্লাস করিয়া তবে রিজ্ঞলী ম্যানর-এ লেগেটদের গৃহে অল্পদিনের অবস্তু বেড়াইতে ও বিশ্রাম লইতে গিয়াছিলেন। পর বংসর (১৮৯৬) জামুয়ারির প্রথম সপ্তাহেই তাঁহার বকুতাবলী আরম্ভ হয়, ক্লাসও চলিতে থাকে। সকালে এগারটায় ক্লাসে এমন সব পুরাতন ছাত্রছাত্রীরা আসিতেন যাহারা পূর্বেই অনেকটা শিথিয়াছিলেন; আর সন্ধ্যা আটটার ক্লাসে আসিতেন নবাগন্তকরা।

স্থামীজী যে বাড়ীতে থাকিতেন, উহার একতলায় ছিল রাশ্লাঘর; বাড়ীর ভাড়াটিয়া সকলেই সেথানে রাশ্লা করিত। ফলে ঘরের জিনিসপত্র বড় অপরিক্ষার ছিল, রাশ্লাও তেমন ক্ষচিকর হইত না। অতএব স্বামীজীর অম্বরোধে তাঁহার ছাত্রী শ্রীমতী সারা এলেন ওয়াল্ডোকে রন্ধনের দায়িত্ব লইতে হইল। ভিগিনী দেবমাতার স্থতিকথা হইতে ঐ কালের কিছু কিছু ঘটনা জ্ঞানিতে পারা যায়। দেবমাতার পূর্ব নাম ছিল কুমারী লরা শ্লেন। তিনি ওয়াল্ডোর (পরবর্তী নাম হরিদাসী) সহিত স্বামীজীর ক্লাসেরই মাধ্যমে পরিচিত হন এবং ওয়াল্ডোর মুখে ঐ সব প্রাচীন দিনের কথা শুনিয়া লিপিবদ্ধ করেন। মনে রাখিতে হইবে, পূর্ববারে স্বামীজী তত্নং রান্ডার বাড়ীতে ছিলেন, এবারে ত্রু নম্বরে, (দেবমাতা যদিও তচ বলিয়াছেন)। দ্বিতীয় বাড়ী অপেক্ষাক্কত ভন্তপাড়ায় হইলেও উহাকে খুব সম্লান্ত বলা চলে না। দেবমাতা এই দ্বিতীয় পলীকেও তাই দরিক্রপল্লী বলিয়াই বর্ণনা করিয়াছেন। দেবমাতা স্বামীজীর অম্বরক্ত এবং তাঁহার ক্লাসের নিয়মিত ছাত্রী হইলেও কোনও কারণে স্বামীজীর ঘনিষ্ঠ সান্ধিগুলাভ করিতে পারেন নাই। হয়তো তাঁহার ভিগিনীর বিরোধই ইহার কারণ ছিল। যাহা হউক, ওয়াল্ডো ও স্বামীজীর সম্বন্ধে তিনি লিখিয়াছেন:

"স্বামীজীর নিউ ইয়র্কের বক্তৃতা ও ক্লাসগুলিতে ধাঁহারা আসিতেন, তাঁহারা আচিরে এমন এক দীর্ঘকায়া, মর্ঘাদাশালিনী নারীমৃতির সহিত পরিচিত হইয়া পড়িতেন, যিনি সর্বকার্যে ব্যস্ত থাকিয়া অবিরাম ঘূরিয়া বেড়াইতেন। আমরা শীঘ্রই জানিতে পারিলাম, ইনি দর্শন ও অক্সান্ত সাধারণ সাংস্কৃতিক বিষয়ে স্থাশিক্ষতা কুমারী এলেন ওয়াল্ডো এবং ইনি রাল্ফ ওয়াল্ডো এমার্সনের দ্রসম্পর্কীয়া আত্মীয়া। স্বামীজী তাঁহার নাম দিয়াছিলেন 'হরিদাসী'। আর নামটি ছিল খুব মানানসহি—কারণ ইহা জানাই ছিল যে, তিনি ভগবৎকার্যে উৎসর্গিতপ্রাণা; তাঁহার সেবা ছিল অবিরাম ও অক্লান্ত। তিনি (স্বামীজীর জন্তু) রাঁধিতেন, গ্রন্থ-সম্পাদনের কার্য করিতেন, গৃহাদি পরিষ্কার রাখিতেন, শ্রুতিলেখিকার কান্ত করিতেন, অপরকে শিখাইতেন ও চালাইতেন, বই-এর প্রফ্রন্থ দেখিতেন ও অভ্যাগতদের সহিত আলাপ করিতেন।"

স্বামীজী নিউ ইয়র্কে আসিয়া বর্ণবিদ্বেষের ফলে উপযুক্ত পল্লীতে উপযুক্ত

গৃহ বা পরিবেশ না পাইয়া অবহেলিত পল্লীতে বাড়ী ভাড়া লইতে বাধ্য হন। "ষেরপ পরিবেশ বা ষেরপ লোকের সান্নিধ্যলাভ বাঞ্চিত ছিল, তাহার কোনটিই তিনি পাইলেন না। ঐ দরিত্র পল্লীর অপরিচ্ছন্ন বাদগৃহগুলির একটিতে একরাত্রি যাপনের পর তিনি কুমারী ওয়াল্ডোকে বলিলেন, 'এখানকার খাছা বড় অপরিষ্কার দেখায়; তুমি আমায় রেঁধে দিতে পার?' ওয়াল্ডো তথনই গৃহস্বামিনীর নিকট যাইয়া রাল্লাঘর ব্যবহারের অনুমতি লইয়া আসিলেন; তারপর নিজেরই ভাণ্ডার হইতে রান্নার বাসনপত্র ও থাখসামগ্রী সংগ্রহ করিলেন এবং পরদিন সকালে ঐসব সঙ্গে করিয়া আনিলেন। তাঁহার বাসস্থান ছিল ব্রুকলিনের অপর প্রান্তে। পথ চলার একমাত্র বাহন ছিল মন্বরগামী ঘোডার গাড়ী এবং নিউ ইয়র্কে স্বামীজীর বাসস্থান ৩৮নং (৩৯নং) খ্রীটে আসিতে তুই ঘণ্টা লাগিত। ইহাতেও ভ্রক্ষেপ না করিয়া ওয়াল্ডো সকালে আটটায় কিংবা ভারও আগে পথে নামিতেন এবং রাত্রি নয়টা-দশটায় বাডীর পথ ধরিতেন। ছুটির দিনে বিপরীত ব্যবস্থা হইত—এবারে স্বামীষ্কীই ছ্যাকরা গাড়ী ধরিতেন. তুই ঘণ্টা পথ চলিতেন এবং রাঁধিতেন। কুমারী ওয়াল্ডোর সাদাসিধা বাডীর নীরবতা ও স্বাধীনতার মধ্যে তিনি আরাম ও বিশ্রাম পাইতেন। (ওয়াল্ডোর) রামাঘরটি ছিল বাডীর সর্বোচ্চ তলায়; তাহার সন্মুখে ছিল থাবার ঘর— রৌল্রালোকসিক্ত ও গামলায় গামলায় বসানো চারাগাছে পূর্ণ। নৃতন নৃতন থাত প্রস্তুতে ব্যস্ত, কিংবা পাশ্চাত্ত্য থাত লইয়া গবেষণায় নিযুক্ত স্বামীঙ্গী ক্রীডারত বালকের স্থায় বান্তসমন্তভাবে এঘর-ওঘর করিতে থাকিতেন। কুমারী ওয়াল্ডো আমাকে পরে বলিয়াছিলেন, এমন নিবিড মেলামেশার মধ্যেও আমার মনে যে একবারও সংসারত্যাগের কথা উঠে নাই, ইহা ধুবই আশ্চর্য। তাঁহার সঙ্গে ভারতে যাইবার কথাও আমি কথনও আন্তরিকভাবে ভাবি নাই। আমার মনে হইত, আমার স্থান আমেরিকায়; অথচ আমি তাঁহার জন্ম করিতে পারিতাম না, এমন কিছুই ছিল্ল না। তিনি যথন প্রথম নিউ ইয়র্কে আদিলেন, তথন তিনি সর্বত্রই তাঁহার কমলা বং-এর আলথাল্লা পরিয়া থাকিতে চাহিতেন। ব্রডওয়ের উপর এমন আগুনের মতো উচ্জ্বল কোর্টের পাশে পাশে চলিতে বেশ একটু সাহসের প্রয়োজন হইত। স্বামীজী ধধন কোন দিকে জক্ষেপ না করিয়া রাজোচিত ভদীতে দীর্ঘপদবিক্ষেপে আমার পুরোভাগে চলিতে থাকিতেন, আর আমি হাঁফাইতে হাঁফাইতে সঙ্গে সংক চলিতে চেষ্টা করিতাম, তথন সকলেই আমাদের দিকে চাহিয়া থাকিত এবং প্রত্যেকেই জিজ্ঞাসা করিজ, "এরা আবার কারা ?" পরে আমি তাঁহাকে বলিয়া-কহিয়া আরও ফিকে রঙ্গ-এর কোট ব্যবহার করিতে রাজী করাইয়াছিলাম।

"একদিন সকালে স্বামীজী দেখিলেন কুমারী গুয়াল্ডোর চক্ষে জল। তিনি সোদেরে জিজ্ঞাসা করিলেন, 'কি হলো, এলেন? কোন কিছু ঘটেছে কি?' গুয়াল্ডো বলিলেন, 'মনে হচ্ছে, আমি আপনাকে কিছুতেই তুই করতে পারছি না। অপরে আপনার বিরক্তি ঘটালেও আপনি রকবেন আমাকেই।' স্বামীজী অমনি বলিয়া উঠিলেন, 'আমি ওসব লোককে তেমন ভাল রকম জানিই না বে, তাদের বকব ; তাদের বকতে না পেরে আমি তোমার কাছেই আসি। মিজের লোককেই যদি না বকতে পাব, তাহলে বকব কাকে?' সঙ্গে সংক্ষাক্তার অঞ্চ শুকাইয়া গেল এবং অতঃপর তিনি গালাগালিই খুঁজিয়া বেড়াইতেন, কারণ উহা ছিল নৈকটোর নিদর্শন। কুমারী গুয়াক্তো নিজেই আমাকে বলিয়াছিলেন যে, ইহা তাঁহারই জীবনের ঘটনা, রোমা রোলার মতে যদিও উহা অপর এক শিল্ডের জীবনের ঘটনা। অবশ্য এরপ ব্যাপারের পুনরার্তি হওয়া খুবই সম্ভব।

"শিক্ষকদের সম্বন্ধে কুমারী ওয়ান্ডোর ম্থেষ্ট অভিজ্ঞতা ছিল। স্বীয় স্থানীর্ঘানায়েশ বাপদেশে তিনি অনেকেরই পদতলে আশ্রায় লইয়াছিলেন; কিন্তু ছই-চারিদিন আগে বা পরেই হউক, তিনি দেখিতেন, সকলেরই প্রকৃতিতে ক্রটি আছে। তাঁহার মনে সতত ভয় হইত, পাছে এই হিন্দু স্থামীজীর প্রকৃতিতেও এরপ ক্রটি ধরা পড়িয়া যায়। এইরপ ত্র্বলতার চিহ্ন ধরা পড়ে কিনা এই বিষয়ে তিনি থ্রু তীক্ষণৃষ্টি রাখিতেন। সে চিহ্ন ধরাও পড়িল। সেদিন স্থামীজীও তিনি নিউ ইয়র্কের এক বৈঠকখানায় উপস্থিত ছিলেন। স্থামীজীর সময়ের নিউ ইয়র্কের সহিত বর্তমান নিউ ইয়র্কের কোন মিল নাই। তথনকার দিনে রাস্তার ছইধারে ছিল সারি সারি বাদামী পাথরের তৈরী একই রক্মের সব বাড়ী। বাড়ীগুলির চেহারা এতই একঘেয়ে ছিল যে, এক প্রসিদ্ধ চিত্রকর জিজ্ঞাসা করিয়াছিলেন, 'আপনারা কি করে টের পান যে, নিজের বাড়ীতে এসেছেন? ভূলে তো প্রতিবেশীর বাড়ীতেও চুকে পড়তে পারেন?' এই প্রত্যেকটি অপ্রশন্ত, অথচ রাস্তা হইতে দৈর্ঘ্যে অনেক দ্ব লম্বা বাড়ীর ছিতলে একটি করিয়া সক্ষ ও নীর্ঘ বৈঠকখানা থাকিত; উহার এক প্রান্তে ভাক্ক করা চার পালার দরজা,

শপর প্রান্তে ছইটি বড় জানালা এবং তাহাদের মধ্যন্থলে মেঝে হইতে সিলিং পর্যন্ত উচু একথানি প্রকাণ্ড আয়না থাকিত। এই আয়নার দিকে যেন স্থামীজীর একটু ঝোঁক দেখা গেল। তিনি বার বার উহার সামনে দাঁডাইয়া মন দিয়া নিজের চেহারা দেখিতে লাগিলেন, আর মাঝে মাঝে চিস্তাময়ভাবে ঘরথানির এ প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত চলিয়া বেডাইতে থাকিলেন। কুমারী ওয়াভো উিছয়দৃষ্টিতে তাঁহাকে দেখিতে থাকিলেন—'এইবারে ব্ঝি বা চিচিং-কাক!' তিনি ভাবিতে লাগিলেন, 'ইনি তো আপন অহঙ্কারে মত্ত!' অকলাং স্থামীজী তাঁহার দিকে ফিরিয়া বলিলেন, 'এলেন, এ যে দেখছি সবচেয়ে বড় আশ্র্র্যাপার যে, আমি আমার নিজের চেহারা মনে করে রাখতে পারি না! আমি আর্শীতে এত করে নিজেকে দেখে নিচ্ছি, কিন্ত হে মৃহুর্তে মৃথ ফিরাই অমনি ভূলে যাই যে, আমাকে কেমন দেখায়!'

"স্বামীজীর এই প্রথমবার আমেরিকা-পরিভ্রমণকালে রাজ্যোগ গ্রন্থথানি গড়িয়া উঠে। ইহার অধিকাংশ তিনি মূথে মূথে বলিয়া গিয়াছিলেন, আর কুমারী ওয়াল্ডো লিখিয়া লইয়াছিলেন। ওয়াল্ডো (সাংকেতিক-লেখিকা ছিলেন না) সাধারণ ভাবেই লিথিয়াছিলেন। ঐ কার্যে ব্যয়িত মনোরম সময়টির শ্বতি তাঁহার নিকট বডই মধুময় ছিল; তিনি প্রায়ই ঐসব দিনের কথা বলিতেন। স্বামীজীর খান্ত প্রস্তুত হইয়া গেলে রান্নাঘরের কাজ শেষ করিয়া প্রতিদিন তিনি বাড়ীর পশ্চান্তারে স্বামীজীর বাসকক্ষে আসিতেন এবং টেবিলের কাছে বসিয়া উহার উপরের দোয়াতে কলম ডুবাইতেন। তথন হইতে দেইদিনের মতো কাজ শেষ না হওয়া পর্যন্ত তিনি কলম ভিজাইয়াই রাখিতেন, যাহাতে ক্ষণে ক্ষণে স্বামীজীর যে বাক্যস্রোত চলিতে থাকিত, তাহার প্রারম্ভেই তিনি কলম ধরিতে পারেন। মাঝে মাঝে সংস্কৃত শ্লোকের কোন শব্দের ইংরেজী প্রতিশব্দ ঠিক করিবার জন্ত স্বামীজী পনর-কুড়ি মিনিট সমাহিতমনে বসিয়া থাকিতেন; কিন্তু তবু কলম শুকাইতে দেওয়া হইত না—বলিয়া যাওয়ার তোড় তো বে-কোন মুহুর্তেই আরম্ভ হইতে পারিত! পাণ্ডুলিপি প্রস্তুত হইয়া গেলে উহার মূদ্রণের দায়িত্ব কুমারী ওয়াতোর হত্তে অর্পিত হইল। কিন্তু পুত্তক প্রকাশের পূর্বে তাঁহাকে বহু ক্লেশ ও মর্মপীড়ার সমুখীন হইতে হইয়াছিল। স্বামীক্লীর আর একজন বিশিষ্ট অমুরাগী পাণ্ডলিপিটি ধার করিয়া লণ্ডনে লইয়া যান এবং সেধানে উহা প্রকাশ করেন: কারণ ঐ ব্যক্তির ধারণা ছিল, লণ্ডনে উহা প্রকাশিত হইলে স্বামীজীরই স্থবিধা হইবে। ইহার ফলে তথনকার মতো আমেরিকান সংস্করণ বাহির করা সম্ভব হইল না। অপ্রচলিত শব্দের শব্দপঞ্জিকা ও অক্সান্ত কিছু কিছু অংশ যোগ করার পরেই মাত্র উহা সম্ভব হইয়াছিল।" ('রেমিনিসেন্সেন অব স্থামী বিবেকানন্দ')। এই বিষয়টি পরেও আলোচিত হইবে।

গৃহস্থালির ও অন্যান্ত ব্যক্তিগত কার্যের দায়িত্ব ওয়ান্ডোর উপর ছাড়িয়া দিয়া স্থানীজী তাঁহার প্রকৃত কার্য বেদাস্তপ্রচারে পূর্ণরূপে আত্মনিয়োগ করিতে সমর্থ হইয়াছিলেন। ক্রমে তাঁহার পুরাতন বন্ধুরা সমবেত হইলেন, নৃতনও অনেকে আসিলেন। ইহাদের মধ্যে ছিলেন ধনী, দরিন্ত্র, বিদান ও সাধারণ-বৃদ্ধির মাহ্রষ; লেখক-লেখিকা, গায়ক-গায়িকা, উকিল, ডাক্তার, সমাজনেত্রী ইত্যাদি অনেকে। আমরা ইহাদের অনেকেরই সহিত পুর্বেই পরিচিত হইয়াছি—ওয়াল্ডো, লেগেট-দম্পতি, গুডইয়ার দম্পতি, গানদী-দম্পতি, রুপানন্দ, মেরী ফিলিপস্, ডাঃ ওয়াইট, এমা থার্সবী ইত্যাদি। ক্রমে নৃতনদের মধ্যে আসিলেন সাংকেতিক-লেখক গুডউইন, সাহিত্য-সেবিকা মেরী মেপস্ ডজ্, কেট-ডগলাস উইগিন, ও এলা ছইলার উইলকক্স; গায়িকা এণ্টিয়নেট স্টালিং। সময়ে সময়ে বৈজ্ঞানিক নিকোলাস টেস্লাকেও দেখা যাইত। ম্যাকলাউড তথন ইউরোপে, আর ওলি বুল ক্যান্থিজে। প্রকোষ্ঠেম্বরের মধ্যস্থলে বসিতেন স্থামীজী, আর উভয় পার্যে শ্রোত্বর্গ উৎকর্ণ হইয়া থাকিতেন প্রতিটি কথা ভানিবার জন্ম।

এইবারে নিউ ইয়র্কে ফিরিয়া স্বামীজী ষেন তাঁহার আরক্ধ কার্যকে একটি স্থামী রূপ দিতে বন্ধপরিকর হইলেন। এই প্রচেষ্টা বিভিন্ন প্রণালীতে ধাবিত হইল—একদল কর্মী গড়িয়া তোলা, পুন্তক প্রণয়ন, কার্যের বৈষয়িক ভার গ্রহণের জন্ম উপযুক্ত প্রতিষ্ঠান সংগঠন ইত্যাদি। সর্ববিষয়েই তিনি স্বাধীনভাবে স্বীয় পরিকল্পনাহ্যয়ায়ী অগ্রসর হইলেন; বন্ধরাও ব্বিলেন, এইরূপ নববার্তাবহ ব্যক্তিকে স্বাধীনতা দেওয়া ভিন্ন উপায় নাই। পুর্বে তাঁহারা সমাজের সহিত আপোস করিয়া চলার পরামর্শ দিয়াছিলেন; স্বামীজী তাহা ম্বণাভরে প্রত্যাধ্যান করিয়াছিলেন এবং তাহার ফলে অতিনিকট বন্ধুদেরও বিরক্তি উৎপাদন করিয়াছিলেন। তথাপি ইংলতে যাইবার পূর্বে তাঁহার নিউ ইয়র্কের কাজ স্বাধীন পথেই চলিয়াছিল। এবারেও উহা সেই পথই ধরিল। ইংরেজী জীবনীতে আছে, বন্টনের জনৈকা ভল্লমহিলা সাহায় দিতে প্রস্তুত ছিলেন, কিন্তু কোনও

কারণে পারেন নাই। স্বামীজী তথাপি মাত্র্য ও মাত্র্যের সাহায্যের উপর নির্ভর না করিয়া দৈব-নির্দেশে স্বর্গচিত মার্গে অগ্রসর হইয়াছিলেন।

এই স্বাধীন কার্যধারার পরিপোষকরপে তিনি একটি কার্যকরী কমিটি গঠন করিয়া ১৮৯৫ খুটাব্দের ডিদেম্বর মাদেই বৈষ্মিক ব্যাপার উহার হল্ডে তুলিয়া দিলেন। অবশ্য ১৮৯৪ খুষ্টাব্দের নভেম্বরেই একটি সমিতি গঠিত হইয়াছিল। যদিও কার্যক্ষেত্রে উহা তেমন ফলপ্রস্থ হয় নাই, তথাপি উহার অন্তিজ-বিষয়ে পরোক্ষ প্রমাণ পাওয়া যায় শ্রীযুক্তা বুলকে লিখিত রুপানন্দের ১৮৯৫ খুটান্দের এপ্রিল মাদের পত্র এবং অভয়ানন্দের লিখিত ২২শে নভেম্বরের পত্র হইতে। ক্লপানন্দ জানাইয়াছিলেন যে, সমিতিতে অনেক কর্মকর্তা থাকিলেও ঐ পর্যন্ত তাঁহারা কিছুই করেন নাই। অভয়ানন্দ নিউ ইয়র্কের অন্তর্বতী গ্রীণ উইচ গ্রামে বেদাস্ত-প্রচার করিতেন, কিন্তু তাঁহার ক্লাদে আট-নয় জনের অধিক লোক আদিত না। তিনিও ওলি বুলকে জানাইয়াছিলেন যে, সমিতি এই বিষয়ে উদাসীন ('প্রবৃদ্ধ ভারত', এপ্রিল, ১৯৬৩)। ক্লপানন্দের পত্তে পুনর্বার জানা যায়, তিনি ৩৯নং স্ত্রীটের ২২৮নং বাড়ীতে নভেম্বর মাসে যে ক্লাস করিতেন তাহাতে সমিতির কোষাধ্যক্ষ শ্রীযুক্ত গুড়ইয়ার চাঁদা তুলিতেন, যদিও উহা ছিল অতি সামান্ত। এই সমিতিরই অঙ্গরেপে ১৮৯৫ খুষ্টাব্দের ডিদেম্বর মাদে যথন কার্যকরী কমিটি গড়িয়া উঠিল, তথন স্বামীন্ধী যেন স্বস্তির নিংশাস ফেলিয়া স্টার্ডিকে ২৩শে ডিসেম্বর লিখিলেন, "আমি সমস্ত বৈষ্মিক ব্যাপার একটি কমিটির হাতে দিয়া সমস্ত হাঙ্গামা হইতে বাঁচিয়া গিয়াছি। প্রতিষ্ঠান-গঠনাদি কার্যে আমি নিপুণ নহি, ইহাতে আমি যেন একেবারে ভাঙ্গিয়া পড়ি।" পাঙ্গান্তা ধারাবলম্বনে প্রতিষ্ঠান-গঠনের তিনি চিরকালই বিরোধী ছিলেন। বুদ্ধিপ্রস্থত পরিকল্পনা লইয়া উহা দশজনের উপর চাপাইয়া দিয়া একটা কুত্রিম আন্দোলন গঠন করা ধর্মের ক্ষেত্রে চলে না। এখানে ভগবানের উপর নির্ভর করিয়া তাঁহারই পরিচালনাধীনে এবং মামুষের সদব্যত্তির সহায়ে ধীরে ধীরে অগ্রসর হইতে হয়-এথানে কাজটি चত:প্রবৃত্ত মাসুষের সহযোগে আপনা হইতেই গড়িয়া উঠে। যাহা হউক, এই সমিতিই চালু থাকিয়া পরে স্বামীজীর ভারতে অমুপশ্বিতিকালে ১৮৯৮ খুষ্টান্দের অক্টোবর মাসে আইন অহুসারে 'নিউ ইয়র্ক বেদাস্ত সোসাইটি' নাম ধারণপূর্বক বিধিবদ্ধ সমিতিতে পরিণত হয়। স্থামীকী নিজের কার্যপ্রণালী বিষয়ে ২৩শে ডিসেম্বর (১৮৯৫) স্বামী সারদানন্দকে লিথিয়াছিলেন, "আমি থোকাদের ও ভীরুদের চাই না। প্রত্যুত আমি একাই কাজ ক'রব। আমায় একটা ব্রড উদ্যাপন করতে হবে। আমি একাই তা সম্পন্ন ক'রব। কে আসে বা কে যায়, তাতে আমি ভ্রম্কেপ করি না।" বলা বাহুলা, এইরপ মনোভাব প্রচলিত অর্থে প্রতিষ্ঠান গঠনের বিরোধী।

একদিকে এই কঠোর ও নির্ভীক সিদ্ধান্ত, আর অপর দিকে ছিল তাঁহার অতি জ্রুত ও অল্প সময়ের মধ্যে সীয় কর্তবা সম্পাদনের দৃঢ় সঙ্কল, স্থুতরাং এই সময়ে কর্মব্যন্ততা অতিমাত্র বৃদ্ধি পাইয়াছিল। আমরা ওয়াল্ডো প্রদক্ষে দেখিয়াছি त्य. चामीकी देशावर मत्या आवात 'ताकत्यान'-तहनाय अवुख दरेगाहितन । ২৩শে ডিসেম্বর, ১৮৯৫, তারিথের এক পত্তে তিনি স্টার্ডিকে লিখিয়াছিলেন, "আমি এখন যোগস্ত্র আরম্ভ করিয়াছি। এক একটি স্ত্র ধরিয়া উচার উপর যত ভাগ্য আছে, দেইগুলি মিলাইয়া উহা পাঠ করি। এই সব লিখিয়া রাখা হয় এবং সম্পূর্ণ হইলে দেখা ঘাইবে যে, পতঞ্জলির স্ত্রের ইহাই পূর্ণতম স্টীক সংস্করণ। অবশ্য বইথানি একটু বড়ই হইবে।" পরে এক পত্তে তিনি জানাইয়া-ছিলেন যে, কুৰ্মপুরাণে যোগ সম্বন্ধে যাহা কিছু আছে তাহাও তিনি ঐ গ্রন্থমধ্যে দিতে চাহেন। প্রথমে তিনি হয়তো পারিভাষিক বিষয়বহুল ও পাণ্ডিত্যপূর্ণ পুস্তক-রচনারই কথা ভাবিয়াছিলেন, কিন্তু উহা শেষে যে আকারে বাহির হইল তাহাতে দেখা গেল তিনি স্বীয় অহুভূতি হইতে লব্ধ সত্য অবলম্বনে সহজ্ব ভাষায় সাধারণের উপযোগী গ্রন্থই প্রণয়ন করিয়াছেন। তথ্য সমাবেশের ন্যুনতা ইহাতে নাই; অথচ গম্ভীর তত্ত্তলি তাঁহার প্রতিভাস্পর্শে প্রাণময় ও প্রেরণাপূর্ণ হইয়া উঠিয়াছে।

স্বামীজী স্টার্ডি মহোদয়কে ফেব্রুয়ারি মাসে (১৮৯৬) যে পত্র লিখেন, তাহা হইতেও নিউ ইয়র্কের এই সময়ের কার্যপ্রণালী সম্বন্ধে অনেকটা ধারণা করিতে পারা যায় (পত্রথানির তারিথ 'বাণী ও রচনা'র মতে ১৬ই ডিসেম্বর)। স্বামীজী লিখিয়াছিলেন, "এখানে আমার সপ্তাহে ছ'টি ক'রে ক্লাস হচ্ছে; তাছাড়া প্রশ্নোন্তর ক্লাসও একটি আছে। শ্রোতার সংখ্যা ৭০ থেকে ১২০ পর্যন্ত হয়। এ ছাড়া প্রতি রবিবারে আমি সর্বসাধারণের জন্ম একটি বক্তৃতা দিই। গতমাসে যে সভাগৃহে আমার বক্তৃতাগুলি হয়েছিল, তাতে ৬০০ জন বসতে পারে; কিন্তু সাধারণত: ৯০০ জন আসত—৩০০ জন দাঁড়িয়ে থাকত, আর ৩০০ জন জায়গা না পেয়ে ফিরে বেত। স্বত্রাং এ সপ্তাহে একটা

বৃহত্তর হল নিয়েছি, যাতে ১২০০ জ্বন বসতে পারবে। এই বক্তৃতাগুলিতে যোগ দেবার জন্ম কোন অর্থাদি চাওয়া হয় না.; কিন্তু সভায় যা চাঁদা ওঠে, তাতে বাড়ী-ভাড়াটা পুষিয়ে যায়। এ সপ্তাহে খবরের কাগজগুলির দৃষ্টি আমার উপর পড়েছে এবং এ বংসর আমি নিউ ইয়র্ককে অনেকটা মাতিয়ে তুলেছি। ...ভয় হচ্ছে, অবিরাম কাজের চাপে আমার স্বাস্থ্য ভেঙে যাছেছ। ... আমি 'ভক্তি' সম্বন্ধে প্রবন্ধ লিখতে শুক্ করেছি। ... এগানে জন কয়েক বন্ধু আমার রবিবারের বক্তৃতাগুলি ছাপছেন। প্রথমটির কয়েক কপি তোমায় পাঠিয়েছি। আগামী ভাকে পরবর্তী চুটি বক্তৃতার কয়েক কপি পাঠাব।"

স্বামীজীর রবিবাসরীয় বক্তৃতা আরম্ভ হয় ৫ই জামুয়ারী (১৮৯৬)। উহা তথন হার্ডিমাান হল-এ হইত এবং সাংকেতিক লেখক গুড়উইন ঐগুলি লিথিয়া লইতেন। এইরপেই ঐগুলির সংরক্ষণ সম্ভব হইয়াছিল। স্বামীন্সীর অমুরাগী ভক্ত ও বন্ধবুন জান্নুয়ারির পূর্বেই দেখিয়াছিলেন, তাঁহার মূল্যবান উপদেশগুলি সংরক্ষিত না হইয়া বক্তুতার সঙ্গে সঙ্গেই যেন চিরকালের জন্ম হারাইয়া যাইতেছে, অ্থচ নিজেদের স্বাধ্যায় ও ভবিয়াদ্ধশীয়দের স্থশিক্ষা ও পথপ্রদর্শনেব জ্বন্য এইসব অমূলারত্ব রক্ষা করা একাস্ত আবিশ্রক। অতএব তাঁহারা স্থির করিলেন, একজন সাংকেতিক-লেথক নিয়োগ করিবেন। অতঃপর ডিসেম্বের (১৮৯৫) শেষের দিকেই এক ব্যক্তিকে নিযুক্ত করা হইল। কিন্তু ইহার কার্য আশান্তরূপ হইল না; স্বামীজীর ক্রত ভাষণের সহিত তাল রাথিয়া চলা ইহার পক্ষে সম্ভব ছিল না; আবার বিষয়বস্তুর সহিত পরিচয় না থাকায় পদে পদে ভুল হইতেছিল। তাই ইহার বদলে দ্বিতীয় আর একজনকে রাথিতে হইল : কিন্তু ইনিও তেমন সফল হইলেন না। অগত্যা কার্যকরী কমিটির সভ্যরা চাঁদা তুলিয়া একজন সাংকেতিক লেখক নিযুক্ত করিবার উদ্দেশ্যে ১২ই ডিসেম্বর সংবাদপত্তে বিজ্ঞাপন দিলেন এবং তাহারই ফলে জে. জে. গুডউইন ঐ কার্যে নিযুক্ত হইলেন। গুডউইনেরই প্রয়ত্ত্বে স্বামীক্ষীর বক্ততারূপ অমূল্য রত্তরান্তি আমরা পাইয়াছি; নতুবা যে অল दय वरमत सामीकी इंटरनारक हिरनन, ये कारन जिनि नाना कार्य এउই ব্যাপৃত ছিলেন যে, স্থির হইয়া বসিয়া দার্শনিক গ্রন্থ লিথিবার মতে অবসর পাওয়া মোটেই সম্ভব ছিল না।

এইরূপ কার্যের জন্ম উপযুক্ত ব্যক্তিকে তথনকার দিনে নিউ ইয়র্কে সপ্তাহে অস্ততঃ পুনুর হইতে আঠার ডলার দিতে হইত। এত টাকা ধরচ করিয়া লোক

রাখা কমিটির সভাদের পক্ষে সহজ ছিল না; অথচ সর্বগুণসমন্বিত গুডউইন যেন পূর্বনির্দিষ্টরূপেই অতি সহজে স্থকার্যের জন্ম উপস্থিত হইলেন। তিনি জাতিতে ছিলেন ইংরেজ এবং তাঁহার বয়স ছিল ত্রিশের নিয়ে। তিনি আসিয়া শুধ যে ক্লাসের বক্ততা ও সাধারণ ভাষণগুলিই লিখিতে লাগিলেন তাহাই নহে. অচিরে স্বামীন্সীর অন্যান্য কার্যেও সহায় হইলেন। ইহার পূর্বে তিনি আদালতের রিপোর্ট লিখিতেন এবং একাদশ বংসর যাবং তিনখানি সংবাদপত্তের সম্পাদনাদি কার্যে অভিজ্ঞতা অর্জন করিয়াছিলেন। কিন্ধু বাক্তিগত জীবনে তিনি এমন পথে চলিয়াছিলেন যে, অবশেষে তাঁহার জীবন নিক্ষল হইতে বসিয়াছিল। এই সন্ধটমূহুর্তে তাঁহার উপর স্বামীজীর প্রভাব বিশেষ ফলপ্রদ হইয়াছিল 🖟 স্বামীজী তাঁহার অতীত উচ্ছুম্বল জীবনের অনেক ঘটনাবলী বলিয়া দিয়াছিলেন এবং ইহার ফলে তাঁহার নৈতিক জীবনে এক আমূল পরিবর্তন ঘটিয়াছিল। এইজন্ত এবং স্বামীজীর বালকস্থলভ দারল্য দেখিয়া ও অপরের দামাত্র দৌজত্রও তাঁহাকে সহজে মুগ্ধ করে বুঝিয়া গুডউইন নিশ্চয়ই ভাবিয়াছিলেন, এমন যে ব্যক্তি ষ্মতীতের সব কথা জানিয়াও কিছুমাত্র ভর্ৎসনা বা ঘুণা করেন না, প্রত্যুত ভালবাসা দেখাইয়া থাকেন, তাঁহার চরণে আত্মসমর্পণ করা কি সৌভাগ্যের বিষয় নহে? গুডউইন সত্যই স্বামীজীর কার্যে সর্বতোভাবে আত্মনিবেদন করিলেন। বেতন লইয়া কার্য করা তাঁহার মনঃপুত ছিল না; কিন্তু তিনি ছিলেন দরিদ্র: অতএব নিজের দেহরকার জন্ম কিঞ্চিৎ অর্থেই তিনি সম্ভষ্ট ছিলেন, এতদতিরিক্ত কিছু তিনি লইতেন না। বহু পরে ১৮৯৬ খুষ্টাব্দের আগস্ট মাসে তিনি শ্রীযুক্তা বুলকে নিজের অবস্থা বুঝাইয়া লিখিয়াছিলেন, "যদিও আমার সমগ্র মনই চায় যে, আমি বেদাস্তকার্যেই লিপ্ত থাকি ও আমার বোধ হয়. আমি একথা বলিতেও পারি বে, আমার সমগ্র চিভটিই ইহাতে লিপ্ত আছে, তথাপি আমার ভয় হয়, আমাকে অস্ততঃ দেহধারণের জন্ত কিছু অর্থ লইতেই হইবে। কিন্তু এতদতিরিক্ত কোন ব্যবস্থাতে আমার সম্মতি নাই।" কাৰ্যতও দেখা গিয়াছিল, গুডউইন সৰ্বতোভাবে আপনাকে বেদাস্ককাৰ্যে ডুবাইয়া দিয়াছিলেন। দিবারাত্র তিনি বক্তৃতাগুলি সংকেত লিপিতে টুকিতে ও পুন: সাধারণ ভাবে লিপিবদ্ধ করিতে ব্যস্ত থাকিতেন। অপেক্ষাকৃত অগ্রগামী ছাত্ত-ছাত্তীদের জন্ম স্বামীজী সকালে দীর্ঘকালব্যাপী যে কর্মযোগের ক্লাস করিতেন. তাহা সম্পূর্ণরূপে লিথিয়া লওয়াই একটা কষ্টসাধ্য কার্য ছিল। স্বামীন্দীর প্রতিটি

কথা লিখিয়া লইতে গিয়া গুডউইন আর কিছুই করিবার সময় পাইতেন না। হয়তো একই বাটীতে থাকিলে কাজের স্থবিধা হইত; কিন্তু স্থানাভাবে তিনি রাস্তার অপরদিকে আর একটি বাটীতে থাকিতেন এবং দেখানে বসিয়া টাইপ করা প্রভৃতি কাজ সারিতেন। আবার সন্ধ্যার ক্লাদেও যোগ দিতে হইত। হয়তো ইতিমধ্যে স্বামীজীর সঙ্গে বসিয়া সান্ধ্যভোজন শেষ করিয়া লইতেন।

এইভাবে স্বামীজীর অধিকাংশ পাঠ ও বক্তৃতার প্রামাণিক প্রতিলিপির প্রস্তুতি ও তাহাদের সংরক্ষণের জন্ম গুডউইনেরই নিকট আমরা প্রধানত: ঋণী হইলেও ঐ সময়ের সব কিছুই তাঁহার হন্তে লিপিবদ্ধ হইয়ছিল মনে করিলে ভূল হইবে। ১৮৯৬ খৃষ্টান্ধের ফেব্রুয়ারি হইতে জ্ন পর্যন্ত 'ব্রহ্মবাদিন'-পত্রিকায় আটটি সংখ্যায় 'ভক্তিযোগ' সম্বদ্ধীয় যে ধারাবাহিক প্রবন্ধাবলী প্রকাশিত হইয়ছিল, উহার অস্তত: কিয়দংশ স্বামীজী স্বয়ং স্বীয় বক্তৃতাবলম্বনে প্রবন্ধাকারে লিথিয়া পাঠাইয়াছিলেন এবং 'ভক্তির লক্ষণ' ও 'ঈশরের স্বরূপ' এই প্রারম্ভিক প্রবন্ধয় তিনি ডিসেম্বর মাসে (১৮৯৫) মৌলিক রচনা হিসাবে লিথিতে আরম্ভ করিয়া বড়দিনের পূর্বেই শেষ করিয়া ফেলেন। ইহা টাইপ করিয়াছিলেন কুণানন্দ। ঐ জন্ম শ্রীয়ুক্তা বুলের অর্থ সাহাযেয় কুণানন্দ মাসিক ৫ ডলার ভাড়ায় একটি টাইপরাইটার সংগ্রহ করিয়াছিলেন। ২৪শে ডিসেম্বর স্বামীজী 'গুরুর প্রয়োজনীয়তা' ও 'গুরু ও শিয়ের লক্ষণ' সম্বন্ধে যে বক্তৃতা দেন উহার নিদর্বও প্রবন্ধাকারে ঐ মাসেই প্রস্তুত হয় এবং কুপানন্দের টাইপরাইটারের কুপায় লিপিবদ্ধ হইয়া যথাকালে 'ব্রহ্ববাদিন-এ' প্রবন্ধরের আকারে প্রকাশিত হয়।

ভিদেশর হইতে আরম্ভ করিয়া স্বামীজী যে পাঠচক্রগুলি পরিচালনা করিতেছিলেন, উহাতে ছাত্র-ছাত্রীদের মন যেমন একদিকে নৃতন ধারায় গড়িয়া
উঠিতেছিল এবং তাঁহারা সত্যের নবালোকলাভে জীবন ধল্ল মনে করিতেছিলেন,
অপরদিকে তেমনি এই ক্লাসগুলি অবলম্বনে স্বামীজীর স্বস্পাষ্ট ও স্বসংবদ্ধ
বার্তাসহ এমন কয়েকখানি গ্রন্থ রচিত হইয়া যাইতেছিল যাহা পরে তাঁহার
উপদেশ বিশ্বময় বিস্তারের পক্ষে বিশেষ সহায়ক হইয়াছে। তিনি নিজেও
লিথিয়াছিলেন, "আমি এমন কতকগুলি পাঠাপুত্তক লিথে ফেলতে চাই, যেগুলি
আমি চলে গেলে আমার কাজের ভিত্তিস্করণ হবে" (১০ই ভিদেশ্বর, ১৮৯৫)।
এইভাবে কর্মযোগের ব্যাখ্যাবলী গ্রন্থাকারে সন্নিবদ্ধ হইয়া ১৮৯৬ খৃষ্টাব্দের
ফেক্রয়ারি মাদে প্রথম নিউ ইয়র্কে প্রকাশিত হয়। দ্বিতীয় পুত্তক 'রাজবোগ'

প্রকাশিত হয় ঐ বৎসর জুলাই মাসে ইংলগু হইতে। এই বিষয়ে আমেরিকা ও ইংলগুর ভক্তদের মধ্যে যে মতভেদ হইয়াছিল, তাহা আমরা পুর্বেই দেব-মাতার শ্বতিলিপি হইতে জানিতে পারিয়াছি। 'ভক্তিষোগ' প্রথমে 'ব্রহ্মবাদিন-এ' ধারাবাহিকরপে প্রকাশিত হয় ও ঐ বৎসর শরৎকালে মাস্রাজে পুস্তকাকারে মুদ্রিত হয়। 'জ্ঞানযোগ' সম্বন্ধে স্বামীজী ঐ সময়ে যেসকল ক্লাস করেন, তাহার সমরাংশ শ্রীমতী ওয়াল্ডো লিথিয়া রাথিয়াছিলেন; কিন্তু ঐ বক্তৃতাবলী তথন আমেরিকায় প্রকাশিত হয় নাই। ওয়াল্ডোর শ্বতিলিপিতে আছে, "স্বামীজী যেসব অতি উত্তম বক্তৃতা দিয়াছিলেন, নিউ ইয়র্কের জ্ঞানয়োগ-সম্বন্ধীয় বক্তৃতাবলী তাহারই অন্তর্ভুক্ত হইলেও ঐগুলি কথনও ছাপা হয় নাই। যে বক্তৃতাগুলি পুস্তকাকারে জ্ঞানয়োগ নামে প্রকাশিত হইয়াছে, ঐগুলি ইংলণ্ডে ও ভারতবর্ষে দেওয়া হইয়াছিল।" প্রকৃতপক্ষে ঐসব বক্তৃতা ইংলণ্ডে ও আমেরিকায় দেওয়া হইয়াছিল।

ওয়ান্ডো যে আমেরিকান ভাষণগুলিও লিথিয়া রাথিয়াছিলেন—ইহার প্রমাণ প্রীযুক্তা বুলকে লিথিত তাঁহার ১৯শে মে, ১৮৯৬,-এর পত্রেই প্রকাশ: "আমি জ্ঞান সম্বন্ধীয় নোটগুলি পর পর সাজাইয়া রাথিয়াছিলাম এবং স্বামীজী উহার একটি কপি এই বলিয়া ইংলণ্ডে লইয়া যান যে, তিনি এই বৎসরের পাঠগুলির (অর্থাৎ ইংলণ্ডের বক্তৃতাবলীর) সহিত ইহা ভূমিকারূপে ছাপাইতে পারেন। তিনি সেরুপ করিবেন বলিয়া আমার মোটেই মনে হয় না। আপনি জানেন যে, এ বংসরের জ্ঞানবিষয়ক বক্তৃতাগুলিকে পূর্ব বংসরের বক্তৃতার ক্লের বলিলেই চলে এবং বর্তমানগুলি যেন প্রারম্ভশৃত্তা। স্টার্ডি হয়তো একটা মুখবন্ধ জুড়িয়া দিবেন।" যাহা হউক, স্বামী সারদানল যখন আমেরিকায় ছিলেন, তখন তিনি ওয়ান্ডোর হস্তলিপি হইতে স্বামীজীর প্রদন্ত 'জ্ঞানযোগ সম্বন্ধ আলোচনা' (ডিসকোর্সেস অন জ্ঞানযোগ) নামীয় কয়েকটি ভাষণের প্রতিলিপি করিয়া আনেন। উহা স্বামীজীর ইংরেজী 'কম্প্লিট ওয়ার্কস্'-এর অন্তম থণ্ডে পাওয়া যায়। সম্ভবত: ইহাই নিউ ইয়র্কের ঐ বক্তৃতাবলীর সারাংশ। যদি তাহাই হয়, তবে বলিতে হইবে, স্বামীজীর নিউ ইয়র্কে প্রদন্ত যোগ-চতৃইয় সম্বন্ধীয় ভাষণগুলি কোনও না কোন আকারে সংরক্ষিত হইয়াছে।

এইসকল বিশ্রামহীন ও কট্টসাধ্য কার্যের মধ্যেও আবার বন্ধুবান্ধবদের সহিত মিশিতে হইড, সাংবাদিক ও জিজ্ঞাস্থর সহিত জটিল বিষয়ে আলোচনা করিতে ছইত, ভারতীয় ও ভারতেতর-দেশীয় বন্ধুদিগকে প্রচুর স্থদীর্ঘ পত্র লিখিতে হইত। অতএব তাঁহার মনে স্বভাবসিদ্ধ নির্জনম্পৃহা, হিমালয়ে বসিয়া সাধনায় ডুবিয়া যাওয়ার ইচ্ছা পুন:পুন: উদিত হওয়া খুবই স্বাভাবিক। ভারতে ফিরিবার কথাও মনে উঠিত। তাই ২৬শে ডিসেম্বর (১৮৯৫) স্বামীন্ধীর মুখে শুনিয়া কণানন্দ শ্রীষ্কা বুলকে লিখিলেন, মে মাসে তিনি ইংলতে যাইবেন এবং সেখান হইতে ভারতে ফিরিয়া বহু বংসর আপনাকে কোন গুহামধ্যে লুকাইয়া রাখিতে চান। অতএব আমরা এই শেষ বারের মতোই তাঁহাকে নিজেদের মধ্যে পাইবার সৌভাগ্য লাভ করিব।" কার্যত স্বামীন্ধীর ভাগ্যে সে দীর্ঘ বিশ্রামের সম্ভাবনা ছিল না। আপাততঃ ডিসেম্বরের (১৮৯৫) কান্ধ শেষ করিয়া তিনি লেগেট-দম্পতির আমন্ত্রণ স্বীকারপূর্বক ভাঁহাদের আলস্টার কাউন্টিতে অবস্থিত 'রিজলী ম্যানর' বাসভবনে অবসরকাল কাটাইতে চলিয়া গেলেন।'

'রিজলী হইতে ফিরিয়াই স্বামীজী আবার কার্য আরম্ভ করিলেন—ক্লাস, সাধারণের জন্ম বক্তৃতা, প্রবন্ধরচনা, পত্রলেখা, ও ব্যক্তিগতভাবে সাক্ষাৎকার ইত্যাদি। ৫ই জাম্বয়ারি হইতে 'হার্ডিম্যান' হলে নিয়মিত রবিবাসরীয় বক্তৃতা আরম্ভ হইল। এতছাতীত ব্রুকলিনের 'মেটাফিজিক্যাল সোসাইটির' সম্প্রেপ্রদত্ত বক্তৃতা ও নিউ ইয়র্কের 'পিপলস্ চার্চে' প্রদত্ত বক্তৃতাতে লোকসমাগম হইল প্রচুর এবং প্রশংসাও হইল যথেষ্ট। প্রত্যহ ঘুইটি করিয়া ক্লাসও চলিতে লাগিল এবং উহাতে লোকসংখ্যা আশাতীতরূপে বাডিয়া চলিল। সাধারণ বক্তৃতায় খাহারা আসিতেন, তাঁহাদের অনেকে ৩৯ নং খ্লীটেও আসিতেন, আর 'হার্ডিম্যান হলে' স্থান সক্লান হইত না। নিউ ইয়র্কে তাঁহার নাম রটিয়াছিল—'বিত্রাৎসদৃশ বক্তা'; আর বাগ্মিতার প্রশংসা এতই প্রসারিত হইয়াছিল যে, 'হার্ডিম্যান হল' ছাডিয়া অতঃপর ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে একটা প্রকাশু হল ভাড়া লইতে হইয়াছিল। উহাতেই ফেব্রুয়ারি মাসে তাঁহার নিউ ইয়র্কের দ্বিতীয় পর্যায়ের বক্তৃতা হয়। বিষয় ছিল: 'ভক্তিয়োগ', 'প্রকৃত ও আপাত-প্রতীয়মান মানুষ', 'মদীয় আচার্যদেব শ্রীরামকৃষ্ণ'। ফেব্রুয়ারি মাসে তিনি হার্টফোর্ড (কনেকটিকাট)-এর 'মেটাফিজিক্যাল সোসাইটিতে' বক্তৃতার জন্ম

১। স্বামীজীর নিউ ইয়র্কের কার্যাবলীর এই বিবরণ আমরা শ্রীমুক্তা বার্কের 'প্রবৃদ্ধ ভারত' পত্রিকায় ১৯৬৩ খৃষ্টাব্দের এপ্রিল মানে প্রকাশিত প্রবৃদ্ধাবলখনে রচনা করিলাম। অধিকতর তথ্য ও প্রমাণের জক্ষ উগা জাইবা।

নিমন্ত্রিত হইয়া 'আত্মা ও ঈশ্বর' সম্বন্ধে ভাষণ দেন। এই সম্বন্ধে 'হার্টফোর্ড ডেলি টাইমস্' পত্রে মস্তব্য করা হয়: "খৃষ্টান নামে যাঁহারা পরিচিত, তাঁহাদের অনেকের তুলনায় তাঁহার বক্তৃতাগুলি অধিক্তর খৃষ্টসমত। তাঁহার অসীম উদারতা সকল ধর্মকে, সকল জাতিকেই স্বীকার করে। গত রাত্রে তিনি যেরপ সরলভাবে ভাষণ দিয়াছিলেন, তাহা মাম্যুষকে মৃশ্ধ করে।" এই ফেব্রুয়ারি মাসেই তিনি ডাঃ জেনসের আম্কুল্যে ব্রুক্লিন নৈতিক সমিতিতেও বক্তৃতা করেন।

তাঁহার বক্তভায় পর্বত্রই মহা উৎসাহ জাগরিত হইল। স্বামীজীর কার্যের বর্ণনা করিতে গিয়া নিউ ইয়র্কের সর্বাধিক জনপ্রিয় সংবাদপত্র 'নিউ ইয়র্ক হেরাল্ড' ১৯শে জামুয়ারি (১৮৯৬) তারিখে লিখিয়াছিল: "স্বামী বিবেকার্নল নামটি আজকাল নিউ ইয়র্কের সমাজের কোন কোন জনমণ্ডলীকে মন্ত্রমুগ্ধ করিয়া থাকে; আর ইহাদের যে ধন বা বিভার ন্যনতা আছে, তাহাও নহে। নামটি হইতেছে ভারত হইতে আগত একজন ময়লা রঙের ভদ্রলোকের, যিনি বিগত এক বংসর যাবৎ এই মহানগরীতে প্রাচ্যদেশীয় বিশেষ ধর্মমত, দর্শন ও অমুষ্ঠানাদির প্রচারের ফলে উত্তরোত্তর নাম্যশের অধিকারী হইয়া আসিতেছেন। গত শীতকালে ফিফথ স্থ্যাভিনিউর একটি প্রধান হোটেলের অভ্যর্থনাগৃহ ছিল তাঁহার অভিযান-কেন্দ্র। নিজের ও নিজের বিষয়বস্তুর প্রতি উচ্চতর সমাজের অনেকটা খ্রীক্লতি লাভের পর তিনি এখন সাধারণের মধ্যে প্রচারে সমুৎস্থক এবং এই উদ্দেশ্তে 'হার্ডিম্যান হলে' বিনা পয়সায় প্রতি রবিবারে এক বক্তৃতাপর্যায় চালাইতেছেন। স্বামী বিবেকানন্দের প্রচেষ্টা যথেষ্ট দাফল্যমণ্ডিত হইয়াছে।...তাহার অতীত জীবনের কথা তিনি কদাচিৎ বলেন, তবে তিনি যেসব মতবাদ ও অফুগ্রানপদ্ধতি সম্প্রতি এই দেশে প্রবর্তন করিতে সচেষ্ট, সেইসব তিনি যে আচার্যপ্রবরের নিকট শিপিয়াছিলেন, তাঁহার কথা বলিবার মুখে কখনও কখনও আত্মজীবনও সাধারণ ভাবে -প্রকাশিত হইয়া পড়ে।…তাঁহার আচারব্যবহার সত্যসত্যই ফচিসমত এবং তাঁহার ব্যক্তিগত আকর্ষণও যথেষ্ট। ষেদকল নরনারী তাঁহার ক্লাদে দমবেত इन, ठांहारमत शखीत ७ मरनारगाभभूर्व मूथज्की रमिश्रतम् त्रिक्ष भाता यात्र, ঐ ভদ্রলোকের শুধু বক্তব্য বিষয়টিই যে তাঁহার শিয়দিগকে আরুষ্ট করে, এরূপ নহে।"

স্বামীকী ও তাঁহার আমেরিকার কার্য সম্বন্ধে কিঞ্চিৎ পরিচয় প্রদানের পর 'নিউ ইয়র্ক হেরাল্ডের' সংবাদদাতা লিখিয়াছিলেন : "সম্প্রতি আমি যথন

স্বামীন্দ্রীর একটি ক্লাসে গিয়াছিলাম, তথন দেখিলাম, উপস্থিত শ্রোতৃবুল মূল্যবান পোশাক পরিহিত এবং তাঁহারা বৃদ্ধিমান। গৃহে উপস্থিত ব্যক্তিদের মধ্যে ছিলেন চিকিৎসক, উকিল ও বিভিন্ন শ্রেণীর ও পেশার ব্যক্তিবর্গ। মধ্যস্থলে উপবিষ্ট ছিলেন স্বামী বিবেকানন্দ কমলা রঙের একটি আলখাল্লা পরিয়া। হিন্দু ভদলোকের শ্রোতারা বিধা বিভক্ত হইয়া তাঁহার উভয় পার্বে উপবিষ্ট চিলেন। সংখ্যায় তাঁহারা ছিলেন পঞ্চাশ হইতে একশত। তথন কর্মযোগের পাঠ চলিতে-ছিল। ... এই বক্ততা বা সংপ্রসঙ্গের পরে স্বামীজী অনাড্মর আদর-আপ্যায়ন ও আলাপ-পরিচয়ে রত হইলেন এবং তথন এ পর্যন্ত যাহারা বক্তৃতা ভনিতে-ছিলেন তাঁহারা যেরূপ আগ্রহসহকারে তাঁহার সহিত করমর্দনে অগ্রসর হইলেন কিংবা তাঁহার সহিত পরিচয় করাইয়া দিবার জন্ম অপরকে অমুরোধ করিতে থাকিলেন, তাহা হইতেই প্রমাণিত হয় যে তাঁহার ব্যক্তিত্ব কত প্রবল। কিছ নিজের সম্বন্ধে একান্ত প্রয়োজনাতিরিক্ত একটি কথাও স্বামীজী বলেন না। তাঁহার শিশুবুন্দ অন্তর্মপ প্রচার করিলেও তিনি পরিষ্কার বলেন যে, তিনি নিজ দায়িত্বেই এই দেশে আগমন করিয়াছেন, কোন হিন্দু সন্ন্যাসি-সভ্যের প্রতিনিধি রূপে আদেন নাই। তিনি বলেন, তিনি সন্ন্যাসীদেরই একজন: অতএব জাতিচ্যত হইবার ভয়শুন্ত হইয়া যথেচ্ছ ভ্রমণ করিতে পারেন।"

ঐ পত্রিকার উক্ত সংখ্যাতেই আর একটি প্রবন্ধে ২৪শে ডিসেম্বর (১৮৯৫) ক্লাস সম্বন্ধে লিখিত হইয়াছিল: "বিষয় ছিল, 'ভক্তিলাভের জন্ম গুরু ও শিশ্ব উভয়ের মধ্যে যে গুণাবলী থাকা আবশ্যক'—(অর্থাৎ) ভগবানের প্রতি একাস্ত অমুরাগ। যাহারা সেদিন স্বামীজীর ক্লাসে এই প্রথমবার আসিয়াছিলেন, এবং অধ্যাআবিষয়ে তাঁহার উদার মতের সহিত পরিচিত ছিলেন না, তাঁহারা সেদিন আশ্চর্যান্বিত হইয়া গিয়াছিলেন। তাঁহারা শুনিতে আসিয়াছিলেন একজন হিন্দু সন্ন্যাসীর, একজন অজ্ঞানাচ্ছন্ন বিধর্মীর কথা; কিন্তু তাঁহার প্রাচ্য আক্রতি ও তাঁহার উপদেশের উদারতা ও সার্বজনীনতা বাদ দিলে তো তাঁহাকে একজন খৃষ্টধর্মাবলম্বী প্রচারক হিসাবেই গ্রহণ করা চলিত!"

স্বামীজীর এই সময়কার ব্যক্তিত্ববিষয়ে ত্রুকলিনের হেলেন হাটিটেন 'ব্রহ্ম-বাদিন'-এ লিথিয়াছিলেন: "ভগবান ক্লপাবশে আমাদের নিকট ভারত হইতে একজন অধ্যাত্মমার্গের পথপ্রদর্শক পাঠাইয়াছেন; এই আচার্যের ভাবগন্তীর দার্শনিক মত ধীরে ধীরে অথচ নিশ্চিতরূপে আমাদের দেশের নৈতিকবায়ুমণ্ডলে

সঞ্চারিত হইতেছে। ইহার প্রভাব ও পবিত্রতা অত্যস্ত অসাধারণ। তিনি আমাদের নয়নসমক্ষে অধ্যাত্মজীবনের এক অত্যুক্ত ভূমি থুলিয়া দিয়াছেন; তিনি এমন এক ধর্ম দেখাইয়াছেন যাহা সার্বভৌম, যাহার প্রমতস্থনশীলতা ও সহামুভতি সঙ্কোচরহিত, যাহা বৈরাগ্যমণ্ডিত এবং মানবচিত্তে যত প্রকার সম্ভাবের উদয় হইতে পারে তাহা দ্বারা স্থশোভিত। স্বামী বিবেকানন্দ আমাদের নিকট এমন এক ধর্ম প্রচার করিয়াছেন, যাহা মতবাদ বা বিচারশৃল্য বিখাদের দারা নিয়ন্ত্রিত হয় না, যাহা মানবমনকে উন্নীত করে, পবিত্র করে, অশেষ সান্তনা-मान करत्र এবং मण्युर्गक्रार्थ मर्वश्रकात्र दिनास्त्र स्टर्स्व वित्रास्त्र करत्र—हेश क्रित्रहिल, মানবপ্রীতি এবং অনাবিল ব্রহ্মচর্যের উপর প্রতিষ্ঠিত। স্বীয় অন্ধরা গিমগুলীর বাহিরেও বিবেকানন্দ অনেক বন্ধু লাভ করিয়াছেন; সমাজের প্রতি স্তরেরই সহিত তিনি সমভাবে স্থাপতে আবদ্ধ হইয়াছেন। তাঁহার ক্লাস ও বক্তৃতা-গুলিতে আমাদের নগরসমূহের সর্বাধিক বুদ্ধিমান ও প্রগতিশীল ব্যক্তিরা উপস্থিত থাকেন এবং তাঁহার প্রভাব ইতিমধ্যেই এক গভীর ও শক্তিশালী অন্তঃসলিল অধ্যাত্মপ্রবাহের আকার ধারণ করিয়াছে। কোন প্রকার নিন্দা বা প্রশংসায় বিচলিত হইয়া তিনি প্রতিবাদ বা অমুমোদনে রত হন নাই; অর্থ বা প্রতিপত্তিও তাঁহাকে প্রভাবিত বা বিরুদ্ধভাবাপন্ন করে নাই। অশোভন অমুগ্রহ বর্ষণস্থলে তিনি ধর্মঘাজকামুরূপ বৈরাগ্য প্রদর্শন করিয়াছেন; নির্বোধের প্রলোভনপ্রদর্শনের ক্ষেত্রে এরপ আত্মসমাহিত থাকিয়াছেন যে, উহাতে বিপরীত পক্ষ হার মানিয়াছে: অথচ তিনি কোন অপরাধকারী বা অপবিত্রচিত্ত বাক্তিকে নিন্দা করেন না: তিনি শুধু পবিত্ত হইতে ও মঙ্গলময় জীবনযাপন করিতেই উৎসাহিত করেন। মোটের উপর তিনি সত্যই এমন এক ব্যক্তি থাহার প্রতি শ্রদ্ধা নিবেদন করিতে রাজারাও আহলাদিত হন।"

কুপানন্দের ১৯শে ফেব্রুয়ারি তারিখের যে পত্র 'ব্রহ্মবাদিন'-এ প্রকাশিত হয়, তাহাতে আছে, "আমার (৩১শে জান্তুয়ারি তারিখের) পূর্ব পত্রের পর আমাদের আচার্যবর আমাদের স্থহান উদ্দেশ্যের প্রসারকল্পে প্রচূর কার্য করিয়া-ছেন। ক্লাসে প্রদন্ত ব্যাখ্যাদি শ্রবণের জন্ম ক্রমবর্ধমান আগস্কুকসংখ্যা এবং রবিবাসরীয় বক্তৃতায় উপস্থিত বিরাট জনসমাগম হইতেই ব্ঝিতে পারা য়ায়, তাঁহার উপদেশাবলী লোকের মনে কির্মুপ ব্যাপক আগ্রহ উৎপন্ধ করিয়াছে।…
তাঁহার বক্তাবলম্বনে ও লেখনীমুখে যে প্রবল ধর্মশ্রেত প্রবাহিত হয়, তাঁহার

শিকাগুণে আজন্মলন কুসংস্কার ও বিদ্বেষভাব পরিহারপূর্বক সত্যামুসন্ধিংসার জম্ম যে প্রবল উদ্দীপনা সঞ্চারিত হয়, তাহা নীরবে ও অজ্ঞাতসারে আপন কার্য করিতে থাকিলেও জনগণের মনে উহা এক স্থায়ী ও মঙ্গলময় ফল উৎপাদন করিতেছে এবং এইরূপে সমাজের আধ্যাত্মিক উন্নতি সাধনের অন্ততম গুরুত্বপূর্ণ কারণে পরিণত হইয়াছে। ইহার সর্বাধিক পরিক্ষট প্রমাণ এই যে, বেদান্ত-সাহিত্যের জন্ম চাহিদা বাড়িয়াই চলিয়াছে এবং এমন সব মুখেও সংস্কৃত শব্দ উচ্চারিত ইইতেছে, যেখানে এরপ হওয়ার বিন্দুমাত্র আশা করা চলে না। আত্থা পুরুষ, প্রকৃতি, মোক্ষ এবং ঐ জাতীয় শব্দ আমেরিকার ভাষার অন্তভ্ ক্ত হটয়া গিয়াছে এবং শকরাচায ও রামাছজের নাম অনেকের নিকট হাকুল্লে ও স্পেন্সারেরই ন্যায় স্থপরিচিত হইতে চলিয়াছে। ভারতীয় যে কোন বিষয়ক পুস্তকেরই জন্ম সাধারণ পুস্তকাগারগুলিতে সাড। পড়িয়া গিয়াছে। ম্যাক্সমূলার, কোলক্রক, ভয়সন, বার্নোফ কিংবা অপর যেসকল গ্রন্থকার হিন্দুদর্শন সম্বন্ধে ইংরেন্সী ভাষায় লিথিয়াছেন, তাঁহাদের পুস্তক অনায়াদে বিক্রয় হইতেছে এবং বৈদান্তিক ভিত্তির উপর সংস্থাপিত বলিয়া সোপেনহাওয়ার রচিত শুদ্ধ ও ক্লান্তি-জনক গ্রন্থও সাগ্রহে পঠিত হইতেছে। মানুষ এমন একটি মতবাদের মাহাস্থ্য ও সৌন্দর্য সহজেই অমুভব করিতে পারে যাহা একাধারে দর্শন ও ধর্মের আকারে প্রতিভাত হয়, স্বন্মকে ধেমন আকর্ষণ করে বুদ্ধিবুত্তিকেও তেমনি পরিতৃপ্ত করে, এবং মানবের চিত্তে যতপ্রকার ধর্মপ্রেরণা আছে তাহার সবগুলির সস্তোষবিধান করে। আর এবিষয়ে কিছু বলাই তো নির্থক, যথন ইহার ব্যাপ্যাভারূপে আবিভূতি হন আমাদের আচার্যসদৃশ কোন পুরুষ, যিনি স্বীয় অপুর্ব বাগ্মিতাবলৈ মামুষের আত্মার অন্তর্নিহিত দৈব মহিমাকে ইচ্ছামুদারে উদ্বোধিত করিতে পারেন এবং তীক্ষ ও অবশ্বধীকার্য যুক্তিবলে অতীব বস্তুতান্ত্রিক বিজ্ঞানাহগামী অন্মনীয় মনেও অতি সহজে বিখাস জাগাইতে পারেন।"

এই সময়েই স্বামীজী ভক্তিযোগের ক্লাস করিতেছিলেন এবং জ্ঞানযোগ ও সাংখ্য-বেদাস্ত সম্বন্ধে কয়েকটি ধারাবাহিক বক্তৃতা দিতেছিলেন। ম্যাডিসন স্বোয়ার গার্ডেনে তাঁহার সর্বশেষ বক্তৃতার তারিথ ছিল ২৪শে ফেব্রুয়ারি। ঐদিন তিনি 'মদীয় আচার্যদেব' সম্বন্ধে এক অতি উচ্চাঙ্গের উদ্দীপনাপূর্ণ ভাষণ দিয়া স্বীয় গুরুদেবের প্রতি হৃদয়ের আবেগ ও শ্রদ্ধা নিবেদন করিলেন। ঘটনাচক্রে দেই দিনই শ্রীরামক্কফের শুভাবিভাব উপলক্ষে ভারতে সাধারণ উৎসব অমুষ্ঠিত

হইতেছিল। ইহারও পূর্বে ১৩ই ফেব্রুয়ারি বুহস্পতিবারে স্বামীন্দীর এক অমুরাগী শিশু ডা: খ্রীট সন্মান গ্রহণান্তে স্বামী যোগানন্দ নামে পরিচিত হইয়াছিলেন। এই গান্তীর্থপূর্ণ অন্তর্গানে অপর সন্ন্যাসী ও বন্ধচারীরাও উপস্থিত ছিলেন। এইরূপ ঘটনাবলী হইতে প্রতীত হয় স্বামীজী কিরপ শক্তিমান পুরুষ ছিলেন। নতুবা কৃতবিখ্য বৃদ্ধিমান বিদেশী বিধর্মীদের হৃদয়ে এবস্প্রকার ভাববন্তা প্রবাহিত করা ও তাঁহাদের তিন জনের জীবনে একই বৎসর মধ্যে বেদাস্তের প্রতি এমন আকর্ষণ জাগানো যে, তাঁহারা সেই টানে বৈরাগ্য অবলম্বনপূর্বক সংসারসম্পর্ক ছিল্ল করিতে কৃতসম্বল্প হইলেন – ইহা বড সহজ্বদাধ্য কর্ম নহে। ডাঃ প্রীটের সংসারত্যাগকে উপলক করিয়া থবরের কাগজ মন্তব্য করিল: "বাহারা স্বামীজীর ব্যক্তিগত প্রভাবমধ্যে আসিয়া পড়েন, স্বামী বিবেকানন্দ তাঁহাদের জীবনে মঙ্গলসাধনের অসীম ক্ষমতা রাথেন, এই ঘটনাটি তাহারই এক অন্ততম অত্যাশ্র্য প্রমাণ।" পূর্বে যাহারা দূর হইতে স্বামীজীকে শুধু প্রশংসার চক্ষে দেখিতেছিলেন তাঁহাদেরও কেহ কেহ এইরূপে ক্রমে তাঁহার অমুরাগী ভক্ত হইলেন এবং দীক্ষা ও ব্রহ্মচর্যব্রত গ্রহণের ইচ্ছা প্রকাশ করিতে থাকিলেন। ২০শে ফেব্রুয়ারি ইহাদের অনেকে স্বামীজীর নিকট মন্তগ্রহণ করিলেন। স্বামীজী তথন আমেরিকাবাদী জনসাধারণের নিকট বড়ই আপনার জন। এই অবস্থা লক্ষ্য করিয়া কতকটা কৌতৃকচ্ছলে পুর্বোদ্ধত পত্রে কুপানন্দ লিখিয়াছিলেন, "ভাল কথা, ভারতকে বরং এখনই স্বামীজীর উপর স্বীয় দাবির কথাটা পরিষ্কার করিয়া ফেলা ভাল। আমেরিকার যুক্তরাষ্ট্রের জাতীয় বিশ্বকোষের জন্ম নাকি স্বামী বিবেকানন্দের জীবনী লিখিত হইতেছে। হয়তো ভবিশ্বতে এমন সময় আদিবে যথন অতীতে যেমন হোমারের জন্মভূমিরূপে খ্যাতিলাভের জন্ম সপ্তনগরীর মধ্যে বিবাদ উপস্থিত হইয়াছিল তেমনি সপ্তদেশ আমাদের আচার্যকে স্বদেশীয় বলিয়া দাবী করিতে পারে এবং ভারতকে তাহার অন্ততম দ্বাগ্রণী সন্তানের জননী হওয়ার গর্ব হইতে বঞ্চিত করিতে পারে।"

আমেরিকার অন্যতমা শ্রেষ্ঠা কবি ও সাহিত্যসেবিকা এবং বিশ্বের বরেণ্যা মহিলা শ্রীযুক্তা এলা হুইলার উইলকক্স ১৯০৭ খুষ্টাব্দের ২৬শে মে তারিখে 'নিউইয়র্ক আমেরিকান' পত্রিকায় একটি প্রবন্ধ লিখিয়া স্বামী বিবেকানন্দের সহিত তাঁহার সাক্ষাৎ সম্বন্ধে এই কথাগুলি প্রকাশ করেন: "বার বৎসর আগে হঠাৎ একদিন খবর পাইলাম, আমার বাড়ী হুইতে এক ব্লক দূরে ভারত হুইতে আগত

জনৈক দর্শনাচার্য-বিবেকানন্দ নামক একব্যক্তি বক্তৃতা দিবেন। আমরা (আমি ও আমি যে পুরুষের উপাধি স্বীকার করিয়াছি, তিনি) কৌতহল নিবৃত্তির জন্ম চলিলাম এবং শ্রোতমণ্ডলীমধ্যে দশ মিনিট বদিয়া থাকিতে না থাকিতে আমাদের মনে হইল, আমরা যেন এমন এক সুন্ধ জগতে উন্নীত হইয়াছি ঘাহা এত জীবস্ত ও চমকপ্রদ যে আমরা মন্ত্রমুগ্ধ এবং প্রায় রুদ্ধনি:খাস হইয়া বক্তভার শেষ পর্যস্ত বসিয়া রহিলাম। যথন উহা শেষ হইল, তথন আমরা তুইজন নবীন সাহস, নৃত্ন আশা, অভতপূর্ব বল, অভিনব বিশ্বাস লইয়া জীবনের দৈনন্দিন ভাগ্যপরিবর্তনের সহিত মোকাবিলা করিতে বাহিরে আদিলাম। পুরুষটি বলিয়া উঠিলেন, 'এই দর্শন, ভগবান সম্বন্ধে এই ধারণা, এই ধর্মই তো আমি খুঁ জিয়া বেড়াইতেছিলাম।' তারপর তিনি আমার সঙ্গে যাইতেন বিবেকানন্দের মুখে সেই পুরাতন ধর্মের ব্যাখ্যা শুনিতে এবং তাঁহার অত্যান্চর্য মনোভাগুার হইতে সত্যের মণিসমূহ এবং সাহায্যকারী ও শক্তিপ্রদ চিস্তারাশি আহরণ করিতে। ইহা সেই ভয়ঙ্কর শীত ঋতুর কথা যথন অর্থজগতে সর্বনাশ ঘটিতেছে, ব্যান্ধ বন্ধ হইয়া যাইতেছে ও বিধ্বন্ত বেলুনের ন্থায় কোম্পানির কাগজের দাম ভূমিম্পর্শ করিতে চলিয়াছে, ব্যবসায়ীরা হতাশার অন্ধকার উপত্যকামধ্যে পথ বাহিয়া চলিয়াছেন এবং গোটা জগৎটাই যেন মনে হইতেছে ওলট-পালট হইয়া গিয়াছে —ঠিক তেমনি একযুগ যাহার দিকে ঠিক আজও আমরা অগ্রসর হইতেছি। অনেক সময় বহু বিনিদ্র রজনী যাপনের পর পুরুষটি আমার সহিত স্বামীজীর বক্তৃতা ভ্রনিতে যাইতেন এবং তারপর তিনি বিষাদময় শীতের অন্ধকারে নামিয়া আসিয়া হাসিমূথে রাস্তা ধরিয়া হাঁটিয়া চলিতেন আর বলিতেন, 'সব ঠিক আছে ; ছল্ডিন্ডার কোন কারণ নাই।' আর আমিও আমার কর্তব্য ও আমোদ-আহলাদে ডুবিয়া যাইতাম ঠিক তেমনি আত্মাসম্বন্ধে উন্নতভর ধারণা ও সম্প্রসারিত দৃষ্টি লইয়া। অত্যধিক উদ্বেগ ও উৎকণ্ঠার এই যুগেও যে ধর্ম বা যে দর্শন মাত্র্যের জীবনে এইরূপ ব্যাপার ঘটাইতে পারে এবং তাহার সঙ্গে সঙ্গে ভগবানের প্রতি তাহাদের অধিক বিশ্বাস জ্মাইতে পারে, মানবসাধারণের প্রতি সহাত্মভৃতি বাড়াইতে পারে, এবং ভাবী জীবনগুলির কথা ভাবিতে একটা বিশাসপূর্ণ আনন্দে মন ভরিয়া তুলে, সে ধর্ম নিশ্চয়ই উত্তম ও মহান।"

এই প্রথিতষশন্ধিনী মহিলা ভুগু ভাষণ ভ্রনিয়াই ক্ষান্ত হন নাই, তিনি "বিবেকানন্দ-প্রচারিত ভারতের এই প্রাচীন চমৎকার ধর্মকে" ভক্তিসহকারে অধ্যয়ন করিতেও আরম্ভ করেন। প্রবন্ধশেষে তিনি লিখিয়াছেন: "ভারতীয় দর্শনের মাহাত্ম্য আমাদিগকে জানিতে হইবে। আমাদিগকে ধার্মিক জ্ঞানসহায়ে আমাদের সমীর্ণ মতবাদসমূহকে সম্প্রাসারিত করিতে হইবে। কিছু আমরা
চাই ঐগুলিকে আমাদের নিজন্ব আধুনিক প্রগতিশীল মনোভাবের ন্বারা অমুরঞ্জিত
করিতে এবং ঐগুলিকে কার্যকরীরূপে প্রীতিপূর্ণভাবে ও ধৈর্যস্কারে মানবীয়
প্রয়োজনসাধনে প্রয়োগ করিতে। বিবেকানন্দ আসিয়াছিলেন আমাদের নিকট
একটি বার্তা লইয়া।…'আমি তোমাদিগকে কোন নবধর্মে ধর্মান্তরিত করিতে
চাহি না', তিনি বলিয়াছিলেন, 'আমি চাই, তোমরা ম্বর্ধর্মে প্রতিষ্ঠিত থাক', আমি
চাই মেথডিস্টকে আরও ভাল মেথডিস্টরূপে গভিতে, প্রেসবিটেরিয়ানকে
আরও উত্তম প্রেসবিটেরিয়ান বানাইতে, ইউনিটেরিয়ানকে প্রকৃষ্টতর ইউনিটেরিয়ানে পরিণত করিতে।' তিনি দিয়াছিলেন এমন এক বার্তা যাহা ব্যবসায়ীকে বলবত্তর করে, চপলস্বভাবা সমাজনেত্রীদিগকে একটু থামিয়া ভাবিতে
বলে, শিল্পীকে নবীন প্রেরণা দান করে এবং স্ত্রী ও মাতার, স্বামী ও পিতার চিত্তে

ফার্ডিকে লিখিত স্বামীজীর ১৩ই ফেব্রুয়ারির (১৮৯৬) পত্রে জ্বানিতে পারা ধায়, "আমেরিকায় কাজ স্থন্দরভাবে গড়ে উঠছে। শুরু থেকেই কোন ভোজ-বাজি না থাকায় আমেরিকার সমাজের সেরা লোকদের দৃষ্টি বেদাস্তের দিকে আরুট হচ্ছে।" আর আলাসিঙ্গাকে লিখিত ১৭ই ফেব্রুয়ারির পত্তে আছে: "আমি এক্ষণে মার্কিন সভ্যতার কেন্দ্রস্থরপ নিউ ইয়র্ককে জ্বাগাতে সমর্থ হয়েছি; কিন্তু এর জন্ম আমাকে ভ্য়ানক সংগ্রাম করতে হয়েছে। গত ত্বংসর এক পয়সাও আসেনি। হাতে যা-কিছু ছিল, তা প্রায় সবই এই নিউ ইয়র্ক ও ইংলণ্ডের কাজে বায় করেছি। এথন এমন দাঁড়িয়েছে বে, কাজ চলে যাবে।

"তারপর ভাবো দেখি: হিন্দুভাবগুলি ইংরেজী ভাষায় অমুবাদ করা, আবার তক্ষ দর্শন, জটিল পুরাণ ও অভুত মনোবিজ্ঞানের মধ্য থেকে এমন ধর্ম বের করা, যা একদিকে সহজ সরল ও সাধারণের হৃদয়গ্রাহী হবে, আবার অন্তদিকে বড় বড় মনীবিগণের উপযোগী হবে! এ যারা চেষ্টা করেছে, তারাই বলতে পারে কি কঠিন ব্যাপার! ফল্ম অবৈভতত্ত্বকে প্রাভাহিক জীবনের উপযোগী জীবস্ত ও কবিত্বময় করতে হবে; অসম্ভবরূপ জটিল পৌরাণিক তত্ত্বসকলের মধ্য থেকে জীবস্ত প্রকৃত চরিত্রের দৃষ্টাস্তসকল বের করতে হবে; আর বিভাস্তিকর যোগ- শাস্ত্রের মধ্য থেকে বৈজ্ঞানিক ও কার্যে পরিণত করবার উপযোগী মনস্তত্ত্ব বের করতে হবে, আবার এগুলিকে এমন ভাবে প্রকাশ করতে হবে যাতে একটি শিশুও বুঝতে পারে। এই আমার জীবনব্রত।"

কঠিন এ ব্রত এবং কঠিনতর ইহার উদ্যাপন। সমাধির প্রতি যাহার চির-প্রবণতা, প্রীরামক্লফের নিকট যিনি নির্বিকল্প সমাধি প্রার্থনা করিয়াছিলেন এবং লাভও করিয়াছিলেন, অথচ শ্রীগুরুর অলজ্যা আদেশে প্রাণপাতী কর্মে আতাসমর্পন করিয়াছিলেন, তিনি একদিকে আপন স্থস্থবিধা, স্বাস্থ্য ইত্যাদি ভূলিয়া কঠিনতম কর্তব্যে লিপ্ত থাকিলেও একম্ছুর্তের জন্ম সেই সমাধির কথা বিশ্বত হন নাই. প্রত্যুত কার্যপ্রবাহের সহিত তাঁহার জীবনে ব্রন্ধনিষ্ঠা অব্যাহত ছিল—ইহা লৌকিক দৃষ্টিতে আপাতবিরোধী হইলেও এই অসম্ভবকে সম্ভব করিয়া তোলাই স্বামীদ্দীর জীবনের অন্যতম অবদান। স্বামীজী নিজেও ইহা জানিতেন, তাই তাঁহার ১৮৯৬ সালের ১০ই ফেব্রুয়ারির পত্তে এই আপাতবিরোধী অথচ মর্মস্পর্শী করুণ স্কর্ই ভনিতে পাই: "নিরন্তর কার্য করার ফলে এ বংসর আমার স্বাস্থ্য ই ভেঙে গেছে: স্নায়গুলি থব চুৰ্বল হয়ে পড়েছে। এই শীতে আণি একরাত্তিও ভালভাবে घुमार्टेनि। जाभि निक्तप्रटे जानि त्य, जामात थाउँनि युव त्वनी टक्ट, এथन छ ইংলত্তে এক বৃহৎ কার্য বাকী আছে। আমাকে তা সম্পূর্ণ করতে হবে এবং তারপর আশা করি ভারতে ফিরে বাকী জীবনটা বিশ্রাম ক'রে কাটাতে পারব। এখন আমি বিশ্রামের আকাজ্জা করছি। আশা করি, তা কিছুট। পাব এবং ভারতের লোকেরা আমাকে রেহাই দেবে। থুব ইচ্ছা হয়, কয়েক বছরের জক্ত বোবা হয়ে ঘাই এবং একেবারে কথা না বলি ৷ এই সকল পাথিব সংগ্রাম ও ছন্দের জন্য আমি জন্মাইনি। স্বভাবত: আমি স্বপ্রচারী এবং শান্তিপ্রিয়। আমি আজন আদর্শবাদী, স্বপ্লজগতেই আমার বাস, বাস্তবের সংস্পর্শ আমার স্বপ্লের বিল্ল ঘটায় এবং আমাকে অহুথী ক'রে তোলে। ঈশবের ইচ্ছাই পুর্ণ হোক।... আমার সমগ্র জীবনটাই স্বপ্নের পর স্বপ্নের সমাবেশ। সচেতন স্বপ্নচারী হওয়া আমার উচ্চাভিলায, বস।"

তবু কাজ তিনি করিয়াই চলিয়াছিলেন এবং নিউ ইয়র্কের বৃদ্ধিকেন্দ্রেও তাঁহার প্রভাব অমুসংক্রামিত হইতেছিল। ইহার প্রমাণ আমরা কবি উইলকল্পের প্রবন্ধে পাইয়াছি। স্বামীজীর ১৮৯৬ সালের ১৩ই ক্ষেক্রয়ারির পত্তে তৃই জন বিশিষ্ট ব্যক্তির সহিত পরিচয়ের বিবরণ পাওয়া যায়: "ফ্রাসী অভিনেত্রী সারা বার্নহার্ড

এখানে 'ইংশীল' (Iziel) অভিনয় করেছেন। এটি কতকটা ফরাসী ধাঁজে উপস্থাপিত বৃদ্ধজীবনী। এতে রাজনর্তকী ইৎশীল বোধিক্রম-মূলে বৃদ্ধকে প্রাল্ করতে দচেষ্ট; আর বৃদ্ধ তাকে জগতের অসারতা উপদেশ দিচ্ছেন। সে কিছ সারাক্ষণ বন্ধের কোলেই বদে আছে। যা হোক, শেষরক্ষাই রক্ষা-নর্তকী বিফল হ'ল। মাদাম বার্নহার্ড ইৎশীলের ভূমিকায় অভিনয় করেন। আমি এই বৃদ্ধ-ব্যাপারটা দেখতে গিয়েছিলাম। মাদাম কিন্তু শ্রোত্রনের মধ্যে আমায় দেখতে পেয়ে আলাপ করতে চাইলেন। আমার পরিচিত এক সম্ভ্রান্ত পরিবার এই সাক্ষাতের ব্যবস্থা করলেন। তাতে মাদাম ছাড়া বিখ্যাত গায়িকা মাদাম মোরেল এবং শ্রেষ্ঠ বৈত্যতিক টেস্লা ছিলেন। মাদাম (বার্নহার্ড) খুব স্থাশিক্ষতা মহিলা এবং দর্শনশাস্ত্র অনেকটা পড়ে শেষ করেছেন। মোরেল ঔৎস্থক্য দেখাচ্ছিলেন। কিন্তু মিঃ টেস্লা বৈদান্তিক প্রাণ ও আকাশ এবং কল্পের তত্ব শুনে মৃগ্ধ হলেন। তাঁর মতে আধুনিক বিজ্ঞানের দৃষ্টিতে কেবল এই তত্বগুলিই গ্রহণীয়। আকাশ ও প্রাণ আবার জগঘাপী মহৎ, সমষ্টি, মন বা ঈশ্বর থেকে উৎপন্ন হয়। মিঃ টেসলা মনে করেন, তিনি গণিতের সাহায্যে দেখিয়ে দিতে পারেন যে, জড় ও শক্তি উভয়কে অব্যক্ত শক্তিতে পরিণত করা ষেতে পারে। আগামী সপ্তাহে এই নৃতন পরীক্ষামূলক প্রমাণ দেখবার জন্ম তার কাছে আমার যাবার কথা আছে।"

স্বামীজীর ১০ই ফেব্রুয়ারির (১৮৯৬) পত্রে আছে: "নিউ ইউর্কে আরও হই সপ্তাহ থাকব, তারপর ডেট্রেটে যাব, সেথান থেকে ত্-এক সপ্তাহের জন্ম আবার বস্টন ফিরে আসব।" এই অভিপ্রায় অন্থসারে নিউ ইয়র্কের কর্মবহল দিনগুলির শেষে তিনি বন্ধুদের আমন্ত্রণক্রমে ডেট্রেটে যাত্রা করিলেন ও সেথানে তুই সপ্তাহ থাকিয়৷ বক্তৃতা দিলেন। ডেট্রেটের এইবারের ঘটনাবলী আমরা পূর্বেই 'ডেট্রেটে' অধ্যায়ে বলিয়া আসিয়াছি। সেথানে শ্রীযুক্তা ফান্ধির শ্বতিলিপির কিয়দংশ উদ্ধৃত হইয়াছে। উহারই শেষাংশে তিনি উল্লেখ করিয়াছেন যে, স্বামীজীকে তথন দেখিয়া "মনে হইতেছিল যেন অন্তর্মাল্ঞা দেহবন্ধন ছিন্ন করিয়া ফেলিয়াছে; আর তথনই আমি যাত্রাশেষের একটা পূর্বাভাস পাইলাম। বছ বংসর অত্যধিক পরিশ্রমের ফলে তিনি ক্লান্ত হইয়া পড়িয়াছিলেন এবং তথনই ইহা ব্রিতে পারা গিয়াছিল যে, তিনি ইহলোকে অধিক দিন থাকিবেন না। এই নিদারুণ সত্যকে না দেখিবার জন্ম চক্ষু বুজিয়া রহিলাম, কিন্তু স্থান্ধ সে সত্যকে

ঢাকিতে দিল না। তাঁহার বিশ্রামের প্রয়োজন ছিল, কিন্তু তিনি অমুভব করিতে ছিলেন যে, তাঁহাকে কাজ চালাইয়া যাইতে হইবে" ('দেববাণী', ৩১-৩৪ পঃ)।

শরীর যে এত পরিশ্রম সহ্থ করিতে পারিতেছিল না, স্বামীজী নিজেও ইহা জানিতেন, এবং এই সময়ের বহু পত্রে তাহা প্রকাশও করিয়াছিলেন। তিনি তবু কর্তব্য হইতে বিরত হন নাই, কেন না তথন তিনি ভগবিয়ির্দেশে লোক-কল্যাণসাধনে নিরত। তাঁহার ২৩শে মার্চের পত্রে আছে: "আমার ভয় হয়—আমার খাটুনি অত্যধিক হয়ে পড়েছে; এই দীর্ঘ একটানা পরিশ্রমে আমার আয়্মগুলী যেন ছিঁছে গেছে। যা হোক, লোককল্যাণের জন্য আমি য়থাসাধ্য চেষ্টা করেছি—এই মনে করেই আমি সম্ভষ্ট; আর কাজ থেকে অবসর নিয়ে আমি যথন গিরিগুহায় ধ্যানে ময় হবো, তথন এ বিষয়ে আমার বিবেক সাফ থাকবে।"

এই সময়ে তাঁহার পুন্তকমূদ্রণবিষয়ে স্টার্ডি ও নিউ ইয়র্কের ভক্তদের মধ্যে কিছু মতানৈক্য হয়। মনে হয় স্টার্ডি অনেকটা স্বাধীনভাবেই নিউ ইয়র্কে লিপিবদ্ধ কিছু কিছু বক্তৃতা পুন্তকাকারে ছাপাইয়া ফেলেন। অবশেষে মধ্যস্থ হইয়া স্বামীজী বিবাদ মিটাইয়া দেন। এই স্থ্যে ঐ কার্যে স্বামীজীর শ্রম ও লগুন এবং আমেরিকান সংস্করণদ্বয়ের কিছু সংবাদও পাওয়া যায়। ইহার কিঞ্ছিৎ আভাস আমরা পূর্বে দেবমাতার স্বতিলিপিতে পাইয়া থাকিলেও স্বামীজীর প্রাংশের উদ্ধৃতি হইতে বিষয়টি আরও পরিদ্বার হইবে:

"পুন্তক-পুন্তিকাগুলি এখানে এভাবেই প্রকাশিত হয়েছে। নিউ ইয়র্কে একটি সমিতি গঠিত হয়েছে। তারাই সাংকেতিক লেখার ও ছাপার যাবতীয় খরচা দিয়েছে এই শর্তে যে, এই বইগুলির স্বত্বাধিকার তাদের থাকবে। স্ক্তরাং এই পুন্তক ও পুন্তিকাগুলি তাদের। একখানা বই 'কর্মযোগ' ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে; তার চেয়ে অনেক বড় 'রাজযোগ' ছাপা চলছে; 'জ্ঞানযোগ' পরে প্রকাশিত হ'তে পারে" (২৯শে ফেব্রুয়ারি, ১৮৯৬)। "তারা (বন্ধুরা) ইতিমধ্যেই রবিবারের বক্তৃতাগুলি এবং 'রাজযোগ', 'কর্মযোগ' ও 'জ্ঞানযোগ'-বিষয়ে তিনটি বই ছাপিয়েছেন। বিশেষতঃ 'রাজযোগ', 'কর্মযোগ' ও 'জ্ঞানযোগ'-বিষয়ে হয়েছে এবং পতঞ্জলির যোগস্ত্রের অন্থবাদসহ ঢেলে সাজা হয়েছে। 'রাজ্যোগ' লংম্যানদের হাতে। পুন্তকগুলির এত পুনর্বিক্তাস ও পরিবর্তন করা হয়েছে যে, আমেরিকান সংস্করণ দেখে ইংরেজী সংস্করণ চেনাই যাবে না। এখন

অমুরোধ করছি—এই বইগুলি প্রকাশ করো না।" (১৭ই মার্চ)। উভয় পত্তই স্বামীজী দটার্ভিকে লিথিয়াছিলেন। ২৩শে মার্চের পত্তে তিনি আলাসিঙ্গাকে লিথিয়াছিলেন, "চারিধানি বই তৈরী হয়ে গেছে। একথানি বেরিয়ে গেছে, 'পাতঞ্জল স্থত্তে'র অমুবাদসহ 'রাজযোগে'র বইখানি ছাপা হচ্ছে, 'ভক্তি-যোগে'র বইটা তোমার কাছে আছে, আর 'জ্ঞানযোগে'রটা গুছিয়ে নিয়ে ছাপার জন্ত তৈরী হচ্ছে। তা ছাড়া রবিবারের বক্তৃতাগুলিও ছাপা হয়ে গেছে।"

পূর্ব অভিপ্রায়ান্ত্রদারে স্বামীজী ডেটুয়েট হইতে সম্ভবত: নিউ ইয়র্ক হইয়া বন্টনে গিয়াছিলেন। বৎসরের প্রারম্ভেই হার্ভার্ড বিশ্ববিতালয়ের প্রীযুক্ত ফক্স তাঁহাকে 'গ্র্যাজ্যেট ফিলোজফিক্যাল সোদাইটি'র সন্মুখে বক্তৃতার জন্ম আহ্বান করেন। তদম্বায়ী তিনি ২৫শে মার্চ ঐ বিভালয়ে 'বেদান্তদর্শন' সম্বন্ধে বক্ততা দেন। উপস্থিত প্রফেদারগণ তাঁহার দারগর্ভ ও পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা ও বক্তৃতাস্কে প্রশ্নোতরকালে যথাযথ উত্তর শুনিয়া এতই মুগ্ধ হন যে, তাঁহাকে উক্ত বিশ্ব-বিত্যালয়ের প্রাচ্যদর্শন-বিভাগের প্রধান আচার্যের পদ গ্রহণের জন্ম অমুরোধ করা হয়; কিন্তু সন্ন্যাসী বিবেকানন্দ উহা প্রত্যাখ্যান করেন। এই সুল্মবৃদ্ধিসম্পন্ন পণ্ডিতবর্গের সম্মুখে বক্তৃতা প্রদান স্বামীজীর জীবনে এক কঠিন পরীক্ষাস্বরূপ ছিল: কিন্তু তিনি উহাতে অবলীলাক্রমে উত্তীর্ণ হইলেন। এমন কি ঐ বক্ততা ও প্রশ্নোত্তরগুলি যথন পুন্তিকাকারে প্রকাশিত হইল তথন উক্ত বিশ্ববিচ্যালয়ের পণ্ডিতাগ্রণী রেভারেণ্ড সি.সি. এভারেট ডি.ডি., এল-এল.ডি. মহাশয় ভূমিকাতে লিখিলেন, "বিবেকানন্দ স্বীয় কার্যের দিকে ও আপনার প্রতি প্রভৃত পরিমাণ আগ্রহ জন্মাইয়াছেন। প্রকৃতপক্ষে হিন্দু ভাবরাশি অপেক্ষা অধিকতর চিত্তাকর্ষক অধীতব্য বিষয় অতি অল্পই আছে। বেদাস্ত হইতেছে তেমনি একটি ধর্মবিশ্বাস যাহা অনেকের নিকট বান্তবতার সহিত অতীব সম্পর্কহীন ও অবান্তব বলিয়া মনে হয়; কোন জীবস্ত, প্রতিভাবান ও সাতিশয় আত্মাসম্পন্ন ব্যক্তিকে এই মতবাদটির প্রবক্তরূপে পাওয়ার আনন্দ সহজলভা নহে। এই মতবাদকে কেবল কৌত্হল-জনক কিছু কিংবা বৃদ্ধির থেয়াল মাত্র মনে করিলে চলিবে না; হেগেল বলিয়া-ছিলেন, সর্বপ্রকার দর্শনচিন্তার আদিতে স্পিনোজার চর্চা আবশ্রক। বেদান্তদর্শন সম্বন্ধে এই কথাটি আরও সবলে বলা চলে। আমরা পাশ্চান্তাবাসীরা বছত্বকে লইয়াই ব্যাপৃত থাকি। কিন্তু যে একত্বের উপর বছত্ব প্রতিষ্ঠিত থাকে উহাকে

বৃঝিতে না পারিলে বছত্ত্বের কোন বোধই জাগিতে পারে না। অবৈত যে একটা বাস্তব সত্য—একথা প্রাচ্যজ্ঞগৎ আমাদিগকে ভাল করিয়াই শিথাইতে পারে। এবং বিবেকানন্দ এইরূপ সাফল্যের সহিত ইহা শিথাইয়াছেন বলিয়া আমরা তাঁহার নিকট ক্বতজ্ঞ।"

বস্টনে তিনি যে সব বিষয়ে অভিভাষণ দিয়াছিলেন, তন্মধ্যে একটি ছিল, 'সার্বভৌম ধর্মের আদর্শ'। উহার মূল বক্তব্য এই ছিল যে, এরূপ ধর্মের ভিত্তি হইবে অহৈত, অথচ উহাতে ব্যক্তির প্রকৃতি ও কৃচি অমুষায়ী বিভিন্ন ধর্মের প্রয়োজনও স্বীকৃত হইবে।

অতঃপর আমরা স্বামীজীর তদানীস্তন প্রধান কেন্দ্র নিউ ইয়র্কে ফিরিয়া যাই। এথানে ক্লাস ও বক্ততাবলম্বনে একদল অমুরাগী শিষা স্বষ্ট করিয়া, পুস্তক রচনা করিয়া এবং বেদাস্ত-সমিতি প্রতিষ্ঠিত করিয়া স্বামীক্সী ভাবিলেন, তাঁহার কাজ অনেকটা দৃঢ়মূল হইয়াছে। ইতিমধ্যে পূর্ব প্রতিশ্রুতি অমুযায়ী হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা হইয়া গেল; বন্টনে শ্রীযুক্তা বুলের সহিত সাক্ষাৎ এবং তাহার গৃহে আতিথ্যগ্রহণও হইল। তারপর দ্বিতীয়বার ইংলণ্ডগমনের পূর্বে তিনি একবার চিকাগো ঘুরিয়া আসা অত্যাবশ্রক মনে করিলেন। চিকাগোর সহিত তাঁহার একটা প্রাণের টান ছিল। চিকাগো তাঁহাকে বিশ্বন্দয়ে প্রতিষ্ঠিত করিয়াছিল, চিকাগোর হেল পরিবার ছিলেন তাঁহার স্থপতঃথের ভাগী, বন্ধু বা আত্মীয়, আর দেখানেই থাকিতেন তাঁহার আদরের ভগিনীরা—হেল-ভগিনী-চতুইয়। কিন্তু শুধু পারিবারিক আনন্দোপভোগ করা তাঁহার স্বভাববিরুদ্ধ ছিল। অতএব চিকাগোতেও প্রচর কাজ জুটিয়া গেল। ৬ই এপ্রিল তিনি শ্রীযুকা বুলকে লিখিলেন: "বন্ধুগণের সঙ্গে আমি ইতিমধ্যে অনেক স্বন্দর স্থান দেখেছি একং অনেকগুলি ক্লাস করেছি। আরও কয়েকটি ক্লাস করতে হবে, তারপর আগামী বুহস্পতিবার রওনা হবো।" পরিশেষে নিউ ইয়র্কে ফিরিয়া ১৪ই এপ্রিল হেল ভগিনীদিগকে জানাইলেন. "রবিবার নিরাপদে এসে পৌছেছি এবং অক্সন্থতার জন্ম আগে চিঠি দিতে পারিনি। হোয়াইট স্টার লাইনের 'জার্মানিক' জাহাজে আগামী কাল বেলা বারোটায় যাত্রা করছি।" সেইবারের মতো আমেরিকার কার্য সমাপন করিয়া স্বামীজী ১৫ই এপ্রিল লণ্ডন যাত্রা করিলেন।

"আমি ইয়াঙ্কিদের ভালবাসি"

यामीकीरक भारे जामता धर्माहार्य, वक्ता, त्वथक, नार्मनिक रेजानिकरभ। এकहा সাধারণ মানবস্থলভ দিকও যে তাঁহার ছিল, তাহা আমরা প্রায়ই ভূলিয়া বাই। তিনি ছিলেন ক্ষমাশীল গুরু, স্নেহময় ভ্রাতা, প্রেমময় বন্ধ; আর হাস্তরসোজ্জ্বল সার্লামণ্ডিত বালকস্থলভ ছিল তাঁহার চরিতে। ধর্মকার্যে যথন তিনি নির্ত থাকিতেন, তখন সে কার্যের ভিতর দিয়া তাঁহার আধ্যাত্মিক শক্তিধারা অপরের কল্যাণার্থ কার্পণ্যশূত্ররূপে নি:শুন্দিত হইত ; হৃদয়ের রক্ত মোক্ষণ করিয়া তিনি শীয় ব্রত উদযাপন করিতেন। ফলে তিনি ক্লাপ্ত হইয়া পড়িতেন; তথন শরীর মনকে একট অবসর দিবার জন্ম সাধারণ মাহুষেরই ন্যায় অনাবিল চিত্তবিনোদন, হাস্তকৌতৃক ইত্যাদিতে রত হইতেন; তথন যেন আজেবাজে কথায়, হিজিবিজি কাজেই আঁহার ফুতি ৷ হয়তো একখানি হাস্তরসময় 'পাঞ্চ' পত্রিকা বা এরপ কোন প্ৰবন্ধাদি লইয়া পড়িতে বসিতেন এবং হাসিতে হাসিতে চোথে জল আনিয়া ফেলিতেন। তিনি নিজে জানিতেন যে, তাঁহার স্বাভাবিক ঝোঁক इटेटज्ह, शृष्टीत पूर्न ७ धर्मिन्छात पिटक: ज्यां पि त्रहर्भ मानिया माट्य माट्य ম্বভাবতই অনাবিল আনন্দের সন্ধানে ফিরিতেন। যাঁহারা তাঁহাকে জানিতেন ও ভালবাদিতেন তাঁহারাও তাঁহাকে বালকপ্রায় ক্রীড়ারত দেখিলে আনন্দ পাইতেন। আমেরিকার ভক্তদের লইয়া এই মানবলীলাই এখানে আমাদের অন্বধ্যেয়।

ভাল মজার গল্প শুনিলে তিনি আহ্লাদে আটখানা হইতেন। আর এরপ গল্প তিনি কখনও ভূলিতেন না; প্রয়োজনমত উহার পুনরাবৃত্তি করিয়া অপরকেও হাসাইতেন। ক্যান্বিজের শ্রীযুক্তা ব্রীড ১৮৯৪ খৃষ্টান্দের আগস্ট মাসে যখন আ্যানিস্কোয়ামে শ্রীযুক্তা ব্যাগলীর গৃহে অতিথিরূপে অবস্থান করিতেছিলেন, স্বামীজীও তখন সেখানে থাকায় উভয়ের মধ্যে খ্ব ঘনিষ্ঠতা জয়ে। শ্রীযুক্তা ব্রীডই স্বামীজীকে সর্বপ্রথম বরফের উপর স্লেজ-যানে চড়াইয়াছিলেন। তিনি ভগিনী নিবেদিতাকে পরে লিখিয়া জানাইয়াছিলেন:

১। ইংার স্বামী চর্ম-ব্যবসায়ে প্রচুর স্বর্থ উপার্জন করেন। ১৮৯৪ খুষ্টাব্দের মার্চ মাসে স্বামীজী লীন শহরে ইংগদের বাড়ীতে স্বতিধিরূপে থাকিরা সেধানে বক্তা করেন। ইনি ক্যান্থিজেও থাকিতেন।

"আমাদের মধ্যে অচিরে বরুত্ব স্থাপিত হইল। তিনি আ্যানিস্বোয়ামে একবার মাত্র বকুতা দেন। তেখন তিনি বিশ্রাম উপভোগ করিতেছিলেন। তিনি আমার দিকে ফিরিয়া বলিতেন, 'একটা গল্প শোনান না!' আমার মনে পড়ে তিনি এক চীনার গল্প শুনিয়া খুব আনন্দিত হইয়াছিলেন। দে শুকর মাংস চুরি করিয়া ধরা পড়ে। বিচারক যখন বলিলেন বে, তাঁহার ধারণা ছিল, চীনারা শুকর মাংস খায় না, তখন সে ভালা ভালা ইংরেজীতে বলিয়াছিল, 'ওং, আমি তো এখন মেলিকান (আমেরিকান) মহাশ্য ; আমি ব্যাত্তি খাই, আমি শুকরমাংস খাই, আমি সব খাই'। কতবার আমি বিবেকানন্দকে ফিন্ ফিন্ করিয়া বলিতে শুনিয়াছি, 'আমি মেলিকান!' তোমার মতো যাহারা স্বামীজীর সহিত অত পরিচিত নহে, তাহাদের কাছে এই সব কথা তুছে মনে হইবে। কিন্তু আমি নিশ্চিত জানি তাঁহার সম্বন্ধে কোন কিছুই তোমার নিকট তুছে বা না-বলার মতো বাজে নয়।

"আমি কানাডা দেশে রেড ইণ্ডিয়ানদের অধ্যুষিত 'সংরক্ষিত স্থানে' তিন বংসর বাস করিয়াছিলাম। এই রেড ইণ্ডিয়ানদের গল্প শুনিতে স্থামীজী কখনও ক্লান্তিবোধ করিতেন না। আমার মনে আছে, একটা গল্প তাঁহার নিকট খুব মজাদার ছিল। একজনের স্ত্রী মারা গেলে তাহার শবাধারের জন্ত সে কয়েকটি পেরেক চাহিতে ধর্মযাজকের নিকট আসিল। ঐ জন্ত অপেক্ষা করিতেছে এমন সময় সে আমার রাঁধুনীকে জিজ্ঞাসা করিল, রাঁধুনী তাহাকে বিবাহ করিবে কি না। স্থভাবতই রাঁধুনী রাগ ও বিরক্তি প্রকাশ করিল। তাহার এই বিষাদময় প্রত্যোধ্যানের উত্তরে পুরুষটি বলিল, 'ছদিন পরেই দেখা যাবে!' পরের রবিবারে সে যথন আসিয়া আমাদের গেটের একটা থামের উপর বিসিল, তথন আমাদের মনে বড় কৌত্হল জাগিল। সে টুপিতে বাঁকা করিয়া একটা পালক গুঁ জিয়াছে এবং চুলে এত তেল মাধিয়াছে যে, উহা গাল বাহিয়া গড়াইতেছে। দৈবক্রমে (ঐ গল্প যথন বলি) ঠিক ঐ সময়েই নিজের একথানি তৈলচিত্রের জন্ত স্থামীজীকে চিত্রকরের গৃহে গিয়া মাঝে মাঝে বিসতে হইত। ছবিথানি কতদ্র হইল দেখিবার জন্ত আমরাও শিল্পীর কার্যালয়ে গেলাম। আমি ঘরে চুকিতে ঘাইয়া দেখি একটু তেল চিত্রখানির গাল গড়াইয়া পড়িতেছে; স্বামীজীও উহা দেখিতে

RI Me Melikan sir, me eat blandy, me eat polk, me eat everything.

পাইরা বলিরা উঠিলেন, 'ওটা রাধুনীকে বে করতে তৈরি হচ্ছে।'-স্বামীজীকে তো তুমি জ্বানই—কী শপুর্ব হাস্তরসিকই না ছিলেন তিনি!"

তুইটি গল্প ছিল তাঁহার সর্বাধিক প্রিয়—একটির বিষয় ছিল নরমাংসভোজীদের **एमटम श्रुष्टीन भाजीत ज्ञागमन এবং ज्ञानति हिन रुष्टि**विषय ভाष्ट्रमानकाती महना-রভের পাদ্রী। পল্ল হুইটি তাঁহার মূথে বিবৃত হইয়া হাসির তরক উঠাইত। প্রথম গল্পটি এই: এক স্থান আদমখোরদের দ্বীপে এক নৃতন পাত্রী আসিয়াছেন। তিনি দলের সরদারের কাছে গিয়া জিজ্ঞাসা করিলেন, "ভাল কথা, আমার পূর্ববর্তীকে তোমাদের কেমন লাগিয়াছিল?" উত্তর আদিল, "ও:, ভারী স্থ-স্বাদ।" স্থার ময়লা-রঙের প্রচারকের গল্পটি এই: "তারস্বরে প্রচারক বলিয়া চলিয়াছেন, 'জানো ? ভগবান তখন আদমকে তৈরি করছিলেন—আর তিনি তৈরি করছিলেন কাদা দিয়ে। যথন ভগবান তাকে তৈরি করে ফেলেছেন. তথন তিনি তাকে একটা বেড়ার গায়ে লাগিয়ে রাখলেন শুকাবার জন্ত-।" পাদ্রী বলিয়া যাইতেছেন, এমন সময় শ্রোতাদের মধ্য হইতে এক বিচ্ছা ব্যক্তি চেচাইয়া উঠিলেন, "পাদ্রীমশায়, একটু থামুন তো! ঐ যে বেড়ার কথাটা বললেন, (স্ষ্টের আদিতে) ওটা আবার এল কোখেকে ? ওটাকে তৈরি করল কে ?" পাদ্রী তীক্ষ স্বরে উত্তর দিলেন, "ওহে স্থাম জোনস্, শোন, শোন! হাঁকপাক করে এসব আজেবাজে প্রশ্ন করা ছেড়ে দাও দেখি! তুমি যে দেখছি সব ধর্মতত্ব ভেলে চুরমার করে দেবে !"

সাধারণ মাহুষের ধারণা যদিও অন্তর্রপ, তথাপি ইহা সত্য যে, মহাপুরুষরা সব সময়ই গজীর হইয়া থাকেন না। এইভাবে মনকে সম্পূর্ণ হাল্কা করিয়া ফেলাতেও স্বামীজীর তেমনি শক্তি প্রকাশ পাইত ষেমন পাইত তাঁহার প্রতিভাও অধ্যাত্মাহুভূতির ভ্রণে। ধর্মাচার্যের জীবনের অহুভূতিসমূহের সন্ধান পাইতে আমাদের মনে যেমন অহুসন্ধিংসা জাগে, তেমনি জাগে তাঁহার ব্যক্তিগত হাবভাব, রুচি, জীবনের দৈনন্দিন ঘটনাবলী ও মানবীয় দিক সম্বন্ধে সব কিছু জানিবার উৎস্ক্র। মহাপুরুষদের নিকট-সংস্পর্শে বাঁহারা আসেন, তাঁহারা তাঁহাদের এই মানবহুলভ অথচ অতিমানব গুণাবলীর জ্ব্যুও তাঁহাদিগকে ভালবাসেন। স্বামী বিবেকানন্দের শিশ্ব ও অহুরাগীদের সম্বন্ধ্বও একথা প্রযোজ্য। তাঁহারা সর্বদা চেষ্টা করিতেন তাঁহার মনে আনন্দোংপাদন করিতে, এবং দেখিতেন যে, এই প্রচেষ্টার ফলে তাঁহার ধর্মীয় বাণীর প্রকাশও স্পষ্টতর হইত।

তাঁহার পাশ্চান্তাদেশীয় নিকটতম বন্ধুদের মধ্যে যাঁহাদের অবস্থা ভাল ছিল, তাঁহারা তাঁহার বিশ্রাম ও চিত্তবিনােদনের প্রয়োজন বাধ করিয়া অস্ততঃ স্বন্ধ কাল কর্মবিরতি উপভাগের জন্ম তাঁহাকে স্বগৃহে আমন্ত্রণ করিয়া লইয়া যাইতেন। সে সব জায়গায় তাঁহাকে সম্পূর্ণ স্বাধীনভাবে চলিতে ফিরিতে দেওয়া হইত। তিনি কথা বলিতে চাহিলে তাঁহারা চুপ করিয়া বিদায়া একমনে ওনিতেন। তিনি ভারতীয় সঙ্গীতের চর্চা করিতে চাহিলে নিবিবাদে তাহা করিতে পারিতেন। তিনি নীরবে ধ্যানমগ্র হইলে তাঁহারা সে নির্জনতা ভঙ্গ করিতেন না। এমনও হইত যে, বহদিন মৌন থাকিয়া তিনি অক্যাৎ ভগবদালাপনে ম্থর হইয়া উঠিতেন; অন্থ সময় আবার এমন সব গল্পজ্জব করিতেন, যাহাতে চিস্কা করিতে হয় না। "অনেক ক্ষেত্রে আধ্যাত্মিক শক্তিম্পালনসহ সর্বত্র প্রসারী ও ভাবগান্তীর্ষে আতলম্পর্শী প্রাণমাতানো ভাষণশেষে তিনি আফলাদে আটখানা হইয়া বলিতেন, "আঃ, ভগবান বাঁচালেন; এটা শেষ হয়ে গেছে।" এমনি করিয়া প্রজ্ঞাদৃষ্টির অত্যাচ্চ আকাশভেদী উর্প্র গমন রোধ করিয়া তিনি অক্যাৎ শিশুজনোচিত সারল্যের ভূমিতে অবতরণ করিতেন।

পাশ্চান্তাদেশীয় নিকট বন্ধুদের কাছে কোন কিছু তিনি গোপন রাখিতেন না, মনের কথা খুলিয়া বলিতেন। অনেককে নিজের ইচ্ছামুরূপ নামে ডাকিতেন। শ্রীযুক্ত হেল ও তাঁহার পত্নী ছিলেন তাঁহার নিকট 'ফাদার পোপ' (পোপ-বাবা) ও 'মাদার চার্চ' (মা-গির্জা); শ্রীমতী ম্যাকলাউড ছিলেন 'ইউম্' বা 'জোজো'; শ্রীযুক্ত ফ্র্যান্সিন লেগেট ছিলেন 'ফ্যান্নিন্দেশ' (গুগ্গুল) ইত্যাদি। বন্ধুরা কোন উপাদের খাছ্য প্রস্তুত করিলে তিনি আনন্দোচ্ছুল-নয়নে দাগ্রহে উহা দেখিতে থাকিতেন এবং স্বদেশীর রীতিতে হাতে করিয়া খাইতে খাইতে বলিতেন, "এমন করে না থেলে তৃপ্তি হয়?" প্রথম প্রথম এইরূপ ব্যবহারে অনভান্ত পাশ্চান্তারা আঁৎকাইয়া উঠিতেন; কিন্তু পরে ইহার তাৎপর্য বুঝিয়া তিনি এরূপ করিলেই বরং তাঁহারা অধিকতর আনন্দ পাইতেন। তিনি যথন তাঁহাদের গৃহমধ্যে ঢুকিয়া স্বগৃহোচিত স্বাচ্ছন্দ্য অমুভব-পূর্বক তাড়াভাড়ি গলার কলার খুলিয়া ফেলিতেন, পায়ের বৃট ঝাড়িয়া ফেলিতেন এবং গৃহমধ্যে ব্যবহার্য চটিজুভায় পা গলাইয়া দিতেন, তথন গৃহবাসীদের খুব আমান হইত। আর জামার আন্তিনের কপ তো ছিল তাঁহার দৃষ্টিতে অতি জ্বন্য। তাঁহার স্বাভাবিক সন্ম্যালীর মন মাঝে মাঝে সামাজিক ক্বজিম রীতিনীতি

ও আদবকায়দার বিক্লে বিদ্রোহী হইয়া উঠিত। অর্থের প্রতি তাঁহার এক আজাবিক উদাসী ছল। তাঁহার আমেরিকান শিশুরা কতবারই না দেখিয়াছেন, বন্ধুরা তাঁহার আপন ব্যবহারের জন্ম অর্থ দিলেও তিনি আঁৎকাইয়া উঠিতেন এবং উহা ভিথারী বা অভাবগ্রন্থ লোককে অকাতরে দান করিতেন অথবা এমনও হইত যে, তিনি তৎক্ষণাৎ ঐ অর্থে শিশুবর্গকে বা বন্ধুবান্ধবকে উপহার দিবার উপযুক্ত কিছু কিনিয়া ফেলিতেন। সহস্রদীপোভানের কার্যশেষে যথন তাঁহাকে বেশ একটা মোটা টাকা দেওয়া হয়, তথন তাহার গতি ঐরপই হইয়াছিল। তাঁহার নিকট অর্থ বড ছিল না, বড ছিল মান্তুষ।

তিনি ব্যক্তিগত স্বাধীনতার দাবি করিতেন; তাহা না পাইলেও স্থনিধারিত স্বাধীন মার্গেই চলিতেন। কেহ মুক্ষবিষানা করিবে ইই। তিনি বরদান্ত করিতে পারিতেন না। একসময়ে কার্যবাবস্থা ও পরিকল্পনা বিষয়ে জনৈকা বিস্তুলালিনী মহিলা স্বামীজীকে স্থমত গ্রহণ করাইতে উন্থত হইলে, তিনি সব পণ্ড করিষা দিলেন। তখনকার মতো ঐ মহিলা চটিয়া গেলেও পরে সহাত্যে স্থেহভরে বলিতেন, "আমি তাঁর জন্ম যত মতলব আঁটি, তিনি শেষ মুহুর্তে সব ভঙ্গুল করে দেন, তিনি নিজের থেয়ালেই চলবেন। তাঁর স্থভাব যেন চীনা-মাটির আসবাবের দোকানে প্রবিষ্ট পাগলা বাঁড়ের মতো।" সেবা বা আহুগত্যের প্রেরণায় তিনি সব কিছু করিতেই প্রস্তুত থাকিলেও বলপূর্বক তাঁহাকে দিয়া কেহ কিছু করাইবে, ইহা তাঁহার নিকট অসহ ছিল। আবার যথন তাঁহার প্রত্যয় জন্মিত যে কোন ব্যক্তি ভগবন্নির্দেশে কোন ভগবৎকার্য সম্পাদনে নিযুক্ত আছেন তথন বিরক্তির কারণ ঘটিলেও তিনি ঐ ব্যক্তির প্রতি অশেষ ধৈর্য প্রদর্শন করিতেন। দৃষ্টাস্তম্বর্গে ল্যাওস্বার্গ (কুপানন্দ)-এর নাম করা যাইতে পারে।

অনেক সময় তিনি বলিতেন, "শরীরটা একটা ভয়ানক বন্ধনবিশেষ", অথবা "আমার ইচ্ছা হয়, বাতে আমি নিজেকে চিরকালের মতো লুকিয়ে ফেলতে পারি"; আর সকলেই অমুভব করিত যেন তাঁহার মৃক্ত আত্মা রক্তমাংসের বন্ধনে পড়িয়া আকুল আর্তনাদ করিতেছে। এইসব মৃহুর্তের অমুপ্রেরণাবশেই তিনি 'বেলা হলো শেষ', 'সন্মাসীর গীতি' ইত্যাদি কবিতা রচনা করিয়াছিলেন এবং এই ভাবই বছ পত্তেও প্রকাশিত হইয়াছিল। শ্রীযুক্তা বৃলকে লিখিত একখানি পত্তে আছে : "আমার একখানি নোটবুক আছে যা আমার সঙ্গে সারা

ত্নিয়া ঘ্রে এসেছে। তাতে সাত বছর আগেকার এই লেখাটি পাছিছ, 'এখন এমন একটা নিরিবিলি কোণ চাই, যেখানে শুরে পড়ে মরতে পারি।' কিন্তু এইসব কর্ম বাকী ছিল। আশা করি, আমার প্রারক্ত শেষ হয়েছে। এখন এটা একটা মায়ার খেলা বলে মনে হছেছে যে, আমি শিশুবং এটা করা, ওটা করার স্বপ্র দেখছিলাম। আমি ওসব থেকে মৃক্ত হয়ে যাছিছ। · · · সম্ভবতঃ আমাকে এদেশে নিয়ে আসার জন্ম এসব উন্মাদসদৃশ স্বপ্রের প্রয়োজন ছিল, আর এ অভিজ্ঞতার জন্ম আমি ঈশরের নিকট কৃতজ্ঞ।" এই জাতীয় ভাব যখন আসিত তখন শিশুদের ভয় হইত, হয়তো বা তাঁহার লীলাবসানের দিন আগতপ্রায় এবং তিনি দেহম্ক্ত হইবেন। অতএব তাঁহাকে নিয়তর ভূমিতে বিচরণ করিতে দেখিলেই তাঁহারা স্বভিবোধ করিতেন।

স্বামীজীর মাত্র্যভাবের একটি দৃষ্টান্ত ভেট্রয়েটের এক ঘটনায় পাওয়া যায়। একদিন তিনি তাঁহার এক অমুগত ভক্তের গৃহে যান এবং স্বাভাবিক সারল্য, আত্মীয়তাবোধ ও স্বাচ্ছন্য অমুসারে বলেন যে, তিনি সেদিন কিছু ভারতীয় খাত প্রস্তুত করিবেন। গৃহস্বামী সহজেই সম্মত হইলেন। তারপর সকলে দেখিয়া অবাক হইলেন বে, তিনি পকেট হইতে ছোট ছোট মোডকে ভতি রকমারী মশলা প্রভৃতি বাহির করিতেছেন। এইসব তিনি স্বৃদ্ধ ভারতবর্ষ হইতে খানাইয়াছিলেন। স্বামীজী তাঁহার পাশ্চান্তা শিয়াদের গৃহে গিয়া রন্ধন করিলে তাঁহারা খুব আনন্দিত হইতেন। এইসব বিষয়ে তাঁহারা সাহায্যও করিতেন এবং এইভাবে কিছুটা সময় নিকট আত্মীয়তাস্থলভ অনাবিল আনন্দে কাটিত। তর-কারিতে তিনি মাঝে মাঝে বেশী গ্রম মশলা প্রভৃতি দিতেন বলিয়া পাশ্চান্ত্যদের পক্ষে থাওয়া কঠিন হইড. আবার কথনও কখনও রান্না করিতে এত দেরি হইয়া যাইত যে, ততক্ষণে অতিথিরা কুধায় অন্থির হইয়া পড়িতেন। অবশ্র থাইতে বিসিয়া আনন্দের উৎস থুলিয়া ষাইত, আর ভারতীয় মশলা মুথে দিয়া পাশ্চান্ত্যদের किक्रभ मुथछकी दम देखानि मिथियात क्या चामीकी छे दक् दहेमा थाकि छन। এইদব খাত তাঁহার কর্মকান্ত স্নায়ুমণ্ডলীর পক্ষে তৃপ্তিপ্রদ হইলেও, তাঁহার পরিপাকশক্তির পক্ষে খুব উপযুক্ত ছিল না, অথচ তিনি বলিতেন ষে,এইগুলিতে তাঁহার উপকারই হয়। এই জাতীয় ছেলেমাহুষি অপরের ভালবাসাই আকর্ষণ করিত।

সহস্রদ্বীপোত্তানের একটি ঘটনা শ্রীযুক্ত ফান্ধি লিপিবন্ধ করিয়াছেন: "আমার

নাম লইয়া একদিন একটা মঞ্চার ঘটনা ঘটিল। সেদিন আমরা সকলে গ্রামের দিকে বেড়াইতে গেলাম এবং পথে দেখিলাম একটি তাঁবুতে একজন লোক ফুঁ দিয়া কাঁচের সব জিনিস তৈয়ার করিতেছে। দেখিয়া স্বামীজীর ভারী আমোদ হইল এবং তিনি ঐ লোকটির কানে কানে কি বলিলেন। তারপর তিনি বলিলেন, 'এসো গ্রামের মাঝ রাস্তা ধরে একটু বেড়িয়ে আসি।' যথন বেলোয়ারীর তাঁবুতে ফিরিলাম, তথন ঐ ব্যক্তি কয়েকটি রহক্তজনক মোড়ক স্বামীজীর হাতে তুলিয়া দিল। পরে দেখা গিয়াছিল উহাতে আমাদের প্রত্যেকের জন্ম উপহারস্বরূপ একটি করিয়া ফটিকের বল আছে আর উহার ভিতরে প্রত্যেকের নামের সঙ্গে লিখিত আছে, 'বিবেকানন্দের প্রীতিসহ প্রদন্ত।' বাসগৃহে ফিরিয়া আমরা মোড়কগুলি খুলিলাম। আমার নামটা বানান করা হইয়াছিল ফুক্কি (Funke স্থলে Phunkey) বলিয়া। আমরা তো হাসিয়া লুটোপুটি, কিন্তু এমন স্থানে বিনি না শুনিতে পান। তিনি তো কথনও লিখিতভাবে আমার নাম দেখেন নাই, কাজেই এইরূপ হইয়াছিল।"

শীতের দিনে আগুনের ঠিক কাছে শাস্তভাবে বেশ আরামে বসিয়া তিনি আনেক সময় ছেলেবেলার গল্প শুক করিয়া দিতেন, অথবা কোন হাস্তরসময় পুস্তক বা সাময়িক পত্র লইয়া সকাল হইতে সন্ধ্যা পর্যন্ত একটানা পড়িয়া শেষ করিতেন। থবরের কাগজ হাতে লইয়া চিরাচরিত অভ্যাসামূরপ কেবল শিরোনামগুলি পড়িয়া ছাড়িয়া দিতেন। এই ছিল তাঁহার চিত্তবিনােদনের উপায়। কিন্ত যে কোন মূহতে তাঁহার অস্তনিহিত ঋষি বা মহাপুরুষের শ্বরূপ ইহারই মধ্যে ঝলকিয়া উঠিত। জনৈক শিশ্ব স্বামীজীর মহন্ব ঠিক ধরিতে পারিতেন না, কারণ তাঁহাকে তিনি প্রায়শঃ এই জাতীয় আমাদ-প্রমােদের মধ্যেই পাইতেন। হঠাৎ একদিন তিনি ঠিক মাহ্রুটির পরিচয় পাইলেন। স্বামীজী আনন্দে বিহ্বল আছেন, এমন সময় শিশ্রটি ধর্মসম্বন্ধীয় একটি প্রশ্ন করিবামাত্র স্বামীজীর চেহারা বদলাইয়া গেল, হাসিঠাট্রার জায়গায় অক্সাৎ অধ্যাত্মতন্তের বল্যা প্রবাহিত হইল। শিশ্রটি বলেন, শ্বামীজী যেন তথন মে চৈতক্যভূমিতে অবস্থানপূর্বক আমাদ-আহলাদ করিতেছিলেন, তাহা হইতে নিজেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করিয়া পরিবর্তনশীল ব্যক্তিত্বের পশ্চান্তর্তী উচ্চ হইতে উচ্চতর বল্থ চৈতন্ত্যভূমি সম্বন্ধে আমাকে সচেতন করিয়া দিলেন।" কিন্ত প্রজ্ঞাকে

একভূমি হইতে অক্সভূমিতে—হাস্তকৌতুক হইতে হঠাং অধ্যাত্মবিষয়ে সঞ্চালিত করাতেই যে তাঁহার শক্তি সীমাবদ্ধ ছিল, এরূপ নহে; তিনি একই সময়ে উভয়ভূমিতে অবস্থান করিতে পারিতেন। কার্যতঃ দেখা ঘাইত যে, যদিও তিনি তাঁহার ব্যক্তিত্বের প্রকটতর সাধারণ তারে বিচরণ করিতেছেন বলিয়া মনে হইত তথাপি দ্রষ্টার মনে ঐ দঙ্গে এ বোধও জাগরিত থাকিত যে, এই ক্রীড়াচঞ্চল উপরিভাগের নিমে অতলম্পর্শী অগাধ সমুদ্র বিভামান।

আমেরিকায় ও ইংলতে সার্ধ ছই বংসর কান্ধ করার পর তিনি একেবারে ক্লাস্ত হইয়া পড়িয়াছিলেন। দীর্ঘ টেন-ভ্রমণের পরে কয়েকদিন ধরিয়া মনে হইত যেন মাথার ভিতরে বিকট শব্দে গাড়ীর চাকাগুলি ঘুরিতেছে। আর মধ্যে মধ্যে মনে হইত যে, স্লায়ুগুলি একেবারে অবসন্ধ—যেন তিনি স্লায়ুরোগগ্রস্ত। ভারতে অবস্থানকালীন কঠোর সাধনা এবং পাশ্চান্তাদেশে অকাতরে ধর্মপ্রচারের শ্রম এত মাত্রা ছাড়াইয়া গিয়াছিল যে শরীরের পক্ষে তাহা আর সহ্থ করা অসম্ভব হইয়া পড়িয়াছিল। বন্ধুয়া ভয় করিতেছিলেন, শরীর হয়তো একেবারে ভালয়া পড়িবে, এবং ফলতঃ ভালয়াও পড়িতেছিল, তথাপি তিনি নিজে ঐ দিকে দৃষ্টিপাত না করিয়া অধিকতর কইসাধ্য কার্যে নিয়ুক্ত হইতেছিলেন। য়াহারা তাহার বাণী গ্রহণে আগ্রহশীল, তাহাদের কল্যাণার্থ তিনি দেহমন সম্পূর্ণরূপে উৎসর্গ করিয়াছিলেন, অতএব তাঁহার থামিবার উপায় ছিল না।

দিতীয়বার ইংলণ্ডে যাইবার পূর্বে স্বামীজীর আর যেসব চরিত্রগত ও উপদেশগত বৈশিষ্ট্য ফুটিয়া উঠিয়াছিল, তাহার অনেকটাই আমাদের নিকট অজ্ঞাত এবং অজ্ঞাতই থাকিয়া যাইবে। তাঁহার শিশুরুন্দের একজন বলিয়াছিলেন, "দিবসের প্রতি দণ্ডে কত নবীন ভাব, নৃতন মানবীয় আনন্দ, মানবের দেবত্ব ও আত্মার অসীমত্ব সম্বন্ধে কত নবালোকপ্রদ চিন্তা, কত অভিনব অফুরস্ত আশা, কত অজ্ঞাতপূর্ব চমকপ্রদ পরিকল্পনা তাঁহার ব্যক্তিত্বকে অবলম্বন করিয়া বিচ্ছুরিত হইত।" অপর এক শিশু বলিয়াছিলেন, "শুধু বেড়াইবার জ্মু তাঁহার সঙ্গে রাস্তাধরিয়া চলিতে গেলেও দেখা যাইত অক্সাৎ নিছক রঙ্গরস হইতে অচিন্তাপূর্ব চমৎকার চিন্তারাজ্যে বা শক্তিকেন্দ্র উপস্থাপিত হইয়া গিয়াছি।" আর একজন লিথিয়াছিলেন "তিনি সর্বদা এই বোধ জাগাইয়া দিতেন যে, তাঁহার সবটুকুই যেন বিদেহ আত্মা, তাঁহার গরিমাময় বরবপু ত্নিবার বলে প্রত্যেকের চিন্তকে আকর্ষণ করিতে থাকিলেও এইরূপ বোধ অব্যাহত থাকিত।" আরও একজন

শিশু বলিয়াছিলেন, "স্বামীজীর উপস্থিতি অপরের উপর যে কিরূপ অপ্রতিহত প্রভাব বিন্তার করিত তাহা আমার পক্ষে বলা অসাধ্য। তিনি আপনার প্রতি সম্পূর্ণ মনোযোগ আকর্ষণ করিতে পারিতেন, এবং যথন তিনি সম্পূর্ণ আন্তরিকতার সহিত গুরুগন্তীরভাবে কথা বলিয়া যাইতেন, তথন আমার এই কথাটি প্রায় অসম্ভব মনে হইলেও শ্রোতাদের মধ্যে কেহ কেহ সত্য সত্যই বোধ করিতেন যে, তাঁহারা যেন অবসর হইয়া পড়িতেছেন; তাঁহার চিন্তা ও যুক্তির অতি স্ক্র ধারা তাঁহাদিগকে ভাসাইয়া লইয়া যাইত। আমি এমন এক ব্যক্তির কথা জানি যিনি স্বামীজীর সহিত একদিন আলোচনায় অবতীর্ণ হইয়া এরূপ স্নায়বিক আঘাত পাইয়াছিলেন যে, তাঁহাকে কয়েকদিন শ্ব্যাগ্রহণ করিতে হইয়াছিল। তাঁহার ব্যক্তিত্ব ছিল একাধারে গন্তীর অথচ ভয়-ভক্তি-সঞ্চারক। তাঁহাতে এমন শক্তি ছিল যে, তিনি ইচ্ছা করিলে অপরের ব্যক্তিত্বকে সত্য সত্যই নস্তাং করিয়া দিতে পারিতেন।"

স্থানক ক্ষেত্রে এরপ ঘটিত যে, বিরোধী পক্ষকে তিনি যথন নিজমত সম্পূর্ণ-রূপে খুলিয়া বলিতে বাধ্য করিতেন, তথন সে যত বলিতে ঘাইত ততই আপন যুক্তিজ্ঞালে জড়াইয়া বিভ্রাপ্ত ও বিব্রত হইয়া পড়িত; অথচ এই জাতীয় যেসব ব্যক্তি তাঁহার তেজাদীপ্ত শক্তিপ্রভাবে বিবশ হইয়া পড়িত তাহারাই আবার তাঁহার অমায়িক ব্যবহারের অকাট্য সাক্ষ্য দিতে অগ্রসর হইত। তাহারা বলিত, "ইহার মধ্যে ত্র্লজ্ঞ্য প্রতিপত্তি ও মাধুর্ষের অত্যাশ্চর্য সন্ধিবেশ ঘটিয়াছে; ইনি একাধারে শিশু ও ঈশ্বরপ্রেরিত পুরুষ।" বস্তুত: এই বিষয়ে এত ঘটনা আছে যে, বলিয়া শেষ করা যায় না। স্থামীজী নিজেও বক্তৃতাকালে বোধ করিতেন এবং সময়বিশেষে অপরকেও বলিতেন যে, তিনি শুধু বক্তৃতামাত্র দেন না, একালে বক্তা ও শ্রোত্তমধ্যে সঞ্চারিত হয়। স্থামীজী আপনাকে আক্ষরিক অর্থে শ্রোত্তমন্ত্রীর মধ্যে বিলাইয়া দিয়া তাঁহাদের আধ্যাত্মিক কল্যাণসাধন করিতেন।

ঠাহার বক্তৃতাগুলিকৈ বৃদ্ধিপ্রস্ত না বলিয়া দৈবপ্রেরণা-লব্ধ বলা উচিত। ভগিনী নিবেদিতা তাঁহার 'স্বামিজীকে ষেত্রপ দেখিয়াছি' গ্রন্থে স্বামীজী নিজে বক্তৃতা প্রদানবিষয়ে যাহা বলিয়াছিলেন, তাহার উল্লেখ করিয়া লিখিয়াছেনঃ "তিনি বলিয়াছিলেন, রাজে তাঁহার নিজের ঘরে এক অশরীর স্বর পর- দিবসের বক্তৃতার কথাগুলি তাঁহাকে শুনাইয়া জোরে জোরে বলিতে থাকিত এবং পরদিন বক্তামঞ্চে দাঁড়াইয়া তিনি দেখিতেন ঐ কথাগুলিরই পুনরার্ত্তি করিয়া চলিয়াছেন। কথনও কথনও শুনিতেন ছইটি স্বর পরস্পর আলোচনা করিতেছে। কথনও মনে হইত কোন স্থদ্র হইতে যেন ঐ স্বর দীর্ঘ বীথিকাবলম্বনে তাঁহার কর্ণে আসিয়া পৌছিতেছে; হয়তো পরে ক্রমে নিকটে আসিতে আসিতে উহা উচ্চরবে পরিণত হইত। 'এটা ধরে নিতে পার', তিনি বলিতেন, 'অতীতে দৈবপ্রেরণা শব্দটি যে অর্থেই ব্যবহৃত হয়েথাকুক না কেন, সেটা এ রকমেরই কোন কিছুই হবে।'" ভগিনী নিবেদিতা আরও লিখিয়াছেন, "আবার জাহাজে বসিয়া তিনি বিবাহ সম্বন্ধে একটা স্বপ্লের কথা আমাদের বলিয়াছিলেন: 'ঐ স্বপ্লে আমি শুনিয়াছিলাম, ছইটি অশরীরী বাণী প্রাচ্য ও পাশ্চাত্যের বিবাহের আদর্শ লইয়া বিচার করিতেছে এবং ঐ বিচারের সিদ্ধান্ত ছিল এই যে, উভয় আদর্শের মধ্যে নিজস্ব এমন একটা কিছু সত্য আছে, যাহা হারাইলে জগতেরই ক্ষতি হইবে।'" ঘটনাটির প্রতি লক্ষ্য রাথিলে স্পষ্টই বুঝা যায়, স্বামীজী সদিচ্ছাপ্রণোদিত হইয়া মাঝে মাঝে পাশ্চান্ত্য ব্যবস্থার সমালোচনা করিলেও উহার ভাল দিকটাও সাদা চোথেই দেখিতেন এবং স্বীকারও করিতেন।

স্বামীজী একসময়ে ইচ্ছামাত্র রোগ সারাইতে পারিতেন, কিন্তু এই শক্তি তাঁহার আছে জানিয়াও তিনি সচরাচর উহা বাবহার করিতেন না, অতএব উহা তেমন স্থবিদিত নহে। এইটুকু তাঁহার জীবনীতে লিপিবদ্ধ আছে যে, জনৈকা আমেরিকান জীলোকের প্রতি দয়াপরবশ হইয়া তিনি তাহার 'হে ফিভার' নামক জর সারাইয়াছিলেন। অনেক দিন পরে ঐ জীলোকটি স্বামীজীর একজন শিষ্যকে পত্র লিথিয়া এই ঘটনা প্রকাশ করেন: "বন্ধুটির বাটীতে বাসকালে আমি জরে পড়িলাম। সে বড় বিষম জর। আমায় বন্ধণায় ছটফট করিতে দেখিয়া স্বামীজী ভগাইলেন, 'তোমার অস্থপ সারাইয়া দিব ?' আমি বলিলাম, 'তা বদি পারেন তো বড় স্থপের বিষয় হয়।' এই কথা ভনিয়া তিনি আমার সম্মুখে আসিয়া বিসিলেন এবং আমার হাত ছ্থানি তাঁহার হাতের তাল্র উপর রাখিতে বলিলেন। আমি ঐরপ করিলে তিনি চক্ষ্ মুদ্রিত করিয়া নিশ্চলভাবে বিসয়া য়হিলেন। ক্রমে তাঁহার হাত ছুইটি শীতল হইয়া আসিল এবং মনে হইল তিনি যেন কাঠের মতো শক্ত হইয়া গিয়াছেন। কতক্ষণ পরে (অল্প কি অধিক বলিতে পারি না) তিনি চক্ষ্ চাহিয়া দেখিলেন এবং উঠিয়া ক্রতগতি গৃহের বাহিরে

চলিয়া গেলেন। সঙ্গে সংস্ক দেখিয়া আশ্চর্য হইলাম যে আমার জ্বর একেবারে ছাড়িয়া গিয়াছে।"

১৮৯৪ খুষ্টাব্দের ২০শে মে তারিথের এক পত্তে এইরূপ ব্যাপারের স্ক্রেতন্ত্ব উল্লেখ করিয়া স্বামীজী স্বামী সারদানন্দকে লিথিয়াছিলেন: "এবার একটি আশ্চর্য বিষয় বলি, শোন। যথন তোমাদের কাহারও কোন পীড়া হইবে, তথন সে নিজে বা অপর কেহ তাহার মৃতিটাকে বেশ করিয়া মনে মনে ধ্যান করিবে ও সক্রে সঙ্গে ভাবিবে, 'সে নীরোগ, তার কোন অস্থ্য নাই।' দেখিবে সে মিশ্চর্য সারিয়া উঠিবে। যাহার পীড়া হইয়াছে, তাহাকে না জানাইয়াও, বা সে শত শত কোশ দ্বে থাকিলেও এই উপায়ে তাহাকে আরোগ্য করা যায়। কথাটা মনে রেখো।" স্বামীজীর ল্রাতা শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দত্ত তাহার 'লগুনে বিষেকানন্দ' গ্রন্থে উল্লেখ করিয়াছেন যে, স্বামীজী চিন্তাশক্তিবলে তাহারও জর সারাইয়া-ছিলেন (১ম খণ্ড, ৬১-৬২ পূর্চা)।

এইনব গুরুগন্তীর কথা ছাড়িয়া স্বামীন্ধী হাস্তকোতুকের ভিতর দিয়া কিরূপে আমেরিকানদের হ্রদয় জয় করিতেন তাহারই সম্বন্ধে আরও ছই-একটি ঘটনা বলি। স্বামীন্ধী নিজে হাস্তরসিক ছিলেন, হাস্তকর পরিস্থিতিও বেশ উপভোগ করিতেন ও সানন্দে তাহাতে যোগ দিতেন, যদিও সেজত হয়তো একটু-আধটু অস্থ্রিধায়ও পড়িতে হইত। আমেরিকায় এক চিত্রকর-দম্পতি ছিল, য়হারা বেশ আনন্দে ঘ্রিয়া ফিরিয়া বেড়াইত এবং উভয়ের মধ্যে কে কত ক্রুত ও ভাল ছবি আঁকিতে পারে এই বিষয়ে পাল্লা চলিত। এক সময়ে তাহারা স্বামীন্ধীর প্রতি আরুষ্ট হয়। তথন মাঝে মাঝে বাইসাইকেলে চড়িয়া য়য়্রপাতিসহ তাঁহার নিকট আদিত ও ছইজন ছইদিকে বিদয়া কে কত ক্রুত অথচ ছবছ আঁকিতে পারে এই লইয়া প্রতিঘদ্দিতা শুরু করিয়া দিত। এদিকে আড়ইভাবে অনেকক্ষণ বিদয়া থাকা একটু কইদায়ক হইলেও স্বামীন্ধী তাহাদের আমোদে মন থুলিয়া যোগ দিতেন। ('লওনে বিবেকানন্দ', ১৪০ পৃঃ)।

আমেরিকায় নাপিতের দোকানে চুলদাড়ি কামাইলেও নথ প্রায়শঃ নিজেরাই কাটে। হেলদের বাড়ীতে থাকাকালে একবার পায়ের নথ বাড়িয়া যাওয়ায় স্বামীজী হেলকন্তাদের একজনের নিকট একথানি কলমকাটা ছুরি চাহিলেন। মেয়েটি গুধাইল, "কি হবে ?" স্বামীজী নথ-কাটার কথা বলিলে সে মন্ত্রপাতি আনিয়া ও স্বামীজীর জুতা-মোজা খুলিয়া বেশ ষত্বসহকারে পায়ের নথ কাটিয়া

দিল এবং আবদার করিল, নাপিতের দোকানে এ পরিশ্রমের মূল্য তিন-চারি ডলার; তাহাকে অস্ততঃ এক ডলার পারিশ্রমিক দিতে হইবে। স্বামীজীও অমনি সহাস্ত্রে জবাব দিলেন, মহাপুরুষের পাদস্পর্শ সৌভাগ্যবশে ঘটে, পোপের পা ছুঁইতে হইলে অর্থ দিতে হয়। পরিশ্রম করিয়া অর্থপ্রাপ্তির বদলে উলটা আবার অর্থদণ্ড দিতে হইবে শুনিয়া মেয়েটি হঠাৎ কোন পালটা জবাব দিতে পারিল না; সে হাসিতে হাসিতে নাচার ভঙ্গীতে ঘর হইতে চলিয়া গেল। (এ, ১২৭ পঃ:)।

গুডউইন বলিতেন, তিনি গরীবের ছেলে; তাই পূর্বে রোজগারের ধান্দায় আষ্ট্রেলিয়া, কানাডা, আমেরিকার যুক্তরাষ্ট্র ইত্যাদি দেশে ঘূরিতে হইয়াছিল, কিন্তু এইভাবে জীবনধারণের উপায় পাইলেও এবং ক্রুতলিখন-বাপদেশে অনেক বড়লাকের সান্নিধালাভ ঘটিলেও তিনি প্রক্রুত ভালবাসা কাহারও নিকট পান নাই। পরিশেষে স্বামীজীর অক্রত্রিম স্বেহমমতায় ধরা পড়িয়া তিনি অর্থোপার্জনের চেষ্টা বর্জন করেন। স্বামীজী তাঁহাকে পুত্রবং স্নেহ করিতেন এবং তাঁহার সহিত্ত হাসিঠাট্রাও করিতেন। গুডউইনের পূর্বে এক মন্ত দোষ ছিল জ্য়া থেলা। আর উহাতে তিনি প্রায়ই হারিতেন। স্বামীজী ঠাট্রা করিয়া বলিতেন, "তোমার নাম গুড-উইন না-হয়ে হওয়া উচিত ছিল ব্যাড-উইন।" আর তখন গুডউইন মাথা নীচু করিয়া বলিতেন, "না, আমার নাম গুড-উইন, ব্যাড-উইন নয় (ছর্ভাগা নয়, স্কভাগা)।

বিদেশবাসের শেষ বংসরে স্থামীজী শ্রীরামক্নফের কথা অধিকতর থোলাথূলিভাবে বলিতেন, তাঁহার কথাবার্তায় শ্রীগুরুর উপর একান্ত বিশ্বাস ও নির্ভরের ভাব প্রকাশ পাইত। আবার এই গুরুভক্তিরই দৃঢ়ভিত্তিতে স্থপ্রতিষ্ঠিত বিশ্বপ্রেমের স্থরটিও সহজেই ধরা পড়িত। ৯ই সেপ্টেম্বর (১৮৯৫) তিনি আলাসিকাকে লিথিয়া ছিলেন: "আমার জীবনের ত্রত কি, তা আমি জানি, আর কোন জাতিবিশেষের ওপর আমার তীত্র বিষেষ নেই। আমি যেমন ভারতের, তেমনি সমগ্র জগতের। কান্ দেশের আমার উপর বিশেষ দাবি আছে ? আমি জাতিবিশেষের ক্রীতদাস নাকি ? আমার পেছনে এমন একটা শক্তি দেখছি, যা মামুষ দেবতা বা শয়তানের শক্তির চেয়ে অনেকগুণ বড়। আমি কোন প্রকার রাজনীতিতে বিশ্বাসী নই। ঈশ্বর ও সত্যই জগতে একমাত্র রাজনীতি, আর সব বাজে।" ৪ঠা অক্টোবর স্থামী ব্রজানন্দকে লিথিয়াছিলেন, "তিনি ষে রক্ষে করছেন, দেখতে

পাছিছ যে। তেনি স্বামী রামকৃষ্ণানন্দকে লিথিয়াছিলেন, "এদেশ হ'তে শীঘ্র দেশে বাওয়ায় কোন লাভ নাই। বলি, প্রথমতঃ এদেশে একটু বান্ধলে, দেশে মহাধানি হয়, তারপর এদেশের লোকেরা মহাধানী ও ছাতিওয়ালা। দেশের লোকের পয়সাও নাই এবং ছাতি একেবারেই নাই। ক্রমশঃ প্রকাশ্য! তিনি কি শুধ্ ভারতের ঠাকুর? ঐ সকীর্ণ ভাবের দারাই ভারতের অধঃপতন হয়েছে। তার বিনাশ না হলে কল্যাণ অসম্ভব। তেকোণ থেকে না বেকলে কোন বড় ভাব হৃদয়ে আদে না।" স্বামীজীর মতে শ্রীরামকৃষ্ণকে গ্রহণ করা মানেই উদারতা বর্ণ করা। এই উদারতার ভিত্তির উপরই তাঁহার আমেরিকার কাজ সংস্থাপিত হইয়াছিল।

আমেরিকায় থাকা-কালে তিনি নানাবিধ পরিকল্পনা রচনা করিয়াছিলেন। বিবিধ কারণে ঐগুলি কার্থে পরিণত না হইলেও উহা হইতে তাঁহার চিস্তাধারা ব্রিতে পারা যায়। এককালে তিনি আন্তর্জাতিক বিশ্ববিত্যালয় বা সার্বভৌম মন্দিরের দিকে ঝুঁকিয়াছিলেন, ইহার আভাস আমরা তাঁহার বাল্টিমোর.ভ্রমণ উপলক্ষে পাইয়াছি। ১৮৯৫-এর প্রথমভাগে এক পত্রে তিনি আর একটি পরিকল্পনার কথা শ্রীয়্কা ব্লকে জানাইয়াছিলেন। ক্যাট্সকিল পর্বতে প্রকাণ্ড জমি কিনিয়া তিনি তাহাতে সাধনক্ষেত্র রচনা করিবেন এবং পাশ্চান্তা ভক্তগণ প্রীয়কালে তথায় যাইয়া ইচ্ছায়রপ কুটীর নির্মাণ করিয়া বা তাঁর্ খাটাইয়া সাধনায় রত হইবেন। কিছুদিন এইভাবে চলিয়া পরে স্থায়ী আশ্রম স্থাপিত হইবে এবং এই উদ্দেশ্যে তিনি নিজে অর্থ ব্যয় করিবেন। বলা বাছল্য উভয় অভিপ্রায়্ব অসিক্ষ রহিয়া গিয়াছে।

ফলত: যে কয়টি বংশর স্বামীজী আমেরিকায় ছিলেন, সব সময়টাই তিনি আমেরিকার অধ্যাত্মজীবনের উয়তিকয়ে ব্যক্তিগতভাবে নানা কাজে লিপ্ত ছিলেন এবং বৃহত্তর কার্যধারার কথাও ভাবিতেছিলেন। অবশু আমেরিকানরা সকলেই তাঁহার বন্ধু ছিল না, পারিলে তাঁহার সর্বনাশ করিতে পারে এরূপ ব্যক্তিও সেদেশে যথেষ্ট ছিল। কিন্তু মান-অপমানের কথা না ভাবিয়া স্বামীজী স্বাভীই সাধনে রত হইয়াছিলেন এবং সাফল্যও পাইয়াছিলেন। ইহার প্রমাণস্বরূপ আমরা দেখিতে পাই যে, পাদ্রীরা ও রমাবাঈ-মগুলী যখন তাঁহার শক্রতাচরণে ব্যন্ত, প্রায়্ব সেই সময়েই তিনি বহু বন্ধুলাভে সমর্থ হন। ঐ কালেই তিনি পণ্ডিভাগ্রণী দর্শনাধ্যপক উইলিয়ম জ্বেম্প্-এর সহিত শ্রীযুক্তা ওলি ব্লের গৃহে

পরিচিত হন। অধ্যাপক নৈশভোজনে আসিয়াছিলেন। আহারের পর তিনি ও স্বামীজী অনেকক্ষণ ধরিয়া চুপি চুপি আলাপ করিতে থাকেন, এবং রাত্তি দ্বিপ্রহর পর্যন্ত এই আলোচনা চলিতে থাকে। এই চুই বিশেষ প্রতিভাবান ব্যক্তির মধ্যে এতক্ষণ কি কথাবার্তা হইয়াছিল, জানিবার জন্ম উৎস্থক হইয়া পরে ওলি বুল জিজ্ঞাসা করিলেন, "আছে৷ স্বামীজী, অধ্যাপক জেমস্কে আপনার কেমন মনে হল ?" স্বামীজী বলিলেন, "অতি চমৎকার লোক, অতি চমৎকার লোক।" 'চমৎকার' কথাটি বেশ জোর দিয়া উচ্চারণ করিলেন। পরদিন স্বামীজী ওলি বুলের হন্তে একথানি পত্র দিয়া বলিলেন, "আপনার হয়তো এটা প্ডবার আগ্রহ হবে।" ওলি বুল পত্রথানি পড়িলেন এবং দেখিয়া অবাক হইলেন যে, অধ্যাপক ঐ পত্তে স্বামীজীকে 'গুরুজী' (মান্টার) বলিয়া সম্বোধনপূর্বক দিন কয়েক পরে স্বগৃহে ভোজনের জন্ম আমন্ত্রণ করিয়াছেন। অধ্যাপক জেমদের গ্রন্থেও স্বামীজীর উল্লেখ আছে, তিনি স্বামীজীকে বৈদান্তিক-শিরোমণি বলিয়া নির্দেশ করিয়াছেন। তাঁহার 'ভাারাইটি অব বিলিজিয়াস এক্সপিরিয়েন্স' নামক স্থবিখ্যাত গ্রন্থে তিনি অ্বৈতমতাহুদারে অতীক্রিয় অহুভৃতির কথা লিখিতে গিয়া স্বামীজীর নাম করিয়াছেন। তাঁহার প্রসিদ্ধ প্রবন্ধ 'দি এনার্জিজ অব মেন'-এ তিনি এমন একজন বিশ্ববিতালয়ের অধ্যাপকের কথা বলিয়াছেন যিনি স্নায়ুরোগ হইতে অব্যাহতি লাভের জন্ম রাজযোগ অভ্যাস করিয়া তাহার ফলে ভণ্ণ আরোগ্যলাভ করেন নাই. বৃদ্ধি এবং অধ্যাত্মামুভৃতিতেও উৎকর্ষের অধিকারী হইয়াছিলেন। অনেকের বিশ্বাস, স্বামীজীর শিক্ষাধীনে রাজযোগ অভ্যাস করিয়া জেমস স্বীয় জীবনে যে অভিজ্ঞতালাভ করিয়াছিলেন, ইহা তাহারই স্বীকারোক্তি।

মনে রাখিতে হইবে, ধর্ম ভিন্ন অপরাপর ক্ষেত্রেও স্বামীজীর দহিত বছ মনীবীর মিলন ঘটিয়াছিল। ১৮৯৩ খুষ্টাব্দের দেপ্টেম্বর মাদে ধর্মমহাসভার অব্যবহিত পরে প্রসিদ্ধ বৈত্যতিক আবিদ্ধারক অধ্যাপক এলিসা গ্রে ও তাঁহার স্ত্রী স্বামীজীর সম্বর্ধনার্থ চিকাগোর হাইল্যাও পার্কে অবস্থিত মনোরম বাসভবনে স্বামীজীকে নিরামিবাহারীদের এক ভোজসভায় নিমন্ত্রণ করেন। এই সময়েই বিত্যুৎ কংগ্রেসের অধিবেশন চলিতেছিল। অভাক্ত নিমন্ত্রিতদের মধ্যে ছিলেন, ভ্যার উইলিয়াম থক্পসন (পরে লর্ড কেল্ভিন), অধ্যাপক হেল্মহোলৎজ এবং অ্যারিটোন হোপিট্যালিয়া। স্বামীজীর বিত্যুৎ-বিষয়ক জ্ঞানের পরিচয় পাইয়াইহারা তাঁহার প্রশংসা করিয়াছিলেন এবং বিজ্ঞানবিষয়ক ক্লোবযুক্ত সরস টিপ্লনি-

গুলিতে আমোদিত হইয়াছিলেন। ১৮৯৪ খুষ্টাব্দে নিউ ইয়বর্কর ডাঃ গার্নসীর গৃহে অবস্থানকালে ডাঃ লাইম্যান এযাবট-এর সহিত তাঁহার আলাপ হয় এবং সমকালেই তিনি 'আউটলুক' পত্রিকার সম্পাদকমণ্ডলীর সহিত নৈশভোজনে নিমন্ত্রিত হন। অপরাপর বিশিষ্ট ব্যক্তির সহিত পরিচয়ের কথা আমরা যথাস্থানে বলিয়া আসিয়াছি। মায়্রবের প্রতি একটা স্বাভাবিক টানই ছিল এইসব মেলামেশার কারণ, সর্বন্ধেরে মায়্রবই ছিল তাঁহার স্বজ্বন। তিনি স্বয়ঃ সম্মানপ্রার্থী ছিলেন না, অপরের বন্ধুত্ব লাভের জন্ম কোন হীনরুত্তি অবলম্বনেও প্রস্তুত্ত ছিলেন না। বরং অনেক ক্ষেত্রে তাঁহাব স্পষ্ট নিভীক বাকা বন্ধুবিচ্ছেদের কারণ হইয়া পড়িতেছে জানিয়াও তিনি সত্যভ্রম্ভ ইইতেন না। লোকরঞ্জনের জন্ম সাধারণ বক্তা বা প্রচারক যে দাসম্বলভ মনোরুত্তি অবলম্বন করেন, স্থামীজী তাহা না করিয়া বরং স্পষ্ট ভাষায় আমেরিকান সমাজের দোধাদ্যাটন করিতেন। ইহাতে প্রথমতঃ অনেকে বিরক্তিবোধ করিলেও পরে তাহারা তাঁহার সত্যবাদিতা ও সাফল্যের প্রশংসাই করিত।

ক্ষেত্রবিশেষে সমালোচনার মাত্রা যে একট অধিক হইয়া পড়িত না, এরূপ নহে। আর ইহাতে স্বামীজী নিজেও ছঃথিত হইতেন। বিশেষতঃ এক দিনের ঘটনার জন্ম তিনি খুবই অম্বতপ্ত হইয়াছিলেন। সেদিন বস্টনের এক বিরাট শ্রোত্মগুলীর সম্মথে তিনি 'মদীয় আচার্যদেব' সম্বন্ধে বক্ততা করেন। স্বামীজী নিজে ছিলেন বৈরাগ্যমণ্ডিত সন্ন্যাসী, আর তিনি বলিতে যাইতেছিলেন, ত্যাগি-শ্রেষ্ঠ শ্রীরামক্নফের লীলাবলী। অথচ তিনি সন্মুখে দেখিতে পাইলেন এমন ज्ञानक त्यां । याशात्रा हेहत्नाकमर्वत्र, धर्म जाञ्चाहीन ७ त्यां प्रतिनामत्कहें জীবনের শ্রেষ্ঠতম সম্পদ মনে করে। স্বতই তিনি ভাবিলেন, ইহারা শ্রীরামক্লঞ্চ জীবনের কি বুঝিবে, আর ইহাদের সন্মৃথে এই অপুর্ব বৈরাগ্যাদর্শ স্থাপনেরই বা মূল্য কি ? এইরূপ বিরুদ্ধ চিস্তার বশবর্তী হইয়া তিনি শ্রীরামরুফের প্রকৃত চরিত্র বিশ্লেষণ ও উহার মূল্যায়নমাত্রে নিরত না থাকিয়া আমেরিকান সভ্যতার অপকৃষ্ট निक्ठोटक अमन निर्ममভाবে क्याघा क्विट चात्र क्विटन त्य, हेशाल বিরক্ত হইয়া শত শত ব্যক্তি তৎক্ষণাৎ সভা হইতে চলিয়া গেলেন। স্বামীন্ত্রী কিন্তু ইহাতেও ক্ষান্ত না হইয়া এভাবেই বক্তৃতা শেষ করিলেন। পরদিন এই বক্তভার বিবরণ প্রসঙ্গে কোন কোন সংবাদপত্তে প্রশংসা থাকিলেও সমালোচনাও যথেষ্ট প্রকাশিত হইল ; তবে সব কাগজ্ঞই একবাক্যে তাঁহার নিভীকতা, অকপটতা ও সারল্যের প্রশংসা করিল। স্বামীজী নিজে যথন সংবাদপত্তে মৃদ্রিত স্বীয় বক্তৃতা পাঠ করিলেন, তথন তিনি অহতপ্ত হইলেন এবং এইভাবে অপরের নিন্দা করার জক্ত অক্র মোচন করিতে করিতে বন্ধুদের বলিলেন, "আমার গুরুদের মাহুবের দোষ দেখিতেন না; নিজের সর্বাধিক নিন্দুকের প্রতিও তিনি প্রেম ব্যতীত অক্ত ভাব পোষণ করিতেন না। আমার গুরুদেবের কথা বলিতে গিয়া অপরের নিন্দা করিয়া এবং তাহাদের মনে আঘাত দিয়া আমি গুরুদ্রোহের অপরাধ করিয়াছি। সত্য বলিতে কি, আমি শ্রীরামক্রক্ষকে ক্রিতে পারি নাই, এবং আমি তাঁহার সম্বন্ধে কিছু বলার অহুপযুক্ত।"

এখানে একটি কথা মনে রাখা আবশ্রক। স্থলবিশেষে যদিও তিনি ইচ্ছাপূর্বক বা ভাবাবেগে আমেরিকার সমাজের যুক্তিযুক্ত সমালোচনা করিতেন তথাপি ইহা সম্পূর্ণ অলীক যে, তিনি আমেরিকার নারী সমাজকে নিন্দা করিয়াছেন। মিশনারীরা স্বার্থোদ্ধারের জন্ম অবশ্র এমন অসম্ভব কথারও অবতারণা করিয়াছিলেন। কিন্তু স্বামীজীর বক্তৃতা, রচনা ও পত্রাবলী প্রভৃতি পাঠ করিলেই দেখা যাইবে তিনি তাহাদের প্রতি কত কৃতজ্ঞ ও শ্রদ্ধাপূর্ণ ছিলেন। জগতের মাতৃজাতির প্রতি তাহার হৃদয়ে ভক্তি ব্যতীত অন্ম কোন ভাব স্থান পাইত না, বিশেষতঃ নানাভাবে নারীদিগের নিকট লক্ক উপকাররাশির কথা প্রকাশ করিতে গিয়া তাঁহার মৃথ ও লেখনী যেন উপযুক্ত ভাষা খুঁজিয়া পাইত না। মাতৃভক্ত স্বামী বিবেকানন্দের পক্ষে ইহাই ছিল স্বাভাবিক।

১৮৯৪ খৃষ্টান্দের শেষভাগে শ্রীযুক্তা ওলি ব্লের গৃহে বাসকালে তিনি যেসব বক্তৃতা দেন তাহার মধ্যে তাঁহার 'ভারতীয় নারীর আদর্শ' নামক ভাষণটি ভাষা, ভাবাবেগ, বাগ্মিতা ও চিস্তার অভিনবত্বে আমেরিকান নারীসমাজের নিকট বিশেষ হৃদয়গ্রাহী হইয়াছিল। ওলি ব্লের ঐকাস্তিক আগ্রহে এই বক্তৃতাটি বস্টনের উপকণ্ঠ ক্যান্থিজের মহিলাদের সম্মুখে প্রদত্ত হয়। বক্তৃতায় তিনি ভারতীয় নারীজীবনের বিভিন্ন দিক প্রদর্শনপ্রসঙ্গে যথন মাতৃভাবের ব্যাখ্যায় ব্যাপ্ত হইলেন, তথন একদিকে যেমন ভারতীয় সমাজের একটি যুল তত্ব উদ্ঘাটিত হইল, অপর দিকে তেমনি বিবেকানন্দের অপূর্ব মাতৃভক্তিও যেন মূর্তি ধারণ করিল এবং বিশ্বের নারীসমাজের প্রতি তাঁহার অস্তবের শ্রহ্মা জনসাধারণের সমক্ষে স্প্রকটিত হইয়া পড়িল। রমাবাঈ-চক্রের যে সকল ব্যক্তি এবং যে সব

মৃথ হইতেন, এই বক্তাটিতে গৌণভাবে তাঁহাদিগকেও উপযুক্ত প্রত্যুত্তর দেওয়া হইল। সভায় উপস্থিত সম্রান্তবংশীয়া স্থশিক্ষিতা নারীগণ এই বক্তৃতায় এইরপ মৃশ্ধ হইয়াছিলেন যে, তাঁহারা সমবেতভাবে স্বামীন্ধীর স্বজ্ঞাতসারে যীশু খৃষ্টের জন্মদিন উপলক্ষে বিবেকানন্দ-জননী শ্রীযুক্তা ভ্বনেশ্বরী দেবীকে এই পত্তথানি লিখিয়া পাঠান এবং সেই সঙ্গে তাঁহাকে মেরীক্রোড়ে উপবিষ্ট শিশু যীশুর একথানি চিত্রও উপহার দেন:

विदिकानन-जननी मभीत्मयू,

ঠাকুরানী,

"আজ মেরীপুত্র যীশুর জন্মদিন; সেই মহাপুক্ষ জগতে যে অমূল্য রত্ন বিতরণ করিয়াছিলেন, তাহা শ্বরণ করিয়া আজ চতুর্দিকে আনন্দের রোল উঠিতেছে। এই শুভক্ষণে আমরা আপনাকে অভিবাদন করিতেছি, কারণ আপনার পুত্র এক্ষণে আমাদের মধ্যে অবস্থান করিতেছেন। কয়েকদিন পূর্বে তিনি এখানে 'ভারতীয় মাতৃত্বের আদর্শ' সম্বন্ধে যে বক্তৃতা দিয়াছিলেন, তাহাতে বলেন যে, এখানকার আবাল-বৃদ্ধ-বনিতার কল্যাণার্থ তিনি যাহা কিছু করিতে সমর্থ হইয়াছেন, তাহা কেবল আপনার শ্রীচরণাশীর্বাদে। সেদিন যাহারা তাহার কথা শুনিয়াছিলেন, তাহারা মনে করেন, তাহার জননীকে অর্চনা করিলে দিব্য শক্তি ও আত্যোমতি লাভ হয়।

"হে পুণ্যচরিতে, আপনার জীবনের কার্যসমূহ আপনার সস্তানের চরিত্রে প্রতিফলিত। দেই মহৎ কার্যের মাহাত্ম্য সম্যক্ উপলব্ধি করিয়া আমরা আপনার প্রতি আমাদের হাদয়ের ক্বতজ্ঞতা নিবেদন করিতেছি। অন্থ্যহপূর্বক উহা গ্রহণ করন। আশা করি, এই ক্ষুত্র প্রদা-উপহার সকলকে স্পষ্টতঃ শ্বরণ করাইয়া দিবে যে, ভগবান হইতে জগৎ উত্তরাধিকার স্বত্রে যে লাভ্ভাব ও একপ্রাণতা লাভ করিয়াছে, তাহার বাস্তব প্রতিষ্ঠা অচিরে অবশৃস্কাবী।"

এই বক্তা বিষয়ে শ্রীযুক্তা ওলি বুল লিথিয়াছিলেন: " তেনি বেদ, সংস্কৃত সাহিত্য ও নাটকাদি হইতে এই সকল আদর্শের উদাহরণ উদ্ধৃত করিলেন এবং বর্তমানকালের যে সকল রীতি পদ্ধতি ভারতীয় নারীর উন্নতির অমুক্ল ও সহায়ক, তাহা প্রদর্শন করিয়া সর্বশেষে অতীব শ্রদ্ধাসহকারে স্বীয় জননীর উদ্দেশে হৃদয়ের ভক্তি-অর্ঘ্য নিবেদন করিলেন। তিনি বলিলেন যে, জননীর নি: স্বার্থ ক্ষেহ ও প্তচরিত্র উত্তরাধিকারস্ত্রে প্রাপ্ত হওয়াতেই তিনি সন্ন্যাস-

জীবনের অধিকারী হইয়াছেন। এবং তিনি জীবনে যা কিছু সংকার্য করিয়াছেন, সমন্তই সেই জননীর রূপাপ্রভাবে।"

স্বামীজীর জীবনের বিশেষত্বই এই ছিল যে, তিনি বেখানেই ষাইতেন, সেধানেই অবকাশ ঘটিলে মৃক্তকণ্ঠে স্বীয় জননীর প্রতি অশেষ প্রদানি নিবেদন করিতেন। একবার যে বন্ধুগৃহে স্বামীজী থাকিতেন সেই গৃহেই একই কালে কয়েক সপ্তাহ বাস করিবার স্থযোগ পাইয়াছিলেন এমন এক ব্যক্তি লিখিয়াছেন, "তিনি তথন তাঁহার মায়ের কথা বলিতেন। আমার মনে আছে, তিনি বলিয়াছিলেন, তাঁহার মাতার সংযমশক্তি ছিল অপূর্ব এবং তিনি অপর কোন মহিলাকে একটানা তাঁহার মতো দীর্ঘকাল উপবাস করিতে দেখেন নাই। তিনি বলিয়াছিলেন, তাঁহার মা এক সময় স্থদীর্ঘ চৌদ্দ দিন উপবাসে কাটাইয়াছিলেন। স্বামীজীর শিয়গণ প্রায়ই তাঁহাকে বলিতে শুনিতেন, 'মা-ই তো আমাকে এই প্রেরণা দিয়াছিলেন। তাঁহার চরিত্র ছিল আমার জীবন ও কার্যের চির-প্রেরণাস্থল।'" বস্তুতঃ, কথাবার্তা ও ভাষণাদি অবলম্বনে স্বামীজী তথন আমেরিকান সমাজে মাতৃভাবেরই প্রচার করিতেছিলেন।

আমেরিকার বর্ষীয়দী মহিলাদের প্রতিও স্বামীজীর আচরণ ছিল বালকসদৃশ; তাঁহারা ছিলেন তাঁহার মা। এই সরল শিশুর দম্পুথে তাই তাঁহারাও
একটা মাতৃজনোচিত স্বাচ্ছন্য অহভব করিতেন। শ্রীযুক্তা লেগেট বলিয়াছিলেন,
"সারাজীবনের অভিজ্ঞতামধ্যে আমি এমন হুইজন মাত্র জগদিখ্যাত ব্যক্তির দর্শন
পাইয়াছি, বাঁহাদের সম্মুথে মাহ্ম্য নিজের মর্যাদা বিন্দুমাত্র ক্ষ্মনা করিয়া সম্পূর্ণ
স্বাচ্ছন্দ মনে চলা-ফেরা করিতে পারে—একজন ছিলেন জার্মান সম্রাট কাইজার
এবং অপর জন স্বামী বিবেকাননা।"

আর ছিল শত কার্য ও মেলামেশার মধ্যেও তাঁহার স্বাতন্ত্র্য ও ব্রহ্মনিষ্ঠা। আমেরিকান কোন কোন সংবাদপত্রে যে তাঁহাকে 'আভিজাত্যসম্পন্ধ সন্ধ্যানী' বলা হইত, তাহা সত্যই বটে। পাশ্চান্ত্য দেশে স্বামীজীর কার্যাবলীর অহুধ্যান করিলে মনে হয়, তিনি যেন এক প্রবল, সম্ভ্র্মল ও পবিত্র অপ্নিশিখাসম ঘ্রিয়া বেড়াইতেছেন। চিন্তায় দার্শনিকপ্রেচের গান্ত্রীর্য ও মৌলিকতা, দৃষ্টিতে সত্যসন্ধ্র্মির অন্ত্রান্তি, কার্যে সিংহসদৃশ সাহস ও বিক্রম এবং ভাবসঞ্চারণে অবতারকল্প স্বামী শক্তি লইয়া অমুরাগ্য ও ভক্তিমান শিশ্ববৃন্দ পরিবৃত স্বামীজী বর্তমান যুগে যেন এক নবীন জ্ঞান-ভক্তি-যোগালক্বত বোধিসন্বন্ধপে জ্বাৎকল্যাণে নিরত

ছিলেন। শ্রীরামকৃষ্ণ বলিয়াছিলেন, তিনি ঈশ্বরকোটি; সপ্তর্বির লোক হইতে অবতীর্ণ হইয়ছেন লোককল্যাণ সাধনার্থ, যুগাবতারের পার্বদর্মণে। লোকশিক্ষার জন্ম ভগবান তাঁহাকে জগতে রাখিয়া গিয়াছিলেন। বস্তুতঃ, চিকাগো মহাসভার পরবর্তী ভাষণাদির অহুধাবন করিলে শ্বতই মনে হয়, ইনি ব্রক্ষজ্ঞ পুরুষ, ইহার বাণী বৃদ্ধিপ্রস্ত নহে, প্রত্যুত অহুভৃতিস্ভূত এবং তাহা অপরের প্রমাণস্থল। তাঁহার হন্ত সর্বদা সম্প্রদারিত হইত অপরের কল্যাণসাধনে, তাঁহার কঠে নিনাদিত হইত শ্রীভগবানের জয়গীতি, মুথে তাঁহার অহ্বত থাকিত ভগবৎ-প্রেমিকস্থলভ স্বেহমমতা এবং হৃদয়টি অহরহ কাঁদিত অপরের ব্যথায়। তিনি বলিতেনও, "আমি ইয়াহ্বিদিগকে ভালবাসি।" আমেরিকাবাসীরা তাঁহার মধ্যে পাইয়াছিল এমন এক ব্যক্তিকে যিনি সর্বদা ভগবন্ধাবে বিভোর, ভগবান যাঁহার হাত ধরিয়াছিলেন, অথচ জগৎকে দিবার মতো যাহার যথেষ্ট সম্বল ছিল এবং তিনি দিয়াও ছিলেন সব উজাড় করিয়া।

আমেরিকায় ভালভাবে কান্ধ করিতে হইলে তথাকার জীবনের সহিত ঘনিষ্ঠ পরিচয় আবশুক এবং সেথানকার সামাজিক রীতিনীতি অন্ততঃ আংশিক মানিয়া ৰপ্তয়া প্রয়োজন — ইহা স্বামীজী জানিতেন। এরামকৃষ্ণ বলিয়াছিলেন, "বেখানে যেমন, দেখানে তেমন।" স্বামীন্সী তাই আমেরিকানদের সহিত একটা হার্দিক সম্বন্ধ স্থাপনের জন্ম তাহাদের আদব-কায়দা, আচার-বিচার ইত্যাদি বেশ করিয়া পর্যবেক্ষণ করিতেন ও শিথিয়া লইতেন। ভদ্রলোকদের সহিত তাঁহাদেরই দেশীয় কামদাম ভদ্রভাবে ব্যবহার করিতে হইবে—ইহাই ছিল তাঁহার ধারণা। পোশাক-পরিচ্ছদেও তিনি সর্বদাই অমুরপ দৃষ্টি রাখিতেন। এই জন্মই আমেরিকায় খনেকে বলিত, "সন্মাসী হইয়া পথে পথে যুরিয়া বেডানোই তাঁহার ধর্ম হইলেও তিনি বড় ঘরের ছেলে—আদব-কায়দা সব আগেরই মতো আছে, কিছুই ভূলেন নাই।" কিন্তু এই সলে ইহাও মনে রাথা উচিত যে, কার্যবাপদেশে ও প্রীতির · আকর্ষণে তিনি আমেরিকান-জীবনের প্রতি বিশেষ বিশেষ কেত্রে আফুগতা শ্বীকার করিলেও মৌলিক ক্ষেত্রগুলিতে তিনি তাঁহার ভারতীয় শাশত বৈশিষ্ট্য ও সন্মাসজীবনের আদর্শ অক্ষন্ন রাখিতেন। এই আভিজাত্য তাঁহাকে আমেরিকানদের নিকট অধিকতর শ্রহ্মের ও প্রীতিভান্ধন করিয়া তুলিত। ফলতঃ তিনি প্রতি পরিচালিত হইতে তিনি মর্ত্যধামে অবতীর্ণ হন নাই।

লণ্ডনে দ্বিতীয়বার

্ঠিচ্ছাব্দের ১৫ই এপ্রিল স্বামীজী নিউ ইয়র্ক হইতে লগুন অভিমুখে যাত্রা করিলেন—হোয়াইট স্টার লাইনের 'জার্মানিক' জাহাজে। ইংলণ্ডে পৌছিয়ারিডিং হইতে ২০শে এপ্রিলের পত্তে হেল ভিগনীদিগকে জানাইলেন; "এবার সম্প্রযাত্রা আনন্দদায়ক হয়েছে এবং কোন পীড়া হয়নি। সম্প্রপীড়া এড়াবার জন্ম আমি নিজেই কিছু চিকিৎসা করেছিলাম। আয়ার্লণ্ডের মধ্য দিয়ে এবং ইংলণ্ডের কয়েকটি প্রানো শহর দেখে এক দৌড়ে ঘুরে এলাম, এখন আবার রিডিং-এ 'ব্রহ্ম, মায়া, জীব, জীবাত্মা ও পরমাত্মা' প্রভৃতি নিয়ে আছি। অপর সম্মাসীটি এখানে রয়েছেন; আমি যত লোক দেখেছি, তাদের মধ্যে তিনি একজন চমৎকার লোক, বেশ পণ্ডিতও। আমরা এখন গ্রন্থগুলি সম্পাদনার কাজে ব্যস্ত। পথে উল্লেখযোগ্য কিছু ঘটেনি—নিতান্ত নীরস, একটানা এবং গছময়, আমার জীবনেরই মতো। আমি যথন আমেরিকার বাইরে যাই, তথনই আমেরিকাকে বেশী ভালবাসি। যাই হোক, এ পর্যন্ত যা দেখছি, তার মধ্যে প্রধানকার কয়েকটি বছরই সর্বোৎকৃষ্ট।"

আমরা জানি, স্বামীক্ষী দীর্ঘকাল যাবৎ চেষ্টা করিতেছিলেন ভারত হইতে একজন গুরুভাতাকে আনাইয়া তাঁহার হত্তে লগুনের কার্যভার অর্পন করিতে। কিন্তু গুরুভাই যথাসময়ে না আসিয়া স্বামীক্ষীর লগুনে আগমনের দিন কয়েক পূর্বে ১লা এপ্রিল স্টার্ডির গৃহে উপস্থিত হইয়াছিলেন। আলমবাজার মঠের সাধুবৃন্দ অনেক ভাবিয়া স্বামী সারদানন্দকে এই কার্যের জন্ম পাঠাইয়াছিলেন। স্টার্ডির গৃহে তাঁহাকে পাইয়া স্বামীক্ষী খুবই আনন্দিত হইলেন। প্রায় তিনটি বংসর পরে এই প্রথম তিনি একজন গুরুভাতার মুখ দেখিতে পাইলেন। তাঁহার নিকট মঠের যে সব সংবাদ পাইলেন, তাহাতে তাঁহার মনে হইল যে মঠের কার্যপ্রণালী বিষয়ে অধিকতর দৃষ্টি দেওয়া আবশ্যক এবং গতাহুগতিকভাবে তদানীস্তন ভারতীয় কার্য বেভাবে পরিচালিত হইত তাহার কিঞ্চিৎ পরিবর্তন করিয়া য়ুগোপযোগী অধিকতর কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা উচিত। এই প্রকার চিন্তাপরবশ হইয়া তিনি অবিলম্বে (২৭শে এপ্রিল) পরিচালনার স্বষ্ট্ ব্যবস্থাদি সম্বন্ধে উপদেশ দিয়া স্বামী রামক্ষানন্দকে একখানি স্থদীর্ঘ পত্র

্লিথিলেন। পত্তের ভূমিকায় আছে: "আমি নিজের কর্তৃত্বলাভের আশায় নয়, কিন্ধ তোমাদের কল্যাণ ও প্রভার অবতীর্ণ হইবার উদ্দেশ্য সফলের জন্ম লিখিতেছি। তিনি তোমাদের ভার আমার উপর দিয়াছিলেন এবং তোমাদের দ্বারা জগতের মহাকল্যাণ হইবে, যদিও অনেকেই একণে তাহা অবগত নও: এজন্তই বিশেষ লিখিতেছি, মনে রাখিবে। তোমাদের মধ্যে ধেষভাব ও অহমিকা প্রবল হইলে বড়ই ছঃথের বিষয়। যারা দশজনে দশদিন প্রীতির সহিত বাস করিতে সক্ষম নহে, তাহাদের দারা জগতে প্রীতিস্থাপন কি সম্ভব ? নিয়মবদ্ধ হওয়া ভাল নয় বটে, কিন্তু অপক অবস্থায় নিয়মের বশে চলার আবশ্রক—অর্থাৎ প্রভূ যে প্রকার ভাদেশ করিতেন যে, কচিগাছের চারিদিকে বেড়া দিতে হয় ইত্যাদি ।

∴েসেই জন্ম নিম্নলিখিত নির্দেশগুলি লিখিতেছি।" অতঃপর "প্রথমতঃ মঠ চালাইবার मद्यस्त निर्दिश निया পরে निशितन, "মঠে এই কয়েকটি বিভাগ থাকিবে, यथा : ্র (১) বিচ্ছা-বিভাগ, (২) প্রচার-বিভাগ, (৩) সাধন-বিভাগ।" সর্বশেষে "কয়েকটি সাধারণ নির্দেশ" দিয়া ও কর্মচারী সভার কথা বলিয়া লিখিলেন, "যদি আমার বুদ্ধিতে চলা তোমাদের উচিত বিচার হয় এবং এইসকল নিয়ম পালন কর, ভাহ'লে আমি মঠ ভাড়ার এবং সমস্ত থরচপত্র পাঠিয়ে দেবো। নতুবা তোমাদের সঙ্গ-ত্যাগ-একদম। অপিচ গৌর-মা, যোগীন-মা প্রভৃতিকে এই চিঠি দেখিয়ে তাঁদের দিয়ে ঐ প্রকার একটা (মঠ) মেয়েদের জন্ম স্থাপন করাইবে।" চিঠি-থানি পড়িলেই অন্নমিত হয়, স্বামীজীর মন তথন ভারতীয় কার্যের জন্ত একটা বড় রকমের পরিকল্পনা রচনায় ব্যস্ত ছিল, এবং উহারই ভিত্তিস্বরূপে তিনি গুরুভাতাদিগকে দুঢ়সংবদ্ধ করিতে আগ্রহশীল ছিলেন। সঙ্গে সঙ্গে নারী-নমাজের কল্যাণ বিধানার্থ এই কাল হইতে স্ত্রীমঠ স্থাপনের অভিপ্রায়ও পরিষ্কার-ভাবে জানাইতে থাকেন।

এবারেও তিনি স্টার্ভির বাটীতে অধিক দিন ছিলেন বলিয়া মনে হয় না; কারণ মে মাসের এক পত্তে প্রকাশ, তাঁহারা তুই গুরুলাতা লগুনের এক ভাড়া বাড়ীতে আছেন। একই পত্তে স্বামী সারদানন্দ সম্বন্ধেও কিছু মন্তব্য আছে। মনে রাখিতে হইবে, সারদানন্দজী তখন সবেমাত্র বিদেশে আসিয়াছেন। পত্তে আছে: "আমাদের ব্যবহারের জন্ম এবার একটা গোটা বাড়ী পাওয়া গেছে। বাড়ীটি ছোট হলেও বেশ স্ববিধাজনক। লগুনে বাড়ী ভাড়া আমেরিকার মতো তত বেশী নয়, তা বোধ হয় তুমি জানো। · · · আমরা এই বাড়ীতে বেশ ছোট

খাটো একটি পরিবার হয়েছি; আর আমাদের সঙ্গে আছেন ভারতবর্ষ থেকে আগত একজন সন্ধানী। 'বেচারা হিন্দু' বলতে যা বোঝায়, তা এঁকে দেখলেই বেশ ব্রতে পারবে। সর্বদাই যেন ধ্যানস্থ রয়েছেন; অতি নম্ম ও মধ্রস্থভাব। আমার ষেমন একটা অদম্য সাহস ও ঘার কর্মতংপরতা আছে, তাঁতে তার কিছুই নেই। ওতে চলবে না। আমি তাঁর ভেতর একটু কর্ম-শীলতা প্রবেশ করিয়ে দেবার চেষ্টা ক'রব। এখনই আমার হটি ক'রে ক্লাসের অধিবেশন হচ্ছে। চার-পাঁচ মাস এরপ চলবে — তারপর ভারতে যাচ্ছি; কিছ আমেরিকাতেই আমার হন্য পড়ে আছে—আমি ইয়াছি দেশ ভালবাসি।"

লগুনে ক্ষেত্র প্রস্তুত রহিয়াছে এবং পূর্বপরিচিত ও নবাগত তত্বাষেষীদের আগ্রহ মিটাইবার জন্ম তাঁহাকে কঠোর শ্রম করিতে হইবে, ইহা জানিয়া-তানিয়া তিনি প্রস্তুত হইয়াই আসিয়াছিলেন। ইংরেজী জীবনীর মতে স্বামীজী লগুনে ৬৩নং সেন্ট জর্জেদ রোডের ভাড়া-বাড়ীতে "শ্রীমতী মূলার ও শ্রীযুক্ত ফার্ডির অতিথিরূপে বাদ করিতেন।" দে যাহাই হউক, ঐ বাড়ীতে আসিয়া মে মাদের প্রথমেই তিনি জ্ঞানযোগ সম্বন্ধে ক্লাদ আরম্ভ করিয়া দিলেন। এতদ্বাতীত ব্যক্তিগত ভাবে ধর্মালোচনা ও সাধারণের জন্ম বক্তৃতাও চলিতে লাগিল। পরে রাজ্যোগ ও ভক্তিযোগ সম্বন্ধেও প্রবচনাদি শুক্ত হইল। তাঁহার পাণ্ডিত্য, যুক্তি ও বাগ্মিতা যেমন একদিকে বুধমণ্ডলীকে আকর্ষণ করিত, অসাধারণ অমুভ্তির স্পর্ম, মধুর বাক্যালাপ, অমায়িক ব্যবহার, ত্যাগোজ্জল অনিন্দনীয় দেবত্র্লভ চরিত্রও তেমনি বহু হৃদয়ে ভগবদ্ভাবের উদ্দীপনা জাগাইত।

মে মাদের শেষভাগ হইতে তিনি প্রতি রবিবারে পিকাডিলি অঞ্চলে 'রয়েল ইনষ্টিটিউট অব পেনটার্স ইন ওয়াটার কালার্স' নামক প্রতিষ্ঠানের একটি গ্যালারীতে ষেসকল ধারাবাহিক বক্তৃতা দেন, তাহার বিষয় ছিল, 'ধর্মের প্রয়োজন', 'সার্বজনীন ধর্ম', এবং 'মাহুষের প্রকৃত ও আভাসিক স্বরূপ।' এই

১। মহেন্দ্রনাথ দত্তের মতে বাড়ীট ছিল লেডি মাগুর্সনের; তিনি সম্ভানাদিসহ কয়েক মাসের জন্ম অন্যত্ত যাওয়ায় স্টার্ডি ঐ বাড়ী স্বামীজীর জন্ম ভাড়া লন। বাড়ীতে থাকিতেন, স্বামীজী, স্বামী সারদানন্দ, বৃদ্ধা হেনরিয়েটা মূলার, জে. জে. গুড়উইন ও স্বামীজীর প্রাতা মহেন্দ্রনাথ দত্ত।

২। মহেন্দ্র বাব্র 'লওনে বিবেকানন্দ'-এর মতে—ঐ বাড়ীতে 'রাজবোগে'র ক্লাস হইত ; পিকাডিলিতেবেদব বক্তৃতা হইত, তাহাই পরে 'জ্ঞানবোগ' নামক গ্রন্থ এবং ভিন্ন ভিন্ন ভাগানিকা ও বক্তৃতার আকারে ছাপা হয়। (পু ১০৬)।

বক্ততা পর্যায়ের সাফল্য দেখিয়া প্রিন্সেস হলে, জুন মাসের শেষ হইতে জুলাই-এর মধ্যভাগ পর্যন্ত প্রতি রবিবার অপরাহে আর এক পর্যায় বক্তুতার আয়োজন হয়। এই স্থানে প্রদত্ত বক্তৃতাবলীর মধ্যে এই কয়টি বিষয়ও ছিল—'ভক্তিষোগ', 'ত্যাগ', 'অপরোক্ষামুভূতি'। এতদ্বাতীত প্রতিসপ্তাহে পরিচালিত পাঁচটি ক্লানে প্রচর লোকসমাগম হইত; আর প্রতি শুক্রবার সন্ধ্যায় একটি প্রশ্নোত্তর ক্লাসে সমাগত শ্রোত্মগুলী ঘনিষ্ঠভাবে স্বীয় সন্দেহ মিটাইবার অবকাশ পাইতেন। স্বামীন্সীর প্রথম পর্যায়ের ভাষণগুলিতে আর্যজ্ঞাতির ইতিহাস, আর্যসভ্যতার ক্রমবিকাশ ও বিন্তার ইত্যাদি বিষয় বছশঃ আলোচিত হইত। বিভাউইন তাঁহার বক্তৃতাদি লিপিবদ্ধ করিয়াছিলেন। লণ্ডনের সংবাদপত্ত প্রতিনিধিরাও স্বামীজীর সহিত সাক্ষাৎ করিয়া প্রবন্ধাদি ছাপাইয়াছিলেন। এই কার্যতালিকা স্বদীর্ঘ হইলেও স্বামীজীর তৎপরতা ইহারই দ্বারা দীমিত হয় নাই। তিনি অনেক ঘরোয়া বৈঠকে এবং ক্লাবেও বক্তৃতা দিয়াছিলেন। একবার শ্রীযুক্তা খ্যানী বেশান্তের অমুরোধে তিনি দেণ্ট জন্ম উতে অবস্থিত তাঁহার খ্যাভিনিউ রোভের বাড়ীতে গিয়া ভক্তি সম্বন্ধে এক ভাষণ দেন। এই সভায় কর্নেল অলকটও উপস্থিত ছিলেন। এ ছাড়া এযুক্তা মার্টিনের ১৭নং হাইড পার্ক গেটের গৃহেও 'আত্মা সম্বন্ধে হিন্দুদের ধারণা' বিষয়ে তাঁহার একটি বক্ততা হয়। এই সভায় অনেক আমেরিকান ও প্রচ্ছন্নভাবে ইংলণ্ডের রাজপরিবারের কেছ কেহও উপস্থিত ছিলেন। অতঃপর তিনি নটিংহিল গেটে শ্রীযুক্তা হাণ্ট-এর ভবনে ও উইম্বলডন-এ বক্ততা দেন। উভয় স্থানে বক্ততান্তে ওৎস্বক্যপূর্ণ দীর্ঘ আলোচনা হয়। ইহার পর আরও অনেক বক্তৃতার আয়োজন হয়।

'দিসেম ক্লাব' নামক একটি মহিলা সমিতিতে তিনি শিক্ষা সম্বন্ধে যে বক্তৃতা দেন, ঐ বিষয়ে স্বামী সারদানল ৬ই জুন তারিখের 'ব্রহ্মবাদিন'-এ লিখিয়া-ছিলেন: "স্বামী বিবেকানন্দের কার্য এখানে স্থলর আরম্ভ হইয়াছে। অনেক ব্যক্তি নিয়মিতভাবে তাঁহার ক্লাসে যোগ দেন এবং বক্তৃতাগুলি খুবই হৃদয়গ্রাহী। ক্যানন হাউইদ নামক আ্যাংলিক্যান চার্চ সম্প্রদায়ের জনৈক নেতা সেদিন আদিয়াছিলেন এবং খুব উৎস্ক্র প্রকাশ করিয়াছিলেন। পুর্বেই চিকাগো মেলায় স্বামীজীর সহিত তাঁহার মিলন ঘটিয়াছিল, এবং তথন হইতেই তিনি স্বামীজীকে ভালবাদিতেন। গত মকলবারে স্বামীজী 'দিদেম ক্লাবে' শিক্ষা বিষয়ে বক্তৃতা দেন। ইহা নারীশিক্ষার প্রসারকয়ে নারীদেরই ছারা পরিচালিত

একটি শুক্তবপূর্ণ সংস্থা। বজ্তায় তিনি ভারতের প্রাচীন শিক্ষাপদ্ধতির কথা বলেন; স্পষ্টভাবে এবং প্রাণস্পর্শী ভাষায় তিনি বৃঝাইয়া দেন দে, ঐ পদ্ধতির একমাত্র উদ্দেশ্য ছিল মাহম গঠন করা, শুধু পাঠ মুখন্থ করা নহে; তিনি বর্তমান শিক্ষাপ্রণালীগুলির সহিত উহার তুলনাও করিয়াছিলেন।" ক্যানন হাউইস লগুনে স্থামীজীর প্রতি এরূপ আরুষ্ট হন যে, স্বীয় দেন্ট জেমস চ্যাপেলে তাঁহার প্রচারিত ভক্তিতত্ব অবলম্বনে হইটি বক্তৃতা দেন। বক্তৃতায় তিনি স্বীকার করেন, এই ভাবটি তিনি স্বামী বিবেকানন্দের নিকট পাইয়াছেন এবং খৃষ্টধর্মে ইহা অনুপ্রবিষ্ট হইলে বেশ ভালই হইবে। ('লগুনে বিবেকানন্দ', ১০২-৩ পৃ:)। ক্যানন উইলবারফোর্স একবার স্বামীজীকে মহাসমাদরে নিজ আলয়ে লইয়া যান এবং তাঁহার সম্মানার্থ সেখানে অনেক গণ্যমান্ত ব্যক্তির একটি সভা করেন।

স্বামীজীর লগুনে অবস্থান, কার্যাবলী এবং একটি ক্লাবে বক্তার কথা শ্বরণ করিয়া প্রীযুক্ত এরিক হ্যামণ্ড লিথিয়াছিলেন: "স্বামীজী যথন প্রথম লগুনে আদিলেন, তথন লগুনবাসীরা তাহাদের চিরস্তন সাধারণ অভ্যাসাহসারে অনাড়ম্বর, বিধাপূর্ণ এবং কতকটা হিসাব করিয়া চলার কায়দায়ই তাঁহাকে গ্রহণ করিয়াছিল। সম্ভবত: ধর্মপ্রচারকরা সব নৃতন জায়গায়ই এমন এক আবহাওয়ার মধ্যে গিয়া পড়েন যাহাকে ঠিক বিক্লন্ধ না বলিলেও সন্দেহাকুল বলা চলে। ইহা নিশ্চিত যে স্বামীজী এই সংশয়াছ্লন্ন ও কুতৃহলপূর্ণ অবস্থা সম্বন্ধে অবহিত ছিলেন। এবং ইহাও নিশ্চিত যে তাঁহার চিত্তাকর্ষক ব্যক্তিত ইহারই মধ্যে আপনার পথ করিয়া লইয়াছিল ও বহু হৃদ্যের সাদর সম্বর্ধনালাভে সমর্থ হইয়াছিল। ক্লাব, সমিতি, বৈঠকথানার দার তাঁহার জন্ম উন্মুক্ত হইয়া গিয়াছিল। বিভিন্ন দলীয় শিক্ষাথিবৃন্দ নানা অঞ্চলে সমবেত হইত এবং নিদিষ্ট সময়ে তাঁহার বক্ততা শুনিত। শ্রোতারা একবার শুনিয়া আরও শুনিতে চাহিত।

"এইরপ এক সভায় বৈকৃতা সমাপ্ত হইলে এক ভ্রুকেশ ও স্থাসিদ্ধ দার্শনিক স্থামীজীকে বলিলেন, 'মহাশয় আপনার বক্তৃতা চমৎকার হয়েছে এবং আমি এজন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি; কিন্তু আপনি তো আমাদের একটিও নৃতন কথা বলেন নি।' উত্তরে বক্তার স্থান্তই বাণী কক্ষমধ্যে ঝক্কত হইয়া উঠিল, 'মহাশয় আমি আপনাকে যা সত্য তাই ভনিয়েছি; আর সেটা হল সে

৩ । ভগিনী নিবেদিতা ইহার সভ্যা ছিলেন।

শত্য, যা শ্বরণাতীত কাল থেকে অবস্থিত পর্বতেরই ফ্রায় প্রাচীন, মাছবেরই সমান পুরাতন; স্প্রীরই সদৃশ অনাদি, ভগবানেরই অহ্বরপ শাশ্বত। আমি যদি সে সত্যকে এমন ভাবে বলে থাকি যাতে আপনার চিস্তার থোরাক যোগায়, যাতে আপনাকে ঐ চিন্তাহ্বরপ জীবন যাপন করতে প্রণোদিত করে, তবে আমি তা বলে কি ভাল করিনি?' 'সাধু সাধু' বলিয়া মৃত্ গুল্পন এবং তদপেক্ষাও স্পষ্টতর কর্মবিনি ব্রাইয়া দিল, স্বামীজী শ্রোতাদিগকে কিরপ একান্ত আপনার করিয়া লইয়াছিলেন। ঐ সভায় উপস্থিত ছিলেন এবং আরও বহু সভায় উপস্থিত থাকিতেন এমন এক ভন্তমহিলা বলিয়াছিলেন, 'আমি সারাজীবন সীর্জার উপাসনায় নিয়মিতভাবে যোগ দিয়েছি। নিজন্ম একঘেয়েমি এবং প্রাণহীনতার জন্ম ওগুলি নিফল ও অত্প্রিকর হয়ে পডেছিল। আমি সেখানে যেতাম, কারণ সকলেই যায়, আর থাপ-ছাড়া কাল্প কেউ করতে চায় না। স্বামীজীর ভাষণ শুনবার পর ধর্ম আলোকোন্তাসিত হয়ে উঠেছে। ধর্ম এখন সত্য, ইহা জীবস্ত। এর একটা নৃতন আননন্দপ্রদ তাৎপর্য আছে এবং আমার কাছে এর সম্পূর্ণ রূপ বদলে গেছে।'

"স্বামীন্ধী বলিয়া ধাইতে লাগিলেন, 'আমি কি করে সত্যলাভ করলাম তা তোমাদের বলব।' উহা যথন তিনি বলিলেন, তথন শ্রোতারা শ্রীরামক্বফের মানবলীলার কিঞ্চিং আভাস পাইল, তাঁহার চরিত্রের ভক্তিসঞ্চারক সারল্যের কথা জানিতে পারিল, ধর্মের বিভিন্ন মার্গাবলম্বনে অদম্য সত্যামুসদ্ধিংসার তথ্য অবগত হইল, এবং অবশেষে তাঁহার সত্যাবিদ্ধারের কথা ও সেই আবিদ্ধারের ঘোষণাধ্বনি শুনিল, 'যত্র জীবং তত্র শিবং, অহং ব্রহ্মাম্মি'।

"'আমি সভাকে পেয়েছি, কারণ তা আমার হৃদয় মধ্যে পূর্ব হতেই ছিল'—
স্থামীজী বলিয়া চলিলেন—'তোমরা নিজেদের প্রভারণা করো না, একথা কল্পনা
করো না যে, ভোমরা সভাকে এ ধর্মে বা ও ধর্মে পাবে', সভ্য ভোমাদের
নিজেদের মধ্যে রয়েছে। ভোমাদের সাম্প্রদায়িক মউবাদ ভোমাদের কাছে
এ সভ্য নিয়ে আসতে পারবে না, ভোমাদিগকেই মতবাদের মধ্যে সে সভ্যকে
প্রভিত্তিত করতে হবে। মাছ্য ও পুরোহিতকুল একে বিভিন্ন নাম দিয়েছে।
ভারা বলে, 'এটা বিশ্বাস করো, ওটা বিশ্বাস করো।' শোন! এটি—এই
অম্ল্য মৃক্তাটি ভোমাদের মধ্যে আগে থেকেই আছে। যা সভ্য, ভা অদ্বিভীয়।
শোন, ভূমিই হচ্ছ ভাই।'

"আতোপান্ত বকৃতায় তিনি সীয় গুরুদেব শ্রীরামক্লফের বাণীরই কথা

বলিলেন। তিনি বলিলেন ষে, শুনাইবার মতো তাঁহার নিজস্ব একটি শব্দও নাই, খুলিয়া প্রকাশ করিবার মতো তাঁহার নিজস্ব এডটুকু চিস্তাও নাই। প্রত্যেকটি জিনিস, দব কিছু, তিনি নিজে বাহা, আমাদের নিকট তিনি বেভাবে প্রকাশ পাইতে পারেন, জগৎ তাঁহাকে যে দৃষ্টিতে দেখিতে পারে,—'দমন্তই', সেই একমাত্র উৎস থেকে উৎসারিত হয়েছে, দবই এসেছে সেই পুতাত্মা থেকে, দেই অসীম অন্থপ্রেরণা হতে, যিনি আমার ভালবাসার ভূমি ভারতবর্ষে নিগৃঢ় দমস্থার সমাধান করেছেন এবং দে মীমাংসা বিধাশৃত্য ভাবে নিবিচারে, ভগবৎ-স্থলভ মুক্তহন্তে দর্বত্র ছড়িয়ে দিয়েছেন।

"অতি কবিত্বপূর্ণ কয়েকটি বাক্যসমষ্টি অবলম্বনে তিনি শ্রীরামক্ষেরে কাহিনী সবিস্তাবে শুনাইলেন। নিজের কথা তিনি তথন সম্পূর্ণ ভূলিয়া গিয়াছিলেন, উহাকে একেবারে অবহেলা করিয়াছিলেন। 'আমি যা, আমি তাই; আর আমি যা তা সর্বদা তাঁরই কল্যাণে হয়েছে; আমাতে, আমার কথাতে যা কিছু মক্ষলময়, সত্য বা শাশত আছে, তা আমি তাঁরই শ্রীবদন, তাঁরই হৃদয়, তাঁরই আআ৷ থেকে পেয়েছি। শ্রীরামকৃষ্ণ বিশ্বের বর্তমান যুগের অধ্যাত্মজীবনের, উহার উদ্দীপনার ও কর্মোভ্যমের উৎসন্থল—যুগাবতার! আমি যদি জগৎকে গুরু-দেবের জীবনের এক ঝলকও দেখাতে পারি, তবে আমার জীবন সার্থক।"

বিদেশে সাম্রাজ্য শাসকদিগেরও নিকট প্রচুর সম্মান পাইয়াও স্বামীজী কিভাবে নিজের ক্বতিত্বে দন্ত না করিয়া স্বীয় শ্রীগুরুর কথাই সকলকে ম্বরণ করাইয়া দিতেন, আপনাকে তাঁহার তুলনায় নগণ্য বলিয়া ঘোষণা করিতেন এবং তাঁহার সমস্ত গুণাবলী তাঁহারই কুপালব্ধ বলিয়া প্রকাশ করিতেন, তাহা সত্যই অফুধাবন্যোগ্য। উপযুক্ত গুরুর উপযুক্ত শিয়ের ইহাই সমুচিত ব্যবহার।

ইংলণ্ডে যেসব ভারতীয় ছাত্র বাস করিতেন, তাঁহারা স্বভাবতই স্বামীক্ষীর নেতৃত্ব স্বীকার করিতেন এবং উপদেশলাভের জন্ম তাঁহার নিকট আসিতেন। স্বামীক্ষীও তাঁহাদিগকে সাদরে গ্রহণ করিয়া ও নানাভাবে সাহায্য করিয়া সকলের ভক্তি ও ভালবাসা অর্জনে সক্ষম হইয়াছিলেন। অতএব 'লণ্ডন হিন্দু অ্যাসোসিয়েশনে'র আফক্ল্যে যখন ১৮ই জুলাই তারিখে গ্রেটব্রিটেন ও আয়ার্লণ্ড নিবাসী সমস্ত ভারতীয় ছাত্রদের এক সামাজিক অধিবেশন আছুত হইল, তখন

s। সম্ভবতঃ এই অধিবেশন এবং পরপৃষ্ঠার বর্ণিত দেশাই মহাশরের লেণ্ডন হিন্দু জ্যাসোসিরেশন'-এর অধিবেশন অভিন্ন।

স্বামীন্দ্রী সভাপতির স্বাসন স্থলক্ষত করিতে স্বায়ক্ষ হইলেন। স্বামীন্দ্রী ইহাতে সম্মত হইয়া 'হিন্দুগণ ও তাঁহাদের প্রয়োজন' এই বিষয়ে একটি ভাষণ দেন। এই সভায় বহু ইংরেজ ভদ্রলোক এবং ভদ্রমহিলাও উপস্থিত ছিলেন।

পূর্ববারের অপেক্ষাও এইবারে স্বামীজীর লগুন-জ্বীবন অধিকতর কর্মবহুল ছিল। অধিকন্ধ পুরাতন একটি অসমাপ্ত কাজও শেষ করিতে হইয়াছিল। পূর্ববারে তিনি 'নারদ-ভক্তিস্ত্ত্রে'র অঞ্বাদ কার্যে স্টার্ডিকে সাহায়্য করিয়াছিলেন। এখন উহা স্বামীজীর লিখিত প্রচুর টীকাসহ প্রকাশিত হইল।

শ্রীযুক্ত টি. জে. দেশাই স্বামীজীর ইংলগু-জীবনের কয়েকটি ঘর্টনা তাঁহার শ্বৃতি কথায় লিপিবন্ধ করিয়াছেন। উহার অধিকাংশ ১৮৯৬ খুষ্টান্দের; তবে তৎপূর্বে তিনি ১৮৯৫ খুষ্টান্দেরও ছই-চারিটি কথা বলিয়াছেন। ১৮৯৫ খুষ্টান্দে তিনি কুমারী মূলারের আমন্ত্রণে স্বামীজীর ছইটি বক্তৃতা শুনিয়াছিলেন—প্রথম বক্তৃতা শুনিয়াছিলেন দেউ-জেমস হলে ও দ্বিতীয় বক্তৃতা বেলুন সোসাইটিতে। প্রথম বক্তৃতার পরে সংবাদপত্রে স্বীকার করা হয় য়ে, কেশবচন্দ্র সেনের পরে ভারতবাসীদের মধ্যে কেবল স্বামীজীর বাগ্মিতাতেই প্রোতারা স্বাধিক বিশ্ময়াবিষ্ট হইয়াছিল। দ্বিতীয় বক্তৃতার পরে এক ধর্ময়াজক বলিয়া উঠিলেন, স্বামীজী লিখিত বক্তৃতা পাঠ করিলেই অধিকতর শোভন হইত। শুনিয়া স্বামীজী এমন তেজঃপূর্ণ একটি ভাষণ দিলেন য়ে, ঐ ব্যক্তি বেন কেঁচো হইয়া গেলেন। ধর্ময়াজকের সমস্ত কথার তিনি উত্তর দিলেন এবং শাস্ত্রবাক্য উদ্ধৃত করিয়া এমন বাগ্মিতা প্রকাশ করিলেন য়ে, দেশাই চমৎক্বত হইলেন।

১৮৯৬ খৃষ্টাব্দে স্বামীজী বিভিন্ন দোগ সম্বন্ধে যেসব বক্তৃতা দেন এবং থিয়োসফিন্টদের ব্ল্যাভাটস্কি লজে যে ভাষণ দেন, তাহার অনেকগুলিতেই দেশাই উপস্থিত ছিলেন। ইংরেজ সমাজের সেরা শ্রোভারা ঐসব বক্তৃতায় আসিতেন। ১৮৯৬ খৃষ্টাব্দের জুলাই মাসে মণ্টেশু ম্যানসানে 'লগুন হিন্দু আ্যাসোসিয়েশন'-এর যে সভা হয় তাহাতে স্বামীজী সভাপতিত্ব করেন। ঐ সমিতির স্বামী সভাপতি শ্রীযুক্ত দাদাভাই নওরোজীও সেথানে উপস্থিত ছিলেন। 'রয়েল এশিয়াটিক সোসাইটির' এক সভায় স্বামীজী, রমেশচক্র দন্ত প্রভৃতি অনেকে উপস্থিত ছিলেন। স্বামীজী সেথানে বক্তৃতা করেন নাই। অধ্যাপক বেইন উপনিষদ্ সম্বন্ধে এক প্রবন্ধ পাঠ করেন এবং দেশাই তাহার প্রতিবাদ করেন। গৃহে প্রত্যাবর্তনকালে স্বামীজী দেশাইর মত অন্থ্যোদন করেন। একবার স্বামীজী,

স্বামী অভেদানন্দ ও স্বামী সারদানন্দ ওয়েন-দম্পতির গৃহে আহার করেন;
দেশাই তথন ঐ বাড়ীতে থাকিতেন। দেশাই ও স্বামীন্ধী প্রায়ই বেদান্ত,
গীতা ইত্যাদি বিষয়ে আলোচনা করিতেন, এবং দেশাই এইসব খুবই পছন্দ
করিতেন। ('রেমিনিসেন্দেস অব স্বামী বিবেকানন্দ', ৩০৫-৩১০ পৃঃ)।

স্বামীজীর জীবনে এইবারের অন্ততম প্রধান ঘটনা অল্পফোর্ড বিশ্ববিভালয়ের স্থনামধন্ত পণ্ডিত প্রাচ্যবিদ্যাবিশার্দ অধ্যাপক ম্যাক্সমূলারের সহিত সাক্ষাৎকার। স্বামীজী ২৮শে মে অধ্যাপকের গৃহে যান এবং সেদিনকার আনন্দময় অভিজ্ঞতা সম্বন্ধে 'ব্রহ্মবাদিন' পত্রিকায় ৬ই জুন তারিথে একটি প্রবন্ধ লিথেন। প্রবন্ধে আছে: "শুনিয়াছ কি, অধ্যাপক ম্যাক্সমূলার 'নাইন্টিন্থ দেঞ্বী'-পত্রিকায় প্রীরামকৃষ্ণসম্বন্ধে একটি প্রবন্ধ লিখিয়াছেন এবং যদি উপযুক্ত উপাদান পান, তবে আনন্দের সহিত তাঁহার জীবনী ও উপদেশের আরও বিন্তারিত ও পূর্ণাঙ্গ বিবরণ-সম্বলিত একথানি গ্রন্থ লিখিতে প্রস্তুত আছেন ? অধ্যাপক ম্যাক্সমূলার একজন অসাধারণ ব্যক্তি। আমি দিন-কয়েক পূর্বে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলাম। প্রকৃতপক্ষে বলা উচিত, আমি তাঁহার প্রতি আমার শ্রন্ধা নিবেদন করিতে গিয়াছিলাম। কারণ যে-কোন ব্যক্তি শ্রীরামক্রফকে ভালবাদেন-ভিনি নারীই হউন, পুরুষই হউন, তিনি যে-কোন সম্প্রদায় – মত বা জাতিভুক্ত— হউন না কেন-ভাঁহাকে দর্শন করিতে যাওয়া আমি তীর্থযাত্রাতুল্য জ্ঞান করি। ···স্বর্গীয় কেশবচন্দ্র সেনের জীবনে হঠাৎ গুরুতর পরিবর্তন কি শক্তিতে সাধিত হইল, অধ্যাপক প্রথমে তাহাই অমুসদ্ধান করিতে প্রবৃত্ত হন; তারপর হইতে শ্রীরামক্ষের জীবন ও উপদেশের প্রতি বিশেষ আরুষ্ট হন এবং ঐগুলির চর্চা পারম্ভ করেন। আমি বলিলাম, 'অধ্যাপক মহাশয়, আঞ্চকাল সহস্র সহস্র লোকে রামক্বফের পূজা করিতেছে।' অধ্যাপক বলিলেন, 'এরপ ব্যক্তিকে লোকে পূজা করিবে না তো কাহাকে পূজা করিবে ?' অধ্যাপক যেন সহদয়তার মূর্তিবিশেষ। তিনি স্টার্ডি সাহেব ও আমাকে তাঁহার সহিত জলযোগের নিমন্ত্রণ করিলেন এবং আমাদিগকে অক্সফোর্ডের কতকগুলি কলেজ ও বোডলিয়ান পুস্তকাগার तिथाहित्वत । द्वलक्षय किन्त शर्वे आमाितिशक शोहाहिया निष्ठ आसित्वत, আর আমাদিগকে এত বতু কেন করিতেছেন, জিজ্ঞাসা করিলে বলিলেন, 'রামকৃষ্ণ পরমহংসের একজন শিক্ষের সহিত তো আর প্রতিদিন সাক্ষাৎ হয় না।' বাস্তবিক ষামি নৃতন কথা ভনিলাম।" স্বামীনী ম্যাক্স্লারের ব্যবহার, গৃহের পরিবেশ এবং তাঁহার চরিত্রে ভক্তি, পাণ্ডিত্য ও বিনয়ের সমাবেশ দেখিয়া তাঁহাকে ব্রহ্মধ্যাননিরত প্রাচীন ঋষিতৃল্যই মনে করিয়াছিলেন। স্বামীন্ধী তাঁহাকে ভারতে
আসার কথা জিজ্ঞাসা করিলে "বৃদ্ধ ঋষির মৃথ উজ্জ্বল হইয়া উঠিল, তাঁহার নমনে
একবিন্দু অশ্রু নির্গতিপ্রায় হইল, মৃহভাবে শির সঞ্চালিত হইল, ধীরে ধীরে এই
বাক্যগুলি ক্রিত হইল, 'তাহ। হহলে আমি আর ফিরিব না; আমাকে সেই
থানেই সমাহিত করিতে হইবে।' আর অধিক প্রশ্ন মানব হৃদ্যের পবিত্র রহ্মপূর্ণ
রাজ্যে অনধিকার প্রবেশের ন্যায় বেধধ হইল।" ('বাণী ও রচনা', ১০।১৭৭-৮১)।

ম্যাক্সমূলার 'নাইন্টিন্থ দেঞ্রী'তে যে প্রবন্ধ লিথিয়াছিলেন, উহার নাম 'এক প্রকৃত মহাত্মা'। কথাপ্রসঙ্গে তিনি স্বামীজীকে প্রশ্ন করিয়াছিলেন, "আপনি শ্রীরামকৃষ্ণকে জগতের সমক্ষে প্রচার করার জন্ম কি করছেন ?" (ঐ নাই৪৮ পূঃ)। ভারতবর্ধ সংক্রান্ত নানা বিষয়েও দীর্ঘ আলোচনা ইইয়াছিল। ফিরিয়া আসিয়া স্বামীজী স্বামী সারদানন্দের সাহায়েে শ্রীরামকৃষ্ণের জীবন ও বাণীর বহু উপাদান সংগ্রহ করিয়া ও ভারত হইতে আনাইয়া অধ্যাপকের হত্তে অর্পণ করেন এবং অধ্যাপক ঐ সকল অবলম্বনে 'রামকৃষ্ণঃ তাঁহার জীবন ও উপদেশ' নামে একথানি স্কল্বর পুত্তক রচনা করেন। পুত্তকথানি অধ্যাপকের ভক্তি ও স্ক্রে বৃদ্ধির পরিচায়ক। এই পুত্তক প্রকাশের ফলে পাশ্চান্তা জগতে স্বামীজীর প্রচারকার্য যে খ্বই স্বগম হইয়াছিল, ইহা বলাই বাহুল্য। স্বামীজী ও অধ্যাপকের মধ্যে বেশ ঘনিষ্ঠ বন্ধুত্ব স্থাপিত হইয়াছিল এবং তাঁহারা পরস্পরের সহিত প্রালাপও করিতেন—যদিও দার্শনিক মতবাদ সম্বন্ধে উভয়েই স্বাতন্ত্র্য বজায় রাথিয়া চলিতেন।

এই সময়ে স্বামীজী যে সব পত্র লিখেন, তাহার মধ্যে ৩০শে মে-র একথানিতে তাঁহার নিজের সম্বন্ধে মেরী হেলকে জানাইয়াছিলেন: "এখন এখানে (৬০ সেন্ট জর্জেন রোডে) ক্লান খুলেছি। আগামী সপ্তাহ থেকে প্রতি রবিবার বক্তৃতা আরম্ভ ক'রব। ক্লানগুলি খুব বড় হয়; যে বাড়ীটি সারা মরশুমের জন্ম ভাড়া করেছি, সেই বাড়ীতেই ক্লান হয়। কাল রাত্রে আমি নিজেই রাক্লা করেছিলাম। জাফরান, লেভেগুার, জয়ত্রী, জায়ফল, কাবাবিচিনি, দাক্লচিনি, লবক, এলাচ, মাখন, লেব্র রদ, পেঁয়াজ, কিসমিদ, বাদাম, গোলমরিচ এবং চাল—এগুলি মিলিয়ে এমনই স্বাহ্ থিচুড়ি বানিয়েছিলাম যে, নিজেই গলাখাকরণ করতে পারিনি। ঘরে হিং ছিল না, নতুবা তার খানিকটা মিশালে গিলবার পক্ষে

স্থবিধা হ'ত। কাল হালফ্যাশনের এক বিবাহে গিয়েছিলাম। আমার বন্ধু মিদ মূলার নামী জনৈকা ধনী মহিলা একটি হিন্দু ছেলেকে (অক্ষয় ঘোষকে) দত্তক গ্রহণ করেছেন এবং আমার কাজে দাহায্য করবার জন্ম আমি যে বাড়ীতে আছি দেই বাড়ীতেই ঘর ভাড়া করেছেন। তিনিই বিয়ে দেখবার জন্ম আমাদের নিয়ে গিয়েছিলেন। বিয়ের অমুষ্ঠান যেন আর শেষ হয় না—কি আপদ! তুমি ষে বিয়েতে নারাজ, এতে আমি খুলী।" প্রদক্ষক্রমে বলা ঘাইতে পারে যে, বিবাহাদি দামাজিক অমুষ্ঠানে যোগ দেওয়া ভারতীয় সয়্যাদীদের রীতিবিক্ষ হইলেও পাশ্চাত্ত্য ধর্মযাজকদের অমুস্তত দেশাচারের থাতিরে, বন্ধুদিগের অমুরোধে এবং পাশ্চাত্ত্য দমাজের দহিত স্থপরিচিত হইবার আকাজ্রায় এই জাতীয় অমুষ্ঠানে স্থামীজী যদিও সময়বিশেষে উপস্থিত থাকিতেন, তথাপি তাহার বৈরাগ্যময় চিত্ত উহাতে দর্বদা অবিকৃতই থাকিত; তিনি যে দায়্যাদী, দারাজীবন বিক্ষম অবস্থামধ্যেও দেই দায়্যাদীই ছিলেন—ইহা পুর্বোদ্ধত পত্রাংশের শেষ কয়েক পঙ্জিতে অপ্টই প্রমাণিত হয়।

লণ্ডনের কার্যের সাফল্য স্পষ্টতর হইতে লাগিল: মনে হইল এখানে স্থায়ীভাবে একজন সন্ন্যাসী থাকা আবশুক। কিন্তু আমেরিকার কার্যে অবহেলা চলে না। সম্ভবত: এই কারণেই জুন মাসের শেষে স্বামীন্দ্রী স্থির করিলেন, স্বামী मात्रतानन्तरक जारमित्रकाम भाठाहरतम अवर सामी जराजनानन्तरक जात्रज इंडरज আনাইয়া লণ্ডনে বসাইবেন। স্বামী রামক্ষণানন্দকে লিখিত তাঁহার ২৪শে জ্বের পত্তে আছে: "শরৎ (সারদানন্দ) কাল আমেরিকায় চ'লল। এখানকার কাজ পেকে উঠেছে। লগুনে একটি কেন্দ্রের জন্ম টাকা এর আগেই উঠে গেছে। আমি আগামী মাদে স্থইজরলও গিয়ে এক ছই মাদ থাকব। তার পর আবার লওনে। আমার ভগু ভগু দেশে গিয়ে কি হবে ? এই লওন হ'ল— ছনিয়ার কেন্দ্র; ভারতের হৃৎপিত এখানে। এখানে একটা গেড়ে না বসিয়ে কি যাওয়া হয় ? তোরা পাগল নাকি ? সম্প্রতি কালীকে (অভেদানন্দকে) चानाव, তাকে তৈয়ার থাকতে বলো। পত্রপাঠ যেন চলে चामে।...मञ्चरे শক্তি, আর আজাবহতাই হ'ল তার গৃঢ় রহস্ত।" অবশ্ত লণ্ডনে স্থায়ী কেন্দ্র স্বামীজীর জীবনকালে স্থাপিত হয় নাই। সে সব কারণের অফুসদ্ধান বর্তমান জীবনী-গ্রন্থের ভালোচ্য বিষয় নহে। আমরা ওধু এইটুকু বলিয়া রাখিতে পারি যে, স্বামীজীর স্বাস্থ্য ভালিয়া পড়ায় তিনি লণ্ডনের কার্যে আশাস্থরূপ শক্তি- প্রয়োগ করিতে পারেন নাই, এবং অপর কেহ তথনকার দিনে সে দায়িত্ব গ্রহণে অগ্রসর হন নাই। তথনকার মতো পরিস্থিতি অস্থায়ী সর্বোজ্ঞম ব্যবস্থা হিসাবেই তিনি স্থামী সারদানন্দের হস্তে আমেরিকার ও স্থামী অভেদানন্দের হস্তে ইংলণ্ডের কার্যভার অর্পণের কথা ভাবিয়া স্থায় ঐ বংসরের শেষে ভারতে ফিরিবার জন্ম প্রস্তুত হইতে থাকিলেন। লণ্ডনের কার্য সমাপ্তপ্রায় হইলে ৬ই জ্লাই তিনি শ্রীযুক্ত ফ্রান্সিন লেগেটকে যে পত্র লিখেন উহাকে মোটাম্টি তাঁহার লণ্ডনের কার্যের সংক্ষিপ্ত বিবরণ ও স্থীয় মানসিক অবস্থার প্রতিচ্ছবিরূপে গ্রহণ করা চলে। পত্রে আছে:

"আমার রবিবারের বক্তৃতাগুলি লোকের খুব হৃদয়গ্রাহী হয়েছিল, ক্লাসগুলিও বেশ চলেছিল। এখন কাজের মরস্কম শেষ হয়ে গেছে—আমিও সম্পূর্ণ ক্লাস্ত হয়ে পড়েছি। এখন মিস মূলারের সঙ্গে স্থইজরলণ্ডে বেড়াতে যাচ্ছি। গলস্ওয়ার্দিরা আমার সঙ্গে খুবই সদয় ব্যবহার করেছেন। জো(ম্যাকলাউড) বড় অডুতভাবে তাঁদের এদিকে ফিরিয়েছেন। আমি জোর বৃদ্ধিমত্তা ও নীরব কার্য-প্রণালীর প্রশংসা না ক'রে থাকতে পারছি না।…গত পরশু সন্ধ্যায় আমি মিসেস মার্টিনের বাড়ীতে একটা পার্টিতে নিমন্তিত হয়েছিলাম।…

"যাহোক, ইংলণ্ডে কাজ খ্ব আন্তে আন্তে অথচ স্থানিশিতভাবে বেড়ে চলেছে। এখানকার অস্ততঃ অর্ধেক নরনারী আমার দক্ষে দেখা ক'রে আমার কাজ সম্বন্ধে আলোচনা করেছে। এই বৃটিশ সাম্রাজ্যের যতই ক্রটি থাকুক, এটি যে চারদিকে ভাব ছড়াবার সর্বশ্রেষ্ঠ যন্ত্র, তাতে আর কোন সন্দেহ নেই। আমার সংকল্প—এই যন্ত্রের কেন্দ্রন্থলে আমার ভাবরাশি প্রচার ক'রব—তাহলেই সেগুলি সমগ্র জগতে ছড়িয়ে যাবে। তুমি জেনে স্থগী হবে যে, আমিও দিন দিন সহিষ্কৃতা ও সর্বোপরি সহায়ভৃতির শিক্ষা আয়ত্ত করছি। মনে হয়, প্রবলপ্রতাপশালী আয়ংলো-ইণ্ডিয়ানদের মধ্যেও যে ভগবান রয়েছেন, আমি তা উপলব্ধি করতে আরম্ভ করেছি। মনে হয়, আমি ধীরে ধীরে সেই অবস্থার দিকে অগ্রসর হচ্ছি, যেথানে শয়তান ব'লে যদি কেউ থাকে, তাকে পর্যন্ত ভালবাসতে পারব। বিশ বছর বয়সের সময় আমি এমন গোঁড়া বা একঘেয়ে ছিলাম যে, কারও প্রতি সহায়ভৃতি দেখাতে পারতাম না—আমার ভাবের বিক্লব্ধ হ'লে কারোও সঙ্গে বনিয়ে চলতে পারতাম না, কলকাতার যে ফুটপাথে থিয়েটার, সেই ফুটপাথের উপর দিয়ে চলতোম না পর্যন্ত। এখন এই তেত্রিশ

বংসর বয়সে বেখাদের সঙ্গে অনায়াসে এক বাড়ীতে বাস করতে পারি—ভাদের তিরস্কার করবার কথা একবারও মনে উঠবে না। একি আমি ক্রমশঃ খারাপ হয়ে বাচ্ছি, না আমার হাদয় ক্রমে উদার হয়ে অনস্ত প্রেম বা সাক্ষাৎ সেই ভগবানের দিকে অগ্রসর হচ্ছে? আবার লোকে বলে শুনতে পাই, যে ব্যক্তি চারদিকে মন্দ ও অমঙ্গল দেখতে পায় না, সে ভাল কাজ করতে পারে না, এক রকম অদৃষ্টবাদী হয়ে নিশ্চিন্ত হয়ে যায়। আমি ভো তা দেখছি না, বরং আমার কর্মশক্তি প্রবলভাবে বেড়ে যাচ্ছে—সঙ্গে সঙ্গে কাজের সফলতাও থুব হচ্ছে।"

হেল ভগিনীদিগকে লিখিত ৭ই জুলাইর পত্রে তাঁহার পরবর্তী কার্যক্রমের সংবাদ পাওয়া ষায়় : "ক্লাস ও রবিবারের বক্তৃতাগুলি আগামী ১৬ই থেকে বদ্ধ হয়ে যাবে। আর স্থইজরলগুর পাহাড়ে শাস্তি ও বিপ্রামের জন্ত ১৯শে আমি যাচ্ছি—মাস খানেকের জন্ত । আবার শরৎকালে লগুনে ফিরে কাজ আরম্ভ করা যাবে। এখানে কাজ খুবই আনন্দজনক হয়েছে। এখানে আগ্রহ জাগিয়ে—আমি প্রকৃতপক্ষে ভারতে থেকে যা করতে পারতাম, তার চেয়ে বেশী ভারতের জন্তই করেছি। আমি তিনজন ইংরেজ বন্ধুর সঙ্গে স্থইজরলগুর পাহাড়ে যাচ্ছি, পরে শীতের শেষে কয়েকজন ইংরেজ বন্ধুরে নিয়ে ভারতে যাবার আশা করি। তাঁরাও আমার মঠে থাকতে যাচ্ছেন, মঠ হবার পরিকল্পনা চলছে মাত্র। হিমালয়ের কোথাও দেটা বাস্তবে রূপ নেবার চেষ্টা করছে।"

স্বামীজীর ইউরোপ ভ্রমণের বৃত্তাস্ত উপস্থিত করার পূর্বে তেমন গুরুত্বপূর্ণ না হইলেও স্বামীজীর ভ্রাতা শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দত্ত মহাশয়ের 'লগুনে বিবেকানন্দ' গ্রন্থ অবলম্বনে স্বামীজীর সম্বন্ধে তুই-চারিটি তথা পরিবেশন করিলে মন্দ হইবে না। মহেন্দ্রবাব্ পাঠোন্দেশ্রে লগুনে গিয়াছিলেন এবং সম্ভবতঃ ১৮৯৬-এর এপ্রিলের দিতীয় সপ্তাহে, অর্থাৎ স্বামীজীর স্বাগমনের দিনকয়েক পূর্বে তথায় পৌছিয়াছিলেন।

মহেন্দ্রবাব্র গ্রন্থাস্থারে স্থামীক্ষী আমেরিকা হইতে লণ্ডনে পৌছিয়া সেধানে এক সপ্তাহ থাকার পর, শ্রীমতী মূলারের পল্লীনিবাসে গিয়া কিছুদিন কাটাইয়াছিলেন। মেডেন হেড স্টেশন হইতে ছই-তিন মাইল দ্রে পিংকিনিস গ্রীণ নামক গ্রামে ঐ বাটীতে স্থামী সারদানন্দও ঐ সঙ্গে গিয়াছিলেন, মহেন্দ্রবার্ গ্রামের অন্ত এক বাড়ীতে থাকিতেন। শ্রীমতী মূলার স্থামীক্ষীদের সর্বপ্রকার ব্যবস্থা করিলেও তাঁহার স্থভাবটি ছিল বড় ক্ল্ক, এবং তিনি প্রতিবাদ সন্থ করিতে পারিতেন না। স্থামী সারদানন্দ এই মহিলার রকম-সকম দেখিয়া বলিয়াছিলেন,

"এ দেবীর মন্ত্র কি জানিদ? 'কাণে কট, কাণে তৃষ্ট। তৃষ্ট কট কাণে কাণে'।" গ্রামে কিছুদিন কাটাইয়া স্বামীজী লণ্ডনে ফিরিয়া কাজ আরম্ভ করেন।

লণ্ডনে ফিরিয়া স্বামীক্ষী দেন্ট কর্জেদ রোডের বাড়ীতে অবস্থান করিতে থাকিলে মহেন্দ্রবাব্ধ দেখানে চলিয়া আদেন। ঐ সময় স্বামীক্ষীর পূর্বপরিচিত কৃষ্ণ মেনন নামক এক ব্যক্তিও তথায় যাতায়াত করিতেন। স্বামীক্ষীর পত্রে প্রকাশ, মেননের আর্থিক অবস্থা ভাল ছিল না, তাই তিনি তাঁহাকে কিঞ্চিৎ অর্থ দাহায়্য করিয়াছিলেন। স্বামীক্ষী চাহিতেন না যে মহেন্দ্রবাব্ আইন-ব্যবসায়ী হন, কেন না প্রীরামকৃষ্ণ তাহা পছন্দ করিতেন না। অতএব মহেন্দ্রবাব্ অন্থ বিষয় পড়িতেন। তিনি কলিকাতা হইতে স্বামীক্ষীর জন্ম 'বাচম্পত্যম্ অভিধানম্' লইয়া আদিয়াছিলেন। পুনঃপুনঃ এইসব বৃহৎ সংস্কৃত গ্রন্থ অধ্যয়নের উল্লেখ হইতে সহজেই অন্থমিত হয়, সংস্কৃত ভাষা ও হিন্দুশান্ত্রের প্রতি স্বামীক্ষীর কির্মপ প্রগাঢ় অন্থরাগ ছিল।

ষামীজী যথন আমেরিকায় শ্রীযুক্তা ওলি বুলের গৃহে ছিলেন, তথন ফক্স
নামক এক যুবক তাঁহার সেক্রেটারীর কাজ করিতেন। তিনিও লগুনে আসিয়া
সম্ভবত: মে মাস হইতে স্বামীজীর সঙ্গে বাস করিতে লাগিলেন। ঐ সেট
জর্জেস রোডের বাড়ীতেই থাকা কালে শ্রীমতী মূলার তাঁহার সহিত ক্যায়শাস্ত্রের
অধ্যাপক ও ইউরোপে থ্যাতনামা নৈয়ায়িক ডা: জন ভেন-এর সাক্ষাতের জন্য
স্বামীজীকে লইয়া যান। নৈয়ায়িক মহোদয় স্বামীজীর সহিত আলাপ করিয়া
বিশেষ প্রীতি অফুভব করেন।

স্বামীজীর ইংলগু জীবনের একটি ঘটনা ভগিনী নিবেদিতা লিপিবদ্ধ করিয়াছেন। ইহার সঠিক সময় অজ্ঞাত, হয়তো পল্লীগ্রামে শ্রীমতী ম্লারের গৃহে বাসকালে ঘটিয়া থাকিবে। সেদিন শ্রীমতী ম্লার ও একজন ভদ্রলোকের সহিত স্বামীজী মাঠে বেড়াইতেছিলেন। অকস্মাৎ একটি ক্রুদ্ধ বাঁড় তাঁহাদের দিকে ছুটিয়া আসিতে লাগিল। "ইংরেজ ভদ্রলোকটি চোঁচা দেড়ি দিয়া পাহাড়ের অপর পার্যে নিরাপদ স্থানে পৌছিলেন। মহিলাটি যতদ্র শক্তিতে কুলায় দেড়িলেন, তারপর আর না পারিয়া পড়িয়া গেলেন। এইরূপ পরিস্থিতিতে আর কোন উপায় না দেখিয়া স্বামীজী ভাবিলেন, 'ওং, তাহলে এভাবেই তো সব ফুরিয়ে যায়!'—এবং তুই হন্ত বক্ষোপরি রাখিয়া মহিলাটিকে আগলাইয়া দাড়াইলেন। তিনি পরে বলিয়াছিলেন, তথন তাঁহার মনে গণিতের এই সম্প্রাটি

লইয়াই তোলপাড় চলিতেছিল যে, যাঁড়টি তাঁহাকে কতটা দূরে ছুঁড়িয়া কেলিতে পারে। কিন্তু জানোয়ারটি অকমাৎ কয়েক পদ দূরে থামিয়া গেল, মাথা তুলিল এবং মন্থরগতিতে পশ্চাদপদরণ করিল।"

মহেন্দ্রবাবুর মতে লগুনের ক্লাসগুলি প্রথম দিকে মঙ্গল ও শুক্রবারে প্রতিদিন তুইবার করিয়া বসিত—বেলা এগারটা হইতে একটা পর্যন্ত একবার এবং সদ্ধান সাতটা হইতে আর একবার। মাসথানেক পরে রবিবাসরীয় বক্তৃতার স্ত্রপাত হইলে এ বক্তৃতা শুক্ত হইত বিকাল চারিটায়।

স্বামীজী তথন নিদাকণ পরিশ্রম করিতেছিলেন। তাঁহার শরীর যে তথন কত থারাপ ছিল তাহার পরিচয় পাওয়া যায় মহেক্রবাবুর বর্ণিত একটি ঘটনা হইতে। একদিন মধ্যাহ্হভোজনের পর স্বামীজী তাঁহার ঠেদান দেওয়া চেয়ার-থানিতে বিদয়া ভাবিতেছিলেন বা ধ্যান করিতেছিলেন। হঠাৎ যেন তাঁহার মুথে বড় কটের ভাব দেথা গেল। থানিকক্ষণ পরে তিনি নি:খাস ফেলিয়া ফক্সকে বলিলেন, "দেথ ফক্স, আমার হৃংপিগু প্রায় বন্ধ হয়ে য়াচ্ছিল। আমার বাবা এই (সয়্লাস) রোগে মারা গেছেন। বুকটায় বড় য়য়্রণা হচ্ছিল, এইটা আমাদের বংশের রোগ।"

ফল্মের সহিত আর একদিনের কথাবার্তার সংক্ষিপ্ত বিবরণে বলা হইয়াছে, স্বামীজী সেদিন চেয়ারে ঠেদান দিয়া বিদিয়া মৃদ্রিতচক্ষে কি ভাবিতেছিলেন। পরে থাড়া হইয়া বিদিয়া ফল্লকে বলিলেন, "দেউ পল ছিলেন একজন শিক্ষিত ধর্মোন্মন্ত ব্যক্তি, এবং একদল পণ্ডিত ধর্মোন্মাদ তৈরি করতে চাই। দেখ, যারা শুধু ধর্মোন্মাদ তারা কোন কাজের নয়, ও হচ্ছে মন্তিকের রোগ, এতে বড় অনিষ্ট.করে। পণ্ডিত ধর্মোন্মাদ হলে কাজ হয়।… পল ছিলেন পণ্ডিত উন্মাদ; তাই তিনি গ্রীক দর্শন ও রোমান সভ্যতাকে উন্টাইয়া ফেলিলেন।" আর একদিন স্টার্ভিকে বলিয়াছিলেন, "বেদাস্ক সকল ধর্মের ফিলোসফিটা (দার্শনিক তত্ত্ব) বলে যায়, যা কোন ধর্মবিশেবের একচেটিয়া নয়। এজন্ত বেদাস্ক সর্বজনীন ধর্ম হবে। একে সর্বজনীন সম্পন্তিতে পরিণত কর।…কতকণ্ডলো সন্থার্পনা লোকের হাতে থাকবে না।" (ঐ, ১৫০ পঃ)।

স্বামীজী একদিকে অতি উচ্চশ্রেণীর লোকের সহিত মিশিতেন, ইংলণ্ডের অভিজাতগৃহে এমন কি ডিউকের গৃহেও আহারাদিতে নিমন্ত্রিত হইতেন, অপর দিকে তেমনি সাধারণ লোকও তাঁহার সহিত আত্মীয়ভাবে মিশিত, সংসারের স্থতঃথের কাহিনী তাঁহাকে শুনাইত, এবং স্থলবিশেষে পরামর্শও চাহিত, বিদেশী বলিয়া কোনও সকোচের ভাব তাহাদের মধ্যে দেখা ঘাইত না। সামীজীও তাহাদের সহিত আলাপ-আলোচনাকালে ঠিক যেন তাহাদের একজন হইয়া ঘাইতেন।

লণ্ডনের বক্ততাগুলি খুবই জনপ্রিয় হইয়াছিল; কিন্তু সব সমাজেই কিছু না কিছু ছষ্টলোকও থাকে, বিশেষতঃ ভারত-প্রত্যাগত কোন কোন ইংরেজ ভারতীয়দের প্রতি অসৌজন্ম প্রদর্শন করিয়া তথনকার দিনে বাহাত্বরি লইত। শামীজীর সভাগতে একদিন এইরূপ একটি অশোভন ঘটনা ঘটিয়াছিল 🖟 স্বামীজী তথন রাজ্যোগ সম্বন্ধে গভীর তথ্যপূর্ণ ও প্রাণস্পর্শী বক্তৃতা দিতেছিলেন; কিছ সভায় উপস্থিত এক অ্যাংলো-ইণ্ডিয়ান মাঝে মাঝে বিজ্ঞপাত্মক টিপ্পনী কাটিতে লাগিল। শ্রোতারা ইহাতে বিরক্ত হইলেও স্বামীষ্কী সেদিকে জ্ঞকেপ না করিয়া আপনমনে অবিরাম বলিয়া বাইতে লাগিলেন। আাংলো-ইণ্ডিয়ান ক্রমে টিপ্পনী ছাড়িয়া সমালোচকের ভূমিকায় নামিল। স্বামীজী বুদ্ধের প্রশংসা করিলে সে বৃদ্ধের নিন্দা আরম্ভ করিল। অমনি স্টার্ডি ও গুডউইন কেপিয়া গেলেন এবং প্রতিকার করিতে অগ্রসর হইলেন; কিন্তু স্বামীঞ্জী তবু वकुछ। চালाইয়। याইতেছেন দেখিয়। তাঁহার। নিরস্ত হইলেন। স্থাবার স্বামীজী माधुराद अभःमा क्रिया प्याः ला-रेखियान উरापिशरक रहात है। हिए विवा গালাগালি দিল। অমনি ন্টার্ডি ও গুড়উইন আর একবার ক্ষেপিয়া উঠিলেন. किछ चामी की द वे विषय विनुमाव क्यांक्य नारे प्रिया ववात्र भार रहेतन। অত:পর অ্যাংলো-ইণ্ডিয়ানটি দিদ্ধান্ত করিল, স্বামীন্ধী বালালীবাবু, ডাই विनया छिनि त्व निभाशी वित्तारहत नमय हेश्त्रकता वाकानीवावुरमद वांচाह्या-ছিলেন। বার বার বাধা পাইয়া স্বামীজী এবারে ঐ অভদ্র লোকটির দিকে তাকাইয়া ওজন্বিনী ভাষায় ইতিহাসের নজির দিয়া ইংরেজের কুকীতি সম্বন্ধ দীর্ঘকাল ধরিয়া এমন কতকগুলি কথা বলিলেন বে, ঐ অ্যাংলো-ইণ্ডিয়ান আর সামলাইতে না পারিয়া কাঁদিতে লাগিল। স্বামীনী অমনি মুখ ফিরাইয়া পূর্বে রাজ্যোগ সম্বন্ধে যাহা বলিতেছিলেন ঠিক সেইখান হইতে নির্দিষ্ট বিষয়ে বক্ততা করিতে লাগিলেন, যেন কিছুই হয় নাই। বক্ততাশেষে শ্রোতাদের অনেকেই স্বামীজীকে ধন্তবাদ দিয়া বলিলেন, "আপনার ধৈর্বের প্রশংসা করি, আপনি সত্যই মহাপুরুষ।" (এ ৯৬-১০২ প্র:)।

এই ধারায় কিছুদিন কার্য চালাইয়া ইউরোপ ল্রমণে নির্গত হইবার পুর্বে এবং ইংলণ্ডের কার্যের জন্ম ভারত হইতে স্বামী অভেদানন্দের আদার আগেই তিনি স্বামী সারদানন্দকে আমেরিকায় পাঠাইয়া দিলেন। সঙ্গে গেলেন अष्ठिहेन। आग्री मात्रमानन न्छन आत्मित्रिकात्र माहेत्छिहितन। अछ धर নিজের অস্থবিধা সত্ত্বেও ঐ সঙ্গে গুডউইনকে পাঠানোর একটা প্রয়োজন ছিল। ইহা ছাড়াও গুডউইনের নিজের দিক হইতে অগুত্র যাওয়া আবশুক হইয়া পড়িয়াছিল। গুডউইন স্বামীজীকে থুবই শ্রদা করিতেন; কিন্তু তিনি ছিলেন ষত্যস্ত গরীব। এদিকে স্টার্ডি ও শ্রীমতী মূলার সম্লান্ত শ্রেণীর ব্যক্তি বলিয়া গুডউইনের সহিত এক টেবিলে বসিয়া আহারাদি করা পছন্দ করিতেন না-ইহা গুডউইন প্রাণে প্রাণে বুঝিতেন; তাই তিনি ভাবিয়া দেখিলেন যে, স্বামীক্সী সেণ্ট জর্জেন রোডের বাড়ী ছাডিয়া দিলে তাঁহাকে পয়সা খরচ করিয়া অক্সত্র থাকিতে ও থাইতে হইবে। অতএব তিনি প্রস্তাব করিলেন, তিনি অক্সত্র শন্তায় ঘর ভাড়া লইয়া থাকিবেন, ক্রত-লেথকের কার্য করিয়া অর্থোপার্জন করিবেন এবং এই প্রকারে স্বামীন্সীর অমুপস্থিতিকালের দিনগুলি কাটাইবেন। স্বামীষ্কী কিন্তু ভাবিয়া স্থির করিলেন, ঐকালে আমেরিকায় ওলি বুলের বাড়ীতে গিয়া থাকিলে গুডউইনের সকল সমস্তা দূর হইবে। তদত্বসারে স্বামী সারদানন্দ ও গুডউইন লিভারপুল হইতে জাহাজ ধরিয়া আমেরিকায় ধাইবার জন্ম ২৫শে জুন (১৮৯৬) লণ্ডন ত্যাগ করিলেন। আর ৩রা জুলাই স্বামীজী ভারতে পত্র দিলেন, "এই পত্রপাঠ কালীকে (অভেদানন্দকে) ইংলণ্ডে পাঠাইয়া দিবে।" স্বামীজী তারপর আরও কিছুদিন লণ্ডনের কাজ চালাইয়া কিঞিৎ বিশ্রামলাভের উদ্দেশ্যে জুলাই মাদের মাঝামাঝি শ্রীমতী মূলার ও সেভিয়ার দম্পতির সহিত ইউরোপ-ভ্রমণে নির্গত হইলেন।

ইংলণ্ডের ধর্মপ্রচারকে অবলম্বন করিয়া স্বামীজীর জন কয়েক ঘনিষ্ঠ বন্ধুলাভ ঘটিয়াছিল। আমরা শ্রীমতী মূলার ও শ্রীযুক্ত দ্টাডির দহিত পরিচিত হইয়ছি। আর তিনজন অহরাগী ভক্ত জ্টিয়াছিল—দেভিয়ার দম্পতি ও কুমারী মার্গারেট ই. নোবল অথবা পরবর্তী কালের স্বনামধন্তা ভগিনী নিবেদিতা। ইহারও উল্লেখ আমরা পূর্বেই করিয়াছি। স্বামীজীর প্রথমবারে ইংলণ্ডে আসার পর তাঁহার সহিত নিবেদিতার প্রথম সাক্ষাৎকার হয় লেভি ইসাবেল মার্গু সনের গৃহে। আতশীধানার পার্যে বসিয়া ১৮৯৫ খুটাবের নভেম্বর মানের এক সন্ধ্যায় স্বামীজী

সম্ববে অর্থবভাকারে উপবিষ্টা পনর-যোল জন ভক্তিপরায়ণা শ্রোত্তীকে ভগবছাণী শুনাইতেছিলেন। তাঁহার উচ্চ আধ্যাত্মিক বাণী ও চক্ষের সারলামগুত উচ্চভাব সেদিন মার্গারেটকে মেরী-ক্রোডে উপবিষ্ট শিশু যীশুর কথা শ্বরণ করাইয়াছিল। স্বামীন্সীর কথাগুলি নিবেদিতার নিকট প্রাণস্পর্শী হইলেও তিনি তথনই ঐগুলিকে সজ্ঞানে স্বীকার করিয়া লইতে পারেন নাই। ঐ মরস্থমে তিনি স্বামীন্দ্রীর স্বারও তুইটি বক্ততায় ১৬ই এবং ২৩শে নভেম্বর উপন্থিত থাকিলেও তাঁহার মন সন্দেহ-দোলায়িত রহিয়া গেল। স্বামীজীর প্রশ্নোত্তর ক্লাসগুলিতে विषया वित्विष्ठात यन वात्रवात विषया छैठिए. "किन्द्र", "यिन" ।ইত্যाদि। পরবর্তী কালে নিবেদিতার তৎকালীন এই বিচারপ্রবণ সন্দেহাকুল মানের কথা তुनिया चामीकी वनियाहितन, "विचान जन्नात्ना कारता कीवत कठिन रख থাকলেও এজন্য আপদোদ করার কিছু নেই, আমি ঠাকুরের দঙ্গে দীর্ঘ ছয় বছর লড়েছিলাম, তার ফলে আমি রান্তার প্রত্যেক ইঞ্চির—নাধনমার্গের প্রত্যেক ইঞ্চির পরিচয় লাভ করতে পেরেছি।" সেবারে ইংলও ত্যাগের পূর্বেই নিবেদিতা স্বামীজীকে গুরুজী (মাস্টার) বলিয়া সম্বোধন করিতে থাকেন। নিবেদিতারূপিণী মার্গারেট পরে লিখিয়াছেন, "ঐ ব্যক্তির মধ্যে যে বীরোচিত ভাব ছিল, আমি তাহার পরিচয় পাইয়াছিলাম এবং তাঁহার স্বন্ধাতির প্রতি তিনি যে প্রীতি পোষণ করিতেন আমি তদর্থে আপনাকে উৎসর্গ করিতে চাহিয়াছিলাম। আচার্বের দিক হইতে তাঁহাকে নিরীক্ষণ করিতে গিয়া আমি বুঝিলাম, যদিও তিনি একটি বিশেষ মতবাদের প্রচারক ছিলেন, তথাপি তিনি যদি কথনও বুঝিতেন বে, ঐ মতবাদ-মধ্যে সত্য নিহিত না থাকিয়া বরং অন্তত্ত অবস্থিত খাছে, তবে দে বাদটি পরিত্যাগ করিতে তাঁহার মুহূর্তমাত্র বিলম্ব হইত না। এই কথাটার যাহা প্রকৃত তাৎপর্য, আমি সেই অর্থেই তাঁহার শিক্ষা হইলাম। हेहात अधिक याहा किछू, जाहात ज्वग्र आणि जाहात जिलानेगावनीत गर्थहे অমুধাবনের পরে বোধ করিলাম যে, উহার মধ্যে সম্পূর্ণ সামঞ্জন্ত আছে, কিন্তু ষতক্ষণ পর্যস্ত না স্বীয় অমুভূতির ফলে আমি ঐগুলির যাথার্থ্য অমুভব করিয়া-ছিলাম, ততকণ পর্যন্ত আমি মনেপ্রাণে তাঁহার প্রচারিত সমস্ত কথার চরম প্রামাণ্য স্বীকার করিয়া লই নাই। স্বধিকন্ত ঐ সময়ে তাঁহার ব্যক্তিত্বের বারা গভীরভাবে আরুষ্ট হইলেও তাঁহার আত্মাভিব্যক্তির সহিত অক্ত বেসকল প্রতিভাবান ব্যক্তির কথা আমি জানিতাম তাঁহাদের যে আকাশপাতাল

ভেদ আমি পরে লক্ষ্য করিয়াছিলাম তাহা ঐ কালে স্বপ্নেও ভাবিতে পারি নাই।"

সেই শীতকালে সামীজী আমেরিকায় ফিরিয়া গেলে মার্গারেট তাঁহার সহজে তিনটি চিন্তায় ব্যাপৃত রহিলেন: প্রথমত: তাঁহার ধর্মামূভ্তির প্রসার, দিতীয়ত: তাঁহার চিন্তার অভিনবত্ব ও আকর্ষণশক্তি, এবং তৃতীয়ত: মানবের যাহা কিছু মহৎ ও পবিত্র শুধু তাহারই নামে উচ্চারিত তাঁহার আহ্বান। মামূষ আজন্ম পাপী বা তুর্বল ইত্যাদি মতবাদের সহিত তাঁহার কোন সংস্রব ছিল না।

দ্বিতীয়বার লণ্ডনে আসিয়া স্বামীজী ক্লাস ও বক্ততা আরম্ভ করিলে মার্গারেট বান্ধবীদের সহিত পুনরায় ঐ সকলে যোগ দিতে থাকিলেন। এই সময়ের অভিজ্ঞতা সম্বন্ধে মার্গারেট সেপ্টেম্বর মাসের 'ব্রহ্মবাদিনে' লিথিয়াছিলেন: "কাহারও দৃষ্টিতে এমন একটা ধর্মের ধারণাই যথেষ্ট ছিল যাহাতে সার্বজ্ঞনীন ধর্ম-মতসহিষ্ণুতা শিক্ষা দেয়, যাহাতে বলা হয় যে, আমরা সত্য হইতে সত্যের দিকে অগ্রসর হই, ভ্রম হইতে সত্যে যাই না। আবার আমাদের সাহিত্য, বিশেষতঃ শ্রেষ্ঠতম অহুপ্রেরণার পুন:পুন: প্রকাশে দমুদ্ধ কাব্য, গভীরভাবে অধ্যয়নে রত অপর একজনের নিকট স্বামীজীর উচ্চারিত 'আমি ব্রহ্ম' এই তন্তটি আসিত যেন চিরপরিচিত তথ্যের মতো, যদিও তাহা পূর্বে কখনও ঐভাবে উচ্চারিত হয় নাই। আরও অনেকে ছিলেন বাঁহাদের নিকট ভগবানের পিতত্বরূপ মানবোচিত ভাব একটা সামাত্ত সমস্তাবিশেষ ছিল, তাঁহারা দেখিলেন, এইরূপ ধারণাকে চরম সত্য বলিয়া গ্রহণ করা অনাবশ্রক, পরস্ক ভগবৎসত্তার সহিত অভেদাহভৃতির দিকে অগ্রসর হওয়ার পথে ক্রমবন্ধরূপে সজ্জিত সাধন ধারায় উহা একটি স্তর-বিশেষমাত্র। আবার মাহুষের একত্বরূপ ধারণার স্পর্শেই অভীভের সকল অভিজ্ঞতা তাৎপর্যময় হইয়া উঠে, এবং দেবার আগ্রহে দর্বস্বভ্যাগের ষে আকাজ্ঞা অতীতে কখনও সাহসপূর্বক স্বীকৃত হয় নাই, ইহাতেই তাহার যৌক্তিকতা সিদ্ধ হয়। আমাদের সকলেই—কেহ এই ঘারে, কেহ বা অপর ঘারে — আমাদের বিরাট উত্তরাধিকারভাগুারে উপস্থিত হইয়াছি এবং আমরা দে বিষয়ে সচেতন।"

একদিন প্রশ্নোত্তর ক্লাসে স্বামীকী অকস্মাৎ বজ্বনির্ঘোষে বলিয়া উঠিলেন, "জগৎ আজকার দিনে যা চায়, তা হচ্ছে এমন বিশক্ষন নরনারী যারা ঐ রাস্তায় দাঁড়িয়ে সাহসভরে বলতে পারবে যে, ভগবান ছাড়া তাদের আপনার বলবার

আর কেউ নেই। কে প্রস্তুত ?" আবার তিনি বলিলেন, "ভয় পাবে কেন ? এ বদি সত্যি হয়, তবে আর কিছতে কি যায় আসে? আর এ বদি সত্যি না হয়, তবে आমাদের জীবনেই বা कि यात्र आटम ?" নিবেদিতার হাদর সাড়া দিল। কিছ কি করিতে হইবে তিনি জানিতেন না, অতএব স্বামীজীকে জিজ্ঞাসা করিলেন, স্বামীজীর পরিকল্পনাটি কিরপ। স্বামীজীর ৭ই জন (১৮৯৬)-এর পত্রে ইহার উত্তর পাওয়া যায়। বাহুল্যভয়ে আমরা ইহা উদ্ধৃত করিলাম না। মোটামূটি স্বীয় আদর্শের কথা বলিয়া স্বামীন্দ্রী পত্রশেষে লিখিলেন, "হে মহাপ্রাণ, ওঠো, জাগো! জগৎ হুংখে পুড়ে থাক হয়ে যাচ্ছে—তোমার কি নিদ্রা সাজে ? এন, আমরা ডাকতে থাকি, যতক্ষণ না নিদ্রিত দেবতা জাগ্রত হন 🔄 আমি আটঘাট বেঁধে কোন কাজ করি না। কার্যপ্রণালী আপনি গড়ে ওঠে ও নিজের কার্য সাধন করে। আমি ভর্বলি — ওঠ, জাগো।" নিবেদিতা ধরিয়া লইলেন, স্বামীজী তাঁহার আত্মদান স্বীকার করিয়াছেন। একদিন কথাচ্ছলে স্বামীজী বলিলেন, "আমার দেশের নারীসমাজের জ্ব্যু আমার একটা পরিকল্পনা আছে, ষাতে আমার বিশ্বাস, তুমি থুব কাজে লাগবে।" নিবেদিতার অন্তর দে আহ্বান মানিয়া লইল। তিনি স্বামীন্দীর কান্দের জন্ম প্রস্তুত হইতে লাগিলেন। তাঁহার বয়স তথন অষ্টাবিংশ বংসর।

স্থানীজীর অপর ছই অথরাগী ভক্ত সেভিয়ার দম্পতি। কাপ্তেন সেভিয়ার পূর্বে ভারতীয় সৈন্থবিভাগে কাজ করিতেন এবং স্থানীজীর লগুন আগমনের বছ পূর্বেই সৈন্থবিভাগ হইতে অবসর লইয়া ইংলণ্ডের হ্যাম্পস্টেডে নিজগৃহে বাস করিতেছিলেন। সেভিয়ার দম্পতি ধর্মলাভের আকুল আকাজ্জায় বছ অধ্যয়ন ও চেষ্টা করিয়াও প্রাণে শান্তি পান নাই। বিভিন্ন মতবাদ সত্যের দার উদ্বাটিত না করিয়া যেন অন্ধপরম্পরাকেই শ্রেষ্ঠ স্থান দিতে বন্ধপরিকর ছিল। রীতিনীতি শান্তগ্রন্থ ও আচার ব্যবহারই ধর্মের স্থান অধিকার করিয়া বসিয়াছিল। স্থানীজীর লগুনে আগমনের অব্যবহিত পরে তাঁহারা এক বন্ধুমুখে সংবাদ পাইলেন যে, জনৈক ভারতীয় যোগী প্রাচ্য দর্শন ব্যাখ্যা করিবেন, অতএব সাগ্রহে যোগীর কথা তানিবার জন্ম যথাস্থানে উপস্থিত হইলেন। বক্তৃতা তানিয়া তাঁহারা মৃশ্ধ হইলেন এবং বক্তৃতাবিষয়ে পরস্পর আলোচনা করিতে গিয়া উভয়ে দেখিলেন, তাঁহারা মনে মনে এই একই কথা ভাবিতেছিলেন, "এই ব্যক্তি এবং এই দর্শনেরই তো অন্বেরণে আমরা এযাবং জীবন্যাপন করিয়াছি অথচ সফলকাম হই নাই।"

ষামীন্দীর প্রচারিত অবৈত দর্শনই ছিল তাঁহাদের নিকট অধিকতম চিন্তাকর্থক ও সন্তোষপ্রদ। মার্গারেট বেমন সম্পূর্ণ ভক্তি-বিশাস লইয়া স্বামীন্দীর পাদপদ্মে আপনাকে নিবেদন করিয়াছিলেন, দেভিয়ারদের আত্মসমর্পণ্ড ছিল তেমনি স্বাভাবিক ঐকান্তিক ও শ্রন্ধাভক্তি পরিপূর্ণ। দৈশ্যবিভাগ হইতে অবসরপ্রাপ্ত শ্রিযুক্ত সেভিয়ারের বয়স তথন উনপঞ্চাশ। তথন তিনি ও তাঁহার দ্রী সত্যাম্পদ্ধানে ব্যাপৃত ছিলেন। শ্রীমতী ম্যাকলাউড এক সময়ে রোমা রোলাকে বলিয়াছিলেন ('দি লাইফ অব বিবেকানন্দ' ১৪-১৫): "স্বামীন্দীর একটি ভাষণ শ্রবণান্তে বক্তৃতাগৃহ হইতে বাহিরে আসিয়া শ্রীযুক্ত সেভিয়ার আমাকে জিজ্ঞাসা করিলেন, 'আপনি এই যুবক ভন্তলোককে জানেন ? তাঁকে বেমন দেখায়, ইনি সত্যি কি তাই ?' 'হাঁ।' 'তাহলে তো তাঁর অম্পূর্ণ করতে হবে এবং এঁরই সাহায্যে ভগবান-লাভ করতে হবে।' তিনি তাঁহার গ্রীর কাছে গিয়া শুধাইলেন, 'আমি ধদি স্বামীন্দীর শিশু হই, তাতে তোমার মত আছে তো ?' তিনি উত্তর দিলেন, 'হাঁ'। তারপর স্বী স্বামীকে শুধাইলেন, 'তুমি আমায় স্বামীন্ধীর শিশু হতে দেবে তো ?' স্বামী প্রেমপূর্ণ রহস্তাচ্ছলে বলিলেন, 'তা ঠিক বলতে পাচ্ছি না।'"

অতঃপর প্রথম যেদিন তাঁহারা স্বামীজীর সহিত ব্যক্তিগতভাবে দেখা করিতে গেলেন, সেদিনই তিনি শ্রীযুক্তা সেভিয়ারকে 'মা' বলিয়া সম্বোধন করিলেন, সেদিন হইতে তাঁহারা স্বামীজীকে পাইলেন শুধু গুরুরপে নহে, অধিকন্ধ পুত্ররপে। স্বামীজী সেদিন তাঁহাদিগকে প্রশ্ন করিলেন, "আপনাদের কি ভারতে আসতে ইচ্ছা হয় না? এলে আমি আমার অহভৃতির শ্রেষ্ঠ সম্পদ আপনাদের দেব।" সেভিয়ার দম্পতি সোল্লাসে এই প্রস্তাবে সম্মত হইয়াছিলেন, এবং এই প্রকারে যে অটুট সম্বন্ধ স্থাপিত হইয়াছিল, তাহা একদিকে যেমন স্বামীজীর পাশ্চান্ত্য কর্মের অশেষ সাফল্য আনিয়াছিল, অপরদিকে তেমনি তাঁহার দীর্ঘকালবান্থিত হিমালয়ের আশ্রমটিকে রূপপ্রদান করিয়াছিল। তাঁহারা তাঁহাদের সম্পন্ত স্থাবরাস্থাবর সম্পন্তি স্বামীজীর হস্তে তুলিয়া দিতে চাহিয়াছিলেন, কিন্তু ভবিশ্বতের কথা ভাবিয়া স্বামীজী এই প্রস্তাবে স্বীকৃত হন নাই, এবং নিজেদের ভরণপোষণের জন্ম উপযুক্ত অর্থ রাথিয়া দিতে বলিয়াছিলেন। গুরুর এই আদেশ পালন করিলেও তাঁহারা পরিগৃহীত আদর্শের অম্বন্তপূর্বক হিমালয়ের আশ্রমে বিয়াছিলেন। ১৯০১ পৃষ্টাকে শ্রীযুক্ত সেভিয়ার সেখানেই দেহত্যাগ করেন এবং

প্রকৃত অবৈতবাদীর স্থায় বলিয়া যান, পার্বত্য নদীতীরে তাঁহার দেহ ভস্মীভূত হওয়ার পর যেন তাঁহার স্মশানে কোন স্মৃতিচিহ্ন রক্ষিত না হয়। শ্রীযুক্তা দেভিয়ার ইহার পরেও দেখানেই ছিলেন এবং হিমালয়ের নির্জনতার মধ্যে একাকিনী ইংরেজ-মহিলারপে আঠারটি বংসর কাটাইয়াছিলেন। ম্যাকলাউড যখন জিজ্ঞাসা করিয়াছিলেন, "আপনার কি এক্ষেয়ে মনে হয় না?" তিনি তখন উত্তর দিয়াছিলেন, "আমি তাঁর (স্বামীজীর) কথা ভাবি।"

যাহা হউক, আমাদের আলোচ্যকালেই লগুনে এই দ্বিতীয়বারে শ্রীযুক্ত স্টার্ডি, শ্রীমতী মূলার, কুমারী মার্গারেট, ও সেভিয়াররা স্বামীন্ধীর নিকট দীক্ষা গ্রহণ করেন।

স্বামীজীর লণ্ডনে বাসকালে ভারতে একটি উল্লেখযোগ্য ঘটনা ঘটিয়াছিল। चामीकीत जानत्र ७ त्थात्राय ১৮२७ यृष्टात्मत कुनार मात्म रेश्ततकी ভाষाय 'প্রবৃদ্ধ ভারত' বা 'এ্যাওকেও ইভিয়া' নামক মাসিক পত্রিকা মান্রাজ হইতে প্রকাশিত হইল। উহার সম্পাদক ছিলেন এযুক্ত বি. আর, রাজম আয়ার। 'প্রবৃদ্ধ ভারতে'র প্রথম সংখ্যা পাইয়া স্বামীজী ঐ পত্রিকার অক্ততম পৃষ্ঠপোষক শ্রীযুক্ত নঞ্জু রাওকে ১৪ই জুলাই যে পত্র লিখেন উহাতে পত্রিকার প্রশংসার সহিত ভারতের স্বাধীনতালাভের প্রকৃত উপায় ও চিত্রশিল্প সম্বন্ধে তাঁহার নিজম চিস্তার ফুন্দর পরিচয় পাওয়াযায়। তিনি লিখিয়াছিলেন: "'প্রবৃদ্ধভারত'-গুলি পৌছেছে এবং ক্লাসে বিলি করাও হয়েছে। পত্রিকা খুব সস্ভোষজনক হয়েছে; ভারতে এর যথেষ্ট প্রচলন হবে নিশ্চয়। আমেরিকাতেও এর কিছু গ্রাহক হতে পারে। ... আমি এখানে গ্রাহক-সংগ্রহের চেষ্টায় আছি ; কিন্তু বিদেশী সাহায্যের উপর একেবারেই নির্ভর করবেন না। ব্যক্তির মতো জাতিকেও নিজেকে নিজে সাহায্য করতে হবে। এই হচ্ছে ঠিক ঠিক স্বদেশপ্রেম। যদি কোন জাতি তা করতে না পারে, তবে বলতে হবে—তার এখনও সময় হয়নি, তাকে অপেকা করতে হবে।...একটি বিষয়ে কিছু আমার একটু মন্তব্য করতে হ'ল—মলাটটা একেবারে ক্রচিহীন, অতি বিশ্রী ওকর্দর্য। . . . এটা ভাবব্যঞ্জক অথচ সরল করুন…। পল্লফুলই হচ্ছে পুনরভার্খানের প্রতীক। …কত ভাবই তো রয়েছে —ধীরে ধীরে তা চিত্রশিল্পে ফুটিয়ে তুলুন। লণ্ডনে গ্রীনম্যান কোম্পানি যে 'রাজ-ষোগ' ছেপেছে তাতে আমার তৈরী প্রতীকটি দেখুন। ... আমি নিউ ইয়র্কে রাজ্বযোগ সহত্তে যেসব বক্তৃতা দিয়াছিলাম, দেগুলি এই পুস্তকে আছে।"

ইউরোপ ভ্রমণ

অবিরাম কার্বের ফলে স্থামীন্দ্রী ক্লান্ত ছিলেন; অতএব বন্ধুদের পরামর্শান্ত্রসারে লণ্ডনের কাজ আপাততঃ ১৭ই জুলাই (১৮৯৬) হইতে বন্ধ রাথিয়া, তাঁহাদেরই অর্থাস্থক্ল্যে ইউরোপ ভ্রমণে বাহির হইলেন। সঙ্গে চলিলেন শ্রীমতী হেনরিয়েটা মূলার ও সেভিয়ার দম্পতি। স্থামীন্ধ্রী তাঁহার ৭ই জুলাইর পত্রে হেল-ভগিনী-দিগকে জানাইলেন, "স্বইজরলণ্ডের পাহাড়ে শাস্তি ও বিশ্রামের জন্ত ১৯শে বাচ্ছি—মাস্থানেকের জন্ত। আবার শর্ৎকালে লণ্ডনে ফিরে কাজ আরম্ভ করা যাবে।" এই সময়টায় লণ্ডনের বন্ধুবান্ধবদের অনেকেই অন্তর্ত্ত চলিয়া গিয়াছিলেন; এই শুতুটাই স্থামীজীর বিশ্রামের পক্ষে অমুক্ল ছিল। অতএব বন্ধুরা যথন স্বইজরলণ্ডে বেড়াইবার ও বিশ্রাম লইবার কথা বারংবার বলিতে লাগিলেন, তথন তিনি অবশেষে সানন্দে বলিলেন, "হাঁ, আমারও বরফ দেখবার ও পাহাড়ী রান্তায় বেড়াবার খুব স্থ হয়েছে।" এই উদ্দেশ্যে তিনি লণ্ডনের অবশিষ্ট বন্ধুবান্ধবের নিকট বিদায় লইয়া এবং সকলের প্রেম প্রীতি ও শুভেচ্ছা সঙ্গে লইয়া ১৯শে জুলাই বিকালে যাত্রা করিলেন।

ডোভারে উপস্থিত হইয়া স্বামীজী ফরাসী উপক্লের ক্যালে বন্দরে ঘাইবার জন্ত সদলবলে জাহাজে উঠিলেন। এই ঋতুতে ইংলিশ চ্যানেল সাধারণতঃ তরক্ষ-সঙ্গল হইলেও, এবারে সৌভাগ্যক্রমে শান্ত ছিল। নির্বিবাদে ক্যালেডে পৌছিয়া একটানা জেনেভা না গিয়া একটু বিশ্রামের জন্ত তাঁহারা রাত্রিটা প্যারিসে কাটাইলেন। পরদিন যাত্রার পুনরারম্ভ হইল এবং তাঁহারা সাহলাদে জেনেভায় উপস্থিত হইলেন। যে হোটেলে তাঁহারা স্থান পাইলেন উহা স্ব্লৃশ্ত ও শাস্তবক্ষ হুদের পাড়ে অবন্ধিত ছিল। স্থানটির শীতল স্বাস্থাপ্রদ সমীরণ এবং জলরাশির, আকাশের ও চতুম্পার্থবর্তী ভ্রত্তর প্রগাঢ় নীলিমা তাঁহাদের চিত্ত হরণ করিল। গৃহগুলির সৌন্দর্য এবং চারিদিকের অভিনবত্বে স্বামীজী মৃশ্ধ হইলেন। প্রকৃতির লীলাভূমি জেনেভা প্রটেস্টান্ট রিফর্মেশনের একটি প্রধান ক্ষেত্র। অধিকন্ধ ঐকালে সেথানে স্ইজরলণ্ডে উৎপন্ন প্রব্যসমূহের প্রদর্শনী চলিতেছিল। নগরে প্রবেশ করিয়া স্ক্র বিশ্রামান্তে সকলে প্রদর্শনীক্ষত্ত্বে

শিল্পকলা বিশেষতঃ কাঠের কারুকার্য দর্শনে স্বামীজী সাতিশয় সম্ভষ্ট ইইলেন।
তিনি এখানে সেভিয়ার দম্পতির সহিত বেলুনে আরোহণ করিয়াছিলেন।
উর্ধে আকাশমার্গে বিচরণকালে অন্তর্গামী স্র্যদেবের মাধুর্যদর্শনে তিনি পুলকিত
ইইয়াছিলেন। নিম্নে জেনেভা নগরী যেন একথানি মানচিত্রবং প্রতিভাত
ইইতেছিল। স্বামীজী আরও উর্ধে উঠিতে চাহিয়াছিলেন, কিন্তু নানা কারণে
তাহা ইইয়া উঠে নাই। জেনেভার অদ্রে ব্রদ-গিরি-স্থশোভিত ইতিহাসবিশ্রুত
চিলন-ত্র্গ অবস্থিত; স্বামীজী উহা দেখিয়া আসিলেন। নগরে অনেক স্বানার্থী
সমবেত ইইয়া থাকেন; স্বামীজীও তুই দিন ব্রদে নামিয়া অবগাহন-স্বান
করিলেন।

কথা ছিল জেনেভায় দিন কয়েক থাকা হইবে। কিন্তু স্থইঞ্চরলণ্ডে আদিবার भूटर्वरे श्रामीकी वनिशा त्राथिशाहितन, "आपि मत्ना भवंख ७ ितरमोन्सर्यनिनश চামুনীক পল্লী দেখব; আর একটি হিমপ্রবাহও অতিক্রম করতে হ'বে।" সেই সবের আকর্ষণে কুন্র দলটি জেনেভায় মাত্র তিন দিন অতিবাহিত হইলেই চল্লিশ মাইল দূরবর্তী চামুনীজ গ্রামে চলিলেন। এই সর্বজনবিদিত সৌন্দর্য-নিকেতনের নিকটে আসিয়া আল্পন পর্বতের সর্বোচ্চ শিথর মন্ত্রার দৃশ্র দৃষ্টিপথে নিপতিত হইলে স্বামীজী বলিয়া উঠিলেন, "এ সত্যি চমৎকার। এখানে আমরা একেবারে বরফের মধ্যে রয়েছি। ভারতবর্ষে বরফের রাজ্য বড় দূরে; वत्रत्कत्र काह्य त्या वर्षान भरत भाशा जिक्रा हनत्व इम्र। जरव তিব্বতের সীমান্তে ষেদব বিশাল উত্তল শৃক্ষ রয়েছে, তাদের তুলনায় এগুলি তো কুত্র গিরি মাত্র। তবু এ অতি হৃন্দর। এস আমরা পর্বতে আরোহণ করি।" মর্রা শিখরে আরোহণের প্রবল ইচ্ছা থাকিলেও স্বামীজী যখন পথপ্রদর্শকের মুখে ভনিলেন, স্থনিপুণ পর্বতারোহী ব্যতীত কেহ সেধানে উঠিতে পারে না, এবং দুরবীক্ষণযোগে শৈল-সংস্থান-দর্শনে তাঁহারও ঐরপ প্রতীতি হইল, তথন নিরাশ-कुमरत थे मक्क পরিত্যাগ করিলেন। কিন্তু বিপদসকুল হিমশিখরে আরোহণ অসাধ্য হইলেও হিমনদী অতিক্রম করা তো অসম্ভব নহে! এইরূপ একটি शिमत्यां भार ना इटेरन खटेखरनथ जमनटे स निकल इटेश गाय! शामीकीय **এই मक्क्रभूद्र** कठिन इडेल ना ; काद्रण निकटिंडे मात-टल-टअम नामक हिमनती প্রবহ্মান ছিল। অতএব স্বামীজী কয়েক দিন তুষারশৃদ্ধ পরিবৃত চামুনীজ পল্লীতে কাটাইয়া সম্প্র-পরিপুরণার্থ ঐ অভিযানে নির্গত হইলেন। অবশ্র উহা

প্রথমে বতটা সহজ্ঞসাধ্য মনে হইয়াছিল, কার্বতঃ তাহা হইল না; চলিতে গিয়া মাঝে মাঝে পদস্থলন হইতে লাগিল। তথাপি গভীর খদসমূহ ও পর্বতগাত্তের স্থামলন্দ্রী প্রাণে একটা স্বভূতপূর্ব স্থানন্দ সঞ্চারিত করিল। হিমপ্রবাহ স্থতিক্রমের পরই এক প্রকাণ্ড চড়াই; উহা শেষ করিয়া তবে উপরিস্থ গ্রামে পৌছিতে হয়। চড়াই উঠিতে গিয়া স্বামীজীর মাথা ঘ্রিতে লাগিল। পূর্বে হিমালয় ভ্রমণকালেও তিনি কথনও এই জ্বাতীয় ত্র্বলতা স্মুভ্ব করেন নাই। এই স্ববস্থায় বার কয়েক পদস্থলনও হইল। এই প্রকারেই ক্রেইস্টেখদের উর্ধ্বর্তী স্থানে স্থারোহণ করিয়া তিনি সব পরিশ্রম ভূলিয়া স্থানন্দে উৎফুল্ল হইলেন, স্বাধিকস্ক একটু বিশ্রাম ও একপাত্র উষ্ণ কফি পানের পর বেশ স্বস্থ বোধ করিলেন, দেহেও শক্তিসঞ্চয় হইল।

ইহার পর তিনি হিমালয়ের ধ্যানন্তিমিত আধ্যাত্মিক পরিবেশ ও প্রাকৃতিক সৌন্দর্যের কথা ও হিমালয়ের সহিত সংশ্লিষ্ট আত্মজীবনের অনেক ঘটনা সঙ্গীদিগকে শুনাইলেন। হিমালয়ে একটি আশ্রমস্থাপনের আগ্রহ তিনি পূর্বেও সেভিয়ার দম্পতিকে জানাইয়াছিলেন—ইহা হেল-ভগিনীদিগকে লিখিত ৭ই জ্বাই-এর পত্র হইতে অন্থমিত হয়: "মঠ হবার পরিকল্পনা চলছে মাত্র— হিমালয়ের কোথাও সেটা বান্তব রূপ নেবার চেষ্টা করছে।" এখানে কাপ্তেন জে. এইচ. সেভিয়ার মহোদয় পুনর্বার তাঁহার মুখে হিমালয়ে আশ্রম য়াপনের অভিপ্রায় স্পষ্টতরক্ষপে শুনিয়া সোৎসাহে বলিয়া উঠিলেন, "যদি ইহা কার্ষে পরিণত করা যায়, তবে কি স্থন্দরই না হয় ! আপনি ঠিক বলিয়াছেন—এইরূপ একটি আশ্রম চাইই চাই :" হয়তো এই কথার উপর নির্ভর করিয়া স্বামীজী ৫ই আগস্টের এক পত্রে লালা বস্ত্রী শাহকে লিখিয়াছিলেন, "আলমোড়ার কাছে কোন স্থবিধামত জায়গা আপনার জানা আছে কি, যেখানে বাগবাগিচাসহ আমাদের মঠ প্রতিষ্ঠিত হতে পারে ? সঙ্গে বাগান প্রভৃতি অবশ্র থাকা চাই। একটা গোটা ছোট পাহাড হলেই ঠিক আমার মনোমত হয়।" আমরা পরে দেখিব, সেভিয়ার দম্পতির আমুকুলো এইরূপ আশ্রম আলমোড়া জেলার মায়াবভীতে স্থাপিত হইয়াছিল। বস্তুতঃ স্থইজ্বলণ্ডের প্রাকৃতিক দৃশ্য তাঁহাকে প্রতিপদে হিমালয়ের কথা শারণ করাইয়া দিতেছিল, আর সেই দলে জাগিতেছিল ধ্যান তপস্থা ও আশ্রমাদির স্থৃতি ও অভিনাষ।

স্থইজ্বলণ্ডের চাষাদের আচার-ব্যবহারাদিও স্বামীজীর মনে হিমালয়ের পার্বত্য জাতীয়দের কথা জাগাইয়া দিতেছিল এবং তিনি সহচরবৃন্দকে বলিয়াছিলেন, "এদের রীতিনীতি ও পোশাক-পরিচ্ছদ বে দেখছি হিমালয়ের পার্বত্য জাতীয়দেরই মতো। এরা পিঠের উপর বে লম্বা ঝুড়ি ঝুলিয়ে নিমে চলে, দেগুলিও আমাদের দেশের পাহাড় অঞ্চলে ব্যবহৃত ঝুড়িরই মতো।"

চামুনীজের পর তাঁহারা যে গ্রামে আশ্রয় লইয়াছিলেন, উহার নাম ছিল লিটল দেণ্ট বার্নার্ড। ইহারই উর্ধে স্থবিখ্যাত 'দেণ্ট বার্নার্ড পাশ' নামক গিরি-नक्षरे. याद्यात्र मिथरताश्रति व्यागिष्ठिनियान मच्छानारयत मन्नामीरानत शाखनामा অবস্থিত। ইউরোপে মানব-অধ্যুষিত স্থলগুলির মধ্যে ইহাই উচ্চতম । এখান হইতে শ্রীমতী মূলারের অভিপ্রায়ামূলারে তাঁহারা সকলে কয়েক মাইল/দুরবর্তী আর একটি নির্জন স্থানে গমনপূর্বক দেখানে প্রায় হুই সপ্তাহ যাপন করিলেন। এই স্থানটির চারিপার্যে তুষারমণ্ডিত পর্বতশৃঙ্গ এবং মৃতিমতী শাস্তি ও নিন্তরতা বিরাজিত। সংসারের আবিলতার স্পর্ণমাত্র এথানে নাই। স্বামীজীর অন্তম্প মন এমন অমুকুল পরিবেশমধ্যে প্রায়ই ধ্যানমগ্ন হইত। তাঁহার সঙ্গীরা তাঁহাকে এখানে পাইলেন বাগ্মী, প্রচারক বা বিশ্ববেণ্য ধর্মনেতারূপে নহে; প্রত্যুত নীরব ভগবচ্চিস্তানিরত প্রাচীনপন্থী ভারতীয় সন্মাসিরপে। অনেক সময় তিনি একাকী পাহাড়ী রাস্তায় ঘুরিয়া বেড়াইতেন। সঙ্গীদের মনেও যেন দে ধ্যান-পরায়ণতার স্পর্শ লাগিয়াছিল; তাহারাও স্বামীজীকে স্বচ্ছন্দ-ভ্রমণের স্ক্রেয়াগ প্রদান করিয়া পরমার্থ চিস্তায় মগ্ন থাকিতেন। এই অবস্থায় একটা চুর্ঘটনার উপক্রম হইয়াছিল। একদিন সকালে বন্ধুগণসহ ভ্রমণে বাহির হইয়া তিনি উপনিষদের বাক্যাবলী উদ্ধত করিয়া ব্যাখ্যা করিতে করিতে চলিয়াছেন; বেদবাণী নির্ঘোষে আল্পস যেন হিমালয়ে পরিণত হইয়াছে। ক্রমে আপন ভাবে মগ্ন হইয়া তিনি পিছাইয়া পড়িলেন এবং দশীরা আগাইয়া গেলেন। কিছুক্রণ পরে অপরেরা দেখেন তিনি ক্রত তাঁহাদের দিকে আসিতেছেন এবং উত্তেজিত-কণ্ঠে বলিতেছেন, "আমি ভগবৎরূপায় বেঁচে গেছি, একটা খাড়া পাহাড় থেকে পড়ে যাচ্ছিলাম আর কি; আমি আমার পাহাড়-চলার লাঠিটিকে ভর দিয়ে পথ চলছিলাম; হঠাৎ দেটা একটা ফাটল ভেদ করে ঢুকে পড়ল, আর আমি প্রায় হমড়ি থেয়ে থলে গিয়ে পড়ছিলাম; তথু দৈববলেই বেঁচে এসেছি।" वसूता अनिया थ्वरे ठक्षन इरेया পড़िलन, এवः विशन इरेट उका शाख्याय তাঁহাকে অভিনন্দিত করিলেন। অতঃপর তিনি বাহাতে একাকী কোথাও না যান, এই বিষয়ে তাঁহারা সতর্ক থাকিতেন।

বাসগৃহে ফিরিবার পথে একটি ক্ষুদ্র পার্বত্য-মন্দির দৃষ্টিগোচর হইল। স্বামীন্ত্রী উহা দেখিয়া বলিলেন, "এসো, আমরা ভার্জিন (কুমারী) মেরীর শ্রীচরণে পুশা অর্ঘ্য প্রদান করি।" তাঁহার মুখ তথন অপূর্ব ভক্তিভাবে সম্ব্রুল হইয়া উঠিল, এবং তিনি অপর একজনের সহিত একটু দ্রে গিয়া কিছু পাহাডী ফুল লইয়া আসিলেন ও শ্রীযুক্তা সেভিয়ারকে বলিলেন, "আমার ক্রতজ্ঞতা ও ভক্তির নিদর্শন স্বরূপে এগুলি ভার্জিন মেরীর শ্রীপদে অর্পণ কর। কারণ তিনিও তো মা!" তিনি নিজেই পুশাঞ্জলি দিতেন; কিন্তু ভয় হইল, পাছে বিধর্মী তিনি ঐরপ করিলে কোন হালামা বাধে, তাই তিনি নিরন্ত হইলেন।

এইভাবে স্থইজ্বলণ্ডে কয়েক সপ্তাহ কাটাইয়া স্বামীজী অনেকটা স্বস্থ বোধ করিলেন: তাই ৮ই আগস্টের পত্তে গুডউইনকে জানাইলেন, "এখন আমি অনেকটা চালা হয়েছি। জানালা দিয়ে বাইরে তাকিয়ে ঠিক সামনেই বিরাট তুষার প্রবাহগুলি দেখি আর অমুভব করি, যেন হিমালয়ে আছি।" আমেরিকার সংবাদ তিনি এই স্বদূর বরফের দেশে বসিয়াও পাইতেছিলেন। সে সংবাদ ছিল স্বথত্বংথ-মিপ্রিত। গুডউইন ধবর দিয়াছিলেন, স্বামী দারদানন্দ দেখানে দাফল্য লাভ করিতেছেন; ইহা স্থসংবাদ। কিন্তু গুডউইনের পত্রে বলা হইয়াছিল যে. কুপানল ঠিক শান্তিতে জীবন কাটাইতে পারিতেছেন না। আমাদের অমুমান, বেদাস্ত-সমিতির সভাদের সহিত বনিবনাও না হওয়াই এই অশান্তির কারণ। স্থামীজীর পত্তেও আমরা পাই, তিনি ওদেশে রূপানন্দের থাকার মতো কোন আশ্রম নাই বলিয়া হঃথ করিতেছেন। যাহা হউক, আমেরিকার কার্যে বিদ্ন ঘটতেতে জানিয়াও স্বামীন্ধী চঞ্চল হইলেন না, কাহারও প্রতি দোষারোপও করিলেন না। শাস্ত স্নেহময় আচার্যেরই ত্যায় গুডউইনকে লিখিলেন, "আমার স্নায়গুলিতে স্বাভাবিক শক্তি ফিরে এসেছে, এবং তুমি যে-জাতীয় বিরক্তিকর ব্যাপারের কথা লিখেছ, তা আমাকে একেবারেই স্পর্শ করে না। এই ছেলে-খেলা আমায় উদ্বিগ্ন করবে কি ক'রে ? সারা তুনিয়াটা একটা নিছক ছেলে খেলা —প্রচার, শিক্ষাদান, সবই। 'যিনি ছেষও করেন না, আকাজ্ঞাও করেন না, তাঁকেই সন্মাদী বলে জেনো'।" স্বামীজী সত্যই ছিলেন গীতোক্ত স্থিতপ্ৰজ্ঞ, বন্ধনিষ্ঠ, মহাপুরুষ! তিনি আরও লিখিলেন: "দিন কয়েক আগে হঠাৎ রূপানন্দকে চিঠি লেখবার একটা অদম্য ইচ্ছা হয়েছিল। হয়তো সে আনন্দ পাচ্ছিল না এবং আমাকে শ্বরণ করছিল। স্থতরাং আমি তাকে ধূব স্নেহপূর্ণ একধানি চিঠি লিখেছিলাম। । মিদ ওয়ান্ডোকে বলবে, তাকে বেন যথেষ্ট শ্লেহ জানিরে কিছু টাকা পাঠিয়ে দেন। প্রেম কথনও মরে না। সন্তানেরা যাই করুক বা বেমনই হোক না কেন, পিতৃল্লেহের মরণ নেই। সে আমার সন্তান—সে আজ ছঃথে পড়ায় আমার স্লেহ ও সাহায্যের উপর তার দাবি ঠিক তেমনি বা আরও বেলী।" ইহারই কিছু পূর্বে তিনি রুপানন্দকে লিখিয়াছিলেন, "গতকাল আমি 'মন্টি রোজার' তুষার-প্রবাহের ধারে গিয়াছিলাম এবং সেই চির-তুষারের প্রায় মাঝখানে জাত কয়েকটি শক্ত পাপড়িবিশিষ্ট ফুল তুলে এনেছিলাম। তারই একটি এই চিঠির মধ্যে তোমাকে পাঠাছি—আশা করি, জাগতিক 'জাবনের সর্বপ্রকার বাধাবিপর্যয়রপ হিমরাশি ও তুষারপাতের মধ্যে তুমিও এরপ আধ্যাত্মিক দৃঢ়তা লাভ করবে।…'সত্যেরই জয় হয়, মিথ্যার নয়; সত্যের মধ্য দিয়েই দেব্যান মার্গ চলেছে।' এখানে কোন আশ্রম নেই। একটা থাকলে কি ফুল্বরই না হত। আমি তাতে কতই না আনন্দিত হতাম এবং তাতে এদেশের কতই না কল্যাণ হ'ত।"

স্থান্ত ব্যান্ত ব্যান্ত ব্যান্ত হোটেল, সায়াস ফি, ভ্যালে' হইতে লিখিত স্থানীন্দ্রীর ৮ই আগস্টের পত্রে প্রকাশ, তিনি কিয়েল-নিবাসী জার্মাণ দার্শনিক পল ডয়সনের আমন্ত্রণক্রমে ১০ই সেপ্টেম্বর সেভিয়ার দম্পতিসহ উক্ত অধ্যাপকের গৃহে উপস্থিত হইবেন; কিন্তু শ্রীমতী মূলার তার আগেই ইংলণ্ডে ফিরিয়া যাইবেন। প্রাচ্য বিভায় স্থপত্তিত ডয়সন স্থামীজীর সংবাদ রাখিতেন এবং তাঁহার বক্তৃতা পাঠ করিতেন। তিনি তাঁহার সহিত মিলিত হইবার উৎস্ক্য লইয়া লণ্ডনে স্থামীজীকে পত্র লিখেন এবং উহাই ম্রিয়া লোকলোচনের অন্তর্গালবর্তী এই গ্রামে পৌছায়। অধ্যাপকের অভিপ্রায়াহ্লসারেই স্থামীজী স্থীয় ভ্রমণধারার কিঞ্চিৎ পরিবর্তন করিয়া ইংলণ্ডে ফিরিবার পথে জার্মানী হইয়া যাইবার সিদ্ধান্ত গ্রহণ করিলেন। কিন্তু তথনও হাতে পূর্ণ একটি মাস ছিল। অতএব স্থির হইল, তাঁহারা আরও কিছুদিন স্থইজরলণ্ডেই কাটাইবেন এবং অতংপর কুমারী মূলার ব্যতীত আর সকলে জার্মানীর ছই-একটি স্থান দেখিয়া কিয়েলে উপস্থিত হইবেন; শ্রীমতী মূলার স্থইজরলণ্ড হইতেই বিদান্ধ লইবেন।

যাহা হউক, পূর্বোক্ত গ্রাম ত্যাগ করিয়া সকলে স্থইজরলণ্ডের লুসার্ন নগরে উপস্থিত হইলেন। লুসার্নে দেখিবার জ্ঞিনিস অনেক কিছু ছিল; তাঁহারা একে একে সবই দেখিলেন। কাপ্টেন সেভিয়ার ছাড়া অপর সকলে সেখানে পার্বত্য বেলপথে মাউণ্ট্ রিগির শিথরে আরোহণ করিলেন। এই ভ্রমণটির মধ্যেও বেশ একটু অভিনবত্ব ছিল; আবার পর্বতচ্ডায় উঠিলে জগতের অক্সতম অতুলনীয় তুষারদৃষ্ঠ নয়ন-মন মৃশ্ধ করিল। অক্যান্ঠ স্থানের মধ্যে লুসার্নে তাঁহারা স্থইস গার্ডদের কবরক্ষেত্র এবং তত্পরিস্থ পর্বতগাত্রে থোদিত এক অপরপ নিজ্রিত্ত সিংহমৃতি দর্শন করিলেন। এথান হইতে তাঁহারা রিডস নদীর উপরিস্থ তৃইটি চিত্রে শোভিত একটি আচ্ছাদিত সেতৃ অভিক্রম করিলেন। ইহারই একটি চিত্রে 'মৃত্যুর তাণ্ডব নৃত্য' অন্ধিত আছে। তারপর তাঁহারা লুসানের মিউজিয়াম ও ইতিহাস-প্রসিদ্ধ যে ধর্মমন্দিরে স্থবিখাত 'ভক্ম হিউম্যানা' (মানব কণ্ঠ) নামক অর্গান আছে, তাহা দর্শন করিলেন। এই যন্ত্র হইতে অবিকল মানবকণ্ঠদদৃশ শব্দ নির্গত হইতে দেখিয়া স্থামীদ্ধী খ্ব আমোদিত হইলেন। ইহার পর সকলে স্থীনারে চডিয়া লুসার্ন হুদে ভ্রমণ করিলেন। লুসার্নে উইলহেল্ম টেলের নামে উৎসর্গীক্বত ক্ষুদ্র মন্দির দর্শনে উক্ত স্থদেশপ্রেমিকের জীবনকাহিনীর কত ঘটনাই না স্থামীদ্ধীর অভিপথে উদিত হইয়াছিল। হ্রদতীরে একদিন খ্ব ঝাল-লন্ধা পাইয়া তিনি উহা কিনিয়া মৃথে দিলে দোকানদার অবাক হইয়া গেল, কিন্তু স্থামীদ্ধী প্রশ্ন করিলেন, "তোমার এর চেয়েও আরো বালে-লন্ধা আছে কি ''"

লুমান হইতে শ্রীমতী মূলার বাকী তিন জনের নিকট বিদায় লইলেন এবং সেভিয়ার দম্পতির সহিত স্বামীজী জার্মানীর দিকে অগ্রসর হইয়া স্থইজরলণ্ডের অস্তর্গত 'ংসেরমাট' নামক এক স্থরম্য স্থানে উপস্থিত হইলেন। এখানে কর্ণার-গ্রাটশৃকে আরোহণপূর্বক ম্যাটারহর্ণ-এর দৃশ্য দেখিবার অভিপ্রায় ছিল; কিন্তু বায়ুর স্ক্ষাতানিবন্ধন শ্রীযুক্ত সেভিয়ার ব্যতীত আর কেহ শৃক্ষে উঠিতে পারিলেন না। ইহার পর তাঁহারা রাইন নদীর জলপ্রপাত দেখিবার জন্ম শফহজেন-এ গ্রমন করিলেন।

সেখান হইতে ইহারা জার্মানীর অক্সতম স্বর্থ বিশ্ববিভালয়ের অবস্থানক্ষেত্র হাইডেলবার্গে উপনীত হইয়া তথায় তুই দিন কাটাইলেন। বিশ্ববিভালয় দর্শন করিয়া এবং জার্মানজাতির বিভাদানের বিপুল আয়োজন ও শিক্ষার্থীবর্গের অদম্য বিভোৎসাহ দেখিয়া স্বামীজী বিশ্বয়ে আপ্লুত হইলেন। নগরের প্রান্তে এক উচ্চ স্থানে অবস্থিত তুর্গটিও তাঁহারা দেখিলেন। এখান হইতে ইহারা কবলেন্জ-এ গেলেন এবং এক রাত্রি তথায় যাপনাস্তে পরদিবস স্থীমারে উঠিলেন। স্থীমার রাইন নদী বক্ষে চলিতে চলিতে তুই-তিন দিনে কোলোন নগরে উপস্থিত হইল।

এই শহরে কয়েকদিন অবস্থানপূর্বক ইহারা তথাকার স্থবহৎ ভন্ধনালয়, তন্মধ্যস্থ কোষাগার ও সন্মাসীগণের হস্তনির্মিত অতুলনীয় রত্নথচিত ক্রশ ও অক্ত দর্শনীয় বস্তুগুলি দেখিলেন। স্বামীজী একদিন ভজনালয়ে প্রার্থনাকালেও উপস্থিত ছিলেন। সেভিয়াররা ভাবিয়াছিলেন, কোলোন হইতে সোজা কিয়েল যাইবেন: কিন্তু স্বামীজীর বার্লিন দেখিবার স্বাগ্রহ স্বাছে জানিয়া সকলে সেথানে চলিলেন। স্বামীজী যতই জার্মানীর অভ্যন্তরে প্রবেশপুর্বক জার্মানজাতির কৃষ্টি, কার্যোগ্রম. সমৃদ্ধি ও আধুনিক রীতিতে নগর নির্মাণ ইত্যাদি নিরীক্ষণ করিতে লাগিলেন ততই বিস্ময়াভিভূত ও জার্মানদের সম্বন্ধে প্রশংসামুখর হইয়া উঠিলেন। অবশেষে বার্লিনে পৌছিলে মহানগরের স্থপ্রশন্ত রাজপথ, মনোহর উত্যাননিচয়, রুমণীয় প্রাসাদাবলী স্বতই তাঁহাকে প্যারিসের কথা শ্বরণ করাইয়া দিল এবং তাঁহার তত্তারেষী মন ফরাসী ও জার্মান দেশের সভ্যতার তুলনামূলক বিচারে প্রবৃত্ত इटेन। তিনি বুঝিলেন, উভয় দেশের নিজম্ব বৈশিষ্ট্য আছে। জার্মানী বীরের জ্ঞাত এবং ইহলৌকিক ও বৌদ্ধিক অগ্রগতির পথে সমস্ত বাধা অতিক্রম করিতে দুঢ়পণ। জার্মানীর স্থশিক্ষিত সৈত্তদের দেখিয়া তিনি বলিয়াছিলেন, "কি স্থন্দর বীরত্বব্যঞ্জক মূর্তি !" ইহার পর সেভিয়ার তাঁহাকে ড্রেসডেনে লইয়া যাইতে চাহিলে স্বামীজী বলিলেন, "অধ্যাপক ভয়সন আমাদের জন্ত অপেকা করছেন; আমাদের আর দেরি করা চলবে না।" অতএব তাঁহারা সেখান হইতে একেবারে বাণ্টিক সাগরের তীরবর্তী কিয়েল নগরে উপনীত হইলেন এবং সেখানে এক হোটেলে আশ্রয় লইলেন। তাঁহাদের আগমন-সংবাদ পাইয়া অধ্যাপক একথানি পত্তে তাঁহাদিগকে স্বগৃহে আমন্ত্রণ জানাইলেন। তদকুদারে পরদিবদ (১০ই সেপ্টেম্বর) পূর্বাহু দশটায় তাঁহারা অধ্যাপক-গৃহে উপস্থিত হইলে অধ্যাপক তিন জনকেই সেদিনকার মতো অতিথিরূপে স্বগৃহে স্থান দিলেন। অধ্যাপকের সহিত স্বামীজীর মিলন সম্বন্ধে শ্রীযুক্তা সেভিয়ারের স্মৃতিকথা হইতে জানা যায়:

"বাল্টিক সাগরতীরে মনোরম পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠিত জার্মান নগরী কিয়েলে তত্ত্বতা বিশ্ববিত্যালয়ের দর্শনাধ্যাপক ডাঃ পল ডয়সনের সাল্লিধ্যে যে আনন্দময় একটি দিন কাটাইয়াছিলাম, তাহার শ্বতিটি বহু মধুময় ঘটনার সহিত জড়িত থাকায় আমার চিত্তপটে থুবই উজ্জ্বলরূপে বিত্তমান আছে। ইউরোপীয় সংস্কৃতাভিজ্ঞ বিদয়সমাজে ভয়সনের স্থান ছিল স্বাথ্যে এবং তাঁহার দর্শনামুভ্তিছিল অমুপম। স্বামীজী হোটেলে পৌছিয়াছেন জ্ঞানিবামাত্র অধ্যাপক

একথানি পত্র লিখিয়া তাঁহাকে প্রদিব্দ তাঁহার দহিত প্রাতরাশের জন্ম আহ্বান করিলেন এবং সৌজ্ঞ প্রকাশপুর্বক আমাকে এবং আমার স্বামীকেও ঐ সঙ্গেই নিমন্ত্রণ করিলেন। পরদিন সকালে ঠিক দশটায় আমরা তাঁহার গৃহে উপস্থিত হইলে আমাদিগকে তাঁহার পুস্তকাগারে লইয়া যাওয়া হইল; দেখানে ডা: ভয়সন ও তাঁহার স্ত্রী আমাদের জন্ম প্রতীক্ষা করিতেছিলেন; তাঁহারা আমাদিগকে সাদরে অভ্যর্থনা করিলেন। আমি লক্ষ্য করিলাম, স্বামীজীর ভ্রমণ ও অভিপ্রায়াদি সম্বন্ধে প্রাথমিক একটু জিজ্ঞাসাদির পরেই অধ্যাপকের দৃষ্টি টেবিলের উপরে খোলা খান কয়েক পুন্তকের দিকে আরুষ্ট হইতেছে, এবং পণ্ডিত যেভাবে পাণ্ডিত্যের আদর করিয়া থাকেন, দেই প্রথাবলম্বনে অচিরে পুস্তকবিষয়ে আলোচনা আরম্ভ করিয়া দিলেন। তাঁহার মতে সত্যামুসদ্ধিৎস্থ মানবের প্রতিভাবেদব অতিমহান চিম্ভাধারা গড়িয়া তুলিয়াছে এবং মূল্যবান ফল প্রস্ব করিয়াছে, তন্মধ্যে উপনিষদের ওবেদাস্কস্থত্তের ভিত্তিতে শহরাচার্যের ভাষ্যাবলম্বনে যে বেদাস্থদর্শন প্রতিষ্ঠিত হইয়াছে উহা অগ্যতম, এবং বেদাস্তের প্রত্যক্ষ ফলম্বরূপে সর্বশ্রেষ্ঠ ও পবিত্রতম নীতিবাদ রচিত হইতে পারে। ... অধ্যাপক আরও বলিলেন, তাঁহার মনে হয় যেন আধ্যাত্মিকতার উৎসাভিমুথে এমন একটা প্রত্যাবর্তনধারা আরম্ভ হইয়াছে, যাহার ফলে হয়তো ভারত ভবিয়তে সর্বজাতির আধ্যাত্মিক নেতপদে প্রতিষ্ঠিত হইবে, এবং বিশ্বের সর্বশ্রেষ্ঠ ও সর্বাগ্রণী আধ্যাত্মিক শক্তিরূপে স্বীকৃত হইবে।

"ভয়সন যেসব অমুবাদকার্যে লিপ্ত ছিলেন, স্বামীজী তথিষয়ে আগ্রহ দেখাইলেন, এবং অনেক অস্পষ্ট স্থলের যথাযথ শব্দার্থ ও ঐগুলির তাৎপর্যবাধ সম্বন্ধে আলোচনা চলিতে লাগিল। স্বামীজী এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করিলেন যে, পরিক্ষার লক্ষণ নির্ণয়ই হইতেছে সর্বপ্রধান কর্তব্য, এবং ভাষার মাধূর্য অতীব গৌণ বিষয়। প্রাচ্যদেশীয় ব্যাখ্যাতা যেরপ দৃচভাবে ও বিশ্বাসভরে স্বীয় তেজঃপূর্ণ ও স্থপরিক্ষার তাৎপর্য দেখাইতে লাগিলেন, এবং তৎসহ স্কন্ম তত্বাম্নভূতির পরিচয় দিলেন, তাহাতে জার্মান পণ্ডিত অবশেষে তাঁহার মত অমুমোদন করিলেন।"

কিয়েলে অবস্থানের ঐ দিনটি সম্বন্ধে আরও কিছু জানিতে পারা গিয়াছে। অধ্যাপক দেখিলেন, স্বামীজী একথানি কাব্যগ্রন্থ লইয়া উহার পাতা উন্টাইয়া ষাইতেছেন। তিনি স্বামীজীকে সম্বোধন করিয়া কিছু বলিতে অগ্রসর হইলেন, কিন্তু প্রত্যুত্তর পাইলেন না। পরে যখন স্বামীজী ইহা জ্বানিতে পারিলেন, তথন অধ্যাপকের নিকট এই বলিয়া ক্রটি স্বীকার করিলেন যে, পাঠে নিবিষ্ট থাকায় তিনি তাঁহার কথা শুনিতে পান নাই। ইহাতে অধ্যাপকের হয়তো প্রত্যে হয় নাই; কিন্তু পরে যখন কথাপ্রসঙ্গে স্বামীজী ঐ গ্রন্থের উদ্ধৃতি দিয়া উহার ব্যাখ্যা করিতে থাকিলেন তখন অধ্যাপক তাঁহার কথার সত্যতা উপলব্ধি করিলেন এবং অতিমাত্র আশ্রুষ্টান্থিত হইয়া খেতড়ীর রাজারই ত্যায় জিজ্ঞাসা করিলেন, এইরূপ স্মৃতিশক্তি তিনি কিরূপে পাইলেন। অতঃপর্য ভারতীয় যোগীরা মনকে একাগ্র করার জন্ত যেসব সাধন অবলম্বন করেন, ঐ বিষয়ে কথা হইতে লাগিল ও স্বামীজী বলিলেন, তাঁহারা তখন এমন একাগ্রতা অর্জন করেন যে, অঙ্কে জ্বলস্ত অন্বার ফেলিয়া দিলেও ধ্যানভঙ্গ হয় না।

আলোচ্যকালে কিয়েলে একটি প্রদর্শনী চলিতেছিল। অধ্যাপক তয়সন স্বামীজীকে উহা দেখাইবার বিশেষ আগ্রহ প্রকাশ করিলেন। অতএব চাপানের ঠিক পরেই স্বামীজীর দলটি অধ্যাপক-দম্পতির সহিত প্রদর্শনী দেখিতে চলিলেন। দেখানে জার্মানীর বহুবিধ শিল্পকলাদি দর্শন করিয়া ও কিঞ্চিৎ জলবোগ করিয়া স্বামীজী ও সেভিয়াররা স্বীয় হোটেলে ফিরিয়া আদিলেন। অধ্যাপক বলিয়া রাখিলেন, পরদিবস কিয়েলে ও পাখবর্তী স্থানে অক্যান্ত দর্শনীয় বস্তু দেখিতে হইবে; তদমুদারে তিনি পরদিন তাঁহাদিগকে লইয়া নানা স্থানে গেলেন এবং জার্মান-স্ফাট কাইজার উইলিয়াম-কর্তৃক সন্ত-উদ্বোধিত নবনির্মিত স্থপ্রস্কি কিয়েল পোতাপ্রয়ও দেখাইলেন।

ষামীজীর পক্ষে অধিক দিন কিয়েলে থাকা সম্ভব হইল না। তিনি ইউরোপভ্রমণে প্রায় ছই মাস কাটাইয়া এখন বোধ করিতেছিলেন য়ে, পূর্ণোগ্যমে ইংলণ্ডের
কার্যের পুনরারক্তের সময় আসিয়া পডিয়াছে। অতএব ইংলণ্ডে ফিরিবার
আয়োজন করিতে সেভিয়ারদের বলিয়া দিলেন। ভয়সন আশা করিয়াছিলেন,
স্বামীজী .আরও অধিককাল থাকিবেন এবং সেই স্থাযোগে তিনি স্বীয় অম্ল্য
পুত্তকভাণ্ডারে বসিয়া একান্তে স্বামীজীর সহিত দর্শনালোচনা করিবেন ও
প্রয়োজনামূর্যপ গ্রন্থভিলিও খুলিয়া দেখিবেন। অতএব তিনি স্বামীজীকে অস্ততঃ
আরও কিছুদিন ধরিয়া রাখিতে চাহিলেন; কিন্তু স্বামীজী যখন জানাইলেন য়ে,
তিনি অদ্র ভবিয়তে ভারতে ফিরিতে চান এবং ফিরিবার পূর্বে লণ্ডনের
কাজটিকে দৃদেশস্থাপিত দেখিতে চান, তখন অধ্যাপক ইহার মর্ম অম্ভব করিলেন

ও বলিলেন, "তাহলে স্বামীন্ধী, আমি হামুর্গে আপনার সঙ্গে মিলিত হব, এবং তারপর হল্যাও হয়ে আমরা সকলে লওনে যাব; সেখানে আপনার সঙ্গে কিছু সময় সানন্দে কাটাতে পারব, আশা করি।" ঐ কথায়ুসারে অধ্যাপক হামুর্গে তাঁহাদের সহিত মিলিত হইলেন এবং সকলে আ্যামন্টার্ডাম-এ গিয়া তিন দিন অবস্থান করিলেন ও ঐ অবসরে স্থানীয় চিত্রশালা, যাত্ঘর ও অল্যান্ত দর্শনীয় স্থান দেখিয়া লইলেন। অতঃপর তাঁহারা লওন যাত্রা করিলেন। তরক-সঙ্ক্ল ইংলিশ চ্যানেল পারাপার করা সব সময়ই বিরক্তিকর; কিন্তু স্থথের বিষয় যে উহা শীঘ্র শেষ হইয়া যায়। ১৭ই সেপ্টেম্বর ইংলণ্ডে পৌছিয়া স্বামীন্ধী সেভিয়ার-দের সহিত তাঁহাদের হ্যাম্পন্টেডের গৃহে গেলেন এবং ভয়সন সেণ্ট জন্স উডে জনৈক বন্ধুর ভবনে আশ্রম লইলেন। স্বামীন্ধীর তথন বোধ হইতেছিল, তিনি যথেষ্ট শক্তি অর্জন করিয়াছেন এবং অধিকতর উল্লমে পূর্বারন্ধ কার্য পরিচালনা করিতে পারিবেন।

লগুনে বিদায়ের মুখে

সেভিয়ারদের গৃহে দিন কয়েক বিশ্রাম লইয়া স্বামীজী কার্যে অবতীর্ণ হইলেন এবং স্ত্রপাত হিসাবে শ্রীমতী মূলারের উইয়লডন-এর অন্তর্বর্তী রিজপ্রয়ে গার্ডেন্স-এ অবস্থিত এয়ার্লি লজে বাস পরিবর্তন করিয়া সেখানে প্রথম ত্ইসপ্রাহে ত্ইটি বক্তৃতা দিলেন। ইতিমধ্যে লগুনে স্বামীজীর বক্তৃতার জন্ম শ্রীযুক্ত ই. টি. স্টার্ডি ৩৯নং ভিক্টোরিয়া স্থীটে একথানি প্রকাণ্ড হলঘর ভাড়া লইলেন। এদিকে স্বামীজীর ও নিজেদের অবস্থানের জন্ম উহারই নিকটে সেভিয়ার দম্পতি ওয়েস্ট মিনিস্টার অঞ্চলে ১৪নং গ্রে কোট্স গার্ডেন্সে একপ্রস্ত ঘর ভাড়া লইলেন। স্বামীজী অক্টোবর মাসের মধ্যভাগে ঐ স্থানে চলিয়া আসিলেন। স্বামী অভেদানন্দ পূর্বেই ইংলণ্ডে পৌছিয়াছিলেন। তিনিও ঐ বাড়ীতে চলিয়া আসিলেন।

ইংলণ্ডে এইবারে স্থামীজীর বক্তৃতার বিষয় ছিল প্রধানতঃ বেদান্ত-দর্শন বা জ্ঞানযোগ। প্রথমে শ্রীমতী মূলারের গৃহে ঘরোয়া বৈঠকে যে তুইটি প্রবচন হয়, তাহার বিষয় ছিল 'সভ্যতায় বেদান্তের কার্যকারিতা'। লগুনে বেদান্তই হইল প্রধান প্রতিপান্ত বিষয়, যদিও অন্থরাগীদের আগ্রহে পুর্বেরই ন্তায় রাজযোগ ও ধ্যান বিষয়েও শিক্ষা চলিতে লাগিল। স্থামীজীর পুনরাগমনবার্তা প্রচারিত হওয়ায় পুরাতন ও নৃতন ছাত্র-ছাত্রীরা দলে দলে আসিতে থাকিলেন, এবং ইহাদের অন্থরোধে ৮ই অক্টোবর হইতে নিয়মিত ক্লাস থোলা হইল।

অধ্যাপক ভয়দনও প্রায়ই তাঁহার সহিত দেখা করিতে আদিতেন এবং আলাপ-আলোচনা ও বক্তাদির মাধ্যমে বেদান্তশাস্ত্রের নিগৃঢ় মর্মার্থ অহতক করিয়া তৃপ্ত হইতেন। তিনি স্বামীজীর ঘনিষ্ঠ সান্নিধ্যলাভ করিয়া সহজেই বৃঝিতে পারিলেন যে, পাশ্চান্ত্য দৃষ্টিভঙ্গি লইয়া ভারতীয় শাস্ত্রের অর্থবাধ স্থকটিন; উহা বৃঝিতে হইলে পাশ্চান্ত্য শিক্ষা-দীক্ষা, সংস্কৃতি ও রাজনীতির আবরণ ছিন্ন করিয়া প্রাচ্যের মৃক্তাকাশতলে দাঁড়াইতে হইবে, এমন কি সাম্প্রদায়িক সঙ্কীর্ণ গণ্ডি হইতেও মৃক্তিলাভ করিতে হইবে। ঐকালে অধ্যাপক মহাশয় তৃই-তিন সপ্তাহ লগুনে অবস্থান করিয়াছিলেন। এদিকে ম্যাক্সম্লার মহাশয়ের সহিতও স্বামীজীর ভাবের আদান-প্রদান চলিতেছিল। এইরূপ তিনজন মনীবীর সহযোগিতায় ঐ

সময়ে বেদান্ত-প্রচারের ক্ষেত্র যে সমধিক প্রসারিত হইয়াছিল, ভাহা বলা নিপ্রয়োজন।

এই অক্টোবর ও নভেম্বর মাদে স্বামীজী বেদান্ত-বিষয়ে ষেদব বক্তৃতা দিয়া-ছিলেন, তাহা উৎকর্ষ ও মৌলিকতার জন্ম পণ্ডিত-সমাজের বিশেষ দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। ইদানীস্তন পাঠকবর্গও এই ভাষণাবলীর অভিনব চিস্তাধারা, প্রাঞ্জল ব্যাখ্যা, নিজম্ব বিচারশৈলী এবং প্রেরণাপ্রদ ও তেজঃপূর্ণ বাক্যাবলী পাঠে মৃষ্ক হইয়া বলেন, ইহা শুধু পাণ্ডিতা নহে, প্রত্যুত অফুভৃতিরদে দিঞ্চিত ব্রহ্মজ্ঞের বাণী, বা নবযুগের পথপ্রদর্শিকা। বেদান্তের দার্শনিক মতবাদ তো তিনি অবশ্রুই বাশো করিয়াছিলেন, ঐ সঙ্গে কর্মজীবনে অবৈতবাদের উপযোগিতা, ভ্রান্তধারণানির্ফ্ মায়াবাদের প্রক্রত তাৎপর্য ইত্যাদি বিষয়ও স্থন্দর ও সহজ্ঞাবে বুঝাইয়া দিয়া-ছিলেন। বাঁহারা তাঁহার 'মায়া ও ভ্রান্তি', 'মায়া ও ঈশ্বধারণার ক্রমবিকাশ', 'মায়া ও মুক্তি', এবং 'ক্রন্ধা ও জগৎ' মনোযোগ সহকারে পাঠ করিয়াছেন, তাঁহারাই উপলব্ধি করিবেন, আমাদের মস্তব্যগুলি কত সত্য। এতদ্বাতীত 'ঈশবের সর্ব-ব্যাপকত্ব', 'অপরোক্ষামুভৃতি', 'বহুত্বের মধ্যে একত্ব', 'আত্মার স্বাধীনতা', এবং 'কর্মজীবনে বেদান্তের প্রয়োগ' প্রভৃতি বক্তৃতাবলীতে তিনি অধৈতবাদের স্বরূপ, উহার সহিত অপর মতবাদগুলির পার্থক্য ও সামঞ্জন্ম এবং অবৈতবাদের উৎকর্ষ প্রভৃতি বিষয় অতি সফলতার সহিত ব্যাখ্যা করিয়াছেন। **আ**র এ বিখাসও তিনি সর্বদাই প্রকাশ করিতেন যে, বিজ্ঞানসমত মনোভাব ও রজোগুণ-প্রধান কার্যধারা অবলম্বনে পাশ্চাত্তা জগৎ এমন এক বৌদ্ধিক স্তরে উন্নীত হইয়াছে যেখানে সে অহৈতবাদ অতি সহজেই আয়ত্ত করিতে সমর্থ, এবং এই স্বেচ্ছামূলক স্বীকৃতি দারাই সে মৃক্তিপথে অগ্রসর হইতে পারে—অবৈতবাদই প্রতীচ্যের অপূর্ণ আত্মিক কুধা মিটাইতে দক্ষম। আবার অবৈত বেদাস্বই নৈতিকতা ও দার্বভৌম ধর্মের ভিত্তি হইতে পারে এবং উহাই দৈনন্দিন ক্রিয়াকলাপের দার্শনিক প্রতিষ্ঠা-ভুমি হইবার যোগা। তাঁহার ভাষণগুলিতে পাশ্চান্তাদেশ আত্মতত্ব, ভাগি, বৈরাগ্য, প্রেম, মাহুষের দেবত্ব প্রভৃতি বিষয়ে নবালোকের সন্ধান পাইয়াছিল এবং এই নৃতন দৃষ্টিভঞ্চিতে যীভ্ঞাষ্টের উপদেশ অধ্যয়ন করিয়া বাইবেলের নিগৃঢ় মর্মার্থ উপলব্ধি করিয়াছিল। ফলতঃ পাশ্চাত্তা চিস্তাক্তগৎ যেন বেদান্তমধ্যে এক নৃতন ও পূর্ণতর জীবনধারা আবিষ্কার করিয়াছিল। আর ভাষণগুলি তো কেবল শব্দরাশি ছিল না ; উহাদের মধ্যে একটি শক্তি সঞ্চারিত থাকিয়া শ্রোত্মওলীকে

অভিভূত করিত। মায়াবাদ সম্বন্ধে বক্তৃতা তানিতে তানিতে একদিন এমন হইয়াছিল যে, তাঁহারা আপনাদিগকে আত্মভাবে সমাহিত বলিয়া অমুভব করিয়াছিলেন। সকলেই স্বীকার করিয়াছিলেন যে, এইরপ আচার্যই শিয়্তবৃন্দকে অমুভূতিরাজ্যে লইয়া যাইতে সমর্থ। আরও লক্ষ্য করিবার বিষয় এই যে, অক্সান্ত বক্তৃতার ক্যায় এই বক্তৃতাগুলিও তিনি বিনা প্রস্তুতিতে মৃথে মৃথে বলিয়া গিয়াছিলেন, কোন নোট-এর সাহায়্য গ্রহণ করেন নাই। প্রীয়ুক্ত মহেন্দ্রনাথ দত্ত অন্ত, সময়ের কথা উল্লেখ করিয়া লিথিয়াছেন, বক্তৃতার পূর্ব মৃহুর্ত পর্যন্ত সামীজী গল্পজ্ববে এমন কি হাসি-ঠাট্রাতে কাটাইতেন। বক্তৃতামঞ্চে আরোইণকালে গুডেউইন কানে কানে সেদিনকার আলোচ্য বিষয়টি বলিয়া দিতেন। তখন তাঁহার চেহারায় এক অপূর্ব পরিবর্তন আসিত—যেন অন্ত মায়ুষ হইয়া য়াইতেন, আর ঐ অবস্থায় যেন দৈব প্রেরণাবশে আশ্চর্য সব কথা বলিয়া যাইতেন। ক্ষিপ্রলিপিকার গুডেউইন পরে তাঁহাকে বক্তৃতার প্রতিলিপি দেখাইলে, তিনি যেন অবাক হইয়া য়াইতেন, এইসব বাণী তাঁহার মুথে উচ্চারিত হইল কিরপে।

আলোচ্যকালে যেসব পণ্ডিতের সহিত স্বামীজীর সোহার্দ্যের কথা বলা হইয়াছে, তদ্ভির অপর যেসব মনীধী তাঁহার সংস্পর্শে আসিয়াছিলেন, তাঁহাদের মধ্যে এই কয়জনের নাম উল্লেখযোগ্য: বিখ্যাত মনন্তব্বিদ্ ও গ্রন্থকার ফেডারিক এচ্ মায়ার্স, রেভারেও জন পেজ হপ্স, পজিটিভিন্ট্ (প্রত্যাক্ষরাদী) ও শান্তিপক্ষাবলম্বী এম. ডি. কনওয়ে, ডা: স্ট্যান্টন কয়েট, থিপ্তিক দলের নেতা রেভারেও চার্লস ভয়্মী, এবং 'ট্ওয়ার্ড্স ডেমোক্রেমী' নামক গ্রন্থপ্রণেতা এডায়ার্ড কার্পেন্টার। এতদ্বাতীত এমন বহু ধর্মথাজক তাঁহার সায়িধ্য লাভ করিয়াছিলেন যাহারা গীর্জায় বক্তৃতাকালে স্বীয় বক্তব্য সহজে ব্র্ঝাইবার জন্ম স্বামীজীর ব্যাখ্যাপ্রণালীর সাহায্য লইতেন। ক্যানন উইলবারফোর্সকে তো বেদাস্বামুরাগী বলিলেই চলিত। সর্বসাধারণের জন্ম ভাষণ ও প্রবচন ছাড়াও স্বামীজী বিশেষ বিশেষ ক্লাবে বা গৃহে স্বীয় মত ব্যাখ্যা করিতেন ও এই প্রণালীতে বহু বন্ধুলাভ করিতেন। তিনি উইলবারফোর্সের গৃহে একবার সাদর আমন্ত্রণ পাইয়াছিলেন। 'সিসেম ক্লাবে' তাঁহার বহু বক্তৃতা হইয়াছিল। অনেক ক্লেত্রে তিনি নিজেও উদারপন্থী ধর্মধাজকের গীর্জায় বক্তৃতা শুনিতে ঘাইতেন এবং নানা প্রণালী অবলম্বনে বেদাস্থ ইংরেজের চিস্তারাজ্যে ছড়াইয়া পড়িতেছে দেখিয়া সম্ভোষ লাভ করিতেন।

তথন তিনি স্বদেশ হইতে গ্রন্থাদি আনাইয়া এবং লণ্ডনের পুত্তকাগারের

দাহাযা লইয়া বেদান্তের তিনটি প্রধান দার্শনিক মত-বৈত, বিশিষ্টালৈত ও অবৈতের আলোচনায়ও ব্যাপৃত ছিলেন, এবং তাঁহার ইচ্ছা ছিল যে, এই মতত্ত্রের সারমর্ম সকলনপূর্বক উহাদের সমন্বয়-সাধন করিবেন ও স্বর্রচিত গ্রন্থাবলম্বনে সাধারণের জন্ম তাহা প্রচার করিবেন। তাঁহার এই সমন্বয়সাধন ও সিদ্ধির পরিচয় অনেক বক্ততা ও পত্রাদিতে পাই; কিন্তু গ্রন্থ তিনি লিখিতে পারেন নাই; কারণ কর্মব্যস্ত স্বল্লায়ুর মধ্যে তিনি সে অবসর খুঁ জিয়া পান নাই। প্রচারকার্যে যথন তিনি নামিতেন, তথন অন্ত কোন দিকে মন দেওয়া তাঁহার পক্ষে অসম্ভব হইয়া পড়িত; কারণ বক্তৃতা, বন্ধুদের আমন্ত্রণ রক্ষা, জিজ্ঞাত্মর সহিত আলাপ করা, ঘরোয়া বৈঠকে যোগ দেওয়া, অগণিত পত্র লেখা इंडामिट्डिं मिटनत नविं। नमग्र এवर त्राखित्र खटनकथानि कारिया गाईछ। স্থইজরলও হইতেই তিনি লিথিয়াছিলেন যে, লণ্ডনে একটা প্রকাণ্ড কাজ অপেক্ষা করিতেছে। কার্যক্ষেত্রে অবতীর্ণ হইয়াও দেখিলেন, বেদাক্তের মতত্ত্বের মধ্যে সামঞ্জস্ত স্থাপনার্থ গ্রন্থপ্রথমন তাঁহার একমাত্র কর্তব্য নহে; অছৈত বেদাস্কের যুগোপযোগী কার্যকারিতা দেখাইয়া দেওয়া এবং উহার নিগৃঢ় তথ্যসমূহকে সাধারণ ভাষায় প্রকাশ ও ঐ বিষয়ে ভ্রান্তি দূর করাও তাঁহার অবশ্র কর্তব্য। তবে নৃতন সমন্বয়-ভিত্তিক মৌলিক গ্রন্থ-রচনা অসম্ভব হইলেও তিনি দেখিয়া আনন্দিত হইলেন যে পূর্বপ্রকাশিত অন্তবিষয়ক গ্রন্থগুলি জনপ্রিয় হইয়াছে; বিশেষতঃ 'রাজ্যোগ'-এর প্রথম সংস্করণ অক্টোবরের পুর্বেই শেষ হইয়। গিয়াছিল। এবং নভেম্বরে যথন নৃতন সংস্করণ ছাপা আরম্ভ হইল, তথন গ্রন্থের অপুর্ণ চাহিদা কয়েক শতে দাঁড়াইয়া গেল। গ্রন্থাকারে বেদাস্ত-চিন্তারাশিকে লিপিবদ্ধ করার ইচ্ছাটি কিন্তু তিনি সর্বদাই পোষণ করিতেন; এমন কি, ১৯০১ পুষ্টাব্দে যখন মায়াবতী গিয়াছিলেন, তথনও জনৈক শিশুকে বলিয়াছিলেন যে, তিনি অন্তান্ত কাৰ্য হইতে অবসর লইয়া বাকী জীবন কোন এক নিভূত স্থানে বসিয়া গ্রন্থরচনায় কাটাইতে চান; এবং এরপ কার্যের পক্ষে হিমালয়ক্রোড়ন্থিত, সমভূমির উত্তাপরহিত, নির্জন মায়াবতী অবৈতাশ্রমই সর্বাধিক অমুকৃল।

আমরা দেখিয়াছি, এই কর্ম করা ও কর্ম বিরতির আকাজ্জা স্বামীর্জার জীবনে সমান্তরালভাবেই চলিয়াছিল। নবযুগের প্রবর্তক স্বামীজী স্বয়ং অক্লান্ত কর্ম করিয়া এবং অপরকে কর্মে প্রেরণা দিয়া নবীন আদর্শকে সক্রিয় করিয়া তুলিলেও তিনি কর্মের দাসত্ব স্বীকারপূর্বক অধ্যাত্মপ্রচেষ্টার একান্ত প্রয়োজন

কথনও অস্বীকার করেন নাই; নিজ জীবনে সন্ন্যাসোচিত নৈম্বর্ম্যের আগ্রহও তিনি সর্বদাই দেখাইয়াছেন। ফলত: কর্মে লিপ্ত থাকিয়াও স্বার্থত্যাগ ও অহং-বৃদ্ধিশৃক্ততা — কর্ম করিয়াও না করা—এই ঘদ্দের পরাকাষ্ঠার মধ্যেই যেন তিনি 'কর্মে অকর্ম দর্শন ও অকর্মে কর্ম দর্শনের' গীতোক্ত মূল স্থত্র আবিষ্কার করিয়া-ছিলেন বলিয়া মনে হয়। স্থইজরলণ্ড হইতে লিখিত ২৩শে আগস্ট-এর পত্তে বৈরাগ্যের স্থরটি উচ্চ প্রদায়ই বাজিয়াছে: "আমি কাজ আরম্ভ ক'রে দিয়েছি. এখন অন্তে এটাকে চালাক। দেখতেই তো পাচ্ছেন, কাজটা চালিয়ে দেবার জত্যে কিছুদিন টাকাকডি ও বিষয়সম্পত্তির সংস্পর্শে আমাকে আসতে হয়েছে। আমার স্থির বিশাস যে আমার যতটুকু করবার তা শেষ হয়েছে; এখন আমার বেদান্ত বা জগতের অন্স কোন দর্শন, এমন কি কাজটার ওপরও কোন টান নেই। আমি চলে যাবার জন্ত তৈরী হচ্ছি—পৃথিবীর এই নরককুণ্ডে আর ফিরে আসছি না। এমন কি এই এই কাজের আধাাত্মিক প্রয়োজনীয়তার দিকটার ওপরও আমার অরুচি হয়ে আসতে। মা শীঘ্রই আমাকে কাছে টেনে নিন। আর যেন কথনও ফিরে আসতে না হয় ৷ এই সব কাজ করা, উপকার করা ইত্যাদি শুধু চিত্ত-ভদ্ধির সাধন মাত্র। তা আমার যথেষ্ট হয়ে গেছে। জগৎ চিরকাল—অনন্তকাল ধরে জগৎই থাকবে। আমরা যে যেমন সে তেমন ভাবেই জগৎটা দেখি। কে কান্ধ করে, আর কার কান্ধ ? জগং বলে কিছু নেই—এ সবই তো স্বয়ং ভগবান। ভ্রমে আমরা একে জগৎ বলি। এখানে আমি নেই, তুমি নেই, আপনি নেই— আছেন 🐧 তিনি, আছেন প্রভু—'একমেবাদ্বিতীয়ম'।" স্থন্দর কথাগুলির মধ্যে পাই, প্রথমত: স্বামীজী লৌকিক অর্থে কার্যের বিরোধী। দ্বিতীয়ত: কার্যাবলম্বনে যে চিত্তশুদ্ধি হয়, তাহা তাঁহার হইয়া গিয়াছে। তৃতীয়তঃ তিনি ব্রহ্মজ্ঞ, ব্রহ্মনিষ্ঠ —জগৎ বলিয়া কিছুই তাঁহার নিকট নাই, সবই ব্রহ্ম। সাধারণ অর্থে কর্ম তাঁহার নাই; অথচ তিনি পত্রে ঘাহাই লিখুন বস্তুত: তখনও কর্মত্যাগ না করিয়া কর্ম করিতেই থাকিলেন, কেননা ইহা লোককল্যাণার্থ মৃক্তপুরুষের অহং-বৃদ্ধি-বিদর্জন-পূর্বক ভগবদাদেশ-পালন বাতীত আর কিছুই নহে। শ্রীরাম-কৃষ্ণ তাঁহাকে কাজ করিতে বলিয়াছিলেন; তিনি তাঁহারই কাজ করিতেছিলেন— কেবল তাঁহারই; নিজের নাম্যশ বা প্রয়োজন সিদ্ধির জন্ম কিছুই করেন নাই। অতএব কার্যপরিত্যাগের কথা বারংবার বলার অব্যবহিত পরে স্থইজরলও

হইতে ফিরিয়া আসিয়া আবার ভগবদ্লিদিষ্ট কর্মে লিপ্ত হওয়ার মধ্যে কোনও

অসামপ্রশ্ন নাই। ফলতঃ লোকিক অর্থে অভিমানপরবশ হইয়া তিনি কথনও কার্বে লিপ্ত ছিলেন না, এবং অভিমানশৃত্য কার্য তিনি কথনও ত্যাগ করেন নাই। লগুনের কার্যের পুনরারজ্যের সঙ্গে সঙ্গে তিনি ভারতের কাজ গড়িয়া তোলার চিন্তায়ও বিশেষ ব্যাপৃত হইলেন। এই বৎসরেই ভারতে প্রত্যাবর্তনের পূর্বে তিনি নিবেদিতাকে যাহা বলিয়াছিলেন, তাহাতেই তাঁহার নিজম্ব ভাবটি বেশ ধরা পড়ে। ১৬ই ডিসেম্বর যথন তাঁহার ভারত প্রত্যাবর্তনের দিনরূপে স্থির হইয়াছে বলিয়া বন্ধুবাদ্ধবের শ্রুতিগোচর হইল, তথন পূর্বের সমন্ত বিধা কাটাইয়া মার্গারেট একদিন স্বামীজীকে বলিলেন, তিনিও ভারতে যাইতে চান। স্বামীজী মার্গারেটের এই মনোভাব পূর্বে কথনও পরিদ্ধার জানিতে পারেন নাই, অতএব অকম্মাৎ এই কথা শুনিয়া বিম্মাবিষ্ট হইলেন। ইহা স্বাভাবিক; কিন্তু তিনি যে উত্তর দিলেন উহাই আমাদের আলোচা স্থলে বিশেষ প্রণিধানযোগ্য। তিনি বলিলেন, "আমার নিজের কথা এই বলতে পারি যে, আমি আমার স্থদেশবাদীর জন্মে যে কাজে ব্রতী হয়েছি, তা উদ্যাপনের জন্ম যদি প্রয়োজন হয় তো দশবার জন্মগ্রহণ করিতে প্রস্তুত আছি।" ইহাই স্বামী বিবেকানন্দের স্বরূপ।

ইংলণ্ডে বক্তৃতাদিতে নিরত থাকার মধ্যেও তিনি ভারতের চিন্তা করিবার অবকাশ পাইতেন এবং সেই স্থােগে ভারতীয় গুরুজাতা, শিল্পুল ও বর্দ্ধান্ধবেক পত্রযােগে ভারতসম্বন্ধে বিবিধ পরিকল্পনার কথা জানাইতেন ও নৃতন বা পুর্বারন্ধ কার্ষে উৎসাহ জাগাইতেন, স্থলবিশেষে অর্থসাহায়ও পাঠাইতেন। 'প্রবৃদ্ধভারত' ও 'ব্রহ্মবাদিন' সাময়িক পত্রদ্ম তথন বেশ চলিতেছে, ইহাদের পরিচালনাবিষয়েও স্থামীজী পরামর্শ দিতেছেন। নঞ্জু রাওকে কাজের কৌশল শিথাইতে গিয়া ২৬শে আগস্ট স্থইজরলও হইতে লিখিয়াছিলেন, "কাজকে ঠিক কাজ বলেই ধরতে হবে—এর ভেতর বর্দ্ধান্ধর অথবা চক্ষ্ণজ্জার স্থান নেই।…'শাকের কড়ি মাছে' দেবে না। একেই বলে বৈষয়িক সততা। তারপর চাই—অদম্য উৎসাহ। যথন যা কর, তথনকার মতো তাই হবে ভগবৎ-সেবা। এই পত্রিকাটি এখনকার মতো আপনার আরাধ্য দেবতা হোক।" ২৮শে অক্টোবর লগুন হইতে তিনি আলাসিন্ধাকে জানাইলেন, তিনি সদলবলে ভারতে ফিরিবেন; আর ২০শে নভেম্বরের পত্রে লিখিলেন: "মিঃ সেভিয়ার ও তাঁর সহধর্মিণী হিমালয়ে আলমাড়ার কাছে আশ্রম স্থাপন করতে যাচ্ছেন।…কলকাতা আর মালান্ধেছ ছিট কেন্দ্র খুলব—এই হচ্ছে আমার বর্তমান পরিকল্পনা।…এই তিনটি কেন্দ্র

निराइटे এখন আমরা কাজ আরম্ভ ক'রব; পরে বোম্বাই ও এলাহাবাদে যাব। প্রভুর ইচ্ছা হ'লে, এ-দকল কেন্দ্র হ'তে আমরা যে ওধু ভারতকেই আক্রমণ ক'রব তা নয়, আমরা পৃথিবীর সমস্ত দেশেই দলে দলে প্রচারক পাঠাব।" ভারতে একটা বড় রকমের কিছুরই তিনি প্রত্যাশা করিতেছিলেন এবং ঐ জ্বন্ত প্রস্তুতও हरेट हिल्लन, **পরস্ক তিনি ই**হাও জানিতেন যে, পথে বিল্ল অনেক। প্রথমত: তাঁহার আহ্বানে সাড়া দিতে পারে এইরূপ বৈরাগ্যবান যুবকের একান্তই অভাব; কারণ পরাধীন জাতি অপরের কল্যাণার্থ আত্মোৎসর্গের প্রেরণা পর্যস্ত হারাইয়া ফেলিয়াছিল: "আমার মনে হয়, শহরের জন্মভূমি ত্যাগের ভাব ছারাইয়। ফেলিয়াছে।" দ্বিতীয়ত:, ভারতীয়েরা সঙ্খবদ্ধভাবে কান্ধ করিতে পারিত না: "ভারতে সজ্ঞবন্ধভাবে আমরা যত কাজ করি, তার সব একটা দোষে পণ্ড হয়ে ষায়। আমরা এথনও কাজের ধারা ঠিক ঠিক শিথিনি।" (২৬শে আগন্ট, ১৮৯৬)। তৃতীয়ত: অর্থাভাব। ভারতের অধিকাংশ লোক দরিদ্র; যাঁহাদের অর্থ আছে, তাঁহারা হয় স্কায়হীন, না হয় উচ্চচিস্তাবিহীন। এরপ ক্ষেত্রে স্বামীজীর ন্যায় বীরহন্য, ত্যাগী, ধর্মপ্রাণ স্বদেশপ্রেমিকের পক্ষেও অনেক ভাবিয়া চিস্কিয়া মন্বরগতিতে চলিতে হয়, নতুবা অন্য সমস্ত চিম্কা ভূলিয়া ক্ষেত্রপ্রস্তুতির জন্ম কর্মক্ষেত্রে ঝাঁপ দিতে হয়: "যদি কয়েকজন দৃঢ়চেতা খাঁটি লোক পাওয়া ষায়, তবে দশ বংসরের মধ্যে যুক্তরাষ্ট্রের অর্ধেক জয় করে ফেলতে পারে। কোথায় এরূপ লোক ? আমরা সবাই যে আহামকের দল—স্বার্থপর, কাপুরুষ ! মুথে স্বদেশপ্রেমের কতকগুলি বাজে বুলি আওড়াই, আর 'আমরা খুব ধার্মিক' এই অভিমানে ফুলে আছি। ... আমি চাই এমন লোক, যাদের পেশীসমূহ লোহের ক্রায় দৃঢ় এবং স্নায়ু ইস্পাত নিমিত, আর তার মধ্যে থাকবে এমন একটি মন, যা বজ্বের উপাদানে গঠিত।" তেমন লোক প্রস্তুত ছিল না, স্বতএব স্বকার্যসাধনের উপযুক্ত যন্ত্র নির্মাণের জন্ম স্বামীজীর ভারতে প্রত্যাগমন একাস্ত আবশ্রুক হইয়া পড়িয়াছিল, যদিও তিনি জানিতেন, "ভারতের বাইরে এক ঘা দিতে পারলে সেই এক ঘা ভারতের ভিতরের লক্ষ **আঘাতের তুল্য হয়।" অত**এব তিনি ভারতে ফিরিবার জন্ম প্রস্তুত হইতে থাকিলেন এবং ইতিমধ্যে ইংলণ্ডের কাজেরও একটা স্থায়ী স্থব্যবস্থা করিতে সচেষ্ট রহিলেন।

তাঁহার প্রথম কর্তব্য হইল স্বামী অভেদানন্দকে বিদেশীর কার্যের উপযুক্ত করিয়া তোলা। এই কার্যের জন্ম স্বামী অভেদানন্দের যোগ্যতা যথেষ্ট থাকিলেও প্রথম প্রথম স্বভাবতই একটু দিগা বোধ করিতেছিলেন। কাজেই একরকম জোর করিয়াই স্বামীজী তাঁহার দারা ২ ৭শে অক্টোবর ব্লুমস স্বোয়ারে বক্তৃতা দেওয়াইলেন। দেদিন স্বামীজীর নিজের বক্তৃতাদানের কথা ছিল; কিন্তু স্বামীজী শ্রোতাদের নিকট ঘোষণা করিলেন, স্বামী অভেদানন্দ বক্ততা করিবেন। অগতা। তাহাই হইল। বক্ততায় বেদাস্তদর্শনের মৌলিক বিষয়গুলি বেশ স্থন্দরভাবে স্মালোচিত হইল। ইহাতে স্বামীজী ও শ্রোতারা সকলেই আনন্দিত হইলেন এবং ব্ঝিলেন, কালে ইনি অল্লায়াদেই উত্তম বক্তা হইতে পারিবেন। শ্রীযুক্ত এরিক হাামণ্ড ঐদিনের ঘটনা এইরূপে লিপিবদ্ধ করিয়াছেন: "দেদিন অপরায়ে বাঁহারা সমবেত হইয়াছিলেন, তাঁহাদিগকে থানিকটা নিরাশ হইতে হইয়াছিল। ঘোষণা করা হইল যে, স্বামী বিবেকানন্দ বক্তৃতা দিতে চাহেন না , তাঁহার স্থলে স্বামী অভেদানন বক্তৃতা করিবেন। নিজের মনোনীত পণ্ডিত্তের সাফলাদর্শনে স্বামীজীর বদন যেন আনন্দে উৎফুল হইয়া উঠিল। সে আনন্দের অন্ততঃ কিছুটা তিনি কথায় প্রকাশ না করিয়া পারিলেন না. আর সে কথাগুলিও ছিল আনন্দোচ্ছাদিত। আধ্যাত্মিক গুরু স্বীয় প্রিয় সন্তানের — দাফলাপূর্ণ মেধাবী শিয়োর জন্ম যেরূপ উল্লাস বোধ করেন, স্বামীজীর আনন্দ ছিল উহারই সমজাতীয়। গুরুত্রাতা যাহাতে সম্পূর্ণ বাধাহীন স্থযোগ পান, এই উদ্দেশ্যে নিজেকে মুছিয়া ফেলিয়া স্বামীজীর ষেন তৃপ্তির অবধি ছিল না। সমস্ত ব্যাপারটি যে অহতেব জাগাইয়াছিল, তাহার মাধুর্য এমনি চমৎকার যে উহা কথায় প্রকাশ করা যায় না। স্বামীজী যেন এই কথাটি ভাবিয়াই রাথিয়াছিলেন এবং সত্য বলিয়া জানিতেন: 'ইহলোক হতে আমার অন্তর্ধান হলেও, আমার বাণী এই প্রিয় ওঠ্বয়ে উচ্চারিত হতে থাকবে এবং জগং তা শুনবে।'…তিনি জানিতেন যে, তাঁহার গুরুভাতা ও প্রিয় ছাত্র এই প্রথম ইংরেজ শ্রোতার সন্মুথে ইংরেজী ভাষায় বকৃতা দিলেন ; অতএব উদ্ধৃত মস্তব্য শুনিয়া যথন শ্রোতারা হর্ষধ্বনি করিলেন, তথন স্বামীজীরও হৃদয় বিমল আনন্দে নাচিয়া উঠিল। এই ঘটনার প্রথম হইতে শেষ পর্যস্ত তিনি যে নি:স্বার্থপরতার পরিচয় দিলেন তাহার দাগ लात्कद्र मत्न चन्धनीय ट्रेया दिन।"

এই কালমধ্যে গুডউইন ইংলণ্ডে ফিরিয়া বন্ধচর্যবত গ্রহণ করিয়াছিলেন। তাঁহার মুথে ও অন্ত স্থানে স্থানী সারদানন্দের সাফল্যের সংবাদ পাইয়া স্থানী দ্ধী স্থামেরিকার কার্যসম্বন্ধ নিশ্চিম্ভ হইলেন। সারদানন্দ গ্রীণএকার কন্ফারেন্দে বোগ দিয়া স্বামীজীরই মতো সেই একই পাইন গাছের তলায় ছাত্রদের লইয়া ক্লাস করিয়াছিলেন এবং অক্তর বক্তৃতা দিয়াছিলেন। অতঃপর বস্টন, ক্রুকলিন এবং নিউ ইয়র্কেও তাঁহার বক্তৃতা হইয়াছিল। পরিশেষে তিনি নিউ ইয়র্কে থাকিয়া স্থায়িভাবে কার্যচালনায় আত্মনিয়োগ করিয়াছিলেন। এতদ্বাতীত শ্রীমতী ওয়াল্ডো বা হরিদাসী স্বামীজীরই নির্দেশাহ্যায়ী স্বতম্ব ক্লাস চালাইতেছিলেন এবং সাফল্যও অর্জন করিয়াছিলেন। অক্যান্ত কার্যের অবসরে ও স্বামী সারদানন্দের ক্যান্থিকে অবস্থানকালে তিনি নিউ ইয়র্কের বেদান্ত ক্মিতিতে নভেম্বর ও ভিসেম্বর মাসে ক্লাস চালাইয়াছিলেন। স্বামীজী মনে ক্রিতেন, হরিদাসীই তাঁহার হাতে-গড়া পাশ্চান্ত্য ছাত্র-ছাত্রীদের মধ্যে সর্বোত্তমা।

স্বামীজী আমেরিকার বাহিরে থাকিলেও দেখানে তাঁহার স্বৃতি ও প্রভাব যে অক্ষা ছিল এবং বেদান্তের প্রচার ক্রমেই বর্ধিত হইতেছিল, ইহার প্রমাণ 'ব্ৰহ্মবাদিনের' সম্পাদককে লিখিত শ্রীমতী হেলেন এফ হাটিংটনের ১৪ই অক্টোবরের (১৮৯৬) পত্তে জানা যায়: "আমি নিশ্চিত বলিতে পারি আপনি জানিয়া আনন্দিত হইবেন যে, স্বামী বিবেকানন্দের উপদেশের বিবিধ শাস্তিময় ফল দর্বদা বাড়িয়াই চলিয়াছে। তাঁহার প্রভাব যেন স্থ্বিকরণদৃশ—এত নীরব, অথচ এত শক্তিশালী ও স্থূদুরপ্রসারী ! আমরা পাশ্চান্ত্যবাসীরা চিরম্ভন অভ্যাদ ও শিক্ষার দোষে যদিও বিপরীত মতই পোষণ করিয়া থাকি, তথাপি একজন প্রাচ্যবাসী কি করিয়া পাশ্চান্ত্যের উপর এমন স্বায়ী প্রভাব বিস্তার করিলেন. ইহা চিরকালই এক বিশ্বয়ের বিষয় হইয়া থাকিবে। সাময়িক কুতৃহলোদীপক বিষয়গুলি যেরপ শন্ধবহুল আলোড়ন সৃষ্টি করে, আমাদের আগ্রহ সে জাতীয় নহে। ইহা পুর্বে যেরপ ছিল, আজ ততোধিক গভীরতর ও প্রবলতর এবং স্বামীজীর সকল শিশুই যে যেমন স্থযোগ পায় তদুরুসারে তাহার বার্তা প্রচারের জন্ম ঘথাসাধ্য চেষ্টা করে—কেহ হয়তো পরিবারের শাস্ত পরিবেশমধ্যে নীরবে. অপরেরা তদপেকা প্রকাশভাবে—যে যেমন পারে। অধিকম্ভ মানবের নীরব প্রভাবের পরিমাপ আজ পর্যন্ত কেহ করিতে পারিয়াছে কি ? এমন কি এখানে (জর্জিয়াতে) স্বামীজীর কর্মক্ষেত্র হইতে সহস্র মাইল বা ততোধিক দূরে বসিয়া, আমি অপরের মুথে তাঁহার নাম শুনিতে পাই। ... আমি আশা করি, অদূর ভবিশ্বতে নিউ ইয়র্কের ক্রায় এখানেও বেদান্ত স্থারিচিত হইয়া যাইবে। ...স্বামী বিবেকানন্দ আমাদের সকলের এমন প্রীতি অর্জন করিয়াছেন যে, তিনি আমাদের

নিকট ফিরিয়া আহ্বন, এই কথা আমরা না ভাবিয়া পারি না। স্বামীজী নিজে যেমন স্বীয় গুরুদেব সম্বন্ধে বলিতেন, 'তাঁহার কেবল উপস্থিতিতেই পাপী অপাপী সকলে আশীবাদ লাভ করিত', তেমনি ছিল স্বামীজীরও জীবন আমাদের কাছে। কারণ তিনি আমাদিগকে মহত্তর জীবন্যাপন করিতে ও সকলের প্রতি ভ্রাতৃভাব পোষণ করিতে উদ্বন্ধ করিতেন।"

चारमत्रिका । इंश्नरण कार्यत छ्वावछ। इट्याट्ड तम्बिया सामीकीत मन অক্টোবর মাস হইতেই ভারতে প্রত্যাবর্তনের সক্রিয় চিস্তায় ব্যাপ্ত হইয়াছিল এবং পত্তে ও ঘনিষ্ঠ বন্ধদের সহিত আলাপ-প্রসঙ্গে তিনি এই অভিপ্রায় ব্যক্ত করিতেছিলেন। কিন্তু প্রথম দিকে সম্মুটি প্রাসন্ধিকভাবেই উত্থিত হইত. তথনও উহা নিশ্চিতরূপ ধারণ করে নাই। অক্টোবর হইতে কিছুদিন এইভাবেই কাটিল। তারপর নভেম্বর মানে একদিন ক্লানের কাজ শেষ হইয়া গেলে তিনি শ্রীযুক্তা সেভিয়ারকে একান্তে ডাকিয়া অক্সাৎ বলিলেন, তিনি যেন স্বামীজী, গুডউইন ও সেভিয়ারদের উভয়ের জন্ম মোট চারিথানি টিকেট কিনিয়া ফেলেন। গুডউইন ইংলও হইতে বরাবর জাহাজে ঘাইবেন; কিন্তু সমুদ্রাত্রা কমাইবার জন্ম স্বামীজী দেভিয়ারদের সহিত স্থলপথে ইউরোপের মধ্য দিয়া নেপল্স পর্যন্ত **с**क्टेंद्र याहेरवन, ७ त्नथन्तम जाहाज धतिरवन। এই ऋर्यार हेर्फेरतारथत्र ७ খানিকটা দেখা হইয়া যাইবে। ঘোষণাটি আকস্মিক হইলেও এীযুক্তা সেভিয়ার খুব আশ্চর্য হইলেন না। তিনি পূর্ব হইতেই ধরিয়া লইয়াছিলেন যে, স্বামীজীর স্থানেশ-প্রত্যাবর্তনের দিন খুব দূরবর্তী নহে, এবং স্থির করিয়াছিলেন, ষেদিন স্বামীজীর সন্ধল্প স্থির হইয়া যাইবে সেদিন তিনিও শ্রীযুক্ত সেভিয়ারের সহিত ভারত্যাতা করিবেন ও দেখানে বানপ্রস্থাবলম্বনে বাকি জীবন কাটাইবেন। এখন স্বামীজীর অভিপ্রায় জ্ঞাত হইয়া সেভিয়ার-দম্পতি সেই দিনই সকলের জন্ত নর্থ জার্মান লয়েড কোম্পানীর একখানি নব-নির্মিত জাহাজের টিকেট ক্রয় করিলেন; ঐ জাহাজ ১৬ই ডিসেম্বর নেপল্স হইতে কলম্বো ঘাইবার কথা ছিল। কিন্ত নৃতন জাহাজ কোন কারণে নির্দিষ্ট দিনে যাত্রা করিতে না পারায়, ঐ কোম্পানীর 'প্রিন্স রিজেণ্ট লিওপোল্ড' নামক অপর এক জাহাজে তাঁহাদের স্থান করিয়া দেওয়া হয়। স্থামীজী তথন ভারতীয় কাজের জন্ম উদ্গ্রীব। শ্রীযুক্ত সেভিয়ারের সহিত তিনি কত পরিকল্পনা-বিষয়েই না আলোচনা করিতেন! সে উৎসাহে মাতিয়া ভাবী বানপ্রস্থ-জীবনের প্রস্তুতি-হিসাবে সেভিয়ার ও তাঁহার ন্ত্রী ইংলণ্ডের অস্থাবর-সম্পত্তি— অলকার, গৃহসামগ্রী, চিত্র প্রভৃতি বিক্রম করিয়া অর্থসংগ্রহ করিলেন। বাড়ীরও ব্যবস্থা করিয়া বিদায়ের দিন গুণিতে লাগিলেন। শ্রীমতী মূলারও তাঁহার পরিচারিকা কুমারী বেল-এর সহিত কিছুদিন পরে স্থামীজীর অমুগমন করিবার জন্ম প্রস্তুত হইতে থাকিলেন। স্থামীজী ভারতের পুনরভ্যুত্থানের জন্ম যে পরিকল্পনা রচনা করিতেছিলেন, তাহার মধ্যে নারীসমাজের একটা বিশেষ স্থান ছিল। কলিকাতা, মাদ্রাজ ও হিমালয়ে তিনটি কেন্দ্র স্থাপনপূর্বক স্থামীজী একদিকে যেমন ভারতীয় ও বিদেশীয় কার্যের জন্ম যুবকদিগকে প্রস্তুত করিতে উন্থত ছিলেন, অপর দিকে তেমনি জাতীয় ধারায় আদর্শ রী, মাতা এবং ব্রন্ধচারিণীদের শিক্ষার জন্ম শিক্ষায়তন গঠনের কথা ভাবিতেছিলেন। শ্রীমতী মূলার এই ভাবটি সর্বাস্তঃকরণে গ্রহণপূর্বক স্থাশিক্ষার প্রসারকল্পে অর্থনাহায়ের প্রতিশ্রুতি দিয়াছিলেন। স্থামীজী মনে মনে ইহাও ভাবিয়া রাথিয়াছিলেন যে, যথাকালে তিনি মার্গারেট নোবলকেও ভারতে আনিয়া তাঁহার হস্তে স্থীশিক্ষার ভার অর্পণ করিবেন।

এদিকে শ্রীযুক্তা ওলি বুলও স্বামীন্ধীর স্বদেশযাত্রার সংবাদ তাঁহারই পত্তে জানিতে পারিলেন এবং প্রত্যুত্তরে জানাইয়া রাখিলেন যে, ভারতীয় কাজের জন্ম, বিশেষতঃ কলিকাতায় স্বায়ী আশ্রম স্থাপনের জন্ম তিনি প্রচুর অর্থ দিতে প্রস্তুত আছেন। কিন্তু স্বামীন্ধী ভারতীয় অবস্থা, লোকবল ও নিজের সামর্থ্য বুঝিয়াই চলিতে চাহিতেন; তাই ভারতযাত্রার এক সপ্তাহ পূর্বে শ্রীযুক্তা বুলকে লিখিলেন যে, তিনি তাঁহার প্রতিশ্রুতির জন্ম ক্বতক্ত হইলেও তথনই অর্থ গ্রহণ করিতে অসমর্থ। তিনি কার্যের ভাবী রূপ ও সম্ভাবনা বিষয়ে নিশ্চিত না হইয়া প্রথমেই আপনাকে অর্থভারে নিপীডিত করিতে চাহেন না। অবশ্র এই অর্থ তিনি পরে গ্রহণ করিয়াছিলেন এবং ইহাতে বেলুড় মঠ স্থাপিত হইয়াছিল। যাহা হউক, এই ঘটনায় মনে হয় স্বামীন্ধী বিশৃদ্ধলভাবে কাজ করিতে প্রস্তুত ছিলেন না, আর মনে হয়, ওলি বুলের অর্থ তথনই গ্রহণ না করিলেও এইরূপ বিবিধ অমুক্ল অবস্থা নিরীক্ষণপূর্বক কার্যসাফল্যের অনেকটা পূর্বাভাস দেখিয়া তাঁহার মন আনন্দে উৎফুল্ল হইয়াছিল।

লণ্ডনের ছাত্রছাত্রীবৃন্দ যথন ব্ঝিলেন, তাঁহাদের ধর্মজীবনের পরিচালক স্বামী বিবেকানন্দ ডিসেম্বরের মধ্যভাগে চলিয়া যাইবেন, তথন তাঁহাদের মন অতীব বিষয় হইল। স্থির হইল যে, তাঁহার সম্মানার্থ এক বিদায়-সম্বর্ধনার আয়োজন হইবে। এই কার্যে প্রধান উদ্যোগী ছিলেন স্বামীজীর একনিষ্ঠ ভক্ত ও আদম্য উৎসাহী কর্মী শ্রীষ্ক্ত ইন্টি. স্টার্ডি। গুডউইনের সাহায়ে তিনি বিদায় সম্ভাষণটি রচনা করিলেন এবং স্বামীজীর সকল ভক্ত ও বন্ধুদের নিকট নিমন্ত্রণপত্র পাঠাইলেন। স্বামীজীর বিদায়ের পূর্ববর্তী রবিবারে ১০ই ডিসেম্বর পিকাডিলিতে অবস্থিত 'রয়েল সোনাইটি অব পেন্টার্স ইন ওয়াটার কালার্স'-এর ভবনে যথন বিদায়সভা বসিল, তথন শহর ও শহরতলী হইতে এত লোকসমাগম হইল যে. সকলের পক্ষে স্থানসম্থলান অসম্ভব ছিল। স্বামী অভেদানন্দও সে সভায় উপস্থিত ছিলেন। ইতিমধ্যে তিনি স্থনাম অর্জন করিয়াছিলেন; বিরাট জনসভা আজ যেন তাঁহাকেই তাহাদের এই বিষাদের দিনে একমাত্র সাম্থনার স্থল বলিয়া গণ্য করিল। স্থামীজীরও মন সেদিন ভারাক্রাস্ত ছিল এবং তিনি যথন ধীরপদক্ষেপে বক্তৃতাগৃহে প্রবেশ করিলেন তথন চারিপাশের নিন্তন্ধতাই যেন জানাইয়া দিল, স্বামীজী ও শ্রোত্বন্দের মধ্যে প্রেমের বন্ধন কত দৃচ ও ক্রিকান্তিক। শ্রীযুক্ত এরিক হ্যামণ্ড এই বিদায়সভার কথা বলিতে গিয়া লিখিয়াছেন:

"দেদিন লগুনের রবিবার—দোকানপাটের বার রুক্ক, ব্যবসা-বাণিজ্ঞা বন্ধ এবং মহানগরের রাজপ্থসমূহ যানচলাচলের বাহুল্যবশতঃ যেমন শব্দম্পর থাকে, আজ অন্ততঃ কিয়ৎক্ষণের জন্ম তাহা মন্দীভূত। লগুনবাসীরা রবিবাসরীয় আছোদনে ভূষিত ও তাহাদের চলন-বলনে একটা রবিবারের উপযুক্ত বৈশিষ্ট্য-পূর্ণ ছাপ রহিয়াছে। বৃদ্ধ, ভক্র ও প্রায় নীরব ব্যক্তিগণ গীর্জা ও ভক্তনাগার অভিমুখে চলিয়াছে। যে স্বামীজীর অভাদয় তাঁহার বন্ধুবর্গের হৃদয়ে এক গভীর রেখাপাত করিয়াছিল, আজ অপরাহে তাঁহাকে বিদায় দেওয়া হইবে। যে হলে তাঁহাকে বিদায় দেওয়া হইবে, উহা চিত্রকরদিগের ব্যবহারের জন্ম নির্দিষ্ট ছিল, এবং উহার প্রাচীরে বহু চিত্র শোভা পাইতেছিল। ইংলণ্ডের রাজধানীর যে মঞ্চ হইতে স্বামীজী ইংরেজদিগের প্রতি শেষবাণী উচ্চারণ করিবেন, উহা নানাবিধ পত্রপুশে স্বসজ্জিত ছিল। সমাজের বহু প্রকারের ও বহু শ্রেণীর লোক দেখানে সমবেত হইয়াছিল; কিন্তু সব কয়টি মনে একটিমাত্র বাসমা জাগিতেছিল—তাহারা আর একবার তাঁহাকে দেখিতে চায়, তাঁহার কথা শুনিতে চায়, এমন কি সম্ভব হইলে একবার তাঁহার পবিত্র বসন স্পর্শ করিতে চায়, এমন কি সম্ভব হইলে একবার তাঁহার পবিত্র বসন স্পর্শ করিতে চায়, এমন কি সম্ভব হইলে একবার তাঁহার পবিত্র বসন স্পর্শ করিতে চায়, এমন কি সম্ভব হইলে একবার তাঁহার পবিত্র বসন স্পর্শ করিতে চায়, এমন কি সম্ভব হইলে একবার তাঁহার পবিত্র বসন স্পর্শ করিতে চায়, এমন কি সম্ভব হইলে একবার তাঁহার প্রিত্র বসন স্বার্ণ করিতে চায়, এমন কি সম্ভব হুলে একবার তাঁহার প্রত্ন বসন স্বার্ণ করিতে চায়, এমন কি সাজ্য ব্যবহার বায়ক ব্যক্তিয় স্বান্ধ প্রায়ন্ত ব্যক্তিয় স্বান্ধ ব্যবহার তাল্যের বিদ্যান্ধ প্রায়ক প্রায়কণ স্থাই স্থবলহরী তুলিভেছিল;

चामीकी বে শ্রহা ও প্রীতি অর্জন করিয়াছিলেন, তাহার নিদর্শনস্বরূপে নরনারীরা বক্তৃতা করিতেছিল; দেশব শুনিয়া মধ্যে মধ্যে এবং বক্তৃতাগুলির শেবে তুম্ল হর্ষধনি উঠিতেছিল; অনেকে নীরব ছিল—নির্বাক ও বিমর্বে ভারাক্রাস্ত-হৃদয়; অনেকের নয়ন অর্শ্র্লিক ছিল; অন্তরের অন্ধকার ও বিষাদ যেন বাহিরের মন্দালোক ও নিরানন্দকে গভীরতর করিয়া তুলিয়াছিল। একটি মাত্র রূপ, একটি মাত্র আকৃতি সে হৃংথের বিক্লছে অভিযানে জয়মণ্ডিত হইল; হরিজ্রাবর্ণের তৈলক্ষটিকতুল্য (আ্যাহারের মতো) সম্জ্জল বেশে বিভ্ষিত স্থামীকী যেন স্ক্রিরণনির্মিত একটি ঝকঝকে জীবস্ত শর্মষ্টির ন্যায় জনতার মধ্য√দিয়া চলিয়া গেলেন। 'ঠিক বলছি,—ঠিক বলছি'—তিনি বলিতে লাগিলেন—'আবার আমাদের মিলন হবে, অবশ্রই হবে।'" (ইংরেজী জীবনী, ৪৬৮)।

অধিবেশনের সভাপতি ত্রীযুক্ত ই. টি. স্টার্ডি স্বামীজীর করকমলে একখানি विनाय-অভিভাষণ অর্পণ করিলেন। স্বামীজী খুবই বিচলিত হইয়া আবেগভরে একটি প্রীতিপূর্ণ অথচ অধ্যাত্মভাবে সমৃদ্ধ বক্ততা দিলেন। তিনি দেখাইয়া দিলেন যে, ঐতিহাসিক ঘটনাবলীর পুনরাবৃত্তি হয়। "রোমসামাজ্যের শাস্তির স্বযোগ পাইয়া খুষ্টধর্ম প্রসারিত হইয়াছিল"—তাঁহার এই কথার উপর নিবেদিতা লিখিয়াছেন, "তাঁহার কথার তাৎপর্য হয়তো এই ছিল যে, এরপ সময়ও আসিবে যথন ভারতীয় প্রচারকবর্গের এমন এক স্থবিশাল দলকে পাশ্চান্ত্য দেশে দেখা যাইবে যাহারা স্বামীজী যে ফদল অতি উত্তমরূপে প্রস্তুত করিয়া গিয়াছেন তাহা কাটিয়া ঘরে তুলিতে ব্যস্ত থাকিবেন, এবং দূর ভবিশ্বতে কাটিবার জন্ম নিজেরাও নৃতন ফদল প্রস্তুত করিবেন।" আবার তাঁহার বিদায়মূহুর্তে যত স্মরণীয় কথা উচ্চারিত হইয়াছিল, তয়৻ধ্য শ্রীয়ৃক্ত হ্যামগুকে কথিত উক্তিগুলি সর্বাধিক প্রাণস্পর্শী: "আমার হয়তো এমনও মনে হইতে পারে যে, এই দেহ হইতে মুক্ত হওয়া—পরিত্যক্ত বস্ত্রের তাম ইহাকে ছুঁড়িয়া ফেলাই সমীচীন। কিছ যতদিন মানবজাতির সকলে সর্বোত্তম সত্যকে জানিতে না পারিবে, ততদিন আমি কথনও প্রচারকার্য বা সাহায্যবিতরণ হইতে বিরত হইব না।" (ঐ ৪৩৯) কার্যতও দেখা ষাইতেছে, যদিও তিনি স্থুলদেহে নাই, তথাপি তাঁহার প্রাণপ্রদ বাণী অমুশীলন-পূর্বক এবং তাঁহার সহিত অলৌকিক আত্মীয়তা স্থাপনপূর্বক কত শত লোক বর্তমান যুগেও আধ্যাত্মিক কল্যাণের পথে ক্রুত অগ্রসর হইতেছে—স্বামীজী এখনও রুপাবিতরণে মুক্তহন্ত! ইহাই ছিল প্রকৃতপক্ষে লণ্ডনে তাঁহার শেষ

ভাষণ, কেননা যদিও শেষবারে আমেরিকায় বাইবার পথে তিনি (১৮৯৯ খৃষ্টাব্দে) পুনর্বার ঐ দেশে পদার্পণ করিয়াছিলেন, তথাপি সেবারে জনসাধারণের সমক্ষে ধর্মপ্রচারক হিসাবে উপস্থিত হন নাই।

-লওনে স্বামীজীর শেষ সাধারণ বক্ততার বিষয় ছিল 'অব্দত্ত বেদাস্ত' ও তারিথ ছিল ১০ই ডিদেম্বর। এই ভাষণ, ইংলণ্ডে স্বামীজীর দাফল্য এবং ১৩ই ভিদেশ্বরের বিদায়-অভিনন্দন সম্বন্ধে জনৈক হুলেখকের লেখনীমূথে 'ইণ্ডিয়ান মিরর' পত্রিকায় এই তথাগুলি পরিবেশিত হয়: "১৮৯৬ খুষ্টাব্দের ১০ই ডিদেম্বর 'অহৈত দর্শন' বিষয়ে স্বামীজীর শেষ বক্তৃতা যথন দেওয়া হয়, তথন কক্ষটি শ্রোতপরিপূর্ণ ছিল, আর ভাহারা এই শেষ বক্ততাটি হইতে যাহাতে বঞ্চিত না হয়, সেজন্ম বিশেষ উদ্গ্রীব ছিল। লণ্ডনে স্বামীজী ষেসব বক্ততা দিয়াছিলেন. তাহা শুনিতে শ্রোতারা যেরপ নিয়মিত ভাবে আসিত তাহা হইতেই প্রমাণ হয় रय, मध्ये जि स रामान्य गाया। इरेया राम छेरात श्री जारात्मत मरनारयान কিরপ নিবিড্ভাবে আরুষ্ট হইয়াছিল। সে ব্যাখ্যা নিঃস্ত হইয়াছিল এমন এক ব্যক্তির বদন হইতে যাঁহার ব্যক্তিত্ব অনেকের আন্তরিক শ্রদ্ধা এবং অপর অনেকের ভালবাদা আকর্ষণ করিয়াছিল, আর দে ব্যাখ্যার প্রয়োগ-ক্ষেত্র ছিল ভধু পাশ্চান্তা দেশই নহে, প্রত্যুত যে প্রাচ্যদেশে উহা প্রথম উপস্থাপিত হইয়াছিল সে দেশও বটে। এই উদার ও স্থবিবেচনাপূর্ণ ব্যাখ্যার ফলে বিভিন্ন মতবাদী জনসমষ্টি, এমন কি চার্চ অব ইংলণ্ডের বহু ধর্মধাজক আরুষ্ট হইয়াছেন এবং ইহারা সমবেতভাবে স্বামীজীর উপদেশাবলীকে যথাসম্ভব স্থূদরপ্রসারিত করিতে কৃতসঙ্কল্প হইয়াছেন।

"কোন স্থগভীর আধ্যাত্মিক বার্তাই প্রথমে ক্রুতসঞ্চারী হয় না; অবশ্রু বিবেকবান ও উল্লমণীল একদল অফুবাদকের প্রয়ত্তে প্রাচ্য চিস্তা ক্রমে অধিকাধিক স্থপরিচিত হইতেছে। কিন্তু স্বামী বিবেকানন্দ সদৃশ আচার্যের অভ্যুদয়ে পুস্তকনিহিত সে বিল্লা প্রাণলাভ করে এবং উহার অসামঞ্জন্ম দূরীভূত হয়। বিভিন্ন পণ্ডিতগণ যাহাই করিয়া থাকুন না কেন, সংস্কৃতিসম্পন্ন ও বিদ্বান বলিয়া যাহারা নিশ্চিতরূপে স্বীকৃত হন, তাঁহাদের মধ্যে যাহারা স্বামীজীর বক্তৃতাবলী শ্রুবণ করিয়াছেন, সম্ভবতঃ তাঁহাদের অধিকাংশেরই দৃষ্টি আজ এই দিকে প্রথম আকৃষ্ট হইয়াছে যে, ভারতে সার্বভৌম চিন্তা ও জ্ঞানের এমন এক বিরাট রত্বকোষ আছে, যাহা ভারত যুগ্রুগান্তর ধরিয়া বিবের সেবার্থ তত্বাবধায়করূপে সংরক্ষণ

করিয়া আদিতেছে। শেষামী বিবেকানলের কার্থকে যদি আধুনিক মিশনারীদের কার্থের সহিত তুলনা করা চলে, তবে বলিতে হইবে, অধিকাংশ মিশনারীদের সহিত তাঁহার এই পার্থক্য বে, তাঁহার কার্থের ধারা কোন তিব্রুতার সৃষ্টি হয় নাই, একটি স্থলেও বিধেষ বা সাম্প্রদায়িকতা সঞ্জাত হয় নাই। ইহার কারণ বেমন অতি সরল, ইহার শক্তিও তেমনি প্রবল। স্বামীজী কোন সম্প্রদায়ের পক্ষপাতী নহেন—তিনি ধর্মমাত্রের উদ্বোধক, কোন বিশেষ ধর্মের নহে। ধর্মের বিরাট ক্ষেত্রে যাঁহারা মতবিশেষের পক্ষাবলম্বী তাঁহারাও তাঁহার সহিত্ব বিরোধের কারণ খুঁজিয়া পাইবেন না। শেবিদায় অধিবেশনে যাঁহারা উপস্থিত ছিলেন তাঁহাদের মধ্যে সামরিক ও অসামরিক বিভাগদ্বয়ের এমন অনেক প্রাচীন রাজকর্মচারী ছিলেন, যাঁহারা ভারতে জীবনের বহু বৎসর কাটাইয়াছেন এবং যাঁহাদের সম্বন্ধে একথা বলা চলে না যে, তাঁহারা ভাবাতিশ্যাবশতঃ এমন এক বিশেষ প্রবক্তার প্রতি, এমন এক দার্শনিক মতাভিমুথে বা এমন এক জাতির দিকে ঝুঁকিয়া পড়িয়াছেন, যাহার সম্বন্ধে তাঁহারা সম্পূর্ণ অক্তা।"

লণ্ডনে স্বামীন্ধীর সাফল্য সম্বন্ধে প্রসিদ্ধ রাজনীতিক নেতা শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল ১৫ই ফেব্রুয়ারি, ১৮৯৮ তারিথের 'ইণ্ডিয়ান মিরর' পত্রিকায় এইরূপ তথ্য প্রকাশ করেন। "ভারতীয় কেহ কেহ মনে করেন, স্বামীজীর বক্ততাবলীর হারা ইংলণ্ডে অতি সামান্ত স্থফলই অর্ক্তিত হইয়াছে এবং তাঁহার বন্ধু ও গুণগ্রাহিবুন্দ তাঁহার ক্বতিত্বকে অতিরঞ্জিত করিয়া দেখেন। কিছু আমি এধানে আসিয়া দেখিলাম, তিনি সর্বত্ত এক লক্ষণীয় প্রভাব বিস্তার করিয়াছেন। ইংলণ্ডের বছ অংশে আমি এমন লোকের সাক্ষাৎ পাইয়াছি বাহার। বিবেকানন্দের প্রতি গভীর সম্মান ও শ্রদ্ধা পোষণ করেন। যদিও আমি তাঁহার সম্প্রদায়ভূক নহি, এবং ইহাও ঠিক বে, তাঁহার সহিত আমার মতভেদ আছে, তথাপি আমি বলিতে বাধ্য যে, বিবেকানন্দ এখানে অনেকের চকু উন্মীলিত করিয়াছেন এবং তাহালের চিত্তের বিস্তারসাধন করিয়াছেন। তাঁচার শিক্ষাপ্রভাবে এখন এদেশীয় অধিকাংশ ব্যক্তি দুঢ়ভাবে বিশ্বাস করেন ষে, প্রাচীন হিন্দুশাস্ত্রবাশির মধ্যে অত্যাশ্চর্য আধ্যাত্মিক সত্যসমূহ নিহিত রহিয়াছে। তিনি বে ৩ধ এই ভাবটিই প্রতিষ্ঠিত করিয়াছেন, তাহা নহে, তিনি ইংলণ্ড ও ভারতের মধ্যে একটি স্থবর্ণ স্থত সংস্থাপনেও রুডকার্য হইয়াছেন। এীযুক্ত হাউই প্রাণীত 'দি ডেড পুলপিট' (খুইগর্মের অবসান) হইতে 'বিবেকানন্দের মতবাদ' সম্বন্ধে আমি যে উদ্ধৃতি দিয়াছি, তাহা হইতেই আপনি বৃঝিতে পারিয়াছেন, বিবেকানন্দের মতসমূহের প্রচারের ফলে অনেকেই খুষ্টার্ম বর্জন করিয়াছেন। আবার এদেশে তাঁহার কার্য কত গভীর ও স্থবিস্তত তাহা নিয়োক ঘটনা হইতে সহজেই অমুভত হইবে। কাল সন্ধায় আমি লণ্ডনের দক্ষিণাংশে এক বন্ধুর সহিত সাক্ষাৎ করিতে যাইতেছিলাম। রাস্তা ভূলিয়া আমি এক মোড়ে দাঁড়াইয়া এদিক ওদিক তাকাইয়া ভাবিতেছিলাম কোন পথে ঘাই। এমন সময় একটি মহিলা একটি বালকের সহিত আমার দিকে অগ্রসর হইলেন. …মনে হইল তিনি বোধ হয় আমাকে পথ দেখাইয়া দিতে চান। তিনি ভুধাইলেন, আমি আপনার দাহায়্য করতে পারি কি ৄ ... তিনি আমাকে পুধ দেখাইয়া দিলেন এবং বলিলেন, 'কোন কোন খবরের কাগজ পড়ে আমি জেনেছিলাম যে আপনি লণ্ডনে আসছেন। প্রথম দর্শনেই আমি আমার ছেলেকে বললাম. 'ঐ দেথ স্বামী বিবেকানন্দ দাঁডিয়ে'।' আমায় তথন তাডা-তাড়ি ট্রেন ধরিতে হইবে: স্থতরাং আমি বিবেকানন্দ নই একথা বুঝাইবার সময় ছিল না. আমাকে জ্রুতপদক্ষেপে চলিয়া যাইতে হইয়াছিল। সে যাহাই হউক. ভত্তমহিলাটি বিবেকানন্দের সহিত পরিচিত না হইয়াও তাঁহার প্রতি এতথানি শ্রদ্ধা পোষণ করেন দেখিয়া আমি বিশ্বিত হইয়াছিলাম। এই উপভোগ্য ঘটনায় আমি অত্যন্ত আনন্দিত হইয়াছিলাম ও ব্রিয়াছিলাম আমি যে গেক্যা পাগড়ি পরিয়াছিলাম, উহাই আমাকে ঈদুশ সম্মানের ভাগী করিয়াছিল। এই ঘটনা ছাড়াও, আমি এখানে এমন অনেক শিক্ষিত ইংরেজ ভদ্রলোক দেখিয়াছি. যাঁহারা ভারতকে শ্রদ্ধা করিতে শিথিয়াছেন এবং ভারতীয় ধর্ম ও অধ্যাত্মতত্ত সম্বন্ধে কোন কিছ বলিলে আগ্রহসহকারে প্রবণ করিয়া থাকেন।"

১৬ই ডিসেধর স্বামীক্ষী দেভিয়ার দম্পতির সহিত লণ্ডন ত্যাগ করিয়া ফরাসী দেশে চলিলেন; গুডউইন কিন্তু সাদাস্পটন-এ জাহাক ধরিলেন; তিনি নেপল্ন-এ স্বামীজীদের সহিত মিলিত হইবেন। লণ্ডন রেল স্টেশনে বহু ঘনিষ্ঠ বন্ধু উপস্থিত থাকিয়া স্বামীক্ষী প্রভৃতিকে বিদায় দিলেন। বন্ধুদের মনোভাব কিন্ধুপ ছিল, তাহার কিঞিৎ আভাস আমেরিকাস্থ কনৈক ভক্তকে লিখিত স্টার্ডির

>। ভারতীর রাজস্তবর্গ বধন দরবারে যোগ দিবার জস্ত লগুনে গিরাছিলেন, তখন তাঁহাদের কেহ কেহ বামীজীকেও বাইতে অনুরোধ করিয়াছিলেন। স্টাডিও উজ্জ আগ্রহ দেখাইরাছিলেন। ('বাদী ও রচনা'. ৭০৩৭, ৭০৬৮)

একখানি পত্র হইতে জানা যায়: "স্বামী বিবেকানন্দ আজ চলিয়া গেলেন।

''বয়েল ইনষ্টিটিউট অব পেন্টার্গ ইন ওয়াটার কালার্গ'-এর চিত্রভবনে তাঁহাকে
এক জমকালো বিদায়-অভিনন্দন দেওয়া হয়। প্রায় পাঁচ শত ব্যক্তি উপস্থিত
ছিলেন; এতঘাতীত আরও অনেক বন্ধু তখন লগুনের বাহিরে ছিলেন। তাঁহার
প্রভাব অনেক হদয়ে গভীর ভাবে প্রবেশ করিয়াছে। আমরা তাঁহার কাজ
প্রাদমে চালাইয়া যাইতেছি। তাঁহার এক গুরুভাই আমাকে সাহায়্য করিবেন;
ইনি বেশ অমায়িক, লোকপ্রিয় ও বৈরাগাবান যুবক। তেলাপনার অমুমান ঠিকই
হইয়াছে। এই জন্মে আমি যত বন্ধু ও উপদেষ্টা লাভ করিয়াছি, তর্মবৈর্য ইনিই
ছিলেন সর্বোত্তম ও পবিত্রতম; অতএব ইহাকে হারাইয়া আমার হদয় আজ
ভারাক্রাস্ত। সম্প্রতি এমন সৌভাগ্যের অধিকার লাভের জন্ম আমি অতীতে
নিশ্চয়ই কোন বিশেষ পুণ্য অর্জন করিয়াছিলাম। আমি সারা জীবন যাহার
আকাজ্ঞচা করিতেছিলাম, স্বামীঞ্জীর মধ্যে তাহাই পাইয়াছি।"

चामीजी । हेश्न ७ वामी व थिए भूर्व चान्ना । । श्री ए नहेग्राहे न्याना जिन्न १४ চলিলেন। ২৮শে নভেম্বরের এক পত্তে তিনি হেল-ভগিনীদিগকে জানাইয়া-ছিলেন, "ইংরেজ জাতি সম্বন্ধে আমার যে ধারণা ছিল, তার আমূল পরিবর্তন হয়েছে। এখন আমি ব্রুতে পারছি, অন্ত সব জাতের চেমে প্রভূ কেন তাদের অধিক কৃপা করেছেন। তারা অটল, অকপটতা তাদের অন্থিমজ্জাগত, তাদের অস্তর গভীর অমুভতিতে পূর্ণ—কেবল বাইরে একটা কঠোরতার আবরণ মাত্র রয়েছে। এটে ভেদে দিতে পারলেই হ'ল—বস্, তোমার মনের মাহুব খুঁ ছে পাবে।" ভারতে পৌছিয়াও তিনি এই কথাগুলি আরও পরিষ্কার ভাষায় বলিয়াছিলেন: "ইংরেজ জাতির প্রতি আমা অপেক্ষা অধিকতর ঘুণা পোষণ করিয়া কেইই কথন है । इस अपनिष्य करत नाहे । এই मुखामर्क ख मुकल है । दिखा बहु ति । তাঁহারাই ইহার সাক্ষ্য দিবেন। কিন্তু যত আমি তাঁহাদের সহিত বাস করিতে লাগিলাম, যভই দেখিতে লাগিলাম, ব্রিটশজাতির জীবনযন্ত্র কিরূপে পরিচালিত इटेटलह, युक्ट ये खालित इर-म्भानन काथात्र इटेटलह वृक्टिल नाशिनाम, ততই তাহাদিগকে ভালবাসিতে লাগিলাম। আর হে ভ্রাতৃগণ, এখানে এমন কেহই উপস্থিত নাই, যিনি ইংরেজজাতিকে এখন আমা অপেকা বেশী ভালবাদেন। ... আমার মতে আমেরিকা অপেকা ইংলণ্ডে আমার প্রচারকার্য অধিকতর সম্ভোষজনক হইয়াছে। অকুতোভয় দৃঢ় অধ্যবসায়শীল ইংরেজজাভির

মন্তিছে কোন ভাব যদি একবার প্রবেশ করাইয়া দেওয়া হয়—তাহার মন্তিছের খুলি যদিও অন্ত জাতি অপেক্ষা সুলতর, সহজে কোন ভাব চুকিতে চায় না, কিন্তু যদি অধ্যবসায় সহকারে তাহাদের মন্তিছে কোন ভাব প্রবেশ করাইয়া দেওয়া য়য়—উহা তাহাদের মন্তিছে থাকিয়াই য়য়, কথনও বাহির হয় না, আর ঐ জাতির অসীম কার্যকরী শক্তিবলে বীজভূত সেই ভাব হইতে অঙ্কুর উদ্যাত হইয়া অবিলম্বে ফল প্রসব করে; তেই জাতির কয়নাশক্তি অয়, কার্যকরী শক্তি অগাধ। তেইংরেজ বীরের জাতি, প্রকৃত ক্রিয়, তাহাদের শিক্ষাই প্রকৃত ভাব গোপন করা। তিকিন্ত এই বীরত্বের পিছনে, এই ক্রন্তেশভ কঠিনতার অস্তরালে ইংরেজ হদয়ের ভাবধারার গভীর উৎস ল্কায়িত। যদি আপনি একবার সেথানে পৌছিতে পারেন, যদি ইংরেজের সহিত আপনার একবার ঘনিষ্ঠতা হয়, যদি তাঁহার সহিত মিশেন, যদি একবার আপনার নিকট তাঁহার হদয়ের কথা ব্যক্ত করাইতে পারেন, তবে তিনি আপনার চিরবন্ধ, তবে তিনি আপনার চিরদাস। এই জন্ত আমার মতে অন্তান্ত স্থান অপেক্ষা ইংলণ্ডে আমার প্রচার কার্য অধিকতর সন্তোষজনক হইয়াছে।" ('বাণী ও রচনা', এ২০৬-৮ প্রঃ)।

সত্যই স্বামীজী ইংলগুবাসীদের হৃদয় জয় করিতে পারিয়াছিলেন, এবং স্বয়ং তাহাদিগকে ভালবাসিয়া প্রাচ্য-পাশ্চান্ত্যের বাস্তব মিলনের পথ স্থগম ও স্থবিস্থৃত করিয়াছিলেন।

স্বদেশের পথে

সামীক্ষী স্বদেশাভিম্থে চলিলেন, লগুন ক্রমেই দ্রে সরিয়া গেল। তিনি তথন এই ভাবিয়া আনন্দে ভরপুর যে, তিনি এক গুরু দায়িত্ব হইতে মৃক্ত-প্রতীচ্য ভূখণ্ডের কার্যভার উপযুক্ত ব্যক্তিদের স্কব্ধে অপিত হইয়াছে, এখন উহা আপন শক্তিতে স্কু পরিচালিত হইবে। অতঃপর ভারত তাঁহার চিত্র অধিকার করিল। সেভিয়ার দম্পতিকে তিনি বলিলেন, "এখন আমার ভূর্ একটি মাত্র চিস্তার বিষয় আছে—আর সে হল ভারত। আমি তাকিয়ে আছি ভারতের অভিম্থে—শুরু ভারতের দিকে।" ইংলগু ত্যাগের প্রাক্-মৃহুর্তে এক ইংরেজ বন্ধু জিক্তাসা করিয়াছিলেন, "বিলাসপূর্ণ ঐশ্বর্যলালী ও শক্তিমান পাশ্চান্তা দেশে চার বছর ব্যাপী অভিজ্ঞতা অর্জনের পর এখন আপনার মাতৃভূমি আপনার কাছে কেমন লাগবে?" ইহার উত্তরে তিনি যাহা বলিয়াছিলেন, তাহা খুবই হৃদয়গ্রাহী, "দেশ ছেড়ে আসবার আগে আমি ভারতকে ভালবাসতাম; এখন ভারতের প্রতি ধূলিকণা পর্যন্ত আমার কাছে পবিত্র, ভারতের বায়ু পর্যন্ত পবিত্র; ভারত এখন পুণ্যভূমি—তীর্থক্ষেত্র।"

ডোভার, ক্যালে ও মন্ট সেনিসের পথে স্বামীজী সশিশ্ব ইটালির দিকে আগ্রসর হইলেন। আমেরিকা ও ইংলণ্ডের সাফল্য এবং ভারতে ভাবী তুম্ল আন্দোলনের আশায় তাঁহার মন তথন প্রফুল্প। কাচ্ছেই ট্রেনে দীর্ঘপথ চলা তাঁহার পক্ষে সাধারণতঃ ক্লেশপ্রদ হইলেও গল্পগুজ্বে সময় যেন কোন দিকে কাটিয়া যাইতে লাগিল। ইতিহাসের ঘটনাবলী ছিল তাঁহার নথনপঁলে—চলিতে চলিতে ইউরোপের কত কথাই তিনি শিশ্বদ্বাকে শুনাইতে লাগিলেন। আর ভারত-সম্বন্ধীয় অপূর্ব ভাবী কার্যধারাও মাঝে মাঝে তাঁহার চিত্তাকর্যক বাগবিন্থাস সাহায্যে স্কল্যাই হইয়া উঠিতে লাগিল। প্রাক্ষতিক সৌন্দর্যও তাঁহাকে বিশেষ আকর্ষণ করিল, এবং তিনি সরল বালকের ন্থায় সর্ববিষয়ে এক প্রাণ্টালা আহলাদে মাতিয়া গেলেন—যাহা কিছু দেখেন, সবই স্কল্ব ! অন্তরাগী সঙ্গীরাও তাঁহার আনন্দে সর্বতোভাবে যোগ দিলেন এবং তাঁহারাও হিমালয়ে আশ্রম স্থাপনের উৎসাহ ও আকাজ্যায় পূর্ণ হইয়া মনে মনে বহু প্রকার কল্পনার চিত্র আঁকিতে লাগিলেন। ট্রেন ফরাসী দেশ অতিক্রমান্তে প্রান্তবর্তী আল্লস পর্বতমালা

ভেদ করিয়া মিলানে উপস্থিত হইল। স্বামীক্সী শিশ্বদের সহিত নগরের স্থাসিক ক্যাধিড্রেলের (ভন্ধনালয়ের) নিকটবর্তী এক হোটেলে আত্রার লইলেন, ঘাহাতে ঐ ভন্ধনালয়ে সহকে যাতায়াত করিতে পারেন। লিওনার্দো দা ভিন্দির আছিত 'শেষ ভোজের' চিত্রখানি দর্শনে স্বামীক্ষী বিশেষ মুগ্ধ হইয়াছিলেন। মিলান হইতে যে তুষারদৃশ্য দেখা যায় তাহাও অতি স্থানর । ইটালিতে স্বামীক্ষীর এই প্রথম পদার্পন। রোমক সভ্যতার কীতিচিহ্নগুলি তিনি মনোযোগ সহকারে দেখিয়া তারিফ করিতে লাগিলেন।

মিলানের পর তাঁহারা পিদা নগরীতে উপস্থিত হইলেন। এখানে বিশেষ দর্শনীয় লিনিং টাওয়ার (হেলানো শুস্ত), ক্যাথিডেল, ক্যাম্পো সাস্তো ও ব্যাপিট্র (খুষ্টধর্মের দীক্ষাস্থল)। লিনিং টাওয়ারটি ১৮০ ফুট উচ্চ ; ইহা অত্যাত্ত শুদ্ধের তায় সোজা দণ্ডায়মান না থাকিয়া একদিকে এমন ভাবে হেলিয়া আছে যে, অখাদি পশুও উহাতে অক্লেশে আরোহণ করিতে পারে। এখান হইতে দূরে আপেনাইন শৈলমালার স্থন্দর দুশা চক্ষুগোচর হয়। মিলান ও পিশার শেতমর্মর-নির্মিত স্থাপত্যশিল্প বিশেষ উল্লেখযোগ্য; পিদার স্থাপত্যকার্যে আবার শ্বেতমর্মরের সহিত কৃষ্ণমর্মবেরও মিশ্রণ ঘটিয়াছে। স্বামীজী এই সমস্তই দুর্শন করিলেন, ঐতিহাসিক ঘটনা-সম্বলিত স্থানগুলিও দেখিলেন, এবং অতঃপর ফ্লোরেন্সে উপনীত হইলেন। ফ্লোরেন্স চিত্রামুরাগীর তীর্থক্ষেত্র এবং ঐতিহাসিক ঘটনাবলীর রক্ত্মি। স্বামীজী চিত্রশালা দেখিলেন, পার্কে ভ্রমণ করিলেন, ঐতিহাসিক ঘটনাগুলি আর একবার প্রত্যক্ষের সন্মুথে দাঁড়াইয়া আলোচনা করিলেন-এবং সর্বতোভাবে নগরের ভাবপ্রবাহের সহিত যেন মিশিয়া গেলেন। ফ্লোরেন্সে দৈবক্রমে তিনি চিকাগোর এীযুক্ত হেল ও তাঁহার পত্নীর সাক্ষাৎ পাইলেন। ইহারাও ইউরোপভ্রমণে বাহির হইয়াছিলেন এবং স্বামীন্ধী তথন ঐ নগরেই উপস্থিত আছেন, ইহা জানিতেন না। একটি পার্কে অখ্যানে ভ্রমণকালে এই অপ্রত্যাশিত মিলনের ফলে সকলেই খুব আনন্দিত হইলেন এবং কিছুকণ গল্পজ্জব করিয়া কাটাইলেন। ফোরেন্সের মিনার্ভা হোটেল হইতে লিখিত স্বামীজীর ২০শে ডিসেম্বরের পত্রে জানা যায়, তিনি সেখান হইতে যাত্রা করিয়া ২১শে ভিসেম্বর রোম নগরে উপস্থিত হন।

বিশ্ববিশ্রত রোম নগরীর সহিত মানবেতিহাসের কত গুরুত্বপূর্ণ ঘটনাই না বিজ্ঞতিত ! ট্রেন যখন ফ্লোরেন্স ছাড়িয়া রোমের অভিমূবে ছুটিতে থাকিন, তখন স্বামীজীর মন দেশব অতীতের চিন্তার নিমগ্ন হইল। প্রীযুক্তা লেগেটের কন্তা প্রীমতী এলবার্টা স্টার্জিদ তখন রোমে প্রীমতী এডোয়ার্ডদ-নারী এক দম্ভ্রান্ত মহিলার গৃহে বাদ করিতেছিলেন। এলবার্টার মাদী-মা প্রীমতী ম্যাকলাউড প্রীমতী এডোয়ার্ডদের নামে পত্র লিখিয়া দিয়াছিলেন; স্বতরাং এখন এলবার্টা ও এডোয়ার্ডদ উভয়েই স্বামীজীর দহিত মিলিত হইয়া তাঁহাকে রোমের কীর্তিকলাপ দেখাইতে লাগিলেন। স্বামীজী রোমে এক দপ্তাহ ছিলেন এবং প্রতিদিন নানা স্তাইব্য বন্ত দর্শনে ব্যন্ত ছিলেন। ইহারই মধ্যে আবার তিনি দর্শন ও ইতিহাদের আলোচনায় মাতিয়া উঠিতেন। এইস্ত্রে স্বামীজীর গভীর পাণ্ডিত্য ও আধ্যাত্মিকতার পরিচয় পাইয়া প্রীমতী এডোয়ার্ডদ তাঁহার একান্ত ভক্ষে পরিগত হইলেন। দর্শন ও ইতিহাদে ব্যতীত স্বামীজীর উদার মানব্তা এবং বিশ্বজনীন সংস্কৃতির প্রতি স্বাভাবিক প্রবণতা দর্শনেও তিনি মৃশ্ব হইয়াছিলেন।

রোমের প্রত্যেকটি জ্বিনিসই ছিল প্রেরণাপ্রদ। সেন্ট পিটারের গীর্জার বৃহৎ চূড়ার নিমে, খুষ্টশিয়দিগের নামে উৎসর্গীকৃত বেদীগুলির সন্মুখে তিনি ধ্যান-ভূমিতে আর্ঢ় হইয়া যেন প্রাচীন ঠিক দেই দিনগুলিকেই জীবস্তরূপে পাইলেন যথন স্পেট পল খুষ্টধর্ম প্রচারে নিরত ছিলেন এবং সেন্ট পিটার খুষ্টধর্মাবলম্বীদের নেতৃত্বে অধিরু ছিলেন। খুষ্টানদের উপাসনাপদ্ধতির সহিত অদেশের ভজন-পদ্ধতির সাদৃশ্য দর্শনে তিনি চমৎকৃত হইয়াছিলেন। সঙ্গের একজন মহিলা যথন জিজ্ঞাসা করিলেন, "স্বামীজী, এইসব অহুষ্ঠানাদি কি আপনার ভাল লাগে?" তিনি উত্তর দিলেন, "मञ्चन ঈশবে यদি বিশাস থাকে, তবে নিজের সর্বোৎকৃষ্ট জিনিসগুলি তাঁকে দিতে হয়-গন্ধ, পুষ্প, ফল, রেশমবস্ত্র। ভগবানকে দেবার মতো অত্যত্তম জিনিস কীই বা আছে ?" কিন্তু যীওপ্টের জন্মদিনে তিনি যথন দেউ পিটার্স গীর্জায় সেভিয়ার দম্পতির সহিত অতি **জাঁকজমকপূর্ণ** 'হাইমাস' (যীশুর বিরাট ভোজোৎসবে) যোগ দিয়াছিলেন, তথন একটু পরেই তিনি চঞ্চল হইয়া তাঁহাদের কানে কানে বলিয়াছিলেন, "এত সব জাঁকজমক এবং চাক্চিকাপূর্ণ সমারোহ কিসের জন্ম ? যে সম্প্রদায় এত বাহ্যাড়ম্বর, ধুমধাম ও অফুচান নিয়ে পড়ে আছে, তারা কি করে সেই গরীব যীওপুটের অফুগামী হতে পারে, বার মাথা গোঁজবার ঠাই ছিল না ?" খুটজীবনে যে ত্যাগ-বৈরাগ্যের আদর্শ মৃতিলাভ করিয়াছিল, ভাহার সহিত এই ঐশ্বর্যীতির অসামঞ্চশ্য দেখিয়া স্বামীজী সেদিন মর্মাহত হইয়াছিলেন।

খামীজীর খানন্দ সম্পাদন ও তাঁহার মনকে গভীরচিস্তা হইতে মুক্তি দিবার জন্ম প্রীযুক্ত সেভিয়ার তাঁহাকে গাড়ীতে চড়াইয়া শহর হইতে ব্রুদ্রে লইয়া যাইতেন। প্রাচীন রোমের সেই দ্রবর্তী রাজপথগুলি তাঁহাদিগকে ক্ষণিকের জন্ম অতীত রোম সম্রাটদের ইতিহাস ও পুরাতন কীর্তিকলাপের কথাও ভূলাইয়া দিত। শুরু সবটুকু মন জুড়িয়া তথনও বিরাজমান থাকিত যীশুখুইরেই কথা— আকাশে বাতাসে তাঁহারই বাণী ধ্বনিত হইত। স্বামীজী তথন যীশুরই কথা বলিতেন এবং সময়ে সময়ে যীশুর বালাজীবনের সহিত প্রীক্ষয়ের জীবনের, কিংবা বৃদ্ধের উপদেশের সহিত 'সার্মন অন দি মাউন্টে'র (শৈলোপদেশের) সাদৃশ্র দেখাইয়া দিতেন।

শীতকালই চিরবিরাজ্মান রোমের সর্বোত্তম ঋতু, তাই স্বামীজ্ঞীর শরীর-মন তথন বেশ প্রফুল্ল ছিল। রোমে যাহা কিছু দর্শনীয় ছিল, সমন্তই তিনি সাগ্রহে एशिलन-- मिकात्रात्र প्रामानावनी, रकाताम (मत्यनन-रक्क), होकान **उक्क**, প্যালাটাইন পাহাড়, টেম্পল ভেন্টা, প্রাচীন রোমকদের সাধারণ স্থানাগার, রোম-সমাট ভেদপিসিয়ানের বৃহৎ রক্ষভূমি, টাইটাস-এর বিজয় ভোরণ, ক্যাপি-টোলাইন পাহাড়, ভ্যাটিকানে পোপের প্রাসাদ ইত্যাদি অনেক কিছুই তিনি মনোযোগ সহকারে নিরীক্ষণ করিলেন এবং স্বীয় শ্বতি হইতে প্রত্যেকটির ঐতিহাসিক বিবরণ উদ্ধৃত করিয়া সঙ্গীদিগকে বুঝাইয়া দিলেন। তাঁহারা তাঁহার এই অন্তত ঐতিহাসিক জ্ঞান ও স্মৃতি দেখিয়া অবাক হইয়া বলিয়াছিলেন, "আশ্র্র্য স্বামীজী। আপনি দেখিতেছি রোমের প্রত্যেকটি পাথরের ধবর রাখেন।" স্বামীজীর মুখে তাঁহারা শুনিলেন, ৮১ খুষ্টাব্দে ক্ষেকজালেম বিজয়ের স্থতিচিহ্নুকেপ কেমন করিয়া টাইটাসের বিজয়তোরণ নির্মিত হইয়াছিল। ফোরাম একসময়ে বিরাট গুহাদিতে স্থশোভিত ছিল, কিন্তু এখন উহা ধ্বংসন্তুপে পরিণত। স্বামীন্দীর দৃষ্টি ঐ সমন্তের মধ্যে ট্রোজানের শুভের প্রতিই সমধিক আরুট হইল। গুপ্তটি ১১৭ ফুট উচ্চ এবং উহার গাত্তে তুই সহস্রাধিক মহুগুম্তি খোদিত। পুষ্টক্ষয়ের তারিপে দিবাভাগে তাঁহারা 'স্থান্টাম্যারিয়া ডি আরা কোয়েলি' গীর্জার সন্মুথবর্তী মেলা দেখিতে গেলেন। ইহার সূহিত ভারতীয় মেলার সাদৃশ্র দর্শনে স্বামীনী বেশ আমোদিত হুইয়াচিলেন।

ক্রমে রোম দর্শন শেষ হইল। প্রতীচ্য সভ্যতার প্রাচীন লীলাকেন্দ্র রোম দেখিবার সাধ স্বামীন্ধী বাল্যকাল হইতেই পোষণ করিতেন; স্বান্ধ সে

অভিলাষ পূর্ণ হইল। সঙ্গে সঙ্গে কল্পনার রোমের সহিত বাস্তবের পার্থক্য তাঁহার च्छा उथा किन ना। ইতিহাসই তাঁহাকে জানাইয়া দিন, কেমন করিয়া রোম সাম্রাজ্যের ধ্বংস হইল, আর কেমন করিয়া উদার খুষ্টধর্ম পুরোহিতকুল-পরিচালিত সাম্প্রদায়িক মতবাদে পরিণত হইল। ইহলৌকিক রাজশক্তি ও ধর্মসম্প্রদায়ের উত্থান-পতনের কথা ভাবিতে ভাবিতে তিনি নেপলদের পথে চলিলেন। নেপল্য বন্দর হইতে জাহাজে উঠিবার কথা; কিন্তু জাহাজ ছাড়িতে দেরি আছে। অতএব এই অবকাশে তাঁহারা শহর দেখিয়া লইলেন। একদিন তাঁহারা বিস্পবিয়দ আগ্নেয়গিরি দেখিতে গেলেন। দকলে বিশেষভাবে মিমিত এক বেলপথ অবলম্বনে আগ্নেয়পর্বতের শীর্ষদেশে আরোহণ করিলেন। ঠিক তথনই আগ্নেম্বিগিরি হইতে কিছু প্রস্তার উৎক্ষিপ্ত হওয়ায় তাঁহারা উহাও দেখিতে পাইলেন। আর একদিন আগ্নেয়গিরি হইতে উদ্যাত লাভা-ন্তরের নিমে প্রোথিত পম্পাই নগরী দর্শনে ব্যয়িত হইল। লাভা অপসারণের ফলে তথন নগরের কিয়দংশ লোকচক্ষ-গোচর হইয়াছে। এত বৎসর পরেও এরূপ একটি গুহের প্রাচীরচিত্র, ফোয়ারা, প্রস্তরমৃতি ঠিক পূর্ববৎ অবস্থান করিতেছে দেখিয়া স্বামীজী বিশেষ বিশ্বিত হইলেন। তত্ত্তা অনেক ধর্মপ্রতীকের সহিত পুরীর মন্দিরগাত্তে খোদিত মৃতিগুলির সাদৃশ্য দর্শনেও তিনি চমৎকৃত হইলেন। এতদ্বাতীত তাঁহার। স্থানীয় যাত্রঘর ও মংস্তাশালাও দেখিলেন।

নেপল্স হইতে তাঁহাদের জাহাজ 'প্রিন্স রিজেণ্ট লিওপোল্ড' ভূমধ্যসাগর অতিক্রমপূর্বক স্থাবেজের পথে সিংহল যাইবার জন্ম ৩০শে ডিসেম্বর নোঙর তুলিল। উহা ১৫ই জাসুয়ারি কলম্বো পৌছিবার কথা। ভূমধ্যসাগর অতিক্রমকালে স্বামীজীর বেশ কট হইয়াছিল, ইহা মেরীকে লিখিত তাঁহার ওরা জামুয়ারির পত্র হইতে জানা যায়: "নেপল্স থেকে চারদিন ভয়াবহ সম্প্রমাত্তার পর পোর্ট সৈয়দের কাছে এসে পড়েছি। জাহাজ খুব তুলছে—অতএব এই অবস্থায় লেখা আমার এই হিজিবিজি তুমি ক্রমা ক'রো।"

ভূমধ্যসাগরে নেপল্স ও পোর্ট সৈয়দের মধ্যবর্তী এক স্থলে স্বামীক্ষী এমন এক অপূর্ব স্বপ্ন দেখিয়াছিলেন, ষাহার স্থাতি তাঁহার মনে চিরকাল থাকিয়া গিয়াছিল। এক রাত্রে শ্ব্যা গ্রহণের কিঞ্চিৎ পরে কেশশাঞ্চবিমণ্ডিত এক ঋষিতুল্য বৃদ্ধ ব্যক্তি তাঁহাকে দর্শন দিয়া বলিলেন, "বে জায়গাটা নির্দেশ করছি, তা ভাল করে লক্ষ্য কর। তুমি এখন ক্রীট্রীপে এসেছ—এই দেশেই খুইধর্মের উৎপত্তি হয়েছিল।" স্বামীন্ত্রী তাঁহাকে আরও বলিতে ভনিলেন, "ষেদৰ 'পেরাপুটি' এখানে বাস করত, আমি তাদেরই একজন।" ঐ ব্যক্তি আর একটি শব্দ উচ্চারণ করিয়াছিলেন, কিন্তু স্বামীজী উহা ভূলিয়া যান; সম্ভবত: ঐ শব্দটি ছিল 'এসিনি'। কথিত আছে, যীলুগুই স্বয়ং ঐ 'এসিনি' সম্প্রদায়ের অন্তর্ভুক্ত ছিলেন। 'এসিনি'রা ছিলেন বৈরাগাপ্রবণ, উদার ধর্মতের অমুসরণকারী এবং দার্শনিক ক্ষেত্রে চরম অঘৈতবাদী। 'থেরাপুটি' শস্বটি নিশ্চয়ই থেরাপুত্ত বা থেরাপুত্র (স্থবির পুত্র) শব্দের অপভংশ এবং 'এসিনি' শব্দটি আসীন শব্দের বিকৃত রূপ। বয়স্ক বৌদ্ধ সন্ন্যাসীকে থেরা বলা হইত; আবার প্রাচীন এক বৌদ্ধ মতবাদ থেরাবাদ নামে প্রাসিদ্ধ ছিল: স্বপ্রদৃষ্ট বৃদ্ধ এই বলিয়া শেষ করিলেন, "আমরা যেসব সত্য ও আদর্শের উপদেশ দিতাম, খুষ্টানরা তাই যীভথুষ্টের বাণী বলে প্রচার করেছেন। কিন্তু সত্য কথা বলতে গেলে যীভথুষ্ট নামধারী কোন ব্যক্তির কোন কালে জন্মই হয়নি। এখানে খনন করলে এট কথার সাক্ষ্যস্বরূপ অনেক কিছু আবিষ্ণত হবে।" স্বামীজী তৎক্ষণাৎ শয্যা ত্যাগ করিলেন এবং তাডাতাডি ডেকে যাইয়া জানিতে চাহিলেন, জাহাজ তথন কোথায়। এ সময় জাহাজের এক কর্মচারী কর্তব্যশেষে স্বকক্ষে ফিরিডেছিলেন: याभीकी ठाँशांक किकामा कतिलान, "कहा त्वरक्ष ?" कर्महात्री छेखत मिलान, "মধারাত্র"। "আমরা এখন কোথায় আছি ?" স্বামীন্দ্রী আবার প্রশ্ন করিলেন। কর্মচারী উত্তর দিলেন, "ক্রীট দ্বীপ থেকে ঠিক পঞ্চাশ মাইল দূরে।"

যীশুখুরের ঐতিহাসিক যথার্থ ব্যক্তিত্ব সম্বন্ধে স্বামীজীর মনে পূর্বে কোনও সন্দেহ ছিল না; কিন্তু মধ্যরাত্রের এই স্থপ্ন ও বান্তবের মিলন তাঁহাকে বেশ ভাবাইয়া তুলিল। বাইবেলের হায়ার ক্রিটিসিজ্বম'-এ এরপ কথাই বলা হয়। তাই এখন তাঁহার মনে হইল, ইহা অসম্ভব নহে যে, খুই-ভক্তগণের রচিত বাইবেল হয়তো প্রাচীনতর গ্রন্থবিশেষরই নবীন সংস্করণ এবং থেরাপুটি সম্প্রান্তের মতবাদের সহিত নাজারিন সম্প্রদায়ের মতবাদের সংমিশ্রণের ফলে খুইধর্মের দার্শনিক ও সাম্প্রদায়িক বিভিন্ন দিক বিরচিত হইয়াছে। অবশ্র খুইধর্মের উৎপত্তি বিষয়ে এই সব দ্রকল্পনাকে স্বামীজী প্রমাণরূপে গ্রহণ করেন নাই। তথাপি এই একটি বিষয়ে তিনি নিঃসন্দেহ ছিলেন যে, মিলর দেশের আলেক-ক্রেন্তার ভারত ও মিশরের চিন্তাধারার যে সংমিশ্রণ ঘটিয়াছিল, তাহাই খুইধর্মের রূপায়নে এক প্রধান অংশ গ্রহণ করিয়াছিল। শোনা বার, স্বামীজী

ইংলণ্ডের এক প্রত্নতত্ত্ববিদ বন্ধুকে এই স্বপ্নবৃত্তান্ত লিখিয়া পাঠাইয়াছিলেন এবং সত্যাসত্য নির্ধারণের জন্ম অনুরোধ করিয়াছিলেন। ঠিক তথনই ঐ বন্ধু কিছু করিয়াছিলেন কিনা জানা নাই; তবে স্বামীজীর দেহত্যাগের কিঞ্চিৎ পরে কলিকাতার 'স্টেটসম্যান' পত্রিকার এক সংবাদে বলা হয় যে, ক্রীট দ্বীপে ভূ-খনন কার্যে নিরত কয়েকজন ইংরেজ প্রত্নতান্ত্বিক এরপ অনেক লিপির সন্ধান পাইয়াছেন, যাহা হইতে খৃষ্টধর্মের উৎপত্তি সম্বন্ধে অনেক আশ্রর্ঘ তত্ত্ব জানিতে পারা যায়। ইহা এখন প্রায় সর্ববাদিসম্মত যে, খৃষ্টধর্ম বৌদ্ধর্মের প্রভাব হইতে কোন কালেই সম্পূর্ণ মৃক্ত ছিল না।

স্বামীজীর চিস্তাক্ষেত্রে এই স্বপ্নেব প্রভাব বেভাবে ষতটুকুই বিস্তারিত হউক না কেন, মেরীপুত্র যীশুর প্রতি তাঁহার শ্রদ্ধাভক্তি বিন্দুমাত্রপ্ত হ্রাস পায় নাই। একদিন এক পাশ্চান্ত্য শিশু মেরীক্রোড়ে অবস্থিত বালক যীশুর একধানি চিত্রকে আশীর্বাদ করিতে বলিলে, তিনি শুধু যীশুর চরণ ছুইয়া প্রণাম করিলেন। আর একবার অমুদ্ধপ স্থলে এক ভদ্রমহিলার দিকে ফিরিয়া তিনি আবেগপুর্ণ কঠে বলিয়াছিলেন, "নাজারেথের যীশুর সমকালে জন্ম লাভের আমার সৌভাগ্য হলে আমি তাঁর চরণ ধুয়ে দিতাম আমার নয়নজল দিয়ে নয়, পরস্ক বক্ষের রক্ত দিয়ে।"

ঐ জাহাজের হুইজন সহযাত্রীর অসদাচরণে স্বামীজীকে একবার এক অপ্রীতিকর অবস্থায় পড়িতে হুইয়াছিল। সহযাত্রী হুইজন ছিলেন খুয়ান মিশনারী। গায়ে পড়িয়া তাঁহারা স্বামীজীর সহিত খুয়ধর্ম ও হিন্দুধর্মের তুলনামূলক আলোচনা করিতে লাগিয়া গেলেন। ইহাদের বিচারধারা ছিল অতি অসৌজগ্রপুর্ণ। প্রতি কথায় যথন তাঁহারা হারিতে থাকিলেন, তথন ক্রমে ভ্রম্বতার সীমা ছাড়াইয়া ক্রোধ, বিদ্রুপ, গালাগালি প্রভৃতি হীনরুত্তির আশ্রয় লইলেন আর অকথ্য ভাষায় হিন্দু ও হিন্দুধর্মের নিন্দা করিতে লাগিলেন। স্বামীজী ধৈর্ম ধরিয়া সব শুনিতেছিলেন; কিন্তু পরিশেষে আর পারিলেন না; ধীর পদক্ষেপে একজনের নিকটে গিয়া অকমাৎ শক্ত করিয়া তাঁহার জামার কলার ধরিলেন এবং কৌতুকভরে অথচ দৃঢ়তাপুর্ণ স্বরে বলিলেন, "আবার আমার ধর্মের নিন্দা করলে জাহাজ থেকে ছুঁড়ে ফেলে দেব।" ভীত মিশনারী তথন ভয়কম্পিত দেহে ক্ষীণকণ্ঠে কহিলেন, "মশায়, ছেড়ে দিন; আর কথনো এমন করব না।" ইহার পর তিনি ক্বতাপরাধের দণ্ডস্বরূপ স্বামীজীর সহিত সাক্ষাৎ হইলেই অভ্যন্ত

বিনয়পূর্ণ ব্যবহার করিয়া তাঁহার বন্ধুজ্বলাভে ষ্তুপর থাকিতেন। এই ঘটনার উল্লেখ করিয়া স্বামীজী স্থাদেশ-প্রত্যাবর্তনের পর একদিন শ্রীযুক্ত প্রিয়নাথ সিংহ মহাশয়কে বলিয়াছিলেন, "আছা সিংহ, কেউ যদি তোমার মাকে অপমান করে তাহলে তুমি কি কর?" প্রিয়নাথবাব্ অমনি উত্তর দিলেন, "মশায়, তার ঘাড়ে লাফিয়ে পড়ে তাকে উত্তম মধ্যম শিক্ষা দিই।" স্বামীজী বলিলেন, "আছো, বেশ কথা! যদি তোমার ধর্মের প্রতি ঠিক দেই রকম অচলা ভক্তি থাকত, তাহলে, তুমি কথনও একটি হিন্দুর ছেলেকে খৃষ্টান হতে দেখতে পারতে না। কিল্ক দেখ, রোজ এ ঘটনা ঘটছে। অথচ তোমরা নীরব রয়েছ। বাপু, তোমাদের বিশাস কই? দেশের প্রতি মমতা কই? ম্থের উপর প্রত্যহ পাদরীরা তোমাদের ধর্মকে অসংখ্য গাল দিছে; কিল্ক কয়জন লোকের রক্ত যথার্থ অস্থায়ের প্রতিকারকল্পে গ্রম হছে?"

পথের আর একটি ঘটনা স্বামীজীর স্বদেশ-প্রেম, বালকস্থলভ সারল্য ও নিরহকারের পরিচায়ক। এডেনে জল ইন্ড্যাদি লইবার জন্ম জাহাজ কিছুক্ষণ থামিবে জানিয়া স্বামীজী সঙ্গীদের সহিত জায়গাটা একটু ঘুরিয়া ফিরিয়া দেখিবার জন্ম নামিয়া পড়িলেন এবং গাড়ীতে চাপিয়া তিন মাইল দূরবর্তী কয়েকটি বৃহৎ জ্বলাশয় দেখিতে গেলেন। দেখানে এক ভারতবাসী পানওয়ালাকে দেখিতে পাইয়া তিনি সন্ধীদের পশাতে ফেলিয়া ক্রতপদে তাহার নিকট উপস্থিত হইলেন এবং পার্ষে বসিয়া গল্প জুড়িয়া দিলেন। ইত্যবসরে বিদেশী বন্ধরাও সেখানে আসিয়া পড়িলেন আর দেখিলেন, স্বামীজী পানওয়ালাকে বলিতেছেন, "ভাই, তোমার ছিলিমটা দাও তো।" এবং উহা পাইয়া মহানন্দে ধুমপান করিতেছেন। সেভিয়ার সাহেব তাঁহার এই বালকফলভ স্বন্ধপ্রীতি ও ক্তি দেখিয়া বলিলেন, "ও:, ব্রেছি। তাই বুঝি আপনি আমাদের কাছ থেকে পালিয়ে এসেছিলেন!" পানওয়ালা এতক্ষণে এই অপুর্ব অতিথির পরিচয় পাইল এবং তাঁহার পদপ্রাস্তে আনত হইয়া চরণধূলি গ্রহণ করিল। সঙ্গীরা পরে বলিয়াছিলেন, "স্বামীজী কিছু চাইলে পানওয়ালা কেন, অপর কারো পক্ষেই 'না' বলা সহজ্ব ছিল না—এমনি সহাস্ত্র, প্রীতিপূর্ণ ও বিশাসভরা ছিল তাঁর চক্ষের চাহনি। তিনি যে চতুর দৃষ্টিতে পানওয়ালার দিকে তাকিয়ে বলেছিলেন, 'ভাই, তোমার ছিলিমটা দাও তো'—তা কখনও ভূলবার নয়।"

ঘটনাটি কৃত্ত হইলেও স্বামীজীর চরিত ব্ঝিবার পক্ষে গভীর তাৎপর্গপূর্ণ।

যে স্বামীন্দী স্বধর্মের নিন্দা শুনিয়া রোষক্ষায়িতনয়নে মিশনারীকে দয় করিতে প্রস্তুত ছিলেন, তিনিই আবার স্থানেশের টানে পানওয়ালাকে স্নেহকটাক্ষে আপনার করিয়া লন। যিনি দেশবিদেশে বাগ্মিতা ও আধ্যাত্মিক শক্তিপ্রভাবে কীর্তিধ্বন্ধা উড়াইয়াছেন, তিনিই আবার ভালবাসার আকর্ষণে সামান্ত ব্যক্তির বারস্থ হন, পদগৌরব ভূলিয়া যান, বিদেশীর বিপরীত সমালোচনার চিস্তা তখন তাঁহার মনে বিন্দুমাত্র উদিত হয় না। দেশবাসীর কাপুরুষতা, উল্লমহীনতা ইত্যাদির বিরুদ্ধে যিনি নির্মম ক্ষাঘাত. করেন, দেই স্বদেশীর সম্মান ও স্নেহন্মমতাই আবার তাঁহার দৃষ্টিতে বিদেশীর তুলনায় অধিকতর ম্লাবান।

পথে আর কোনও উল্লেখযোগ্য ঘটনা ঘটে নাই; শুধু অপর একথানি জাহাজ থাছাভাব ও জলাভাববশতঃ সঙ্কটের সংকেত করিলে স্বামীজীদের জাহাজ হইতে উহাতে নৌকাযোগে আবশুকীয় দ্রব্যাদি প্রেরিত হয়।

১৫ই জাহুয়ারি (১৮৯৭) প্রত্যুষে সিংহলের তীরভূমি দৃষ্ট হইল—অরুণ-কিরণে রঞ্জিত বুক্ষশ্রেণী-স্থাশোভিত স্বদেশের বেলাভূমি সার্ধ তিন বৎসর পরে প্রত্যাবৃত্ত স্বামীজীর চক্ষে বড়ই মনোরম দেখাইল। সিংহল তথন রাজনীতিক দিক হইতে ভারতের অন্তর্ভুক্ত ; আবার সাংস্কৃতিক দৃষ্টিতেও উত্তর ভারতের সহিত উহার যোগসূত্র স্থুস্পষ্ট। ইতিহাস-চেতনা স্বামীজীকে জানাইয়া দিল: "সিংহলীরা দ্রাবিড়জাতি নয়—খাঁটি আর্ঘ। প্রায় ৮০০ খৃষ্টপূর্বাবেদ বাংলা দেশ থেকে সিংহলে উপনিবেশ স্থাপিত হয় এবং সেই সময় থেকে তারা তাদের পরিষ্কার ইতিহাস রেথেছে। এইখানেই ছিল প্রাচীন পৃথিবীর সব চেয়ে বড় ব্যবসাকেন্দ্র, আর অফুরাধাপুর ছিল সেকালের লণ্ডন।" জাহাজ বন্দরে প্রবেশ করিতে থাকিলে সমূদ্র-সৈকতের হরিদ্রাভ বালুরাশি ও তত্থের্ব উচ্চশির নারিকেল বুক্ষরাজি স্বামীজীর নয়নে ও মনে হর্ষ উৎপাদন করিল। সভাই তিনি ভারতে ফিরিয়াছেন—এই চিস্তায় তথন তিনি বিভোর। কিন্তু তাঁহার জন্ম যে স্বাগত সম্ভাষণের আয়োজন হইয়াছিল, তাহার বিপুলতা সম্বন্ধে সম্ভবত: তিনি ' পূর্বে কিছুই ধারণা করিতে পারেন নাই। স্বদেশ-প্রত্যাগত বিজয়ী বীর সন্ন্যাসীকে বরণ করিবার জন্ম সকল সম্প্রদায় ও সমাজের সর্ব স্তরের লোক বন্দরে উপস্থিত হইয়াছিলেন। তাঁহার গুরুভাই স্বামী নিরঞ্জনানলও তাঁহাদের মধ্যে ছিলেন। অপর অনেকে মাদ্রাজ ও কলিকাতায় তাঁহার সহিত মিলিত হইবার জ্ঞা ব্যগ্র চিত্তে অপেকা করিতেছিলেন। তিনিও তীরে নামিয়া শীঘ্রই বুঝিতে পারিলেন,

তিনি তখন ভারতীয় সমাজে এক জনগণ-অধিনায়ক মহামানবরূপে পরিগৃহীত হইতেছেন—দেশের তিনি মহামায় বরপুত্র ! অতঃপর ভাবী দিনগুলিতে নগরে নগরে তাঁহার সম্মানার্থ রচিত হইবে কত বিজয়তোরণ, সভাসমিতিতে সমবেত হইবে কত উৎস্ক নরনারী, সংবাদপত্রাদিতে কতভাবে বিঘোষিত হইবে তাঁহারই কীতি, আর সর্বত্র উত্থিত হইবে গগনভেদী ধ্বনি—"স্বামী বিবেকানন্দন্ধী কী জয়!"

নিদ্রিত ভারত জাগে

স্বামীজীর কলম্বো নগরে পদার্পণ ভারতের পক্ষে এক গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ঘটনা—সেদিন আরম্ভ হইল ভারতের সক্রিয় নবজাগরণ, নবীন উৎসাহে নবতর সাফলোর প্রতি অভিযান। চিকাগো ধর্মহাসভায় স্বামীজীর বিজ্ঞযুবার্তা ভারতের অন্ব-প্রত্যান্ধে এক শিহরণ আনিয়া দিয়াছিল; ভারতের বরপুত্ত श्वरम्यान श्रीतीन वागीरक रयमन कतिया भाग्नाखारम्य श्रीता कतिराजिहातम, তাহার মধ্যে ভারতের আত্মা যেন নৃতন করিয়া আত্মপরিচয় লাভ করিয়াছিল এবং তাহার ফলে তাহার সবটুকু মন আত্মশ্রনায় ভরিয়া উঠিয়াছিল। সে ব্ৰিয়াছিল, সে দ্বিদ্ৰ ও প্ৰপদ্দলিত হইলেও তাহারও নিকট এমন এক শাখত ষ্মবিনশ্বর বাণী আছে যাহা বিশ্ববাসী উৎকর্ণ হইয়া প্রবণ করে। ভারতীয় জীবনের আশা আকাজ্রা ঐ বাণীরই উপর প্রতিষ্ঠিত। আকাশের ন্যায় স্থবিস্কৃত ও সমুদ্রেরই ক্যায় স্থগভীর সে বাণীকে অবলম্বন করিয়া এককালে ভারতে ঐকা ও সৌল্রাক্র প্রতিষ্ঠিত হইয়াছিল এবং আঁজও তাহা সম্ভব। ভারতবাসী বুঝিল, স্বামীজীর বাক্যাবলীতে যে সনাতন ধর্ম উদেঘাষিত হইয়াছে, উহা কেবল আত্মপ্রতায়শূল, ভীতিবিহ্বল, সর্ববিষয়ে সর্বত্ত পশ্চাৎপদ ও আত্মরক্ষায় নিযুক্ত নহে, উহা আত্মবিশ্বাসসম্পন্ন, অভী:-মন্ত্রে সঞ্চালিত, সক্রিয় ও বিস্তারকামী। স্বামীন্ত্রীর স্নাতন ধর্মে কোন স্কীর্ণতা ছিল না; উহা যেমন ভারতীয় সর্ব-সম্প্রদায়ের মৌলিক তথাগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়াছিল, তেমনি বিশ্ব-মানবের বিবিধ ধর্মের মিলনের ভিত্তিভূমিও দেখাইয়া দিয়াছিল—স্বামীজী ছিলেন বস্তুত: দর্বধর্মের মুখপাত্র। স্থৃতরাং ভারতবাদীরা এক উদার ভাতৃভাব লইয়া বিশ্বসভায় আত্মর্যাদা স্থাপনে অগ্রসর হইবার অবকাশ পাইয়াছিল। আবার স্বামীজীর স্বাহ্বান কেবল স্বাধ্যাত্মিক রাজ্যের উচ্চতম ন্তরে প্রতিধ্বনিত না হইয়া সমাজের সর্বন্তরের সকল মাহুষের হাদয়ে সাড়া জাগাইয়াছিল, কারণ তিনি বনের বেদাস্তকে দরিদ্রের পর্ণকূটীরে প্রতিষ্ঠিত করিতে অগ্রসর হইয়াছিলেন— বেদাস্ত তথন হইতে ওধু গিরিকন্দরে বা ঋষির আশ্রমে আবদ্ধ না থাকিয়া মানবন্ধীবনের প্রতিক্ষেত্রে স্বীয় প্রভাব বিস্তারপূর্বক মানবসমাজকে নবরূপ প্রদান করিতে উন্নত হইয়াছিল। অতএব ভারতের সামাজিক, আর্থনীতিক ও ताक्रनी जिक की रन्ध वामी की रक शाहेश हिल त्न जाकरण, शब-श्रव के करण। ममारकत रामकार जिन कानिरजन; किन्द विषयभूर्व विरामी, विधर्मी वा लान्ड সমাজসংস্থারকের তায় ঐগুলির অ্যথা নিন্দা না করিয়া তিনি প্রীতিপূর্ণ দৃষ্টি অবলম্বনে সকলকে বলিয়াছিলেন, তাহারা এ পর্যন্ত বাহা করিয়াছে, তাহা উত্তম, কিন্তু উহাতেই সম্ভুষ্ট না থাকিয়া আরও আগাইয়া যাইতে হইবে: চলার পথে ज्नजासि हरेगारे थात्क, जावजीय नगात्कवं भन्यान हरेगाह, कि ह छेशात्करे व क्रिया ना प्रिथिया এथन विधिनिर्मिष्टे स्थाप्य बात्र मुख्छत भनविष्करण চলিতে হইবে। সমাজ-সংস্কার অত্যাবশুক হইলেও ধর্মকে ছাড়িয়া সংস্কার হইতে পারে না—ধর্মবিচ্যুত সামাজিক পরিবর্তন মান্ত্রুকে উন্নত না করিয়া অবনত করে। আবার ধর্মের পথে অগ্রসর হইতে হইলে সাধারণ মানবের জীবন্যাত্রার মান উন্নত হওয়া আবশুক। শ্রীরামক্ষ বলিতেন, "খালিপেটে ধর্ম হয় না"; তাই ভারতের অক্ততম প্রধান ও প্রথম কর্তব্য হইবে দরিদ্রের অল্লবস্ত্রের ব্যবস্থা করা—দয়। হিদাবে নহে, প্রত্যুত অবশ্রুকর্তব্য দেবা হিদাবে। मातिष्ठा ও রোগাদি নিবারণের জন্ম জাতিবর্ণনির্বিশেষে নরনারী সকলকে শিক্ষা প্রদান করিতে হইবে। ভুধু উচ্চন্তরের উন্নতির প্রতি দৃষ্টি না রাথিয়া গণ-জাগরণের পথ স্থপ্রশন্ত করিতে হইবে। পৌরোহিত্যের মারাত্মক অষ্টপাশ হইতে, বাল্যবিবাহের দারা সমাজের শক্তিক্ষয় হইতে, ছুঁৎমার্গের দারা সমাজের একান্সকে চিরতরে পদু করা হইতে ভারতকে বাঁচাইতে হইবে। ভারতের জনসাধারণের সমস্তা স্বামীজী যেমন করিয়া ভাবিয়াছিলেন, যেমন করিয়া তিনি স্বান্ত:করণে তাহাদিগকে ভালবাসিয়াছিলেন এবং তাহাদের সার্বিক উন্নতিকল্পে যেভাবে দকল স্বার্থবিদর্জনপূর্বক তাহাদের দেবায় আত্মোৎদর্গ করিয়াছিলেন এমন বোধ হয় আর কেহ করেন নাই; আর ভারতের মুক জনসাধারণের সর্বাঙ্গীণ উন্নতিকল্পে তিনি যে স্বস্পষ্ট পরিকল্পনা প্রস্তুত করিয়াছিলেন এমনও বোধ হয় অপর কেহ করেন নাই। স্থতরাং এই 'ঈশ্বরকোটি' দেশ-নেতা মহাপুরুষকে স্বাগত জানাইতে দেশবাসী জনসাধারণ আগ্রহায়িত হইবে, ইহাতে আর আশ্চর্য কি ?

শিক্ষিত সমাঞ্চও স্বামীঞ্জীর নিকট প্রচুর ঋণী ছিলেন। তাঁহার বক্তৃতাবলী তাঁহারা পড়িয়াছিলেন। তাঁহার পত্রের বেদব অফলিপি তথন শিক্ষিত সম্প্রদায়ে বিতরিত হইত দেদবের সহিতও তাঁহারা পরিচিত ছিলেন। তাঁহারা ব্রিয়া- ছিলেন, এই পৌরবমণ্ডিত নবীন নেতা এমন এক নবজাগরণের যোজনা লইয়া আসিয়াছেন, যাহা অজ্ঞাতপুর্ব অথচ ভারতের চিরম্বন ধারারই পুন:প্রবর্তন ব্যতীত আর কিছুই নহে। তাঁহার এই বার্তামধ্যে রক্ষণশীলতা ও প্রগতির সামঞ্জু ঘটিয়াছিল; ধনী ও দরিত্র, উচ্চ ও নীচ সম্মিলিত প্রয়ন্ত্রে একটা সাধারণ ভিত্তি দেখিতে পাইয়াছিল: প্রাচ্য ও পাশ্চান্ত্য সমস্তত্তে গ্রথিত হইয়াছিল: ধর্ম ও বিজ্ঞানের বিবাদ নিমু লিত হইয়াছিল ; এবং শতধা বিভক্ত জাতীয় জীবন একটা সমন্বয়ভূমির সন্ধান পাইয়াছিল। ভারতের যুবসম্প্রদায় দেবিয়াছিল, স্বামীজী বাগাডম্বর মাত্রের পক্ষপাতী ছিলেন না; তিনি সকলকে মন-মুখ এক क्रिया दानाखरागीरक कार्य প्रतिगठ क्रिया छाकिया छिलन : चार्थरेक दर्जन করিয়া সকলকে জনকলাণে আত্যোৎসর্গ করিতে আহ্বান জানাইয়াছিলেন: এবং নেতিমূলক সমাজ-সংস্কারের খুঁটিনাটি সমস্তায় হাব্-ডুব্ না খাইয়া ইতিমূলক আমূল সংস্কার অবলম্বনপূর্বক সমস্ত দেশকে সতেজ, সবল, সক্রিয় ও আত্মনির্ভরশীল कतिया जुलिए ठाटियाहितन। दुक्षिमान वाकित द्विए वाकि हिल ना त्य, এই নববার্ডা শুধু ধর্মক্ষেত্রেই ফলপ্রস্থ হইবে না., ইহার প্রভাব সামাজিক, আর্থ-নীতিক, রাজনীতিক প্রভৃতি কেত্তেও প্রসারিত হইয়া অচিরে ভারতভূমিকে প্রকৃত সাধীনতাগোরবে মঞ্জিত করিবে।

অতএব বিবেকানন্দের ভারতে পদার্পণকে এক অতি শুভ মৃহুর্ত জানিয়া সর্বশ্রেণীর মানব বিবিধ প্রকারে অস্তরের আনন্দ জানাইতে আগাইয়া আসিল। ভারতের শিক্ষিত অশিক্ষিত, ধনী দরিত্র, উচ্চ নীচ সকলে এই নব্যুগের বার্তাবহকে নায়করূপে, গুরুরূপে অভার্থিত করিল। প্রমথবাবু সতাই লিথিয়াছেন: "বাস্তবিক স্বামী বিবেকানন্দ আমাদের বড় আদরের ও যত্নের ধন। তিনি ত্বংখিনী ভারতমাতার একনিষ্ঠ বীরসন্তান এবং চিরলাঞ্চিত আর্যজাতির কুলতিলক। তিনি মেঘাচ্ছর আকাশে বিহাদীপ্তি, নিরাশায় আশা, শীর্ণ পাঞ্র মুখের হাস্তরেখা. দরিত্রের 'সাগরেছেচা' মানিক।" (৫৮০ পৃ:)।

স্বামীক্সী স্বদেশে প্রত্যাবর্তন করিয়া ঠিক কিভাবে সম্বর্ধিত হইবেন, ইহার স্পষ্ট ধারণা তাঁহার না থাকিলেও তিনি জানিতেন, তাঁহার বাণী সাদরে গৃহীত ও অশেষ ফলপ্রস্থ হইবে—কেননা ইহা শ্রীগুরুর কঠে উচ্চারিত ঈশ্বরেরই নির্দেশ। তিনি ভারত ও ভারতেতর সকল দেশকেই অধ্যাত্মসম্পদে সমৃদ্ধ করিতে যত্মপর থাকিলেও তাঁহার স্বীয় অভিক্সতাই তাঁহাকে জানাইয়া দিয়াছিল বে, দীর্ঘকালের

সাধনার ফলে ভারতবাসী ধর্মের মর্মকথা যত সহক্তে অহুভব করিতে সক্ষম, অপর দেশবাসীর পক্ষে তাহা তত সহক্ত নহে। ডেট্রেটে তিনি একদিন জনকরেক শিশুকে বলিয়াছিলেন: "তোমাদের দেশে হিন্দুধর্ম প্রচার করিতে আমায় প্রাণপাতী পরিশ্রম করিতে হইতেছে। আমার জীবনের সর্বোৎকৃষ্ট আংশ এইখানেই কাটিল। অথচ যে দেশে খুট্টান ধর্ম এত প্রবল সেখানে কত বাধাবিত্মের মধ্য দিয়া কার্য করিতে হইতেছে—দেখিতেছ। কিন্তু এদেশের লোকের নিকট আমার কার্যের মূল্য কত্টুকু, আর ইহার কত্টুকুই বা তাহারা গ্রহণ করিতে পারে? বান্তবিক বলিতে গেলে আমার কার্যের প্রকৃত আদর হইতে পারে কেবলমাত্র ভারতবর্ষে। ভারতবর্ষের লোক আমার নিজের দেশের লোক। তাহারা বুঝিবে যে কি রত্ম আমি শরীরের রক্ত জল করিয়া এখানে ছড়াইয়া যাইতেছি! এই রত্মের—এই অপরূপ বেদান্তবিত্যার সম্পূর্ণ সমাদর তথু সেই দেশেই সম্ভব। আর হইবেও তাহাই। কিছুদিন অপেক্ষা কর, দেখিবে ভারতের মূলগ্রন্থি পর্যন্ত নড়িয়া উঠিবে, তাহার শিরায় শিরায় বিত্যুৎ ছুটিবে, বিজ্যোল্লানে ভারতবাসী আমায় বুকে তুলিয়া লইবে।" (ঐ, ৫৮১)। এই ভবিশ্বদাণী অক্ষরে অক্ষরে পূর্ণ হইয়াছিল।

কলখোর হিন্দুসমাজ স্বামীজীকে স্বাগত জানাইবার জন্ম এক কমিটি গঠন করিয়াছিল। ১৬ই ডিদেম্বর ইংলণ্ড হইতে যাত্রা করিয়া ইটালির পথে নেপল্স-এ ৩০শে ডিদেম্বর জাহাজ ধরিয়া স্বামীজী যথন ১৫ই জামুয়ারি (১৮৯৭) কলখো বন্দরে পৌছিলেন, তথন তাঁহার অভিনন্দনের জন্ম ঐ কমিটির পক্ষ হইতে তাঁহার গুরুত্রাতা স্বামী নিরঞ্জনানন্দ সিংহলের বহু গণ্যমান্ম ব্যক্তির সহিত জাহাজ্র্যাটে উপস্থিত ছিলেন। যথাকালে নিরঞ্জনানন্দ ও হ্যারিসন নামে কলখোবাসী জনৈক বৌদ্ধর্মাবলম্বী সাহেব কমিটির মৃথপাত্র হিসাবে জাহাজে উঠিয়া স্বামীজীকে অভ্যর্থনা করিলেন। কিন্তু জাহাজ হইতে নামিতে বেশ দেরি হইল। তাঁহাকে তীরে লইয়া যাইবার জন্ম একখানি লঞ্চ প্রস্তুত্ত ছিল। সন্ধ্যার প্রাক্তর্কালে তিনি ভক্তবুন্দসহ জাহাজ হইতে অবতরণ করিয়া লঞ্চে উঠিলেন। স্থাম লঞ্চখানি যথন তাঁহাদিগকে লইয়া তীরে উপস্থিত হইল, তথন তাঁহার দর্শনার্থী সহল্র সহল্র হিন্দু-জনতা হইতে যে আনন্দকোলাহল ও করতালিধ্বনি উথিত হইল, তাহা সাগরগর্জনকেও ছাপাইয়া গেল। গৈরিক-পরিহিত সৌম্যমূর্তি ভাস্বরলোচন স্বামী বিবেকানন্দ জনগণ-অধিনায়করপেই ভারতে পদার্পণ করিলে উন্মন্ত জন-

মণ্ডলী বেন বিবিধরণে হৃদয়ের উল্লাস জানাইয়াও তৃপ্ত হইল না—তাহারা আনলধ্বনিসহকারে টুপি, ছাতা, কমাল ইত্যাদি আকাশে ছুঁড়িতে লাগিল; আর স্বামীজীর নিকটে গিয়া তাঁহাকে ভাল করিয়া দেখার আকুল আগ্রহে চঞ্চল হইয়া উঠিল।

ইহারই অবদরে সিংহলের ব্যবস্থাপক-সভার সভ্য মাননীয় পি. কুমারস্বামী মহাশয় ও তাঁহার লাতা অগ্রসর হইয়া স্বামীজীকে অভ্যর্থনা করিলেন এবং একটি স্থগন্ধ যুথিকামালা তাঁহার গলদেশে পরাইয়া দিলেন। অতঃপর তাঁহাকে এক-খানি প্রকাশু জুড়িগাড়ীতে বসাইয়া বার্নেস স্থীট নামক রান্তায় তাঁহার প্রকাশু অভ্যর্থনার জন্ম নির্দিষ্ট একটি বাংলোতে লইয়া যাওয়া হইল। বাড়ীটি কলম্বো নগরের এক প্রান্তে অবস্থিত; কলম্বোতে যে প্রসিদ্ধ দারুচিনি বাগান আছে উহা হইতে সিকি মাইল দ্রে। ঐ বাগানেরই মধ্যে স্বামীজীর বাসন্থান নির্দিষ্ট হইয়াছিল। স্বামীজীর এই অভ্যর্থনার বিবরণ আমরা একখানি স্থানীয় ইংরেজী সংবাদপত্ত হইতে অভ্যাদ করিয়া দিলাম:

"কলখো-বাসী হিন্দুসমাজের ইতিহাসে ১৫ই জামুয়ারি একটি শ্বরণীয় দিন, কারণ সে দিন তাহারা ধর্মসজ্বসমৃহের মধ্যে পবিত্রতম ভারতীয় সন্ন্যাসি-সম্প্রদায়ের অস্তর্ভুক্ত অশেষ সদ্গুণবিভূষিত অত্যাশ্চর্য ক্ষমতাশালী আচার্যপ্রবর স্বামী বিবেকানন্দকে স্বাগতসম্ভাষণ জানাইয়াছিল। তাঁহার আগমন ছিল যুগ-প্রবর্তনকারী—সেদিন হইতে অভৃতপূর্ব অধ্যাত্ম ক্রিয়াকলাপের নবজাগরণের স্ত্রপাত হইয়াছিল।

"দিবা অবসান হইয়া রাত্রিসমাগমের প্রাক্কালে যথন হিন্দুশান্ত্রে ভগবন্তজিপ্রকাশের জন্ম সর্বোত্তমরূপে বিহিত সন্ধ্যাকাল সমাগত হইয়া ভাবী গুরুত্বপূর্ণ
ঘটনাবলীর স্চনা করিল, তথন স্বামী নিরঞ্জনানন্দ ও অপর কয়েকজনের হারা
পরিবৃত ও গেরুয়াবন্দ্রে সজ্জিত স্ফঠামদেহ, সৌম্যমূর্তি, আয়ত সম্জ্জ্জল নয়নবিশিষ্ট
এক ঋষির অভ্যুদয় হইল। সমবেত জনতা যথন দেখিল যে, স্থীম লঞ্চথানি ঐ
ঋষিবরকে লইয়া জেটির অভিমূথে আসিতেছে তথন দেই বিশাল জনমণ্ডলীর
আনন্দোচ্ছাস ও প্রীতিপ্রকাশের দৃশ্য কথায় বলিয়া ব্যানো য়য় না। তাহাদের
কলরব হর্ষধনি ও করতালি সম্দ্রের তরক্ষভক্ষনিকেও ছাপাইয়া গিয়াছিল।
মাননীয় পি কুমারস্বামী আগাইয়া গেলেন, তাঁহার লাতাও তাঁহার পশ্চাতে
চলিলেন; এক ছড়া স্কর মৃথিকামালা অর্পণ করিয়া তাঁহারা তাঁহাকে অভ্যর্থনা

क्तित्मत । जात्रभत चात्रष्ठ इटेन चार्गाटेश याहेरात এक चन्नग चाश्रह... বলপ্রয়োগ করিয়াও দে বিপুল জনতাকে রোধ করা অসম্ভব হইল। ... বার্নেস খ্রীটের প্রবেশমুথে পত্র নারিকেল-পূষ্প ও বৃত্তে স্থসজ্জিত একটি স্থদৃশ্য বিজয়-তোরণে স্বামীজীর উদ্দেশে স্বাগতবাণী শোভা পাইতেছিল। স্বামীজীকে নইমা যাইবার জ্বন্ত বে তেজ্ববি-ঘোটক্ষয়-সমন্বিত যান প্রস্তুত ছিল তাহা যেন নিমেৰ-মধ্যে স্বামীজীকে লইয়া বার্নেস স্ত্রীটের সভামগুপে উপস্থিত হইল। শহরে হত ঘোড়ার গাড়ী ছিল সব কয়টিই ষাত্রী লইয়া সেই বিজ্ঞয়-মগুপের দিকে ছুটিল, পায়ে হাঁটিয়াও চলিল অনেকে। সভামগুপটি চিরহরিৎ তালপত্রাদিতে স্থলোভিত হইয়াছিল। সেধানে স্বামীজী অশ্বান হইতে অবতরণ করিলেন এবং শোভাষাত্রা সহ হিন্দুপ্রথাহ্যায়ী ধ্বজপতাকা, পবিত্র ছত্রাদি সমভিব্যাহারে খেতবস্ত্রাবৃত পথে পদব্রজে চলিতে থাকিলেন। তথন একদল বাছকর ভারতীয় গৎ বাজাইতেছিল। বার্নেস খ্রীটের প্রবেশপথে অনেকে শোভাযাত্রায় মিলিত হইলেন এবং দেখান হইতে দাক্ষচিনি বাগানে স্বামীজীর জন্ম যে অস্থায়ী বাসস্থান নির্দিষ্ট হইয়াছিল উহারই সমুখে নির্মিত আর একটি স্থদজ্জিত ও শিল্পচাতৃর্ধপূর্ণ দভামগুপে উপস্থিত হইলেন। প্রথম মণ্ডপ হইতে এই দ্বিতীয় মণ্ডপের দুরত্ব ছিল সিকি মাইল। এই পথের উভয় পার্ষে তালপত্র-মালিকা-শোভিত তোরণসমূহ দণ্ডায়মান ছিল। স্বামীজী যেমনি এই দ্বিতীয় মণ্ডপে প্রবেশ করিলেন, অমনি একটি বিরাট কুত্রিম পদ্মের দলসমূহ প্রকৃটিত হইল এবং উহার মধা হইতে একটি পক্ষী উড়িয়া গেল। এইসব মনোমুগ্ধকর দৃশ্যাবলী কিন্তু অলক্ষিডই থাকিয়া গেল, কারণ দকলের দৃষ্টি তথন স্বামীজীরই উপর নিবন্ধ। তাঁহাকে দেখিবার আগ্রহে অনেক সাজসজ্জা ভালিয়া গেল, পুষ্পবৃষ্টির মধ্যে ঋষি ও তাঁহার শিশুবুন্দ আসন গ্রহণ করিলেন। কোলাহল থামিলে এক সঙ্গীতবিশার্দ বেহালাযোগে একটি স্থন্দর গৎ বাজাই-লেন; তারপর তুই সহস্র বংসর পূর্বে তামিল ভাষায় রচিত 'তেবারম' স্থোত্ত সঙ্গীত হইল: স্বামীন্দ্রীর সম্মানার্থ রচিত একটি সংস্কৃত স্থোত্তেরও আবুত্তি হইল। মাননীয় পি. কুমারস্বামী অগ্রসর হইয়া প্রাচ্য রীতিতে স্বামীজীকে প্রণাম করিলেন এবং অতঃপর হিন্দদের পক্ষ হইতে একটি অভিনন্দনপত্র পাঠ করিলেন।

"কর্ণবধিরকারী হর্ধধানির মধ্যে স্বামীজী উঠিয়া দাঁড়াইলেন এবং নিজক্ষ ভঙ্গীতে বাগ্মিতাপূর্ণ হৃদয়গ্রাহী ভাষায় অভিনন্দনের উত্তর দিলেন। তাঁহার কথাগুলি অতি সরল ও স্থম্পষ্ট হইলেও বিরাট জ্বনতার মনে উহা গভীর আলোড়ন উপস্থিত করিল। উত্তর প্রদান-প্রসঙ্গে তিনি উল্লেখ করিলেন থে, সেদিন কোন গ্যাতনামা রাজনীতিবিদ, কোন মহাবীর অথবা ধনকুবেরের সম্মানার্থ ঐ আনন্দাচ্ছাদ উৎদারিত হয় নাই। তিনি বলিলেন, 'এক ভিথারী দল্লাদীকে আপনারা যে রাজোচিত সম্মানে অভ্যর্থনা করিলেন তাহাতে হিন্দুদের আধ্যাত্মিকতারই প্রমাণ পাওয়া গেল। তিনি কোন উচ্চ দৈল্লাধ্যক্ষ, অথবা রাজা কিংবা বিস্তর্শালী ব্যক্তি না হইলেও সমাজের উচ্চপদস্থ এবং বহুদম্মানিত নেতৃত্বন্দ তাঁহার আয় দরিদ্র সন্মানীর প্রতি সম্মান দেখাইতে সমবেত হইয়াছেন—ইহা আধ্যাত্মিকতারই এক চরম নিদর্শন।' তিনি দূচরূপে ব্যাইয়া দিলেন যে, জাতিকে বাঁচিতে হইলে আধ্যাত্মিকতাই জাতীয় জীবনের ভিত্তিরূপে গৃহীত হওয়া আবশ্রক। আর তাঁহাকে যেভাবে অভিনন্দিত করা হইল উহাকে তিনি কেবল ব্যক্তিগত ব্যাপার্ক্সপে স্থীকার না করিয়া একটি মৌলিক তথ্যের স্থীকৃতি-রূপেই গ্রহণ করিলেন।

"অতঃপর স্বামীজী গৃহমধ্যে প্রবেশ করিলেন। এখানে তাঁহাকে আর একটি মাল্যে ভূষিত করা হইল এবং একটি আসনে বসান হইল। বাহিরে যে সব লোক আফুষ্ঠানিক সম্বর্ধনায় যোগদান করিয়াছিল তাহারা সেস্থান ত্যাগ করিতে অস্বীকৃত হইয়া সেধানেই দাঁড়াইয়া রহিল। তাহাদিগকে তাঁহার দর্শনেচ্ছু জানিয়া স্বামীজী আবার বাহিরে আসিলেন এবং সন্ন্যাসীদেরই রীতিতে তাহাদিগকে প্রতাভিনন্দিত করিলেন ও আশীর্বাদ করিলেন।"

স্বামীন্দ্রী যে কয়দিন কলম্বাতে ছিলেন, দেই কয়দিনই তাঁহার ঐ বাসগৃহটি জনপরিপূর্ণ থাকিত—দে গৃহথানি যেন এক তীর্থে পরিণত হইয়ছিল। সাধুর প্রতি প্রাচ্যদেশবাদীর ভক্তিপরায়ণতার সহিত বাঁহাদের সাক্ষাৎ পরিচয় নাই, তাঁহারা ধারণাই করিতে পারিবেন না স্বামীন্দ্রী ঐকালে কিরূপ শ্রদ্ধা আকর্ষণ করিয়াছিলেন। আগন্ধকদের মধ্যে সর্বশ্রেণীর লোকই থাকিতেন—সরকারের উচ্চপদস্থ কর্মচারী হইতে অতি দরিদ্র ভিখারীও বাদ ঘাইত না। স্বামীন্দ্রীর পদরক্তে পবিত্রীকৃত ঐ গৃহের নাম পরে হইয়াছিল 'বিবেকানন্দ লক্ত্র' (বা কুটার)। ঐ সময়ের একটি স্বন্দর ঘটনার উল্লেখ করা ঘাইতে পারে। একটি দরিদ্র বিপন্ন স্বাদেনক বথারীতি ফলমূল হত্তে স্বামীন্দ্রীর নিকট উপস্থিত হইল। নির্বিবাদে ভগবানলাভের উদ্দেশ্যে সাধনায় কালাতিপাতের জন্ম তাহার স্বামী সংসার ত্যাগ করিয়াছিল। স্বামীন্দ্রী স্বীলোকটিকে শ্রীমদ্ভগবদ্গীতা পাঠের উপদেশ দিলেন এবং

ব্ঝাইয়া দিলেন যে, তাহার ক্যায় ব্যক্তির পক্ষে ষথারীতি গার্হস্থার্ম পালন করিলেই প্রকৃত ধর্মপথ অফুসরণ করা হইবে। ইহার উত্তরে সে যাহা বলিয়াছিল, তাহা খুবই অর্থপূর্ণ। সে বলিল, "গীতা না হয় পড়িলাম, কিন্ধ উহা যদি ব্ঝিতেও অফুভব করিতে না পারি, তবে তাহাতে ফল কি ?" ধর্মপ্রাণ হিন্দুরই ক্যায় সে ব্ঝিয়াছিল, ধর্ম তথু বৃদ্ধিগ্রাফ্ নহে, উহা অফুভতিসাপেক্ষ। উপস্থিত প্রোতারাও লক্ষ্য করিয়াছিলেন, ভারতের অতি দরিস্র ব্যক্তিও ধর্মের নিগৃচ তত্ত্ব সম্বন্ধে কত সচেতন।

সিংহলে অবতরণের প্রথম দিনে সর্বসাধারণের সমক্ষে দীর্ঘ ভাষণ দেওয়ার অবকাশ ছিল না: এরপ প্রথম ভাষণ হইল প্রদিন শনিবার অপ্রায়ে 'ফ্লোরাল হলে'। বক্তৃতার বিষয় ছিল 'পুণাভূমি ভারত'। সেদিন শ্রোতার সংখ্যা এত অধিক হইয়াছিল যে, অনেককে হলের বাহিরে দাঁড়াইতে হইয়াছিল। বলিতে গেলে ইহাই ছিল ভারত-প্রত্যাগমনের পর স্বামীন্দীর প্রথম স্থদীর্ঘ বক্তৃতা। বক্ততাটি ভুধু বাগ্মিতার জন্ম উল্লেখযোগ্য নহে, উহার বক্তব্য বিষয়গুলিও বিশেষ প্রণিধানযোগ্য। স্বামীজী বলিয়াছিলেন, ভারতের আধ্যাত্মিক মহিমা সম্বন্ধে তিনি যাহা পুর্বে হয়তো আবেগভরে বিশাস করিতেন, বিদেশভ্রমণ-সভূত অভিজ্ঞতার ফলে উহা প্রমাণসিদ্ধ সত্য হইয়া দাঁড়াইয়াছিল। তিনি ঘোষণা করিয়াছিলেন: "ষদি এমন কোন দেশ থাকে, যেখানে সর্বাপেকা অধিক আীধ্যা-আ্মকতা ও অন্তর্পির বিকাশ হইয়াছে, তবে নিশ্চয়ই বলিতে পারি, তাহা স্মামাদের মাতৃভূমি—এই ভারতবর্ষ।…এখান হইতেই উত্তর-দক্ষিণ-পূর্ব-পশ্চিম — সর্বত্র দার্শনিক জ্ঞানের প্রবল তরক বিস্তৃত হইয়াছে। আবার এথান হইতেই তরক উথিত হইয়া সমগ্র পৃথিবীর জড়বাদী সভ্যতাকে আধ্যাত্মিকতায় পূর্ণ করিবে।" কিন্তু অন্তদেশে থেরপ যুদ্ধবিগ্রহের পদ্বাবলম্বনে ভাবপ্রচার হইয়া থাকে, ভারতের অধ্যাত্মবার্তা দেভাবে কোনও কালে প্রচারিত হয় নাই: "অতি প্রাচীন কাল হইতে বর্তমান কাল পর্যন্ত ভাবের পর ভাবের তরঙ্গ ভারত হইতে প্রসারিত হইয়াছে; কিন্তু উহার প্রত্যেকটি তরকই সম্মূথে শাস্তি ও পশ্চাতে षानीर्वाणी नहेशा অগ্রসর হইয়াছে।" অন্ত প্রাচীন জাতি লুগু হইয়া গেলেও "সেই শুভকর্মের ফলেই আমরা এখনও জীবিত।" আমাদের জাতীয় জীবন ধর্মকেই কেন্দ্ররূপে গ্রহণ করিয়াছে। "এই ভারতে মাহুষের সমগ্র চেষ্টা ধর্মের জন্ম ; ধর্মলাভই ভাহার জীবনের একমাত্র কার্য। ত প্রভ্যেক জাভিরই জীবনের যেন একটি বিশেষ উদ্দেশ্য থাকে। ত্ৰু সমুগ্ৰাজাতির উন্নতিকল্পে শান্তিপ্ৰিয় হিন্দুরও কিছু দিবার আছে—আধ্যাত্মিক আলোকই পৃথিবীর কাছে ভারতের দান।" সঙ্গে সঙ্গে তিনি সাবধান করিয়া দিলেন: "ভারতের বাহিরে ভারতীয় ধর্মের প্রভাব বলিতে আমি ভারতীয় ধর্মের মূলতত্ত্বসমূহ—যেগুলির উপর ভারতীয় ধর্মের প্রভাব বলিতে আমি ভারতীয় ধর্মের মূলতত্ত্বসমূহ—যেগুলির উপর ভারতীয় ধর্মরপ সৌধ নির্মিত—সেগুলি মাত্র লক্ষ্য করিতেছি।" বল্পত: তিনি ভারতের মৌলিক ও শাশ্বত আধ্যাত্মিক বাণীর প্রতিই দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন; যুগপ্রয়োজনে পরিবর্তনশীল আচার-ব্যবহার বা বিধিনিষেধের কথা বলেন নাই। আর "সর্বোপরি পৃথিবীকে এই মহান সত্যটি আমাদিগকে শিখাইতে হইবে। ত্রু গরেধর্মের প্রতি গভীর সহাহত্তি শিক্ষা করিতে হইবে। ত্রু তাহাই নহে, পরধর্মের প্রতি গভীর সহাহত্তি শিক্ষা করিতে হইবে। ত্রু বিধাধ করিতে হইবে, ইহা অসম্ভব। ভেদ থাকিবেই। বৈচিত্র্য ব্যতীত জীবন অসম্ভব। তেকিছ তাই বলিয়া যে পরস্পরকে ঘুণা করিতে হইবে, পরস্পর বিরোধ করিতে হইবে, তাহার কোন প্রয়োজন নাই।" ('বাণী ও রচনা', ৫।৩-১৪)

পরদিন রবিবারেও সকাল হইতে অপরাহ্ন পর্যন্ত দর্শনার্থীদের ভিড় লাগিয়াই রহিল; স্বামীজীও তাহাদের সহিত আলাপ-আলোচনাদি করিলেন। সন্ধাায় তিনি ধথন একটি শিবমন্দিরে শিবদর্শনে চলিলেন, তথনও অনেকে তাঁহার সঙ্গে চলিল। পথচলার সময় উল্লেখযোগ্য ঘটনা এই যে, লোকেরা প্রায়ই তাঁহার গাড়ী থামাইয়া ফলোপহার দিল, গলে মাল্যদান করিল ও গায়ে গোলাপজল ছিটাইয়া দিল। দক্ষিণভারতের ও সিংহলের রীতি এই য়ে, কোন বিশিষ্ট অতিথি আসিলে তাঁহার সম্মানার্থ ঘারদেশে দীপমালা প্রজ্ঞালিত হয় এবং নারিকেল কদলী প্রভৃতি মান্দলিক ফলে গৃহ্ঘার স্ব্যক্তিত হয়। স্বামীজী যথন হিন্দুপল্লীর, বিশেষতঃ তামিলপল্লীর প্রধান পথ চেকু স্ত্রীটের মধ্য দিয়া যাইতে লাগিলেন, তথন দেখা গেল, প্রাচীন প্রথাবলম্বনে প্রায় প্রতিটি গৃহেই ঐরূপ করা হইয়াছে। মন্দিরে স্বামীজীকে "জয় মহাদেব" রবে আহ্বান জানানো হইল। সেখানে প্রজাদি-সমাপনান্তে তিনি সমবেত জনতা ও পুরোহিত-মণ্ডলীর সহিত কিঞ্চিৎ আলাপ করিলেন। তিনি যথন বাসস্থানে ফিরিলেন, তথন সেখানেও বছ বাদ্ধা-পণ্ডিত তাঁহার সহিত আলাপের জন্ম বসিয়াছিলেন, এইসব কথাবার্তায় রাত্রি আড়াইটা বাজিয়া গেল।

পরদিবস সোমবারে নিমন্ত্রিত হইয়া স্বামীন্ত্রী শ্রীযুক্ত চেলিয়ার গৃহে পদার্পন

করিলেন। তাঁহার ভভ আগমনোপলকে গৃহথানি স্থাক্ষিত হইয়াছিল এবং স্থামীজীর আকর্ষণে বহু সহল ব্যক্তি সেধানে সমবেত হইয়াছিলেন। তাঁহার গাড়ীথানি যেমন নিকটবর্তী হইতে থাকিল অমনি সহল্র কঠোখিত আনন্দধ্যনি প্রবলতর হইতে লাগিল এবং পুস্পমাল্য ও পুস্পবর্ষণের দ্বারা তাঁহাকে প্রায় ঢাকিয়া ফেলা হইল। তিনি অবতরণ করিলে তাঁহাকে একটি স্থরচিত ও স্থাক্ষত আসনে বসাইয়া তাঁহার অকে গঙ্গান্ধল ছিটাইয়া দেওয়া হইল। স্থামীজী অতংপর আগন্ধকদের মধ্যে বিভৃতি বিতরণ করিলে সকলেই উহা শ্রেদাসহকারে গ্রহণ করিলেন। এমন সময় তিনি দেখিতে পাইলেন, সেধানে স্থীয় গুরুদ্দের ভাবনা শ্রীয়ামক্রফের একখানি প্রতিকৃতি রহিয়াছে; অমনি আসন হইতে গাত্রোখান করিয়া ভক্তিভরে প্রণাম করিলেন এবং ঐ গৃহে বিভিন্ন মহাপুরুষদের ছবি সংরক্ষিত আছে দেখিয়া আনন্দ প্রকাশ করিলেন। অবশেষে কিঞ্চিৎ জলযোগের ব্যবস্থা হইল এবং বহু ধর্মসঙ্গীতের পর সেই দিনের ঐ মনোরম অমুষ্ঠানটি সমাপ্ত হইল।

ঐ দিন সন্ধ্যায় কলম্বার সাধারণ বক্তৃতাগৃহে অবৈতবাদ সম্বন্ধে স্বামীজীর বিতীয় বক্তৃতা হইল। শ্রোত্বর্গ সেদিন এক হাদয়গ্রাহী ও প্রেরণাময় ভাষণ শুনিয়া মুগ্ধ হইলেন। অবৈত-ভিত্তিমূলক সার্বভৌম ধর্মই ছিল তাঁহার মূল বক্তব্য। বক্তৃতাকালে তিনি লক্ষ্য করিলেন, অনেক স্বদেশবাসী বিদেশী পরিচ্ছদে ভূষিত আছেন। ইহাতে বিরক্ত হইয়া তিনি পরিদ্ধার বৃঝাইয়া দিয়াছিলেন য়ে, ইউরোপীয় বসনে ভারতীয়দিগকে মোটেই মানায় না; এরপ দাসোচিত অক্তকরণ বড়ই লজ্জার বিষয়। আর তিনি ইহাও বলিলেন য়ে, কোন পরিচ্ছদ-বিশেষের নিন্দা করা তাঁহার উদ্দেশ্য নহে, প্রত্যুত য়ে বিজ্ঞিতস্থলভ ত্র্বলচিত্ততা লইয়া মায়ুষ ঐরপ অক্তকরণে প্রবৃত্ত হয়, তিনি উহারই উপর খড়গহন্ত।

স্বামীজীর ইচ্ছা ছিল কলম্বো হইতে জলপথে সোজা মাদ্রাজে যাইবেন;
কিন্তু সিংহলে আগমনের পর সিংহল ও দক্ষিণ ভারতের বিভিন্ন নগরে অন্ততঃ
একবার দর্শন দিবার জন্য এমন সব আগ্রহপূর্ণ আবেদন আসিতে লাগিল
যে, তিনি অগত্যা প্রধানতঃ স্থলপথে জাফনা হইয়া মাদ্রাজে যাওয়াই স্থির
করিলেন। এই পরিবর্তিত সহল্লাম্বায়ী তাঁহাকে ১৯শে জাম্বারি সকালের
ট্রেনে একটা স্পোশাল সেলুনে করিয়া কাণ্ডি নগরে লইয়া যাওয়া হইল। কাণ্ডি
সিংহলের একটি পার্বত্য স্বাস্থ্যনিবাস এবং ভগবান বৃদ্ধের দস্তমন্দিরের জন্ম

বিখ্যাত। স্বামীজীকে সাদর-সম্ভাষণ জানাইবার জন্ত কাণ্ডি রেল স্টেশনে বছ লোক একটি ভারতীয় ব্যাণ্ড পার্টি ও দেবমন্দিরের শোভাষাত্রার সাজ-সজ্জাদি লইয়া উপস্থিত ছিল। স্বামীজী স্টেশনে উপস্থিত হইলে বাছ ও ঐ সকল সাজ-সজ্জাদি সহ শোভাষাত্রা করিয়া তাঁহাকে নির্দিষ্ট বাসস্থানে লইয়া যাওয়া হইল। সেখানে আসিলে সমবেত আনন্দোচ্ছুসিত জনমণ্ডলী হর্ষধানি করিয়া উঠিল। ক্রমে সকলে নীরব হইলে একথানি অভিনন্দনপত্র পঠিত হইল এবং স্বামীজী সংক্ষেপে উহার উত্তর দিলেন। তারপর তিনি শহরের দর্শনীয় স্থানগুলি দেখিতে গোলেন। এইভাবে কয়েক ঘণ্টা বিশ্রাম ও ইতন্তত: ভ্রমণের পর পুনর্বার যাত্রা শুরু হইল ও স্বামীজী সেই সন্ধ্যায়ই মাতালে নামক স্থানে উপনীত হইলেন এবং তথায় রাত্রিয়াপন করিলেন।

বুধবার সকালে অখ্যানে হুই শত মাইল স্মৃতিক্রমণরূপ ক্ট্রদাধ্য যাত্রা আরম্ভ হইল। তাঁহাদের চরম গন্তব্যস্থল ছিল সিংহলের উত্তরাংশে অবস্থিত হিন্দুপ্রধান জাফনা নগর। সাড়ে তিন বৎসর অন্ত প্রকারে আমেরিকা ও ইউরোপে জীবন কাটাইয়া এইভাবে ভ্রমণ করা যে স্বামীজীর স্বাস্থ্যের পক্ষে কিরূপ বিপজ্জনক ছিল তাহা বোধ হয় উৎসাহে নিমগ্ন হিন্দুদের কাহারও মনে উদিত হয় নাই; কিন্তু আমরা দেখিব, সিংহল ও দক্ষিণ ভারতে ভ্রমণ ও বক্তৃতাদির পর স্বামীজীর স্বাস্থ্য একেবারে ভাদিয়া পড়িয়াছিল। অবশ্য তিনি বিদেশে থাকাকালেও ইহার পুর্বাভাস পাইয়াছিলেন; কিন্তু ভারতে আসিয়া তিনি যেরপ জীবনযাত্রার সন্মুখীন হইলেন, তাহাতে স্বাস্থ্যোদ্ধার তো দুরের কথা, উহার অফুকুল অবস্থায় থাকাও অসম্ভব হইয়া পড়িল। তবে জাফনা যাত্রা শ্রমসাধ্য হইলেও পথটি ছিল সৌন্দর্যের নিলয়। উভয় পার্শের শস্ত্রশামোজ্জন শোভা পথিকগণের মন ভুলাইতে লাগিল। প্রাকৃতিক দৃশ্যাবলীও ছিল অতি মনোহর। কিন্তু একটু পরেই এক হর্ষোগ উপস্থিত হইল। ডাম্বল নামক স্থানের কয়েক মাইল দূরে পাহাড় হইতে নামিবার কালে গাড়ীর একখানি সমুখের চাকা ভাঙ্গিয়া যাওয়ায় যাজীদিগকে শেখানে তিন ঘণ্টা কাটাইতে হইল। সৌভাগ্যের বিষয় এই যে, চাকাখানি একেবার খুলিয়া যায় নাই। ঐরপ হইলে গাড়ীথানি উলটাইয়া গিয়া যাত্রীরা আহত হইতেন। অনেক চেষ্টার ফলে দূরবর্তী এক গ্রাম হইতে একথানি মাত্র গোষান সংগৃহীত হইল। উহাতে শ্রীযুক্তা সেভিয়ারকে বসাইয়া মালপত্র বোঝাই করা হইল। গাড়ীর পশ্চাতে অপর সকলে মন্বরগতিতে পদরকে চলিতে

লাগিলেন। এই প্রকারে কয়েক মাইল চলার পর আরও গোষান সংগৃহীত হইল এবং রাত্তিটা চলস্ত গোষানেই কাটিল। এইভাবে কানাহারি ও তিনপানি হইয়া তাঁহারা নির্দিষ্ট কালের আট ঘণ্টা পরে অন্থরাধাপুরমে উপুনীত হইলেন।

অমরাধাপুরম এককালে সিংহলীয় বৌদ্ধধর্মের কেন্দ্রন্থল ছিল। ষোজনব্যাপী উহার ভগ্নাবশেষ দেখিলে সহজেই অমুমিত হয় যে, উহা এককালে এক বিশাল স্থসমৃদ্ধ মহানগর ছিল। এথানে ইতন্তত: বছ বৌদ্ধমন্দির ও ভিক্লদের বাসস্থানের চিহ্ন দেখিতে পাওয়া যায়। প্রাচীন কীর্তিগুলির ভগ্নন্ত,প-মধ্যেও সেই যুগের স্থাপত্যশিল্পের উৎকর্ষ দৃষ্টিগোচর হয়। বোধগায়া হইতে আনীত বোধিক্রমের একটি শাখা এখানে প্রোথিত হইয়াছিল—জনরব এই ষে. উহা ২৪৫ খৃষ্টপুর্বান্দের কথা। সে শাখা এখন বিশাল মহীক্রতে পরিণ্ড হইয়া বছ বৌদ্ধভক্তকে বুদ্ধদেবের কথা স্মরণ করাইয়া দেয়। এতদ্বাতীত প্রাচীন কীতির মধ্যে একটি সরোবর ও 'দাগোবা' নামে বিখ্যাত কয়েকটি ভূপ দর্শকের দৃষ্টি আকর্ষণ করে। স্বামীজীদের বাসের জন্ত যে স্থানটি নির্দিষ্ট হইয়াছিল, উহার সন্নিকটে অবস্থিত এক সহস্র ছয় শত গ্র্যানাইট পাথরের গুম্বও বিশেষ বিশ্বয়োৎপাদক। এগুলি চুই সহস্রাধিক বৎসর পূর্বে নির্মিত এক স্বুরুৎ নবতল পিত্তল প্রাসাদের ভগ্নাবশেষ। কথিত আছে, এই বিশাল প্রাসাদে পুরোহিতদের জন্য এক সহস্র শয়নকক ছিল; এতদাতীত অ্যাত্ত প্রয়োজনে আরও বছ কক ব্যবহৃত হইত। ইহার ছাদ ছিল পিততের এবং সভামগুপটি সিংহশিরোপরি নির্মিত অনেকগুলি স্থবর্ণ হুছে স্থলজ্জত ছিল। মণ্ডপের মধাভাগে দ্বিরুরুদ্নির্মিত এক সিংহাসন ও সিংহাসনের উভয়পার্থে কনক্থচিত স্থা ও রক্ষতময় চন্দ্রমা বিরাজ করিত।

পুর্বোক্ত অশ্বথ বৃক্ষতলে ও তৎসমীপে তুই-তিন সহস্র শ্রোতার সমক্ষে
শ্বামীজীর উপাসনা সম্বন্ধে বক্তৃতার আয়োজন হইয়াছিল। তিনি ইংরেজীতে
বলিয়া যাইতে থাকিলে অপর তুই ব্যক্তি তামিল ও সিংহলী ভাষায় অয়বাদ
করিতে লাগিলেন। বক্তৃতাপ্রসকে তিনি শ্রোত্বর্গকে বলিলেন, অসার পুজাড়ম্বর
পরিত্যাগপুর্বক বরং বেদবাণীসমূহকে কার্যকরী করিয়া ভোলার প্রতি দৃষ্টি নিবদ্ধ
রাধা উচিত। তিনি এই পর্যন্ত বলিয়াছেন, এমন সময় দলে দলে ধর্মাদ্ধ বক্ত ভিক্তৃ ও গৃহস্থ, পুরুষ ও নারী, বৃদ্ধ ও বালক ঢাক ঢোল কাঁসর টিন প্রভৃতি
বাজাইয়া সভার চারিদিকে এমন বিকট শব্দ আরম্ভ করিল বে, স্বামীজীকে বাধ্য হইয়া বক্তৃতা বন্ধ করিতে হইল। ইহার ফলে তথনই হয়তো হিন্দু ও বৌদ্ধদের মধ্যে একটা সাংঘাতিক সাম্প্রদায়িক দালা আরম্ভ হইয়া যাইত; কিন্তু এরপ অস্বাবহার সন্ত্বেও স্বামীজী হিন্দুদিগকে ধৈর্ঘ ধরিয়া শান্ত থাকিতে অম্বরোধ করিলেন এবং তাহাদিগকে ব্ঝাইতে গিয়া বলিলেন যে, ধর্ম একটি সার্বভৌম বন্ধ এবং ভগবানকে শিব, বিষ্ণু, বৃদ্ধ বা অপর যে কোনও নামে পূজা করা হউক না কেন, তিনি বস্তুতঃ অভিন্ন। এইরূপ বৌদ্ধপ্রধান ঐ তীর্থক্ষেত্রে তিনি ভুধু প্রধর্ম-সহিষ্ণুতার কথাই বলিলেন না, পরধর্মে শ্রদ্ধাপ্রদর্শনের প্রয়োজনও ব্ঝাইয়া দিলেন।

অমুরাধাপুরম হইতে জাফনার দ্রত্ব একশত কুড়ি মাইল। এই দীর্ঘ রান্তার ও ঘোড়ার অবস্থা— ছই ছিল থারাপ; কাজেই, এই ভ্রমণ মোটেই স্থথাবহ ছিল না। আনন্দপ্রদ জিনিস ছিল শুধু প্রাক্তিক সৌন্দর্য আর উহাতেই একঘেরেমির হাত হইতে থানিকটা রক্ষা পাওয়া গিয়াছিল। ইহার উপর আবার পর পর ছই রাত্রি ঘুম হইল না। পথে বাবোনিয়া নামক স্থানে হিন্দু অধিবাসীরা স্থামীজীকে সসন্মানে অভ্যর্থনাপুর:সর একথানি অভিনন্দন-পত্র প্রদান করিলেন। মধুরভাষী স্থামীজী ইহার এক হদমস্পর্শী সংক্ষিপ্ত উত্তর দিলেন। স্থামীজীর প্রেমপূর্ণ ব্যবহার ও প্রেরণাময় বাণীতে স্থানীয় ব্যক্তিরা আপনাদিগকে ধল্য মনে করিলেন। অতঃপর ইহাদের নিকট বিদায় লইয়া স্থামীজী ভক্তবৃন্দসহ উত্তর সিংহলের বনরাজিশোভিত মনোরম স্থামীর্ঘ পথে জাফনা অভিমুখে অগ্রসর হইলেন। পরদিবস প্রাতে সিংহলের প্রধান ভূখণ্ডের সহিত জাফনাদ্বীপের সংযোগ-বিধানকারী সেতুটি যে হন্ডিগিরিবত্মে অবন্থিত সেথানে স্থামীজীকে এক স্থাপতি সম্ভাষণ দেওয়া হইল। উহা স্থত:কুর্ত ছিল; কেননা, উহার জন্ম বথাবিধি কোন পূর্বপ্রস্তুতি ছিল না।

জাফনা শহরের দ্বাদশ মাইল দূরে অগ্রসর হইয়া নেতৃস্থানীয় বহু হিন্দু স্থামীজীকে সাদর সভাষণ জানাইলেন এবং সেখান হইতে বাকি সবটা পথই তাঁহাকে বহু অস্থানের এক শোভাষাত্রাসহ নগরে লইয়া আসিলেন। তাঁহার সন্মানার্থ নগরের প্রতিটি পথ, এমন কি প্রতি গৃহ স্থসজ্জিত হইয়াছিল। সদ্ধায় ব্যথন তাঁহাকে প্রজ্ঞালিত মশালসহ শোভাষাত্রা করিয়া হিন্দু-মহাবিভালয় প্রাক্থণে নির্মিত এক বক্তৃতামগুপে লইয়া যাওয়া হইল, তথন সে দৃশ্য খুবই চিত্তাকর্ষক হইয়াছিল। সমন্ত পথেই অপুর্ব উৎসাহ লক্ষিত হইয়াছিল এবং সে শোভাষাত্রায়

অন্ততঃ দশ-বার হাজার লোক উপস্থিত ছিল। সেদিন রবিবার, ২৪শে জাহয়ারি।
শকট হইতে অবতরণপূর্বক স্বামীজী শিবান ও কাথিরেশন মন্দিরে পূজা করিলেন
এবং মন্দিরস্বামিকর্তৃক পূজামাল্যে ভূষিত হইলেন। সভাস্থলে হিন্দু, মৃসলমান,
খূষ্টান সর্বশ্রেণীর লোক তাঁহার দর্শনার্থ সমবেত হইয়াছিল। সামিয়ানায় উপস্থিত
হইলে ত্রিবাঙ্ক্রের ভূতপূর্ব প্রধান বিচারপতি শ্রীযুক্ত এস. চেল্লায়া পিলে স্বামীজীকে
সঙ্গে করিয়া বক্তৃতামকে লইয়া গেলেন। অতঃপর অভিনন্দন পঠিত হইল এবং
স্বামীজী একঘণ্টা যাবং বক্তৃতা করিলেন। স্বামীজীর জাফনা-ভ্রমণ ও তথায়
জনসাধারণের অভিনন্দন সম্বন্ধে স্থানীয় এক সংবাদপত্রে এইরূপ লিখিত হইয়াছিলঃ

"অভার্থনা-সমিতির সিদ্ধান্ত এই ছিল যে, সাতজন সভোর একটি প্রতিনিধি-দল রবিবার সকালে ঘরোয়াভাবে উপ্পার নামক স্থানে স্থামীজীকে স্থাগত জানাইবেন এবং নগরে জনসাধারণের পক্ষ হইতে অভিনন্দন প্রদত্ত হইবে ঐদিন সদ্ধ্যায়। কিন্তু কার্যতঃ দেখা গেল, রবিবার প্রত্যুবে শহরের গণ্যমান্ত ব্যক্তিদের মধ্যে প্রায় একশত জন উপ্লারে সমবেত হইয়াছেন এবং দাগ্রহে তাঁহার আগমন প্রতীকা করিতেছেন। নয়টা পর্যন্ত সেই সন্মাসিপ্রবর ও তাঁহার সহগামীদের লইয়া ঘোড়ার গাড়ীথানি পৌছাইল না; অতএব স্থির হইল, আরও পাচ মাইল আগাইয়া গিয়া চারাকাচারী নামক স্থানে অপেক্ষা করা হইবে। ঐ স্থানে পৌছাইতে না পৌছাইতে স্বামীন্ধী ও তাঁহার সন্ধীদের লইয়া ডাক-গাড়ী আদিয়া পড়িল। তথন গাড়ীতে চড়িয়া শহরে যাইবার জন্ম এক শোভাষাত্রা সাজানো হইল। প্রথম গাড়ীতে উঠিলেন স্বামীজী, তাঁহার গুরুভাতা স্বামী নিরঞ্জনানন্দ ও প্রীযুক্ত নাগলিক্ষ। গাড়ীথানি ছিল যুগলাখবাহিত একথানি (চারি চাকার) ল্যাণ্ডো। বাকি সকলে কুড়িখানি গাড়ীতে পশ্চাতে চলিলেন। সেন্ট্রাল রোভ ধরিয়। শোভাষাত্রাটি নগরে পৌছিতে সাড়ে এগারটা বাঞ্চিয়া পেল। অভার্থনা সমিতির হাতে সময় বেশী না থাকিলেও অপরায়ে হিন্দু-মহাবিভালয়ে স্বামীজীর যথোচিত অভ্যর্থনার জন্ম বিরাট আয়োজন করা হইয়াছিল। বিভালয়ের সম্মুখে একটি বিশাল ও সমত্বে স্থসজ্জিত মণ্ডপ প্রস্তুত হইয়াছিল। শহর হইতে মহাবিতালয় পর্যন্ত হাদীর্ঘ ঘটল রাভা মালাশুৰাল ও আলোকমালায় স্থলোভিত ছিল, বিশেষতঃ গ্রাও বাজারের পরবর্তী অংশের कथा উল্লেখযোগ্য। রান্তার ছই দিকে কদলীবৃক্ষ প্রোথিত হইয়াছিল এবং ধ্বন্ধপতাকাদিতে সমন্ত রাস্তাটি স্থানাভিত ছিল। সমন্ত দুর্মাট ছিল স্থমনোহর এবং জনগণের মধ্যে ছিল প্রাচর উৎসাহ। দ্বীপের বিভিন্ন স্থান হইতে সহস্র সহস্র ব্যক্তি বিশ্ববিশ্রত সন্নাসীর দর্শন-কামনায় সমাগত হইয়াছিল এবং তাঁহাকে স্থাগত জানাইবার জন্ম প্রিপার্যে দ্রায়মান ছিল। সন্ধ্যা ৬টা হইতে রাত্রি ১২টা পর্যস্ত মহাবিত্যালয় অবধি জাফনা-কঙ্গেসাম্ভরা রোডটি গোযান ও অশ্বযানের পক্ষে অগম্য হইয়া গিয়াছিল। রাত্রি সাডে আটটায় মশাল হত্তে ও ভারতীয় সঙ্গীত-সহ যে শোভাষাত্রা আরম্ভ হইয়াছিল তাহা ছিল অভতপূর্ব। অহুমান করা হইয়াছিল যে, উহাতে প্রায় পনর হাজার লোক যোগ দিয়াছিল এবং সকলেই পদব্ৰজে চলিয়াছিল। তুই মাইলব্যাপী রাস্তাটি এত জনাকীৰ্ণ ছিল যে, সৰ্বত্ৰ মন্তক ভিন্ন আর কিছুই দেখা যাইতেছিল না, অথচ সর্বদা স্থশুখালা বিল্লাজিত ছিল। পথটির আরম্ভ হইতে শেষ পর্যন্ত প্রায় প্রত্যেক গৃহের সন্মুখেই মঙ্গলঘট ও দীপ স্থাপিত হইয়াছিল এবং সন্ম্যাসীর প্রতি হিন্দুপ্রথামুসারে যে উচ্চতম শ্রন্ধা প্রকাশ করা চলে, গৃহবাসীরা এইরূপে তাহাই প্রদর্শন করিয়াছিল। অখ্যান হইতে অবতরণাত্তে স্বামীন্সী শিবান ও কাথিরেশন মন্দিরদয়ে পূজা করিলেন এবং মন্দিরের পুরোহিত্বয় তাঁহাকে মাল্যভ্বিত করিলেন। সমস্ত রাস্তায়ও তাঁহাকে মাল্যদান করা হইয়াছিল, স্বতরাং তিনি যথন রাত্তি দশটায় মহাবিভালয়ে উপস্থিত হইলেন, তথন তাঁহাকে অতীব স্থন্দর দেখাইতেছিল। স্বামীজীর আগমনের কয়েক ঘণ্টা পূর্বেই বক্তৃতামণ্ডপ জনপরিপূর্ণ হইয়া গিয়াছিল, বাহিরেরও বছ লোক ভিতরে একটু স্থান করিয়া লইতে সচেষ্ট ছিল। সমাগতদের মধ্যে হিন্দু, বৌদ্ধ, খুষ্টান, মুদলমান সর্বসম্প্রদায়ের লোকই ছিল। মণ্ডপের প্রবেশপথে ত্রিবাঙ্গরের ভৃতপূর্ব প্রধান বিচারপতি শ্রীযুক্ত চেল্লাপ্লা পিলে মহাশয় স্বামীজীকে সম্বর্ধনা করিয়া একটি উচ্চ মঞ্চে লইয়া গেলেন এবং তাঁহার গলে মাল্যদান করিলেন। ইহার পর এক অভিনন্দনপত্র পঠিত হইল এবং স্বামীজী অভীব বাগ্মিতাপূর্ণ ভাষায় একঘণ্টা ধরিয়া উহার প্রত্যান্তর দিলেন। পরদিবস সন্ধ্যা সাতটায় তিনি হিন্দু-মহাবিভালয়ে বেদাস্ত সম্বন্ধে একঘন্টা চল্লিশ মিনিট ধরিয়া এক ভাষণ দিলেন। সভায় জাফনার স্থশিকিত সমাজের প্রায় চারি সহস্র শ্রোতা উপস্থিত ছিলেন ও প্রত্যেকে স্বামীন্দীর উদ্দীপনাময় বাক্যে অনুপ্রাণিত হইয়া-ছিলেন। বক্তৃতার পরে শ্রোতাদের অমুরোধে ক্যাপ্টেন সেভিয়ার তাঁহাদিগকে বুঝাইয়া দিলেন, তিনি কেন হিন্দুধর্ম গ্রহণ করিয়াছেন এবং স্বামীন্দীর সহিত ভারতে আসিয়াছেন।"

জাফনাতেই সামীজীর সিংহলল্রমণ শেষ হইল। কলখো হইতে এই পর্যন্ত জনগণের মধ্যে যে বিপুল স্বতঃ কৃতি উৎসাহ দেখা গিয়াছিল, তাহার একমাত্র আর্থ এই যে, স্বামীজীর বিজয়ে দেশবাসী উৎফুল্ল ও আত্মবিশ্বাসী হইয়াছিল এবং তাঁহার নির্দিষ্ট পথকেই মঙ্গলপ্রদ বলিয়া বরণ করিয়াছিল। কথাটা আরও বিশ্বয়কর বলিয়া প্রতীত হয়, যথন শ্বরণ করা যায় যে, সিংহলের শুধু শহরে নহে, গ্রামগুলিতেও এই জাগরণ লক্ষিত হইয়াছিল; অথচ তথনকার দিনে যাতায়াত ও সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা থ্বই থারাপ ছিল। অশিক্ষিত ও পরম্পর-বিচ্ছিন্ন গ্রামগুলি কেমন করিয়া স্বামীজীর নামে শত বৎসরের নিজিয়তা ছাড়িয়া স্বর্ধরক্ষায় ও উহার বিজয়বার্তা ঘোষণায় উদ্বৃদ্ধ হইল, ইহা সত্যই ভাবিয়া দেখার বিষয়। স্বামীজী যথন বলিতেন যে, ভারতীয় জীবন ধর্মকেন্দ্রক, তথন তিনি স্বীয় প্রত্যক্ষলন্ধ অভিজ্ঞতার উপরই নির্ভর করিতেন, ইহাতে কোন সন্দেহ নাই।

স্বামীজীকে কতকটা জোর করিয়াই সিংহল ছাড়িয়া যাইতে হইল, কারণ আরও বহু শহর হইতে আগ্রহপূর্ণ টেলিগ্রাম ওপত্র আসিতেছিল, যাহাতে তিনি অস্ততঃ স্বল্পকালের জন্মও সেসব স্থানে যান। কিন্তু তাঁহার অত সময় ছিল না। অধিকন্ত এই কয়দিনের অবিরাম পথশ্রমে তিনি ক্লান্ত ও পীড়িত বোধ করিতেছিলেন। জনৈক সহযাত্রী বলিয়াছিলেন, "তিনি যদি আর কিছুদিন সিংহলে থাকিতেন তবে লোকের শ্রন্ধাভক্তি ও অম্বরাগের চোটে মারা যাইতেন।"

শতংপর স্বামীজীর শতিপ্রায়াম্যায়ী জলপথে তাঁহার ভারতগমনের ব্যবন্ধা করা হইল। একথানি দেশী জাহাজ ভাড়া করিয়া পঞ্চাশ মাইল দূরবর্তী পাদান শতিমুখে তিনি যাত্রা করিলেন। বায়ু শম্কুল ও সাগর শাস্ত থাকায় এই সমুক্ষাত্রা স্থাবহ ছিল। ২৫শে জামুদ্মারি রাত্রি বারটায় সঙ্গিণসহ রওনা হইয়া তিনি পরদিন বেলা প্রায় দিপ্রহরে পাদানে পৌছাইলেন।

এবার কেন্দ্র ভারতবর্ষ

ভারতের অভ্যুত্থানের জন্ম সামীজীর মনে যে পরিকল্পনা রূপপরিগ্রহ করিতেছিল, উহার কিঞ্চিৎ আভাস তাঁহার স্বদেশ পরিত্যাগের পূর্বে, সমুদ্র-যাত্রাবদরে ও বিদেশে অবস্থানকালে আলাপ-আলোচনা ও পত্রাদির মাধ্যমে বহুভাবে আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছে। সিংহলেও উহার কিছুটা আর্দ্মপ্রকাশ করিলেও দক্ষিণ ভারতে প্রদন্ত বক্তৃতাবলী হইতেই উহার পূর্ণতম পরিচয় পাওয়া যায়। এই দৃষ্টিতে তাঁহার পরবর্তী ভাষণগুলি ও কার্যাবলী গভীরভাবে অম্থাবনযোগ্য।

জাহাজ ২৬শে জাত্মারির (১৮৯৭) মধ্যাহ্নের পূর্বেই পাম্বানদ্বীপে অবস্থিত পাম্বান রোডে উপস্থিত হইল। রামনাদের রাজার আমন্ত্রণামূদারে স্বামীজী পাম্বান হইতে রামেশ্বরে বাইবার জন্ম প্রস্তুত হইতেছেন, এমন সময় তিনি সংবাদ পাইলেন বে, রামনাদ-রাজ তাঁহাকে লইয়া যাইবার জন্ত রাজকীয় নৌকা লইয়া পাম্বানে উপস্থিত হইয়াছেন। রাজা অপরাহে স্বামীজীকে জাহাজ হইতে স্বীয় রাজতরণীতে নইয়া গেলেন এবং পাত্র-মিত্র-সভাসদসহ সাষ্ট্রান্ধ প্রণামপুর্বক তাঁহাকে সাদর অভার্থনা জানাইলেন। রাজার সহিত স্বামীজীর মিলন বড়ই হদয়স্পর্শী ছিল। স্বামীজী বলিলেন যে, যাহারা তাঁহাকে বিদেশে প্রেরণের অভিপ্রায় পোষণ করিতেন এবং তজ্জ্য তাঁহাকে উৎসাহিত ও সাহায্য করিয়াছিলেন, তাঁহাদের মধ্যে রামনাদ-রাজ ছিলেন অন্ততম অগ্রণী ব্যক্তি। অতএব ইহা খুবই সমীচীন হইয়াছিল যে, ভারত-ভূথতে প্রত্যাগমনান্তর তিনি সর্বপ্রথমে রামনাদ-রাজ্যে পদার্পণ করিয়াছিলেন। রাজতরণী পাম্বান নগরের তীরে উপনীত হইলে নগরবাদীরা তাঁহাকে তুমুল উৎসাহ সহকারে অভ্যর্থনা জানাইল। সেখানে এক স্থসজ্জিত মণ্ডপে তাঁহাকে লইয়া যাওয়া হইল এবং একথানি অভিনন্দনপত্ৰ পঠিত হইয়া তাঁহার হত্তে অর্পিত হইল। তৎসহ রাজা নিজেও ব্যক্তিগত সাদর সম্ভাষণ জানাইলেন — উহার প্রতিছত্ত্র ভক্তি-শ্রদ্ধা ও আবেগে পূর্ণ ছিল। পাম্বানবাসীর পক্ষ হইতে অভিনন্দন পাঠ করিলেন শ্রীযুক্ত নাগলিক্সম পিলে। উহাতে অক্তান্ত কথার মধ্যে বলা হইল: "পাশ্চান্তাদেশে আপনার হিন্দুধর্ম প্রচারে যথেষ্ট স্থফল ফলিয়াছে, এক্ষণে এই নিম্রিত ভারতকে তাহার বছদিনের অজ্ঞাননিত্রা হইতে জাগাইবার জন্ম অন্থগ্রহপূর্বক উঠিয়া পড়িয়া লাগুন।" ইহা ছিল ভারতের নেতৃত্ব-গ্রহণেরই সুস্পষ্ট আমন্ত্রণ। এই আমন্ত্রণের উত্তরে স্বামীন্ত্রী তাঁহার নবযুগের বার্তার কয়েকটি মূল কথা বা স্বতঃসিদ্ধ তথ্য শুনাইলেন: "আমার বোধ হয় প্রত্যেক জাতিরই এক একটি মুখ্য আদর্শ আছে। সেই আদর্শ ই যেন তাঁহার জাতীয় জীবনের মেকদণ্ডস্বরূপ। রাজনীতি, যুদ্ধ, বাণিজ্য বা যন্ত্রবিজ্ঞান ভারতের মেকদণ্ড নহে; ধর্ম—কেবল ধর্মই ভারতের মেকদণ্ড। ধর্মের প্রাধান্ত ভারতের চিরকাল। ভারতে হে কোন কালে নিক্রিয় ছিল, একথা আমি কোন মতেই স্বীকার করি না। তাহার প্রমাণ—এই অতি প্রাচীন মহান্ জাতি এখনও জীবিত রহিয়াছে। ভারতকে পৃথিবী আধ্যাত্মিকভার জন্ম ভারতভূমির দিকে তাকাইয়া আছে। ভারতকে পৃথিবীর সকল জাতির জন্ম এই আধ্যাত্মিক খাল্য যোগাইতে হইবে। ভারতকে পৃথিবীর সকল জাতির জন্ম এই আধ্যাত্মিক খাল্য যোগাইতে হইবে। আমারা এখন অবনত ও হীন হইয়া পড়িতে পারি। কিন্ধ যদি আমাদের ধর্মের জন্ম আমরা প্রধাণণ করি, তবে আমরা আবার মহৎ পদবীতে উন্নীত হইতে পারিব।" সর্বশেষে তিনি মহাহভব রামনাদের রাজার প্রতি কৃতজ্ঞতা জানাইয়া ভাষণ শেষ করিলেন। ('বাণী ও রচনা', ৫।৩২-৩৫)।

সভার কার্য শেষ হইলে স্বামীজীকে রাজশকটে বসাইয়া তাঁহার বাসস্থানরূপে নির্দিষ্ট একটি রাজকীয় বাঙ্গলোর দিকে লইয়া যাওয়া শুরু হইল—স্বামীজীর পশ্চাতে রাজামাত্য প্রভৃতি সকলে পদব্রজে চলিলেন। কিন্তু রামনাদ-রাজ ইহাতেও সন্তুই না হইয়া শকট হইতে ঘোড়া খুলিয়া লইতে বলিলেন, এবং স্বয়ং অপর সকলের সাহায্যে গাড়ীখানি টানিয়া চলিলেন। স্বামীজী তিন দিন পাষানে ছিলেন। সব কয়টি দিনই বেশ আনন্দপরিপূর্ণ ছিল। নগরবাসীরাও স্বামীজীকে পাইয়া আপনাদিগকে ধন্ত মনে করিয়াছিলেন। তাঁহারা দলে দলে তাঁহার নিকট আসিয়া বিভিন্ন সমস্তা সম্বন্ধে আলোচনা করিতেন এবং সর্ববিষয়ে স্বামীজীর স্কম্পষ্ট সিদ্ধান্ত জানিয়া ও নির্দেশ পাইয়া আনন্দিত হইতেন। পাষানে আগমনের দিতীয় দিনে তিনি পরামেশ্বর মন্দির দর্শনে গেলেন। বিদেশযাত্রার পূর্বেও তিনি এখানে আসিয়াছিলেন। তখন এই সকল জাঁকজমক ছিল না; তিনি তখন ছিলেন জ্বজাতপরিচয় দণ্ড-কমণ্ডলুধারী পথশ্রাম্ব পরিব্রাক্ষক সন্ন্যাসী। সেদিন তিনি ছিলৈন দেবাদিদেব মহাদেবের অভিপ্রায়ক্তানহীন ও কুপাপ্রার্থী; এখনও তিনি সমন্ধপ দেবভক্তি-পরায়ণ হইলেও মঙ্গলময়ের রূপায় তিনি আজ্ব রাজগুরু ও ব্রজনসন্মানিত দেশবরেণ্য নেতা। স্বামীজীর গাড়ী মন্দির সন্ধিধানে পৌছাইলে

এক বৃহতী জনতা হন্তী, উষ্ট্র, অখ, মন্দিরের উৎসবে ব্যবহার্য মাঙ্গলিক বল্পসমূহ, (मणी नकी उ এবং অক্সান্ত সন্মানকাপক সম্ভাব লইয়। তাঁহাকে সম্বর্ধনা কানাইল। দেবদর্শন ও পুজাদি সমাপনাম্ভে স্বামীজীকে মন্দিরের রত্নকোষে রক্ষিত মণি-মাণিক্য ও হীরকাদি দেখানো হইল। অতঃপর স্বামীজী সঙ্গীদের সহিত ঘুরিয়া ঘুরিয়া মন্দিরের অভূত কারুকার্য ও স্থাপত্যনৈপুণ্যাদি দর্শন করিলেন। সহত্র-স্তম্ভোপরি স্থাপিত চাঁদনিটিও তিনি দেখিলেন। অবশেষে সমাগত ব্যক্তিগণের সম্মুখে বক্তৃতা দিবার জন্ম অফুরুদ্ধ হইয়া তিনি মন্দিরের স্থবিন্তীর্ণ প্রাঙ্গণে দাঁড়াইয়া প্রাণস্পর্শী স্থললিত ভাষায় তীর্থমাহাত্ম্য ও উপাসনা সম্বন্ধে বক্তৃতা मिरान ७ প्रामकारम विनालन, "धर्म ष्याप्रवार्ग, वाक ष्याप्रीरन नरह i निकालन উপাসনার সার—শুদ্ধচিত্ত হওয়া ও অপরের কল্যাণসাধন করা। দরিন্দ্র, হুর্বল, রোগী —সকলেরই মধ্যে যিনি শিবদর্শন করেন, তিনিই যথার্থ শিবের উপাসনা করেন। আর যে ব্যক্তি কেবল প্রতিমার মধ্যে শিবোপাসনা করে, সে প্রবর্তক মাত্র।... ষিনি শিবের দেবা করিতে ইচ্ছা করেন, তাঁহাকে আগে তাঁহার সম্ভান-গণের সেবা সর্বাগ্রে করিতে হইবে।" স্বামীজী ধর্মকে একটা সক্রিয় রূপদানের জন্ম আমন্ত্রণ জানাইলেন—দেবা ও আত্মমুক্তির প্রচেষ্টাকে সমস্ত্রে গাঁথিয়া দিলেন। তিনি ইংরেজীতে বক্তৃতা করিলেন এবং শ্রীযুক্ত নাগলিখম উহা তামিল ভাষায় বুঝাইয়া দিলেন। স্বামীজীর ভাবে অহুপ্রাণিত রামনাদ-রাজ পরদিন স্বামীন্সীর উপদেশের সার্থকতা সম্পাদনের জন্ত শতসহস্র হুঃখী ব্যক্তিকে অন্নবন্ত্র দান করিলেন এবং স্বামীজীর আগমনের স্বতিচিহ্নস্বরূপ প্রায় চল্লিশ ফুট উচ্চ একটি স্বস্থ নির্মাণান্তে উহাতে এই বেদবাকাটি খোদিত করাইলেন. "সত্যমেব क्यां एक । এবং আরও লিখাইয়া রাখিলেন, "পশ্চিম দেশে বেদাস্কধর্মপ্রচারে অশ্রুতপূর্ব সফলতা লাভ করিয়া পূজাপাদ শ্রীশ্রীস্বামী বিবেকানন্দ স্বীয় ইংরেজ শিশ্বগণের সহিত ভারতভূমির যে স্থলে প্রথম পদার্পণ করিয়াছিলেন, সেই পবিত্র স্থান নির্দেশ করিবার জন্ম রামনাদাধিপতি ভাস্কর সেতৃপতি কর্তৃক এই স্থারক অন্ত প্রোথিত হইল। সন ১৮৯৭, ২৭শে জামুয়ারি।" বলিতে গেলে, এখানেই ভারতাগমনের পর স্বামীন্দীর 'কার্ষে পরিণত বেদান্তের' প্রয়োগ আরম্ভ হইল।

পাদান হইতে স্বামীক্ষী উত্তরাভিমুখে চলিলেন—দ্বীপ ছাডিয়া তিনি ভারতের প্রধান ভূথণ্ডে পদার্পণ করিলেন। পথে রামনাদাধিপতির নির্মিত একটি পাছ-নিবাদে প্রাতরাশ সারিয়া তাঁহারা তিরুপুরানী নামক স্থানে উপস্থিত হইলে

স্থানীয় অধিবাসীরা স্বামীজীকে অভ্যর্থিত করিল। সদ্ধ্যার প্রাক্কালে রামনাদ দেখা গেল। পাম্বান হইতে তাঁহারা জাহাজে অপর তীরে উপস্থিত হইয়াছিলেন এবং সেখান হইতে রামনাদ পর্যন্ত গো-যানে আদিয়াছিলেন। রামনাদের কাছে আসিয়া স্বামীজী ও তাঁহার সঙ্গীরা একখানি স্থদশু রাজকীয় নৌকায় আরোহণ क्तितन এवः উहात्रहे माहाराग এकि तृहर बनानम छेखीर्न हहेतन। माकिनारका এইরূপ জলাশয় প্রচুর দেখিতে পাওয়া যায়। রামনাদে স্বামীক্সীর অভ্যর্থনা 🔄 হ্রদের অপর উপকূলে আয়োজিত হইয়াছিল এবং ইহার ফলে পরিবেশটি অতি মনোরম হইয়াছিল। বলা বাছলা যে, এই অভার্থনায় ভাস্কর সেতুপতিই সোৎসাহে প্রধান অংশ গ্রহণ করিয়াছিলেন এবং তিনিই রামনাদের বিশিষ্ট ব্যক্তিদের সহিত স্বামীজীর পরিচয় ক্রাইয়া দিয়াছিলেন। গুডউইনের লিখিত বিবরণ হইতে জানা যায়, রামনাদে স্বামীজী রাজগুরুরূপে রাজকীয় সম্মানে বিপুলভাবে সম্বর্ধিত হইয়াছিলেন। তিনি সরোবরতীরে পদার্পণ করিলে তোপধানি করিয়া সকলকে তাহার ভভাগমন-বার্তা জানানো হইল: এবং আকাশে তারকাকারে বিচিত্র আতশবাজি উঠিতে লাগিল—শোভাযাত্রাসহ चामी जीत निर्मिष्ठ चारन (शीहारना পर्यस्त ममस्त ममस्त এই तथ इटेर नाजिन. পথের সর্বত্র আনন্দোৎসব লক্ষিত হইল। স্বামীজীকে রাজকীয় অশ্ব-যানে বসাইয়া রাজার ভাতার নৈতৃত্বাধীনে রাজার অন্বর্ফী সৈত্রদল তাঁহাকে ঘিরিয়া চলিল; আর সকলের পুরোভাগে রাজা স্বয়ং নগ্নপদে পথ দেখাইয়া চলিলেন। রাষ্টার উভন্ন পার্ষে বহু মশাল জ্বলিতেছিল। সঙ্গে সঙ্গে দেশী ও বিদেশী সঙ্গীতে চারি-দিক গম গম করিতেছিল—বিলাতী ব্যাণ্ডে বাজিতেছিল, "হের ঐ আসিতেছে বিজয়ী মহাবীর" এই দলীতটি। এইভাবে অর্ধেক পথ চলার পর স্বামীন্দী রাজার অমুরোধে গাড়ী ছাড়িয়া একটি স্থচাক রাজ্বশিবিকায় আরোহণ করিলেন এবং नीखरे निर्मिष्टे चारामञ्चन 'मक्त जिना' नामक श्रामार जिभनी ए रहेरनन । अथारन কিয়ৎকাল বিশ্রামের পর তিনি সভামগুপে গেলেন।

রাজার সভাগৃহেই অভার্থনার আয়োজন ইইয়াছিল, এবং স্বামীঞ্জীকে দেখিবার জন্ত ও অভার্থনার উত্তরে তিনি কি বলেন তাহা ভানিবার জন্ত সেখানে সহস্র সহস্র ব্যক্তি সমবেত হইয়াছিল। স্বামীঞ্জীকে দেখিবামাত্র সমবেত জনমুগুলী হইতে উচ্চ জয়ধ্বনি ও হর্ষকোলাহল উথিত হইল। তিনি স্বাসন গ্রহণ করিলে এবং শ্রোত্রুল শাস্ত হইলে রামনাদাধিপতি একটি ক্ষুত্র বক্তৃতা

করিয়া সভার কার্য আরম্ভ করিলেন। বক্তৃতায় তিনি স্বামীন্দীর উচ্চুসিত প্রশংসা করিলেন এবং অতঃপর স্বীয় ভ্রাতা রাজা দিনকর সেতৃপতিকে রামনাদবাসীর পক্ষ হইতে স্বামীজীকে প্রদত্ত অভিনন্দনপত্র পাঠের জন্ম আহ্বান জানাইলেন। পাঠের পর রাজভ্রাতা অভিনন্দন পত্রথানি কার্ফকার্য-খচিত এক স্বর্ণ পেটিকামধ্যে প্রিয়া স্বামীজীর শ্রীহন্তে সম্রদ্ধভাবে তৃলিয়া দিলেন। অভিনন্দনটিতে স্বামীজীর কার্যের সমসাময়িক ম্ল্যায়নের একটা প্রমাণযোগ্য মোটাম্টি ধারণা পাওয়া যায় বলিয়া আমরা স্বট্কুই উদ্ধৃত করিলাম:

"শ্রীপরমহংস ষতিরাজ দিখিজয় কোলাহল সর্বমতসম্প্রতিপন্ন পরমধ্যাগেশর শ্রীমন্ত্রগবাজ্বীরামকৃষ্ণপরমহংসকরকমলসঞ্জাত রাজাধিরাজদেবিত শ্রীবিবেকামিলস্থামি পুজাপাদেয্—

"স্বামিন্!

"এই প্রাচীন ঐতিহাসিক সংস্থান সেতৃবন্ধন রামেশর বা রামনাথপুরম্ বা রামনাদের অধিবাসী আমরা আমাদের এই মাতৃভূমিতে সাদরে আপনাকে স্বাগত সম্ভাবণ করিতেছি। যে স্থান সেই মহাধর্মবীর আমাদের পরম ভক্তিভাজন প্রভূ শ্রীভগবান রামচন্দ্রের পদার্পণে পবিত্র হইয়াছে, সেই স্থানে ভারতে প্রথম পদার্পণের সময় আমরা যে প্রথমেই আপনাকে আমাদের হৃদয়ের প্রদাভক্তি অর্পণ করিতে সমর্থ হইয়াছি, ইহাতে আমরা আপনাদিগকে মহাসোভাগ্য-শালী জ্ঞান করিতেছি।

"আমাদের মহান্ সনাতন ধর্মের প্রকৃত মহন্ত পাশ্চান্ত্যদেশের মনীধীদিগের চিত্তে দৃঢ়রূপে মৃদ্রিত করিয়া দিবার জন্ম আপনি যে চেষ্টা করিয়াছেন, তাহা অতীব প্রশংসার্হ, এবং ঐ চেষ্টায় যে অভ্তপূর্ব স্থকল ফলিয়াছে, তাহাতে আমরা অকপট আনন্দ ও গৌরব অফুভব করিয়াছি। আপনি অপূর্ব বাগ্মিতাসহকারে ও অভ্রান্ত স্পষ্ট ভাষায় ইউরোপ ও আমেরিকার শিক্ষিত ব্যক্তিগণের নিকট ঘোষণা করিয়াছেন এবং তাঁহাদিগের হদয়ে দৃঢ় বিশ্বাস করাইয়া দিয়াছেন যে, হিন্দুধর্মই আদর্শ সার্বভৌম ধর্ম, আর উহা সকল জাতি ও সকল ধর্মাবলম্বী নরনারীরই প্রকৃতির উপযোগী। আপনি মহা নিঃস্বার্থভাবের প্রেরণায় মহোচ্চ উদ্দেশ্ম প্রাণে লইয়া ও মহা স্বার্থতাগ করিয়া বহু দেশ, নদ নদী, সমূদ্র ও মহাসমূদ্র পার হইয়া অতুল-ঐশ্বর্শালী ইউরোপ ও আমেরিকায় সত্য ও শান্তির সংবাদ বহন করিয়াছেন এবং ভারতীয় আধ্যাত্মিকতার জন্মপতাকা উড়াইয়াছেন। আপনি

উপদেশ ও জীবন উভয়ত: সার্বভৌম ভাতৃভাবের প্রয়োজনীয়তা ও কার্বে পরিণতির সম্ভাবনীয়তা দেখাইয়াছেন। সর্বোপরি আপনার পাশ্চান্তা দেশে প্রচারের ফলে গৌণভাবে ভারতের উদাসীন প্রক্রাগণের প্রাণেও অনেক পরিমাণে তাহাদের পূর্বপূক্ষদের আধাাত্মিক মহন্তের ভাব জাগরিত হইয়াছে এবং তাহাদের পরম প্রিয় অম্ল্য ধর্মের চর্চা ও অফুর্চানে একটা আন্তরিক আগ্রহ জিরিয়াছে।

"এইরপে প্রাচ্য ও পাশ্চান্তা উভয় দেশের আধ্যাত্মিক পুনরভূগখানের জন্ত আপনি যে নি:স্বার্থভাবে পরিশ্রম করিয়াছেন তজ্জন্ত আপনার প্রতি বাক্যের ছারা ক্রতজ্ঞতা প্রকাশ করিতে আমরা অক্ষম। আপনার অন্ততম অন্তর্যক্ত শিশু, আমাদের রাজার প্রতি আপনি যে বরাবরই পরম অন্তগ্রহ প্রকাশ করিয়া আসিতেছেন, একথা উল্লেখ না করিলে এই অভিনন্দনপত্র অসম্পূর্ণ থাকিয়া যায়। আপনি অন্তগ্রহপূর্বক তাঁহার রাজ্যে প্রথম পদার্পণ করার জন্ত তিনি আপনাকে ধেরপ সম্মানিত ও গৌরবান্বিত বোধ করিতেছেন, তাহা তিনি ভাষায় প্রকাশে অসমর্থ।

"উপসংহারে আমরা সেই সর্বশক্তিমানের নিকট প্রার্থনা করি যে, তিনি যেন, .
আপনি যে কল্যাণকর কার্য এত স্থলররূপে আরম্ভ করিয়াছেন, তাহা পরিচালন করিতে আপনাকে দীর্ঘজীবন, স্বাস্থ্য ও বল প্রদান করেন। আপনার পরমভক্ত আজ্ঞাবহ শিশ্য ও সেবকগণের শ্রদ্ধা ও প্রেমসহকৃত এই অভিনন্দন।" (বাদলা জীবনী, ৫৯৮-৬০০ পৃ:)।

অভিনন্দনের উত্তরে স্বামীজী বাহা বলিলেন, তাহাও স্বামীজীর চিস্কাধারা ব্ঝিবার পক্ষে বিশেষ অফুক্ল। আবার ভাষণটি বাগিতা, শব্দমাধুর্য ও উদ্দীপনার দিক হইতেও উল্লেখযোগ্য। শ্রোতাদের দৃষ্টি ভারতের মহিমার প্রতি আরুষ্ট করিয়া ও নবযুগের নবীন আশা সকলের মনে সন্ধীবিত করিয়া তিনি বলিলেন: "ফ্লীর্য রজনী প্রভাতপ্রায় বোধ হইতেছে। মহাদুঃখ অবদানপ্রায় প্রতীত হইতেছে। মহানিজায় নিদ্রিত শব যেন জাগ্রত হইতেছে। ইতিহাদের কথা দ্রে থাকুক, কিংবদন্তী পর্যন্ত যে স্থান আতিরে ঘনীভূত ঘনান্ধকার ভেদে অসমর্থ, সেখান হইতে এক অপূর্ব বাণী যেন শ্রুতিগোচর হইতেছে। জ্ঞান ভক্তি কর্মের অনন্ত হিমালয়ম্বরূপ আমাদের মাতৃভূমি ভারতের প্রতিগ্রে প্রতিধ্বনিত হইয়া যেন ঐ বাণী মৃত্ অথচ দৃঢ় অল্লান্ত ভাষায় কোন অপূর্ব

রাজ্যের সংবাদ বহন করিতেছে। যতই দিন যাইতেছে, ততই যেন উহা স্পষ্টতর, গভীরতর হইতেছে। অন্ধ যে, সে দেখিতেছে না : বিক্লতমন্তিছ যে, দে বঝিতেছে না—আমাদের এই মাতৃভূমি গভীর নিদ্রা পরিত্যাগ করিয়া জাগ্রত হইতেছেন। আর কেহই এখন ইহার গতিরোধে সমর্থ নহে, ইনি আর নিদ্রিত হইবেন না—কোন বহি:শক্তিই এখন আর ইহাকে দমন করিয়। রাখিতে পারিবে না, ক্ছকর্ণের দীর্ঘনিদ্রা ভাঙিতেছে।" তিনি আরও বলিলেন: "আমাদের এই পবিত্র মাতৃভূমির মূলভিত্তি, মেরুদণ্ড বা জীবনকেন্দ্র একমাত্র ধর্ম ৷...(ডামরা যদি আমাদের জাতিকে উৎসাহ-উদ্দীপনায় মাতাইতে চাও—তাহাদিগকে এই রাজ্যের কোন সংবাদ দাও, তাহারা মাতিয়া উঠিবে।" ভারতের বিশেষত্ব ও ধর্মপ্রাধান্ত বিষয়ে সম্পূর্ণ অবহিত থাকিলেও স্বামীজী কৃপমণ্ডকতার বিরোধী ছিলেন; তিনি জানিতেন ভারতকে অপরের নিকট অনেক কিছু শিখিতে হইবে; "এখন প্রশ্ন এই, পৃথিবীর নিকট আমাদের কিছু শিথিবার আছে কি ? সম্ভবতঃ অপর জাতির নিকট হইতে আমাদিগকে কিছু বহিবিজ্ঞান শিক্ষা করিতে হইবে ; কিরূপে সভ্য গঠন করিয়া পরিচালন করিতে হয়, বিভিন্ন শক্তি প্রণালী-• বদ্ধভাবে কাজে লাগাইয়া কিরপে অল্প চেষ্টায় অধিক ফল লাভ করিতে হয়, তাহাও শিথিতে হইবে। ত্যাগ আমাদের সকলের লক্ষ্য হইলেও দেশের সকল লোক যতদিন না সম্পূর্ণ ত্যাগন্ধীকারে সমর্থ হইতেছে ততদিন সম্ভবতঃ পাশ্চাত্যের নিকট পূর্বোক্ত বিষয়গুলি কিছু কিছু শিথিতে হইবে।...ত্যাগই আমাদের দকলের আদর্শ। ... তথাপি আমাদের যেসব ভাতারা এখনও উচ্চতম সত্যের অধিকারী হয় নাই, তাহাদের পক্ষে হয়তো এক প্রকার জড়বাদ কল্যাণের কারণ হইতে পারে—অবশ্র উহাকে আমাদের প্রয়োজনের উপযোগী করিয়া লইতে হইবে। ... কিন্তু ত্বংখের বিষয়, পরবর্তী কালে সমাজের প্রত্যেকটি মামুষকে সন্ন্যাসীদের নিয়মে বাঁধিবার একটা বিশেষ ঝোঁক দেখা গিয়াছে। ইহা মহা ভূল। ভারতে যে তু:খ-দারিদ্রা দেখা যাইতেছে, তাহা অনেকটা এই কারণেই इरेग्नारह।" এक विषय शामीको किन्छ नकनरक नावधान कतिया मिरनन-পাশ্চাত্ত্যের নিকট শিক্ষাগ্রহণ আবশ্রক হইলেও ভারতীয় ভাব বর্জনপূর্বক ष्यक्रकत्र कता नर्तमा निस्मनीय: "बामारमत এकमिरक श्राठीन हिन्मुनमास, अनत দিকে আধুনিক ইওরোপীয় সভ্যতা। এই ছুইটির মধ্যে আমি প্রাচীন হিন্দু-मभाक्षरकरे वाहिया नरेव। कात्रण त्मरकरन रिम् वाका श्रेरानध, क्माश्वाताव्हन হইলেও তাহার একটা বিশ্বাস আছে — সেই জোরে সে নিজের পায়ে দাঁড়াইতে পারে; কিন্তু পাশ্চাত্যভাবাপন্ন ব্যক্তি একেবারে মেরুদণ্ডহীন, সে চারিদিক হইতে কতকগুলি এলোমেলো ভাব পাইয়াছে—তাহাদের মধ্যে দামঞ্জুলু নাই, শৃঙ্খলা নাই; সেগুলিকে সে আপনার করিয়া লইতে পারে নাই, কতকগুলি ভাবের বদহজম হইয়া সামঞ্জত্মীন হইয়াছে $1\cdots$ েদ যে সমাজ-সংস্কারে অগ্রসর হয়, সে যে আমাদের কতকগুলি সামাজিক প্রথার বিরুদ্ধে তীত্র আক্রমণ করে. তাহার কারণ—ঐ সকল আচরণ সাহেবদের মতবিরুদ্ধ। ... আগে নিজের পায়ের উপর দাঁড়াও, তারপর সকল জাতির নিকট হইতেই শিক্ষাগ্রহণ কর, যাহা কিছ পার আপনার করিয়া লও, যাহা কিছু তোমার কাজে লাগিবে, তাহা গ্রহণ কর। ... তোমরা যাহা কিছু শিক্ষা কর না কেন, তাহাই যেন তোমাদের জ্বাতীয় জীবনের মূলমন্ত্রস্বরূপ ধর্মের নিম্নে স্থান গ্রহণ করে।" ('বাণী ও রচনা', ৫।৩৮-৪৭) ভারতের নবজাগরণের ভিত্তিরূপে স্বামীজী যে ভাবাদর্শ দকলের দল্পথে স্থাপন করিতে উত্তত হইয়াছিলেন, তাহার প্রায় সবটুকুই এখানে সংক্ষেপে বলা হইয়া গেল। মাদ্রাজ্বের বক্তৃতাবলীতে আমরা ইহারই পুর্ণতর বিকাশ দেখিতে পাইব, সঙ্গে সঙ্গে আরও তুই-চারিটি নৃতন কথা ভাষ্যাকারে আসিবে—কিন্তু স্ক্র এখানেই রচিত হইয়া গেল।

সভাভবের পূর্বে রামনাদাধীশ ঘোষণা করিলেন যে, স্বামীজীর রামনাদে শুভপদার্পণের স্বৃতিস্বরূপ চাঁদা সংগ্রহ করিয়া মাল্রান্তের তুর্ভিক্ষ-সেবাকার্থের জ্বন্ত প্রেরণ করা উচিত। উপস্থিত ব্যক্তিগণ সাধুবাদসহকারে সে প্রস্তাব সমর্থন করিলেন। স্বামীজীর প্রবৃতিত সেবারত রূপপরিগ্রহ করিতে লাগিল।

রামনাদে অবস্থানকালে বহু ব্যক্তি স্থামীজীর দর্শনার্থ তাঁহার বাসস্থানে আদিতেন। একদিন তিনি দর্বসাধারণের জন্ম পৃষ্টান মিশনারী বিচ্ছালয়ে বক্তৃতা দেন; বিচ্ছালয়-কর্তৃপক্ষ ঐ গৃহ ব্যবহারের অন্তমতি দিয়া বিশেষ উদারতা দেখাইয়া-ছিলেন। আর একদিন তাঁহারই সম্মানার্থ আহুত রাজদরবারে তামিল ও সংস্কৃত ভাষায় তাঁহাকে অনেকগুলি মানপত্র দেওয়া হয় এবং ঐগুলির উত্তরে তিনি একটি স্থান্থর বক্তৃতা করেন। তাহাতে তিনি বলেন ষে, রামনাদাধিপতির যথেষ্ট সাংসারিক মর্বাদা থাকিলেও তাঁহার চিত্ত ভগবচ্চরণে অপিত, এইজন্ম স্থামীজী ঐ দরবারে তাঁহাকে "রাজ্যি" আখ্যায় ভূষিত করেন। রাজ্যার সনির্বন্ধ অন্থরোধে স্থামীজী ফনোগ্রাফে 'ভারতে শক্তি-উপাসনা'র প্রয়োজন সম্বন্ধে একটি ক্ষুদ্র ভাষণ

দেন। রবিবার সন্ধ্যায় (৩১শে জাহুয়ারি) এই দরবার হয় এবং ইহারই কিছু পরে মধ্যরাত্তে তিনি রামনাদ হইতে মাল্রাজ যাত্রা করেন।

রামনাদ ত্যাগের পর তাঁহার প্রথম বিরামস্থল ছিল পরমকুড়ি। তাঁহাকে সেথানে জাঁকজমক সহকারে অভ্যর্থনা করা হয় এবং শোভাষাত্রায় বহু সহস্র ব্যক্তি যোগ দেন। সভাস্থলে উপস্থিত হইয়া তাঁহারা স্বামীজ্ঞীকে যে অভিনন্দন-পত্র প্রদান করেন তাহাতে পাশ্চান্ত্যে হিন্দু-ধর্ম প্রচারের সাফল্যে আনন্দ-প্রকাশান্তে বলা হয়, "আপনার সঙ্গে যে পাশ্চান্ত্যে শিশ্বগণ রহিয়াছেন, তাহাতেই স্পষ্ট প্রমাণিত হইতেছে যে, পাশ্চান্ত্যেরা আপনার ধর্মোপদেশ তথু/তানিয়াও উহাতে সায় দিয়াই ক্ষান্ত হয় নাই, উহা তাহাদের জীবনকে পর্যন্ত পরিবর্তিত করিয়া দিয়াছে। আপনার অভ্যুত শক্তি দেখিয়া আমাদের সেই প্রাচীন ঝাবিদিগের কথা শ্বতিপথে উদিত হইতেছে, যাহারা তপত্যাও আত্মশংম্ম ঘারা পরমাত্মার উপলব্ধি করিয়া মানবজাতির প্রকৃত আচার্য ও নেতা হইতে সমর্থ হইয়াছিলেন।" ইহার উত্তরে স্বামীজ্ঞী যে বক্তৃতা দিলেন, তাহাতে ধর্ম কিরপে সবল ও সক্রিয় সমাজের ভিত্তি হইতে পারে তাহা বিভিন্ন দিক হইতে দেখাইয়াও ইওরোপীয় সমাজের সহিত ধর্মভিত্তিক সমাজের তুলনা করিয়া তিনি বলিলেন, "অতএব আপনারা দেখিতেছেন, সমাজের নৃতন ভিত্তি স্থাপন করিতে ধর্ম কিজাবে আপনারো দেখিতেছেন, সমাজের নৃতন ভিত্তি স্থাপন করিতে ধর্ম কিজাবে আপনারো দেখিতেছেন, সমাজের নৃতন ভিত্তি স্থাপন করিতে ধর্ম কিজাবে আপনারা দেখিতেছেন, সমাজের নৃতন ভিত্তি স্থাপন করিতে ধর্ম কিজাবে আপনারারে সাহাষ্য করিতে পারে।"

পরমকৃত্রির পর মনমত্রা। দেখানে মনমত্রা ও তৎসমীপবর্তী শিবগঙ্গার জমিদার ও অন্যান্ত অধিবাসীরা স্বামীজীকে অভিনন্দনপত্র প্রদান করিলেন। প্রথমে তারযোগে স্বামীজী জানাইয়াছিলেন যে, ঐ স্থানে থামা তাঁহার পক্ষে সম্ভব হইবে না; কিন্তু পরে জনগণের আগ্রহাতিশয়ে তাহাদের মধ্যে উপস্থিত হওয়ায় তাহারা খ্বই আহ্লাদিত হইয়াছিল এবং এইজন্ত বিশেষ ধল্রবাদ জানাইয়াছিল। অভিনন্দনে জন্যান্ত কথার মধ্যে এইরপ বলা হইয়াছিল: "পাশ্চাত্তা উদরস্বস্ব জড়বাদ যে সময়ে ভারতীয় ধর্মভাবসমূহের উপর তীত্র আক্রমণ করিতেছিল, সেই সময় আপনার লায় একজন শক্তিশালী আচার্যের অভ্যাদয়ে ধর্মজগতে যুগান্তর উপস্থিত হইয়াছে। আমাদের দৃঢ় বিশাস—
আমাদের ধর্ম ও দর্শনরূপ অম্লা স্বর্ণের উপর যে ধ্লিরাশি কিছুকালের জন্ত সঞ্চিত হইয়াছিল, তাহা দূর হইয়া আপনার তীক্ষ প্রতিভারপ টাকশালের সাহায়ে প্রচলিত মুদ্রারূপে জগতের সর্বত্র ব্যবহৃত হইবে। আপনি বেরপ

উদারভাবে চিকাগোর ধর্মসভায় সমবেত অসংখ্য বিভিন্ন ধর্মাবলম্বীর সমক্ষে ভারতীয় দর্শন ও ধর্মের মাহাত্ম্য ব্যাখ্যা করিয়াছেন, তাহাতে আমাদের স্থির বিশাস—আমাদের পুজনীয়া মহারানীর রাজ্যে যেমন সূর্য অন্ত যায় না, তেমনি আপনারও ধর্মরাজ্য জগতের দর্বত্র বিস্তারিত হইবে।" স্বামীজী এই **অভিনন্দনেরও** যথোচিত উত্তর দিতে গিয়া অক্যান্ত কথার মধ্যে বলিলেন: "আমাদের জাতীয় জীবনের মূলভিত্তি যে অক্র তাহাতে আর কোন সন্দেহ নাই। তথাপি আমাকে এখন গোটাকয়েক রুচ কথা বলিতে হইবে। ভারতের এক পঞ্চমাংশ অধিবাসী মুসলমান হইয়াছে। 🖓 প্রায় দশ লক্ষের অধিক খুষ্টান হইয়া গিয়াছে। ইহা কাহার দোষ ? ... ইহাদের জন্ম আমরা কি করিয়াছি ? কেন তাহারা মুসলমান হইবে না ? েবে অর্থহীন বিষয়গুলি লইয়া প্রাচীনকাল হইতে বাদামুবাদ চলিতেছে, তাহা পরিত্যাগ কর। ... আমরা এখন বৈদাস্তিকও নই, পৌরাণিকও নই, তাদ্রিকও নই; আমরা এখন কেবল ছুঁৎমার্গী। আমাদের ধর্ম এখন রাল্লাঘরে। ভাতের হাঁডি আমাদের ঈশ্বর, আর ধর্মমত-'আমায় ছুঁয়ো না, ছুঁয়ো না, আমি মহাপবিত্র।')" এই বক্ততাপ্রারছে তিনি ব্যক্তিগত একটি কথা জানাইয়াছিলেন: "প্রবল ইচ্ছাসত্তেও আমার শরীরের অবস্থা এখন এমন নয় যে, আমি দীর্ঘ বক্ততা করি।" পাশ্চান্তোর কার্যে তিনি পুর্বেই অবসন্ধ ছিলেন, বিগত কয়েকদিনের প্রমে তিনি বড়ই ক্লান্ত হইয়া পডিয়াছিলেন।

মনমত্রা হইতে তাঁহারা মত্রায় পৌছিলেন। মত্রা দক্ষিণ দেশের এক প্রাসিদ্ধ তীর্থস্থান। ৺মীনাক্ষীদেবীর ও স্থান্দরের মহাদেবের কারুকার্যধচিত বিশাল যুগলমন্দির ও অভ্যান্ত দেবমন্দিরাদির জন্ত উহা ভক্তদিগের নিকট অভীব আদরণীয়। স্থাপত্য-শিল্পের অপূর্ব নিদর্শন হিসাবেও মীনাক্ষী-মন্দির দেশ-বিদেশের বহু ব্যক্তির আকর্ষণস্থল। আবার সংস্কৃতির ক্ষেত্রেও নগরের স্থান অতি উচ্চ। নগরে রামনাদাধিপের একটি স্থান্দর বাঙ্গলো আছে। উহাই স্থামীজীর আবাসস্থলরূপে নির্দিষ্ট হইয়াছিল। অপরাত্রে একটি মথমলের থাপে করিয়া তাঁহাকে এক অভিনন্দনপত্র প্রদত্ত হইল: "প্রমপুজ্যপাদ স্থামীজী,

"মত্রাবাসী আমরা হিন্দুসাধারণ আমাদের এই প্রাচীন পবিত্র নগরীতে আপনাকে অস্তরের সহিত পরম প্রদাসহকারে স্বাগত সম্ভাবণ করিতেছি। আমরা আপনাতে হিন্দু সন্ন্যাসীর জীবস্ত উদাহরণ প্রতাক্ষ করিতেছি। আপনি সংসারের সমৃদ্য বন্ধন ও আসক্তি পরিত্যাগ করিয়া সমগ্র মানবজাতির আধ্যাত্মিক উন্নতিসাধনরূপ মহান্ পরহিতরতে নিযুক্ত হইয়াছেন। আপনি নিজ জীবনেই প্রমাণ করিয়াছেন যে, হিন্দুধর্মের সহিত বাহ্ অফুষ্ঠানের অচ্ছেন্ত সম্বন্ধ নাই, কেবল উন্নত দার্শনিক ধর্মই ত্রিতাপতাপিত জীবকে শাস্তিদানে সমর্থ।

"আপনি আমেরিকা ও ইংলগুবাসীকে সেই ধর্ম ও দর্শনকে শ্রদ্ধা করিতে শিথাইয়াছেন, যাহা প্রত্যেক মানবকে তাহার নিজের অধিকার ও অবস্থা অন্ন্যায়ী উপায়ে উন্নতিপথে আরোহণে সাহায্য করে। যদিও গত চার বংসর আপনি পাশ্চান্তাদেশবাসীকেই শিক্ষা দিয়াছেন, তথাপি এই দেশেও সেই সকল বক্তা ও উপদেশ কম আগ্রহসহকারে পঠিত হয় নাই এবং উহা বিদেশাগত উত্তরোত্তর বর্ধমান জড়বাদের প্রভাবকেও সঙ্কৃচিত করিতে কম সাহায্য করে নাই!

"ভারত যে আজ পর্যন্ত জীবিত রহিয়াছে তাহার কারণ, তাহাকে জগতে আধ্যাত্মিক উন্নতিরপ মহাত্রত সাধন করিতে হইবে। কলিযুগের অন্তর্বর্তী এই উপযুগের শেষভাগে আপনার স্থায় মহাপুরুষের আবির্ভাবে আমরা নিশ্চিত ব্ঝিতেছি, শীঘ্রই অনেকানেক মহাত্মা আবির্ভৃত হইয়া এই ব্রত উদ্যাপন করিবেন।

"আপনি ভারতীয় দর্শনের যে স্থন্দর ব্যাখ্যা করিয়াছেন, দেজন্ম আনন্দপ্রকাশ এবং সহস্র মন্মুন্তলাতির যে অমৃল্য উপকার সাধন করিয়াছেন তাহা ক্বতক্ষরদায়ে শীকার—এই ত্ই বিষয়ে প্রাচীন বিভার লীলাভূমি স্থন্দরেশ্বর-দেবের প্রিয়, ধোগিগণের পবিত্র ঘাদশাস্তক্ষেত্র এই মহুরা ভারতের অন্য কোন নগরী অপেক্ষা পশ্চাদ্গামী নহে জানিবেন।

"আমরা ঈশবের নিকট প্রার্থনা করি, তিনি আপনাকে দীর্ঘজীবন, উত্তম ও বল প্রদান করুন এবং জগতের কল্যাণ সাধনে নিযুক্ত রাখুন।" ('বাঙ্গলা জীবনী', ২য় সং, ৬০৩-০৪)।

দীর্ঘ তিন সপ্তাহ ধরিয়া কায়ক্লেশবছল ভ্রমণ, আহারাদির অনিয়ম, জিজ্ঞান্থদের সহিত অবিরাম আলোচনা ও পুন:পুন: স্থদীর্ঘ ভাষণ প্রদান করিয়া
স্বামীজীর শরীর এত ক্লান্ত হইয়া পড়িয়াছিল ষে, শেষে কয়েক স্থানে যথন তথন
দেখা-সাক্ষাৎ করা বা বক্তৃতা দিবার মতো অবস্থা তাঁহার ছিল না। তবু তিনি
নিজ্ঞ স্থধ-স্বিধাবা স্বাচ্ছন্দ্যের কথা না ভাবিয়া লোককল্যাণার্থ কর্তব্যসাধনে নিরত
রহিলেন এবং এই অভিনন্ধনের উত্তরে একটি নাতিদীর্ঘ বক্তৃতা দিলেন। বক্তৃতায়
তিনি বলিলেন: "একদিকে কুসংস্কারপূর্ণ প্রাচীন সমান্দ, অপরদিকে জড়বাদ—

ইওরোপীয় ভাব, নান্তিকতা, তথাকথিত সংস্কার, বাহা পাশ্চাত্য জগতের উন্নতির মূল ভিত্তিতে পর্যন্ত প্রবিষ্ট। এই তুইটি হইতেই সাবধান থাকিতে হইবে। দি ভিতীয়ত: আমাদের শ্বরণ রাখিতে হইবে, আমরা সচরাচর বেগুলিকে আমাদের ধর্মবিশাস বলি, সেগুলি আমাদের নিজ-নিজ ক্ষুদ্র গ্রামাদেবতা সম্বন্ধীয় এবং কতকগুলি ক্ষুদ্র কুসংস্কারপূর্ণ দেশাচার মাত্র। দেনে রাখিও চিরকালই এইসকল প্রথা ও আচারের পরিবর্তন হইয়াছে। দেবেদ চিরকাল একরপ থাকিবে; কিছ কোন শ্বতির প্রাধান্ত যুগপরিবর্তনেই শেষ হইয়া যাইবে। দেআমি চাই গোঁড়ার নিষ্ঠাটুকু এবং তাহার সহিত জড়বাদীর উদারভাব। হৃদয় সমূদ্রবং গভীর, অথচ আকাশবৎ প্রশন্ত হওয়া চাই।" পরিশেষে তিনি কোনও প্রথার অযথা নিন্দা না করিয়া, এবং অতীতে উহা উপকারী ছিল জানিয়া ঐ সকল আলোচনায় অযথা শক্তিক্ষয় হইতে বিরত থাকিয়া সত্যের সাক্ষাৎকারলাভপূর্বক শ্ববিত্তে আহ্বান জানাইলেন।

এই তীর্থক্ষেত্রে অবস্থানকালে তিনি মীনাক্ষী-মন্দিরে গিয়া মীনাক্ষীদেবী ও স্থলবেশ্বর শিবকে দর্শন করিলেন এবং মন্দিরে সংরক্ষিত ধনরত্মাদিও দেখিলেন। উহার মধ্যে একটি তৃত্থাপ্য গঙ্গমতিও ছিল। মন্দিরের পুরোহিতবর্গ তাঁহার প্রতি অশেষ সৌজন্য প্রদর্শন করিয়াছিলেন এবং সঙ্গে সঙ্গে থাকিয়া প্রাচীন কাহিনী ও স্থাপত্যের মহিমা কীর্তন করিয়াছিলেন।

সন্ধ্যায় তিনি নগর ত্যাগ করিয়া ট্রেনে উঠিলেন। গস্তব্যস্থল ছিল কুম্বকোণম্; কিন্তু সারা রাত্রি যত স্টেশনে ট্রেন থামিল সর্বত্রই তাঁহাকে গাত্রোখানপূর্বক সমাগত দর্শনার্থীদের আকাজ্জা মিটাইতে হইল। দ্র দ্রান্তর গ্রাম হইতে সমবেত জনমণ্ডলী ঐ সকল স্থানে তাঁহাকে সাদর সম্ভাষণ জানাইল এবং পূজান্যাল্য ও ফলমূলাদি দান করিল। তিনিও তাঁহাদের ধর্মোদ্দীপনায় মুম্ম হইয়া তাহাদের অম্বরোধক্রমে কোন কোন জায়গায় সংক্ষেপে কিছু কিছু বলিলেন। অধিকন্ত সর্বত্রই তিনি সহাস্থাবদনে সকলকে দর্শন দিয়া আণ্যায়িত করিলেন এবং তাহাদের আনীত উপঢৌকনাদি গ্রহণ করিলেন। স্বত্রই লোকে তাঁহাকে ত্ইচারিদিন থাকিয়া য়াইতে অম্বরোধ করিয়াছিল, কিন্তু সময়সংক্ষেপ বলিয়া এবং শারীরিক ক্লান্তিবশতঃ তাহা সন্তব্র হয় নাই। এই প্রকারে রাত্রি চারিটায় বখন ট্রেন ত্রিচনপল্লীতে উপস্থিত হইল, তখন দেখা গেল সহলাধিক লোক তাঁহার

জন্ম অপেকা করিতেছে। তাহাদের প্রদত্ত অভিনন্দনপত্তে বলা হইল: "আমরা আশা করিয়াছিলাম, আপনি অন্ততঃ এথানে পদার্পণ করিয়া আমাদিগকে কতার্থ করিবেন। যাহা হউক, মাল্রাজবাসীরা যে শীঘ্রই আপনাকে পাইবে, ইহাই ভাবিয়া আমরা পরম আনন্দ বোধ করিতেছি।" ত্রিচিনপল্লীর জাতীয় উচ্চ বিভালয়ের পরিচালক সমিতি এবং ছাত্রবৃন্দও স্বামীজীকে স্বতম্ব অভিনন্দন দিলেন। সময় অল্পই ছিল; অতএব স্বামীজী অভি সংক্ষেপে উত্তর দিলেন। পরবর্তী বৃহৎ নগর তাজোরে ইহার কিছুকাল পরে যে লোকসমাগম ও উৎসাহ দেখা গেল তাহাও অমুরূপ বৃহৎ ও হৃদয়্গ্রাহী ছিল।

পথের এইনব সাদর অভ্যর্থনাদি হইতেই পরবর্তী বিরামস্থল কুন্তকোণমে তাঁহার সম্বর্ধনা কিরপ বিরাট আকার ধারণ করিবে তাহা অন্থমান করা কঠিন হয় নাই, এবং প্রক্রতপক্ষে হইয়াছিলও তাহাই। নগরবাসীরা তাঁহাকে পাইয়া আনন্দে মাতিয়া গিয়াছিল এবং কিরপে সে আহ্লাদ প্রকাশ করিবে, তাহা দ্বির করিতে পারিতেছিল না। এই নগর একটি প্রসিদ্ধ তীর্থক্ষেত্র এবং নানা ঐতিহাসিক ঘটনার জন্ম স্থবিখ্যাত। স্বামীজী এখানে তিন দিন ছিলেন, কারণ অভিনন্দন ও বক্তৃতাদির জন্ম এতদিন থাকা অনাবশুক হইলেও তাঁহার বিশ্রামের প্রয়োজন ছিল এবং সর্বত্র লোকের বিপুল উৎসাহদর্শনে ইহা স্পষ্ট বুঝা যাইতেছিল যে, মান্রাক্ষে তিনি ক্ষণমাত্র অবকাশ পাইবেন না। কুন্তকোণমে তাঁহাকে হিন্দুসমাজ ও হিন্দু-ছাত্রবন্দের পক্ষ হইতে হইটি অভিনন্দন দেওয়া হয়। ইহার উত্তরে স্বামীজী যে বক্তৃতা করেন তাহার বিষয় ছিল 'বেদাস্তের উদ্দেশ্য'।

কুন্তকোণম্-বক্তাটি বেশ স্থাব ও তথ্যবহল। ইহাতে পূর্বে কথিত অনেকগুলি বিষয় পুনকলিখিত ও প্রদারিত হইয়াছে। সঙ্গে দেক দেক তই-চারিটি বিষয় স্পাইতর বা নবতর আকারে উপস্থাপিত হইয়াছে। উল্লেখযোগ্য কথাগুলি এই: "আমাদের মাতৃভূমির জাতীয় জীবনের মূলভিত্তি ধর্ম—শুধু ধর্মই; উহাই আমাদের জাতীয় জীবনের মেকদণ্ড, উহারই উপর আমাদের জীবনরূপ প্রাদাদের মূলভিত্তি স্থাপিত। এই দেশের পক্ষে তাহার বিশেষত্বসূচক ধর্মজীবন পরিত্যাগ করিয়া রাজনীতি বা অপর কিছুকে জাতীয় জীবনের মূলভিত্তিস্বরূপ গ্রহণ করা সম্ভব নহে।" ইহা পুরাতন কথার পুনরার্ত্তি। নৃতন কথা তিনি শুনাইলেন, "আমার ধারণা, বেদান্ত—কেবল বেদান্তই দার্বভৌম ধর্ম হইতে পারে, আর কোন ধর্মই নয়।" ইহার সমর্থনে যুক্তিপরক্ষারা উপস্থাপিত করিয়া তিনি বলিলেন যে,

त्वनास्त्रवान वाकिवित्नय, श्रष्टवित्नय वा क्रेन्द्रमप्तकीय दकान अक्शक्त्रभाकी धादगाद উপর প্রতিষ্ঠিত নহে—উহা ইষ্টনিষ্ঠা বা ব্যক্তিগত আদর্শামুসরণে মানবের স্বাধীনতা স্বীকার করে। অধিকন্ত "জগতে যত শাস্ত্র আছে, তন্মধ্যে কেবল বেদান্তের উপদেশের সহিত বহি:প্রকৃতির বৈজ্ঞানিক অনুসন্ধানে লব্ধ জ্ঞানের পূর্ব সামঞ্জন্ত আছে। ... বেদান্তের আলোচনার বিতীয় হেতু—ইহার অভুত যুক্তি-সিদ্ধতা।" আর তিনি কহিলেন: "সকল ধর্মই সত্য। --- জগতের সকল বস্তু আপাতদৃষ্টিতে বিভিন্ন বলিয়া মনে হইলেও সবই এক বন্ধর বিকাশ মাত্র।" ভারতীয় ধর্ম ও সমাজের মূলমন্ত্র তাই "একং সদ্বিপ্রা বছধা বদস্তি"। "পৃথিবীর লোককে আমাদের নিকট এই পরধর্মে সহিষ্ণুতারূপ মহতী শিক্ষা গ্রহণ করিতে হইবে।" আবার এই অদৈতবাদকে কার্যকরী করিয়া তুলিতে হইবে—"ভারতের মুক জনসাধারণের উন্নতিবিধানের জন্ম এই অহৈতবাদের প্রচার আবশ্রক। এই অদৈতবাদ কার্যে পরিণত না হইলে আমাদের মাতৃভূমির পুনরুজ্জীবনের আর উপায় নাই। ... সর্বপ্রকার নীতি ও বিজ্ঞানের মূলভিত্তি এই একত্ব।" অবৈতবাদ অবলম্বনে সকলের আত্মবিশ্বাস ফিরিয়া আসিবে এবং এইরূপেই আত্মশক্তি অবলম্বনে দেশের ও দশের উন্নতি হইবে।" "বিশ্বাস, বিশ্বাস, বিশ্বাস— নিজের উপর বিখাস, ঈখরে বিখাস—ইহাই উন্নতিলাভের একমাত্র উপায়।… এই জন্মই বেদান্তের অবৈতভাব প্রচার করা আবশুক, যাহাতে লোকের হানয় জাগ্রত হয়, যাহাতে তাহারা নিজ আত্মার মহিশা জানিতে পারে ৷…এই मितिज्ञन्तरक, ভারতের এই পদদলিত জনসাধারণকে তাহাদের শ্বরূপ বুঝাইয়া দেওয়া আবশুক। ০০ উঠ, নিজের স্বরূপ প্রকাশিত কর—তোমার ভিতরে যে ভগবান রহিয়াছেন, তাঁহাকে উচ্চৈ:স্বরে ঘোষণা কর, তাঁহাকে অস্বীকার করিও না।" স্বামীজী আদর্শের অমুসরণক্রমে আত্মস্বরূপ প্রকাশের কথা, ঈশ্বরলাভের কথাই বলিলেন; তিনি সমাজসংস্কারের দিকে ঝুঁকিলেন না: "আমি কোনরূপ সাময়িক সমাজ-সংস্কারের প্রচারক নহি, আমি সমাজের দোষ-সংশোধনের চেষ্টা করিতেছি না; আমি তোমাদিগকে বলিতেছি—তোমরা অগ্রসর হও এবং আমাদের পূর্বপুরুষণণ সমগ্র মানবজাতির উন্নতির জন্ম যে সর্বাঙ্গস্থলর প্রণালী উদ্ভাবন করিয়া গিয়াছেন, সেই প্রণালী অবলম্বন করিয়া তাঁহাদের উদ্দেশ্ত নিথুঁত-ভাবে কার্যে পরিণত কর। তোমাদের নিকট আমার কেবল ইহাই বক্তব্য যে, তোমরা সমগ্র মানবন্ধাতির একত্ব ও মানবের অন্তর্নিহিত দেবত্ব—এই বৈদান্তিক

আদর্শ উত্তরোত্তর অধিকতর উপলব্ধি করিতে থাক।" স্বদেশপ্রেমের ক্ষেত্রে স্বামীক্ষী কাহারও পশ্চাঘতী ছিলেন না, তবু তিনি ওধু ভারতের কথা না ভাবিয়া সমগ্র মানবন্ধাতির উন্নতিসাধনের জন্মই সকলকে আহ্বান জানাইলেন: পরিশেষে স্বদেশপ্রেমের কথাও বলিতে ভূলিলেন না 🕯 "স্বদেশ-হিতৈষী হও। বে-জ্বাতি অতীতকালে আমাদের জন্ম এত বড় বড় কাজ করিয়াছে সেই জাতিকে প্রাণের সহিত ভালবাদ। আমার স্বদেশবাদিগণ, যতই আমাদের জাতির সহিত অপর জাতির তুলনা করি, ততই তোমাদের প্রতি আমার অধিকতর ভালবাদার সঞ্চার হয়।" "হে হিন্দুগণ, তোমাদিগকে কেবল ইহাই স্মরণ করাইয়া দিতে চাই যে. আমাদের এই মহান জাতীয় অর্ণবপোত শত শতান্দী যাবং হিন্দুজাতিকে পারাপার করিতেছে। সম্ভবত: আজকাল উহাতে কয়েকটি ছিদ্র হইয়াছে—হয়তো উহা কিঞ্চিৎ জ্বীর্ণ হইয়া পড়িয়াছে। যদি তাহাই হইয়া থাকে, তবে আমাদের ভারত-মাতার সকল সম্ভানেরই এই চিদ্রগুলি বন্ধ করিয়া পোতের জীর্ণসংস্কার করিবার প্রাণপণ চেষ্টা করা উচিত। আমাদের ম্বদেশবাদী সকলকে এই বিপদের কথা জানাইতে হইবে—তাহারা জাগ্রত হউক, তাহারা এদিকে মন:সংযোগ করুক।... অভিশাপ, নিন্দা ও গালিবর্ধণের দ্বারা কোন সং উদ্দেশ্য সাধিত হয় না…কেবল ্ ভাৰবাদা ও দহাত্বভৃতি দারাই স্থফৰপ্রাপ্তির আশা করা যাইতে পারে।"

কুন্তকোণম্ হইতে সামীজী ট্রেনে মাল্রাজ চলিলেন। পথে পূর্বেরই ন্থায় যত সেশনে ট্রেন থামিল সর্বত্র তিনি জনসাধারণের নিকট বিপুল সম্বধনা পাইলেন। বিশেষতঃ মায়াবরম সেশনে এক বিরাট জনতা জমিয়াছিল; সেথানে শ্রীযুক্ত ভি. নাটেসা আয়ারের নেতৃত্বে একটি কমিটি স্বামীজীকে প্ল্যাটক্রমেরই উপর অভিনন্দন প্রদান করিল। উত্তরে তিনি ধন্তবাদ দিয়া সবিনয়ে বলিলেন: "আমি বিশেষ কোন বড় কাজ করি নাই। আমা অপেক্ষা আর যে-কেহ ইহা আরও ভাল করিয়া করিতে পারিতেন। তবে আমার প্রভু আমাকে যাহা করিতে পাঠাইয়াছিলেন, আমি শুরু তাহাই সমাধা করিয়া আদিয়াছি। আমার কুল্র শক্তি যে আপনাদের সহামুভূতি লাভ করিয়াছে ইহাতেই আমি ধন্ত।" তিনি এইরূপও আশা দিলেন যে, স্বেগাস-স্ববিধা হইলে আবার মায়াবরমে আসিবেন। অতঃপর বিপুল উৎসাহ ও "জয় বিবেকানন্দ মহারাজজীকী জয়"-ধ্বনির মধ্যে ট্রেন ছাড়িয়া দিলেও, যতকণ ট্রেন দেখা গেল, ততক্ষণ সেই জনতা সেধানেই দাড়াইয়া বিবিধরণে উল্লাস প্রকাশ করিতে থাকিল।

বাকি স্টেশনগুলিতেও বেশ উৎসাহ দেখা গেল; বিশেষতঃ মাদ্রাজের নিকটে একটি ছোট স্টেশনে সমাগত জনতা এক কাণ্ড করিয়া বসিল। ট্রেন সেখানে থামিবার কথা নহে; তবু তাহারা স্টেশন-কর্তৃপক্ষকে অপ্ররোধ করিল মাহাতে অস্ততঃ তুই-চারি মিনিটের জক্ত ট্রেন থামানো হয়। সে অম্রোধ উপেক্ষিত হইল দেখিয়া ট্রেন আটকাইবার জক্ত বিক্র জনতার মধ্য হইতে শত শত ব্যক্তি রেল লাইনের উপর শুইয়া পড়িল। কিংকর্তব্যবিমৃঢ় স্টেশন মাস্টার ব্রিলেন, পরিস্থিতিটি তাঁহার আয়তের অতীত—তিনি ট্রেন থামাইতে পারেন না, লোককেও সরাইতে অক্ষম। ইতিমধ্যে ট্রেন নিকটে আসিয়া পড়িল। তথন গার্ড অবস্থা ব্রিতে পারিয়া তৎক্ষণাৎ ট্রেন থামাইলেন। অমনি জনতা স্থামীজীর কামরার দিকে ছুটিল। স্থামীজী ইহাদের আগ্রহ দর্শনে খ্বই বিচলিত হইলেন এবং হাত তুলিয়া সকলকে আশীর্বাদ জানাইলেন। মনোবাসনা পূর্ণ হওয়ায় জনতা শাস্ত হইল এবং ট্রেনও নিবিবাদে মান্তাজ অভিমৃধে ছুটিল।

"আমার সমরনীতি"

মান্তাজ म्हिनत दुन भीहारेल एका एक महरवर महत्व महत्व ग्रह्म স্বামীজীকে স্বাগত জানাইবার জন্ম সেধানে সমবেত হইয়াছেন। তিনি মাদ্রাজে আসিবেন জানিয়াই নগরবাসীরা তাঁহার সম্বর্ধনার সমূচিত ব্যবস্থায় নিরত হইয়াছিলেন; মাদ্রাজ হাইকোর্টের বিচারপতি শ্রীযুক্ত স্থবন্ধণ্য আয়ার প্রভৃতি সম্রাম্ভ ও বিশিষ্ট ব্যক্তিগণ এই কার্যের নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন এবং নির্দিষ্ট मित्न थे श्राप्ता विভिन्न श्राप्तत ताका, ज्याधिकाती, मिछेनिनिभानिषित मज्य छ বিভিন্ন সভাসমিতির সদস্যাদি নগরে উপস্থিত হইয়াছিলেন। নগরের বিভিন্ন অঞ্লে সতরটি বিজয়তোরণ নির্মিত হইয়াছিল, কললীবৃক্ষ ও নারিকেলবৃস্ত রোপিত হইয়াছিল এবং পত্রপুষ্প, পতাকা ও শৃত্যলাদিতে সজ্জিত হইয়া নগরটি অপুর্ব শ্রী ধারণ করিয়াছিল। ছারে ছারে পুষ্পমাল্য তুলিতেছিল এবং বিচিত্র বর্ণের পতাকা উড়িতেছিল। স্থানে স্থানে উজ্জ্বলাক্ষরে লিখিত ছিল, "পুজনীয় বিবেকানন্দ দীৰ্ঘজীবী হউন", "স্বাগত হে ভগবৎদেবক", "স্বাগত প্ৰাচীন ঋষিগ্ণসেবক", "প্রবুদ্ধ ভারতের হার্দিক সম্বর্ধনা", "মামী বিবেকানন্দ স্কুমাগত", "এস শাস্তির অগ্রদৃত", "এস শ্রীরামক্বঞ্চের উপযুক্ত সন্তান," "স্বাগত নরেন্দ্র"। সংস্কৃত শ্লোকাবলীর মধ্যে ছিল "একং সদ্বিপ্রা বছধা বদস্তি"। কয়েকদিন পূর্ব হইতে সম্বর্ধনা সমিতিগুলি কাজে লাগিয়াছিল, এবং তাঁহার সম্বন্ধে ও তাঁহার অভ্যর্থনার জন্ম যে বিপুল আয়োজন চলিতেছিল সেই বিষয়ে মাদ্রাজ্বের সংবাদ-পত্রগুলি মুখর হইয়া উঠিয়াছিল। তাঁহার আগমনের দিনে 'দি হিন্দু', 'দি মান্ত্রান্ধ মেল' প্রভৃতি পত্রিকার প্রতিনিধিরা চিঙ্গলপেট স্টেশনে ট্রেনে উঠিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন। 'মাদ্রাজ টাইমস'-এ লিখিত হইয়াছিল:

"গত কয়েক সপ্তাহ ধরিয়া মাল্রাজের হিন্দু জনসাধারণ বিশ্ববিশ্রত হিন্দুসন্ন্যাসী স্বামী বিবেকানন্দের প্রতীক্ষা করিতেছিল। এক্ষণে প্রত্যেক ব্যক্তির
ম্থেই তাঁহার নাম শুনিতে পাওয়া যায়। কি বিশ্বালয়ে, কি মহাবিশ্বালয়গুলিতে,
কি হাইকোর্টে, কি ম্যারিনাতে অথবা রাজপথে ও বাজারে—সর্বত্র দেখা যায়
শত শত ব্যক্তি সাগ্রহে জিজ্ঞাসা করিতেছে, 'স্বামী বিবেকানন্দ কথন
আসবেন ?' মফ:স্বল হইতে যেসব ছেলেরা বিশ্ববিভালয়ের পরীক্ষা দিতে

আসিয়াছিল, তাহারা স্বামীজীর অপেকায় এখানেই থাকিয়া গিয়াছে এবং ছুটিতে বাড়ী ফিরিয়া বাইবার জন্ম অভিভাবকদের জরুরী পত্র পাইয়াও এখানে থাকিয়া আহারাদির জন্ম ধরচের মাত্রা বাড়াইতেছে। ষেভাবে স্বামীক্সী এই প্রদেশের অক্তক্ত সম্বর্ধিত হইয়াছেন, যেভাবে এথানে আয়োজন চলিতেচে. যেভাবে ক্যাসল কার্নানে বিজয়-তোরণ প্রস্তুত হইতেছে, যেভাবে হিন্দু জনসাধারণের ব্যায়ে এই 'ভগবৎ-প্রেরিত ব্যক্তিকে' এই ক্যাসলে রাধার ব্যবস্থা হইতেছে এবং ষেভাবে মাননীয় শ্রীযুক্ত স্থবন্ধণ্য আয়ারের ক্যায় নেতৃত্বানীয় হিন্দু ভদ্রলোকগণ এই আয়োজনাদিতে আগ্রহ দেখাইতেছেন, তাহাতে কোন मत्मरहत्र व्यवकाम नाहे रह, त्रामीकी विभूतजाद मधर्षिक हहेरवन। माजाकह সর্বপ্রথম স্বামীজীর অমুপম প্রতিভা আবিষ্কার করিয়াছিল এবং তাঁহার চিকাগো গমনের ব্যবস্থা করিয়া দিয়াছিল। যিনি স্বীয় জন্মভূমির সন্মানবৃদ্ধিকল্পে এরূপ তু:দাধ্য দাধন করিয়াছেন, দেই দর্বজনস্মাদৃত মহাপুরুষকে সম্মানিত করার স্থযোগও মান্ত্রাক্ত আবার পাইবে। চারি বৎসর পূর্বে স্বামীক্ষী যথন এখানে আসিয়াছিলেন তথন তিনি ছিলেন অজ্ঞাতপরিচয় সাধারণ ব্যক্তি। সেন্ট থোম অঞ্চলের এক অতিসাধারণ বাঙ্গলোতে তিনি প্রায় তুই মাস কাল থাকিয়া ধর্মবিষয়ে আলাপ-আলোচনাদি করিতেন এবং যাহারা আগ্রহ করিয়া তাঁহার নিকট স্বাসিত তাহাদিগকে শিক্ষা দিতেন ও উপদেশ দিতেন। এমন জন কয়েক শিক্ষিত যুবক ছিলেন যাঁহাদের দৃষ্টি ছিল স্থতীক্ষ এবং তাঁহারা তথনই ভবিশ্বদাণী করিয়াছিলেন থে. ঐ ব্যক্তির মধ্যে এমন একটা কিছু স্পাছে, এমন একটা শক্তি আছে যাহা তাহাকে অপর সকলের উর্ধে উন্নীত করিবে এবং তাঁহাকে জনগণ-অধিনায়কপদে প্রতিষ্ঠিত করিতে সবিশেষ সাহায্য করিবে। এই সকল যুবককে তথন 'বিভ্রান্ত-ভাবুক', কল্পনাপ্রবণ ও লুপ্তগৌরব-প্রতিষ্ঠাপক বলিয়া অবজ্ঞা করা হইত। কিন্তু এখন তাঁহারা ইহা দেখিয়া সবিশেষ সস্তোষ লাভ করিতেছেন যে তাঁহাদের স্বামীজী ইউরোপ ও আমেরিকায় অঞ্জিত প্রভৃত স্ব্ব্যাতি লইয়া তাঁহাদের নিকট ফিরিয়া আদিয়াছেন। এই যুবকেরা তাঁহাকে 'आशास्त्र साशीको' विनया উল्লেখ कतिए छानवास्त्रत । ইश निःमसिक्ष रा, স্বামীজীর জীবনত্রতের সারাংশ আধ্যাত্মিকতা। ... অপর ধর্মাবলম্বীদের সহিত তাঁহার মতবাদের যতই পার্থক্য থাকুক না কেন, থুব কম লোকই একথা অস্বীকার করিতে সাহস পাইবেন যে হিন্দুধর্মের উত্তম দিকটার প্রতি পাশ্চান্ত্য জগতের

দৃষ্টি উন্নীলিত করিয়া স্বামীন্দী এক মহৎকার্য সম্পন্ন করিয়াছেন। তিনি ধর্ম-ন্ধগতে শাস্তি প্রতিষ্ঠার জ্বন্ত বে বাণীতে বিশ্বাস পোষণ করেন তাহা পাশ্চান্ত্য ন্ধগতে বহন করিয়া লইয়া ঘাইবার সর্বপ্রথম হিন্দু সন্ন্যাসী হিসাবে তিনি চিরম্মরণীয় হইয়া থাকিবেন।"

অভার্থনার দিন সকাল হইতেই শহরটি যেন আনন্দোৎসবে মাতিয়া উঠিল— দেখা গেল সহত্র সহত্র ব্যক্তি হৃদমের উচ্ছাস ও উল্লাস ব্যক্ত করার জন্ম বিচিত্র পতাকা ও ফুল লইয়া রেল স্টেশনের দিকে চলিতেছে। ট্রেন ষ্থম স্টেশনে পৌছিল তথন খনামধন্য স্বামীজীকে এমন উৎসাহভরে ও আনন্দধ্যমিসহকারে সম্বর্ধনা করা হইল যে, মাদ্রাজে আর কখনও এরপ হয় নাই। প্রাথমিক অভার্থনার পর শোভাষাত্রা আরম্ভ হইল। রাস্তায় লোকের ভিড চিল অগণিত। শোভাষাত্রা ৰথন দীর্ঘপথ ঘুরিয়া শ্রীযুক্ত বিলিগিরি আয়াঙ্গারের ক্যাসল কার্নান নামক প্রাসাদোপম ভবনের দিকে অগ্রসর হইতে লাগিল, তথন রান্তার পাশের জানালা বা অন্ত যে কোন সম্ভান্য স্থান হইতে স্বামীজীর একটু দর্শন পাইবার জন্ত লোক ব্যন্ত হইয়া পভিল। স্বামীজী কথনও বসিয়া, কখনও বা দাঁড়াইয়া লোকের সম্বর্ধনার উত্তরে প্রতিপ্রণাম জ্বানাইতে লাগিলেন। বিজয়ী সৈদ্যাধ্যক যেমন মহাসমারোহে স্বদেশে ফিরিয়া আদেন, আজ স্বামীজীও যেন তেমনি মাতৃভূমির মুখ গৌরবোজ্জল করিয়া সগৌরবে স্বদেশবাসীকে দর্শন দিতে আদিয়াছেন – কিন্তু তাঁহার বিজয় যুদ্ধকেত্রে অর্জিত নহে, উহা অর্জিত জন-মানসের ভাবরাজ্যে। স্বামীজীর মাদ্রাজে আগমন এবং ঐ সময়ে নগরবাসীর উল্লাস বর্ণনা করিতে গিয়া একখানি বিখ্যাত সংবাদপত্তে লিখিত হইয়াছিল:

"পূর্বমূহুর্তেই ইহা সর্বত্র স্থপ্রচারিত হইয়াছিল যে, সেদিন সকালে স্বামী বিবেকানন্দ সাউথ ইণ্ডিয়ান রেলওয়ের ট্রেনে মাল্রাজ্ঞে পৌছিবেন; অতএব মাল্রাজের নগরবাসী, বিভিন্ন বয়সের বিভিন্ন শ্রেণীর হিন্দুরা—প্রাথমিক বিভালয়ের বালক-বালিকা, মহাবিভালয়ের যুবকগণ, ব্যবসায়ী, উকিল, জজ, সর্বমতের সর্বজাতির লোক, এমন কি অনেক ক্ষেত্রে প্রনারীরা পর্যন্ত—পাশ্চান্তা জগতে সাফল্যলাভের পর স্বদেশপ্রত্যাগত স্বামীজীর অভ্যর্থনার জন্ম সমবেত হইলেন। তাঁহার সম্প্রনার জন্ম সংগঠিত অভ্যর্থনাসমিতি তাঁহার সম্মানার্থ অভি চমৎকার ব্যবস্থা করিয়াছিলেন এবং মাল্রাজের এগমোর ক্টেশনেই ট্রেনটি প্রথম থামে বলিয়া সেখানে তাঁহারা বেশ স্বন্ধোবস্ত করিয়া রাখিয়াছিলেন। স্টেশনের

অন্তর্ভাগে স্থান সন্ধীর্ণ বলিয়া বিনা টিকিটে কাহাকেও প্রবেশ করিতে দেওয়া হয় নাই; গোটা প্লাটফরমটিই লোকে লোকারণা হইয়া গিয়াছিল। এই জনভার মধ্যে মাল্রাজের স্থপরিচিত ব্যক্তিদের কেহই বাদ পড়েন নাই। সকাল প্রায় সাড়ে সাজটায় ট্রেন স্টেশনে আসিল! ট্রেনটি দক্ষিণ প্লাটফরমে থামিবামাত্র জনতা উটেচঃম্বরে হর্ষধানি করিয়া উঠিল এবং হাততালি দিতে লাগিল; একটি দেশীয় ব্যাণ্ড পার্টিও উল্লাসপূর্ণ ভারতীয় সঙ্গীত আরম্ভ করিল। তিনি গাড়ী হইতে নামিলে অভ্যৰ্থনাসমিতি তাঁহাকে সম্বৰ্ধনা জানাইলেন। স্বামীজীর সক্ষে ছিলেন তাঁহার গুরুভাতা স্বামী নিরঞ্জনানন্দ ও স্বামী শিবানন্দ, আর ছিলেন তাঁহার ইউরোপীয় শিশু এীযুক্ত জে. জে. গুডউইন। স্বামীজীকে বক্তৃতামঞে লইয়া যাওয়া হইলে দেখানে কাপ্টেন শ্রীযুক্ত জে. এইচ. দেভিয়ার ও তাঁহার পত্নী তাঁহার সহিত মিলিত হইলেন। ইহারা পুর্বদিন কলখোর বৌদ্ধর্মাবলম্বী ও স্বামীজীর অমুরাগী শ্রীযুক্ত টি. জি. হ্যারিসন ও তাঁহার পত্নীর সহিত মাদ্রাজে পৌছিয়াছিলেন। শোভাষাত্রা অতঃপর প্লাটফরম ধরিয়া স্টেশনের প্রবেশ-দারাভিমুখে চলিল; উহার পুরোভাগে চলিল ব্যাও পার্টি এবং চারিদিকে এমন হর্ষরব ও করতালিধ্বনি উঠিতে লাগিল যে, কর্ণ বধির হইয়া যায়। প্রবেশপথে পরিচয়পর্ব আরম্ভ হইল। স্বামীজীকে মালাদান করা হইল এবং ঐসময়ে ব্যাতে একটি স্থন্দর গং বাজিয়া উঠিল। সেখানে যাহারা উপস্থিত ছিলেন তাঁহাদের সহিত কয়েক মিনিট বাক্যালাপের পর স্বামীজী মাননীয় বিচারপতি স্ববন্ধণা **আয়ার ও গুরুত্রাতাদের সহিত যুগলাখ্**বাহিত এক্থানি অপেক্ষমাণ গাড়ীতে উঠিলেন এবং এটর্নি শ্রীযুক্ত বিলিগিরি আয়াঙ্গারের বাসভবন 'ক্যাসল কার্নান' **अ** जिम्रिय याखा कतिरान । रायान है जाहात वामकान निर्मिष्ठ हहेगा हिन। এগমোর স্টেশনটি পতাকা, তালপত্র এবং পাতাবাহার প্রভৃতিধারা স্থলব্দত इरेग्नाहिन এবং প্লাটফরমের উপর লাল শালু আস্তীর্ণ হইয়াছিল। বহির্গমনের গেটের উপর নির্মিত একটি বিজয়তোরণে লিখিত ছিল "বামী বিবেকানন্দ স্বস্থাগত"। বেল কম্পাউণ্ডের বাহিরে আসিয়া জনতা ক্রমেই বাড়িতে লাগিল. এবং স্বামীন্সীর প্রতি লোকের শ্রদ্ধার্ঘ্য নিবেদনের জন্ম গাড়ীথানিকে প্রতিপদে পামিতে থামিতে চলিতে হইল। সাধারণতঃ দেবমন্দিরে হিন্দুরা ষেসব জিনিস অর্পণ করিয়া থাকে – ফল, নারিকেল প্রভৃতি – সেসবেরই ধারা এই অর্থাসমূহ বিরচিত ছিল। কৌশন হইতে চিম্বান্তিপেটের পথে নেপিয়ার পার্কের ধারে ধারে চলিয়া অতঃপর গভর্নমেন্ট হাউসের অপর দিকে মাউন্ট রোড ঘ্রিয়া, তারপর ওয়ালালা রোড ও চেপক ইইয়া অবশেষে পাইক্রন্টনরোড পার হইয়া সাউথ বিচ অবলম্বনে আইস হাউস (বা ক্যাসল কার্নান) পর্যন্ত যে পথ ধরিয়া শোভাষাত্রাটি অগ্রসর হইয়াছিল উহার সর্বত্র এবং পথিমধ্যে সম্বর্ধনার্থ রচিত তোরণসমূহের নিম্নে অবিরাম পূপার্টি হইতেছিল। বর্ণিত পথে শোভাষাত্রা অগ্রসর হইতে হইতে যেসব স্থলে থামিয়াছিল, সেখানে স্বামীজীকে যেভাবে হর্ষধ্বনিসহ সম্বর্ধনা করা হইয়াছিল তাহা রাজকীয় অভ্যর্পনাপেক্ষা মোটেই কম ছিল না। বেরারণগুলি বেভাবে সাজানো হইয়াছিল এবং ঐগুলিতে যাহা লিখিত ছিল তাহাতে স্থানীয় হিন্দু অধিবাসীদের আন্তর্বিক শ্রমান্ডলিও প্র সার্বজ্ঞনীন আনন্দই প্রকাশ পাইতৈছিল এবং হিন্দুধর্মের জন্ম তিনি যাহা করিয়াছেন তজ্জন্ত প্রশংসা প্রকটিত হইতেছিল। স্বামীজী 'সিটি স্টেবলসে'র সম্মুর্থে থামিলেন এবং এক উন্মুক্ত মণ্ডপে বথারীতি মাল্যভূষণসহ বহু অভিনন্দনপত্র গ্রহণ করিলেন।

"অভিনন্দনাবসরে যে গভীর আন্তরিকতা প্রকাশিত হইয়াছিল, উহার বর্ণনাকালে একটি কৃত্র শ্রদ্ধাজ্ঞাপনের কথা বাদ দেওয়া চলে না। একজন সম্বান্তকুলোত্তবা বুদ্ধা মহিলা সেই ভিড় ঠেলিয়া স্বামীন্দ্রীর গাড়ীর নিকটে আসিলেন —উদ্দেশ্য এইভাবে তাঁহার দর্শনলাভ করিয়া তিনি স্বীয় পাপরাশি হইতে মুক্ত হইবেন, কারণ তাঁহার মতে স্বামীন্ত্রী ছিলেন (অম্যতম শৈব মহাপুরুষ) সম্বন্ধ-মূর্তির অবতার। সেই মহাপুরুষকে দেদিন সকালে কিরুপ শ্রদ্ধাভক্তি ও ধর্মভাব লইয়া অভার্থনা করা হইয়াছিল, তাহাই বুঝাইবার জন্ম আমরা এই ঘটনাটি বিশেষভাবে উল্লেখ করিলাম। সত্য বলিতে কি. চিস্তান্ত্রিপেটে এবং অক্সঞ তাঁহাকে কর্পুরারতি করা হইয়াছিল, এবং তাঁহার জন্ম নির্দিষ্ট বাসস্থানে ঐ বাড়ীর পুরললনারা দেবমূর্তির সম্মুথে যেরূপ ধূপ, দীপ ও পুস্পাদিবারা আরতি করা হয় তেমনিভাবে আরাত্রিকসহকারে স্বামীজীকে অভার্থনা করিয়াছিলেন। ভক্তদের প্রদত্ত পূজা ও উপঢৌকনাদি স্বীকারের জন্ম স্বভাবতই শোভাষাত্রাকে পুনঃপুনঃ থামিতে হইয়াছিল এবং দেজত উহার গতি ছিল মন্বর, অতিমন্বর। স্বতরাং স্বামীন্দী সাড়ে নয়টার পূর্বে ক্যাসল কার্নানে পৌছিতে পারেন নাই। বিচের (সমুত্রদৈকত-পার্ঘবর্তী রান্তার) মোড়ে আবার ছাত্রগণ তাঁহার গাড়ীর ঘোড়া খুলিয়া অতি উৎসাহভরে নিজেরাই উহা টানিয়া চলিল। ক্যাসল কার্নানে তিনি উপস্থিত হইলে মাদ্রাজ হাইকোর্টের উকিল শ্রীযুক্ত কৃষ্ণমাচারিয়ার বি. এ., বি. এল. মহাশয় 'মান্ত্রাজ বিছন্মনোরঞ্জিনী সভার' পক্ষ হইতে একটি সংস্কৃত ভাষণ পাঠ করিলেন। ইহার পরে কানাড়া-ভাষায় ভাষণ পঠিত হইল। এই উৎসবের শেষে বিচারপতি স্বব্রহ্মণ্য আয়ার মহাশয় সমাগত ব্যক্তিগণকে স্বগৃহে ফিরিয়া যাইতে অহুরোধ করিলেন; যাহাতে পথশ্রমের পর স্বামীজী একটু বিশ্রাম লাভ করিতে পারেন। সে অহুরোধ রক্ষিত হইয়াছিল। ক্যাসল কার্নানের উপর তলায় একটি শুন্দর বিশাল কক্ষ স্বামীজীর বাসের জন্য নির্দিষ্ট হইয়াছিল।

"স্প্রাচীন কাল হইতে মাদ্রাজে আর কথনও কেছ এভাবে কোন দেশীয় বা ইউরোপীয় ব্যক্তিকে সম্বর্ধনা জানাইতে দেখে নাই। সরকারীভাবে যত অভ্যর্থনার আয়োজন হইয়াছিল, তাহার কোনটিই স্বামী বিবেকানন্দের সম্বর্ধনার সমকক্ষ নছে; মাদ্রাজের বৃদ্ধতম ব্যক্তিও এইরূপ সাদর সম্ভাষণের কথা স্মরণ করিতে পারেন না, এবং আমরা সাহসভরে বলিতে পারি আজিকার দৃশ্যবলীর স্মৃতি বর্তমান বংশের চিত্তে চিরকাল দৃঢ়াকিত থাকিবে।"

মাদ্রাজের বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষ হইতে অভিনন্দনপত্রগুলি ও স্বামীজীর বক্তৃতাবলী যাহাতে স্থানিদিইরূপে প্রদন্ত হয়, এই উদ্দেশ্যে নগরের জননেতাগণ শীঘ্রই পরামর্শক্রমে একটা কার্যধারা স্থির করিলেন। এই সিদ্ধান্ত গৃহীত হইল যে, মাদ্রাজের জনসাধারণের পক্ষ হইতে প্রদেয় অভিনন্দন ও উহার উপর স্বামীজীর উত্তরই প্রথম স্থান পাইবে। ইহার পরে আরও চারিটি সভায় চারিটি বক্তৃতা অবলম্বনে স্বামীজী স্বীয় বক্তবার বিস্তার ও ব্যাখ্যা করিবেন, স্বদেশ ও বিদেশের নিকট প্রদেয় তাঁহার বাণী স্থান্সাইরূপে ব্যক্ত করিবেন এবং সমসাময়িক পরিবভিত পরিস্থিতিতে ভারতের আধ্যাত্মিক নবজাগরণের পক্ষে কিপ্রকার রূপ ধারণ করা উচিত তাহা বুঝাইয়া দিবেন। তাহার ভাষণের বিষয়গুলি এইরূপ নির্বাচিত হইয়াছিল:

- ১। আমার সমরনীতি
- ২। ভারতীয় মহাপুরুষগণ
- ৩। জাতীয় জীবনে বেদান্তের কার্যকারিতা
- ৪। ভারতের ভবিষ্যৎ

স্বামীজী এই কার্যক্রম অহমোদন করিলেন। এতদ্বাতীত ট্রপ্লিকেন সাহিত্য সমিতিতে 'আমাদের উপস্থিত কর্তব্য' (অথবা 'আমার ভারতীয় কার্থের কয়েকটি দিক') সম্বন্ধে একটি ব্ফুতা দিতে তিনি সমত হইলেন। এই সমিতির সভাদের চেষ্টায়ই স্বামীজী চিকাগো ধর্মহাসভায় প্রতিনিধিরূপে প্রেরিত হইয়াছিলেন। এইসকল বক্তৃতা ছাড়াও তিনি ক্যাসল কার্নানে তুই দিন সকাল বেলা
আগস্কুকদের সর্বপ্রকার প্রশ্নের উত্তর দিয়াছিলেন। স্বামীজী যে নয় দিন মাদ্রাজে
ছিলেন, সেই দিনগুলিতে ষেন নবরাত্তির উৎসব চলিয়াছিল — এমনি বিপুল ছিল
লোকসমাগম, ধুমধাম, অভিনন্দন ও বক্তৃতা! ইংরেজী, সংস্কৃত, তামিল, কানাড়া
ও তেলেগু ভাষায় তাঁহাকে মোট চির্বাটি অভিনন্দন দেওয়া হয়। তিনি চেয়াপুরী
অয়দান-সমাজম-এর বাৎসরিক অধিবেশনে সভাপতির আসন অলক্বত করিয়াছিলেন এবং একটি ক্ষু ভাষণও দিয়াছিলেন। মাদ্রাজ সোস্থাল বিরুষ্
অ্যাসোসিয়েশনের কার্যভবনও তিনি দেখিতে গিয়াছিলেন।

মান্রাচ্ছে স্বামীজীর কার্যাবলী সম্বন্ধে আমরা শ্রীযুক্ত স্থলররাম আয়ার মহাশয়ের স্মৃতিলিপি হইতে অংশবিশেষ উদ্ধৃত করিতেছি ('রেমিনিসেন্সেস অব স্বামী বিবেকানল,'৮২-১০৪)। আমেরিকা ষাইবার পূর্বে স্বামীজী ত্রিবাদ্রমে ইহারই গৃহে আতিথ্য স্বীকার করিয়াছিলেন:

श्वामीकी खिनन (व्यर्था९ ७३ क्व्युगाति) मालास्क शीहितन, "त्मरे निनरे मकााग्र व्यथवा भत्रमिन विश्वहरत (व्यामात्र क्रिक मत्न नाहे, थूव मञ्चवजः भत्रमिन) অধ্যাপক রকাচারিয়া ও আমার ইচ্ছা হইল, স্বামীজীর কঠে একটু গান ভনিব, কারণ এ সহজে আমরা পুর্বে অনেক কথা শুনিয়াছিলাম। আমরা 'অষ্টপদী' গাহিতে বলিলাম। স্বামীজীর তথন বাহিরের লোকের সঙ্গে কোন কাজ ছিল না, এবং আবশুক বিশ্রামলাভের পর তাঁহার মেক্সাঞ্জ অতীব মধুর ও শাস্ত ছিল ; তিনি তথনই সমত হইলেন। তিনি অতি হুমিষ্ট কণ্ঠে এবং এতদঞ্চলে অশ্ৰুত অপচ যথোপযুক্ত হুরে অয়দেবের একটি গান গাহিলেন। সেদিন স্বামীজী আমাদের উপর যে প্রভাব বিন্তার করিয়াছিলেন, তাহা কখনও ঘাইবার নহে, তাঁহার বছমুখ ও উচ্চভূমিদঞ্চারী অলোকিক ব্যক্তিত্বের এক অত্যন্ত স্তরে তিনি সেদিন আমাদের নিকট আপনাকে প্রকটিত করিয়াছিলেন। আমি এখানে ইহাও বলিয়া রাখিতে পারি যে, তাঁহার প্রথম দিন ক্যাসল কার্নানে আগমন হইতে শেষদিন পর্যন্ত নগরের সর্বশ্রেণীর নরনারী সর্বদা তাঁহার বাসস্থানে ভিড় জ্মাইয়া রাখিত। সমাজের উচ্চ ও সম্মানিত পরিবারের অন্তর্ভুক্তা, পথচলনে অনভ্যন্তা ও অন্ত:পুরচারিণী বছ মহিলা এমনভাবে দেখানে আসিতেন ষেন, তাঁহারা দেবস্থানে উপস্থিত হইতেছেন। • • লোকে বলিতে স্বারম্ভ করিয়াছিল



বে, তিনি (শৈব মহাপুরুষ) সম্বন্ধ স্বামীর অবতার, আর সাধারণ সোকেরা উহা সম্পূর্ণ বিশ্বাস করিত। তাঁহার দর্শন ও গতিবিধি নিরীক্ষণের জন্ম বাহারা অপেক্ষা করিত, তাহারা যথনই তাঁহাকে ক্যাসন কার্নানের এক স্থান হইতে অন্ম স্থানে বাইতে দেখিত তথনই সাষ্টাঙ্গ প্রণাম করিত; তিনি কোন সভাস্থনে ঘাইবার জন্ম গাড়ীতে উঠিবার উদ্দেশ্যে যথন তাহাদের পার্থ দিয়া যাইতেন, তথন সকলে একসঙ্গে সাষ্টাঙ্গ প্রণাম করিত।…

"স্বামীজীর আগমনের তৃতীয় দিন (৮ই ফেব্রুয়ারি) যথন তাঁহার মান্তাজ্ব-অভিনন্দন-লাভের সময় উপস্থিত হইল, তথন অপরাহ্নপ্রায় চারিটার সময় তিনি क्रामन कानीन रहेर् वाहित रहेरनन। त्मिन मकरनत्रहे क्षम फेक्र ७ छीउ আকাজ্জায় পূর্ণ ছিল। শিক্ষিত সম্প্রদায় এবং ছাত্রগণের সকলেরই মনে ধে আগ্রহ জন্মিয়াছিল উহার তীব্রতা কল্পনাতীত ছিল। ভিক্টোরিয়া হলে ও উহার দিকে যত রাস্তা বা গলি গিয়াছে দেই সমন্ত স্থানে যে দৃশ্য দেখা গিয়াছিল, তাহা কথায় প্রকাশ করা বা উহার পুঝাছপুঝ বিবরণ দেওয়া অসম্ভব। নির্দিষ্ট স্থানাভিমুথে গমনের পথে স্বামীন্দীর গাড়ী চলিবার মতো স্থানই পাইতেছিল না। স্বামীজীর কুপাপূর্ণ আদেশাহুসারে আমি ও অধ্যাপক রঙ্গাচারিয়া স্বামীজীরই গাড়ীতে উঠিয়াছিলাম। আমরা গাড়ী হইতে নামিবামাত্র হলের সম্মুধে সমবেত বিরাট জনতার দর্বত্ত তুমুল রব উঠিতে লাগিল 'খোলা জায়গায় সভা হউক'। আগে হইতে ব্যবস্থা ছিল যে, হলের ভিতরেই স্বামীজীকে অভিনন্দন-পত্র দেওয়া হইবে। হলটিতে আর তিলধারণেরও স্থান ছিল না। স্থার ডি. ভাষ্ম আয়ালার ইতিমধ্যেই সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। স্বামীলী মঞোপরি তাঁহারই পার্ষে বদিলেন এবং শ্রীযুক্ত এম. ও. পার্থদারথি স্বায়াসার অভিনন্দনপত্র পাঠ করিলেন। সকলেরই দৃষ্টি নিবন্ধ ছিল স্বামীজীর উপর এবং আশা-আকাজকা মাত্রা ছাড়াইয়া উঠিয়াছিল। ... ইতিমধ্যে বাহিরে 'খোলা সভা হউক' ধানি অবিরাম উঠিতে থাকায় ভিতরের কার্বে বিদ্ন ঘটতেছিল।…ইহা त्राभीकोत क्षत्र न्लार्ग कतिन, এवः जिनि एवं भएक উপবিষ্ট ছিলেন সেধানে দাঁড়াইয়া বক্তুতা করা তাঁহার পক্ষে অসম্ভব হইয়া পড়িল। তিনি ইহাও বলিলেন যে, আগ্রহ ও উৎসাহ লইয়া যে অগণিত যুবকগণ বাহিরে দাঁড়াইয়া আছে, তিনি তাহাদিগকে নিরাশ করিতে পারেন না। স্বামীজী ও তাঁহার শ্রোতারা (হলের) বাহিরে আসিয়া ষতদূর দৃষ্টি যায় ততদূর পর্যন্ত দণ্ডায়মান সেই জনসমূদ্রের সহিত

মিপ্রিত হইলেন, আর অমনি স্বামীজীকে নিজেদের সমূধে দেখিয়া তাহারা ষ্মানন্দ ও হর্ষপ্রকাশে মন্ত হইয়া তুমুল শব্দ করিয়া উঠিল। শীব্রই স্বামীন্দ্রী বুঝিতে পারিলেন বে, জনতার কোলাহল ও আনন্দরব এমনই প্রচণ্ড বে, তাঁহার কণ্ঠধানি নিকটবর্তী কয়েকজনকে ছাড়াইয়া দুরে প্রসারিত হওয়া অসম্ভব।... তিনি মান্ত্রাব্দের একথানি অখ-যানে চডিয়া—তাঁহারই ভাষায় বলিতে গেলে— 'গীতার ভন্নীতে' বক্তৃতা আরম্ভ করিলেন দেখিয়া, বাহারা শুনিতে পাইল তাহারা উল্লসিত হইল। ... বিশাল জনতার মধ্যে এমন বিশুঝলা উপস্থিত হইল এবং তাহাদের উচ্চরব ও হর্ষধনি এমন প্রচণ্ডাকার ধারণ করিল যে, স্বামীজীর কণ্ঠমর ছাপাইয়া গেল। অগত্যা তিনি সংক্ষেপে বক্তৃতা শেষ করিলেন; তথাপি ইহারই মধ্যে হিন্দুধর্মের মূল তথ্যগুলি বলিতে ভূলিলেন না । · · কিন্তু বেশী বকুতা দেওয়া তাঁহার পকে সম্ভব হইল না; স্থতরাং তিনি শ্রোতাদিগকে ধন্তবাদ দিয়া বক্ততা শেষ করিলেন এবং সকলকে অমুরোধ করিলেন, তাহাদের উৎসাহ ষেন মন্দীভূত না হয় এবং তিনি ভারতের জন্ম যেসব মহৎ কার্য সাধন করিতে **অভিনাষী এবং এই অতিবৃহং জাতিকে পুনরুষ দ্ব করিবার জন্ম তিনি যেসব** পরিকল্পনা রচনা করিয়াছেন তাহার দার্থকতার জন্ম তিনি তাহাদের নিকট যত প্রকার দাহায্য চাহিবেন তাহারা যেন তাহা প্রদান করে।

"প্রথম ভাষণের বিষয় ছিল, 'আমার সমরনীতি'। তেঁহার মান্রাজে আদার চতুর্থ দিনে, ৯ই ফেব্রুয়ারি বৃহস্পতিবার অপরাত্নে ঐ বক্তৃতার আয়োজন হয়। ঐ দিনই সকালে তিনি ট্রিপ্লিকেন সাহিত্য সমিতিতে বক্তৃতা দেন। আমি ঐ বক্তৃতার উপস্থিত ছিলাম না; অতএব প্রত্যক্ষ জ্ঞান হইতে ঐ সম্বন্ধে কোন মতামত প্রকাশ করা সম্ভব নহে। তিনি ষথন ১০ই ফেব্রুয়ারি বৃধবারে সোস্থাল রিফর্ম আ্যাসোসিয়েশন দেখিতে যান, তথনও আমি উপস্থিত ছিলাম না। তবে ওখানে কি ঘটিয়াছিল, আমি তাহা স্বামীজীর নিকট জানিতে চাহিলে তিনি কহিয়াছিলেন যে, তিনি বিশেষ উল্লেখযোগ্য কিছুই বলেন নাই; তবে তিনি স্বয়ং সমাজসংস্থারের প্রয়োজনীয়তা স্বীকার করিলেও, উক্ত সমিতির প্রধান প্রধান সভ্যদের মনে অস্পৃশ্রতাবর্জন, এবং জাতিভেদের প্রাচীন ভিত্তির পুনঃপ্রবর্তনের জন্ম উহার পুনকজ্জীবন বা পুনর্বিক্তাস ইত্যাদি বিষয়ে যেসব আমূল পরিবর্তনকারী ধারণা ছিল, তিনি হয় ঐ সব বিষয়ে অল্পই উৎসাহ দিয়াছিলেন কিংবা মোটেই দেন নাই। "আর অগ্রসর হইবার পূর্বে আমাকে একটু পিছনে ফিরিয়া ৮ই ফেব্রুয়ারির

কয়েকটি ঘটনা বর্ণনা করিতে হইবে। আমার তারিধগুলি জানা আছে, এবং যতদুর সম্ভব আমি আমার শ্বতি অবলয়নে ঘটনাবলীর পারম্পর্য রক্ষায় যত্বপর হইব। অধ্যাপক পি. লন্ধী নারাস্থ মহাশয়কে আমি সর্বদাই একজন স্থাশিকিত ও সচ্চরিত্র ভত্রলোক বলিয়া শ্রদ্ধা করিতাম। তিনি প্রায় দ্বিপ্রহরে স্বর্গীয় এন. কে. রামস্বামী আয়ার মহাশয়ের সহিত ক্যাসলে আসিলেন। এীযুক্ত লক্ষী नाताञ्च ছिल्न विकानाञ्चतारी ও शालाथुनिভाবে বৌদ্ধর্মাবলমী, কিন্তু তাঁহার সহগামীকে আমি চিনিতাম না। পরে আমি জানিতে পারিয়াছিলাম, 'দি আাওয়েকেনার অব ইণ্ডিয়া' (ভারতের জাগরণকারী) নামক যে সাময়িক পত্র কতকটা অনিয়মিতভাবে প্রকাশিত হইত এবং পরে সম্পূর্ণ বন্ধ হইয়া গিয়াছিল, ঐ প্রথমোক্ত ব্যক্তি (অর্থাৎ নারাম্ব) ছিলেন উহার সম্পাদক ও প্রধান (অথবা একমাত্র) লেখক, আর বিতীয় ভদ্রলোক ছিলেন উহার প্রকাশক। কিছুকাল পূর্বে স্বামীজীর আফুকল্যে অথবা তাঁহার অভিপ্রায়াহুসারে 'আাওয়েকেণ্ড ইণ্ডিয়া' (প্রবন্ধ ভারত) নামক মাসিক পত্র (মাদ্রাজে) প্রকাশিত হইয়াছিল।" নারাম্বর মনে ভয় হইয়াছিল, পত্রের এই নাম (প্রবৃদ্ধ ভারত) পড়িয়া লোকের ভুল ধারণা হইবে যে, ভারত সত্যই জাগিয়া উঠিয়াছে ; অতএব এই কাল্পনিক ভ্রমের খণ্ডনেরই জ্বল্ট নারাস্থ্র নিজের "প্রথানির এরপ নামকরণ হইয়াছিল। স্পষ্টই মনে হয়, স্বামীন্ধীর নিকট আগত এই ছই ব্যক্তির এইরূপ বিশ্বাস ছিল ষে, আমেরিকায় স্বামীজী যে ব্রত উদ্যাপন করিয়াছিলেন ও যেসব কার্য সম্পাদন ক্রিয়াছিলেন, এবং তাঁহার অভিপ্রায় অফুদারে 'ব্রন্ধবাদিন' ও 'প্রবুদ্ধ ভারত' নামক সাময়িক পত্তদ্বয় প্রকাশ করিয়া মাল্রাজে যে প্রচারকার্য চলিতেছিল, তাহাতে তখন পর্যন্ত নৃতন কর্মোছমের প্রেরণার স্ত্রপাত হয় নাই এবং যুগ্যুগান্তর ধরিয়া ভারত যে নিজালস্থে নিমগ্ন ছিল, তথনও তেমনি রহিয়াই গিয়াছিল ; আর তাঁহাদের 'অ্যাওয়েকেনার অব ইণ্ডিয়া' যতদিন বাঁচিয়াছিল, ততদিন পর্যন্ত উহা জনগণের উজ্জীবনে অত্যুজ্জন অংশ গ্রহণ করিয়াছিল। ব্ল্যাভাটস্কির লেখনীমুখে থিয়োসফিস্টদের মতবাদ সম্বন্ধে যাহা প্রকাশিত হইয়াছিল, উহার বিরুদ্ধে যেসব সম্পূর্ণ বিরোধী ও বিভেষপূর্ণ প্রবন্ধ ঐ পত্তে বাহির হইড, তাহার কিছুট। আমার এখনও মনে আছে। উপরতলায় একটি ছোট পার্খবর্তী ঘরে চুকিয়া দেখিলাম, আগত ঐ ছুই ভদ্রলোক ও অপর আগস্তুকেরা স্থামীজীর নিকট উপবিষ্ট আছেন, আর স্বামীন্দী বসিয়া আছেন তাঁহাদের সম্মুখে একটি দেয়ালের मिकटें, अथे উহাতে हिमान ना निया आहार्राहिक गांशानामत्न। निस्कर অজ্যে শক্তি ও মতবাদ সম্বন্ধে নিশ্চিত ব্যক্তি যেমন শাস্ত ও নীরব থাকে এীযুক্ত লক্ষী নারাম্ব তেমনি ভাবে বিদ্যাছিলেন। তাঁহার সহগামী আমাদের সকলেরই নিকট তাঁহার জীবনের পরবর্তী কার্যাবলীর জন্ম স্থপরিচিত হইয়া-ছিলেন। আমি যথন ঐ কক্ষে প্রবেশ করিতেছিলাম, তথন তিনি বলিতে ছিলেন, 'স্বামীন্ত্ৰী, আমরা চাই যে আপনার সহিত দর্শন ও ধর্মের সমস্ত সমস্তা সম্বন্ধে, বিশেষতঃ বেদান্তদর্শন সম্বন্ধে আমাদের যে ঘোর আপত্তি আছে— ঐ বিষয়ে ধোলাখুলি আলোচনা করি। এজন্ত আপনি কথন আমাদের रेमस দিতে পারেন ?' স্বামীজী আমাকে ডাকিয়া পার্যে বসিতে বলায় আমি বসিলাম। অমনি তিনি তাঁহার স্থপরিচিত স্মিতহাস্তে মুখখানি সমুজ্জন করিয়া বলিলেন, 'এই যে আমার বন্ধু স্থলররামন আদিয়া পড়িয়াছেন; ইনি আজীবন त्वमास्वरामी এवः हिन जाभनात मव युक्तित छेखत मित्वन। जाभनि हैशांक বলিতে পারেন।' ইহাতে এন. কে রামস্বামী স্বায়ারের ক্রোধ উপস্থিত হইল এবং তিনি অবজ্ঞা বা ঘুণাব্যঞ্জক দৃষ্টিতে আমার দিকে তাকাইলেন। অতঃপর আবার স্বামীজীর দিকে ফিরিয়া বলিলেন, 'আমরা এখানে আপনার সহিত মিলিত হইতে আদিয়াছি, অপর কাহারও দহিত নহে।' স্বামীজী অবশ্র নিরুত্তর রহিলেন; ইতিমধ্যে অপর অনেকে আসিয়া পড়িলেন, আলোচ্য বিষয়ও পরিবর্তিত হইয়া গেল। স্বামীজী বেখানে ছিলেন, সেখানেই স্বারও কিছুক্রণ বসিয়া রহিলেন। আমি বাহিরে চলিয়া গেলাম, অতএব পরে কি ঘটল জ্বানি না। ...

"সেই দিনই অপরাহ্ন প্রায় চারিটার সময় সালেম জেলার ভিক্লপ্পাতুর (ঐ ছান পরে উত্তর আর্কটে সংযুক্ত হয়) হইতে এক প্রতিনিধি দল স্বামীজীর নিকট আসিলেন; আমার যতদ্র মনে পড়ে, স্বামীজী পূর্বোক্ত কক্ষেই উপবিষ্ট ছিলেন। প্রতিনিধিরা সকলেই ছিলেন শৈব এবং সংখ্যায় ছিলেন পাঁচ ছয় জন। তাঁহাদের কেহই ব্রাহ্মণ ছিলেন না। স্বামীজী ছিলেন অবৈতবাদী; তাই মনে হয়, তিক্লপ্পাতুরের প্রতিনিধি দলটিকে মতলব করিয়াই এমনভাবে প্রস্তুত করা হইয়াছিল, যাহাতে তাহারা সেই পুক্ষসিংহের নিকট তাঁহারই অগ্নহে প্রতিস্পর্ধা জানাইতে পারে এবং অবৈতবাদের কয়েকটি মৌলিক বিষয়ে তাঁহাকে চাপিয়া ধরিতে পারে। দলের নেতার হস্তে ছিল প্রশ্নে পরিপূর্ণ

একখানি গোটা কাগজ এবং তিনি স্বামীজীকে বলিলেন, তিনি উত্তর দাবি করেন। স্বামীজী মাথা নাডিয়া সমতি জানাইলেন এবং জিজ্ঞাসা আরম্ভ করিতে বলিলেন। প্রথম প্রশ্ন ছিল: 'অব্যক্ত কিরূপে ব্যক্ত হইলেন ?' স্বামীজীর স্বরিত উত্তর আদিল এক মৃহুর্তও বিলম্ব না করিয়া; কিন্তু উহা আসিল নীলাকাশের উর্ধেদেশ হইতে বিক্লিপ্ত বজেবই সায় এবং শত্রুপক্ষেব উপব এমনই ভাবে পড়িল যে, তাহাদের দেহ অসার এবং স্নায়ুমগুলী নিস্তেজ্ঞ ও নিজ্সি হইয়া গেল। অসমীজীর উত্তর ছিল: 'কিরূপে, কেন, কোন যুক্তিতে ইত্যাদি প্রশ্ন ব্যক্ত জগৎ সম্বন্ধে প্রযোজ্য, কিন্তু সর্ববিক্রিয়াতীত ও কারণাতীত বলিয়া যে অব্যক্ত চিরপরিবর্তনশীল জগতের সহিত এবং তন্মধ্যন্থ সাংসারিক (জন্ম-মৃত্যুর অধীন) জীবনের সহিত সর্বপ্রকার সম্বন্ধশূম, তাঁহার বিষয়ে উঠিতে পারে না। অতএব যুক্তিসঙ্গতরূপে প্রশ্নটি উত্থাপন করাই অসম্ভব। যুক্তিযুক্ত প্রশ্ন তুলুন—অপেকারুত যুক্তিসমতভাবে জিজ্ঞাসা করুন—আমি উত্তর দিতে প্রস্তুত আছি।' এই উত্তরের ফলে আলোচনা স্রোত বন্ধ হইয়া গেল এবং তাঁহার প্রশ্নকারীরা ব্ঝিতে পারিলেন যে, তাঁহারা এমন এক ব্যক্তির সম্মুখে উপস্থিত হইয়াছেন যিনি দর্বপ্রকার দার্শনিক গোলক গাঁগা ও প্রশ্নাবলীর সমাধান করিতে দক্ষম আর তিনি এমন একজন আচাধ—ধাহার দহিত তর্কয়ঙ্কে অবতীর্ণ হওয়া অপেকা তাঁহার নিকট বিনম্রভাবে ও প্রদাসহকারে অবনত হওয়াই তাঁহাদের পক্ষে বাঞ্চনীয়। তাঁহারা সমত্বে যে বিচারপদ্ধতি ও প্রশ্ন-निष्य निश्विया माखारेया चानियाहित्नन, जारा त्यन जुनियारे श्रातनन, जारात्मव সম্মুখে উপবিষ্ট ষাতৃকরের কাঠির স্পর্শ যেন তাঁহাদের গায়ে লাগিল এবং ডিনি তাঁহার অলোকিক শক্তি ও বিজয়ী মৃষ্টির মধ্যে তাঁহাদিগকে ধরিয়া ফেলিয়া সীয় যাত্রমন্ত্রে তাঁহাদের মন ও চিত্তগুলিকে মোহিত করিতে থাকিলেন। অবস্থাট বুঝিতে স্বামীজীর বিলম্ব হইল না। তাহার পর য়ে দুশু দৃষ্টিগোচর হইল তাহা ভাষায় ব্যক্ত করা অসম্ভব। ভারতীয় তর্কযুদ্ধের দর্বপ্রকার অস্ত্র ও কৌশলের প্রয়োগে পারক্ষম এই বেদাস্ককেশরী—তাঁহার শত্রুমথনকারী চলন-বলন ও গর্জন, তাঁহার জ্বভসঞ্চারী বজ্পনির্ঘোষসদৃশ গম্ভীর কণ্ঠধননি এবং তাঁহার নিম-চিবুক (যাহা তিনি আমার নিকট এক সময়ে ষোষ্কভাবের ভোতক বলিয়া নির্দেশ করিয়াছিলেন) এই সমস্তই সম্বরণ করিয়া অক্সাৎ এমন এক মৃতি ধারণ कदिरानन एक जिन नकरानद मीर्घमित्वत हात्रारना किरागादाद नथाकर प्रथम বহুকালের বিচ্ছেদের পর প্নর্লন্ধ স্বেহময় প্রাতার্মপে তাঁহাদের সহিত প্নর্মিলিত হইয়াছেন। আর যেন তিনি সকলের মকলসাধনে স্বাস্তঃকরণে আগ্রহ্নীল। অতঃপর সেখানে যত লোক উপস্থিত ছিলেন এবং যে কেহ তাঁহার বাণী শুনিতেছিলেন, তিনি তাঁহাদের সকলের জন্ম এমনভাবে ও এমন স্থরে কথা বলিতে লাগিলেন, যাহাতে সকলেই মৃধ্য হইলেন। তিনি অনেকটা এই সবকথা বলিয়াছিলেন: ভগবদমুসন্ধানের ও ভগবহুপাসনার সর্বোত্তম উপায় হইল অভাবগ্রন্থ ব্যক্তির সেবা—বৃভূক্কে আহার প্রদান, হঃখিতকে সহাম্ভূতি প্রদর্শন, পতিত ও বন্ধুইনকে সাহায্য করা, পীভিত ও হুর্বলদের শুশ্রুষা ইত্যাদিকার্য। প্রতিনিধিগণ শুনিয়া যাইতে লাগিলেন। করেনে সন্ধ্যার অন্ধার ঘনীভূত হইতে থাকিলে তাঁহারা তাঁহার পদপদ্ম প্রদানিবেদন করিলেন। এবং যখন তাঁহারা বিদায় লইলেন তথন তাঁহাদের মৃথের ভাব দেথিয়া বোধ হইল যে, এক নবালোক তাঁহাদের হৃদয় স্পর্শ করিয়াছে এবং তাঁহাদের জীবন ও কর্মে এক নবীন প্রেরণা আনিয়া দিয়াছে।

"এখন আমরা তাঁহার মাদ্রাজের বিতীয় বক্তার কথায় আসি। ডাঃ স্বেন্ধাণ্য আয়ারের বিশেষ অহুরোধে আমি তাঁহার লুজ চার্চ রোজের বাড়ীতে ঐদিন সকালে মিলিত হইলাম। উপর তলায় একখানি ঘরে আমাদের সাক্ষাৎকার হইল। স্বামীজী আমাদিগকে তাঁহার কার্যধারা ব্ঝাইয়া বলিলেন যে, তিনি ভারতে এমন একটি বিরাট ধর্মসংস্কার ও অধ্যাত্ম-জাগরণ আনিতে চান যাহা হিন্দু, খৃষ্টান, মুসলমান, বৌদ্ধ ও অপর সকলকে ল্রাভ্ভাবে একই পতাকানিয়ে সম্বিলিত করিবে এবং সকলকে একই জাতীয় আদর্শে পৌছাইতে ষত্বপরায়ণ করিবার জন্ম অনস্ত প্রেরণার উৎস হইবে।…

"আয়ার মহাশয় স্বামীজীর জন্ম প্রচ্র লাড্ডু ও অন্তান্ম মিষ্টান্ন এবং মশলাদার বছ থান্ম প্রস্তুত্ত করাইয়াছিলেন। স্বামীজী উহা নামে মাত্র গ্রহণ করিলেন। অবশ্র একাস্ত অবর্জনীয় কফিও ছিল; তিনি হই-এক চুমুক দিয়াই রাখিয়া দিলেন। স্বামীজী বোধ হয় কোন দিনই ভ্রিভোজনে অভ্যন্ত ছিলেন না—অস্ততঃ আমি তাঁহাকে ঐরপ করিতে দেখি নাই। তিনি ষখন ত্রিবাক্সমে আমার বাড়ীতে ছিলেন, তখন দিনের বেলায় একবার স্বল্প আহার করিতেন এবং রাত্রে সামাক্ত হুধ খাইতেন।

"ক্যাসলে বলিবার মতো কোন ঘটনাদেখি নাই। অক্যাক্স দিনের তায় সেদিনও অবিরাম দর্শনার্থী আসিতেছিল এবং তাহাদের মধ্যে সম্বাস্তবংশীয়া ভক্তমহিলারাও স্বামীজীর পাদপুজা করিতে ও তাঁহার আশীর্বাদ লাভ করিতে অবিরাম আসিতেছিলেন। আগন্তকদের মধ্যে কোয়েষাটোরের একটি যুবকও ছিল। দে লংম্যান কোম্পানির প্রকাশিত স্বামীজীর রাজবোগ পড়িয়াছিল এবং উহাতে লিখিত পজতি অফুসারে কিঞ্চিৎ সাধনাও করিয়াছিল। সে নিজ অভিজ্ঞতার কথা বলিতে লাগিল এবং জানাইল যে, সে বোধ করে, তাহার শরীর যেন ক্রমেই হালকা হইয়া ষাইতেছে। সে স্বামীজীকে ইহাও বলিল ষে, তাঁহার কয়েকজন বন্ধু, বিশেষতঃ পণ্ডিতগণ তাহাকে সাবধান করিয়া দিয়াছেন যে, ভ্রমন্থলে উপযুক্ত গুকর উপদেশ গ্রহণ না করিয়া এবং তাঁহার সাহায়্যে উহা সংশোধন না করাইয়া অথবা ষোগাভ্যাসকালে কোন্ সাধনার পর কোন্ সাধনায় অগ্রসর হইতে হইবে ইত্যাদি না জানিয়া যদি সে যোগাভ্যাস করিতে থাকে তবে বিপদ ঘটার, এমন কি পাগল হওয়ার সম্পূর্ণ সম্ভাবনা রহিয়াছে। স্বামীজী তাহাকে বলিয়া দিলেন, সে যেন অপরের কথায় বিভ্রান্ত হইয়া সমাধিরপ লক্ষ্যে পৌছানোর সকল্প পরিত্যাগ না করে।…

"সদ্ধাকালে স্বামীজী 'ভারতীয় মহাপুরুষগণ' সম্বন্ধে তাঁহার দ্বিতীয় ভাষণ দিলেন। ভিক্টোরিয়া হলে আর লোকপ্রবেশের স্থান ছিল না। এই দিনের সভায় একটি উল্লেখযোগ্য ঘটনা এই যে, 'মাদ্রাক্ত মেলের' সম্পাদক স্বর্গীয় ব্যুচ্যাম্প মঞ্চে উপস্থিত ছিলেন; কিন্তু তিনি স্বামীজীর বক্তৃতার মধ্যেই উঠিয়া চলিয়া গোলেন। আমি লক্ষ্য করিয়াছিলাম (তবে হয়তো ইহা কাকতালীয় স্থায়ে ঘটিয়াছিল), ব্যুচ্যাম্প যথন উঠিয়া ঘাইতেছিলেন ঠিক তথনই স্বামীজী গোপীন্যীতার এই স্প্রাসিদ্ধ শ্লোকটি উদ্ধৃত করিয়া শ্রীকুঞ্জীলা বর্ণনা করিতেছিলেন:

স্থবতবর্ধনং শোকনাশনং

স্বরিতবেণুনা স্বষ্ট চুম্বিতম্। ইতররাগবিস্মারণং নৃণাং

বিতর বীর নত্তে২ধরামৃতম্ ॥ ১০।৩১।১৪

 তাঁহার অপূর্ব ধীশক্তি এবং জীবন ও বিশ্বের বৈচিত্র্য সম্বন্ধে গভীর অমুভৃতির कथा त्याहिया पिछ, चात रामव विकक्षवामी छाँशास्त्र रकार्गमा कतिर्छ वा सक করিতে আসিত, তাঁহার বিদ্রপাত্মক প্রত্যক্তি কিরপে তাহাদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করিত, এই সব বিষয়ে আমরা উচ্ছুসিত বর্ণনা পুর্বেই পড়িয়াছিলাম। এখানে তাঁহার তর্কের অসিচালন এবং সদিজ্ঞাপুর্ণ জিজ্ঞাত্মর প্রতি সহামুভতি লক্ষ্য করার বেশ স্থাবেগ পাইয়াছিলাম। আর সম্মথে ছিল এক বৃহৎ ও গুণগ্রাহী শ্রোত্মগুলী। তাঁহার সাফল্য আশাফুরপই হইয়াছিল; তবে তুংখের বিষয় এই যে, আমার শ্বতিশক্তি আমাকে এই বিষয়ে এখন সাহায়া করিতে অপারগ. বিশেষতঃ সেদিন যাহা যাহা ঘটিয়াছিল, তাহা আমার মন হইতে মুছিয়া গিয়াছে।" সেদিন একজন ইংবেজ মতিলা স্বামীজীকে বেদান্ত বিষয়ে বল্ল প্রশ্ন করেন এবং বলেন যে, তিনি শীঘ্রই ইংলতে ফিরিয়া বন্তীবাদীদের দেবায় আতানিয়োগ করিবেন। স্বামীজী তাঁহার বিদায়ের সময় নিজে উঠিয়া ভিডের মধ্যে পথ করিয়া দেন এবং ঐ মহিলা তাঁহাকে অভিবাদনপূৰ্বক চলিয়া না যাওয়া পৰ্যন্ত দাঁডাইয়া থাকেন। অপরাহে ঐ মহিলা তাঁহার পিতাকে লইয়া আবার আদিয়া স্বামীজীর সহিত এক ঘণ্টা আলাপ করেন। শ্রীযুক্ত স্থন্দররাম আয়ার ঐ অতিথিন্বয় চলিয়া যাইবার পর যথন স্বামীজীকে প্রশ্ন করেন যে, তিনি এত পরিশ্রম করার মতো শক্তি পান কিরূপে, তখন স্বামীজী উত্তর দেন, "ভারতে আধ্যাত্মিক কার্যে কেহ ক্রান্ডিবোধ করে না।"

মান্রাক্তে স্বামীজীকে দর্শন করিতে যেসব অগণিত নরনারী আসিতেন, তাঁহাদের মধ্যে একজনের কথা বলা আবশুক। দক্ষিণ দেশের প্রসিদ্ধ তীর্থক্তের তিরুপতি হইতে আগত আগমবাদী বৈধানস-সম্প্রদায়-ভূক্ত একজন বৃদ্ধ আমীজীর গলে মাল্য প্রদানাস্তে পদ্যুগল ধারণপূর্বক সাম্রান্তরন গদগদ কঠে বলিয়াছিলেন, 'ইনি স্বয়ং বিধানস।' এই সম্প্রদায়ের লোকেরা বিধানসকে বিষ্ণুর অবতার বলিয়া বিশ্বাস করেন। ইহারা কর্মযোগেরও বিশেষ অনুরাগ্য এবং ঐ বিষয়ে আলোচনাও করেন। কিন্তু ইনি স্বামীজীর মূথে কর্মযোগের ব্যাখ্যা ভনিয়া বলিয়াছিলেন, "আমি আজন্ম কর্মযোগ ও বৈধানস পদ্ধতির মধ্যে লালিতপালিত হইয়াছি বটে, তথাপি আপনি উহার তত্ত্ব অনেক বেদী অবগত আছেন।" শ্রীযুক্ত স্থলররাম আয়ারের পুত্তে শ্রীযুক্ত রামস্বামী শাল্পী তথন বি. এ. পাস

করিয়া মাল্রাজে বি. এল. পড়িতেন এবং সর্বদাই স্বামীজীর নিকট যাতায়াত

করিতেন। তিনি মাল্রাজের একটি ঘটনা বিবৃত করিয়াছেন। একদিন এক প্রাচীনপন্থী পণ্ডিত হঠাৎ আগস্ককদের মধ্যে দাঁড়াইয়া স্বামীজীকে জিজ্ঞাসা করিলেন, "শুনলাম আপনি ব্রাহ্মণ নন; আর শাস্ত্রাহ্ময়ী আপনার সন্ম্যাসগ্রহণ চলে না। আপনি কি করে তাহলে গেরুয়াবস্ত্র ধারণ করলেন এবং সন্ম্যাসীদের পবিত্র সজ্যে প্রবেশ করলেন ?" এরপ ব্যক্তির সহিত বাদাহ্যবাদে প্রবৃত্ত হওয়া অযৌক্তিক জানিয়া স্বামীজী তাঁহাকে নীরব করিবার জন্ম বলিলেন, "প্রত্যেক ব্যহ্মি করেত বসে যে চিত্রগুপ্তের নিকট প্রার্থনা করে থাকেন, আমি তাঁরই জাতে জন্মেছি। অতএব ব্যাহ্মণদের যদি সন্ম্যাসে অধিকার থাকে তো, আমার অধিকার ততোধিক।" স্বামীজী তারপর পালটা আক্রমণ করিয়া পণ্ডিতকে বলিলেন, "আপনার সংস্কৃত প্রশ্নে এমন একটা ভূল উচ্চারণ ছিল, যা অমার্জনীয়। 'ন ম্লেচ্ছিভং বৈ নাপভাষিতং বৈ' এই কথা বলে পাণিনি এর নিন্দা করেছেন। অতএব এইরপ আলোচনায় আপনার অধিকার নেই।" পণ্ডিত দেখিলেন স্থবিধা হইতেছে না, আর শ্রোতারা স্বামীজীরই পক্ষপাতী, অতএব তিনি ধীরে ধীরে চলিয়া গেলেন।

শ্রীযুক্ত স্থন্দররাম আয়ারের শ্বতিলিপি হইতে আরও একটি মজার ঘটনা জানিতে পারা যায়। জনৈক বৈষ্ণব পণ্ডিত দংস্কৃত ভাষায় বেদান্ত সম্বন্ধে কোনও এক কৃট প্রশ্ন তুলিলেন। স্বামীজী ধৈর্যসহকারে শুনিলেন, কিন্তু কোন উত্তর না দিয়া উপস্থিত শ্রোত্বর্গকে ইংরেজীতে বলিলেন, মতবাদ সম্বন্ধীয় যেসব কৃটকচালে বিষয়ের সহিত জীবনসমস্তার কোন সাক্ষাৎ সম্বন্ধ নাই, সেইসব লইয়া তিনি র্থা তর্কে সময় নষ্ট করিতে চান না। পণ্ডিত তব্ স্বামীজীকে প্রশ্ন করিলেন, "আমাকে স্পষ্ট করে বল্ন, আপনি বৈতবাদী, না অহৈতবাদী।" স্বামীজী আবার ইংরেজীতে বলিলেন, "পণ্ডিতজীকে বলে দাও, যতক্ষণ আমার দেহ আছে ততক্ষণ আমি বৈতবাদী, তারপর আর নয়। যে সমন্ত র্থা ও অপকারী তর্ক ও সমস্তার জালে পড়ে মন শুধু বিভ্রান্ত হয়, এবং মাহ্ম্য জীবনকে তৃঃথপ্রাদ মনে করে ও ঈশ্বর সম্বন্ধে অজ্ঞেয়বাদী ও নান্তিক হয়ে পড়ে তা ক্ষন্ধ করা বিষয়ে সাহায্য করারই জন্ম আমি এই শরীর ধারণ করেছি।" পণ্ডিত তথ্বন তামিল ভাষায় বলিলেন, "বামীজীর কথা তাঁকে অবৈতবাদী বলে প্রতিপন্ন করছে।" স্বামীজী প্রত্যুত্তর দিলেন, "তাই হোক।" ব্যাপারটি ওথানেই থামিয়া গেল।

শ্রীযুক্ত স্থন্দররাম আয়ার আর একটি ঘটনার উল্লেখ করিয়াছেন। তাঁহার পরিচিত ঐযুক্ত আর. ভি. শ্রীনিবাস আয়ার রেভিনিউ বোর্ডের সেক্রেটারী ছিলেন এবং ইহার সহিত তিনি স্বামীজীর আগমন-দিবলে এগমোর স্টেশনে गिशाहित्नन। **औनि**नाम आशाद्यंत्र मत्न शूर्वक्ता महत्क किंहू मत्नट हिन। তিনি পূর্বোক্ত দিনেরই বৈঠকে স্বামীজীকে স্থন্দররাম আয়ারের দারা প্রশ্ন করাইলেন: "আমাদের যখন পূর্বজন্মের কোন স্থৃতি নাই, তথন কর্মফলবাদ বা পুনর্জন্মবাদে এমন আন্থা আসিতে পারে কিরূপে, যাহাতে বান্তব জীবনে তাহার প্রভাব ও তাৎপর্য থাকিতে পারে? আর কেমন করিয়াই বা উহা চিন্তা ও কার্যে পবিত্রতালাভের প্রেরণা যোগাইতে পারে এবং ঐরপে আন্মান্সাংকার লাভপুর্বক সংসার হইতে মুক্তিপ্রাপ্তির প্রচেষ্টার উদ্ভব হইতে পারে ?" স্বামীজী উত্তর দিলেন, "এ জীবনেও ঘটনাবলীর স্থতি অবিরাম চলিতে থাকে না, অথচ আমবা এমনভাবে দৈনন্দিন ক্রিয়াদি করিয়া থাকি যেন ঐগুলি কার্যকারণ-সত্তে গ্রাথিত হইয়া স্থামাদের জীবন ও ভবিষ্যৎকে নিয়মিত করিতেছে। অতীত জন্মের ও বর্তমান জন্মের ঘটনাবলীর মধ্যে অফুরূপ সম্বন্ধ স্বীকার করিয়া কেন আমরা চলিব না আর কেনই বা সংসার হইতে ও সংসারের অতীত ও বর্তমান তঃথরাশি হইতে উদ্ধারের যে সকল উপায় বেদ ও গুরুমুথে শোনা যায় তাহার অফুদরণ করিব না ?" আবার প্রশ্ন হইল, "জীবনের বিভিন্ন ন্তর ও ঘটনাবলীর মধ্য দিয়া অতিক্রম করার কালেও এজীবনে আমাদের নিজ ব্যক্তিত্বের অভেদ সম্বন্ধে একটা বিচ্ছেদহীন জ্ঞান বৰ্তমান থাকে; কিন্তু অভীত ও বৰ্তমান জীবনের ব্যক্তিত্বের অভেদ সম্বন্ধে এইরূপ কোন জ্ঞান থাকিতে তো দেখা যায় না।" উত্তর আদিল, "বিশেষ বিশেষ স্থারিজ্ঞাত সাধনা অবলম্বনে আমরা বিভিন্ন জীবনে আমাদের এই ব্যক্তিত্বের অভেদজ্ঞান অর্জন করিতে পারি। তুমি চেষ্টা কর না কেন ?"

স্থলররাম আয়ার আরও লিথিয়াছেন: "দ্বিপ্রহরে একটার সময় আবার স্থামীজীর সাক্ষাৎ পাইলাম। তথনও দর্শনার্থীরা পূর্ববৎ আসা-যাওয়া করিতে-ছিলেন। অবশেষে মাদ্রাজ হাইকোর্টের উকিল শ্রীযুক্ত কেন পিন শঙ্কর মেনন আসিলেন; ইনি পরে ত্রিবান্দ্রমের হাইকোর্টের জজ হইয়াছিলেন। মনে হইল ইনি স্থামীজীকে পূর্ব হইতেই জানিতেন। স্থামীজীও তিনি একই সোফায় পাশাপাশি বসিয়াছিলেন, আমি সামনে বসিয়া সব লক্ষ্য করিতেছিলাম।

মালাবারের লোকেরা স্পর্শদোষ ও উহার প্রতিকার বিষয়ে ষেসব বাড়াবাড়িকরে এবং রাজপথ ও গলিপথে চলার সময়ে অচ্ছুতদিগকে সরাইয়া দিবার জ্ঞস্থ বেসব চেঁচামেচি. করে, স্বামীজী ঐসব বিষয়ে কথা বলিতেছিলেন। অক্সাৎ তিনি মালাবারের জাতিবিভাগ ও বিবাহপ্রথার কথা তুলিয়া বলিলেন ষে, নায়ারদের আপনাদিগকে ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিবার পূর্ণ অধিকার আছে, কারণ বহু শতান্দী বা যুগ্যুগান্তর ধরিয়া নমুদ্রী ব্রাহ্মণেরা নায়ার নারীদের সহিত্ত বিবাহ-সম্বন্ধ করিয়া আসিতেহেন। তিক তথনই শ্রীযুক্ত (পরে স্থার) দি. শহরন নায়ার হলে প্রবেশ করিলেন। ইনি ইতিমধ্যেই মাদ্রাজের উকিল ও রাজনীতিবিদ নেতা হিসাবে স্থনাম অর্জন করিয়াছিলেন। তিনি স্বামীজীর দিকে অগ্রসর হইলে সাদরে অভ্যর্থিত হইলেন। ইতিমধ্যে শ্রীযুক্ত শহর মেনন সরিয়া গিয়া অন্য স্থানে বিসয়াছিলেন, শ্রীযুক্ত শহরন নায়ারকে তাঁহার জায়গায় সোফায় বসানো হইল।" শ্রীযুক্ত মেনন শ্রীযুক্ত নায়ারকে স্বামীজীর পুর্বোক্ত মত জানাইলে বৃদ্ধিমান নায়ার এই বিবাদাস্পদ সামাজিক বিষয়ে একেবারে চাপা দিয়া অন্য কথা পাড়িলেন। তিনি কয়েক মিনিট মাত্র কথাবার্তা বলিয়া মেনন মহাশ্রের সহিত চলিয়া গেলেন।

"পরদিবস ১৩ই কেব্রুয়ারি শনিবারে স্বামীজী পাচেয়্যাপ্লা হলে 'ভারতীয় জীবনে বেদাস্তের কার্যকারিতা' সম্বন্ধে বক্তৃতা দিলেন। হলটি লোকে একেবারে পরিপূর্ণ ছিল। আমি মঞ্চের উপরেই বিস্মাছিলাম, এবং আমার পার্যে ছিলেন 'দি হিন্দু' পত্রিকার ভূতপূর্ব সম্পাদক শ্রী জি. স্বর্হ্মণ্য আয়ার।" বক্তৃতাপ্রসঙ্গে স্বামীজী একসময়ে যুবকদের সম্বোধন করিয়া যথন বলিলেন যে, শুর্থ 'গীতা গীতা' বলিলেই চলিবে না, নিজেদের পেশীসমূহ স্বদৃঢ় করিলে গীতার অর্থ স্পষ্টতর হইবে, তথন আয়ার মহাশয় তামিল ভাষায় পার্যবর্তীদের বলিলেন, "আমিও একথা কতবারই বলিয়াছি, কিন্তু কেহই কান দেয় নাই, এখন স্বামীজী তাই বলিতেছেন, আর আপনারা বাহবা দিতেছেন।" স্বামীজী যথন শক্তি ও অভ্যাের কথা বলিতে লাগিলেন, তথন আয়ার মহাশয় আনন্দে বিস্থান হইলেন। কিন্তু স্বামীজী যথন বলিলেন যে, জাতিভেদ জিনিসটা মাহ্যের প্রকৃতিসন্থত ও অক্তদেশেও অ্লাকারে উহা বিভ্যান আছে, তথন আয়ারের উৎসাহ একটু মন্দীভূত হইল।

"১৪ই ফেব্রুয়ারি রবিবারে স্বামীজী 'ভারতের ভবিশ্বৎ'—বিষয়ে তাঁহার শেষ বক্তৃতা দিলেন। দেদিন ষেরূপ জনবছল দৃশ্য ও উৎসাহপূর্ণ শ্রোতৃসমাগম দেখিয়াছিলাম সেরূপ আর কখনও দেখি নাই। স্বামীজীর বাগ্মিতাও ছিল সর্বোত্তম—তিনি মঞ্চের একপ্রান্ত হইতে অপরপ্রান্ত পর্যন্ত যেন সিংহপ্রায় পদচারণ করিতেছিলেন। তাঁহার নিনাদধনি হলের সর্বত্র প্রসারিত হইয়া অপূর্ব ফলোৎপাদন করিতেছিল। তাঁহার একটি মন্তব্য আমি কখনও ভূলিতে পারিব না, আর উহা স্বামীজীর ভবিশ্বংদৃষ্টিশক্তি ও সর্বজ্ঞতারই জ্যোতক ছিল: শাস্তি, ধর্ম, ভাষা, গভর্মমেণ্ট—এই সমন্ত মিলিয়াই জ্রাতি গঠিত হয়; কিছু উহাদের মধ্যে কোনও একটি মাত্রই ভিত্তিস্বরূপ হইয়া থাকে, এবং বাকি সব আমরা উহারই উপর গড়িয়া তুলি। ধর্মই ভারতীয় জীবনের মূল স্কর্ম, এবং ঐ ভিত্তিতেই ভারতীয় জ্ঞাতি গড়িয়া উঠিতে পারে।

"পরদিন সোমবার ১৫ই ফেব্রুয়ারি স্বামীজী জাহাজে চডিয়া কলিকাতা যাত্রা করিলেন। জাহাজ বন্দর ত্যাগের পূর্বে তাঁহার নিকট বিদায় লইবার জন্ত তাঁহার বহু অহুরাগী ও অহুগামী এবং ব্যক্তিগত বন্ধুরা তাঁহার দক্ষে দক্ষে চলিলেন। শ্রীযুক্ত তিলক স্বামীঙ্গীকে পুনা ঘাইবার জন্ম আহ্বান জানাইয়া-ছিলেন, এবং স্বামীজীও প্রথমে বাইবার কথাই ভাবিয়াছিলেন। কিন্তু তাঁহার বিশ্রামের আবশ্রক ছিল এবং হিমালয়ের পরিবেশ লাভের জন্ম তিনি সর্বদাই উৎক্ষিত ছিলেন। সমুদ্রনৈকতে আর্ধ-বৈশ্র-বংশ-সম্ভূত এবং কোমটি নামে পরিচিত বছ ব্যবসায়ী, পবিত্র মাতৃভূমির কল্যাণার্থ তিনি যাহা করিয়াছেন তজ্জন্ত ধন্তবাদপূর্ণ একখানি মানপত্ত তাঁহাকে অর্পণ করিলেন। রাজমহেন্দ্রীর মাননীয় শ্রীয়ক্ত স্থকা রাও তাঁহাদের পক্ষ হইতে তাঁহাকে ঐ মানপত্র প্রদান করিলেন। স্বামীজী কেবল অবনত মন্তকে উহার স্বীকৃতি জানাইলেন এবং তাহাদের সম্বন্ধে প্রীতিপূর্ণ প্রশ্লাদি করিলেন। অনেকেই জাহাজে উঠিয়া শেষ মুহূর্ত পর্যস্ত স্বামীজীর সালিধ্য উপভোগ করিলেন। আমিও ঐ দলে ছিলাম। আমি অন্তরোধ করিলাম, স্বামীজী বেন দয়া করিয়া আমার সহিত কয়েক মৃহুর্ত নিভতে আলাপ করেন। তিনি আমার সঙ্গে চলিলেন। আমরা কয়েক পদ অগ্রসর হইলে আমি তাঁহাকে হুইটি প্রশ্ন করিবার অনুমতি পাইলাম। প্রথম প্রশ্ন—'স্বামীজী, আমাকে ঠিক ঠিক বলুন তো, আপনি কি স্পষ্টতঃ জড়বাদী আমেরিকান ও অক্যান্ত পাশ্চান্ত্য দেশবাসীদের মধ্যে আপনার ব্রত উদ্যাপনপূর্বক সতাই স্বায়ী মঙ্গলসাধন করিয়াছেন ?' তিনি উত্তর দিলেন, 'খুব বেশী নয়। আমি আশা রাথি যে, আমি ইতন্তত: যে বীজ বপন করিয়াছি, উহা কালে বর্ধিত হইয়া কিছু লোকের উপকার সাধন করিতে পারিবে।' দিতীয় প্রশ্ন ছিল, 'আবার কথন আপনার কার্যসাধন ব্যপদেশে আমরা আপনাকে দক্ষিণদেশে পাইব ?' তিনি উত্তর দিলেন, 'এই বিষয়ে কোন সন্দেহ রাখিও না যে, আমি হিমালয়ে কিঞ্চিৎ বিশ্রাম উপভোগ করিব এবং তারপর দেশের সর্বত্ত হিমপ্রবাহবৎ সবেগে ঝাঁপাইয়া পড়িব।'"

বান্ধলা জীবনীর মতে প্রথম দিন মাদ্রাজ-বাসীদের অভিনন্দন পাঠের পর 'বিছং-বৈদিক-সভা', 'মাদ্রাজ সংস্কার সমিতি' ও থেতড়ীর রাজার পক্ষ হইতেও অভিনন্দনপত্র পঠিত হয়। শেষ দিনের বক্তৃতা প্রদন্ত হয় একটি বৃহৎ শামিয়ানার নিম্নে এবং তাহাতে প্রায় চারি সহস্র শ্রোতা সমাগত হইয়াছিলেন। বিদায়ের পূর্বে স্বামীজীকে অন্পরাধ করা হইয়াছিল, তিনি যেন মাদ্রাজেই থাকিয়া যান এবং সেখানে একটি কেন্দ্র স্থাপন করেন। স্বামীজী বলিয়া গেলেন, তাঁহার পক্ষে থাকা একেবারেই অসম্ভব, তবে ঐ কার্যের জন্ম তিনি তাঁহার একজন গুরুলাতাকে পাঠাইবেন।

এই অধ্যায়শেষের পূর্বে মাল্রাজে স্বামীজীর বাণী কি প্রকার রূপ ধারণ করিয়াছিল, সংক্ষেপে তাহার একট্র পরিচয় দেওয়া আবশুক। চিন্নলপেট ন্টেশন হইতে মান্ত্ৰাজ পৰ্যন্ত স্বামীজীর সহিত টেনে ভ্ৰমণকালে 'হিন্দু' পত্ৰিকার সংবাদদাতা তাঁহার সহিত যে আলোচনা করেন, তাহাতে উল্লেখযোগ্য কথাগুলি এই: "ষথন ভারতে এমন লোক জন্মাবে, যারা দেশের জন্ম সব ছাড়তে প্রস্তুত, আর यात्मत्र मन मूथ এक, ज्थन ভाরতও সব বিষয়ে বড় হবে।" ('वानी ও রচনা', ৯।৪৬১)। "স্ব সমাজ-সংস্থারকেরা, অস্ততঃ তাদের নেতারা, এখন তাঁদের সাম্যবাদ প্রভৃতির একটা ধর্মীয় বা আধ্যাত্মিক ভিত্তি বার করবার চেষ্টা করছে— আর সেই ভিত্তি কেবল বেদাস্তেই পাওয়া যায়।…নৃতন ভাবে সমাজ গঠন করতে হ'লে বেদাস্তকে ভিত্তিশ্বরূপ নেওয়া দরকার।" (ঐ, ৪৬০)। "জাতিবিভাগ খুব ভাল। এই জাতিবিভাগ-প্রণালীই আমরা অমুসরণ করতে চাই।...ভারতে এই জাতিবিভাগ-প্রণালীর উদ্দেশ্ত হচ্ছে সকলকে ব্রাহ্মণ করা—ব্রাহ্মণই আদর্শ মামুষ। েশেষে সকলেই ব্রাহ্মণ হবে। এই আমাদের কার্যপ্রণালী। কাকেও नामार् इटव ना-नकनरक छोर्छ इटव।" "लाकरमत्र निरक्रमत्रहे ममारकत्र সংস্কার, উন্নতি প্রভৃতির চেষ্টা করতে হবে।…এর জন্মে লোকদের শিক্ষা দিতে হবে—তাতে তারা নিজেদের সমস্তা নিজেরাই সমাধান ক'রে নেবে। তা না হ'লে এ-সব সংস্কার আকাশকুস্থমই থেকে যাবে। নৃতন প্রণালী হ'ল—নিজেদের দারা নিজেদের উন্নতিসাধন।" "ইওরোপের কাছ থেকে ভারতকে শিখতে হবে—বহিঃপ্রকৃতি জয়, আর ভারতের কাছ থেকে ইওরোপকে শিখতে হবে—অস্তঃ-প্রকৃতি জয়। তাহ'লে আর হিন্দু, ইওরোপীয় ব'লে কিছু থাকবে না; উভয়প্রকৃতি জয়ী এক আদর্শ মহুয়সমাজ গঠিত হবে।" (ঐ, ৪৬৫-৬৭)। এই সাক্ষাৎকারকালে তিনি মাল্রাজ ও কলিকাতায় ছইটি কেন্দ্র স্থাপনের অভিলাষও জ্ঞাপন করিয়াছিলেন; এতদ্বাতীত হিমালয়ে বেদাস্ত-কেন্দ্র প্রতিষ্ঠার সয়য় তো ছিলই।ইতিপুর্বে মহুরায় এক সাক্ষাৎকারকালে তিনি জাতিভেদ সম্বন্ধে এইর্মপ বলিয়াছিলেন: "অহিন্দুকে হিন্দু করা হিন্দুধর্ম আপত্তিকর জ্ঞান করেন না।' যেকোন ব্যক্তি—তিনি শৃত্রই হউন আর চণ্ডালই হউন—ব্যক্ষণের নিকট পর্যন্ত পারেন। অতি নীচ ব্যক্তির নিকট হইতেও—তিনি যে-কোন জ্ঞাতি হউন বা যে-কোন ধর্মাবলম্বী হউন—সত্য শিক্ষা করা ঘাইতে পারে।" (ঐ, ৪৫৯)।

ক্যাসল কার্নানে অপর একজন সাংবাদিকের সহিত আলাপপ্রসঙ্গে তিনি বলিয়াছিলেন: "আমার মতে আমাদের জাতীয় অবনতির মূল কারণ—অপরাপর জাতির সহিত না মেশা।…পাশ্চান্ত্যের সহিত আমরা কখনও পরস্পারের ভাবের তুলনামূলক আলোচনা করিবার স্থযোগ পাই নাই। আমরা কুপমভুক হইয়া গিয়াছিলাম।" (এ, ৪৬৯-৭০)। "আমার মনে হয়, দেশের জনসাধারণকে **ज्यतरहा कतारे जामारमत अवन काठीय भाभ এवः ठारारे जामारमत** অবনতির অন্ততম কারণ। যতদিন না ভারতের সর্বসাধারণ উত্তমরূপে শিক্ষিত হইতেছে, উত্তমরূপে খাইতে পাইতেছে, অভিজ্ঞাত ব্যক্তিরা যতদিন না তাহাদের উত্তমরূপে বত্ব লইতেছে, ততদিন বতই রাজনীতিক আন্দোলন করা হউক না কেন, কিছুত্তেই কিছু হইবে না।...উদীয়মান যুবক সম্প্রদায়ের উপরেই আমার বিশ্বাস। তাহাদের ভিতর হইতেই আমি কর্মী পাইব। ... আমার মতে দেশের সর্বসাধারণকে তাহাদের অধিকার প্রদান করিলেই বর্তমান ভারতের সমস্থাগুলির সমাধান হইবে। --- আমাদের সর্বাপেক্ষা গুরুতর প্রয়োজন—নিজের উপর বিখাসী হওয়া; এমন কি, ভগবানে বিশাস করিবারও পূর্বে সকলকে আত্মবিশাস-সম্পন্ন হইতে হইবে। তৃ:ধের বিষয়, ভারতবাসী আমরা দিন দিন এই আত্মবিশ্বাস হারাইতেছি।" (ঐ, ৪৭২-৪৭৩)।

আমরা দেখিব, সাংবাদিকগণকে প্রদন্ত এই বাণীগুলিরই বিস্তার সাধিত হইয়াছিল তাঁহার মাদ্রাজের বক্তৃতাবলীতে; এমন কি, ভারতীয় অক্সাম্থ বক্তৃতাতেও ইহার পুনক্ষক্তি পাওয়া যায়। এই হিসাবে মাদ্রাজের ভাষণগুলি ও উক্তিগুলি বিশেষ প্রণিধানযোগ্য। আমরা অবশ্য এখানে জনকল্যাণার্থ স্বামীজীর কার্যপ্রণালী ও উহার ভিত্তির কথাই আলোচনা করিতেছি। শাস্ত্রীয় বিষয় ব্যাথ্যাকল্পে তিনি যাহা বলিয়াছিলেন তাহা এখানে বিবেচ্য নহে। উহার বিশেষত্ব ও মৌলিকতা সম্বন্ধে আমরা অক্তর্ত্ত কিছু বলিয়াছি; আরও বলিবার অবকাশ পাইব।

মাদ্রাজ্যের অভিনন্দনের উত্তরে প্রথম দিনের অসমাপ্ত সংক্ষিপ্ত ভাষণে তিনি বলিয়াছিলেন: "পৃথিবীর সকল জাতি ছইটি বড সমস্তার সমাধানে নিযুক্ত।… এই ছইটির মধ্যে কোন্টি জয়ী হইবে ?…জীবনসংগ্রামে প্রেমের জয় হইবে, না ঘণার ?—ভোগের জয় হইবে, না ত্যাগের ?—জড় জয়ী হইবে, না চৈতন্ত জয়ী হইবে ?…এই মহান্ জাতি অনেক ছ্রদৃষ্ট, বিপদ ও ছংখের ভার, যাহা পৃথিবীর অপর কোন জাতিকে ভোগ করিতে হয় নাই, তাহা সত্ত্বেও জীবিত রহিয়াছে; কারণ এই জাতি ত্যাগের পথ অবলম্বন করিয়াছে; আর ত্যাগ ব্যতীত ধর্ম কি করিয়া থাকিতে পারে ?" (ঐ, ৫।১১-১২)।

অতঃপর প্রদত্ত বক্তৃতা 'আমার সমরনীতি'তে উল্লিখিত বিষয়গুলির মধ্যে এই কয়েকটি কথার প্রতি দৃষ্টি আকর্ষণ করা চলে: বক্তৃতা-প্রারক্ষে তিনি জনসাধারণের ভ্রম বিদ্রণার্থ বলিলেন ষে, থিওসফিস্টরা ও ব্রাহ্মনেতা প্রতাপচন্দ্র মজুমদার বিদেশে তাঁহার সাহায্য তো করেনই নাই, বরং পদে পদে বাধা সৃষ্টি করিয়াছিলেন। তারপর সংস্কারকগণ তাঁহাকে দাবাইবার যে র্থা চেষ্টা করিতেছিলেন, তাহার উল্লেখ করিয়া তিনি বলিলেন, "কতকগুলি সংস্কার-সমিতি আমাকে ভয় দেখাইয়া তাঁহাদের সহিত যোগ দিতে বাধ্য করিবার চেষ্টা করিতেছেন," কিস্ক "এত সহজে ভয় দেখানো চলে না,…জগতের নিকট আমার কিছু বার্তা বহন করিবার আছে, আমি নির্ভয়ে এবং ভবিয়্মতের জক্ত কিছুমাত্র চিন্তা না করিয়া সেই বার্তা বহন করিব। সংস্কারকগণকে আমি বলিতে চাই, আমি তাঁহাদের অপেক্ষা একজন বড় সংস্কারক। তাঁহারা একটু আর্বচ্ছ সংস্কার করিতে চান—আমি চাই আম্ল সংস্কার। তাঁহাদের প্রণালী ভাঙ্গিয়া-চুরিয়া ফেলা, আমার পদ্ধতি সংগঠন। আমি সাময়িক সংস্কারে বিশ্বাসী নহি, আমি

স্বাভাবিক উন্নতিতে বিশাসী। ... জাতীয় জীবনের পুষ্টির জন্ম যাহা আবশুক তাহা উহাকে দিয়া যাও, কিন্তু উহা নিজের প্রকৃতি অমুধায়ী বিকশিত হইবে, কাহারও সাধ্য নাই 'এইরূপ বিকশিত হও' বলিয়া উপদেশ দিতে পারে।... শামাজিক ব্যাধির প্রতিকার বাহিরের চেষ্টাছারা হইবে না-মনের উপর কার্য করিবার চেষ্টা করিতে হইবে। তপ্রতাক্ষভাবে চেষ্টা না করিয়া শিক্ষাদানের দ্বারা পরোক্ষভাবে উহার চেষ্টা করিতে হইবে। আমাদের সমাজে যেসকল বিশেষ দোষ রহিয়াছে, দেগুলি বৌদ্ধর্মকৃত।" অতঃপর স্বামীন্ধী প্রতিমাপুলার কথা উল্লেখ করিয়া বলিলেন যে, উহা নিন্দনীয় নহে। সমাজের উন্নতির জন্ম ধর্মকে আরও দবল করিতে হইবে—ইহাই ছিল প্রাচীন মহাপুরুষদের কার্যপদ্ধ। আর চাই আত্মবিশ্বাস ও বীর্য-- "আমাদের এখন আবশুক শক্তিসঞ্চার। আমাদের আবশ্যক—লোহের মতো পেশী ও বজ্জদুঢ় স্নায়ু। আমরা অনেকদিন ধরিয়া কাঁদিয়াছি। আর কাঁদিবার প্রয়োজন নাই। েতোমাদের উপনিষদ--সেই বলপ্রদ, আলোকপ্রদ দিব্য দর্শনশাস্তগুলি আবার অবলম্বন কর, আর এইসকল রহস্তময় তুর্বলতাজ্ঞনক বিষয় পরিত্যাগ কর। েলোকে স্বদেশহিতৈষিতার আদর্শের কথা বলিয়া থাকে। ... মহৎ কার্য করিতে গেলে তিনটি জিনিদের আবশ্রক। প্রথমতঃ হদয়বতা, আন্তরিকতা আবশুক। ... মানিলাম, তোমরা দেশের তুর্দশার কথা প্রাণে প্রাণে বৃঝিতেছ , কিন্ধ জিজ্ঞাসা করি, এই হুর্দশা প্রতিকার করিবার কোন উপায় স্থির করিয়াছ কি? ... কিন্তু ইহাতেও হইল না। তোমরা কি পর্বতপ্রায় বাধাবিদ্নকে তৃচ্ছ করিয়া কাজ করিতে প্রস্তুত আছ ?…এই সমাজের বিরুদ্ধে একটিও কর্কশ কথা বলিও না।" (এ, ৫।৯৩-১১৮)।

'ভারতীয় জীবনে বেদান্তের কার্যকারিতা' দেখাইতে গিয়া স্বামীজী বলিলেন, হিন্দুধর্মের মূল ভিত্তি বেদ বা বেদেরই অস্তর্ভূ ক উপনিষদ্মমূহ। অক্যান্ত পুরাণাদি শাস্ত্র অপ্রামাণিক নহে; তথাপি বিরোধস্থলে উপনিষদ্ই গ্রাহ্ম। উপনিষদ্ অবলম্বনে ভারতের ধর্মসমূহের মধ্যে সমস্বয়স্থাপন স্থসাধ্য। আবার "এই বিষয়টি অরণ রাখিতে হইবে, সমগ্র জীবনে আমি এই শিক্ষা পাইয়াছি—উপনিষদ্ বলিতেছেন, হে মানব, তেজস্বী হও, ত্র্বলতা পরিত্যান্স কর। আবার উপনিষদ্ দেখাইয়া দেয় যে, ঐ মৃক্তি তোমাদের মধ্যে পূর্ব হইতেই বিছমান। আবতের নিকট এই মহান্ তম্বটি লাভ করিবার জন্ম পৃথিবীর লোক অপেক্ষা করিতেছে। আজ্ঞাতসারে প্রত্যেক ব্যক্তির ভিতরেই দেবত্ব বর্তমান।" এই

বলিয়া স্থামীজী দেখাইয়া দিলেন যে, এই তত্ত্বের স্থীকৃতি ও প্রয়োগের ফলে সমাজ-ব্যবস্থায় বহু বাঞ্চনীয় পরিবর্তন সাধিত হইতে পারে। তারপর বলিলেন, "আমাদের উপনিষদ্ হইতে আর একটি মহান্ উপদেশ লাভ করিবার জক্য পৃথিবী অপেক্ষা করিতেছে— সমগ্র জগতের অথণ্ডত্ব।" স্থামীজী স্থদেশপ্রেমিক হইলেও, বিশ্বপ্রেম বা বিশ্বের সহিত আদান-প্রদান বাদ দিয়া ভারত তাহার পৃথক নিরপেক্ষ সন্তা বজায় রাখিতে পারে, বর্তমান যুগে এমন অসম্ভব কথা বিশ্বাস করিতেন না—"রাজনীতি ও সমাজনীতির ক্ষেত্রেও যেসকল সমস্যা বিশ বংসর পুর্বে শুধু জাতীয় সমস্যা ছিল, এখন আর জাতীয় ভিত্তিতে দেগুলির সমাধান করা যায় না। আন্তর্জাতিক ভিত্তিরপ প্রশন্তত্বর ভূমি হইতেই শুধু উহাদের মীমাংসা করা যাইতে পারে। "সকলের ভিতর একত্বভাব কিভাবে বিস্তৃত হইতেছে, ইহাই তাহার প্রমাণ।" লক্ষ্য করিবার বিষয় এই যে, এই কথাগুলি এমন স্পষ্টভাষায় তাহার পূর্বে আর কোন ভারতীয় বলেন নাই। আবার শুর্ব রাজনীতিক সমস্যাই নহে, স্থামীজী দেখাইয়া দিয়াছিলেন যে, নীতিশান্ত্রের সমস্যাবলীর মীমাংসার এবং উহার যুক্তিসম্যত ভিত্তিভূমির সন্ধানও একমাত্র উপনিষদেই লভ্য।

ট্রিপ্লিকেন সাহিত্য সমিতিতে প্রদত্ত 'আমাদের উপস্থিত কর্তব্য' বক্তৃতাতে উল্লেখযোগ্য ন্তন বিষয় এই : "আমাদের শালোপদিষ্ট সকল বিষয়েরই লক্ষ্য—নিজ ক্ষু গণ্ডি হইতে বাহির হইয়া সকলের সহিত মিলিয়া মিশিয়া, পরস্পরে ভাব আদান-প্রদান করিয়া উদার হইতে উদারতর হওয়া—ক্রমশ: সার্বভৌম ভাবে উপনীত হওয়া। অআ্যাত্মিক চিন্তা দ্বারা জগদ্বিজয় বলিতে আমি জীবনপ্রদ তত্মমূহের প্রচারকেই লক্ষ্য করিতেছি, শত শতান্ধী ধরিয়া আমরা বে কুসংস্কারগুলিকে আলিঙ্কন করিয়া রহিয়াছি—দেগুলি নহে; ঐ আগাছাগুলিকে এই ভারতভূমি হইতে পর্যন্ত উপড়াইয়া ফেলিয়া দিতে হইবে, যাহাতে উহারা একেবারে মরিয়া যায়। অআমরা ব্যক্তিবিশেষের মতাহুগামী নহি, আমরা চিরকালই ধর্মের তত্মগুলির উপাসক। ব্যক্তিগণ সেই তত্মমূহের সান্ধার মূর্তিস্বরূপ। অক্সান্থভূতির বিভিন্ন সোপান আছে। অজ্ঞানের ইতি করা যায় না। অমাদের ধর্ম বলে — মন্ত্রন্তাই শ্বিগিবে তিত্ব সেই সত্যের আবির্ভাব হইয়াছিল—একজন তৃইজনে নহে, অনেকের মধ্যে ঐ সত্য আবির্ভৃতি হইয়াছিল এবং ভবিন্ততেও হইবে। আয়াহা আমাদিগকে সেই অক্ষর পুরুষের সাক্ষাৎ করায় ভাহাই ধর্ম, আর এই ধর্ম সকলের জন্য।"

মাদ্রাজের শেষ বক্তৃতা—'ভারতের ভবিশ্বং'। স্বামীন্দ্রী উহাতে বলিলেন: "আমেরিকা ধাইবার অনেক বংসর পূর্ব হইতেই আমার মনে এই সঙ্কপ্পঞ্জলি ছিল: আমাদের শাস্ত্রভাগ্তারে সঞ্চিত্ত, মঠ ও অরণ্যে গুপ্তভাবে রক্ষিত তবগুলিকে আমি সাধারণের বোধগম্য করিতে চাই। তাহাদিগকে অবশুই চলিত ভাষায় শিক্ষা দিতে হইবে; সন্ধে সঙ্কে সংস্কৃত শিক্ষাও চলিবে।…জাতি-ভেদের বৈষম্য দ্ব করিয়া সমাজে সাম্য আনিবার একমাত্র উপায় উচ্চবর্ণের শক্তির কারণম্বরূপ শিক্ষাও কর্ষ্টি আয়ত্ত করা।…আমাদিগকে সম্প্র জাতির আধ্যাত্মিক ও লৌকিক শিক্ষার ভার লইতে হইবে। তোমরা এখন যে শিক্ষা পাইতেছ…প্রথমতঃ ঐ শিক্ষায় মামুষ তৈরি হয় না—ঐ শিক্ষা সম্পূর্ণ নান্তিকভাব-পূর্ণ। এইরূপ শিক্ষায় অথবা অন্য যে-কোন নেতিমূলক শিক্ষায় সব ভাঙ্গিয়া-চুরিয়া যায়।…মাথায় কতকগুলো তথ্য ঢুকানো হইল, সারাজীবন হজম হইল না—অসম্বদ্ধভাবে মাথায় ঘূরিতে লাগিল—ইহাকে শিক্ষা বলে না। বিভিন্ন ভাবকে এমনভাবে নিজের করিয়া লইতে হইবে, যাহাতে আমাদের জীবন গঠিত হয়, যাহাতে মামুষ তৈরী হয়, চরিত্র গঠিত হয়।"

এই বক্তভাতেই স্বামীজী স্বীয় স্বদেশপ্রেম ও স্বজাতিপ্রীতির পরাকাষ্ঠা দেখাইয়াছিলেন; কিন্তু ইহার সবটুকুই ছিল ধর্মভাবে উৰুদ্ধ। তিনি দেশের সকলকে ডাকিয়া বলিয়াছিলেন, "আগামী পঞ্চাশ বংসর আমাদের গরীয়দী ভারতমাভাই আমাদের আরাধ্য দেবতা হউন, অহ্যাহ্য অবেজা দেবতা এই কয়েক বংসর ভুলিলে কোন ক্ষতি নাই। অহ্যাহ্য দেবতারা ঘুমাইতেছেন; তোমার স্বজাতি—এই দেবতাই একমাত্র জাগ্রত; সর্বত্রই তাঁহার হস্ত, সর্বত্র তাঁহার কর্ব, তিনি সকল স্থান ব্যাপিয়া আছেন। কোন্ অকেজো দেবতার অম্বেষণে তুমি ধাবিত হইতেছ, আর ভোমার সম্মুখে, ভোমার চতুর্দিকে যে দেবতাকে দেবিতেছ, দেই বিরাটের উপাসনা করিতে পারিতেছ না? যখন তুমি এই দেবতার উপাসনায় সমর্থ হইবে, তখনই অহ্যাহ্য দেবতাকেও পুজা করিবার ক্ষমতা ভোমার হইবে।…সকলেই যোগী হইতে চায়, সকলেই ধ্যান করিতে অগ্রসর! তাহা হইতে পারে না।…এ কি ভামানা? এসব অর্থহীন বাজে কথা! আবেছাক—চিত্তশুদ্ধি, কিরপে এই চিত্তশুদ্ধি হইবে? প্রথম পুজা বিরাটের পুজা; তোমার সম্মুখে—ভোমার চারিদিকে যাহারা রহিয়াছেন, তাহাদের পুজা; ইহাদের পুজা করিতে হইবে—'দেবা'নহে। দেবা বলিলে

আমার অভিপ্রেত ভাবটি ঠিক বুঝাইবে না, 'পুজা' শব্দেই ঐ ভাবটি ঠিক প্রকাশ করা যায়।" (ঐ, ৫।১৯৯)।

চেয়াপুরী অয়দান-সমাজমে তিনি বলেন যে, ভারতে অবিচারিত দানের ফলে অনেক ক্ষেত্রে অসং পাত্র লাভবান হইলেও উহা জ্ঞান, সচ্চিস্তা, ধর্ম ও নীতি সংরক্ষণে সমর্থ হইয়াছে—ব্রাহ্মণ ও সয়্যাসীরা এভাবেই প্রতিপালিত হন। পাশ্চান্ত্যের বিধিবদ্ধ দানে ব্যয়সাধ্য দারিদ্র্য-ত্থ-নিবারণ-প্রথার উদ্ভব হইয়াছে এবং ভিক্ষক ও চোর-ভাকাত শব্দম্য সমার্থক হইয়া পড়িয়াছে।

মোটের উপর মান্রাজের বক্তৃতা ও আলাপ-আলোচনার মধ্যে আমরা তাঁহার ভারতসম্বন্ধীয় চিস্তাধারার প্রায় সব স্ত্রগুলিই স্পষ্টাকারে পাইয়া গেলাম —ইহা বলা চলে। অত্তএব অতঃপর আর তাঁহার বক্তৃতাবলীর বক্তব্য বিষয় সর্বত্র উদ্ধৃত করার প্রয়োজন হইবে না।

ইতিমধ্যে স্বামীজী পাশ্চান্তা দেশ হইতে তত্রতা কার্যের ক্রমিক উন্নতি ও প্রসারাদি সম্বন্ধে যে সব পত্রাদি পাইতেছিলেন, তন্মধ্যে বন্ধুবর্গের এই যুক্ত-পত্রথানি বিশেষ অর্থপূর্ণ:

"ভারতবর্ষস্থিত স্বামী বিবেকানন্দের প্রতি—

"প্রিয় স্থহং ও ভাত:,

"আমেরিকায় বেদান্তধর্ম ও বেদান্তদর্শনের ব্যাখ্যার কার্যে আপনি যেরপ পারদর্শিতা প্রদর্শন ও চিন্তাশীল ব্যক্তিগণের মধ্যে যেরপ ঐৎস্থক্য ও অফুসদ্ধিৎসা স্কলন করিয়াছেন, তাহাতে আমরা ধর্ম, দর্শন ও নীতিশাস্ত্রের তুলনামূলক আলোচনাকারী এই কেম্ব্রিজ কনফারেন্সের সভ্যগণ ভবৎক্রত এই কার্যকে বিশেষ মূল্যবান বলিয়া স্বীকার করিতে অতিশয় আনন্দবোধ করিতেছি। আমাদের বিশাস আপনি ও আপনার সহকারী স্বামী সারদানন্দ যেভাবে এই ব্যাখ্যা করিয়াছেন, তাহাতে যে শুধু কোন গভীর তত্ত্ব আম্বাদনেরই স্থ্য আছে তাহা নহে, পরস্ক তন্দারা বহু দ্রবর্তী জাতিসমূহের মধ্যে মৈত্রী ও সৌভাত্রবন্ধন স্বদৃচ্ হইবে এবং মন্ত্র্যুজাতির স্বাভাবিক ইষ্ট যে এক এবং তাহাদের পরস্পরের মধ্যে যে বিলক্ষণ ঘনিষ্ঠ আত্মীয়তা বিভ্যমান—এই ধারণা (যাহা আমরা জগতের সকল উচ্চ ধর্মের নিকট শ্রবণ করিয়া আসিতেছি) আমাদের হৃদয়ক্ষম করা সম্ভব হইবে।

"আমাদের থুব আশা আছে, আপনার ভারতীয় কার্য এই মহত্দেশুসাধনে আরও অধিক সহায়তা করিবে এবং আপনি সেই দ্রদেশস্থিত মহান্ আর্যবংশ-সম্ভূত ভ্রাতৃগণের নিকট হইতে ভ্রাতৃত্মেহের স্থান্ত্রিয়া আখাসবাণী লইয়া পুনরায় আমাদিগের নিকট আগমন করিবেন এবং সঙ্গে সক্রে আনিবেন আপনার স্বদেশীয়গণের জীবনযাত্রা-প্রণালী ও ভাবের সংস্পর্শ হইতে যে অভিজ্ঞতালাভ ও চিস্তাশীলতার উদ্ভব হয় তাহার ফলম্বরূপ স্থপরিপক জ্ঞানসম্ভার।

"এই কন্ফারেন্সের অধিবেশনসমূহের যে ফলপ্রদ কার্যসম্ভাবনার দার উন্মুক্ত হইতেছে তাহা অবলোকন করিয়া আমরা সানন্দে জানিতে উদ্গ্রীব হইয়াছি, আগামী বর্ষে আপনার কার্যসমূহ কিভাবে পরিচালিত হইবে এবং আপনাকে আমাদের আচার্যরূপে প্রাপ্ত হইবার কোন আশা আছে কি না। আমাদের একান্ত ইচ্ছা আপনি অচিরে আমাদের নিকট ফিরিয়া আসেন; এবং যদি আপনি আসেন, তাহা হইলে পূর্ব বন্ধুগণের সকলেই যে হৃদদ্বের ঐকান্তিকী প্রীতিসহযোগে আপনার সম্বর্ধনা করিবেন ও আপনার কার্যে ক্রমবর্ধমান উৎসাহের সহিত যোগ দিবেন, তাহাতে আর কোন সন্দেহ নাই। ইতি—

"আপনার একান্ত অনুরক্ত ও প্রাতৃভাবে আবদ্ধ "লুইস জি. জেন্স; ডি. ডি. ডি.রেক্টর; সি. সি. এভারেট, ডি. ডি.; উইলিয়ম জেম্স; জন্ এইচ রাইট; জোসিয়া রয়েস্; জে ই. লো; এ. ও. লভজয়; রাচেল কেন্ট টেলর; সারা সি. বুল; জন্ পি. ফল্প।" (বাঙ্গলা জীবনী, ৬১৮-১৯)

স্বাক্ষরকারীরা আমেরিকার সমাজে লক্ষপ্রতিষ্ঠ এবং কেহ কেহ বিশ্ববিশ্রত ছিলেন। ডাঃ জেন্স ছিলেন ক্রকলিন নৈতিক সমিতির সভাপতি; এভারেট —হার্ভার্ড বিশ্ববিচ্ছালয়ের ডীন; জেম্স—বিশ্ববিধ্যাত দার্শনিক ও মনন্তত্ত্ববিং; রাইট—হার্ভার্ড বিশ্ববিচ্ছালয়ের গ্রীকভাষার অধ্যাপক; মিসেস বুল—ক্যান্থিজ কনফারেন্সের পৃষ্ঠপোষণকারিণী ও সমাজনেত্রী; ফক্স—ঐ কনফারেন্সের অবৈতনিক সম্পাদক।

এই পত্র ছাড়া ক্রকলিন নৈতিক সমিতির পক্ষ হইতেও স্বামীজীর প্রশংসামূখর ও বিজয়বার্তাজ্ঞাপক একথানি পত্র আদে; উহার শিরোনামায় ছিল—'আমাদের ভারতীয় আর্থ-ভ্রাতৃগণের প্রতি'। এই পত্রের বহু সংখ্যক অন্থলিপি মৃদ্রিত হইয়া মাদ্রাব্ধে বিতরিত হইয়াছিল।

ভেট্রয়েটের বিয়াল্লিশজন অহুরাণীর স্বাক্ষরযুক্ত তৃতীয় আর একথানি অভিনন্দনলিপিও আদিয়াছিল। তাহাতে লিখিত ছিল:

"বহুজাতির মাতৃস্থানীয়া প্রাচীন আর্যজাতির এক শাখা কর্তৃক শাসিত, প্রাচীন অথচ নবীন এই দেশের এই বহু দ্রবর্তী নগরী হইতে আমরা আপনার জন্মভূমি—বেখানে যুগযুগান্তরের জ্ঞানভাণ্ডার নিহিত আছে—দেই ভারতভূমিতে আপনাকর্তৃক আমাদিগের নিকট আনীত বাণীর প্রতি হৃদয়ের একান্ত প্রদান প্রপ্রীতি বিজ্ঞাপিত করিতেছি। আর্যবংশান্তব প্রতীচ্যবাসী আমরা আমাদের প্রাচ্য আত্গণের নিকট হইতে এত দীর্ঘকাল পৃথক্ হইয়াছি যে, আমরা যে একই শোণিত হইতে উৎপন্ন তাহা আপনার আগমনের পূর্ব পর্যন্ত একপ্রকার বিশ্বত হইয়াছিলাম বলিলেই হয়। কিন্তু আপনি এদেশে আসিয়া আপনার দিব্য সামীপ্য ও অমূপম বচনচ্ছটায় আমাদের মধ্যে সেই নির্বাণপ্রায় জ্ঞানবহ্নি প্রজ্ঞানিত করিয়াছেন, য়লারা আমরা জ্ঞানিতে পারিতেছি যে, আমেরিকার আমরা ও ভারতের আপনারা বিভিন্ন নহি—মূলতঃ এক।

"প্রেমময় ও জ্ঞানময় জগদীখর সকল কার্যে আপনার সহায় ও নিয়স্তা হউন এবং সর্ববিধ কল্যাণ আপনাকে আশ্রয় করুক। ও তৎ সং।"

(वाक्रना कीवनी, ७२०-२১)।

অন্তান্ত পত্রের মধ্যে একখানি পত্রে আমেরিকাবাসিগণ স্বামীজীর আমেরিকায় কার্যনিরত গুরুলাতাদের সাফল্য ও কর্মবিস্তারের কথা উল্লেখ করায় তিনি বিশেষ আনন্দিত হইয়াছিলেন। অবশ্য উহাতে তাঁহার নিজের প্রশংসাও ছিল, কিন্তু স্বামীজী আত্মপ্রশংসা অপেক্ষা আরক্ষকার্যের সাফল্যকে অধিক মূল্য দিতেন। স্বামীজী আরপ্ত জানিতে পারিয়াছিলেন যে, নিউ ইয়র্কের নিউ সেঞ্রী হলে বেদাস্তসভার ছাত্রগণ যথন স্বামী সারদানন্দকে অভ্যর্থনা করেন, তথন ডাঃ এফ. জি. ডে বলেনঃ

"শ্রোত্মগুলীর মধ্যে এমন অনেককে দেখিতেছি যাঁহারা আমাদের অশেষ গুণভূষিত প্রিয়তম আচার্য স্থামী বিবেকানন্দের শ্রীমৃথ হইতে বেদান্তের গভীর তদ্বোপদেশ শ্রবণ করিবার জন্ম সমবেত হইতেন। আরও অনেককে দেখিতেছি যাঁহারা সেই প্রিয় বন্ধু ও শিক্ষাদাতা গুরুর স্বদেশগমনে হৃঃথে সস্তাপিত হইয়াছেন এবং তাঁহার পুনরাগমনের জন্ম দীর্ঘকাল একাস্তচিত্তে প্রার্থনা করিতেছেন। তাঁহারা সকলেই শুনিয়া আশ্বন্থ হইবেন যে, তাঁহার পরিত্যক্ত কার্যভার উপযুক্ত ব্যক্তির হন্থেই ক্যন্ত হইয়াছে। ইহার নাম স্থামী সারদানন্দ। পূর্ববর্তী আচার্যের ক্যায় ইহাকেও আমরা আমাদের শ্রদ্ধা ও প্রীতির অর্ঘ্য নিবেদনে উন্মুখ। আমার দৃঢ় বিশ্বাস, ইহাই আপনাদের বর্তমান মনোভাব। অতএব আফ্বন এক্ষণে সকলে মিলিয়া এই নবাগত আচার্যকে অভিবাদন ও অভ্যর্থনা করি।"

বিদেশে কীর্তি ও অভিজ্ঞতা অর্জন করিয়া এই উভয় বস্তু স্বদেশের কার্বে নিয়োগের জন্ম কতসম্ম স্বামীজী কলম্বোয় পদার্পণের সঙ্গে সঙ্গেই স্বীয় অভীষ্ট-পুরণে ব্রতী হইয়াছিলেন। ম্বদেশের মন্ধল-চিস্তা ও তত্তদেশ্রে কর্মপন্থা আবিদ্বারের প্রচেষ্টা তিনি পূর্বেও করিয়াছিলেন; কিন্তু এবারে তাঁহার ব্যক্তিত্বের মধ্যে ও ভাব-প্রকাশের মধ্যে এমন একটি আশ্চর্য পরিবর্তন সাধিত হইয়াছিল. যাহার ফলে মনে হইয়াছিল, সাফল্য তাঁহার করতলগত। ইহা লক্ষ্য করিয়া শ্রীযুক্ত রামস্বামী শাস্ত্রী লিখিয়াছিলেন: "১৮৯২ খুষ্টাব্দের বিবেকানন্দ এবং ১৮৯৭ খুষ্টান্দের বিবেকানন্দের মধ্যে একটা পার্থক্য লক্ষ্য করিয়া আমি খাশ্চর্যান্তিত হইয়াছিলাম। ১৮৯২ খুষ্টাব্দে তাঁহাকে দেখিয়া মনে হইত, ভাগ্যদেবতার সহিত যেন তাহার একদিন না একদিন মোকাবিলা হওয়া পূর্ব হইতেই স্থির হইয়া আছে: কিন্তু তিনি ঠিক জানিতেন না, কবে, কোথায়, কিভাবে দে মুখোমুখি সাক্ষাৎকার ঘটিবে। কিন্তু ১৮৯৭ খুষ্টাব্দে তাঁহাকে দেখিয়া মনে হইত, তাঁহার নে সাক্ষাৎকারলাভ ঘটিয়া গিয়াছে; তিনি স্বীয় জীবনত্রতের পরিকার পরিচয় পাইয়াছেন এবং ইহার উদ্যাপন সম্বন্ধেও সম্পূর্ণ আস্থাবান। তিনি এখন চলিতেন স্থির অকম্পিত পদবিক্ষেপে এবং নিয়তিনির্দিষ্ট পথে অগ্রসর হইতে হইতে তিনি আজ্ঞা প্রচার করিতে থাকিতেন আর জানিতেন যে. সে আদেশ বিশ্বস্করপে প্রতিপালিত হইবে।" ('রেমিনিসেন্সেন', ১১১)।

জননী জন্মভূমি

এক হিসাবে কলম্বায় পদার্পণ হইতেই স্বামীজীর স্বদেশে প্রত্যাবর্তনের দিন আরম্ভ হইলেও বঙ্গদেশ ও কলিকাতার সহিত তাঁহার একটা ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। কলিকাতা নগরে তাঁহার জন্ম হইয়াছিল, বঙ্গদেশের জলবায়তেই তাঁহার দেহ গঠিত হইয়াছিল, শিক্ষা-দীক্ষাও হইয়াছিল কলিকাতায় বা উহারই উপকঠে। আর এই মহানগরেই বাস করিতেছিলেন তাঁহার পরমপুজনীয়া স্নেহময়ী জননী ভূবনেশ্বরী দেবী। অতএব অহ্য জায়গার সহিত ইহার একটা পার্থক্য ছিল; স্বামীজী তাহা জানিতেন, বঙ্গবাসীরাও এই বিষয়ে অবহিত ছিলেন। অতএব কলিকাতাবাসীরাও তাঁহার অভ্যর্থনার জন্ম সমূচিত ব্যবস্থা করিয়া সাগ্রহে তাঁহার পথ চাহিয়া ছিলেন, আর তিনিও সে শুভ মিলনের জন্ম আশা ও আকাজ্যায় পূর্ণ ছিলেন।

১৫ই ফেব্রুয়ারি সকালে স্বামীজী মাদ্রাজ হইতে জাহাজে চডিয়া কলিকাতায় চলিলেন। ডাক্তার তাঁহাকে ডাবের জল থাইতে বলিয়াছিলেন; তাই মান্তাব্দের ভক্তগণ প্রচুর পরিমাণ ভাব জাহাব্দে তুলিয়া দিলেন। নারিকেল-রাশি দেখিয়া সেভিয়ার-পত্নী স্বামীজীকে জিজ্ঞাসা করিলেন, "স্বামীজী, এ কি মালজাহাজ নাকি যে এরা জাহাজে এত নারকেল তুলে দিচ্ছে ?" স্বামীজী ইহাতে সহাস্তে বলিলেন, "না না, তা হতে যাবে কেন? ও গুলো আমারই একজন ডাক্তার আমাকে জল না খেয়ে ডাবের জল খেতে বলেছেন।" অবশ্র স্বামীজীর একার পক্ষে এত ডাব খাওয়া সম্ভব ছিল না; তিনি নিক্ষে প্রয়োজনমত ডাবের জল খাইয়া বাকিগুলি বন্ধবান্ধব ও সহঘাত্রীদের মধ্যে বিলাইয়া দিয়াছিলেন। সমুদ্রপথে কলিকাতায় আসায় স্বামীজীর পক্ষে এই স্থবিধা হইয়াছিল যে, তাঁহার কর্মক্লান্ত শরীর ও মন বিশ্রাম পাইয়াছিল, এবং ইহাতে তাঁহার স্বাস্থ্যেরও কিঞ্চিৎ উন্নতি হইয়াছিল। সমসাময়িক ছইথানি পত্তে তিনি নিজের ভগ্নস্বাস্থ্যের কথা লিখিয়াছিলেন-একখানি মাদ্রাজ-ভ্যাগের প্রাক্কালে ও অপর্থানি কলিকাতায় পৌছিবার অব্যবহিত পরে। ক্ষেক্রমারির পত্তে আছে, "আগামী রবিবার মোমাসা জাহাজে আমার রওনা হবার কথা। স্বাস্থ্য থারাপ হওয়ায় পুনার এবং স্বারও স্বনেক স্থানের নিমন্ত্রণ প্রত্যাখ্যান করতে হয়েছে। অতিরিক্ত পরিশ্রমে ও গরমে আমার শরীর অত্যন্ত খারাপ হয়েছে।" ২৫শে ফেব্রুয়ারির পত্রে আছে: "লোকে যেমন বলে, 'আমার মরবারও সময় নেই', সমগ্র দেশময় শোভাষাত্রা, বাগ্যভাগু ও সম্বর্ধনার রক্মারি আয়োজনে আমি এখন মৃতপ্রায়।…আমি ক্লান্ত—এতই ক্লান্ত যে, যদি বিশ্রাম না পাই, তবে আর ছ-মাসও বাঁচব কিনা সন্দেহ।" জাহাজ যথাকালে বঙ্গোপসাগর অতিক্রম করিয়া গঙ্গানদীর মোহনায় প্রবেশ করিল এবং উত্তরাভিম্থে কলিকাতার দিকে চলিল। সঙ্গে সঙ্গের স্থাবনের স্থতি তাঁহার মনে উদিত হইল এবং তিনি সঙ্গীদিগকে দর্শনীয় স্থানগুদ্ধি সানন্দে দেখাইতে লাগিলেন। ক্রমে জাহাজ আসিয়া খিদিরপুরে থামিল।

কলিকাতায় অভার্থনা সমিতির সভাপতি ছিলেন দারভাঙ্গার মহারাজ, এবং বহু বিশিষ্ট ব্যক্তি উহার সভা ছিলেন। স্বামীজীর মাল্রাজে পৌছিবার সময় হইতে সমিতি বিবিধ আয়োজনে ব্যাপত ছিলেন এবং ঠিক করিয়া রাখিয়াছিলেন, জাহাজ আসার পরদিন সকালে তাঁহাকে স্পেশাল টেনে থিদিরপুর হইতে শিয়ালদহ স্টেশনে আনা হইবে। তদমুসারে স্বামীজী সদলবলে ২০শে ফেব্রুয়ারি সকাল সাডে সাতটার সময় টেনে উঠিলেন। এদিকে তাঁহাকে দেখিবার ও স্বাগত জ্বানাইবার জন্ম শিয়ালদহ স্টেশনে বিপুল লোকসমাগম হইল। কলিকাতা-বাসীরা সংবাদপত্তে তাঁহার কীতিকাহিনী পড়িয়াছিল; কলম্বো, মান্তাজ ইত্যাদি দ্বানে যে বিপুল সম্বর্ধনা হইয়াছিল তাহা তাহারা জানিত। আমেরিকা ও ইংলণ্ড হইতে তাঁহার ভক্তবুন্দ যেসব অভিনন্দন-পত্রাদি পাঠাইয়াছিলেন, তাহাও মৃদ্রিত ও বিতরিত হওয়ায় তাহার। ঐগুলি সাগ্রহে পাঠ করিয়াছিল। এমন বরেণ্য ব্যক্তির দর্শনজন্ত কে না লালায়িত হয় ? ট্রেনথানি দ্টেশনে ঢুকিবার পূর্বে ষথন ছইসল বাজাইল তখন উপস্থিত জনতা হইতে এক গগনবিদারী হর্ধধনি উখিত হইল। ট্রেন থামিলে স্বামীন্ধী দ্বারে দাঁড়াইয়া সকলকে করন্ধোড়ে অভিবাদন জানাইলেন। তিনি প্লাটফর্মে নামিবামাত্র নিকটবর্তী সকলে ঠেলাঠেলি করিয়া তাঁহার পদ্ধুলি লইতে লাগিল, আর দূরবর্তীরা জয়ধ্বনি ত निन, "जय পরমহংস রামকৃষ্ণদেব কী জয়," "अয় সামী বিবেকানন্দ কী জয়"। 'ইণ্ডিয়ান মিরর' পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সেন প্রমুখ অভ্যর্থনা সমিতির জনকয়েক সদস্য অতিকটে তাঁহার নিকট গিয়া স্বাগত সম্ভাষণ कानाहरनन এवर कान क्षकारत छिड़ छेनिया छाहारक वाहिरत नहेंगा शिवा

প্রতীক্ষমণ একথানি ল্যাণ্ডো গাড়ীর দিকে চলিলেন। এদিকে স্থান্ধি পুষ্পমাল্যে ও কুস্থমবর্ষণে তাঁহার দেহ আবৃত হইতে থাকিল। জনতার মধ্যে তাঁহার গুরুলাতাদের সহিত অনেক সন্ন্যাদী উপস্থিত ছিলেন; কিন্তু তথন থামিবার বা হই-চারিটি কুশল-প্রশ্লাদি করিবারও স্থাোগ ছিল না। সে বিপুল সম্বর্ধনায় বিস্থালচিত্ত স্বামীজী অগত্যা ধীরপদক্ষেপে কটে অখ্যানাভিমুধে চলিতে থাকিলেন।

সেভিয়ার-দম্পতির সহিত স্বামীজী অখ্যানে আরোহণ করিবামাত একদল ছাত্র অগ্রসর হইয়া অখ্যুগলকে মৃক্ত করিয়া দিল এবং নিজেরাই গাড়ী টানিয়া চলিল। সঙ্গে সঙ্গে শোভাষাত্রা চলিল—গাভীর পুরোভাগে ব্যাও পার্টি একটি প্রাণমাতানো গৎ বাজাইতে লাগিল; মধাভাগে রহিলেন স্বামীন্দ্রী ও অপর অনেকে: আর পশ্চাতে একটি কীর্তনের দল খোল করতাল সহ ভগবৎ-সঙ্গীত গাহিতে গাহিতে চলিল। উহার পশ্চাতে অমুসরণ করিল অগণিত লোক। পথের তুই ধারে ছিল বিচিত্র বর্ণের ধ্বজপতাকা ও মালা, ফুল ও পত্রসজ্জা। সাকুলার রোডে, হ্যারিসন রোডের মোড়ে ও রিপন কলেজের সন্মথে ছিল তিনটি স্থদচ্জিত তোরণ; স্থার ছিল বিপুল উৎসাহী জনতা। সাকু নার রোডের গেটে লিখিত ছিল, "জয় স্বামীজী"; হ্যারিসন রোডের গেটে ছিল, "জয় . রামক্বফ", আর রিপন কলেজের সমূথে ছিল, "বাগত"। স্বামীজীর দর্শনার্থী वहरनाक भूर्त्र करनक-श्राक्रण मगरवि श्रहिन ; चात्र मश्य मश्य गरिक সেদিকে ভিড় করিয়া অগ্রসর হইতে থাকিলে আশকা জাগিল, বুঝিবা একটা অঘটন ঘটিয়া যায়। স্বামীন্ধী কলেজে নামিলে তাঁহাকে সাধারণভাবে অভার্থনা জানানো হইল-জভার্থনা সমিতি স্থির করিয়াছিলেন যে, সর্বসাধারণের স্থবিধার জন্ম আফুষ্ঠানিক অভার্থনা পরে কোন বিস্তৃততর স্থানে করা হইবে, এবং এক্লপ क्तित्न नकत्नहे छाँहात वकुछ। ७ निवात ऋषां भाहेत्व। ऋखताः अभातन অধিককণ থাকার প্রয়োজন ছিল না, একটু বিশ্রামান্তে সামীজী সদলবলে বাগবান্ধারের শ্রীযুক্ত পশুপতিনাথ বস্থ মহাশরের আলয়াভিমুথে যাত্রা করিলেন। গৃহস্বামী দেখানে তাঁহাদের মধ্যাহ্নভোজের আয়োজন করিয়াছিলেন। অপরাছ চারিটার সময় স্বামীকী তাঁহার বিদেশী সঙ্গীদের সহিত কাশীপুরে গোপাললাল नील মहानदात भन्नाजीतवर्जी উष्टानवागित्ज চलित्नन; এथात्न विदल्नीत्लत वाशिया जिनि चयः चालभवाकात मर्क हिलया शिरलन। हेरात शत जिनि मर्ड হইতে প্রত্যহ শীলেদের বাগানে আসিতেন এবং জিজ্ঞান্থ আগন্তকদের সহিত ধর্মপ্রসন্ধাদি করিতেন। তাছাড়া সেধানে বসিয়া বহু পত্র ও টেলিগ্রামেরও উত্তর দিতে হইত; তাই স্বামীজীকে সর্বদা খুবই ব্যস্ত থাকিতে হইত। দিনের বেলাটা তাঁহার শীলেদের বাগানেই কাটিত, রাত্রিবাস হইত আলমবাজারের মঠে।

এক সপ্তাহ পরে, ২৮শে ফেব্রুয়ারি, প্রকাশ্য জনসভায় কলিকাতার নগরবাসীদের পক্ষ হইতে তাঁহাকে অভিনন্দিত করা হইবে, এইরূপ ব্যবস্থা হইয়াছিল।
শোভাবাজ্ঞারের রাজা স্থার রাধাকাস্ত দেবের বাটীর বিস্তৃত প্রাঙ্গণ সন্মেলন-স্থানরূপে নির্দিষ্ট হইয়াছিল। সভায় অস্ততঃ পাঁচ সহত্র ব্যক্তি সমবেত হইয়াছিলেন,
এবং তাঁহাদের মধ্যে এত সম্লাস্ত ও শিক্ষিত ব্যক্তি ছিলেন যে, পূর্বে আর কথনও
কাহারও অভ্যর্থনার জন্ম এরূপ বিপুল সমাবেশ দেখা যায় নাই। স্থামীজী
সভাস্থলে উপস্থিত হইলে সমবেত শ্রোতৃর্নের কর্ণবিধিরকারী হর্ষধ্বনির মধ্যে
জনকয়েক প্রথিতনামা ব্যক্তি অগ্রসর হইয়া তাঁহাকে মঞ্চত্থ আসনে লইয়া
গেলেন। সেদিন রাজা বিনয়কুষ্ণ দেব সভাপতির আসন অলক্ষত করিয়াছিলেন।
তিনি স্বামীজীকে দেখাইয়া বলিলেন, "ভারতের জাতীয় জীবনে এই পুরুষসিংহ
অতুল কীর্তি স্থাপন করিয়াছেন। লক্ষের মধ্যে কচিৎ একজন এরূপ মহাপুরুষ
দেখিতে পাওয়া যায়া" তারপর তিনি অভিনন্দনপত্র পাঠ করিলেন এবং একটি
রৌপ্যপাত্রে করিয়া উহা স্বামীজীর করকমলে অর্পণ করিলেন।

উত্তর দিতে গিয়া স্বামীজী যে বক্তৃতা করিলেন, তাহা উচ্চারণ-মাধুর্য, বাগ্মিতা, ভাবগান্তীর্য, স্বদেশপ্রেম, ভবিশ্বংপদ্থানির্দেশ ইত্যাদি বিষয়ের একত্র সমাবেশের দৃষ্টিতে অতুলনীয় বলিলেও চলে। সমসাময়িক ভারত স্বামীজীকে স্বদেশপ্রেমিক মহাপুক্ষ হিসাবে গ্রহণ করিয়াছিল; এই বক্তৃতায় এই উভয় দিকই সবিশেষ প্রকটিত হইয়া সেই ধারণাকে বলবতী করিয়াছিল। প্রারজ্ঞেই তিনি বলিলেন, "মায়্র্য নিজের মুক্তির চেষ্টায় জগং-প্রপঞ্চের সম্বন্ধ একেবারে ত্যাগ করিতে চায়,…বে সার্থ ত্রি-হন্ত-পরিমিত দেহধারী মায়্র্য, ইহাপ্ত ভূলিতে প্রাণপণ চেষ্টা করে, কিন্তু তাহার অল্পরের অল্পরে সর্বদাই সে একটি মৃত্ অক্ট ধ্বনি ভনিতে পায়,…'জননী জয়ভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী'।" তারপর অতি সরলপ্রাণে ও নম্রতার সহিত তিনি বলিলেন, "আমি সয়্যাসিভাবে উপন্থিত হই নাই, ধর্মপ্রচারকরণেও নহে, কিন্তু পূর্বের মতো সেই কলিকাতার বালকরণে তোমাদের সহিত আলাপ করিতে আসিয়াছি।"—তারপর চিকাগো



কলিকাতায় অভিনদন, ২৮লে কেত্ৰয়ারি, ১৮৯৭ + চিহ্নিত ব্যক্তি সামীকী

ধর্মমহাসভার গৃঢ় উদ্দেশ্য—খৃষ্টধর্মের প্রাধান্ত প্রতিষ্ঠার উল্লেখ করিয়া তিনি ষেস্ব পাশ্চান্ত্য জনসাধারণ শুধু সংপ্রবৃত্তির দারাই পরিচালিত হয় এবং অপরের গুণ-গ্রাহী হইয়া স্বামীজীর মতো বিদেশীর প্রতিও প্রচুর সহানয়তা দেখাইয়া থাকে তাহাদিগের উদ্দেশে ধ্তাবাদ জ্ঞাপন করিলেন। সঙ্গে সঙ্গে প্রাচ্য ও পাল্টান্তোর মিলনের বিরুদ্ধে উভয় দেশে যে ভুল ধারণাগুলি বিভ্যমান রহিয়াছে উচাদের অসারতা দেখাইলেন। পাশ্চান্ত্যবাসীরা মনে করে, দারিল্য ও ধর্মহীনতা, পরাধীনতা ও আধ্যাত্মিকশক্তিশূততা একই কথা; পক্ষাস্তরে ভারতবাদীরা মনে করে, পাশ্চান্ত্যবাসীরা ধর্মবিমুখ ও জড়বাদী। কিন্তু হঠাৎ এইরূপ সিদ্ধান্ত করিয়া ফেলা অমুচিত। ইহার পর তিনি স্বীয় গুরুদেবের কথা উল্লেখ করিয়া বলিলেন, "যদি কায়মনোবাক্যে আমি কোন সৎকার্য করিয়া থাকি, যদি আমার মুখ হইতে এমন কোন কথা বাহির হইয়া থাকে যাহাদ্বারা জগতে কোন ব্যক্তি কিছুমাত্র উপকৃত হইয়াছে, তাহাতে আমার কোন গৌরব নাই, তাহা তাঁহারই। কিন্তু যদি আমার জিহবা কখন অভিশাপ বর্ষণ করিয়া থাকে, যদি আমার মুখ হইতে কখন কাহারও প্রতি ঘুণাস্টক বাক্য বাহির হইয়া থাকে, তবে তাহা আমার, তাহার নহে। যাহা কিছু ত্র্বল, যাহা কিছু দোষগুক্ত, স্বই আমার ; যাহা কিছু জীবনপ্রদ, যাহা কিছু বলপ্রদ, যাহা কিছু পবিত্র, সকলই তাঁহার প্রেরণা, তাঁহারই বাণী এবং তিনি স্বয়ং।" স্বামীজী শুধু তাঁহার ব্যক্তিগত জীবনে লব্ধ প্রেরণাদির কথা বলিয়াই ক্ষান্ত হইলেন না, তিনি জিজ্ঞাসা করিলেন, ভারতের পুনরভূযখানের জন্ত যে নৃতন শক্তির আবিভাব ঘটিয়াছে "ইহা কাহার শক্তি? ইহা কি তোমাদের শক্তি, না আমার ?" আর নিজেই উত্তর দিলেন, "না, ইহা আর কাহারও শক্তি নহে; যে শক্তি এখানে রামকৃষ্ণ পরমহংসরূপে আবিভূতি ্ইয়াছেন, এ সেই শক্তি। ... এখন আমরা সেই মহাশক্তির খেলার আরম্ভমাত দেথিতেছি। আর বর্তমান যুগের অবসান হইবার পুর্বেই তোমরা ইহার আশ্চর্য, অতি আশ্চর্য থেলা প্রত্যক্ষ করিবে। যে প্রাণশক্তি ভারতকে সর্বদা সঞ্জীবিত রাখিবে, তাহার কথা সময়ে সময়ে আমরা ভূলিয়া যাই।" স্বামীজীর মতে ধর্মই ভারতীয় জীবনের ভিত্তি—একথা আমরা পূর্বেই আলোচনা করিয়াছি; কলিকাতার ব্রুতায় ঐ কথাই পুনরুচারিত ও স্পষ্টতর হইল। মাল্রাজে বিঘোষিত আরও কয়েকটি মৌলিক বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া স্বামীজী বলিলেন, "কলিকাতাবাদী যুবকগণ উঠ, জাগো, কারণ শুভ মুহূর্ত আদিয়াছে।… উঠ, জাগো, কারণ তোমাদের মাতৃভূমি এই মহাবলি প্রার্থনা করিতেছেন। যুবকগণের দ্বারা এই কার্য সাধিত হইবে।"

খামীকী এই কালে খালমবাজার মঠে ও গোণাললাল শীলের বাগানে ধর্মালোচনাদি তো করিতেনই, সময়ে সময়ে কলিকাতায় গিয়াও বহু ব্যক্তির সহিত খালাপ করিতেন। এই জাতীয় খানেকগুলি দৈনন্দিন ঘটনার বিবরণ 'শামি-শিশ্য-সংবাদে' সংরক্ষিত হইয়াছে ('বাণী ও রচনা', ৯ম খণ্ড)। সব ঘটনার উল্লেখ এখানে খাসন্তব; খামরা ভারু প্রধান কয়েকটি লিপিব্দ্ধ করিব।

কলিকাতায় আগমনের তিন-চারি দিন পরে তিনি নিমন্তিত √হইয়া বাগ-বাজারের রাজবল্লভ পাড়ায় শ্রীযুক্ত প্রিয়নাথ মুখোপাখ্যায়ের গৃহে মধ্যাকভোজন করিয়াছিলেন। ঐ দিন অপরাহে 'মিরর' সম্পাদক শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সেন ঐ शृट्ट चामिया विविध विषय चालाठना करतन। क्याश्रमत्त्र सामौद्यी वरनन रव, পাশ্চান্ত্যের নিকট ওধু ভিক্ষাপাত্র লইয়া উপস্থিত হইলে চলিবে না—আদান-প্রদান প্রয়োজন। বেদাস্ত-প্রচারের মাধ্যমে প্রাচ্য-পাশ্চান্ত্যের সম্বন্ধ এক শ্রন্ধাপূর্ণ বনিয়াদের উপর পুন:সংস্থাপিত হইলে ভারতের কল্যাণ হইবে। যাঁহার। রাজনীতির পথে চলিতে চান, তাঁহারা তাহাই করুন, কিন্তু স্বামীজী এই স্বাদান-প্রদানের পথই পছন্দ করেন। নরেক্রবাব চলিয়া গেলে গোরক্ষিণী-সভার জনৈক উত্যোগী প্রচারক স্বামীজীর সহিত দেখা করিতে আসিলেন। পুরা না হইলেও ইহার বেশভূষা অনেকটা সন্ন্যাসীর মতো—মাথায় গেরুয়া রঙ্-এর পাগড়ি বাঁধা। সংবাদ পাইয়া স্বামীজী বাহিরের ঘরে আসিলেন। প্রচারক স্বামীজীকে অভিবাদন করিয়া গোমাতার একখানি ছবি তাঁহাকে উপহার দিলেন। স্বামীন্সী উহা হাতে লইয়া নিকটবর্তী একব্যক্তির হাতে দিয়া আলাপ আরম্ভ করিলেন। স্বামীকী ভনিলেন, ইহারা গোমাতাকে ক্সাইয়ের হাত হইতে রক্ষা ক্রেন এবং স্থানে ছানে পিঁজরাপোল স্থাপন করিয়াছেন। স্বামীজী জানিতে চাহিলেন, "মধ্য-ভারতে এবার ভয়ানক হুভিক হয়েছে। ভারত গভর্নমেণ্ট নয়-লক্ষ লোকের খনশনে মৃত্যুর তালিকা প্রকাশ করেছেন। খাপনাদের সভা এই ছভিক্ষকালে কোন সাহাযাদানের আয়োজন করেছে কি ?" আগত্তক উত্তর দিলেন, "আমরা তুর্ভিক্ষাদিতে সাহায় করি না। কেবলমাত্র গোমাতাগণের রক্ষাকল্পেই এই সভা স্থাপিত।" এই পর্যন্ত নেহাৎ মন্দ ছিল না; কিন্তু একটু পরেই তিনি বলিয়া ফেলিলেন, "লোকের কর্মফলে—পাপে এই ছডিক হইয়াছিল; 'বেমন কর্ম তেমনি

कन' इरेबाह्य।" श्रीतादकत कथा अनिया सामीकीत विभाग नयनशास्य यन অগ্নিকণা স্ফরিত হইতে লাগিল, মুখ আরক্তিম হইল; কিন্তু তিনি মনের ভাব চাপিয়া বলিলেন: "বে সভা-সমিতি মামুষের প্রতি সহামুভৃতি প্রকাশ করে না, নিজের ভাই অনশনে মরছে দেখেও তার প্রাণরক্ষার জন্ত এক মৃষ্টি অল্প না দিয়ে পশুপক্ষি-রক্ষার জন্ম রাশি রাশি অন্ন বিতরণ করে, তার সঙ্গে আমার কিছুমাত্র সহামুভতি নেই: তার দ্বারা সমাজের বিশেষ কিছু উপকার হয় ব'লে আমার বিশ্বাস নেই। কর্মফলে মামুষ মরছে—এরূপে কর্মের দোহাই দিলে জগতে কোন বিষয়ের জন্ত চেষ্টাচরিত্র করাটাই একেবারে বিফল ব'লে সাবান্ত হয়, আপনাদের পশুবক্ষার কাজটাও বাদ যায় না। ঐ কাজ সম্বন্ধেও বলা যেতে পারে—গোমাতার। নিজ নিজ কর্মফলেই কসাইয়ের হাতে যাচ্ছেন ও মরছেন, আমাদের ওতে কিছু করবার প্রয়োজন নেই।" অপ্রতিভ প্রচারক বলিলেন. "হাঁ, আপনি যা বলিয়াছেন. তাহা সত্য; কিন্তু শাস্ত্র বলে—গরু আমাদের মাতা।" স্বামীজী ব্যক্ত করিয়া বলিলেন, "বুঝেছি, তা না হ'লে এমন সব ক্বতী সস্তান আর কে প্রসব করবেন ?" প্রচারক হয়তো ব্যঙ্গ বুঝিলেন না, অথবা বুঝিয়াও পুনর্বার গোমাতার জন্ম প্রার্থনা করিলেন। স্বামীজী উত্তর দিলেন, "আমি তো সন্মাসী ফকির লোক। আমি কোথায় অর্থ পাব, বাতে আপনাদের সাহায্য ক'রব ? তবে আমার হাতে বদি কখনও অর্থ হয়, আগে মাহুষের সেবায় ব্যয় ক'রব; মাহুষকে আগে বাঁচাতে हत्य--- अन्नमान, विणामान, धर्ममान कत्रत्क हत्त । अमव कत्त्र यमि अर्थ वाकी थाटक তবে আপনাদের সমিতিতে কিছু দেওয়া যাবে।" প্রচারক অভিবাদন করিয়া विभाग्न नहरनन। (थे. २।६-२०)।

মার্চ মাসের আর একদিন স্বামীজী গোপাললাল শীলের বাগানে আছেন এমন সময় কলিকাতার বড়বাজারের একদল সংস্কৃতজ্ঞ পণ্ডিত সেধানে আসিলেন।
শিশু শরচজ্র চক্রবর্তীও সেধানে উপস্থিত ছিলেন। তিনি লিখিয়াছেন: "আগন্ধক পণ্ডিতগণের সকলেই সংস্কৃতভাষায় অনর্গল কথাবার্তা বলিতে পারিতেন। তাঁহারা আসিয়াই মণ্ডলীপরিবেটিত স্বামীজীকে সম্ভাবণ করিয়া সংস্কৃতভাষায় কথাবার্তা আরম্ভ করিলেন। স্বামীজীও সংস্কৃতেই তাঁহাদিগকে উত্তর দিতে লাগিলেন। পণ্ডিতেরা সকলেই প্রায়্ম এক সঙ্গে চীৎকার করিয়া সংস্কৃতে স্বামীজীকে দার্শনিক কৃট প্রশ্নসমূহ করিতেছিলেন এবং স্বামীজী প্রশাস্ক গল্ভীরভাবে ধীরে ধীরে তাঁহাদিগকে ঐ-বিষয়্ক নিজ মীমাংসাজ্যোতক সিদ্বান্ধগুলি বলিতেছিলেন।

ইহাও বেশ মনে আছে যে, স্বামীজীর সংস্কৃতভাষা পণ্ডিতগণের ভাষা অপেকা শ্রুতিমধুর ও স্থললিত হইতেছিল, পণ্ডিতগণও পরে ঐ কথা স্বীকার করিয়া-ছিলেন।…

"বাদে স্বামীজী সিদ্ধান্তপক্ষ এবং পণ্ডিতগণ পূর্বপক্ষ অবলম্বন করিয়াছিলেন।
শিয়ের মনে পড়ে, বিচারকালে স্বামীজী একস্থলে 'অন্তি' স্থলে 'ম্বন্তি' প্রয়োগ
করায় পণ্ডিতগণ হাসিয়া উঠেন; তাহাতে স্বামীজী তৎক্ষণাৎ বলেন, 'পণ্ডিতানাং
দাসোহহম্ ক্ষন্তব্যমেতৎ স্থলনম্'। পণ্ডিতেরাও স্বামীজীর এইরূপ দীন ব্যবহারে
মুগ্ধ হইয়া যান। অনেকক্ষণ বাদাম্বাদের পর সিদ্ধান্তপক্ষের মীমাংসা প্রাপ্ত বলিয়া
পণ্ডিতগণ স্বীকার করিলেন এবং প্রীতিসম্ভাষণ করিয়া গমনোছত হইলেন। ত্ইচারিজন আগন্তক ভদ্রলোক ঐ সময়ে তাঁহাদিগের পশ্চাৎ গমন করিয়া জিজ্ঞাসা
করিলেন, 'মহাশয়গণ, স্বামীজীকে কিরূপ বোধ হইল ?' তত্ত্তরে বয়োজ্যেষ্ঠ
পণ্ডিত বলিলেন, 'ব্যাকরণে গভীর বৃৎপত্তি না থাকিলেও স্বামীজী শাস্তের গূঢ়ার্থদ্রষ্টা, মীমাংসা করিতে অন্বিতীয় এবং স্বীয় প্রতিভাবলে বাদ্ধণ্ডনে অন্তুত
পাণ্ডিত্য দেখাইয়াছেন।'"

ষামীন্দ্রী পরে বলিয়াছিলেন যে, পণ্ডিতগণ পূর্বমীমাংসাবলম্বনে বিচার করিয়াছিলেন এবং তিনি স্বয়ং উত্তরমীমাংসাবলম্বনে জ্ঞানকাণ্ডের শ্রেষ্ঠতা প্রতিপাদন করিয়াছিলেন। তিনি আরও বলিয়াছিলেন যে, পাশ্চান্ত্যের দৃষ্টিতে গভীর দার্শনিক বিচারকালে ব্যাকরণে খুঁটিনাটি ভূলের প্রতি দৃষ্টি দেওয়া অসৌজ্ঞের পরিচায়ক। ইহার পরে সেদিন স্বামীন্দ্রী শিশ্রের সহিত সংস্কৃতে আলাপ করিয়াছিলেন, পরেও মাঝে মাঝে ঐরপ করিতেন। স্বামীন্দ্রী জানিতেন, বহুকাল বিদেশে থাকিয়া অনভ্যন্ত ভাষায় হঠাৎ দীর্ঘ আলোচনা করা কট্টনাধ্য—সব জিনিসেরই উৎকর্ষ আলোচনাসাপেক্ষ। (ঐ, ১০৮-২০)।

স্বামীজীর গুরুলাতারা তাঁহাকে কিরপ ভালবাসিতেন ও তাঁহার সাফল্যের জন্ম কিরপ ব্যগ্র থাকিতেন তাহার একটি চমৎকার দৃষ্টাস্ত ঐ ঘটনাকালেই পাওয়া যায়। যতক্ষণ স্বামীজী বিচারে ব্যাপৃত ছিলেন, ততক্ষণ স্বামী রামক্রফানন্দ পার্শ্বের একটি ঘরে বসিয়া একাগ্রচিত্তে ক্রমাগত জ্বপ করিতেছিলেন, এবং শ্রীশ্রীঠাকুরের পাদপদ্ম প্রার্থনা করিতেছিলেন, যাহাতে স্বামীজী বিজয়মণ্ডিত হন। (বাজলা জীবনী, ২য় সং, ৬৪২)।

১। বাল্লা জীবনীডে ইহার বিপরীত কথা আছে (৬৪০ পৃ:)।

ঐ দিন শ্রীরামক্তফের লীলাপ্রচার-বিষয়ে এক গুরুলাভার সহিত যে প্রশ্নোন্তর हरेशाहिन, छेरा रहेट जाना याम्र. यामीकी विस्तर्भ मनामर्वना श्रीवामकृत्कव कथा কেন বলিতেন না। গুরুভাতা জিজাসা করিলেন, "তুমি ওদেশে সর্বদা সর্বসমক্ষে ঠাকুরকে অবতার বলিয়া প্রচার করিলে না কেন ?" স্বামীন্দ্রী উত্তর দিলেন, "ওরা দর্শন-বিজ্ঞানের বড় বড়াই করে। তাই যুক্তি তর্ক দর্শন বিজ্ঞান দিয়ে ওদের জ্ঞান-পরিমা চূর্ণ করে দিতে না পারলে কোন কিছু করা যায় না। তর্কে থেই হারিয়ে যারা যথার্থ তত্তাহেষী হয়ে আমার কাছে আসত, তাদের কাছে ঠাকুরের কথা কইতুম। নতুবা একেবারে অবতারবাদের কথা বললে ওরা ব'লত, 'ও আর তুমি নৃতন কি বলছ? আমাদের প্রভু ঈশাইতো রয়েছেন।'" ('বাণী ও রচন।', ৯।২২)। ঐ দিনই তিনি ধার্মিকদের সম্বন্ধে পাশ্চান্ত্যবাদীর এক অন্তত ধারণার कथा वित्राहित्तन : "अप्तरभव लारकता जारत, य यक धर्मभवायन इ'रव स्म বাইরের চাল-চলনে তত গম্ভীর হবে, মুখে অন্ত কথাটি থাকবে না। একদিকে आमात मृत्थ উमात धर्म कथा छत्न अत्मान धर्मपाक्र कता त्यमन व्याक इत्य त्यक, বক্ততার শেষে বন্ধবান্ধবদের দক্ষে ফষ্টিনাষ্টি করতে দেখে আবার তেমনি ষ্মবাক হয়ে যেত। মুখের উপর কথনও বলেও ফেলত, ' অপনার ওরকম চপলতা শোভা পায় না।' উত্তরে আমি বলতাম, 'আমরা আনন্দের সম্ভান, বিরসমুখে থাকব কেন ?'" ('বাণী ও রচনা', ১।২১)

সেবারে মার্চ মাসের প্রথম সপ্তাহে (१ই মার্চ, রবিবার) শ্রীরামক্রফদেবের আবির্জাবোৎসব হয়। দক্ষিণেশরের ৺কালীবাড়ীতে সেজন্ম বিরাট আয়োজন হইয়াছিল। স্বামীজী বেলা নয়টা-দশটা আন্দাজ নয়পদে ও গৈরিক উফীষ মন্তকে পরিয়া উৎসবভূমিতে উপনীত হইলে তাঁহার দর্শনস্পর্শনের জন্ম ও তাঁহার শ্রীমৃথের বাণী শুনিবার জন্ম জনতার মধ্যে বেশ একটা সাড়া পড়িয়া গেল। স্বামীজী শ্রীশ্রীজগন্মাতাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলে সহস্র সহস্র শির ভক্তিতে অবনত হইল। পরে ৺রাধাকান্তকে প্রণাম করিয়া তিনি শ্রীরামক্তফের গৃহে উপস্থিত হইলেন। সে প্রকোষ্ঠে তথন এত ভিড় জ্বমিয়াছিল বে, তিলমাত্র ধারণের স্থান ছিল না। বাহিরে চতুর্দিকে শ্রীরামক্তফের জয়ধ্বনি উঠিতেছিল, নহ্বতের স্থবলহরীতে স্বরধুনী নৃত্য করিতেছিল, হোর মিলার কোম্পানীর

২। "২৫শে কাস্কুন,···ংসদিনও ঝামীজী মন্দিরে গিয়া কালীদর্শন করিয়াছিলেন।" ('কথাসাহিত্য' ১৬ বর্ব, ১ম সংখ্যা ১১৩ গুঠায় শ্রীমছেন্দ্রনাথ শুপ্তের পত্র ।)

ষ্টীমার বার বার শত শত ষাত্রী লইয়া বাতায়াত করিতেছিল, আর প্রীরামক্ষণ-পার্বদর্গণ অহরাগভরে মৃতভক্তিশ্বরূপে ইতস্ততঃ বিচরণ করিতেছিলেন। স্থামীজ্ঞীর সহিত তৃইজ্ঞন ইংরেজ-মহিলা আসিয়াছিলেন, স্থামীজ্ঞী তাঁহাদিগকে পঞ্চবটী, বিষমূল প্রভৃতি দেখাইতেছিলেন।

পঞ্চনটাম্লে শ্রীশ্রীঠাকুরের কয়েকজন ভক্ত বসিয়াছিলেন। শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষ মহাশয় পঞ্চনটার উত্তরে গঙ্গার দিকে মুখ করিয়া উপবিষ্ট ছিলেন এবং তাঁহাকে ঘিরিয়া অপর অনেক ভক্ত শ্রীশ্রীঠাকুরের লীলাগুণালোচনায় নিরত ছিলেন। ইতাবসরে বহুজনপরিবেষ্টিত স্বামীন্ধী সেখানে আসিয়া গিরিশবাবুকে দেখিতে পাইলেন এবং "এই যে ঘোষজ" বলিয়া তাঁহাকে প্রণাম করিলেন, গিরিশবাবুও করজোড়ে প্রতি-নমস্কার করিলেন। অতঃপর পূর্বকথা শ্বরণ করিয়া স্বামীন্ধী বলিলেন, "ঘোষজ, সেই একদিন, আর এই একদিন।" গিরিশবাবুও উহার সমর্থনে বলিলেন, "তা বটে, তবু এখনও সাধ যায় আরও দেখি।" এইভাবে কিছু আলাপ করিয়া স্বামীন্ধী বিশ্বরুক্ষের দিকে অগ্রসর হইলেন।

এদিকে সমবেত জনসমষ্টি স্বামীজীর বক্ততা শুনিতে উদগ্রীব হইয়া দণ্ডায়মান হইল, কিন্তু স্বামীজী বহু চেষ্টা করিয়াও চারিদিকে উত্থিত কলরবের উর্ধেব স্বীয় কণ্ঠম্বর তুলিতে অপারগ হওয়ায় বক্তৃতার ইচ্ছা ত্যাগ করিতে বাধ্য হইলেন। অতএব তিনি সন্ধিনী মহিলাদ্বয়কে ঠাকুরের সাধনান্থলগুলি দেখাইতে এবং विशिष्टे वद्भारतत्र महिक काँहारानत जानाश कत्राहेशा मिरक्टे नित्रक हहेरानन। অবশেষে বেলা তিন্টার সময় তিনি একখানি ঘোড়ার গাড়ী ডাকাইলেন এবং স্বয়ং একদিকে বসিয়া ও স্বামী নিরঞ্জনানন্দ ও শরচন্দ্র চক্রবর্তীকে অপর দিকে বসাইয়া আলমবাজার মঠাভিমুধে ধাতা করিলেন। যাইবার সময় পথে বলিলেন: "ভধু ভাবমাত্র নিয়ে পড়ে থাকলে কি হবে ? এ-সব উৎসব প্রভৃতিও দরকার : তবে তো জনসাধারণের ভেতর এ-সকল ভাব ক্রমশঃ ছড়িয়ে পড়বে। এই যে হিন্দুদের বার মাদে তের পার্বণ—এর মানেই হচ্ছে ধর্মের বড় বড় ভাবগুলি ক্রমশঃ লোকের ভেতর প্রবেশ করিয়ে দেওয়া। ওর একটা দোষও আছে। সাধারণ লোকে ঐ সকলের প্রকৃত ভাব না বুঝে ঐ সকলে মত্ত হয়ে যায়, আর ঐ উৎসব-আমোদ থেমে গেলেই আবার যা, তাই হয়। তবু লোকসংগ্রহের জন্ম অবভারকর মহাপুরুষেরাও ঐগুলি (উৎসব-কীর্তন ও ষষ্ঠী-পুরু। ইত্যাদি) মেনে চলেন। ... সকল ব্যবহারেরই প্রয়োজন আছে অধিকারিভেদে।" ইহার পর কথাপ্রসঙ্গে তিনি

শরৎবাবুকে বলিলেন, "এখানকার ভাব কি জানিস?—সম্প্রদায়বিহীনতা। আমাদের ঠাকুর ঐটেই দেখাতে জন্মেছিলেন। তিনি দব মানতেন—আবার বলতেন, ব্রক্ষজ্ঞানের দিক দিয়ে দেখলে ওদকলই মিধ্যা মায়ামাত্র।" (ঐ, ৯।২ ৭-৩১)।

ইতিমধ্যে কলিকাতা-অভিনন্দনের কয়েকদিন পরে ৪ঠা মার্চ তিনি স্টার থিষেটারে 'সর্বাবয়ব বেদান্ত' সম্বন্ধে একটি হৃদয়গ্রাহী ওপাণ্ডিতাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। শোভাবাঞ্চারের রাজবাটীতে তিনি যে বক্ততা দিয়াছিলেন, তাহাতে তাঁহার ক্ষদেশবাসী তাঁহার চরিত্রের একটা বিশেষ দিকের পরিচয় পাইয়াছিল। উহাতে স্বদেশপ্রেম, স্বজাতিপ্রীতি, ভারতের অভাদয়কল্পে ভবিশ্বৎ কার্যপ্রণালী ইত্যাদি বিষয়ই প্রাধান্তলাভ করিয়াছিল। বেদান্তবিষয়ক বক্ততাটি জনসাধারণের নিকট তাঁহার •ধর্মান্তভূতির আভাদ প্রদান করিল এবং হিন্দুধর্মের মূলীভূত তথ্যগুলি সম্বন্ধেও জনসাধারণকে অবহিত করিল। তিনি বলিলেন, ভারতবর্ষে বে আধ্যাত্মিক জ্যোতি: দীপ্তিমান রহিয়াছে, "কেহই জানে না, কবে উহা প্রথম ভারতক্ষেত্রে আবিভূতি হইয়াছিল। ... আমরা হিন্দুগণ কিন্তু আধ্যাত্মিক দৃষ্টিতে উহার কোন উৎপত্তি স্বীকার করি না।" তাঁহার মতে বেদ ও উপনিষদের চিস্তা-ধারা প্রাচীনকালে বহির্জগতে ব্যাপ্ত হইয়া সমস্ত মানবের চিন্তারাশিকে নিয়মিত করিয়াছিল। ভারতীয় বিভিন্ন ধর্মমত ও দর্শনাদি—সাংখ্য, বৈত, বিশিষ্টাবৈত, শুদ্ধাবৈত ইত্যাদি "সবগুলিই উপনিষদ বা বেদাস্তরূপ একমাত্র প্রমাণের উপর প্রতিষ্ঠিত।" বস্ততঃ "হিন্দু বলিলেই বেদান্তী বুঝায়।" "উপনিষদের মন্ত্রগুলির মধ্যে গুঢ়রূপে যে সমন্বয়ভাব রহিয়াছে, এখন তাহার ব্যাখ্যা ও প্রচার আবশুক।… रेवनास्त्रिक मध्यानाम् श्राम त्या भवाष्मविद्यारी नारः, भवन्भवनारभक्त, वकि यन অক্টটির পরিণতিশ্বরূপ, একটি বেন অপরটির সোপানস্বরূপ এবং দর্বশেষে চরম লক্ষ্য অবৈতে 'তত্তমসি'তে পর্যবিদত, ইহা দেখানোই আমার জীবনত্রত।"° স্বামীজী भक्ताठार्व, त्रामाञ्च, माध्वाठार्व ও অভাভ मच्छानाय श्वर्ठकरतत्र कथा উল্লেখ कतिया **एक्याइटनन एव. इंशाबाल छेशनियरमंत्र श्रामाना श्रीकात कतिबाह्न, यमिल**

৩। শোনা বান, ভারত-প্রত্যাবর্তনের গর মান্ত্রাক্ত অমুরূপ আলোচনা কালে এক পণ্ডিত আপস্তি করেন, "ৰামীজী বেদান্তের আইন্তবাদ, বিশিষ্টাইন্তবাদ ও বৈতবাদ ইত্যাদি সমন্তপ্রকার মতবাদই সত্য ও চরমোপলক্ষির পথে ভিন্ন ভিন্ন মোপানমাত্র—একথা তো পূর্বাচার্বগণ কেইই বলেন নাই ?" স্বামীজী মূল্বান্তে উত্তর দেন, "উহা আমার জক্তই নির্দিষ্ট ছিল; সেই জক্তই আমি জন্মগ্রহণ করিরাছি।" (সত্যেক্তনাথ মন্ত্র্মদার)।

উপনিবদবাদের অর্থনির্ণয়কালে মতভেদের প্রমাণ দিয়াছেন। ফলত: "একমাত্র ঐগুলিই আমাদের শাস্ত্র। পুরাণ, তন্ত্র ও অক্তাক্ত সমূদয় শাস্ত্রগ্রন্থ এমন কি ব্যাদস্ত্র পর্যন্ত প্রামাণ্যবিষয়ে গৌণমাত্র, আমাদের মুখ্যপ্রমাণ বেদ।" ভারতের হুর্ভাগ্যবশতঃ আমরা ইহা ভূলিয়া গিয়া লোকাচার ও দেশাচারকে উপনিষদের স্থলে বদাইয়াছি এবং কালক্রমে উপনিষদের প্রকৃত তাৎপর্য ভূলিয়া গিয়া বেদাস্ভোক্ত মায়াবাদের কদর্থ করিয়াছি। এতদ্বাতীত সনাতন ধর্ম ত্যাগের উপর প্রতিষ্ঠিত, ইহাও আমরা বিশ্বত হইয়াছি। এইরূপে স্বামীন্সী হিন্দুদের ভাস্তধারণা-গুলিকে দ্রীভূত করিয়া মহিমাশালী সনাতন ধর্মকে স্বপ্রতিষ্ঠিত করিতে চাহিয়া-ছিলেন; তাই তিনি বলিয়াছিলেন, "আমি তোমাদিগকে সনাতন ধর্মের আরও পক্ষপাতী করিতে চাই। ... তোমাদের সেই অতি প্রাচীন সনাক্তন পদ্ধা অবলম্বন °কর ; কারণ তথনকার শান্ত্রের প্রত্যেক বাণী বীর্ষবান স্থির অকপট স্থান্ম হইতে উথিত, উহার প্রত্যেক স্থরটিই অমোঘ। তাহার পর জাতীয় অবনতি আসিল— শিল্প, বিজ্ঞান, ধর্ম দকল বিষয়েই অবনতি হইল ৷…সেই প্রাচীন কালের ভাব লইয়া আইস, যখন জাতীয় শরীরে বীর্য ও জীবন ছিল। তোমরা আবার বীর্যবান হও, সেই প্রাচীন নির্ঝরিণীর জল আবার প্রাণ ভরিয়া পান কর : ইহা ব্যতীত ভারতের বাঁচিবার আর অন্য উপায় নাই।"

আবার আমরা শ্রীযুক্ত শরচেক্স চক্রবর্তী মহাশয়ের 'স্বামি-শিয়ু-সংবাদ'-এর বিবরণে ফিরিয়া যাই। আলমবাজার মঠে, শীলেদের বাগানে ও কলিকাতার ভক্তদের বাড়ীতে যথন যেখানে স্বামীজী উপন্থিত হইতেন, সেখানে দর্শনার্থী ও জিজ্ঞান্তর ভিড় জমিয়া যাইত ; স্বামীজীও অবিরাম আত্মতত্ব, বিভিন্ন সামাজিক সমস্রাও অদেশের উন্নতি প্রভৃতি বিষয়ে উপদেশ দিতেন। ইহারই মধ্যে আবার আমন্ত্রণক্রমে কোন কোন প্রতিষ্ঠান-দর্শনেও যাইতেন। এইরপে একবার বাগনাজারের বলরাম বন্ধ মহাশয়ের গৃহে অবস্থানকালে তিনি একদিন ঘোড়ার গাড়ী করিয়া সশিয় শ্রীযুক্তা মাতাজীর প্রতিষ্ঠিত একটি বালিকাবিভালয় দেখিতে গিয়াছিলেন (মার্চ, ১৮৯৭)। শিয়্য শরচক্র চক্রবর্তী অবশ্ব গস্তব্যস্থল সম্বদ্ধে অক্স ছিলেন। গাড়ী বিভন স্থাটে উপস্থিত হইলে কথাছলে স্বামীজী শিল্পকে বলিলেন, "তোদের দেশের মেয়েদের লেখাপড়া শেখবার জন্ম কিছু মাত্র চেষ্টা দেখা যায় না! তোরা লেখাপড়া ক'রে মানুষ হচ্ছিদ, কিছু যারা তোদের স্থত্ঃথের ভাগী, সকল সময়ে প্রাণ দিয়ে সেবা করে, তাদের শিক্ষা দিতে—তাদের উন্নত

করতে তোরা কি করছিস ?" শিশু প্রতিপ্রশ্ন করিলেন, "কেন মহাশন্ন, আজকাল মেয়েদের জন্ম কত কুল কলেজ হইয়াছে। কত গ্রীলোক এম-এ, বি-এ পাশ করিতেছে।" স্বামীন্দ্রী তবু বলিলেন, "ও তো বিলাতি চং-এ হচ্ছে। তোদের ধর্মশান্ত্রায়শাসনে, তোদের দেশের মতো চালে কোথায় কটা স্থল হয়েছে ? দেশে পুরুষদের মধ্যেও তেমন শিক্ষার বিস্তার নাই, তা আবার মেয়েদের ভেতর। গভর্নমেণ্টের সংখ্যাস্ট্রক তালিকায় দেখা যায়, ভারতবর্ষে শতকরা দশ-বার জন মাত্র শিক্ষিত, তা বোধ হয় মেয়েদের মধ্যে শতকরা একজনও হবে না। তা না হ'লে কি দেশের এমন তুর্দশা হয় ? শিক্ষার বিস্তার—জ্ঞানের উল্লেষ—এ-সব না ह'तन त्मरमंत्र উन्नि कि क'त्र इत्व ?··· माधात्रावत ट्रांच वात त्मरम् मधा শিক্ষাবিস্তার না হ'লে কিছু হবার জোনেই। সেজন্ত আমার ইচ্ছা, কতকগুলি বন্ধচারী ও বন্ধচারিণী তৈরি ক'রব। বন্ধচারীরা কালে সন্মাস গ্রহণ ক'রে দেশে **(मटन गाँदा गाँदा भिदा कनमाधात्र मट्या निकाविद्याद यप्पत हटन। प्यात** ব্রহ্মচারিণীরা মেয়েদের মধ্যে শিক্ষাবিস্তার করবে। পরাণ, ইতিহাস, গৃহকার্য, শিল্প, ঘরকলার নিয়ম ও আদর্শ চরিত্র গঠনের সহায়ক নীতিগুলি বর্তমান বিজ্ঞানের সহায়তায় শিক্ষা দিতে হবে। ছাত্রীদের ধর্মপরায়ণ ও নীতিপরায়ণ করতে হবে। ... মেয়েদের আগে তুলতে হবে, জনসাধারণকে জাগাতে হবে; তবে তো দেশের কলাগ—ভারতের কলাাণ।"

কর্মন্তর্গালিস স্ত্রীটে সাধারণ ব্রাহ্মসমাজের নিকটে আসিয়া গাড়ী স্বামীজীর আদেশে চোরবাগানের রান্তায় চলিল, এবং স্বামীজী জানাইলেন, "মহাকালী পাঠশালার স্থাপয়িত্রী তপস্থিনী মাতা" তাঁহাকে পত্রযোগে ঐ পাঠশালা দর্শনের জ্ঞে নিমন্ত্রণ করিয়াছিলেন; তিনি তাই সেখানে যাইতেছেন। যথাস্থানে গাড়ী থামিলে মাতাজী তাঁহাকে সাদর অভ্যর্থনা জানাইলেন এবং স্বামীজীও ঘ্রিয়া ম্বরিয়া সব দেখিলেন। বিদায়কালে পরিদর্শক-প্তকে স্বীয় মত লিপিবজ করিলেন, "শ্লীশিক্ষার প্রচেটাটি ঠিক পথে চলেছে।" ফিরিবার পথে স্বামীজী শিশুকে বলিলেন: "শ্লীলোক না হ'লে কি ছাত্রীদের এমন ক'রে শিক্ষা দিতে পারে দু সবই ভাল দেখল্ম; কিন্তু ঐ যে কতকগুলি গৃহী পুক্ষ মান্টার রয়েছে—ঐটে ভাল বোধ হল না।…এদেশে শ্লীবিভালয়ে পুক্ষ-সংশ্রব একেবারে না রাধাই ভাল।" ক্রমে বাল্যবিবাহের কথা উঠিল। স্বামীজী ঐ প্রথার নিন্দাছলে বলিলেন যে, উহার একটা ভাল দিক থাকিলেও "অ্যুপক্ষে আবার বলা যাইতে পারে বে,

বাল্যবিবাহে মেয়েরা অকালে সম্ভানপ্রসব ক'রে অধিকাংশ মৃত্যুম্বে পভিত হয়; তাদের সম্ভান-সম্ভতিগণও ক্ষাণজীবী হয়ে দেশে ভিথারীর সংখ্যা র্দ্ধি করে। তাদের যে ঘরে ঘরে এত বিধবা তার কারণ হচ্ছে—এই বাল্যবিবাহ। বাল্যবিবাহ কমে গেলে বিধবার সংখ্যাও কমে ঘাবে।" ঐ প্রসক্তে স্থাজী আরও বলিলেন: "ভালমন্দ সব দেশেই আছে। আমার মতে সমাজ সকল দেশেই আপনা আপনি গড়ে। অতএব বাল্য-বিবাহ তুলে দেওয়া, বিধবাদের প্নরাম বে দেওয়া প্রভৃতি বিষয় নিয়ে আমাদের মাথা ঘামাবার দরকার নেই। আমাদের কাজ হচ্ছে ত্রী প্রষয় —সমাজের সকলকে শিক্ষা দেওয়া। সেই শিক্ষার ফলে তারা নিজেরাই কোন্টি ভাল, কোন্টি মন্দ সব ব্রতে পারবে এবং নিজেরা মন্দটা করা ছেড়ে দেবে। তথন আর জাের ক'রে সমাজের কোন বিষয় ভাঙতে গড়তে ইবে না।" (ঐ, ৯০৩-৩৮)।

মার একদিনের কথা ; তথনও স্বামীক্ষী বলরামবাবুর বাড়ীতেই ম্বাছেন এবং দশ দিন যাবৎ শিশুকে সায়নভাগু সমেত বেদ পড়াইতেছেন। পাঠের সঙ্গে मरक माञ्चम्नारतत दवन-श्रकारमत कथा, उाँशत চतिज्ञमाधुर्य देजापित ज्ञारनाहमा হইল। আবার সৃষ্টির অনাদিত্ব, শব্দ হইতে সৃষ্টি প্রভৃতি সন্বন্ধেও আলোচনা চলিতে লাগিল। এমন সময় শ্রীযুক্ত গিরিশচক্র ঘোষ মহাশয় আদিলেন ও পরস্পর অভিবাদন ও কুশলপ্রশ্লাদির পর সেধানে বসিয়া নিবিষ্টচিত্তে পাঠ ভনিতে লাগিলেন। অকমাৎ শব্ধ-শক্তির কথা বলিতে বলিতে স্বামীন্সী গিরিশবাবুর দিকে চাহিয়া বলিলেন, "কি জি. সি. এ-সব তো কিছু পড়লে না, কেবল কেই-বিষ্টু নিষ্টে দিন কাটালে।" গিরিশবারু বলিলেন, "কি আর প'ড়ব ভাই ? অত অবসরও নেই, বৃদ্ধিও নেই যে ওতে সেঁধুব। তবে ঠাকুরের রূপায় ও-সব বেদ-বেদান্ত মাথায় রেখে এবার পাড়ি মারব।" এই বলিয়া তিনি প্রকাণ্ড বেদগ্রন্থকে भूनः भूनः श्राम कतिया विनटि नागितन, "क्य तमक्री श्रीवामकृत्यव कय ।" স্বামীজী তথন অন্তমনা হইয়া কি ভাবিতেছিলেন, ইত্যবসরে গিরিশবারু বলিয়া উঠিলেন, "शं, दर नत्त्रन, এकটা कथा विन । द्यम्द्रवास তো ঢের পড়লে, किस এই বে দেশে ঘোর হাহাকার, অন্নাভাব, ব্যভিচার, জ্রণহত্যা, মহাপাতকাদি চোথের সামনে দিনরাত ঘুরছে, এর উপায় তোমার বেদে কিছু বলেছে ?"··· "গিরিশবাবু এইরূপে সমাজের বিভীবিকাপ্রদ ছবিগুলি উপর্পরি অভিত क्रिया (मथाहेर्फ चात्रष्ट क्रियन चामीकी निर्दाक हहेबा द्रहिरनन । क्रिएफर তু:খকটের কথা ভাবিতে ভাবিতে তাঁহার চক্ষে জল আদিল। তিনি তাঁহার মনের ঐকপ ভাব আমাদের জানিতে দিবেন না বলিয়াই বেন উঠিয়া বাহিরে চলিয়া গেলেন। ইতোমধ্যে গিরিশবাবু শিশুকে লক্ষ্য করিয়া বলিলেন, 'দেখলি বাক্ষাল, কত বড় প্রাণ! তোর স্বামীজীকে কেবল বেদজ্ঞ পণ্ডিত ব'লে মানি না; কিন্তু ঐ বে জীবের তু:থে কাঁদতে কাঁদতে বেরিয়ে গেল, এই মহাপ্রাণতার জন্ম মানি। চোথের সামনে দেখলি তো মানুষের তু:খকটের কথাগুলো ভুনে করুণায় হৃদয় পূর্ণ হয়ে স্বামীজীর বেদ-বেদাস্ত সব কোথায় উড়ে গেল।'"

একটু পরে স্বামীন্ধী ফিরিয়া আসিয়া কথায় কথায় ব্ঝাইয়া দিলেন ষে, গিরিশবাব্র দিক—অর্থাৎ অধিক পডাশুনার নিপ্রয়োজনীয়তা ও স্বামীন্ধীর দিক—বৃদ্ধি মার্জিত করার প্রয়োজন—এই উভয় দিকই অধিকারিভেদে সত্য। "গুরুতক্তি থাকলে সব সিদ্ধান্ত প্রত্যক্ষ হয়—পড়বার শুনবার দরকার হয় না। তবে এরপ ভক্তি ও বিশ্বাস জগতে তুর্লভ। গিরিশবাব্র মতো যাঁদের ভক্তি-বিশ্বাস, তাঁদের শাস্ত্র পড়বার দরকার নেই। কিন্তু ওকে অফুকরণ করতে গেলে অক্রের সর্বনাশ উপস্থিত হবে। ওর কথা শুনে যাবি, কিন্তু কথন ওর দেখাদেখি কাল্প করতে যাবি না।…একটা অবস্থা আছে, যেথানে যুক্তি তর্ক সব চুপ হয়ে যায় 'মুকাস্বাদনবং'। আর একটা অবস্থা আছে, যাতে বেদাদি শাস্ত্রগ্রের আলোচনা পঠন-পাঠন করতে করতে সত্যবস্ত্র প্রত্যক্ষ হয়। তোকে এসব পড়ে শুনে যেতে হবে, তবে তোর সত্য প্রত্যক্ষ হবে।"

এইভাবে ভক্তি ও জ্ঞান সম্বন্ধে আলোচনা চলিতেছে, এমন সময় স্বামীজীর শিগু গুগু মহারাজ বা স্বামী সদানন্দ সেধানে উপস্থিত হইলেন। অমনি আলোচনার গতি পরিবর্তিত হইয়া স্বামীজীর বিরাট ব্যক্তিত্বের আর একটা দিক অভিব্যক্ত হইল। তিনি স্বামী সদানন্দকে বলিতে লাগিলেন, "ওরে, এই জি. সি.-র মুখে দেশের তুর্দশার কথা ভনে প্রাণটা আঁকুপাকু করছে, দেশের জন্ম কিছু করতে পারিস ?"

সদানন্দ—"মহারাজ! জো ভ্কুম—বান্দা তৈয়ার হায়।"

স্বামীজী—"প্রথমে ছোটখাট হারে একটা সেবাশ্রম খোল, বাতে গরীব-ছঃখীরা সব সাহায্য পাবে, রোগীদের সেবা করা হবে, বাদের কেউ দেখবার নেই —এমন অসহায় লোকদের জাতি-বর্গ-নির্বিশেষে সেবা করা হবে। ···জীবসেবার চেয়ে আর ধর্ম নেই। সেবাধর্মের ঠিক ঠিক অন্থর্চান করতে পারলে অতি সহজেই সংসারবন্ধন কেটে যায়—'মুক্তিঃ করফলায়তে'।"

"এইবার গিরিশবাবুকে সম্বোধন করিয়া স্বামীক্ষী বলিলেন : দেখ, গিরিশবাবু, মনে হয় এই জাতের তৃঃখ দূর করতে স্বামায় যদি হাজারও জন্ম নিতে হয়, তাও নেবো। তাতে যদি কারও এতটুকু তৃঃখ দূর হয় তো তা ক'রব। মনে হয়, খালি নিজের মৃক্তি নিয়ে কি হবে ? সকলকে নিয়ে ঐ পথে যেতে হবে। কেন বলো দেখি এমন ভাব ওঠে ?"

গিরিশবাব্ — "তা না হলে আর তিনি (এরামক্বফ) তোমায় সকলের চেয়ে বড় আধার বলতেন ?" (ঐ, ১।৪৩-৪৬)।

স্বামীজী সমসাময়িক ভারতে কার্যে পরিণত বেদান্ত ও কর্মযোগ প্রচারের প্রয়োজন বোধ করিয়াছিলেন, কারণ তিনি দেখিয়াছিলেন, এদেশে ধ্যানধারণা, মুক্তিকামনা, পুজা-অর্চা, সংসারবিমুখতা ইত্যাদির প্রতি একটা স্বাভাবিক প্রবণতা থাকিলেও বান্তবজীবনে ঐসব বিষয়ে সৰ্বক্ষেত্ৰে উপযুক্ত ঐকান্তিকতা বা গভীরতা নাই, বরং সেসব ক্ষেত্রে দেখা যায়, সত্তপ্তেরে ধুয়া ধরিয়া দেশ ক্রমে জড়তা, আলস্থা, অবসাদের তমোময় পর্ভে ভূবিয়া ঘাইতেছে এবং উহারই অমুকুলরূপে ধর্মেরও ব্যাখ্যা ও দার্শনিক যুক্তির প্রয়োগ করিয়া ধর্মকে অর্থহীন আচার-বিচারে ও সামাজ্ঞিক অত্যাচারে এবং দর্শনকে হাস্তাম্পদ বাগাড়ম্বরে পরিণত করিয়াছে। তিনি তাই চাহিতেন তেজস্বিতা, আত্মনির্ভরতা ও কর্মোৎসাহ। "আমি কিছু নহি, আমি অতি দীন, আমি অতি নীচ"—এইরপ আত্মাবমাননা তিনি পছল করিতেন না। স্বামীজীকে 'ঈশামুদরণ' গ্রন্থথানির প্রতি বিশেষ অ্মুরাগী জানিয়া এক ব্যক্তি যথন রচয়িতার বিনয় ও 'তৃণাদপি স্থনীচ'-ভাবের প্রশংসা করিতে-ছিলেন এবং বলিতেছিলেন, নিজেকে তুচ্ছজ্ঞান না করিলে ধর্মজীবনে সাফল্য-লাভ হয় না, তথন স্বামীজী উহার প্রতিবাদকল্পে বলিয়াছেন, "কি ? নিজেকে তুচ্ছ ভাবা ? কেন ? আত্মগানিতে কি লাভ ? আমাদের আবার অন্ধকার কোণায় ? আমরা জ্যোতির সম্ভান। যে জ্যোতিঃ বিশ্বজ্ঞগৎ উদ্ভাসিত করে আছে, আমরা তাতেই বেঁচে আছি, তারই মধ্যে ডুবে চলাফেরা করছি।"

স্বামীক্ষীর ভারতীয় জীবনে শুধু জ্ঞান ভক্তি ও কর্মেরই সমন্বন্ধ সংসাধিত হয় নাই, উহাতে বোগেরও পরাকাঠা লক্ষিত হইয়াছিল। দৃষ্টাস্কস্বরূপে বলা বায়, একদিন শ্রীযুক্ত প্রিয়নাথ সিংহের সহিত তুইজন ভন্তলোক প্রাণায়াম সম্বন্ধে কিছু সমস্তার সমাধানের জন্ম স্বামীন্দীর নিকট আসিয়াছিলেন। স্বামীন্দীর রাজ্যোগ-পাঠান্তে তাঁহাদের মনে এইদব প্রশ্ন উত্থিত হইয়াছিল। স্বামীজী তথন গোপাল্লাল শীলের বার্টীতে উপস্থিত আরও কয়েকজনের প্রশ্নের উত্তর দিতেছিলেন। ঐসব শেষ হইলে তিনি অজিজ্ঞাসিতভাবেই প্রাণায়ামের কথা তুলিলেন এবং অপরাহু সাড়ে তিনটা হইতে সন্ধা সাড়ে সাতটা পর্যন্ত পুর্ণ চারিঘন্টা ধরিয়া অবিরাম ঐ বিষয়েই বলিয়া যাইতে লাগিলেন—যেন রাজ্যোগই তাহার একমাত্র প্রাণের বস্তু। অধিকন্তু সব বিষয়টা তিনি এমন বিশদ ও প্রাঞ্জল ভাষায় বুঝাইলেন যে. জিজ্ঞান্তদের আর প্রশ্ন করার আবশ্যক হইল না। আরও দেখা গেল যে, তিনি বিষয়গুলির যে চিত্তাকর্ষক ব্যাখ্যা দিলেন, তাহার অনেকথানি গ্রন্থে লিপিবন্ধ হয় নাই। শ্রোতাদের বুঝিতে বাকি রহিল না যে, স্বামীজী স্বায় উপলব্ধি অবলম্বনেই কথা বলিতেছিলেন এবং সেই অহুভৃতির অতি অল্প অংশই পুস্তকাকারে নিবদ্ধ হইয়াছে। স্বাধিক বিশ্বয়ের বিষয় ছিল, স্বামাজী কি করিয়া প্রশ্নকর্তাদের মনোভাব অবগত হইলেন। সিংহ মহাশয় স্বামীজার বাল্যবন্ধ ছিলেন। তিনি পরে স্বামীজীকে এই বিষয়ে জিজ্ঞাসা করিলে স্বামীজী বলিলেন, "ওদেশেও অনেক সময় ঠিক এরূপ ঘটত, আর লোকে আমায় জিজ্ঞাসা করত, কেমন করে আমি তাদের মনোগত ভাব বুঝে কথা বলি এবং তাদের প্রশ্নের মীমাংসা করি।" (ঐ, ১।৩৯৬-১৭)। কথায় কথায় দেদিন জাতিম্মরতা, পরচিত্তজ্ঞতা প্রভৃতি অনেক প্রকার যোগজ শক্তির কথা উঠিলে হঠাৎ একজন স্বামীঙ্গাকে জিজ্ঞাসা করিলেন, "আচ্ছা স্বামীজী, আপনি আপনার পূর্ব পূর্ব জন্মের কথা জানেন ?" তিনি উত্তর দিলেন, "হা, নিশ্চয়ই।" তথন প্রশ্নকর্তা নির্বন্ধাতিশয় সহকারে তাঁহাকে পুন: পুন: অমুরোধ করিতে লাগিলেন, স্বামীজী ঘাহাতে দে রহস্ত উদ্ঘাটিত করেন। কিছা তিনি বলিলেন, "আমি দে সবই জানি এবং ইচ্ছা করলে আরও জানতে পারি, কিন্তু এ সম্বন্ধে কিছু না বলাই ভাল।" (বাঙ্গলা জীবনী, ৬৪৩)।

পাশ্চান্তা ভূখণ্ডের স্থায় ভারতেও স্বামীজী শিশুবর্গকে ও অহুরাগির্ন্দকে বিভিন্ন সাধনমার্গের কথা শুনাইতেন ও শিখাইতেন। কিন্তু ভারতীয় জীবনের যুগপ্রয়োজনে তাঁহার বাণীতে সেবাত্রতেরই কথা অধিক স্থান পাইত। পরকে তিনি এই বিষয়ে উপদেশ দিতেন, নিজেও লোককল্যাণ সাধনে বিশাস করিতেন। একদিন একজন তাঁহাকে মুক্তপুক্ষর ও অবভারের প্রভেদের কথা জিজ্ঞাসা করিলে তিনি ঐ প্রসক্ষে বলিয়াছিলেন, "আমি যখন সাধনাবস্থায় ভারতবর্ধের সর্বত্ত শ্রমণ

করেছিলাম, তথন অনেক দিন নির্জন গিরিগুহার কাটিয়েছিলাম এবং মাঝে মাঝে মৃক্তি দ্রবর্তী দেখে প্রায়োপবেশনে প্রাণত্যাগের সকল্প করতাম। কিন্তু এখন আর আমার মৃক্তির আকাজ্জা নেই। এখন ভাবি, ব্রহ্মাণ্ডের একজনও ষতদিন বন্ধ থাকবে ততদিন আমার নিজের মৃক্তি চাই না।" বৃদ্ধদেবও একদিন ঠিক এরপ কথা বলিয়াছিলেন এবং হীনয়ান বৌদ্ধসম্প্রদায়ে অহঁথদের আদর্শ স্বীয় মৃক্তিকামনাকে উচ্চতম স্থান দেওয়া হইলেও মহাযানসম্প্রদায়ে লোককল্যাণে তৎপর বোধিসন্তই স্বাধিক ভক্তিশ্রদ্ধা পাইয়া থাকেন। বস্তুতঃ আচার্য ও অবতারকল্প পুরুষদের ইহাই মহন্ব যে, তাঁহারা যে উচ্চতম অফুভূতি লাভ করেন, জগতের অপরকেও তাহাতে ভাগী করিতে লালায়িত থাকেন—একা আনন্দসজ্যোগ তাঁহাদের চরিত্রের বিরোধী।

'স্বামি-শিশ্ব-সংবাদ' ও বাঙ্গলা জীবনী অবলম্বনে ঘটনাবলী বিবৃত করিতে করিতে যদিও আমরা মার্চ মাসের শেষ পর্যন্ত আসিয়া পড়িয়াছি, তথাপি মনে রাখিতে হইবে যে, স্বামীজীর কলিকাতায় আগমনান্তে প্রথম কিছুদিন আলমবাজারের মঠে ও শীলেদের বাগানে অতিমাত্র ব্যস্ততার মধ্যে অতিবাহিত হইয়াছিল। সেখানে অনেক কিছু ঘটিয়াছিল এবং সেখানেই জন্মভূমির কল্যাণার্থ প্রথম বাণী উচ্চারিত হইয়াছিল, দেশসেবা কার্যের স্ত্রপাতও হইয়াছিল সেখানে। কিন্তু শরচন্দ্র চক্রবর্তীর ন্থায় উপযুক্ত লেখক সব সময় উপস্থিত না থাকায় অনেক কিছুই লিপিবদ্ধ হয় নাই—অল্প কয়টি বিচ্ছিন্ন ঘটনামাত্র সংরক্ষিত হইয়াছে। এইরূপ একটি ভৌতিক ঘটনা বাঙ্গলা জীবনীতে পাওয়া যায়, উহাতে স্বামীজীর অতিলোধিক দৃষ্টশক্তি প্রমাণিত হয়।

এক সন্ধ্যায় মঠের একথানি ঘরে বসিয়া স্বামীন্ধী স্বামী প্রেমানন্দের সহিত গল্প করিতে করিতে হঠাৎ শুল্ধ হইয়া গেলেন ও কিয়ৎক্ষণ পরে গুরুলাতাকে জিজ্ঞাসা করিলেন, "ত্মি কিছু দেখলে ?" তিনি বলিলেন, "না"। তথন স্বামীন্ধী বলিলেন, "আমি এইমাত্র একটা প্রেতাম্মার ছিন্নমুগু দেখলাম। সে কাতরভাবে তার কটকর অবস্থা থেকে উদ্ধার প্রার্থনা করছে।" পরে অফুসন্ধান করিয়া জানা গিয়াছিল, ঐ বাগানে এক ব্রাহ্মণ ঘারবান থাকিত ও অত্যধিক স্থদে টাকা ধার দিত। একদিন এক ঘাতক তাহাকে হত্যা করিয়া মৃতদেহ গলায় ফেলিয়া দেয়।

গুরুত্বপূর্ণ বেদব আলোচনা হইত তৎসম্বন্ধে মোটাম্টি ধারণা দিতে গিয়া বাদলা-জীবনীকার লিধিয়াছেন: "অনেক খ্যাতনামা ব্যক্তি, উৎসাহশীল যুবক ও কলেজের ছাত্র তাঁহার দর্শনার্থ শীলেদের বাগানে আসিতেন। কেই আসিতেন তাঁহার নিকট জ্ঞানোপদেশ লাভের আশায়, কেই কৌতৃহল চরিতার্থ করিবার জ্ঞান, আবার কেই বা আসিতেন কেবল তাঁহার শাস্ত্রজ্ঞান, পরীক্ষার উদ্দেশ্যে। কিন্তু শেষে সকলেই তাঁহার সহিত আলাপ করিয়া ও তাঁহার মুথে শাস্ত্রযাথ্যা ভানিয়া তৃপ্তিলাভ করিতেন" (৬৩২ পৃ:)। শরৎবাব্ লিথিয়াছেন: "প্রশ্নকর্তারা স্বামীজীর শাস্ত্রবাথ্যা ভানিয়া মুগ্ধ হইয়া যাইত, এবং তাঁহার উদ্ভিন্ন প্রতিভায় বড় বড় দার্শনিক ও বিশ্ববিভালয়ের খ্যাতনামা পণ্ডিতগণ নির্বাক হইয়া অবহান করিতেন।"

আবার স্বামীজী ছিলেন যুগাচার্য—যুগের নবাভিষানের পথিকং, কেবল পাণ্ডিত্য দেখাইতে তিনি আদেন নাই। স্করাং তিনি শুনাইতেন ত্যাগ-বৈরাগ্যের যুক্তি, বুঝাইয়া দিতেন আত্মশ্রার্জনের প্রয়েজন, আর দেখাইয়া দিতেন বলবীর্য-বুদ্ধির উপায়। তিনি ধর্মের নামে কদাচার বা হুর্বলতার প্রশ্রেম দিতে অপারগ ছিলেন, যুক্তিহীন পরাস্থকরণ, পরাস্থবাদ বা পাশ্চান্ত্যের অভিমত্তাস্থারে সমাজসংস্কারাদিতে মাতিতে মোটেই প্রস্তুত ছিলেন না), আর বলিতেন শিক্ষাদান অবলম্বন নারীজাতি ও জনসাধারণের উন্নতি ব্যতীত আমাদের গত্যস্তর নাই। ধর্মভিত্তিক এই সকল কার্যের জন্ম তিনি স্বার্থত্যাগী যুবকসম্প্রদায়ের প্রতিই অধিক দৃষ্টি রাখিতেন ও নানাভাবে তাহাদিগকে প্রোৎসাহিত করিতেন। তিনি যে প্রথম হইতেই তাহার নববার্তা বহনের উপযুক্ত সংখ্যক ও আবশ্রকগুণশালী যুবকদের পাইয়াছিলেন তাহা বলা চলে না, অন্যান্ম আচার্যদের আয় তাঁহাকেও বাধাবিত্মের মধ্য দিয়াই চলিতে হইয়াছিল। জনসাধারণের তদানীস্কন ভাবরাশিও তাহার এই কার্যের অনেকটা প্রতিক্ল ছিল; সেই সমন্তকে সরাইয়া দিয়া তবে তাহাকে পথ করিয়া চলিতে হইয়াছিল। পরবর্তী ঘটনাগুলি হইতে ইহার কতক আভাস পাওয়া যাইবে।

আমেরিকায় তাঁহার বেদাস্তপ্রচারের সংবাদ-শ্রবণে এদেশের অনেক বৈষ্ণব মনে করিয়াছিলেন, বেদাস্তপ্রচার ও বৈষ্ণবধর্মের সমর্থন একই ব্যক্তির পক্ষে অসম্ভব, এই জন্মই স্বামী বিবেকানন্দ সেদেশে শ্রীক্রফোক ধর্মের প্রচার করেন নাই। এই দৃষ্টিতে তাঁহারা স্বামীজীর কার্যের অকিঞ্চিৎকরত্ব প্রমাণ করিতেও যত্নপর হইয়াছিলেন। তাই স্বামীজী একদিন কথায় কথায় অনৈক বৈষ্ণবকে বিলিয়াছিলেন, "বাবাজী, আমি একদিন শ্রীকৃষ্ণ সম্বন্ধে আমেরিকায় এক বক্তৃতা

দিই। তাহাতে এত ফল হইয়াছিল যে, এক অতুল ঐশর্য ও সম্পত্তির অধিকারিণী যুবতী সর্বস্থ ত্যাগ করিয়া এক নির্জন দ্বীপে রুফ্টিস্তায় জীবনের অবশিষ্টাংশ যাপন করিতে রুতোল্যম হইয়াছিল।"

বস্তুত: যুগপ্রয়োজনে জ্ঞান ও কর্মের কথা অধিক বলিলেও স্বামীজীর অন্তর ছিল ভক্তিতে পরিপূর্ণ। ইহারই একটি দুষ্টান্ত তাঁহার ভাতা এীযুক্ত মহেন্দ্রনাথ দত্ত লিপিবদ্ধ করিয়াছেন ('শ্রীমং বিবেকানন স্বামীজীর জীবনের ঘটনাবলী' ১ম খণ্ড, ৪১-৪৩ পৃ:)। ঘটনাটি বরাহনগর মঠে বাসকালের। সংক্রেপে উহা এইরপ। স্বামী যোগানন্দ⁸ বুন্দাবন হইতে ফিরিবার কালে কতকগুলি তুলসীর মালা, মালার ঝুলি ও তিলকমাটি লইয়া আসেন। দ্বিপ্রহরে আহারের পর স্বামীজী রকচ্ছলে বলিলেন, "ওরে যোগে, তুই তো বুন্দাবনে গেছলি ? আমাম বৈরাগী সাজিয়ে দে।" সকলে মিলিয়া তাঁহাকে ঐরপ সাজাইয়া দিলে তিনি রহস্থভরে মালাজ্বপ ইত্যাদির অমুকরণ করিতে থাকিলেন, সম্ভবতঃ ইহাই দেখাইবার জন্ম যে, শ্রীরামক্নফের আগমনে যে নবীন যুগপ্রবর্তন হইতে চলিয়াছে, উহা ভথু প্রাচীন-আচারের অর্থহীন পুনরাবৃত্তি নহে; প্রাচীনের নিজম্ব মহিমা অবশুই ছিল, কিন্ধু বর্তমান ও ভবিশ্বৎ ফেন উহারই অমুকরণমাত্রে পর্যবদিত না হয়। বাহিরে যুগপ্রয়োজনামুসারে ঐরপ ব্যবহার করিলেও অমুকরণের অবকাশ পাইয়া অন্তরের ভক্তিভাব অকমাৎ উদ্দীপিত হওয়ায় তিনি হরিপ্রেমে গর্গর মাতোয়ারা হইয়া হন্ধার দিয়া উঠিলেন, "বোল হরি বোল, হরি হরি বোল।" দে আবেগপুর্ণ উচ্চ অথচ গম্ভীর কণ্ঠরবশ্রবণে সকলেরই ভাব বদলাইল ; সকলে উঠিয়া উদ্ধাম নৃত্যুসহ হরিসংকীর্তন আরম্ভ করিলেন। ঠাকুরঘর হইতে থোল-করতাল আনিয়া বাজনাও শুরু হইল। মহেদ্রবাবুর মতে "অনবরত থোল বাজানো এত হুবাই ইয়েছিল যে, প্র্যায়ক্রমে তিনজনকে খোলটা ঘাড়ে করতে श्राहिन, তবুও তাদের আঙ্গুলগুলো ফুলে গিয়েছিল।" সে কীর্তন সেদিন ঠাকুরের বৈকালী প্রদানের পরেও কিছুকাল চলিয়াছিল এবং উহার আকর্ষণে পাড়ার অনেকে মঠে জমায়েত হইয়াছিল। কীর্তনাম্ভে ঘরে ফিরিবার পথে তাহাদিগকে বলিতে শোনা গিয়াছিল, "দাদাঠাকুর, এমন কীর্তন কথনও ভানিনি, এমন মধুর হরিনাম কখনও ভনিনি।"

ইহা তো অনেক পুর্বের ঘটনা। সমসাময়িক একটি ক্ষুদ্র ঘটনাতেও স্বামীজীর

s। অক্সমতে বামী প্রেমানস।

বিনয় ও ভজিভাব স্থলর ফুটিয়া উঠিয়াছিল। স্বামীজী একদিন চেয়ারে বিদিয়া আগন্ধকদের সহিত কথা কহিতেছেন এমন সময় শ্রীরামক্ষণদেবের প্রাতৃষ্পুত্র শ্রীযুক্ত রামলাল চট্টোপাধ্যায় (বা রামলালদাদা) দেখানে উপস্থিত হওয়ামাত্র স্বামীজী তাঁহাকে প্রণাম করিয়া সাদরে আপন চেয়ারে বসাইলেন। স্বামীজীর চেয়ারে আপনাকে উপবিষ্ট দেখিয়া রামলালদাদা লক্ষিত ও বিত্রত বোধ করিলেও স্বামীজী সেসব কথা শুনিলেন না; বলিলেন "গুরুবং গুরুপুত্রেয়্" এবং ঐ কর্ফি পদচারণ করিতে করিতেই তিনি আলাপ করিতে থাকিলেন। রামলালদাদার আগ্রহ সত্বেও তিনি আসন গ্রহণ করিলেন না।

অন্তরের স্বাভাবিক ভক্তিভাব চাপিয়া রাথিয়া তিনি যুগপ্রয়োজনে আগদ্ভক যুবকবৃন্দকে শক্তিলাভ ও পরার্থে স্বার্থত্যাগের বাণী শুনাইতেন। বস্তুত: ভক্তি-পথেও ত্যাগকে অস্বীকার করা চলে না। তিনি একদিন বলিয়াছিলেন, "ত্যাগ চাই, যারা ত্যাগ অভ্যাস না করে তারা ধীরে ধীরে অধংপাতে যায়, যেমন বল্পভাচার্ষের দল।" যে যুবকেরা দেবাধর্মে ত্রতী হইবে, তাহাদের পক্ষে উহা একান্ত আবশ্যক হইলেও স্বামীজীর ত্বংথ ছিল এই যে, দেরপ আধার পাওয়া ছিল হন্ধর-সমাজ যে তথন অতীতের পুঞ্জীভূত ভ্রান্তধারণায় ভারাক্রান্ত! একদিন এক যুবকের সহিত তাঁহার আলাপ হইতেছিল। যুবক বলিলেন, "ম্বামীজী, আমি অনেক দলে মিশেছি; কিন্তু সত্য যে কি, সে আজও ঠিক क्त्रत्छ शात्रनाम ना।" स्नामीकी मत्त्रत्य विनतन, "वावा खग्न तन्हे, खामात्रध একদিন ঐ অবস্থা ছিল। আচ্ছা, বল, কোন্ কোন্ দল তোমায় কি কি উপদেশ দিয়েছে, আর তুমি তার কতটা প্রতিপালন করেছ।" যুবক জানাইলেন, তিনি থিওদফিক্যাল সম্প্রদায়ের একজনের নিকট মৃতিপুজার স্থন্দর ব্যাখ্যা ভনিয়া নিত্য ভক্তিভরে পুজা ও জপ করিয়া আসিতেছেন, তবু শান্তি পান নাই। আর এক-জনের উপদেশে ধ্যানকালে মনকে সম্পূর্ণ নির্বিষয় করার চেষ্টা করিয়াও শাস্তি পান নাই। তিনি বলিলেন, "মশায়, আমি প্রতাহ দার বন্ধ করে ধাানে বদি ও চক্ মুক্তিত করে থাকি। কিন্তু তবুও শান্তি পাই না কেন?" স্বামীজী বলিলেন, "শান্তি যদি চাও, ঠিক এর বিপরীত করতে হবে। দার উন্মুক্ত রাখতে হবে। আর চক্ষু মেলে চারদিকে দেখতে হবে। তোমার আশেপাশে কত লোক তোমার সাহাষ্যের প্রত্যাশায় রয়েছে, তাদিকে সাহাষ্য কর, কুণার্ডকে অন্ন দাও। তৃষ্ণার্তকে জ্বল দাও, ষ্থাসাধ্য পরের উপকার কর—তাতেই মনের শান্তি হবে।"

যুবক বলিলেন, "কিন্তু ধক্ষন, যদি পীড়িতের শুশ্রষা করতে গিয়ে আমি নিজে বিপদে পড়ি? রাত-জাগা, অসময়ে থাওয়া ইত্যাদিতে যদি আমার নিজেরই শরীর—।" স্বামীজী বিরক্ত হইয়া বলিলেন, "থাক্ থাক্, ব্বেছি। তোমার সে ভয় নেই—তুমি কোনও কালে পরের জন্ম রাত জাগতেও যাছে না, আর তোমার সেজন্ম ব্যারামে পড়ারও কোন সম্ভাবনা নেই।" স্বামীজী জানিতেন এমন আত্মস্থান্থেয়ণে তৎপর ব্যক্তি কথনও সেবাকার্যে ব্যতী হইতে পারে না, আর দেশে এরপ নিজ্মার সংখ্যাও ছিল প্রচুর। স্কৃতরাং তিনি ব্রিয়াছিলেন, তাঁহাকে কিরপ বিপরীত আবহাওয়ার মধ্যে অবতীর্ণ হইতে হইবে।

অন্য একদিন কথাপ্রসঙ্গে শ্রীরামক্বফভক্ত পূজ্যপাদ মান্টার মহাশর তাঁহাকে বিলিয়াছিলেন, "দেখ, তুমি যে দয়া, পরোপকার বা জীবসেবার কথা বলো, সে তো মায়ার রাজ্যের কথা। যখন বেদাস্তমতে মানবের চরম লক্ষ্য মুক্তিলাভ, সম্দয় মায়ার বন্ধন কাটানো, তখন ও-সব মায়ার বাাপারে লিপ্ত হয়ে লোককে ঐ বিষয়ের উপদেশ দিয়ে ফল কি?" স্বামীজী মায়াবাদের এই অপব্যাখ্যা বহুবার শুনিয়াছিলেন, এবং ইহার উত্তরও তাঁহার নিকট প্রস্তুত ছিল। তিনি বিল্মাত্র ইতন্তত: না করিয়া উত্তর দিলেন, "মুক্তিটাও কি মায়ার অন্তর্গত নয় ? আত্মা তো নিত্যমুক্ত, তার আবার মুক্তির জন্ম চেষ্টা কি?" ('বাণী ও রচনা', ১০০৬)। প্রাচ্যের তৎকালীন চিস্তারাজ্যে যে বিল্লান্তি উপস্থিত হইয়াছিল, স্বামীজীকে এমনি ভাবে তাহার প্রতিকার করিতে হইয়াছিল, কারণ এইরূপে সত্যের স্বরূপ অনাযুত না হইলে স্বামীজীর সেবাত্রত গ্রহণে লোক আগ্রহান্থিত ইইবে কেন ?

পরবর্তী অধ্যায়ে আমরা দেখিব, হিনুসমাজের একটা অংশও স্বামীজীর বিরুদ্ধে প্রত্যক্ষ সংগ্রামে অবতীর্ণ হইয়াছিল। স্বামীজীর পথ সত্যই ছিল কন্টকাকীর্ণ। দেশবাসীদের মঙ্গলার্থ তাহাদের মন হইতে অতীতের অবাঞ্চনীয় ধারণাগুলি অপসারিত করিয়া তৎস্থলে নবযুগের আশা ও উত্যম স্থপ্রতিষ্ঠিত করা ছিল এক অতি বিরাট ও শ্রমসাধ্য কার্য। ইহার জন্ত স্বামীজীর প্রচেষ্টা ষেসব বিভিন্ন প্রণালী অবলম্বনে পরিচালিত হইতেছিল, তাহার একটা মোটামৃটি ধারণা আমরা এ পর্যন্ত পাইয়াছি। ঐ ভাবরাশিকে জীবনে প্রত্যক্ষভাবে রূপায়িত করার কার্যেও তিনি তথনই অগ্রসর হইয়াছিলেন। এই দিকটার

কথা আমরা পরে বিস্তারিত আলোচনা করিব। আপাততঃ আরও কিছু ঘটনাবলী শেষ করি।

ভয়বাস্থ্য লইয়া স্বামীজী মাদ্রাক্ত হইতে কলিকাতার আসিয়াছিলেন। কলিকাতার আসিয়াও স্বাস্থ্যের উন্নতি না হইয়া বরং অবনতিই ঘটয়াছিল। দেখানে ক্রমেই গরম বাড়িতেছিল; আর দেই সঙ্গে কাজ এবং তৃশ্চিস্তাও ছিল যথেই। তাঁহার অবস্থা দেখিয়া চিকিৎসকগণ পরামর্শ দিলেন যে, তাঁহার পক্ষেশীতপ্রধান স্থান দার্জিলিং-এ চলিয়া যাওয়া উচিত। মার্চ মাদের মধ্যভাগে দেখানে যাওয়া স্থির হইল। ইহার পূর্বেই সেভিয়ার-দম্পতি সেখানে উপস্থিত হইয়াছিলেন; একণে স্বামীজীর সঙ্গে গেলেন স্বামী ব্রহ্মান্দল, প্রামী ব্রহ্মান্দল, প্রীযুক্ত গুডউইন, শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষ, ডাং টার্নব্ল এবং মাদ্রাজ্বের ভক্ত সর্বশ্রী আলাসিলা পেরুমল, জি. জি. নরসিংহাচার্য, সিলারভেল্ ম্লালিয়ার। মাদ্রাজ্বের ভক্তেরা তাঁহারই সহিত জাহাজে আসিয়া এতদিন আলমবাজার মঠে অবস্থান করিতেছিলেন। স্বামীজী দার্জিলিং-এ আগমনান্তর গুরুত্রাতাদের সহিত ঐ নগরনিবাসী শ্রীযুক্ত এম. এন. ব্যানার্জির অতিথি হইলেন। সন্ধী অপরদের স্থান হইল বর্ধমান-মহারাজের প্রাসাদ্যোপম ভবন 'রোজ ব্যাক্ক'-এ। স্বামীজীর প্রতি শ্রদ্ধাপরায়ণ মহারাজ কিছুদিনের জন্ম উহা তাঁহার হন্তে অর্পণ করিয়াছিলেন।

দার্জিলিং-এ আগমনের পরবর্তী তিনটি ঘটনা উল্লেখযোগ্য। একদিন তিনি প্রাতঃকালীন জলযোগান্তে ভ্রমণে বাহির হইলেন। শরীর তথন অনেকটা স্থস্থ এবং মনওপ্রফুল্ল ছিল। গিরিসৌন্দর্য উপভোগ করিতে করিতে অল্পরয়স্ক দাধীদের সহিত ধীরপদ্বিক্ষেপে বিচরণ করিতেছেন, এমন সময় দেখিলেন, এক ভূটিয়া স্ত্রীলোক পৃষ্ঠে গুরুভার লইয়া কটে চলিতেছে। হঠাৎ স্ত্রীলোকটির পায়ে হোঁচট লাগায় পীঠের বোঝা পড়িয়া গেল, এবং দেও ভূপতিত হইল ও তাহার পঞ্জরে দারুণ আঘাত লাগিল। স্বামীজী অনিমেষনয়নে দব দেখিতেছিলেন। স্ত্রীলোকটির আঘাত পাওয়ার দঙ্গে করিও নিজের পাজরায় আঘাত অক্তর্ভব করিয়া দাঁড়াইয়া পড়িলেন;—আর যেন চলিতে পারিতেছেন না। একটু পরেই বলিয়া উঠিলেন, "বড্ড ব্যথা লেগেছে; আর যেতে পারছি না।" সন্ধী বালকেরা জিজ্ঞানা করিল, "স্বামীজী কোথায় ব্যথা লেগেছে?" তিনি তাহার পার্ছদেশ দেখাইয়া বলিলেন, "এইখানে—দেখিসনি ঐ স্ত্রীলোকটির লেগেছে।"

আধ্যাত্মিক অভিজ্ঞতাশ্য বালকগণ ইহার তাৎপর্য তথন ব্ঝিতে পারে নাই, ব্ঝিয়াছিল অনেক পরে। একজনের ব্যথা সত্যই এমন করিয়া অপরের দৈহিক যন্ত্রণার কারণ হইতে পারে—ইহা সাধারণ বৃদ্ধিগম্য নহে। তবে শ্রীরামক্কফের জীবনীপাঠে অবগত হওয়া যায় যে, দক্ষিণেশরে বিবদমান মাঝিদের একজন অপরকে আঘাত করিলে, সে ব্যথা শ্রীরামক্কফের দেহে অন্তভ্ত হইয়াছিল। ('কাশীধামে স্বামী বিবেকানন্দ', ৪৭-৪৮)।

ষিতীয় ঘটনাট এই: দার্জিলিং-এ শ্রীযুক্ত এম. এন. ব্যানার্জির বাড়ীতে মতিলাল মুখোপাধ্যায় নামক একজন যুবক ছিলেন। তিনি একদিন প্রবল জরে আক্রান্ত হইয়া বিষম প্রলাপ বকিতে থাকিলেন। কিন্তু স্বামীজী যেমনি তাঁহার গৃহে প্রবেশ করিয়া মন্তক হস্তবারা স্পর্শ করিলেন, অমনি জর মন্দীভূত হইতে লাগিল এবং কিয়ৎক্ষণের মধ্যেই একেবারে অন্তর্হিত হইল। যে যুবক রোগে ছট্ফট করিতেছিলেন, এখন তিনি উঠিয়া বদিলেন। ইনি বড় ভাবপ্রবণ ছিলেন এবং সন্ধীর্তনাদিতে প্রায়ই দশাপ্রাপ্ত হইতেন। তখন তিনি বাহুসংজ্ঞাশ্রু অবস্থায় ভূমিতে পড়িয়া হাত পা ছুঁড়িতেন ও চীৎকার বা গোঁ গোঁ করিতেন। স্বামীজী একদিন তাঁহার বক্ষ স্পর্শ করিয়া দিলে ঐ ভাবপ্রবণতা ও দশাপ্রাপ্তি বন্ধ হইয়া যায়। ক্রমে তিনি স্বামীজীর প্রতি ও অবৈতবাদে বিশেষ আরুষ্ট হন এবং আরও পরে স্বামীজীর নিকট সন্ধ্যাসগ্রহণপূর্বক স্বামী সচিচদানন্দ নামে পরিচিত হন।

তৃতীয় ঘটনা থেতড়ী-রাজ অজিত সিং-এর সহিত সাক্ষাতের জন্ম দার্জিনিং হইতে স্বামীজীর কলিকাতায় আগমন। থেতড়ী-রাজ দরবার উপলক্ষে ইংলণ্ডে বাইবার পূর্বে স্বামীজীর দর্শনাভিলাষী হইয়াছিলেন এবং পারিলে তাঁহাকে সঙ্গে করিয়া ইংলণ্ডে লইয়া যাইবেন, ইহাও ভাবিয়াছিলেন; কিন্তু স্বামীজীর পক্ষেতথন চিকিৎসকের উপদেশায়সারে তথায় যাওয়া সম্ভব ছিল না। যাহা হউক, ১৮ই মার্চ রাজা অজিত সিং প্রত্যুবে হাওড়া স্টেশনে পৌছিলে, অন্তান্ত সম্বর্ধনা-কারীদের মধ্যে স্বামীজীর নির্দেশে স্বামী ত্রিগুণাতীত ও অপর কোন কোন গুরুতার সহিত স্বামী শিবানন্দ তাঁহাকে অভ্যর্থনা জানাইলেন। এদিকে স্বামীজী তারযোগে তাঁহাকে জানাইলেন যে, তিনি ২১শে মার্চ, সকাল এগারটায় শিয়ালদহ পৌছিবেন। তদহুসারে রাজাজী বন্ধু-বান্ধবসহ তথায় উপস্থিত থাকিয়া তাঁহার সমৃতিত সম্বর্ধনা করিলেন। তিনি গাড়ীতে উঠিয়া সাষ্টাক্ষ প্রণামান্তর স্বামীজী ও

তাঁহার সহিত আগত অপর একজন সন্নাসীর চরণ কেন্তর-চন্দনে ধৃইয়া দিলেন ও উভয়কে মাল্যভৃষিত করিলেন। গাড়ী হইতে অবতরণাস্তর তিনি সমবেত ভদ্র-লোকদের সম্মুখে একথানি অভিনন্দন-পত্র পাঠ করিয়া উহা স্বামীজীর হস্তে অর্পণ করিলেন। অতঃপর প্রায় পঞ্চাশ-ষাটথানি অখ্যানের শোভাষাত্রাসহ স্বামীজীকে লইয়া সকলে রাজাজীর বাসস্থানে উপস্থিত হইলেন। দেখানে স্থানাহার ও বিশ্রামান্তে স্বামীজী সন্ধ্যার দিকে রাজার সহিত আলমবাজার মঠে গেলেন। আবার রাজার বাড়ীতে ফিরিয়া সেখানেই নৈশভোজনান্তে রাত্রিয়াপন করিলেন। পরদিন (২২শে মার্চ) স্বামীজী পুনর্বার মঠে চলিয়া গেলেন। অজিত সিং ২৬শে মার্চ স্বরাজ্যে ফিরিয়া যান; স্বামীজীও ইহারই কোন একদিন দাজিলিং-এ প্রত্যাবর্তন করেন। ('স্বামী বিবেকানন্দ: এ ফরগটন চ্যাপ্টার,'২১২-২১৯পঃ)।

দার্জিলিং হইতে স্বামীজী যে কয়খানি পত্র লিথিয়াছিলেন, উহাদের প্রথম-থানির তারিথ ১৯শে মার্চ, এবং সর্বশেষথানির তারিথ ২৮শে এপ্রিল। অতএব অফুমান হয় প্রায় দেড় মাদ তিনি দেখানে ছিলেন। ('বাণী ও রচনা', ৭।৩১৯-৩৩)। পত্র কয়থানির মধ্যে লক্ষ্য করিবার বিষয় এই: প্রথম পত্রখানি তিনি সংস্কৃত ভাষায় স্বশিশ্ব শরচন্দ্র চক্রবর্তীকে লিথিয়াছিলেন। দ্বিতীয় পত্রে (২০শে মার্চ) স্বামী রামকৃষ্ণানন্দকে মাল্রাজের কার্যপরিচালন-বিষয়ে উপদেশ দেওয়া হইয়াছে। তৃতীয় ও চতুর্থ পত্রহয় ভারতী-সম্পাদিকা শ্রীযুক্তা সরলা ঘোষালকে লিখিত। এই পত্রদ্বয়ের একটা নিজম্ব মূল্য আছে। স্থশিক্ষিতা ম্বদেশবাসিনীর সহিত তিনি পত্রদয়ে বহু সমস্থাসম্বন্ধে আলোচনা করিয়াছিলেন এবং প্রতি-পঙ্ক্তিতে ভারতীয় মহিলাদের প্রতি তাঁহার শ্রহা ও বিশ্বাস জ্ঞাপন করিয়া-ছিলেন। এই পত্তরয়েই তিনি লিথিয়াছিলেন, "আমাদের বেদাস্ত-মত আছে, কার্যে পরিণত করিবার ক্ষমতা নাই;" "ঘদি পুনরায় আমাদিগকে উঠিতে হয়, তাহা হইলে ঐ পথ ধরিয়া অর্থাৎ দাধারণ জনগণের মধ্যে বিভার প্রচার করিয়া।

অসমাদের বালকদের যে বিভাশিক্ষা হচ্ছে তাও একান্ত নেগেটিভ (নেতিভারপূর্ণ)—স্থল-বালক কিছুই শিখে না, কেবল সব ভেঙ্গে চুরে যায়— ফল 'শ্রদ্ধাহীনত্ব'।" সব কথা বলার পর তিনি দেহের অপটুতার জন্ম আপসোস করিয়া আর ভবিয়তের জন্ম আশা প্রকাশ করিয়া লিখিয়াছিলেন: "হায় হায়! শরীর ক্ল জিনিস, তায় বাঙ্গালীর শরীর; এই পরিশ্রমেই অতিকঠিন প্রাণহর ব্যাধি আক্রমণ করিল ! কিন্তু আশা এই—

উৎপৎস্ততেহন্তি মম কোহণি সমানধর্মা। কালো হুয়ং নিরবধির্বিপুলা চ পৃথী॥"

দার্জিলিং হইতে শেষ চিঠিতে তিনি মেরী হেলকে জানাইয়াছিলেন যে, ঐ সময়ে অনেক ভারতীয় রাজা ইংলওে যাইতেছিলেন এবং রাজা অজিত সিং তাঁহাকেও লইয়া যাইতে চাহিয়াছিলেন; কিন্তু ডাক্তাররা তাঁহাকে ঐ সময়ে কোন শারীরিক বা মানসিক পরিশ্রম করিতে বারণ করায় তাঁহার যাওয়া হয় নাই।

দার্জিলিং-এ স্বামীজীর স্বাস্থ্য কিঞ্চিৎ উন্নতি লাভ করিলেও ডিনি ভাল ছিলেন এমন কথা বলা চলে না। অবস্থাবিবেচনায় চিকিৎসকগণ তাঁহাকে সর্বপ্রকার দৈহিক ও মানসিক শ্রমে বিরত থাকিতে বলেন, এমন কি পুশুক পড়িতেও নিষেধ করেন। বয়স তথন তাঁহার মাত্র চৌত্রিশ বৎসর পূর্ণ হইয়াছে, অথচ এই বয়সেই চুল পাকিতে আরম্ভ করিয়াছিল। ২৮শে এপ্রিল তিনি মেরীকে লিখিয়াছিলেন: "আমি এখন মন্ত লাড়ি রাখছি, আর তা পেকে সাদা হ'তে আরম্ভ হয়েছে।" এই পত্র লেখার পবেই তিনি কলিকাতায় ফিরিয়া আসিলেন। সেখানে মাত্র দিন কয়েক থাকিয়া তাঁহার আবার স্বাস্থ্যলাভের জন্ম আলমোড়ায় ঘাইবার কথা ছিল। তাই তিনি ৫ই মে শ্রীমৃক্তা ওলি বুলকে লিখিয়াছিলেন, "কাল আলমোড়া নামক আর একটি শৈলাবাসে যাচ্ছি,—স্বাস্থ্যোয়তি সম্পূর্ণ করবার জন্ম।"

আমরা পরে দেখিব, স্বাস্থ্যের কোন উল্লেখযোগ্য উন্নতি তাঁহার হয় নাই; বিশ্রামপ্রাপ্তিও তেমন ঘটে নাই। মা জগদস্বা স্বীয় কর্মসমাপনের পূর্বে এই ক্লাস্ত ক্লয় সন্তানের বিশ্রাস্থি বা স্বাস্থ্যোন্নতির কথা তেমন ভাবেন নাই। আর শাক্ত মায়ের সন্তান স্বামীজীও দেহবৃদ্ধি ভূলিয়া, আত্মশক্তিতে বলীয়ান হইয়া জননী জন্মভূমির জন্ম ক্রমাগত রক্ত্যোক্ষণ করিয়াছেন।

জাতের বড়াই

শ্বদেশ-প্রত্যাগত স্বামীন্ধী সর্বত্ত মহাসমারোহে অভাথিত হইতেছেন এবং নবীন কর্মধারা-প্রবর্তনে উন্থত হইতেছেন—ইহা বলিতে বলিতে আমরা অকস্মাৎ দেখিলাম, তাঁহার সাফল্য সম্পূর্ণ নির্বিবাদ বা নির্বিরোধ ছিল না। এই বিরোধের কিঞ্চিৎ আভাস আমরা পুর্বেও পাইয়া আসিয়াছি। অমুরাধাপুরমে বৌদ্ধগণ তাঁহার সভা পণ্ড করিয়াছিলেন; মাদ্রান্ধে পণ্ডিতগণ তাঁহাকে তর্কে হারাইতে আসিয়াছিলেন; কেহ কেহ বা প্রশ্ন করিয়াছিলেন, শূদ্র হইয়াও তিনি কিরূপে কাষায়ধারী হইলেন। বঙ্গদেশেও এই জাতীয় বাধা বে একেবারে ছিল না, এবং ইহাতে স্বামীন্ধীর কার্য যে ব্যাহত হয় নাই, একথা বলা চলে না। উহারই আরও একটু আলোচনা আমরা এই অধ্যামে করিব।

পুরাতন কথা। স্বামীজী যথন শক্রদের আক্রমণে আমেরিকায় আপনাকে विभर्षस्य मत्न कति एक हिलान अवः चरमान्य नमर्थन नारक क्वा किना का আহ্বানের পরামর্শ দিয়াছিলেন, তথনও রক্ষণশীল-সমাজে স্বামীজীর জাতি লইয়া প্রতিক্রিয়া দেখা দিয়াছিল। "দভাপতি নির্বাচন করিবার জন্ম শ্রীমনোমোহন মিত্র, নগেন্দ্রনাথ মিত্র, ভূপেন্দ্রকুমার বস্থ, চারুচন্দ্র বস্থ ও অভাত কয়েকজন ভত্রলোক মাননীয় গুরুদাস বন্দ্যোপাধ্যায়ের নিকট গিয়াছিলেন। ... এরপ সভায় সভাপতিত্ব গ্রহণ করা বাঞ্নীয় একথা তাঁহাকে বলিলে প্রথম হইতেই স্থার গুরুদাস বন্দ্যোপাধ্যায় এ বিষয়ে বিশেষ উৎসাহহীনতা প্রকাশ করিতে লাগিলেন। তাঁহার সহিত এ বিষয়ে বহু আলোচনা হয়। পরে তিনি বলেন বে, কোন বিশিষ্ট মহামহোপাধ্যায় পণ্ডিত তাঁহাকে বলিয়াছেন বে, স্বামী বিবেকানন্দ নাম গুরুদত্ত নহে, শাস্ত্রমতে শৃদ্রের সন্ন্যাসগ্রহণে অধিকার আছে কিনা এবিষয়ে বছ মতভেদ আছে এবং সন্ন্যাসী হইয়া মেচ্ছদেশে গমনেও বিশেষ প্রত্যবায় আছে ইহাও অনেকে বলিয়া থাকেন। 'দেখুন, আমি আর এই বৃদ্ধ বয়সে কোন ধর্মভায় বিশেষভাবে সংশ্লিষ্ট বা সভাপতি হইব না, এরূপ হির করিয়াছি। বিশেষত: বেদৰ কাৰ্যে দামাজিক ও ধর্ম দম্বন্ধে মতভেদ আছে, দেদৰ কাজের ভিতর আর আমি যাইতে চাই না।'" গুরুদাসবাবু বিদেশপ্রবাদী অনধিকারী भূজ-সন্ন্যাসীকে হিন্দুসমাজের সমর্থন জানাইতে সম্মত হইলেন না। ('বিবেকানন্দ স্বামীজীর জীবনের ঘটনাবলী', ৩১২৫-২৬)।

গুরুদাসবার্ অস্বীকৃত হওয়ায় অতঃপর উত্তরপাড়ার জমিদার রাজা প্যারী-মোহন ম্থোপাধ্যায়েক ঐজন্য অমুরোধ করা হয়। তিনি স্বামীজীর বিষয়ে সব ভানিয়া সম্মত হইলেন। কিন্তু সভায় বক্তাদানকালে "রাজা প্যারীমোহন ম্থোপাধ্যায় মহাশয় 'স্বামী বিবেকানন্দ' কথাটিতে আপত্তি করিয়া 'ব্রাদার বিবেকানন্দ' বলিয়া সম্বোধন করিয়াছিলেন; কারণ কায়স্থ সয়্যামী ইইতে পারে কিনা এবিষয়ে তথনও তাঁহার সন্দেহ ছিল।" (ঐ, ১২৯)।

সম্দ্র-যাত্রা লইয়া দ্বিতীয় সমস্থা উপস্থিত হয় স্বামীজীর স্বদেশে প্রত্যাবর্তনের পর। ঘটনাম্বল প্রধানত: দক্ষিণেশরের ৮কালী-মন্দির। এই বিষয়ে এযুক্ত শঙ্করীপ্রসাদ বস্থ ও স্থনীলবিহারী ঘোষ 'কথা-সাহিত্য' নামক মাসিক পত্রিকায় (কার্তিক, ১৩৭১) 'স্বামী বিবেকানন ও দক্ষিণেশ্বর মন্দির বিতর্ক' শীর্ষক গবেষণাপুর্ণ প্রবন্ধে যাহা প্রকাশ করিয়াছেন তাহার সারমর্ম উদ্ধত করিতেছি। ঐ ঘটনায় আসার পূর্বে লেথকদ্বয় ১৮৯৪ খুষ্টাব্দের ৫ই সেপ্টেম্বর কলিকাতার টা উন হলে যে সভায় স্বামীজীকে ধন্তবাদ দেওয়া হয়. ঐ সভার বিবরণ দিতে গিয়া 'অমুসন্ধান' পত্ৰিকা হইতে যে উদ্ধৃতি দিয়াছেন, উহাও প্ৰণিধানযোগ্য। পত্ৰিকায় আছে: "বিগত ৫ই সেপ্টেম্বর বুধবার, টাউন হলে হিন্দুদিগের এক সভা হয়। এই সভার উদ্দেশ্য চিকাগোর ধর্মসভায় স্বামী বিবেকানন্দ যে হিন্দুধর্মের শ্রেষ্ঠতা প্রতিপন্ন করিয়াছেন, তাহার জন্ম তাঁহাকে ধন্মবাদ দেওয়া এবং আমেরিকা-বাসিগণ বে স্বামীজীকে বিশেষ আদর অভ্যর্থনা করিয়াছেন, তাহার জন্ম তাঁহাদিগের নিকট কুতজ্ঞতা প্রকাশ করা। এই সভায় চারি সহস্রেরও অধিক লোক সমবেত হইয়াছিল। ... এই সভা সম্বন্ধে বড়ই একটা রহস্ত আছে। 'হিন্দু পেটিয়ট' বলিতেছেন, ইহা হিন্দুদিগের সভা; কিন্তু আমাদের ব্রাহ্ম সহযোগিনী 'সঞ্জীবনী' বলিতেছেন যে, বিবেকানন্দ একসময়ে তাঁহাদের সাধারণ ব্রাহ্মসমাজের একজন গায়ক ছিলেন, এবং তিনি চিকাগো মেলায় যে ধর্ম প্রচার করেন, ভাহা হিন্দুধর্ম নয় – ব্রাহ্মধর্ম, সেই কারণে সেদিনকার সভায় অনেক ব্রাহ্ম উপস্থিত ছিলেন ; স্থতরাং এসভাকে হিন্দুসভা না বলিয়া ব্রাহ্মসভা বলা উচিত। এদিকে একজন আমেরিকাপ্রবাদীকে হিন্দু বলিতে সহযোগী 'বঙ্গবাদী' প্রস্তুত নহেন। স্থতরাং টাউন হলের সভায় 'বঙ্গবাসীর' চিহ্নিত হিন্দুরাজা প্যারীমোহন সভাপতি হইলেও তাঁহার মতে উহা হিন্দুর সভা নহে। এখন বল মা তারা, দাঁড়াই কোথায় ?" মনে রাখিতে হইবে, 'বঙ্গবাদীর' সম্পাদক ছিলেন কায়স্কুলোম্ভব যোগেন্দ্রনাথ বহু; ইনি তখন আহ্বাদদের অফুক্ত স্থিতিশীলতার সংরক্ষণে বন্ধপরিকর, এবং অআহ্বাদ বিবেকানন্দের সন্মাদগ্রহণ, হিন্দুর সমুদ্রগমন ও মেছাহার ইত্যাদির জন্ম সবিশেষ চিন্তিত ও রোষে বিচলিত।

আমরা বলিয়া আদিয়াছি, মার্চ মাদের প্রথম দিকে (১৮৯৭) যথন দক্ষিণেশরে শ্রীরামক্ষকের জন্মোৎসব হয়, তথন বিদেশ-প্রত্যাগত ও শ্লেচ্ছাচারী স্বামী বিবেকানন্দ ৺কালীমন্দিরে শ্রীশ্রীজগন্মাতাকে ও ৺রাধাকাস্ত-মন্দিরে ৺রাধাক্ষকে ভূমিষ্ঠ প্রণাম করেন। ঐদিন স্বামীজীর সহিত ছইটি ইংরেজ মহিলাও মন্দিরোস্থানে ভ্রমণ করিয়াছিলেন। ইহাতে রক্ষণশীলদলে চাঞ্চল্য উপস্থিত হইয়াছিল। অতঃপর স্বামীজী দার্জিলিং হইতে নামিয়া আসিয়া ২২শে মার্চ যথন খেতভূী-রাজের সহিত দক্ষিণেশরে ৺কালীমন্দিরাদি দেগিয়া আসিলেন, তথন ঐ ঘটনা লইয়া এক বিরোধের স্বত্রপাত হইল, এবং পত্রিকাদির সাহাব্যে রক্ষণশীলদল প্রতিশোধ গ্রহণ করিলেন। "এ ব্যাপারে 'বঙ্গবাসী' কাগজই উদ্দীপনা দেখিয়েছিল বেশী।" 'বঙ্গবাসী'র মোট বক্তব্য ছিল এই যে, স্বামীজীকে মন্দির-কর্তৃপক্ষ অপমান করিয়া সরাইয়া দেন। এই বিতর্কের পারস্পর্য এইরূপ:

২৮শে মার্চ 'ইণ্ডিয়ান মিরর'-এ এক পত্র লিথিয়া সিংহলবাসী ইউরোপীয় বৌদ্ধ টি. জে.হ্যারিসন জানাইলেন য়ে, য়িপ্ত ২৭শে মার্চের 'বঙ্গবাসী'তে থেতড়ীর রাজার সহিত স্বামীজীর দক্ষিণেশ্বর মন্দিরে গমনের কথা উল্লেখ করিয়া বলা হইয়াছে য়ে, "তাঁহাদের প্রতি মালিকের তরফে সদ্বাবহার করা হয় নাই", তথাপি উহা ঠিক নহে—"আমি ঐ দলের সঙ্গে ছিলাম এবং…প্রত্যক্ষদর্শিরণে আমি উক্ত…বিষয়ের দৃঢ় অস্বীকার না করিয়া পারিতেছি না, কারণ আমাদের অবস্থানকালে কোনো ব্যক্তি এমন কিছু করেন নাই বা বলেন নাই, য়াহাতে উক্ত বিবৃতি সত্য বলিয়া গৃহীত হইতে পারে।" হ্যারিসন আরও লিথিয়াছিলেন য়ে, মন্দিরের কর্তারা বরং য়থেই সৌজ্য দেখাইয়াছিলেন, এবং দর্শনযোগ্য কোন কিছু দেখাইতে বাকি রাখেন নাই; তব্ 'বঙ্গবাসী'তে ঐরপ বিবৃতি প্রকাশের কারণ এই হইতে পারে য়ে, "লেখক মন্দিরের মালিক পক্ষের উপর পুরাতন কোনো আক্রোশের শোধ তুলিতে চাহিয়াছেন।" এই পর্যন্ত স্বামীজীর পক্ষসমর্থকদের ধারণা ছিল য়ে, মন্দিরের স্বত্যাধিকারী তাঁহাদের বিরোধী নহেন।

৩০শে মার্চ ঐ একই স্থারে শ্রীমহেন্দ্রনাথ গুপ্ত (শ্রীম) 'ইণ্ডিয়ান মিরর'-এ আর একখানি পত্ত প্রকাশ করিলেন: "'বঙ্গবাসীতে' বাহা প্রকাশিত হইয়াছে. সে বিষয়ে ঘটনার প্রত্যক্ষদর্শিরপে আমি জানাইতে পারি,···লিখিত বিষয় একেবারেই মিথ্যা।" ঐ পত্তে আরও প্রকাশ: জনৈক সাধুর সহিত হ্যারিসন সাহেব জানবাজারে মন্দিরাধিকারী ত্রৈলোক্যনাথ বিশাসকে স্বামীজী ও থেতড়ী-রাজের মন্দির-দর্শন বিষয়ে বলিতে গেলে ত্রৈলোক্যবার অস্তম্ভতাবশতঃ দেখা করেন নাই, কিন্তু বলিয়া পাঠান যে, বিকালে পাঁচটার সময় তিনি দক্ষিণেখরে উপস্থিত থাকিতে চেষ্টা করিবেন। অতিথিরা মন্দিরে উপস্থিত হইলে থাজাঞ্চি ভোলানাথবার ও অন্তান্ত কর্মচারীরা এবং ত্রৈলোক্যবারুর পুত্রগণ "অতীব ভদ্রতার সঙ্গে স্বামী বিবেকানন্দসহ অতিথিদলকে কালীঘরের মধ্যে প্রবেশ করিষা পবিত্র দেবীমূর্তির নিকট-দর্শনের জন্ম অন্থরোধ করেন। তথন প্রায় ছয়টা। খাজাঞি যাহাতে অধিক আলোক আসিয়া দেবী প্রতিমার উপর পড়ে তাহার জন্ম মন্দিরের পশ্চিম দরজা পর্যন্ত খুলিয়া দেন।" মহেন্দ্রনাথের আর একখানি অফুরূপ পত বাহির হয় 'মিররে' ২রা এপ্রিল। উহাতেও ত্রৈলোকানাথের উপর কোন ইচ্ছাক্বত দোষের আরোপ করা হয় নাই। পত্তে আরও বলা হইয়াছিল: "গত কয়েক সপ্তাহ ধরিয়া 'বলবাসী' কাগজটি স্বামী বিবেকানন্দের উপর প্রচণ্ড আক্রমণ চালাইয়া যাইতেছে।">

এই পর্যন্ত একেবারে মন্দ চলিতেছিল না; কিছু সম্ভবতঃ 'বঙ্গবাসী' ও প্রাচীনপন্থী রক্ষণশীলদের চাপে পড়িয়া ত্রৈলোক্যনাথ তাল সামলাইতে পারিলেন না। তাই 'বঙ্গবাসী'তে ১৫ই চৈত্র থাজাঞ্চী ভোলানাথবাব্র একথানি পত্র বাহির হইল প্রতিপক্ষের সমস্ত কথার অস্বীকারকল্পে। পরে তাঁহার প্রভূ ত্রৈলোক্যবাব্রও অমুরূপ পত্র বাহির হইল। তফাত এইটুকু বে, ভোলানাথ বলিলেন, স্বামী বিবেকানন্দ প্রভৃতিকে প্রত্যক্ষতঃ মন্দির হইতে তাড়াইয়া দেওয়া হয়; আর তাঁহার প্রভূ লিখিলেন ঃ তাড়ানো হইয়াছিল ঠিকই, তবে প্রত্যক্ষতঃ নহে, পরোক্ষতঃ। ত্রৈলোক্যবাব্ আরও লিখিলেন যে, তিনি সংবাদ পাইয়াছিলেন—জয়পুরের মহারাজ মন্দির-দর্শনে যাইবেন। এ বিষয়ে ত্রৈলোক্যবাব্র সন্দেহ থাকিলেও তাঁহার প্রত্যণ জয়পুরের মহারাজকে দেখিবার জন্ত উৎস্কক হওয়ায় তিনি তাহাদের সহিত দক্ষিণেশ্রে যান। "স্বামী বিবেকানন্দ ও তাঁহার

১। গবেষণাকারী লেখকৰয় পুরাতন 'বঙ্গবাসীর' ফাইল পান নাই।

সঙ্গিগণ পরোক্ষভাবে মন্দির হইতে বিতাডিত হইয়াছিলেন, অবশ্য প্রত্যক্ষভাবে নয়, যেরপ বাবু ভোলানাথ (মুখোপাধ্যায়) বলিয়াছেন। স্বামীন্দী ও রাজাকে অভার্থনা করিবার জন্ম আমি কাহাকেও বলি নাই, এবং আমিও তাঁহাদের चार्छार्थना कानारे नारे। य राक्ति विराम या अया मरवा वापनारक हिन् বলিতে পারে, এমন কাহারও সহিত সামান্ত মাত্র সম্পর্ক থাকা উচিত বলিয়া আমি বিবেচনা করি নাই। ... প্রতিমার পুনরভিষেকের যে সংবাদ আপনি প্রকাশ করিয়াছেন, তাহা সম্পূর্ণ সভ্য।" মন্দিরে স্বামীঞ্জীর প্রবেশের ফলে দেবীর পুনরভিবেকের প্রয়োজন হইয়াছিল ! এথানে মজার কথা এই বে, প্রীরানক্লফের জন্মাৎসব দিনেও স্বামীজী মন্দিরাভান্তরে গিয়া প্রতিমাদর্শন করিয়াছিলেন, কিছ তথন পুনরভি্ষেকের প্রয়োজন হয় নাই। এবারে 'বঙ্গবাসী'র কলমের ভয়ে তাহাও করিতে হইল! "পত্রগুলি থেকে আরও প্রমাণ হয়,—স্বামী বিবেকানন্দকে প্রত্যক্ষে অসম্মান করা সম্ভব হয়নি, বরং তাঁকে অভার্থনাই জানানো হয়েছিল। ...এক্ষেত্রে বিবেকানন্দের মহিমাই আবার প্রমাণিত হল-তিনি উপস্থিত থাকলে তাঁকে অস্বীকার করা কারো সাধ্যে নেই।" পরোক্ষ অপমান এই ছিল যে, ত্রৈলোক্যবাবু স্বয়ং স্বামীজীর সহিত সাক্ষাৎ করেন নাই, যদিও তিনি ঐ কালে মন্দিরোভানেই উপস্থিত ছিলেন এবং ত্রৈলোক্যবাবুর মতে তিনি কাহাকেও স্বামীজীকে অভ্যৰ্থনা করিতে নির্দেশ দেন নাই ৷ স্বামীজীকে অবশ্য বলা হইয়া-ছিল যে, অস্কৃত্তানিবন্ধন তিনি দেখা করিতে পারেন নাই।

এই চিঠির উত্তরে মহেন্দ্রনাথ গুপ্ত আর একখানি পত্রে তৈলোক্যবাব্র কথা ও ব্যবহারের মধ্যে পূর্বোক্ত অসামঞ্জ্যগুলি দেখাইয়া দেন এবং আরও প্রকাশ করেন যে, হিন্দুধর্মের মূর্তবিগ্রহ শ্রীরামকৃষ্ণ বিলাভ-ফেরত কেশবের গৃহে ঘাইতেন ও সেথানে লুচি মিষ্টি থাইতেন বলিয়া ত্রৈলোক্যনাথ তাঁহার মন্দিরে প্রবেশে বাধা দিবার কথাও ভাবিয়াছিলেন, যদিও কার্যে পরিণত করেন নাই। আর একবার ক্যাপ্টেন বিশ্বনাথ উপাধ্যায় ঐ বিষয়ে আপত্তি জানাইলে শ্রীরামকৃষ্ণ বলিয়াছিলেন, এরপ বিদ্বেষ অযৌক্তিক, কারণ বেদাস্তমতে সবই ব্রদ্ধ, আর ক্যাপ্টেন শ্বয়ং এমন গোঁড়া হইয়াও সাহেবদের সঙ্গে কর্মদিনাদি করেন।

অবশ্য শ্লেচ্ছদের সহিত সহজভাবে আদান-প্রদানের ব্যবস্থা শ্রীরামক্বঞ্চের ক্ষেত্রে সামাজিক ভিত্তিতে না হইয়া ধার্মিক ভিত্তিতেই সংস্থাপিত ছিল। বামী বিবেকানক্ষও ঐ পথই অবলম্বন করিয়াছিলেন। তিনি রক্ষণশীলদের অমুস্ত ক্পমণ্ড্কন্তের বিরোধী ছিলেন; আবার সংস্কারপন্থী প্রগতিশীলদের অন্থমোদিত আত্মাবমাননারও বিপক্ষে দাঁড়াইয়াছিলেন। তাঁহার বিদেশগমন বা দ্লেছদের সহিত অবাধ আদান-প্রদানের পশ্চাতে বিন্দুমাত্রও স্বার্থসংস্পর্শ ছিল না। এই হেতু তাঁহার আচরণ সংরক্ষণশীলদের ও প্রগতিবাদীদের উন্মার কারণ ঘটাইলেও হিন্দু জনসাধারণ উহাকে অনিন্দনীয় বলিয়াই মনে করিয়াছিল এবং ক্রমে গ্রহণও করিয়াছিল। অবশ্য আর্থনীতিক ও ঐতিহাসিক পরিবর্তনাদির ফলে সম্ব্রুণাত্রাদি আচরণ কালে গ্রহণীয় বলিয়া অবশ্যই স্বীকৃত হইত; কিন্তু ঐ সমস্থানমাধানকল্প স্বামীজী যে নৈতিক ও আধ্যাত্মিক দৃষ্টভঙ্গী প্রকটিত করিয়াছিলেন, তাহাতে হিন্দুসাধারণের পক্ষে উহা সহজে গ্রহণীয় হইয়াছিল। এই ক্ষেত্রে স্বামীজীর এই অবদান স্বাকার না করিয়া উপায় নাই। তাই দেখা যায়, সম্বামিয়িক সংবাদপত্র মান্তাজের 'স্থোসাল রিফ্র্মার' বা কলিকাতার 'বেঙ্গলী'তে স্বামীজীর অভিমত প্রামাণিকরূপে উদ্ধৃত হইয়াছিল।

দেশীয় সংবাদপত্তে এইরূপ বাদ-প্রতিবাদ যথন চলিতেছে, স্বামীজী তথন দার্জিলিংএ, আর তিনি মন্দিরকর্তপক্ষ কর্তৃক অপুমানিত হইয়াছিলেন, ইহাও তাঁহার অজ্ঞাত। বস্ততঃ তিনি এই কাল্পনিক ঘটনার সহিত মোটেই ঋড়িত ছিলেন না। কিন্তু তাহা হইলে কি হয় ? শত্ৰুপক্ষ এমন একটা স্বযোগ হাতছাড়া করিবে কেন ? অতএব মিশনারীদের মাধ্যমে এই সংবাদটি খুব ফলাও করিয়া আমেরিকায় পরিবেশিত হইল। আর এই কুৎদা-রটনার অন্ততম প্রধান পাণ্ডা হইলেন ডা: ব্যারোজ। ব্যারোজের বিরোধিতার একটি কারণ এই ছিল যে. তাঁহার ধারণা ছিল, স্বামীজীর আমেরিকায় জয়লাভের পশ্চাতে তাঁহার হাত অনেকথানি ছিল: কারণ চিকাগো ধর্ম-মহাসভার পরিচালকরণে তিনি স্বামীজীর খনেক স্বযোগ-স্থবিধা করিয়া দিয়াছিলেন; এই ক্লতোপকারের প্রতিদানম্বরূপ স্থামীন্সীর উচিত ছিল, ব্যারোজ খুষ্ট্রধর্মপ্রচারের জন্ম ভারতে পদার্পণ করিলে ঐ বিষয়ে সর্বপ্রকার সাহায্য করা। কিন্তু ব্যারোজ দেখিলেন, তিনি মাল্রাজে আসিলেও স্বামীজী প্রচারসংক্রান্ত বিষয়ে কিছু না করিয়া এবং তাঁহার সহিত সাক্ষাৎ না করিয়া মাদ্রাজ হইতে চলিয়া গেলেন। ফলতঃ এইভাবে আপনাকে অপমানিত মনে করিয়া ব্যারোজ প্রতিশোধ লইতে উন্মত হইলেন। তিনি প্রচার করিলেন স্বামীজী জাতিচ্যুত হইয়াছেন বলিলে ভুল হইবে, কারণ হারাইবার মতো জাতিই তাঁহার নাই—তিনি শুদ্র; অধিক্স তিনি আমেরিকান

নারীসমাজকে নিন্দা করিয়াছেন। ভারত হইতে ফিরিয়া যেদিন তিনি ক্যালি-ফনিয়ায় পদার্পণ করিলেন, সেই ১০ই মে (১৮৯৭) সন্ধ্যায়ই তিনি 'ক্রনিকল' কাগজের সংবাদদাতার সহিত সাক্ষাৎকারস্ত্রে আমেরিকাবাসীদিগকে জানাইয়া দিলেন:

"স্বামী (বিবেকানন্দ) আমার আগমনের একসপ্তাহ পুর্বে মাদ্রাজে পৌছিলেন, অথচ আমাদের পূর্ব পরিচয়কে ঘনিষ্ঠতর করিবার জন্ম আমার সহিত তিনি সাক্ষাৎ করিলেন না, প্রত্যুত আমি যেদিন পৌছিলাম, তাহারই পর দিন তাডাতাড়ি মান্তাজ ছাডিয়া গেলেন। 'ক্রনিকল'-এ আমেরিকার নারী-সমাজ সম্বন্ধে যেসব মন্তব্য তাঁহারই উক্তিরূপে উদ্ধৃত হইয়াছে, উহার স্বটা স্তাই তাঁহার, এবং তিনি মিথাাকথা বলিতেছেন, ইহা তাঁহার জানা ছিল বলিয়াই তিনি আমাকে এড়াইয়া গেলেন। একটা বিষয়ে কিন্তু একটু সংশোধন করিতে চাই। ঐ স্বামীটি নিজের আচরণের ফলে যে জাতিচ্যুত হইয়াছেন, তাহা ঠিক নহে; এখন ইহা পরিষ্কার হইয়া গিয়াছে যে, তিনি কোন কালেই ব্রাহ্মণ ছিলেন না; ভারতের সম্রান্ত জাতিগুলির নিমতম যে শুদ্রজাতি, তিনি তাহারই অন্তর্ভুক্ত। তিনি আমেরিকার নারীদের সম্বন্ধে ও আমেরিকার প্রতিষ্ঠানগুলির বিষয়ে যাহা याश विनिधारहन, তাशारा आभाव महिल পविष्ठि अपनक हिन्दूरे विवक्त হইয়াছেন। তাহারা আমার নিকট আসিয়া স্পষ্ট বলিয়া গিয়াছেন যে, তিনি তাঁহাদের ধর্মের প্রবক্তা নহেন। বিবেকানন্দের কথাগুলির মধ্যে আমার মতে দ্র্বাধিক আপত্তিজনক হইতেছে এই হাস্যোদীপক ও অতিরঞ্জিত মন্তব্যটি ষে, আমেরিকা ও ইংলত্তে হিন্দুবক্তাদের বেশ প্রভাব আছে। তাহার এমন বছ গুণ আছে যাহা চমৎকার ও আনন্দপ্রদ; কিন্তু মনে হয় তাঁহার মন্তিকের সাম্য হারাইয়া গিয়াছে। স্থামি মোটে বুঝিতেই পারিতাম না, তাঁহার কথাগুলিতে কোন গুরুত আরোপ করিব কিনা। আমার মনে হইত তিনি যেন আর একটি (হাস্তর্গিক) হিন্দু মার্ক টোয়েন। তিনি প্রতিভাবান ব্যক্তি এবং কিছু ष्यक्रगामी भारेबारहन - यनि छेरात्रा हित्रकान थाकिरत ना।" (रेश्ट्रकी क्रावनी, श्रः १३२)।

মিশনারীদের ও ব্যারোজের প্রদশিত দোষক্রটিগুলি তাহা হইলে দাঁড়াইতেছে এইরূপ: স্বামীজী অকৃতজ্ঞ; তিনি ভারতে ও বাহিরে যতথানি জনপ্রিয়তার দাবী করেন, বস্তুতঃ তাহা ততটা বা তেমন স্থায়ী নহে; তিনি জাতিচ্যুত অথবা নিয়বর্ণসভূত শুদ্র; আর তিনি আমেরিকান মহিলাদের নিস্বায় পঞ্চমূখ। স্বামীজা

পূর্বে প্রকাশ্যভাবে সংবাদপত্রাদিতে এই জাতীয় দোষারোপের প্রতিকার কোন কালে করেন নাই; এবারেও করিলেন না। তথাপি ঐ প্রচারের প্রাক্কালে, সমকালে অথবা পরে বিভিন্ন ব্যক্তিকে যেসব ব্যক্তিগত পত্র লিখিয়াছিলেন, তাহা হইতে তাঁহার সমূচিত উত্তর পাওয়া যায়।

প্রথমে অক্নতজ্ঞতার কথাই ধরি। স্বামীজী ব্যারোজ্ঞকে সাহায্য করেন নাই, हेश मर्दिव मिथा। वारताब ভाরতে আদিবার পূর্বে স্বামীজী লগুন হইতে ২৮শে অক্টোবর ১৮৯৬ তারিখের যে পত্রথানি 'ইণ্ডিয়ান মিরর'-এ প্রকাশ করেন ভাহাতে এই কথাগুলি ছিল: "চিকাগো মহামেলার অঙ্গস্তরূপ ধর্মহাসভার স্বীয় বিরাট কল্পনা সাফলামণ্ডিত করার জন্য মি: সি. বনি ডা: বাাবোর্জকে সহকারী নিযুক্ত করায় দক্ষতম ব্যক্তির হন্ডেই কার্যভার অপিত হয়েছিল ; •••ডাঃ ব্যারোজের অন্তত সাহস, অক্লান্ত পরিশ্রম, অবিচল সহনশীলতা ও ঐকান্তিক ভত্রতাই এই মহাসভাকে অপূর্ব সাফল্যমণ্ডিত করেছিল। ... অক্সাক্ত সকলের ত্লনায় ডা: ব্যারোজের কাছেই আমরা বেশী ঋণী। তা ছাড়া, তিনি আমাদের কাছে ধর্মের পবিত্র নাম, মানবজাতির অন্ততম শ্রেষ্ঠ আচার্যের নাম নিয়ে আসছেন এবং আমার বিখাস—ন্যাজারেথের মহাপুরুষের প্রচারিত ধর্ম সম্বন্ধে তাঁর ব্যাথ্যা অতিশয় উদার হবে এবং আমাদের মনকে উন্নত করবে। . . তাই আমার দেশবাসীর কাছে বিনীত অমুরোধ—পৃথিবীর অপর দিক থেকে আগত এই বিদেশী ভদ্রলোকের প্রতি তাঁরা এমন আচরণ করুন, যেন তিনি দেখতে পান যে, এই হুঃথ দারিদ্রা ও অধঃপতনের ভেতরও আমাদের হৃদয় সেই অতীতেরই ক্রায় বন্ধুত্বপূর্ণ আছে, যথন ভারত আর্যভূমি ব'লে পরিচিত ছিল এবং যখন তার ঐশর্যের কথা জগতের সব জাতের মূথে মূথে ফিরত।" ('বাণী ও রচনা', ৭।২৯৪-৯৫)।

মাদ্রান্ধে ব্যারোজের জন্ম অপেকা না করিয়া কলিকাতায় চলিয়া যাওয়ার কারণস্বরূপে স্বামীজী নিজেই লিথিয়াছিলেন যে, স্বাস্থ্যভঙ্গের ভয়েই তাঁহাকে ঐরপ করিতে হইয়াছিল। মিশনারীদের ও ব্যারোজের অন্মন্ম দোবারোপ কালনের জন্ম তিনি সংবাদপত্রাদির সাহায্য না লইয়া অন্মপ্রসক্ষে বন্ধুবান্ধবকে ব্যক্তিগতভাবে পত্র লিথিতে গিয়া যে ত্ই-চারিটি কথা বলিয়াছিলেন আমরা তাঁহার ৩০শে জাম্য়ারি, ২৮শে এপ্রিল ও ৯ই জুলাই (১৮৯৭) ভারিথের পত্রতার হইতে সেই সব কথা কিছু কিছু উদ্ধৃত করিতেছি; উহাতেই বিষয়টি অনেকটা পরিকার হইয়া যাইবে। পত্রগুলি মেরীকে লিথিত।

প্রথম পত্তে আছে: "ভাক্তার ব্যারোজকে সাদর-অভ্যর্থনা করবার জন্ম আমি লগুন থেকে আমার স্থদেশবাসীদের, নিকট চিঠি লিখেছিলাম। তাঁরা তাঁকে বিপুল সংবর্থনা করেছিল। কিন্তু তিনি লোকের মনের উপর কোন রেখাপাত করতে পারেননি, তার জন্ম আমি দোষী নই। কলকাতার লোকের ভিতর নৃতন কিছু ভাব ঢোকানো বড় কঠিন। ডাক্তার ব্যারোজ আমার সম্বন্ধে অনেক কিছু ভাবছেন, আমি শুনতে পাছিছ; এই তো সংসার!"

ষিতীয় পত্রে আছে: "আশা করি ডা: ব্যারোজ এতদিনে আমেরিকায় পৌছেছেন। আহা বেচারা! তিনি অত্যন্ত গোঁড়া মনোভাব নিয়ে খৃষ্টধর্ম প্রচার করতে এসেছিলেন, স্কতরাং যা সাধারণত: হয়ে থাকে—কেউ তাঁর কথা শুনল না। অবশ্য লোকে তাঁকে খৃব সাদর অভ্যর্থনা করেছিল; তাও আমি চিঠি লিখেছিলাম বলেই। কিন্তু আমি তো আর তাঁর ভিতরে বৃদ্ধি ঢোকাতে পারি না! অধিকন্তু, তিনি যেন কি-এক অভূত ধরনের লোক! শুনলাম, আমি দেশে ফিরে আসলে সমগ্র জাতিটা আনন্দে যে মেতে উঠেছিল, তাতে তিনি থেপে গিয়েছিলেন। যে করেই হোক, আরও বেশী মাথাওয়ালা একজনকে পাঠানো উচিত ছিল, কারণ ডাং ব্যারোজ যা বলে গেছেন তাতে হিন্দুরা ব্রোছে ধর্মনহাসভা ছিল একটা তামাশার ব্যাপার (ফার্স)। দার্শনিক বিষয়ে জগতের কোন জাতই হিন্দুদের পথপ্রদর্শক হ'তে পারবে না।"

তৃতীয় পত্রে আছে: "আমি অনেকগুলি আমেরিকান কাগজের টুকরো অংশ পেয়েছি; তাতে দেখলাম মার্কিন মেয়েদের সম্বন্ধ আমার উক্তিসমূহের কঠোর সমালোচনা করা হয়েছে—তাতে আরও এক অভ্ত থবর পেলাম য়ে, আমাকে এখানে জাতিচ্যুত করা হয়েছে! আমার আবার জাত হারাবার ভয় —আমি য়ে সয়্লাসী! জাত তো কোনরকম য়য়ইনি, বরং সমূদ্রয়ালার উপর সমাজের য়ে একটা বিক্লম্ব ভাব ছিল, আমার পাশ্চান্তা দেশে য়াওয়ার দক্ষন তা বছল পরিমাণে বিধ্বস্ত হয়ে গেছে। আমাকে য়ি জাতিচ্যুত করতে হয়, তা'হলে ভারতের অর্থেক রাজগুরর্গ ও সমূদ্র শিক্ষিত লোকের সঙ্গে আমাকে জাতিচ্যুত করতে হবে। তাতো হয়ইনি, বয়ং আমি সয়াস নেবার পূর্বে আমার য়ে জাতি ছিল, সেই জাতিভুক্ত এক প্রধান রাজা আমাকে সম্মান প্রদর্শনের জক্ত একটি সামাজিক ভোজের আয়োজন করেছিলেন; তাতে ঐ জাতির অধিকাংশ বড় বড় লোক রোগ দিয়েছিলেন।…আর সমস্ত দেশের ভিতর বেরুপ আদর অভার্থনা

অভিনন্দনের ছড়াছড়ি হয়েছে, ভারতে আর এরকমটি কারও হয়নি। এইটুকু বললেই যথেষ্ট হবে যে, রাস্তায় বেক্সতে গেলেই এত লোকের ভিড় হ'ত যে, শাস্তিরক্ষার জন্ম পুলিশের দরকার হ'ত—জাতিচ্যুত করাই বটে।"

জাতি-চ্যুতি বা সমাজ-চ্যুতির ঠিক উত্তর দিতে গিয়া এখানে ব্যক্তিগত গৌরবের যে উল্লেখ আছে, তাহাকে যেন কোন পাঠক অহকারের পরিচায়ক বলিয়া মনে না করেন; কারণ তিনি পত্রখানি লিখিয়াছিলেন স্বীয় 'ভগিনী' মেরীকে ব্যক্তিগতভাবে, আর এ চিঠি সাধারণের নিকট শীঘ্র প্রকাশিত হইবার সম্ভাবনা ছিল না। জাতিচ্যুতির উত্তর দিয়া স্বামীজী ঐ চিঠিতে অন্ত বিষয়-শুলিরও আলোচনা করিলেন:

"আমার এরূপ অভ্যর্থনায় মিশনরীভায়াদের প্রভাব বেশ ক্ষয় ক'রে দিয়েছে।
আর তারা এখানে কে? কেউ না। তাদের অন্তিত্ব সম্বন্ধেই আমাদের থেয়াল
নেই! আমি এক বক্তৃতায় এই মিশনরীভায়াদের সম্বন্ধে—ইংলিশ চার্চের
অন্তর্ভুক্ত ভদ্র মিশনরীগণকে বাদ দিয়ে—সাধারণ মিশনরীর দল কোন্ শ্রেণীর
লোক থেকে সংগৃহীত, সে সম্বন্ধে কিছু বলেছিলাম। সেই সক্তে আমেরিকার
চার্চের অতিরিক্ত গোঁড়া জীলোকদের সম্বন্ধে এবং তাদের কুৎসা স্বাষ্টি করবার
শক্তি সম্বন্ধেও আমায় কিছু বলতে হয়েছিল। মিশনরীভায়ায়া আমায়
আমেরিকার কাজটা নষ্ট করবার জন্ম এইটিকেই সমগ্র মার্কিন নারীর উপর
আক্রমণ ব'লে ঢাক পেটাচ্ছে—কারণ তারা বেশ জানে, ওধু তাদের (মিশনরীদের) বিরুদ্ধে কেউ কিছু বললে যুক্তরাষ্ট্রের লোকেরা খুশীই হবে। প্রিয় মেরী,
ধর বদি ইয়ান্ধিদের বিরুদ্ধে আমি খুব ভয়ানক কথাই ব'লে থাকি—তারা আমাদের
মা-বোনদের বিরুদ্ধে যেসব কথা বলে, তাতে কি তার লক্ষ ভাগের এক ভাগেরও
প্রতিশোধ হয় পে

স্বামীজীর পক্ষে স্বভাবতই নিজের অপ্রকাশিত চিঠি হইতে উদ্ধৃতি দিয়া আমেরিকান নারীসমাজের প্রতি তাঁহার প্রীতি ও শ্রদ্ধা প্রমাণ করা সম্ভবপর ছিল না; কিন্তু আমরা জানি উহা কত গভীর ও অক্বত্রিম ছিল। ছই-চারিটি কথা এথানে উপস্থিত করিলেই যথেই হইবে: "আমি আমেরিকার পারিবারিক জীবন সম্বদ্ধে অনেক বাজে গল্প ভনিয়াছি—ভনিন্নছি নাকি সেথানে নারীগণের চালচলন নারীর মতো নহে, তাহারা নাকি স্বাধীনতা-ভাগুবে উন্মন্ত হইয়া পারিবারিক জীবনের সকল স্বধশান্তি পদদলিত করিয়া চূর্ণ বিচূর্ণ করে এবং

আরও ঐ প্রকারের নানা আজগুবি কথা শুনিরাছি। কিন্তু একবংসর কাল আমেরিকার পরিবার ও আমেরিকার নারীগণের সম্বন্ধে অভিক্রতা লাভ করিরা দেখিতেছি, ঐপ্রকার মতামত কি ভয়হর অমূলক ও ল্রান্ত।" ('বাণী ও রচনা', ৭।৩৭)। "কত শত ফুলর পারিবারিক জীবন আমি দেখিয়াছি, কত শত জননী দেখিয়াছি, বাঁহাদের নির্মল চরিত্রের, বাঁহাদের নিংলার্থ অপত্যমেহের বর্ণনা করিবার ভাষা নাই। কত শত কল্লা ও কুমারী দেখিয়াছি, বাহারা 'ভায়না দেবীর ললাটস্থ তুমারকণিকার লায় নির্মল'—আবার বিলক্ষণ শিক্ষিতা এবং সর্ববিধ মানসিক ও আধ্যাত্মিক উন্নতিসম্পন্না!" (ঐ, ৭।৩৮)। "এরা রূপে লন্ধী, গুলে সরস্বতী, এরা সাক্ষাৎ জগদেষা। এই রক্ম মা জগদ্যা বদি এক হাজার আমাদের দেশে তৈরি করে মরতে পারি, তবে নিশ্চিন্ত হ'রে মরব।" (ঐ, ৬।৪৮৫)।

আমরা পূর্বেই বলিয়া আসিয়াছি স্বামীজীর দার্জিলিংএ অবস্থানকালে প্রথম ষধন জাতিচ্যতি লইয়া অপ্রীতিকর বাদ-বিসংবাদ আরম্ভ হয়, তথন তিনি ইহার কিছই জানিতেন না। আর জানিবেনই বা কিরপে? তিনি দক্ষিণেখরের मिन्दित প্রবেশ করিয়া মা-কালীকে দর্শন করিয়া আসিয়াছিলেন, মন্দিরের কর্মচারীরা ও বিখাস মহাশয়ের পুত্রগণ তাঁহার সহিত সাদর ও শ্রন্ধাপুর্ণ ব্যবহার করিয়াছিলেন; অতএব তাঁহার এইরূপ মনে করার কি কারণ ঘটিতে পারে যে. ষ্মতঃপর শত্রুপক্ষ একটা কাল্পনিক ঘটনা রচনা করিয়া বলিবে যে, তিনি সমূত্রবাত্রার ফলে জাতিচ্যত হওয়ায় মন্দির হইতে বিতাড়িত হইয়াছিলেন ? আর তাহা সত্য হইলেও স্বামীজীর ত্রত উদ্বাপনে উহা কোন স্থায়ী বাধা ঘটাইতে পারিত কি ? অথবা স্বামীজীর হান্য উহাতে বিকম্পিত হইত কি ? এই অমুদারতাকে তিনি কিরূপ অবজ্ঞাভরে দেখিয়াছিলেন তাহা প্রকাশ পায় তাঁহার অনেক পরবর্তী একখানি চিঠিতে— যথন তিনি স্টার্ডির কতকগুলি রুথা দোষারোপের উদ্ভব দিতে গিয়া ১৮৯৯ খুষ্টাব্দের ১৪ই সেপ্টেম্বর প্রদক্ষতঃ লিখিয়াছিলেন: "ভারতে चार्त्तरक···ইওরোপীয়দের সঙ্গে আহার করার জন্ত আপত্তি জানিয়েছেন। ইওরোপীয়দের দকে থাই ব'লে আমায় একটি পারিবারিক দেবালয় থেকে বের ক'রে দেওয়া হয়েছিল। আমার তো ইচ্ছা হয়, আমি এমন নমনীয় হই বে, প্রত্যেকের ইচ্ছাত্মরপ আকারে গঠিত হ'তে পারি; কিছ তুর্ভাগ্যের বিষয়, এমন লোক তো আঞ্চও দেখলাম না, যে সকলকে সম্ভুষ্ট করতে পারে।"

ঘটনাগরম্পরার পরিপ্রেক্ষিতে এই পত্রখানি পড়িলে সন্দেহ থাকে না বে, স্বামীন্দী স্টাভিকে পালটা জবাব দিবার মূখে তর্কের থাতিরে ত্রৈলোক্যনাথ বিশ্বাসের কাল্পনিক বর্ণনা স্বীকার করিয়া লিখিয়াছিলেন যে, তাঁহাকে কোন একটি পারিবারিক দেবালয় (অর্থাৎ বিশ্বাসদের দক্ষিণেশ্বরের কালীবাড়ী) হইতে বিতাড়িত করা হইয়াছিল। কিন্তু অতঃপর সত্যসত্যই তাঁহাকে ঐ মন্দিরে প্রবেশাধিকার হইতে বঞ্চিত করা হইয়াছিল ১৮৯৮ খুষ্টান্দের শ্রীরামরুক্ষের জন্মোৎসবকালে। উৎসবের পূর্বেই বিশ্বাসদের এই সিদ্ধান্ত জানিয়া ১৮৯৭ খুষ্টান্দের ১৫ই নভেম্বর স্বামীন্দ্রী লিখিয়াছিলেন, "এবার মহোৎসব হওয়া পর্বন্ত অসম্ভব; কারণ রাসমণির (বাগানের) মালিক বিলাত-ফেরত বলিয়া আমাকে উত্যানে যাইতে দিবেন না !!"

খনেশে ও বিদেশে এই প্রকার বিরোধ ও যুক্তিহীন লোকনিন্দার কথা ভানিয়াও অকম্পিতহাদয় খামীজী মেরীকে লিখিয়াছিলেন (৯।৭৯৭): "প্রিয়্ন মেরী, আমার জন্ম কিছু ভয় ক'রো না।…য়াই হোক না কেন, আমি য়তটুকু কাজকরেছি, তাতেই আমি সভ্তঃ। আমি কথনও কোন জিনিস মতলব ক'রে করিনি। আপনা-আপনি যেমন বেমন স্থযোগ এসেছে, আমি তারই সহায়তা নিয়েছি। কেবল একটা ভাব আমার মাথার ভিতর ঘ্রছিল—ভারতবাসী জনসাধারণের উন্নতির জন্ম একটা যয় প্রস্তুত ক'রে চালিয়ে দেওয়া। আমি সে বিষয়ে কতকটা কৃতকার্য হয়েছি। তোমার হালয় আনন্দে উৎফুল হয়ে উঠত, য়ি তুমি দেথতে আমার ছেলেরা ছর্ভিক্ষ, ব্যাধি ও ছঃখকটের ভেতর কেমন কাজ করছে, কলেরা-আকাস্ত 'পারিয়া'র মাহরের বিছানার পাশে বসে কেমন তাদের সেবাগুজায়া করছে এবং অনশনক্লিষ্ট চণ্ডালের মূথে কেমন আল তুলে দিছে—প্রভু আমাকে সাহায়্য করছেন, তাদেরও সাহায়্য পাঠাছেন। মাহুষের কথা আমি কি গ্রাহ্ম করি ?…কি! আমি পরমান্ধাকে সাক্ষাৎ করেছি, সমুদয় পার্থিব বস্তু যে অসার, তা প্রাণে প্রাণে উপলব্ধি করেছি—আমি সামান্ত বালকদের কথায় আমার নির্দিষ্ট পথ থেকে চ্যত হবো ?—আমাকে দেখে কি তেমনি মনে হয় ?"

শৃত্র বিবেকানন্দের সন্মাস-গ্রহণান্তর হিন্দুধর্মের প্রচারক হওয়ার দাবী, সমৃত্রবাত্রা ও মেচ্ছাহার-গ্রহণ প্রভৃতিকে কেন্দ্র করিয়া দেশ-বিদেশে বে বাদ-প্রতিবাদ বা শত্রুপীড়নের উৎসাহ দেখা গিয়াছিল, উহারই বেন চরম নিশান্তি পাই শ্রীষ্কুক্ত প্রমদাদাস মিত্রকে লিখিত স্বামীকীর ৩০শে মে (১৮৯৭) তারিখের

পত্রে। মেরীকে লিখিত পত্রে উত্তর আছে, উদাসীক্ত আছে, আর বীরোচিত আজ্প্রতারের কথা আছে। কিন্তু দেসব কথা প্রধানতঃ আমেরিকান সমাজের পরিপ্রেক্ষিতে লিপিবছ। প্রমদাবাবৃকে লিখিত পত্রধানি ভারতীয় পরিবেশমধ্যে এক স্থাশিক্ষিত প্রাচীনপদ্বী প্রাতন বন্ধুর উদ্দেশ্যে বিরচিত। ইহাই প্রমদাবাবৃকে লিখিত তাঁহার শেষ পত্র এবং এই পত্রে আরও দেখি, যে অবৃঝ প্রাচীন সমাজ কথায় গোঁড়ামি প্রকাশ করে, অথচ অন্তরে পাশ্চান্ত্যের বাহবা লাভে লালায়িত থাকে আর ব্যবহারে ত্র্বল ও দরিক্রদিগের নিম্পেষ্টে নিরত হয়, তাহার প্রতি তিনি স্থাপ্টে ভাষায় স্বীয় মনোভাব জানাইয়া সর্বপ্রকার রক্ষা করিয়া চলার উপর একথানি মোটা পরদা টানিয়া দিলেন—সে পথের এখানেই ইতি। পত্রখানির উল্লেখযোগ্য অংশগুলি এই:

"अनिनाम, भोत्रहर्भविभिष्ठे हिन्तूधर्य-श्रहात्रक्त्रहे जाशनि वक्क, एमी नष्टात्र काना चानमी चापनात निकृष्ट दश्य। ... चामि स्त्रष्ट, मूल हेजािन, या-जा शहे, ষার-তার সঙ্গে খাই-প্রকাশ্তে সেথানে এবং এথানে। তা ছাড়া মতেরও বছ বিক্রতি উপস্থিত—এক নিগুর্ণ এন্ধ বেশ বুঝিতে পারি, আর তারই ব্যক্তিবিশেষে विरागव क्षकान राषिरा भारेरा हि — ये नकन वास्किविरागरव नाम 'क्रेयव' वित हव তো বেশ ব্ঝিতে পারি—তম্ভিন্ন কাল্পনিক জগৎকর্তা ইত্যাদি হাস্থকর প্রবন্ধে বুদ্ধি যায় না। · উপনিষদ্ ও গীতা ঘথার্থ শান্ত্র—রাম, রুঞ্চ, বুদ্ধ, চৈতন্ত, নানক, करी तामिरे यथार्थ व्यवजात ; कात्रन, हैशामत समग्र व्याकारनत साग्र व्यवस्थ हिन-সকলের উপর রামকৃষ্ণ: রামাকুজ-শহরাদি সহীর্ণ-জনম পণ্ডিতজী মাত্র। সে প্রীতি নাই, পরের ত্ব:থে তাঁহাদের হৃদয় কাঁদে নাই—ভঙ্ক পণ্ডিতাই,—স্মার আপনি তাড়াতাড়ি মুক্ত হইব !! তা কি হয়, মহাশয় ? কখনও হয়েছে, না হবে ? 'আমি'র লেশমাত্র থাকতে কি কিছু হবে ? অপর এক মহা বিপ্রতিপত্তি— আমার দিন দিন দৃঢ় ধারণা [হইতেছে] এই যে, জাতি-বৃদ্ধিই মহাভেদকারী ও মায়ার মূল-জন্মগত ও গুণগত সর্বপ্রকার জাতিই বন্ধন। কোন কেন বন্ধু वरनन-छ। मान भान भाक-वाहित्त, वावहात्रित्न, खाछि-खानि त्राधिएछ इहेरव देविक । ... मत्न मत्न व्याचनदृष्ति ('लाटि लाटि' यात्र नाम तृति), व्यात्र वाहित्त পিশাচ-নৃত্য, অত্যাচার, উৎপীড়ন-গরীবের বম; আর চণ্ডালও বদি বড় মাহ্র হয়, তিনি ধর্মের রক্ষক !! তাতে আমি পড়ে-ভনে দেখেছি বে, ধর্মকর্ম भृत्यत कन्न नत्र ; त्म यनि था अया-मा अया विठात वा वितनभगमनानि विठात करत তো তাতে কোন ফল নাই, বৃথা পরিশ্রম মাত্র। খামি শৃল্র ও ক্লেছ— আমার আর ও-সব হালামে কাল কি? আমার মেছের অরে বা কি, আর হাড়ীর অরে বা কি? আর লাতি ইত্যাদি উরাত্ততা— যাজকদের লিখিত গ্রন্থেই পাওয়া যায়, ঈশর-প্রণীত গ্রন্থে নাই। যাজকদের পূর্বপূরুষদের কীর্তি তাঁহারাই ভোগ করুন, ঈশরের বাণী আমি অহুসরণ করি, তাহাতেই আমার কল্যাণ হইবে। আর এক কথা ব্রেছি যে, পরোপকারই ধর্ম, বাকি যাগযজ্ঞ সব পাগলামো—নিক্লের মৃক্তি-ইচ্ছাও অন্তায়। যে পরের জন্তু সব দিয়েছে, সেই মৃক্ত হয়, আর যায়া 'আমার মৃক্তি', 'আমার মৃক্তি' ক'রে দিনরাত মাথা ভাবায়, তাহারা 'ইতোনই স্থতো লুইং' হয়ে বেড়ায়—তাহাও অনেক্বার প্রতাক্ষ করেছি।"

স্বন্ধ উত্তর—সব দিক হইতে; শাস্ত্র, দর্শন, যুক্তি, সাধারণ বৃদ্ধি, হাদয়বদ্ধা, নবীন যুগাদর্শ সবই ইহাতে আছে। আর মজার কথা এই—প্রতিপক্ষীভূত বাহারা শূল নরেন্দ্রনাথ দত্তকে ভূশায়িত করিয়া প্রকৃত ধর্মের বিজয়ধ্বজা উড্ডীন দেখিতে ক্রতসঙ্কর হইয়া যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ—যোগেন্দ্রনাথ বস্থা, ত্রৈলোক্যনাথ বিশ্বাস, প্রমাদাদাস মিত্র, ব্যারোজ—তাঁহারা সকলেই অব্রাহ্মণ, শূল! পত্রখানি যদিও জনসাধারণে প্রকাশিত হওয়ার সম্ভাবনা ছিল না, তথাপি পরবর্তী যুগে ভারতীয় ক্ষেত্রে স্থামীজীকে বৃ্ঝিবার পক্ষে ইহা অমূল্য। ঠিক এমনি আর একটি স্বাজস্থলর উত্তর পাই পাশ্চান্ত্য ক্ষেত্রে ডাঃ জেন্সকে লিখিত শ্রীযুক্তা ওলি বুলের গই জ্বনের (১৮৯৭) পত্রে:

"ক্যালিফর্নিয়ার থবরের কাগজের বে টুকরা পাঠাইয়াছেন, সেজস্ত ধন্তবাদ। তাঃ ব্যারোজ যথন এমন স্পষ্টভাষায় বিবেকানন্দকে মিথাাবাদী বলিয়া নিন্দা করিয়াছেন এবং ঐজস্ত তাঁহার বিরুদ্ধে এই অভিযোগ আনিয়াছেন যে, তিনি ইচ্ছাপূর্বক মান্তাজে ভাঃ ব্যারোজকে এড়াইয়া গিয়াছিলেন, তথন ভাঃ ব্যারোজরই মঙ্গলমার আমাকে সংখদে বলিতে হইতেছে যে, তিনি স্বামী বিবেকানন্দের সেসব স্প্রচারিত অভার্থনাক্তাপক পত্রগুলির উল্লেখ করেন নাই, য়াহাতে স্বামীজী হিন্দুগণকে এই অহুরোধ করিয়াছিলেন যে, ভাঃ ব্যারোজ হিন্দুধর্ম সন্ধন্ধে কিংবা স্বর্ধম সন্ধন্ধে ষাহাই বলুন না কেন, সেসব কথা না ভাবিয়াই ডাঃ ব্যারোজ ও বনি চিকার্গোতে সমবেত প্রাচ্য প্রতিনিধিদের প্রতি যে সন্ধ ব্যবহার করিয়া-

। ন শুরে পাতকং কিব্দির চ সংকারমর্থতি।
 নাজোধিকারো ধর্মেন্টি ন ধর্মাৎ প্রতিবেধনর । মলু, ১০।১২৬

ছিলেন, তক্ষক্ত হিন্দুরা যেন তাঁহাকে তদম্রূপ হার্দিক ও বাচনিক অভার্থনা জ্ঞাপন করেন! সমগ্র ভারতীয় জাতিটি ধখন অদৃষ্টপূর্ব হার্দিকতা ও উৎসাহ লইয়া সন্ন্যাসিপ্রবরকে সম্বর্ধনা করিতে প্রস্তুত হইতেছিল, ঠিক সেই সময়েই প্রচারিত এই পত্রগুলির সহিত ধখন ডাঃ ব্যারোজ অদেশে পদার্পণাস্তর বিবেকানন্দ সম্বন্ধে যেসব কথা অধুনা বলিয়াছেন তাহার তুলনা করি, তখন কীদৃশ বৈপরীত্যই না প্রকটিত হয়, আর উভয় ব্যক্তি সম্বন্ধে বিচার করিবার জন্ম ভারতীয়দের সমক্ষে উভয়ের কিরূপ চিত্রই না উপস্থিত হয়।…

"এখানে বলা চলে যে, ভারতভূমিতে জনসাধারণের পক হইতে স্বামী বিবেকানন্দের জন্ম যেসব সংবর্ধনার আয়োজন চলিতেছিল তাহাতে আগাগোডাই তাঁহার সম্পূর্ণ স্বাস্থাভঙ্গের ভয় ছিল এবং অবশেষে চিকিৎসকদের পরামর্শে তাঁহাকে অধিক পরিশ্রম বর্জন করিয়া কয়েক মাস সম্পূর্ণ বিশ্রাম লইতে হইয়া-বিবেকানন আমার আতিথ্য স্বীকার করিয়াছিলেন বলিয়া তাঁহার বিৰুদ্ধে অভিযোগগুলি আমাকে জানানো হয়। এবং আমি অবগত আছি যে. স্বামীজীর ভারত-প্রত্যাবর্তনের হুই বৎসর পূর্ব হুইতেই এদেশে এবং ওদেশে স্বামীজীর বাক্যাবলী উদ্ধৃত করিয়া দেখানো হইতেছিল যে, তিনি ভারতের বিভিন্ন স্থানে আমেরিকান নারীদের নিন্দা করিয়াছেন, আর তৎসহায়ে প্রমাণ করা হইতেছিল যে, বিবেকানন্দের একটা পরস্পরবিরোধী বৈতব্যক্তিত্ব আছে; च्यथवा जाः वाद्याद्ववह जाय सामीकीत विकक्षभक्कीयवा चामीकी भूनःभूनः ঐ বিষয়ে বেসব কথা বলিয়াছেন তাহার সামৃহিক রূপ ও মর্ম চাপিয়া গিয়া এমন কতকগুলি কথা প্রচার করিয়াছিলেন যাহা তাঁহাদের দৃষ্টিতে স্বামীন্দীর মত বলিয়া প্রতিভাত হইয়াছিল। আমেরিকার হাসি-ঠাট্রার মধ্যে ষেসব 🐯 ব্যক্ত-বিজ্ঞপ আছে, এবং যাহা ভদ্রলোকেরাও প্রায়শ: ব্যবহার করিয়া থাকেন, অথচ বিদেশীর পক্ষে ঐগুলির ব্যবহার নিরাপদ নহে, সন্মাসী বিবেকানন্দের ইংরেজী শব্দ প্রয়োগের উপর এক অন্যাসাধারণ ক্ষমতা থাকায় তিনি অনেক সময় অমুপযুক্ত স্থলে বা ক্লচিবিগহিতরূপে ঐগুলি উদ্ধৃত করিতে প্রলুক্ক হইতেন; আবার ইহাও সত্য যে, তিনি যদিও সর্বদা আত্মসংযমপরায়ণ তথাপি অত্যধিক উত্তেজনার সৃষ্টি হুইলে তিনি মাঝে মাঝে ধৈর্ঘ হারাইয়া ফেলিতেন। কিছ প্রতিষদ্ধী হিসাবে তিনি সর্বদাই স্থায়নিষ্ঠ, এবং আমি এমন সব বিরুদ্ধাচারীর কথা বলিতে পারি, যাহারা দোযারোপ করিতে গিয়া ক্রায় ও সভ্য বর্জন করেন।

খ্যাতিমান ধর্মপ্রচারক ও শিল্পীদের মধ্যে আবেগশীল নরনারীকে আকর্ষণ করিবার বে স্বাভাবিক ক্ষমতা আছে, বিবেকানন্দও সে ক্ষমতার অধিকারী, অথচ বিবেকানন্দের ক্ষেত্রে ইহা গৌরবেরই বিষয় যে, তিনি আপনার অন্ধান্থসরণের অবকাশ না দিয়া স্থলবিশেবে বরং কঠোর ভাষার আশ্রয় লইয়া থাকেন।

"আমেরিকার ষেপব গৃহে বিবেকানন্দ সাদরে গৃহীত হইয়া থাকেন, দেসব গৃহে স্থান পাইলে যে-কোন ব্যক্তি আপনাকে সম্মানিত বোধ করিবেন। স্থামীন্ত্রীর বন্ধুগণ এই বিষয়ে ডাঃ ব্যারোক্তের সহিত একমত হইবেন যে, স্থামীন্ত্রীর প্রতিভা আছে, কিন্তু ঐ প্রতিভা শুধু অমায়িকতাতে সীমাবদ্ধ না থাকিয়া বৃদ্ধিশক্তির বেলায়ও এমন এক প্রকৃত পণ্ডিভোচিত বিনয়-নম্রতার ক্ষেত্রে পরিব্যাপ্ত হয় বাহা তাঁহাকে অহয়ার ও র্থাদর্প হইতে রক্ষা করিয়া থাকে। অজ্ঞেয়বাদ ও নান্তিকতা লইয়া তিনি যে-ভাবে আলোচনা করিয়া থাকেন, অল্ল ব্যক্তিই দেরপ করিছে সক্ষম; আবার আগ্রহশীল শিক্ষার্থীদিগকে তিনি এমন এক দার্শনিক বিশ্লেষণের সহিত পরিচিত করাইয়া দেন যাহার ভিত্তিতে সর্বপ্রকার সাম্প্রদায়িক মতবাদসহ ধর্ম স্থপ্রতিষ্ঠিত হইতে পারে; আধ্যান্মিক ভূমিতে তাঁহার এমন এক শিশুস্বভ সারল্য আছে, যাহা তাঁহাকে স্থদেশের লোক-সমাজের স্থপ্রিয় সেবক বলিয়া পরিচিত করিবে।

"ষে সকল কর্মী ন্যায়সক্ষতরূপেই সাম্প্রদায়িক স্বার্থ সংরক্ষণে ও সেবায় নিযুক্ত আছেন, তাঁহারা যথন সাম্প্রতিক রীতিরই অফুসরণক্রমে অপর মতাবলন্ধীর সহিত কি কি বিষয়ে মিল আছে তাহার দিকে দৃষ্টি না দিয়া অভ্যাসবশতঃ নিন্দায় মাতিয়া উঠেন ও অবিমুখ্যকারিতাপুর্ণ সন্দেহের পরিচয় দেন, তথন তাঁহাদের প্রতিবাদ করিতে সত্যই ছঃখ হয়। ডাঃ ক্লার্ক, ডাঃ ব্যারোজ ও অপরেরা স্বামী বিবেকানন্দের বক্তব্যের বেসব বিষয় লইয়া আক্রমণ আরম্ভ করিয়াছেন, সেইসব বিষয়ে তিনি এদেশে ও সেদেশে বেসব পত্র লিখিয়াছিলেন, তাহা হইতে কিছু উদ্ধৃতি পাঠাইলাম। আপনি এইগুলিকে বা তাঁহার সম্বন্ধে আমার মতকে যথেছে ব্যবহার করিতে পারেন।"

"পুনশ্চ: স্বামী বিবেকানন্দের প্রভাব অচিরস্থায়ী—ডা: ব্যারোজের এই মতটি বেমন স্রমপূর্ণ ঠিক তেমনি প্রমাদগ্রন্থ এই মন্তব্যটি বে, স্বামীজী তাঁহার পাশ্চান্ত্যের সাফল্য বা ব্রত্যোদ্যাপন সম্বন্ধে কোন অত্যক্তি করিয়াছেন। বিবেকানন্দ ইওরোপীয় ভাবে পরিপূর্ণ হইয়া ফিরিয়াছেন, ইহা ঠিক নহে; এবং পুনর্বার স্বাস্থ্যলাভ করিতে না করিতেই বে তাঁহাকে বাধ্য হইন্বা বহু জক্ষরী কার্বে ব্রতী হইতে হইন্বাছে, ইহা হইতেই আমার এই কথা প্রমাণিত হর। আমি বিশাস করি—তিনি এমন এক ব্যক্তি, বিনি ধর্মক্ষেত্রে নিযুক্ত বে-কোন কর্মীকে সেদেশে সাদরে আহ্বান করিতে প্রস্তুত।

"জার্মান পণ্ডিতবৃন্দ, প্রাচ্যবিদ্ ইংরেজ বিদয়সমাজ ও আমাদের স্থদেশের এমার্সন ইহা প্রমাণসহ বলিয়া স্বীকার করেন যে, আধুনিক পাশ্চান্তা চিস্তার মধ্যে বৈদান্তিক ভাবরাশি আক্ষরিক অর্থে অন্থপ্রবিষ্ট রহিয়াছে। এবং তুর্ এই অর্থে ই বিবেকানন্দ ইহা বলিতে পারিয়াছেন যে, পাশ্চান্তা দেশের সহল্র সহল্র ব্যক্তি বেদান্তবাদী; কারণ ঐ দর্শনমধ্যে সমন্ত সম্প্রদারের অন্তর্ভুক্তি সম্ভব।" (ইংরেজী জীবনী, ৫১৩-১৪)।

এই প্রসঙ্গের শেষে আমরা স্বামীন্ত্রীর ২।৩১৮ তারিখের প্রাংশ উদ্ধৃত করিতেছি। ইহা হইতে পরিদ্ধার ব্রিতে পারা যায়, কেন স্বামীন্ত্রী ব্যারোজের সহিত দেখা না করিয়া চলিয়া গিয়াছিলেন এবং তাঁহার শরীরের অবস্থা তখন কিরপ ছিল: "লগুন থেকে ফিরে এনে যখন আমি দক্ষিণ ভারতে···শরীরে এল সম্পূর্ণ ভালন ও চূড়ান্ত অবসাদ। আমাকে তৎক্ষণাৎ মাদ্রান্ত ছেড়ে অপেক্ষাক্কত ঠাগু। উত্তরাঞ্চলে আসতে হ'ল; একদিন দেরি করা মানে অন্ত জাহান্ত ধরবার জন্ত সেই প্রচণ্ড গরমে আরপ্ত এক সপ্তাহ অপেক্ষা করা। কথায় কথায় বলছি—আমি পরে জানতে পেরেছিযে, মি: ব্যারোজ পরদিন মাদ্রান্ত এনে পৌছেছিলেন এবং তাঁর প্রত্যাশামত আমাকে সেখানে না পেয়ে খুবই ক্রপ্ত হয়েছিলেন— যদিও আমি তাঁর থাকবার জায়গার ও সংবর্ধনার ব্যবস্থা ক'রে এসেছিলাম। বেচারী জ্বানে না আমি তখন মরণাপর।"

जः त्नांश्नी

शृष्ट्री	পঙক্তি
,- '	

•					
২৩	36	দিতে পারে না	স্থে	পড়িবেন	দিতে পারে
90	२१	এইচ. এন. ব্রিঙ্ক্লির	29	,,	এইচ. এল. ব্রিঙ্কলির
96	ऽ२	স্লেটন লাইসিয়াস ব্যুরো	2)	"	স্লেটন লাইসিয়াম ব্যুরো
be	₹¢	মেরী. এফ. ফাঙ্কি	29	n	মেরী. সি ফাঙ্কি
১৭৮	>5	(শ্রীমতী লরা লেন)	n	n	(শ্রীমতী লরা গ্লেন 🕽
Ste	२७	সকলে	n	n	সকালে \
২৩৯	રહ	ভারতে অমুপস্থিতিকালে	,,	"	অমুপস্থিতিকালে 🦠
২৬৩	२२	শ্ৰীযুক্ত ফান্ধি	29	n	শ্ৰীযুক্তা ফান্ধি
२१०	२२	দর্শনাধ্যপক	29	29	দর্শনাধ্যাপক
२१२	30	শাফল্যের	29	,,	সারল্যের

निर्पिशिका

অক্ষ কুমার ঘোষ—স্বামীজীর পূর্ব-পরিচিত ও কুমারী মূলারের পোশ্র-পুত্র স্বরূপ ১৬৭, ২১৬, ২১৮: -কে স্বামীজীর পরিচয়পত্র সহ জুনা-গড়ের দেওয়ানজীর নিকট প্রেরিড পক্ষ হইতে সণ্ডনে নিমন্ত্রণ ২১৬ অক্সফোর্ড--বিশ্ববিত্যালয় ২৮৫; -এর বোডলিয়ান পুন্তকাগার ২৮৫ সিংহ—থে ত ড়ি রা জে র **অক্তি**ত স্বামীজীকে দাহায্য ৯-১০; -এর সহিত সাক্ষাতের জন্ম স্বামীজীর কলিকাতা আসা ৪২২; -ম্বরাজ্যে ফিরে যান ৪২৩ चारकवान- ८४० ; -वानी ১•१, ७৮৫ व्यन्ष्टेवानी - २५२ অবৈত--৩১৩, ৪০৯ : -অমুভতি ৪৩ : -বাদ ৫৯, ৩১১, ৩৪৭, ৩৬৭, ৩৮০ ; -वामी ১२२, २२৮, ७७७, ७৮०, ৩৮৫ ; -ভত্ব ২৫২ ; -বান্তব সত্য २৫१; - मर्गन २२१ ; - (वमाञ्च ७১১, ৩২৩: বিশিষ্ট—৩১৩: -আশ্রম মায়াবভী ৩১৩ ; -ভিত্তিমূলক ৩৪৭ অমুরাধাপুরম (সিংহল)—সেকালের লণ্ডন ৩৩৬ ; -এ উপস্থিত ৩৪৯ ; বৌদ্ধধর্মের সিংহলীর কেন্দ্রন ৩৪৯; প্রাচীন কীর্তির বর্ণনা ৩৪৯ : তথায় বৌদ্ধন্দনতার বক্তভায় বাধা সৃষ্টি ৩৪৯-৫০, ৪২৫ 'অমুসদ্ধান'—পত্ৰিকা হইতে উদ্বৃতি 826-29

অপরোক্ষাহৃত্তি ৪২, ২৮০, ৩১১ অপেরা হাউস ৫৫, ৯৬, ১০৩, ১০৫ অবতার—নাজারেথের-৭; ঈশ্বর-৪৭; যুগ-২৭৬, ২৮৩; স্বম্বদ্ধ মূর্তি বা স্থামীর—৩৭৪, ৩৭৭

অভেদানন্দ, স্বামী (কালী) ২৮৫;
-আমেরিকায় স্বীয় অভিজ্ঞতার
ফল বলেছিলেন ৭৩; স্বামীজীর
গুরুলাতা ১৫৩, গ্রীনএকার সম্মেলনে ১৬৩; -কে ইংলণ্ডে পাঠাতে
লিখেন স্বামীজী ২০০; -কে লগুনে
বসাইবেন স্থির ২৮৭; -এর হস্তে
ইংলণ্ডের কার্যভার ২৮৮; ভারভ থেকে আসা ২৯৩; পুর্বেই ইংলণ্ডে আসেন ৩১০; -কে বিদেশীয় কার্যের
উপযুক্ত করা ৩১৬; -বারা জাের
বক্তৃতা দেওয়ান ৩১৭; লগুনের
বিদায় সভায় ৩২১

'অমৃতবাজার'—পত্রিকা হইতে স্বামীজী হিন্দুদের প্রতিনিধি প্রমাণ ১৩৪; -পত্রিকার উদ্ধৃতি ১৩৪

অর্চার্ড, স্টেলা—পরিচয় ২০১-০২

অনকট, কর্নেল—জ্যানি বেশান্তের লণ্ডনের গৃহে স্বামীজীর ভাষণে উপস্থিত ২৮০

অশোক—এর ধর্মসভা ৪৩ ; -এর শিলা-লিপি ৮৫

ষাইওয়া—সংবাদপত্ত্তে লেখা ৩৯-৪০ ; সিটিতে বক্তুতা ৬৬, ৭৮ 'আইওয়া স্টেট রেক্সিস্টার'—পত্রিকার বিবরণ ৬৭-৮

আগমবাদী — বৈথানস সম্প্রদায় ৩৮৪ আডা—ওহিয়ো প্রদেশের নগরে বক্তৃতা ১৪; -নগরে ওহিয়ো নর্দার্ন ইউ-নিভার্সিটি ১০৪

আমেরিকা ১০৬, ২১৫, ২৩৭, ২৭৭, ২৮৯, ৬২৫, ৬২৬, ৬৪৮; -বাসী
৫, ৬১, ৩৫, ৪০, ৫৮, ৮৪, ৮৭,
১৩৪, ১৩৯, ১৪৫, ২৭৬, ৬৬৪;
-পদার্পণের কারণ ১৪; হইতে অর্ধলাভ ৫৬; হইতে ভারতের শিক্ষা
৯২; ভ্রমণ ১০৬; সম্বন্ধে স্বামীজীর
মত ১২৬; প্রচারের উপযুক্ত ক্ষেত্র
১৬৮; অপেক্ষা ইংলণ্ডে বেশী
কাজের বিশ্বাস ২২৬; -বাসী জনসাধারণের আপনার জন (স্বামীজী)
২৫০

আমেরিকান ৩৯, ৫৪, ৭৬, ১১৭, ১৮৯, ২৬৭, ২৬৮, ২৮০, ৩৮৮, ৪৩৩; -অতি ধনী ৪; 'স্তোদাল সায়েন্দ আ্যাসো-সিয়েন্দন' ১৫; নরনারী ২৬; সমাজ ৩৪, ৬৮, ১২৬, ১৩০, ১৭২, ২৭২, ২৭৫; সংবাদপত্তের ভাষা ৬৫,২৭৫; আতি ৭০; বিরুদ্ধে টিপ্পনী ১২৬; পত্র পত্রিকা থেকে অংশ ১৩৭; কনসাল জেনারেল ১৬৭; নারী সমাজ ১৭২, ২৭৩; চটপটে কিন্তু থড়ের আশুনের মতো ২২৬; সংস্করণ ২৩৮; ভাষণ ২৪৪; শিশ্র ২৬২; সভ্যতার অপকৃষ্ট দিক ২৭২; জীবন ২৭৬

আমেরিকার(আমেরিকাতে) ৮,১৽, ২৯, ৫৫, ৬৪, ৭২, ৭৩, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৫, ১৩৭, ১৫২, ১৫৪,

১৬১. ১ 92. ২২৮. ২৩১. ২৪৪, ২**9**•. २৮१,२३०, २३७, २३६, २३৮, ७२७, ७८৮, ७१১, ८४१, ८७७ ; ठाका वा উপাধি অপেকা বৃদ্ধির আদর বেশী ৩ ; বিধাতার বিধানেই পদার্পণ ৩: সংশোধনাগার ৭; স্বামীজীর গ্মনকালে ১; আসার প্রথম উদ্দেশ্য ১১; ভিকৃক ও কালা আদমীর স্থান নাই স্থসভা-+১৮; জীবনের প্রলোভন ২২ ; কলবাসের পদার্পণ ২৪ ; ভারত নিন্দা ৯৩ ; ভারত সম্বন্ধে অপপ্রচার ৯৫ ; অর্থ कोनीमा ১०६; वर्षलाए श्री গ্রহণ ১২৮; স্বামীজীর প্রচুর ल्यभः मा ১७७ : मानव-जीवन महत्त्व ধারণা ১৪১ : ধনকুবের—১৫৬; ধর্মের মতভেদের আবর্ত ১৬১; मामপ्रथा ১७८ ;-माकना २১७,२२১, ৩২৮ ; স্বামীন্ধীর চিস্তারাশি ঝটিভি গ্ৰহণ ২২৫ ; আরন্ধ কার্য ২২৯ ; कांक २६२, २७६, २१७, २१२, ७১३ चार्मात्रकात ७०, ४२, ६६, ६१,७६, १७, ১०১, ১०৪, ১७०, ১৫२, २२७, २७৯, ২৭৮, ৩০৩, ৩১৮, ৩৫৮; -প্রথম দিন खनि)-२७: मन्नामक २:- जनमाधात्र ७, ১७, ৪৯, १১, ১১২, ১৩৪, ১৩৯, ১৪১, ১৫০ ; সমাজ ৮, ৫৮, ১৮৮, ২৫২, ২৭৩; জনমনের পরিচয় ১৬; থাছা ২১ : জন্ম সংরক্ষিত বাণী ৪৩; উন্নতির কারণ ৫৮; প্রধান কর্তব্য ৭৬; বায়াধিক্য ১০২; জনসমাজ বৌদ্ধর্ম ও হিন্দুধর্মের পার্থক্য বোঝে ना ১०७; - मंकिनारत्न **অবহেলিভ** নিগ্রোরা -দক্ষিণ প্রাস্থের ঘটনা

উত্তরাংশেও স্বামীজীর অবমাননা
১০৯; নিকট ভারতের সর্বশ্রেষ্ঠ
অবদান ১১২; শিক্ষিত সমাজ
১৩৩; মধ্য-পশ্চিম অঞ্চলে ১৪৬; -কাজ
১৫৫, ১৬৮, ২১৩-১৪, ২১৫, ২৪৬,
২৫৭, ২৭০, ২৮৭, ২৮৮, ৩০৩,
৩১৭; -পূর্বাঞ্চলে ১৬০; -জীবন
১৬০; -নারীগণের সর্বত্র সমান
সাহাষ্য ১৬৭; ভক্ত ২৪৪, ২৫৮;
ভাষার অস্তর্ভুক্ত সংস্কৃত শব্ধ
২৪৯; -সংস্করণ ইংরেজী সংস্করণ
থেকে বিভিন্ন ২৫৫; নারী সমাজ
২৭৩

আয়ার্লণ্ড ২৭৭, ২৮৩

ষার্নন্ড, এডুইন—'লাইট অব এসিয়া' (হিন্দুধর্মের বহিঃপ্রকাশ) লেথক ৮৪

আর্থ-জাতির সহিত অপরের সম্বন্ধ

৫৯; -গণের মধ্যে পৌরাণিক গল্প
১৯৬; -জাতির ইতিহাস ২৮০;
-সভ্যতার ক্রমবিকাশ ২৮০;
সিংহলীরা খাঁটি-৬৬৬; -জাতির
কুলতিলক ৬৪০; -বৈশ্র-বংশ
৬৮৮; -জাতির শাথা ৩৯৬;
-বংশ ৩৯৭

আলমবাজার মঠে—৪০১, ৪০৪, ৪১৬ আলমোড়া ৩০১, ৪২৪; -ডে আশ্রম স্থাপন ৩১৫

শালাসিদা পেকমল, (এম-সি) ৪, ১০, ৩০, ৩৪, ৬৪, ১০২, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৮, ১৪৬, ১৪৮, ১৫৪, ১৬২, ১৬৪, ১৬৫, ১৬৮, ১৮৮, ২১৪, ২১৬, ২২৬, ২৫২, ২৫৬, ২৬৯, ৩১৫, ৪২১ আর্মস-পর্বত ৩০০, ৩২৮; -বেন
হিমালরে পরিণত ৩০২
আ্যাংলো-ইণ্ডিয়ান ২৮৮, ২৯২
আ্যানিস্কোয়াম ১৪২, ১৪৪, ১৬১;
আধ্যাপক রাইটের বাসস্থান ১১;
গীর্জায় বক্তৃতা ১৪; হইতে শ্রীযুক্তা
ব্যাগলীর বন্ধুকে পত্র ১৪১;
ব্যাগলীর গ্রীম্মনিবাস ১৪৪, ১৬৪,
২৫৮; একবার মাত্র স্বামীন্ধীর
বক্তৃতা ২৫৯

স্থ্যাপিল স্থাভালান্স-পত্তিকাতে প্রকাশিত সংবাদ ৬৪, ৭৪, ৭৫ স্থামস্টার্ডাম-সকলে তিন দিন বাপন ৩০৯

স্যালবাটা—শ্রীযুক্তা স্টার্জিদের ক্যা ১৮১; -কে লিখিত স্থামীন্ধীর পত্র ২৩০; রোমে শ্রীমতী এভোয়ার্ড-দের গৃহে ৩৩০; স্থামীন্ধীর সহিত মিলিত ৩৩০

ইউরোপ ১৩, ৬৪, ১৭৭, ২০৪, ২১৬, ২৩৮, ২৯০, ২৯৯, ৩০২, ৩২৮, ৩৪৮, ৩৫৮, ৩৭১; -এ অর্থলোভে দ্বী গ্রহণ ১২৮; -যাত্রা ১৯৩, ২১৫; -সম্বদ্ধে শিক্ষা ২১৮; -ভ্রমণ বৃত্তান্ত ২৮৯; -ভ্রমণে নির্গত ২৯৩, ৩২৯; -এর মধ্য দিয়া ৩১৯

ইন্ধারসোল, রবার্ট গ্রীন—অপেক)
বামীজীর অধিক শ্রোতা আকর্ষণ
১০৫; -অজ্ঞেরবাদী স্থবক্তা ১০৭;
বামীজীকে সাবধান বাণী ১০৭;
-এর মতবাদ সম্বন্ধে স্বামীজী ১০৭
ইংরেজ, ইংরেজী ১৪, ৯৩, ১০৫, ১৪৭,
২২১, ২২৬, ২২৯, ২৪২, ২৯২, ২৯৮,
৩২৫, ৩২৮, ৩৪৯, ৩৫৬, ৩৮৪;

-উৎপীড়ক ১২ ; -এর উপর প্রতি-শোধ ১৩; -শাসন (ভারতে) ৯২: -মিশনারী ৯৭; -লেখক ১১৫; -ভাষাভাষী ১১৭;-ভারতবর্ষ ক্রয়ের कात्रग ১৫৮; - शिकात कन ১৭৫, ८४४, ८२७ ; -हिन्मूटक করিতে অসভ্য করেছে ১৭৫; -मभाष २১৮, २১৯, २२৯, २৮8: - नत्रनाती मश्रद्ध श्रामीकीत धात्रभात्र পরিবর্তন ২২৫: -জাতির ভারতীয় ভাবের প্রতি শ্রদ্ধা ২২৫-২৬; -খবরের কাগজে বকে না, নীরবে কাজ করে ২২৬; -প্রতিশব্দ ২৩৭; -ভাষায় হিন্দুভাব অমুবাদ ২৫২ ; -সংস্করণ ২৫৫ ; ভদ্রলোক ও ভদ্রমহিলা ২৮৪ ; বন্ধু ২৮৯ ; -সিপাহী বিদ্রোহের वाकानीत्मत्र वाँठाव २०२; - अत्र কুকীর্তি ২৯২; -ভাষায় ২৯৮; -এর চিন্তারাজ্যে বেদাস্ত ৩১২: -দিগের প্রতি বিশেষ বাণী ৩২১ : -জ্বাতির প্রতি ধারণা পরিবর্তন ৩২৬; জাতির চরিত্র ৩২৬-২৭

ইংলও ১১, ৪০, ১৭২, ১৮৯, ২০১, ২০৯, ২১৫, ২১৮, ২২২, ২২০, ২০০, ২৪৪, ২৪৫, ২৫২, ২৮০, ২৯১, ২৯৩, ২৯৬, ৩০৪, ৩০৯, ৩১০, ৩১৫, ৩১৭, ৩১৯, ৩২০, ৩২৪, ৩২৬, ৩৩৪, ৩৮৪; — অন্তবলে চীনে আফিং চালার ৯৫, ১৫৪; ভারতে মদ প্রচলন ৯৫, ১৫৪; —এ মিশনারী প্রচারকের প্রয়োজন ৯৫; —এ স্বামীজীর আমস্ত্রণ ১৬৭; —বাজার পূর্বে ১৮২; —বাওয়া যুক্তিযুক্ত ২১৩; —এর ক্ষেত্রও প্রস্তুত ২১৪;

-चारांत्र श्राक्काल २५८; -এ व्यक्तात्र छेल्म्स्य वाख्या २०७ : -এর সংবাদপত্ত ২১৯ : -এর বক্তৃতা-मक २२० ; - जागमत्नत्र कन २२६ ; -বাসীর চরিত্র সন্থন্ধে স্বামীজী २२¢; -्० तीक तथन २२७; -० আমেরিকার ক্যায় অর্থসাচ্চল্যাভাব २२৮: - अत्र कार्यत्र माकना २२०. ७२৮ ; -এ বৈদান্তিক মতবাদ ২৩১ : -এ কার্যের ধারা ২৩৩ ; -এর ভক্ত ২৪৪ ; দিতীয়বার গমন ২৫৭, २७८, २११ ; - अ काक २७८, ২৮৮, ৩১৬, ৩১৯ ; -এর রাজ পরিবারের লোক প্রচ্ছন্নভাবে উপস্থিত ২৮০ ; -এর কার্যভার • ২৮৮; -জীবনের একটি ঘটনা ২৯০ ; -এ ধর্মপ্রচার ২৯৩ ; -এর কার্যের পুনরারম্ভ ৩০৮; -এর वाक्यानीव मक ७२०; -वानी ৩২৬, ৩২৭ ; -ত্যাগ ৩২৮ ; হইতে ষাত্ৰা ৩৪১

ইংলিশ চ্যানেল—সাধারণতঃ তরক-সঙ্কুল ২৯৯, ৩০৯

ইটালি ৩২৮, ৩২৯; -র পথে ৩৪১ 'ইন্টিরিয়র'-কাগজ অবলম্বনে মিশনারী-দের শত্রুতা ৭০; -পত্রিকার সমালোচনা ১৩৪

'ইণ্ডিম্বান নেশন' (পত্রিকা) ১৪৬, ১৫২ 'ইণ্ডিম্বান মিরর (পত্রিকা) ১৪৬, ১৫২, ৪০৪; বিবেকানন্দের প্রশংসা ১৩২; পত্রিকার উক্তি ১৩৪; পত্রিকায় তথ্য ৩২৩; পত্রিকায় স্থারিসনের পত্র ৪২৭; পত্রিকায় শ্রীমর পত্র ৪২৮; প্রকাশিত স্বামীক্ষীর পত্র ৪৩২ ইভানফোন—শহরে ডা: ব্যাডলির বাদ ৫৮; শহরে খামীজীর তিনটি বক্তৃতা ৫৮-১; শহরে ডা: কার্ল ডন বার্জেনের বক্তৃতা ৫১ 'ইভিনিং নিউজ'-পত্রিকায় বিবরণ ১০ 'ইয়ংমেন্স হিক্র আ্যাসোসিয়েশস হল' -এ 'তুলনামূলক ঈশ্বরবাদ' বক্তৃতা

ইছদী -দের জিহোবা ৪৩; 'লক্ষ্য কর ঈশ্বরের দণ্ড নামিয়া আদিতেছে' ১৩৪; -পরিবারে ল্যাণ্ডদ্বার্গের জন্ম ১৭৭; -জাতির আত্মপ্রকাশ ২০৪

'ঈগ্ল' (ক্ৰকলিন)-পক্ষপাতী সংবাদপত্ৰ ১৭৪

উইলকক্স, এল্লা হুইলার—ক্লাসে নৃতন
২৩৮; কবি ও সাহিত্য সেবিকা
২৫০; স্বামী বিবেকানন্দের
সাক্ষাতের বিবরণ 'নিউ ইয়র্ক আমেরিকান' পত্রিকায় লেখেন
২৫০-৫১; -এর প্রবন্ধ ২৫৩

উইলবার ফোর্স, ক্যানন—স্বামীজীকে নিজ আলয়ে নিয়ে যান ২৮১, ৩১২; বেদাস্তাহুরাগী ৩১২

'উইসকন্সিন স্টেট জার্নেল'—পত্রিকায় বিবরণ ৬৬

উডস, কেইট টেরাট ৬৬; -গৃহে
স্বামীজী ১৪, ১৫; -এর পুত্র প্রিন্স
১৪; -কে স্বামীজী পত্রে জানান

উপনিষদ্ ৫১, ১৪৭, ১৭৩, ২৩৩, ৩০৭; -ব্যাখ্যা ১৯২, ১৯৭, ৩০২; সম্বন্ধে প্রবন্ধ পাঠ ২৮৪; -ই গ্রাহ্ম ৩৯২; -এর উপদেশ ৩৯৩ ; -এর প্রামাণ্য ৪০৯ ; -বাদ ৪১•

এডোয়ার্ডস, শ্রীমতী—গৃহে রোমে অ্যানবার্টা ৩৩০ ; স্বামীন্দীর ভক্তে পরিণত ৩৩০

এণ্ডুজ, শ্রীমতী — গৃহে ক্লাস ১৮৭
এবট লাইম্যান — ধর্মধাজক ও 'আউটলুক' পত্রিকার সম্পাদক ১২০, ২৭২;
-এর সহিত স্বামীজীর আলাপ ২৭২
(রে:) এভারেট, সি. সি. ভি. ভি.,
এল. এল. ডি. — হার্ভার্ড বিশ্ববিভালয়ের পণ্ডিত ২৫৬, ০৯৬;
পুস্তকের ভূমিকায় লেখেন ২৫৬

এমার্সন (রাল্ফ ওয়ান্ডো) পদ্বী ৫১ ;
-অতি-লৌকিকবাদীদের দলে
ভিড়িতে অস্বীকৃত ২০৬ ; -ও দারা
এলেন ওয়ান্ডোর সম্পর্ক ২৩৪

এলিস, কুমারী রুথ ২০৯; স্বামীজীর ক্লাসে ২০১; নিউ ইয়র্ক সংবাদপত্র অফিসে কাজ ২০১

'এদিনি'-সম্প্রদায় (বৌদ্ধ) ৩৩৩ 'এ্যাওকেণ্ড ইণ্ডিয়া'—'প্রবৃদ্ধ ভারত' দ্রষ্টব্য

'এ্যাডভোকেট'-পত্রিকায় তথ্য ৫৩ 'এ্যারেনা'-পত্রিকায় প্রবন্ধ ৩৮

'ওপেন কোর্ট'-পত্রিকায় মৃদ্রিত কবিতা ৩৯

ওয়াইট, ডা: -স্বামীজীর ক্লাসে বোগদান ২০১, ২৩৮; -নামকরণ 'ডকি-ওয়াইট' ২০১, ২০৯; -ক্যান্থিজের ক্লতবিভা ব্যক্তি ২০৯

ওয়ার্ডস্ওয়ার্থ (ইংরেজ কবি) ১১৫ ওয়ার্গভ্স কলাম্বিয়ান এক্সপজ্জিলন ২৪ **अयोगछक** (हार्टिन ১১৮, ১১৯, ১२० ; ফিফ থ অ্যাভিনিউতে ১৭৮ (क्यांद्री) ख्वांत्छा, मात्रा এलन २०२, ৩-৪; স্বতিলিপি ১৭৯-৮০, ১৯৩, ২৪৪: দ্বারা লিখিত, 'দেববাণী' নামে মুদ্রিত ১৯২; নিউ ইয়র্ক ক্লাসে ২০১; পাঠগুলির নোট নিতেন ২১০; হল্ডে আমেরিকার কার্যভার ২১৫; রন্ধনের দায়িত্ব নেন ২৩৪: স্বামীজী প্রদত্ত নাম 'হরিদাসী' ২৩৪ : রাঁধিতে সম্মত ২৩৫; বাস করিতেন ব্রুকলিনের অপর প্রান্তে ২৩৫ : দেবমাতাকে বলেছিলেন ২৩৫-৩৬; জীবনেরই ঘটনা ২৩৬; স্বামীজী সম্বন্ধে ভূল ধারণা ২৩৭; স্বামীজীর গৃহস্থালির দায়িত্ব ২৩৮; -প্রসঙ্গ ২৪০; 'জানযোগের' সারাংশ ২৪৪: আমেরিকান ভাষণ লিখে

মধ্যে সর্বোক্তমা ৩১৮ গুরাশিংটন ১৬৭, ২০৪ গুরেন -দম্পতি গৃহে হুই গুরুত্রাতা সহ স্বামীন্দ্রী ২৮৫ গুরেল, চার্লস -গৃহে ব্রুক্লিনে স্বামীন্দ্রীর বক্তৃতাবলী ১৭৩

রাখেন তার প্রমাণ ২৪৪: ইংল্ড

ও ভারতের বক্ততা থেকে 'জ্ঞান-

যোগ' প্রকাশিত ২৪৪; স্বামীন্দীর

নির্দেশে স্বতন্ত্র ক্লাসে সাফল্য ৩১৮:

স্বামীজীর পাশ্চান্তা ছাত্র-ছাত্রীদের

কৰ্মৰ্ড ৬

'কথা সাহিত্য' ৪০৭ পা: টী: ; -মাসিক পত্রিকায় 'কামী বিবেকানন্দ ও দক্ষিণেশ্বর মন্দির বিতর্ক'প্রবন্ধ ৪২৬ কনওয়ে, এম. ডি.—পজিটিভিস্ট শাস্তি-পক্ষাবলম্বী ৩১২,

কনফুদাস, কংফুছে ৮৭, ১৫০ 'কম্প্লিট ওয়াৰ্কদ' ৩৭, ৮৫, ৮৬ ; -অইম থণ্ডে 'ডিসকোৰ্দেস অন জ্ঞান্যোগ' ২৪৪

'কমার্শিয়াল এডভার্টাইজার'-ডেট্রয়েটের পত্রিকা ১৩৬

(কুমারী) কর্বিন -গৃহে স্বামীজীর ক্লাস ১৮৭

কলম্বাদ - স্পোন হইতে আমে দ্বিকায়
২৪; হল অব— ২৭, ২৯, ৩৮, ৪০
কলম্বো ৩৩২, ৩৪২, ৩৪৪, ৩৪৭, ৩৫২,
৪০০; -নগরে পদার্পণ ভারতের
পক্ষে ঐতিহাসিক ঘটনা ৩৩৮;
-বন্দরে ৩৪১; -র হিন্দু সমাজের
ম্বাগত ব্যবস্থা ৩৪১-৪২; ইংরেজী
সংবাদপত্তে বিবরণ ৩৪২-৪৪;
-বাসী হিন্দুসমাজ ৩৪২; তথায়
একটি ঘটনা ৩৪৪-৪৫; -তে
পদার্পণ ৩৯৮-৯৯

কলিকাতা ১৩৬, ১৩৭, ২৮৮, ২৯০, ৩৩৬, ৩৯৯, ৪০৪, ৪০৫, ৪১০, ৪১৬, ৪২১, ৪২৪, ৪২৬; লোকের উৎসাহ সর্বাধিক ১৪৬; টাউন হলে সভার অধিবেশন ১৪৬, ১৫০, ১৫৬; সভাতে বহু হিন্দুধর্মের প্রতিনিধি ১৪৬; ভারতের রাজ্ঞধানী ১৪৯; সভায় গৃহীত প্রভাব ১৪৯-৫১; অহাইত সভা স্বামীজীর প্রীতিপ্রদ ১৫৩; লোকদিগকে সাবধান বাণী ১৫৪; অহাইত সভায় স্বামীজীর সমর্থন ১৫৫; শহরের বর্ষা ২১২; বন্ধুবাদ্ধবকে স্বামীজীর অর্থ

সাহাষ্য ২২৮; কেন্দ্র খোলার পরিকল্পনা ৬১৫, ৬২০; স্থায়ী আশ্রম স্থাপনের জন্ম শ্রীমতী-ওলি বুলের অর্থ সাহাষ্য প্রতিশ্রুতি ৬২০; জাহাজে চড়িয়া ৬৮৮, ২৯৯; অভার্থনা সমিতির সভাপতি ৪০০; -বাসীর পক্ষথেকে অভিনন্দনের পরে ৪০০

(এীযুক্ত) কলিজ -গৃহে স্বামীজীর বক্তবা ১২৬, ১২৮

কাণ্ডি (সিংহল) — রপ্তনা ৪৪৭ ; স্বাস্থ্য নিবাস ও বুদ্ধের দস্ত মন্দিরের জন্ম বিখ্যাত ৩৪৭-৪৮; অভিনন্দন ৩৪৮

কানাডা ৭৮, ২৫৯, ২৬৯ কাপুরতলার রাজা ২-৩

কার্পেন্টার, এডোয়ার্ডস-'টুওয়ার্ড্স ডেমোক্রেদী' গ্রন্থ প্রণেতা ৩১২

(ডা:) কার্ল ভন বার্জেন—স্ইডেনের প্রতিনিধি ৫০

কালভে, (মাদাম) এমা ৬০; প্রসিদ্ধ ফরাসী গান্বিকা ৬০; নিজে লিখিত স্বামীজীর সহিত সাক্ষাতের বিবরণ ৬১-২; বণিত রকফেলারের ঘটনা ৬২

(রে:) কালীচরণ বাঁড়ুযো-খৃষ্টান মিশনারীদের স্বপক্ষে বক্তৃতা ১৫৪

কানীপুর—এ সমাধি লাভ ২১২;
গোপাললাল নীলের উত্থানবাটাতে বিদেশীদের স্থান ৪০১,
৪০৪, ৪০৫, ৪১৬, ৪১৭; প্রত্যহ
স্থাসা ৪০২

কিন্তার-গার্টেন ৮০ কিপ্লিং, রাডিয়ার্ড ৯৮ কিয়েল ৩০৪, ৩০৬, ৩০৭; বাণ্টিক সাগর তীরবর্তী নগর ৩০৬; ঐদিনটি সম্বন্ধে আরও তথ্য ৩০৭-০৮; -এ প্রদর্শনী ৩০৮; জার্মান সম্রাট কর্তৃক সন্থ উদ্বোধিত পোতাশ্রয় ৩০৮

কুক, (শ্রীমতী) মাগুরেরাইট—
ডেট্রেটের বিভালরের শিক্ষরিত্রী
৮৫: খীয় অভিজ্ঞতা বর্ণনা ৮৫

কুম্ভকোণম্ – মাদ্রাজের ক্সায় সভা
অন্থটিত ১৪৬; মাত্রা হইতে —
৩৬৫; প্রসিদ্ধ তীর্থক্ষেত্র ও
ঐতিহাসিক ঘটনার জন্ম বিখ্যাত
৩৬৬; হইতে ট্রেনে মাদ্রাজে ৩৬৮
কৃষ্ণ ৭৫, ১০৫, ৩৩১; -উক্ত ধর্মের
প্রচার ৪১৭; সম্বন্ধে বক্তৃতা ৪১৭;
-চিস্তায় ৪১৮

কৃষ্ণ মেনন—স্বামীজীর পূর্ব পরিচিত ২৯০; স্বামীজী কর্তৃক অর্থ দাহায্য ২৯০

কেম্বুজ ইউনিভার্সিটি (হার্ভার্ড) ১১৮
কেশবচক্র দেন -সাধারণ ব্রাহ্মসমাজের
চক্ষে কপটাচারী ১৩৩; 'নবর্ন্সাবন'
নাটকে অভিনয় ১৩৩; ইংলণ্ডে
উৎক্কট্ট ভারতবাসী বক্তা ২২০;
তার পরে একমাত্র ভারতীয় বক্তা
স্বামীজীর বাগ্মিতাই বিশ্ময়কর
২৮৪; তাঁর জীবনে হঠাৎ পরিবর্তনের হেতু ২৮৫; বিলাতফেরড
৪২৯; -গৃহে শ্রীরামক্ষফ মিটারাদি
আহারজনিত মন্দির প্রবেশে বাধা
দানের চিক্তা ৪২৯

(कांकात्र, कर्त्नाविद्या -चुिक्था ১৯-२১, २১-२७

কোরান ২৩

কোলক্রক - হিন্দু দর্শন সম্বন্ধে ইংরেজী
ভাষায় লেথক ২৪৯
কোলেরান ৩০৫-০৬
কেঠালোন ৩০৫-০৬
কংগ্রিগেশন - মণ্ডলী ৫১
ক্যান্থিজ ১১৮, ১২৯, ১৬৪, ১৬৯, ২০৯,
২৫৮; -এ প্রদন্ত ভাষণের ফল
১৭০; -এর মহিলাদের সম্মুথে
প্রদন্ত ভাষণ ২৭৩
ক্যালিফর্নিয়া ২০৪, ৪৩১
ক্যালে - ফরাসী উপক্লে বন্দর ২৯৯,
৩২৮
ক্যাসল কার্নান ৩৭৩, ৩৭৪, ৩৭৬, ৩৮২,
৩৮৩, ৩৯০

'ক্রনিকল'—কাগজের সংবাদ ৪৩১; -এ আমেবিকার নারী সম্বন্ধে মস্তবা

805

थुष्टे -धर्म ७, ४७, २৫, २७, २१, ७२, ४०, ৬৬. ৭৬. ৭৭. ৮৬, ৮৭, ৯১, ৯৪, ac. >>c. >c. >c8. 2b>, 022, 02c. ৩৩০, ৩৩১, ৩৩২ ; -সদৃশ ২০ ; -এর বাণী ৭২: -ধর্ম বিজ্ঞানের পথে বাধা ৭৭; -ধর্ম হিন্দুধর্ম থেকে উদ্ভত ৮৪; -এর আগমন ৮৭; -ধর্মই প্রকৃত ধর্ম ৮৮; -ধর্মে একজনকে আনিতে খরচ ৯৫; -ধর্মাবলম্বী জাতি ৯৭; -জীবন ও শ্রীকৃষ্ণ জীবনে সাদৃশ্য ১০৫, ৩৩১ ; -সমত २८७; -धर्मावनश्री २८१, ७७०; -শিশ্বনামে উৎদর্গীক্বত ৩৩০; -জীবনের ত্যাগবৈরাগ্য ৩৩০; - ধর্মের উৎপত্তি ক্রীটদ্বীপে ৩৩২-৩৩, ৩৩৪; -ধর্মপায়ণের কারণ ৩১৩ ; -ধর্মে বৌদ্ধধর্মের প্রভাব ৩৩৪

अहोन १, २, २७, ४৮, ४२, ४२, ४०,७१, ৬৮, ৭০, ৭১, ৯০, ৯৪, ১৩৩, ১৪২, ১৪৯, ১৫৪, ২৪৬, ৩৩৫, ७६১, ७६२ ; ख-১२, २६, ७३. 89. 82, 66, 96, 65, 525; গৌড়া-২৫, ৩৯, ৫০, ১৪০ ; -ধর্ম-প্রচারক ৩৬; -জাতি ৪০: -দের 'স্বৰ্গস্থ পিতা' ৪৩ ; -জ্বং ৪৪, ৭৭, ৮৯; -দেশে ৪৭; নব -৫১; -ধর্ম-যাজক ৭০, ৮১; -সমাজ ৭১; -সায়েন্স হিন্দুধর্মের বহিঃপ্রকাশ ৮8; -मच्छानारम विद्याध के १: -ধর্মটাই স্বার্থময় ১০; স্বধর্ম ব্যতীত অপর ধর্ম সম্বন্ধে ভনিতে ইচ্ছক ৯০ ; উদারপন্থী ও উগ্রপন্থী -৯০ : -মিশন ৯৫; -স্পেন ও পতু গালের ध्वः मनीना २७ ; -मच्छानात्र ১०७, ১০৪ : পাদ্রীরা যাহা প্রচার করে তাহা পালন করে না ১০৬ ; -মত-वान ১১७ : - भिमनाती ১७८, ১৪৫ : পত্রিকায় ভারতে স্বামীজীর বিরুদ্ধা-চরণ ১৩৯; -দিগের অপকীতি ১৫৪; -नाजीत ज्यानर्ग ১१১ : -धर्माधाक्रतमत 'মাইটার' ২২০; -উপাসনাপদ্ধতি ভজনপদ্ধতির ৩৩ - ; -ধর্ম ৩৪১ ; -মিশনারী বিত্যালয়ে বক্তৃতা ৩৬১; দশ লক্ষ---

'খৃষ্টান অ্যাডভোকেট'—পত্ৰিকায় মস্কব্য ৯৬

থেতড়ি -মহারাজ ১৩৬, ১৩৮, ১৯০, ২১৪ -রাজ্বরবারে স্বামীজীর কার্বের অহুমোদন ১৪৬; -রাজের চিঠি ১৫৫; -রাজের ক্যায় ৩০৮; -রাজের পক্ষ হইতে অভিনন্দন ৩৮০ ; -রাজের সহিত দক্ষিণেশর মন্দিরে শামীজী ৪২৭, ৪২৮

গল্ম ওয়ার্দি ২৮৮
(ডাঃ) গার্নসী, এগ্ বার্ট — গৃহে
আমীজীর বাস ১২০, ২৭২; -গৃহে
ফিস্কিলল্যা ডিং-এ স্বামীজী ১৬০,
১৬৪; -গৃহে নিউ ইয়র্কে স্বামীজীর
থাকা থাওয়া ১৭৭, ১৭৯; দারা
স্বামীজীর চিকিৎসা ১৮৩; -দম্পতি
২৩৮

গিবন্স কার্ভিক্তাল—'যুক্তরাষ্ট্রের সর্ব-প্রধান ক্যাথলিক ধর্মধান্ধক ২৮; কর্তৃক প্রার্থনা পাঠ ২৯

গিরিশচন্দ্র ঘোষ (ঘোষজ) ৪০৮, ৪১২, ৪১৩, ৪১৪

গীতা ৫৯, ১৯১, ২৮৫, ৩৪৪; -ব্যাখ্যা ১৯২; শ্রীমন্তগবদ্—১৯৭, ২৩০, ৩৪৪; -তে উক্ত ৩০৩, ৩১৪

গুডইয়ার-দম্পতি ১৮৫, ২৩৮ ; সমিতির কোষাধ্যক ২৩৯

গুডউইন, জে. জে. -সাংকেতিক লেথক
৯৮, ২০৮, ২৪১, ০১২, ০১৯; ২৭৯
পাঃ টাঃ; -কে নিমোগ করার
কাহিনী ২৪১; -এর পরিচয় ২৪২৪৩; শ্রীযুক্তা বুলকে পত্র ২৪২;
-এর স্বামীজীর প্রান্ত নাম ২৬৯;
বক্তৃতাদি লিপিবদ্ধ করে ২৮০;
-প্রতিকারে অগ্রসর ২৯২; স্বামী
সারদানন্দের সঙ্গে ২৯৩; -কে ধবর
৩০৩; -এর পত্রে ধবর ৩০৩;
কানে কানে বক্তৃতার বিষয় বলে
দিতেন ৩১২; ব্রদ্ধচর্যব্রত গ্রহণ
৩১৭; ইংলগু থেকে জাহাজে
যাবেন ৩১৯, ৩২৫; -এর সাহায়ে

বিদায় ভাষণ রচনা ৩২১ ; -লিখিড রামনাদে স্বামীজীর সম্বর্ধনার বিবরণ ৩৫৭

গেলর,টমান এফ.—নহকারী বিশপ ৭৪ গোরকিণী নভা—প্রচারক ও স্বামীজী

গোলাপ-মা ১৫৯ গৌর-মা ২৭৮

থ্রীক ৫১; -দার্শনিক ২৮; -দর্শন ২৯১; -চার্চ ২৮; -পণ্ডিত সক্রেটিস ১৫২ থ্রীণ -আমেরিকার ক্রোরপতি ১৮৯

গ্রীণএকার ১৬১, ১৮২; মেইন প্রদেশের ইলিয়ট নগরের নিকটবর্তী ১৬২; 'হল অব পিদ' ১৬৩; 'স্বামীক্সীর পাইন' ১৬৩; কর্মচঞ্চল হাট ১৮৩; যাইবার আহ্বান ২১৩

গ্রীনষ্টিভেল, কৃষ্টিন (ভগিনী) ২১০,
২১১; -লিখিত শ্বতিকথা ১৪, ৬৪,
৭৮-৯, ৮৫, ১৯৩, ১৯৯-২০৮;
'পগুদ লেকচার ব্যুরো' নাম
করেছেন ৬৪, ৭৮; ডেট্রয়েট বক্তৃতা
সম্বন্ধে ৮৫-৬; শ্বতিকথায় ল্যাণ্ডদ্বার্গ সম্বন্ধে ১৭৭-৭৮

গ্রে, এলিসা (অধ্যাপক)—সপত্বিক স্বামীজীকে ভোজে নিমন্ত্রণ ২৭১ গ্রে, টমাস (কবি) ১১৫

গ্রোস্থান, রাবাই লুই—এর টেম্পল বেথ এল-এ আলোচ্য বিষয় ১০; টেম্পল বেথ এল-এর ধর্মবাজক ১৮

ঘোষ, এন. এন.—'ইপ্তিয়ান নেশন' সম্পাদক ১৪৬, ১৫২; -টাউন হল সভায় ইংরেজী ভাষায় বক্তৃতা ১৪৭; -তার বক্তৃতাংশ ১৫২-৫৩ চক্রবর্তী (এন.) ৩০, ৩১ চাম্নীজ—পল্লী ৩০০০০১

চার্চ ফার্ট প্রেসবিটেরিয়ান—১৯, ২৫;
গ্রীক-২৭, ২৮; তৃতীয় ইউনিটেরিয়ান-৩৭; কংগ্রিগেশক্ষাল-৫৯,
১২০; ফার্স্ট ইউনিটেরিয়ান-৬৬;
খৃন্টান-৬৭; ইউনিটেরিয়ান-৮৪,
৮৬, ৮৮, ৯০, ৯৩, ৯৭, ২৫২;
মেথডিস্ট-১২১, ২০২, ২৫২;
ব্যাপ্টিন্ট-১২১; প্রেসবিটেরিয়ান-১২১, ২৫২; 'পিপল্স'—১৬৭,
২৪৫; আ্যাংলিক্যান-২৮০; -অব
ইংলপ্ত ৩২০

চিকাগো (ইলিনয়েস স্টেট) ১, ২, ৩, e, >>, >e, >७, >٩, >৮, २०, ०>, UN. UN. UN. EB. ES. E9. E7. ৬৪, ৬৬, ٩৪, ৭৮, ৭৯, ৮১, ৮৩, ৯০, ৯৪, ৯৬, ১০৬, ১১৮, ১২০, 527, 506,509,582,5¢0,5¢5, **১৫**२, ১৬*০*, ১৬২, ১৬৭, ১৭১, ২৭১, ২৮•, ৩২৯ : -ক্লাবে স্বামীজী ২০ : -সহরে কলম্বিয়ান এক্সপজ্ঞিশন ২৪: মহিলাদের ক্লাবে বক্ততা ৫১: লিঙ্কন পার্কের ঘটনা ৬০ ; -মহাসভা ৯৬. ১৪৬. ২৭৬: -ধর্মভা ১০৪. ৩৬৩; বিজয় ১০৪, ১৩০, ১৩১, ১৩৪: স্বামীজীর যৌগিক শক্তির পরিচয় ১১১-১১২; -ধর্মহাসভা ১৪৯, ১৫০, ৩৩৮: তথায় নববর্ষে স্বামীজী ১৭৬ : যাইবার কথা চিস্তা ২৩৩; -সহরের সহিত স্বামীজীর প্রাণের টান ২৫৭; ঘুরিয়া আসা 249

'চিকাগো ডেলি ইণ্টার-ওক্সান'— পত্রিকায় বিবরণ ৩৭, ৪০, ৪৮, ৫৮; -পত্তিকাতে সভার বিবরণ পাঠাতে নির্দেশ ১৩৬; -পত্তিকায় মাস্ত্রাক্ত সভার সংবাদ মৃদ্রিত ১৪৯

'চিকাগো হেরান্ড'—পত্রিকায় বিবরণ ৪৮; -পত্রিকাতে সন্ভার বিবরণ পাঠাতে নির্দেশ ১৩৬

চীন, চীনা, চীনে—প্রতিশোধ নিবে ১৩; -দেশ ১৪; -দেশ ক্ইতে ভারত আক্রমণ আশঙ্কা ১৪;√-ধর্ম-যাজক ২৮; -দেশের প্রতিনিধি পুংকুয়াং ইউ ২৯,৩৭; আফিংচায় নাই ৯৫; -গল্প ২৫৯

(মিদ) চেমিয়ার্গ -গৃহে ক্লাদ ২২৭ চেল্লাপ্লা পিলে, এদ-ত্রিবাঙ্ক্রের ভূতপূর্ব বিচারপতি ৩৫১, ৩৫২; স্বামীজীকে মাল্যদান ৩৫২

ছুঁৎমার্গ -বর্জন ৬>; ১৫৮ পা: টা:; হইতে ভারতকে বাঁচান ৩৩৯ ছুঁৎমার্গী ৩৬৩

জগন্নাথের রথ ১০৩; -চক্রের নীচে
আত্মহত্যা ১৪, ৭২, ৭৯, ৮৯, ১৭৫
জড় ৪১, ৪২; -বাদ ২৪, ৭১, ১২৭,
৩৬২, ৩৬৪; -ভাব ৪৩; ও শক্তি
২৫৪; -বাদী ৩৬৫, ৩৮৮, ৪০৩;
-বাদী (পৃথিবীর) সভ্যতা ৩৪৫
জন্সন (মিসেস)—নারী কারাগারের
অধ্যক্ষ ৭

জাতি ৪, ৩৬, ৪৩, ৫০, ৭০, ৭৭, ১৯৬, ২৪৬, ২৯৮; -বিভাগ প্রথা ও ধর্ম ১৪; অবহেলিত-৩৩; খৃষ্টান-৪০; বিধর্মী বি-৪০,; আর্ধ-৫৯, ২৮০, ৩৪০: হিন্দু-৬৯; -ভেদপ্রথা ৬৯, ১৫৮ ; -বিভাগ ভারতে গুণাহ্যায়ী ३२४ ; সভাকার -১৫৮; -অপরকে ঘুণা করিলে জীৰিত থাকিতে পারে না ১৬৮: -বিভাগের মূল তথ্য ১৭৫; -বিশেষ ২১৭; ইংরেজী ভাষাভাষী- ২২৮; -চ্যুত ২৪৭, ৪৩**০, ৪৩১, ৪৩**৩, **य**-२**२**8 ; সর্ব-৩০৭ : পরাধীন-৩১৬ ; বৃটিশ-৩২৬ ; ইংরেজ-৩২৬; প্রাচীন-৩৪৫; -প্রত্যেকেরই জীবনের একটা বিশেষ উদ্দেশ্য ৩৪৫-৪৬; -প্রত্যেকেরই चामर्ग चारह ७६६; भूज- ४००, ৪৩১; -ই বন্ধন ৪৩৭; -বিভাগ প্রণালী ৩৮৯

জান্তে, আর্চবিশপ অব-প্রথম বক্তা ২৯; নারী সম্বন্ধে বক্তৃতা ৩৭ জাপানী -ভাষা ২৮: -দের বিশেষগুণ

জাপানী -ভাষা ২৮ ; -দের বিশেষগুণ >৫

জাফনা (সিংহল) ৩৪৭, ৩৫০;
-সিংহলের উত্তরাংশে ৩৪৮;
-নগর হিন্দুপ্রধান ৩১৮; -মাত্রায়
ডাম্বল হুর্ঘটনা ৩৪৮; -পথে
স্বামীজীর সম্বর্ধনা ৩৫০-৫২; -ভ্রমণ
ও অভিনন্দন সম্বন্ধে স্থানীয় সংবাদপত্তের বিবরণ ৩৫১-৫২; কঙ্গেসাস্থারা রোড ৩৫২;-তেই
স্বামীজীর সিংহল ভ্রমণ শেষ ৩৫৩

জার্মান, জার্মানী ৭, ৩০৪, ৩০৫, ৩০৬;

-সমাট কাইজার ২৭৫, ৩০৮;
জাতির বিভাদানের আব্যোজন
৩০৫; -জাতির কৃষ্টি ইত্যাদি ৩০৬;
ও ক্রাসী দেশের সভ্যতার তুলনা
৩০৬; বারের জাত ৩০৬; -পণ্ডিত
৩০৭; লয়েড কোম্পানী ৩১৯

জুনাগড়---এর দেওরানজী ১৩৮, ১৯০, ২১৬

ভাঃ জেনদ্, লুই জি-ক্রক্লিন 'এথিক্যাল কালচার সোদাইটি'র প্রেসিভেণ্ট ১৬২,১৭০,৪৩৮; রমাবাঈমগুলীকে সম্চিত উত্তর ১৭২; সংবাদপত্তে প্রত্যুত্তর ১৭৩-৭৪; শশিপদ বার্কে পত্র ১৭৪; শ্রীযুক্তা ম্যাক্কীনকে প্রত্যুত্তর ১৭৪; মিথ্যাবাদী ধরিয়ে দিয়েছিলেন ২১৭; -এর আফুক্ল্যে

জেনেভা—২৯০,৩০০; প্রটেস্টান্ট রিফ্রন্দেশনের একটি প্রধান কেন্দ্র ২৯৯
জেমদ, উইলিয়াম—দার্শনিক পণ্ডিত
১৬৫; তাঁর দহিত ওলিব্লের গৃহে
স্বামীজীর পরিচয় ২৭০-৭১;
'ভ্যারাইটি অব রিলিজিয়াদ এক্সনিরিয়েন্দ' গ্রন্থে স্বামীজীর নাম
২৭১; 'দি এনার্জিজ অব মেন' গ্রন্থে
আরোগ্যলাভের উল্লেখ ২৭১;
রাজযোগ অভ্যাদ ২৭১

জৈন—সমাজ ৩০ ; -দের নিরীশরবাদ ৪৬ ; -মতবাদ ১২৯

টটেন, এনোক—গৃহে ওয়াশিংটনে স্বামীজী ১৬৭

টাউন, শ্রীযুক্তা কন্সটান্স(কুমারী গিবন্স)

— এর স্থাতিকথা-১২০-২২; ক্যাথলিক ১২১; স্বামীন্সীকে 'মেটোপলিটন অপেরা'তে 'ফফ্ট'-এর
অভিনয়ে নিমন্ত্রণ ১২২

টান বুল ডাঃ ৪২১

টেম্পল—বেথএল ১০, ১৮; -ইউনি-ভার্ম্যাল ১৬৬

टिम्ला, निरकालाम—दिकानिक निष्ठ-

ইয়র্ক ক্লাসে ২৩৮; শ্রেষ্ঠ বৈছ্যতিক ও সারাবার্নহার্ডের সাক্ষাতের সময় উপস্থিত ২৫৪

ভজ, মেরী মেপ্স—নিউ ইয়র্ক ক্লাসে নৃতন ২৩৮

ভয়সন, পল (অধ্যাপক)—হিন্দুদর্শন সম্বন্ধে ইংরেজী ভাষায় গ্রন্থকার ২৪০; কিয়েল নিবাসী জার্মান দার্শনিকের আমন্ত্রণ৩০৪; অধ্যাপক -৩০৬; পত্রছারা আমন্ত্রণ ৩০৬-০৭; অমুবাদ কার্যে লিপ্ত ৩০৭; আমীজীকে স্বতিশক্তি সম্বন্ধে প্রশ্ন ৩০৮; হাস্বূর্গে স্বামীজীর সহিত্ত মিলন ৩০০; ইংলণ্ডে সেণ্ট জেন্স উভে আশ্রম্ম ৩০০; স্বামীজীর সহিত প্রায়ই আলোচনা ৩১০; ঘুই তিন সপ্তাহ লণ্ডনে ৩১০

ভাচার, মিস—স্বামীন্ধীর ছাত্রী ১৮৩,
১৯২; -এর কৃটিরে স্বামীন্ধী ১৯২;
কুটিরের মালিক ১৯৩, ২০৬;
মেথডিস্ট সম্প্রদায়ভূক্তা ২০৬;
-গৃহের দলটি ২০৭; -এর মানসিক প্রতিক্রিয়া ২০৭

ভিক্সন সোসাইটি—স্বামীন্সীর বক্তৃতা ১৮৪

ভিময়েন (আই ওয়া) ৬৬, ৬৭, ৭৮; তথায় বক্তৃতার আয়োজক ডা: এইচ- ও. ব্রিডেন ৭৩; -নিউজ পত্রিকায় প্রকাশিত বিবরণ ৬৭

ভেট্ররেট ৬৬, ৯৬, ৯৭, ৯৯, ১০৫, ১০৬, ১৪৪, ১৬৭, ১৯৮, ২০৮, ২৫৪, ২৫৬, ২৬৩, ৩৪১; 'ইউনিটি ক্লাবের' ব্যবস্থায় ৭৩; অবস্থান সম্বন্ধে ৮১,

তাৎপর্যপূর্ব ৮১: -এর আক্রমণ ৮২; -এ প্রথমবার ৮৫; -এর আবহাওয়া স্বামীজীর অমুকুর ৮৮. -বাসী ৯০. ১০০; -ত্যাগ ৯৩, ৯৪, . ৯৬, ৯৮, ১১৩; ব্যাপ্টিস্ট লম্প্র-দায়ের ডা: ডাব্লিউ. ই. বগদের বক্ততা ১৫; ছাত্র স্বেচ্ছাদেবক মিশনারী আন্দোলন ৯৬: -অডি-টবিয়ামে ১০৩ : -এর বিজয় মাতার পরিণাম ১০৪; -এ এক \নৈশ-ভোজে স্বামীজীকে বিষদান ১৩২; -'কমাৰ্শিয়াল এডভার্টাইছার' পত্রিকা ১৩৬ : রক্ষণশীল নগর ১৪২ : -এ স্বামীজীর জনপ্রিয়তা ১৭২: -ক্রিটিক পত্রিকার মস্তব্য ১০২-০৩ : -জার্নাল পত্রিকায় লিখিত বিবরণ २२ : ঐ निथिত मस्तरा २८, २७ : ঐ ম্যাকওয়েলের ভাষণের প্রতিবাদ ৯৫; -টি বিউন পত্রিকায় সংক্রিপ্ত বিবরণ ৮৭; ঐ মস্তব্য ১০; ঐ স্বামীজী সম্বন্ধে প্ৰবন্ধ ১২-৩; ঐ বিবরণ ৯৬, ৯৮: -ফ্রী প্রেস পত্ৰিকায় ঘোষণা ৮৩-৪; ঐ প্ৰতি-নিধির সাক্ষাৎ ৮৪; ঐ প্রথম চারটি বক্ততার বিবরণ ৮৫; ঐ ডেল-ডকের লেখা ৮৭; ঐ লেখা হইল ৮৮-১; ঐ লেখা 'জাষ্টিসিয়া' ছন্ম-নামে ৯১ : ঐ 'বস্টন ডেলি অ্যাড-ভার্টাইন্ধারের' উদ্ধৃতি ছাপা ১৩৩ ডেভিড হেয়ার—মহামুভব ইংরেজ ১৭৫ ডেলডক, ও পি (ছন্মনাম) -- পত্রিকায়

লিখেন ৮৭ 'ডেলি ঈগল'—পত্রিকার রিপোর্ট ১৭৫ 'ডেলি নিউজ'—সম্পাদক ডাঃ জে, বি, ড্যালি ১৪৭ ড্রেসজেন ৩০৬ ডোভার ২৯৯, ৩২৮

তপস্থিনী মাতা—মহাকালী পাঠশালা স্থাপিত ৪১১

তামিশ—ভাষায় রচিত 'তেবারম্' ত্যোত্র পাঠ ৩৪০; -পল্লী ৩৪৬; -ভাষায় অহুবাদ ৩৪৯, ৩৫৬; -ভাষায় মানপত্র ৩৬১

তিব্বত—দীমান্ত ৩০০ তুরীয়ানন্দ, স্বামী (হরি) ২৫ ত্রিগুণাতীত স্বামী (দারদা) ৪২২ ত্রিচিনপল্লী-অভিনন্দন ও উত্তর ৩৬৫-৬৬

ত্রৈলোক্যনাথ বিশ্বাস—জ্ঞানবাজারের ৪২৮; পত্রিকায় বিবৃত্তি ৪২৮-২৯

থম্পাদন, (স্থার) উইলিয়াম (পরে লর্ড কেলভিন) ২৭১

থার্সবী, (কুমারী) এমা—স্থগায়িকা ১২০, ২৩৮; স্বামীজীর বন্ধু ১৭১, ১৭৬; নিউ ইয়র্ক ক্লাসের ব্যবস্থা ১৮৭

থিয়োসফি —প্রভাব সম্বন্ধে ১০; -প্রতি-নিধি ৩০; হিন্দুধর্মের বহিঃপ্রকাশ ৮৪

থিয়োসফিক্যাল—সোসাইটির প্রতি-পত্তি মানের হেতু ১৩•

থিয়োসফিন্ট ৫১; তাদের কোথের কারণ ১০; স্বামীজীর উপর বিরূপ ৫৩; ব্লাভাটন্ধি লজ ২৮৪; বিদেশে স্বামীজীর পথে বাধা সৃষ্টি করে ৩৯১

'ধেরাপুটি'-শব্দের উৎপত্তি ৩৩৩

मिक्कित्वित २४२, ८०१, ८२७, ६२१, १२৮

দাদাভাই নওরোজী—'লওন হিন্দু অ্যাসোসিয়েশনের' স্বায়ী সভাপতি ২৮৪

'দি ওয়েস্ট মিনিস্টার গেজেট'—পত্রিকা ২১৯ ; -পত্রিকায় প্রবন্ধ ২২০-২১

'দি লণ্ডন ক্রনিকল'—পত্রিকায় প্রকাশ ২২০

'দি স্ট্যাণ্ডার্ড'—পত্রিকা২১৯ ; পত্রিকায় প্রকাশিত ২২০

'দেববাণী'(ওয়ান্ডোর ইন্স্পায়ার্ড টক্স)
৯৮, ১৯২, ২০৮, ২৫৫; ১৯৭ পা:
টী:; গ্রন্থের পটভূমিকা ১৯৩-৯৭;
গ্রন্থের জন্ম শ্রীমতী ওয়ান্ডোর নিকট
কৃতজ্ঞ ২০১; গ্রন্থের প্রতি ছব্রে
সাক্ষ্য ২১২

দেবমাতা, ভগিনী (কুমারী লরা শ্লেন)

—লিথিয়াছেন ১৭৮; স্বামীজীকে
প্রথম দেখেন ১৮৪; স্বৃতি কথার

অংশ ১৮৪-৮৫, ১৮৫-৮৬; -এর
পূর্বনাম ২৩৪; স্বৃতিকথা ২৩৪-৩৮;
স্বৃতিলিপি ২৪৪, ২৫৫

দেশাই, টি. জে—শ্বতি কথায় লিপিবদ্ধ ২৮৪-৮৫; অধ্যাপক বেইনের প্রবদ্ধে প্রতিবাদ ২৮৪; স্বামীন্ধীর সহিত বেদান্ত, গীতা আলোচনা ২৮৫

दिष्ठ ७५७ -वामी ५२२, ७৮६

তুরীতির জ্ঞান্ত দায়ী নয় ৮: প্রাচাদেশীয়--২৩, ৬৬ : -মহাসভার উদ্দেশ্য २৫-७ ; -शास्त्र २७, ७१, ७७, १०, १९, ११, ४२, ३১, ३७, a8, ১১a, ১৬€, ১৬৬, ১৬٩, २२€ २२२, २८४, २৮८, २৮१, ७১२; -মহাসভায় প্রমাণিত হইত ২৬-৭: -মহাসভার ফল ২৭: জৈন-২৭: ইছদী-২৭; শিন্টো-২৭; পারসিক-২৭; তাও-২৭; কনফুসিয়াসের -२१: क्राथनिक-२१. ৮8: প্রটেস্টান্ট-২৭; -বিজ্ঞান ২৯; -সমন্বয় ৩৪ ; -প্রচারক ৩৬, ৮৭, ১৪২, २৮১, ७२७ ; - विद्राध ७२ ; -অহুভৃতি ৪২, ২৯৫; -অন্ধৃতা ৪৪, ৮৯; সার্বভৌম-৪৪, २৫१, **७**১১, ७८१, -चार्त्सानन ६५ ; -भाज ६२ ; -कार्य ৬৫: -বিশ্বাস ৬৬: ২৫৬: -নেতা ৭১, ৩০২ : -সামঞ্জু ৭১ : -এর কাজ ৭৭; -চিস্তা ৭৮, ২৫৮; -শিক্ষালয় ৮৩: -অন্তরিত করণ ৮৫, ৯২, ৯৭, ২৫২ ; - নিষ্ঠা ৯০ ; -মন্দির ১১; -ধ্বজিতা ১৪; -প্রচার ৯१. २७६. २৯७ ;ं नव हिन्मू-४७७ ; গোড়া হিন্দু-১৩৩ ; যুগ-১৩৫ ; -মত ও সম্প্রদায় ১৪৩; -মত ১৫৩, ২৪৬; -কি ১৫৮; -শিকা ১৫৯. ১৭৬, २১७ ; - छौरन यांभन ১৬७ ; -রাজ্যপ্রতিষ্ঠা ১৭০; -আচার্য ১৮৫, २৫৮,२७०; - ठर्ता ३००; - नांख ३०७. ২৯৬, ৩৪৫ ; -গ্রন্থ ১৯৭ : -উন্নান্ততা ২০৩ : বিজ্ঞাতীয় -২১৮ : -ম্রোত প্রবাহিত ২৪৮: -প্রেরণা ২৪৯: - अत्र व्याशा २६५; नव-१६५;

-এর ভিত্তি হবে অবৈড ২৫৭: -তত্ত্ব ২৬০: -মহাসভার পরে ২৭১; -चारनाठना २१३; - खीवस्र २५२; -উন্মন্ত ব্যক্তি ২৯১ ; -উন্মাদ তৈরী ২৯১; -এর দার্শনিক তত্ত্ব ২৯১; मर्वक्नीन--- २२), २२¢; - এর ধারণা २२६ : -প্राণ ७১৬, ७८६ ; -स्रीवन ৩২০ ; ভারতীয়—৩২৫, ৩৬০ ; উদারখুষ্ট—৩৩২ ; -প্রতীক পুরীর মন্দির গাত্তের মৃতি সদৃশ ২৩২; - क भानतीया भान तम्य ७० : সনাতন—৩৩৮, ৩৫৮; ছাড়িয়া সমাজ সংস্থার হইতে পারে না ৩৩৯: ও বিজ্ঞানের বিবাদ ৩৪০; -এর মর্মকথা ৩৪১ :-সভ্য ৩৪২ : অমুভতিসাপেক ৩৪৫; -সঙ্গীত ৩৪৭; -কে সক্রিয় রূপদান ৩৫৬; সবল ও সক্রিয় সমাজের ভিত্তি হইতে পারে ৩৬২: -জগতে ৩৬২ ; এখন রান্নাঘর ৩৬৩ ; উন্নত দার্শনিক-৩৬৪

ধর্মপাল অনাগারিক—নারী বিষয়ে বক্তভা ৩৭; সিংহলের ৫১

নর্থশোর ক্লাব—লীনে মহিলা সমিতি ১২৮

নর্দাম্পটন—বাওয়া স্থির ১১০; স্মিথ কলেজে ১১৪, ১১৭; সিটিহলে বক্তৃতা ১১৭; 'স্মিথ কলেজ ম্যাগাজিনে' প্রকাশিত ১১৭-১৮; -ত্যাগ ১১৮

'নর্দাম্পটন ডেলি হেরান্ড'—পত্রিকায় বিবরণ ৩৮; -পত্রিকায় ঘোষণা ১১৩; -পত্রিকার সংবাদে প্রকাশ ১১৪; -পত্রিকায় স্বামীন্দীর সমালোচনা ১১৭

(বাবু) নরেজ্ঞনাখ দত্ত (ওরফে বিবেকানন্দ)— নব হিন্দু ১৩২; 'নব বৃন্দাবন' নাটকের অভিনেতা ১৩২; আক্ষসমাজের গায়ক ১৩৩; সাধারণ আক্ষসমাজের স্থগায়ক ১৩৩: নব বিধানের থিয়েটারের অভিনেতা ১৭৪

নরেন্দ্রনাথ দেন—মজুমদারের সম্পর্কিত ভাই ১৩৭; স্বামীজীকে প্রশংসা ১৩৭; -মহাশরের সম্পাদকীয় প্রবন্ধ ১৩৮; মিরর সম্পাদক ১৪৬, ১৫১; সভায় ইংরেজী বক্তা ১৪৭; -মহাশয়ের বক্তৃতার অংশ ১৫১-৫২

নরসিংহাচার্য, জি. জি. ৪২১
'নাইন্টিন্থ সেঞ্রী'—পত্রিকায় শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে ম্যাক্স্নারের লেখা
২৮৫; -পত্রিকার প্রবন্ধের নাম
'এক প্রকৃত মহাত্মা' ২৮৬
নাগরকার— বোম্বাই-এর ৩০
নাগলিক্স পিলে ৩৫১, ৩৫৪, ৩৫৬
নাঞ্জ রাও '-প্রবৃদ্ধ ভারত' পৃষ্ঠ-পোষক
২৯৮; -কে কাজের কৌশল শিখান
৩১৫

নারদীয় ভক্তিস্ত্র (নারদ)—ব্যাখ্যা ১৯৭; -এ পূর্ববাবে স্টার্ডিকে অমুবাদে সাহায্য ২৮৪; -টীকাসহ প্রকাশিত ২৮৪

নারী ১৩, ৪০, ৬৯; -কারাগার বা সংশোধনাগার ৭; -সমাজ ভারতীয় ৩৭, ২৯৬; বিভিন্ন দেশীর-৩৭; প্রাচ্য-৪৮,৯৮; ভারতীয়-৪৮,৯৭, ৯৮,১৬৯; -সমাজ ৬৯, ৭২, ৯৮, ১৬৯,২৭৩,২৭৮, ৩২০; গীর্জাপদ্বী- ৭২; হিন্দু-৭২; -প্রতিপত্তি
আমেরিকায় ৯০; পাশ্চান্ত্যদেশে
জীরপে মর্যাদা পায় ৯৮; প্র্বদেশে
মাতৃরূপে মর্যাদা পায় ৯৮; পতিতা৯৮; -দেহে জগন্মাতারই প্রকাশ
৯৮; -জাতি ১৫৮ পাঃ টীঃ; -র
আদর্শ-হিন্দু, মুসলমান ও খৃষ্টান
১৭১; -জীবন ভারতীয় ২৭০; -য়
আদর্শ (ভারতীয়) ২৭০; -দিগের
নিকট লক নানাভাবে উপকার
২৭০; -শিক্ষা ২৮০

নিউ ইয়ৰ্ক -এ স্বামীজী -প্রদেশের ফিসকিলল্যাণ্ডিং ১৬০: -বক্ততাবলীর আয়োজন ১৭১: -বেদাস্ত সমিতি প্রতিষ্ঠা ১৭৬,২৩৯, ২৫৫, -ছাত্রছাত্রীর সংখ্যা ১৮৩; -মন্ত্রদীকা ১৯৩; থেকে লওনে ২১১, ২৭৭ ; -এর বক্তৃতা ও ক্লাস ২৩৪ : -এর গ্রীনউইচ গ্রাম ২৩৯ : বেদান্ত সমিতি আইন সিদ্ধ করা ২৩৯ : -কে মাতিয়ে তোলা ২৪১ : -এর সমাজের ২৪৬; মাকিন সভাতার কেন্দ্র ২৫৫; -সমিতির 'কৰ্মযোগ' প্ৰকাশিত ২৫৫; -সমিতির বারা 'রাজযোগ' -'জ্ঞানযোগ' চাপা স্বামীজীর প্রধান কেন্দ্র ২৫৭: -এ রাজযোগ সম্বন্ধে বক্তৃতা ২৯৮ ; -এ স্বামী সারদানন্দের বক্তৃতা ৩১৮; -ক্রিটিক পত্রিকায় বিবরণী ৩৫, ৪৯; -ডেলি টি বিউন পত্রিকার বিবরণ ১১৯: ঐ পত্রিকায় মাল্রাক্সের সভার বিবরণ মুদ্রিত -ক্রেনোলজিকাাল জার্নাল পত্রিকায় প্ৰবন্ধ ১৮৯-৯০ ; -দান পত্ৰিকা

১৩৬ ; ঐ পত্রিকায় মাদ্রাব্দ সভার বিবরণ মন্ত্রিত ১৪৯: -হেরাল্ড পত্রিকায় বিবরণ ৩৫-৩৬, ৪৯; এ পত্রিকা লিখেছিল ২৪৬ নিউ ডিসকবারিজ ১৪, ৩৩, ৫৮, ৬২, ৮৩, ১০০, ১০৩, ১০৪ ১২৮, ১৪০, 362, 398 নিতে (বিশপ)—স্বামীজীকে পরিচিত করে দেন ৮৬: খবরের কাগজ মারফতে মত প্রকাশ ৮৬-৭: -গোঁড়া মেথডিস্ট ৮৭ निर्विष्ठा (७ शिनी) २२) ; - निश्च-शिष्ट्रिन ७, ४६-१, ১৬•, २७१; স্বামীজীর ভাতিতত্ব সম্বন্ধে ১১০: -শ্রন্ধা মিশ্রিত বিচার পরায়ণা ২২২: লণ্ডন ত্যাগর পূর্বেই স্বামীজীকে আচার্যপদে বরণ ২২২: স্বামীজীর সহিত প্রথম সাক্ষাতের বিবরণ ২২২-২৩ : তাঁহার মত কর্মী ২২৯ : 'স্বামীজীকে যেরূপ দেখিয়াচি' গ্রন্থে উল্লেখ ২৬৬-৬৭: সিদেম ক্লাবের সভ্যা ২৮১ পাঃ টী: : দ্বারা লিপিবদ্ধ ঘটনা ২৯০-৯১ ; তাঁহার বিচার প্রবণ সন্দেহাকুল মন ২৯৪ স্বামীজীকে

২৯৬; -কে ভারত প্রত্যাবর্তনের
পূর্বে স্বামীজী বলেছিলেন ৩১৫
নিরাকার—বাদী ৪৩
নেপল্ন —থেকে জাহাজ ধরা ৩১৯
নোবল মার্গারেট ই (শ্রীমতী)—পরে
ভাগিনী নিবেদিতা নামে স্থপরিচিত
২২১, ২৯৩; ইংলণ্ডে শিক্ষা কার্বে
ব্রতী ২২২; ইংলণ্ডে স্বামীজীর

গুরুজী সম্বোধন ২৯৪; তাঁহার পরবর্তী লেখা ২৯৪-৯৫; তাঁহার

স্বামীজীর কাজের জন্ম প্রস্তৃতি

অহরাগী ভক্ত ২৯৩; তাঁহার মেরী
ক্রোডে যীন্তকে অরণ ২৯৪; তাঁহার
যামীজী সম্বন্ধতিনটি চিন্তা ২৯৫;
'ব্রহ্মবাদিনে' লিখেন ২৯৫;
যামীজীর পায়ে আত্মনিবেদন
২৯৭; স্বামীজীর নিকট দীক্ষা গ্রহণ
২৯৮; ভারতে যাইতে চান ৩১৫;
-কে-ভারতে আনিয়া স্ত্রী শিক্ষার
ভার অর্পণ ৩২০

'ক্তাশন্তাল গাডিয়ান'—সম্পাদক শ্ৰি-ভূষণ মুখোপাধ্যায় ১৪৭

পরমকুড়ি ৩৬২

পল, সেন্ট-শিক্ষিত ধর্মোন্মন্ত ব্যক্তি ২৯১; -গ্রীকদর্শন ও রোমান সভ্যতা উলটাইয়া ফেলিলেন ২৯১ পশুপতি বস্থ — আলয়ে মধ্যাহ্ন ভোজন ৪০১

পাভঞ্জল — স্থত্ত ২৪০, ২৫৬ ; -যোগস্ত্ত ২০১, ২৫৫

পামার, টি.ভব্লিউ—৯৬, ৯৭, ১০৩, ১০৪, ১৬৭; -এর সাহায়ে বক্তৃতা কোম্পানির সম্বদ্ধ ছিল্ল করা ১০০; পামার, পটার (বিশ্বমেলার মহিলা ম্যানেজার) ২৮, ৩৭ পাম্বান—৩৫৩, ৩৫৪; অভিনন্দন ৩৫৪-

পায়ান—৩৫৩, ৩৫৪; আভনন্দন ৩৫৪ ৫৫ (ডা:) পাৰ্কহাক্ট´১২১

পার্সী (পারসিক)—ধর্ম ২৭, ১২৯, পাশ্চান্তা ৪৫, ৫৩, ৭১, ৭৩, ৭৬, ৭৭, ১৬০, ২১১, ২৩৫, ২৬৩, ২৬৫, ২৭৫, ২৮৭, ২৬৭, ২৬৭, ২৮৭, ৩১০, ৩১১, ৩১৮, ৩৬৫, ৩৭২, ৩৮৮, ৩৯৫, ৪০৮; দান্তিক—৫০; -অগতে ৫১, ৭৭, ২৮৬; ও

ভারতের তুলনা ৬%; ও প্রাচ্যের चामान श्रमान ७२ ; ७১১ ; -िछ। ও কর্মধারা ११, २०० : -মনো-ভাবের প্রতি কটাক্ষ ৮৭ ;-দিগের মধ্যযুগে ভাইনী পোড়ান ৮৯ ; -বাসীর পৌরোহিত্যের আধিক্য বশতঃ প্রগতি প্রতিহত ৯২ ; -এর লোকেরা কর্মচঞ্চল -সভ্যতার ভিত্তি ১২৭: -জ্রাতি বর্বরতার সাহায্যে প্রদেশ পদান্ত করা ১৫৪; -দেশেব দরিদ্র ও আমাদের দরিদ্রের তুলনা ১৫৮-৫৯ : -জাতি ১৬৮ ; -দের জন্ম স্বামীজীর বিশেষ বাণী ১৭০; -ভূখণ্ডের কল্যাণ চিস্তায় স্বামীজী ২১৪; -দেশে স্থলভ সজ্যবন্ধভাবে ধর্ম-লাভের প্রচেষ্টার বিরুদ্ধ সমালোচনা ২২৩ : -উদারচিত্ত ধর্মধাজক ২২৯ ; ২৩৫; -ধারায় প্রতিষ্ঠান গঠন বিরোধী ২৩৯; -বাসী বছত্ব লইয়া ব্যাপুত ২৫৬; -দেশীয় সচ্ছল অবস্থার বন্ধু ২৬১, ২৬৩, ৩১০: -জগৎ সহজেই অবৈতবাদ আয়ত্ত করিতে পারে ৩১১; ৩১৮; -দেশে প্রচারের ফল ৩৫৯; -এর নিকট শিক্ষা ৩৬০: -এ হিন্দুধর্ম প্রচারের সাফল্য ৩৬২ : -এর উদর-मर्वत्र क्रुवान ७७२ : - क्रनमाधात्रन ৪০৩; -বাসীদের অন্তত ধারণা 809

পুনর্জন্ম ৫৯, ৭৬, ৩৮৬; -বাদ ৪৭, ৬২, ৭৬, ৭৭, ২১০, ৩৮৬ পুরোহিড -কুলের স্বার্থপরতা ৩; -মগুলী-২৬; -কুলের ভর ৮৩; -কক্ষ ৮৫; -প্রচারিত মতবাদ ৯১; -শক্তি ১৫৯ ; -পরিচালিড সাম্প্র-দায়িক মতবাদ ৩৩২

পুন্তক-প্রণয়নের চেষ্টা ১৬৪ ; ভব্কি সম্বন্ধে পুস্তক অনুবাদ ২২৭; স্বামীজীর কথা ওয়াল্ডো টুকে 'রাজ্বোগ' প্রণয়ন ২৩৪, ২৪০ ; কর্মযোগের ব্যাখ্যা গ্রন্থাকারে প্ৰকাশিত ২৪৩; দ্বিতীয় পুন্তক 'রাজযোগ' ইংলণ্ড থেকে প্রকাশিত ২৪৩-৪৪, লণ্ডন ও আমেরিকান সংস্করণ ২৫৫; নিউ ইয়র্ক সমিতির **वारत्र मृज्य २००; 'ताकरवान'** পরিবর্তন ও লংম্যানদের হাতে ২৫৫; আমেরিকান ও ইংরেজী সংস্করণের পার্থক্য ২৫৫; চারখানা তৈরী ২৫৬: 'রাজযোগ' ছাপা হচ্ছে ২৫৬; আলাসিকার কাছে 'ভক্তিযোগ' ২৫৬; ছাপার জন্ম তৈরী 'জ্ঞানযোগ' ২৫৬; লগুনে গ্রীনম্যান কোম্পানি রাজ্যোগ ছেপেছে ২৯৮; 'রাজ্যোগের' প্রথম সংস্করণ ৩১৩ ; -নিহিত বিভা ৩২৩: লংম্যান কোং প্রকাশিত 'রাজযোগ' ৩৮৩

'পেরিপ্যাটেটিক ক্লাব'—বক্তৃতায় পাঁচ অন্ধের গল্প ৬৬ পৌত্তলিক ৪৩, ৫৩; পৌত্তলিকতা ৪২ (শ্রীযুক্তা) প্যাটার্সন—বাল্টিমোরে কন্সাল ক্লোবেলের খ্রী ১৬৭ প্যাটার্সন, কর্ম্ব (রে: ডা:) ৭৪

প্যারিস ২১৬, ২৯১, ৩০৬ ; -থেকে লণ্ডন যাত্রা ২১৬ ; -ইউরোপীয় সভ্যতার কেন্দ্রভূমি ২১৭ ; -এর অভিঞ্চতা ২১৮

প্যারিমোহন মুখার্জি (রাজা)—

কলিকাতা টাউন হলে সভার সভাপতি ১৪৬, ১৫১, ১৬৮ প্রটেস্টান্ট ২৭ ; -রিফর্মেশন ২৯৯ প্রতাপ চক্র মজুমদার, মজুমদার ৫১, 40, 48, 95, 508, 509, 582; -ব্রাহ্মসমাঞ্চের প্রতিনিধি ২৯, ৩৽, ৫২; দশ বৎসর পুর্বে আমেরিকায় স্থ্যাতি ২৯; 'প্রাচ্যধী শুষ্ট' লেখক २२; दिन विनातन ७); नात्री সম্বন্ধে বক্তৃতা ৩৭; স্বামীজীর প্রধান শক্র ৫২; স্বামীজীর সাফল্যে ঈর্ষা ও অপপ্রচার ১৩১ ; -এর অপ-প্রচারের প্রতিবাদের ঘটনা ১৩২ ; -নেতৃত্বে পরিচালিত নববিধান ব্রাহ্মসমাজ্বের পত্রিকা 'ইউনিটি স্থ্যাণ্ড দি মিনিস্টার' ১৩২; ব্রান্ধ-সমাজ প্রতিনিধি হিন্দের প্রবক্তা নহে ১৩৩; গোড়া পাদ্রীদিগকে সাহায্য করা ১৩৫; কলিকাতায় অপবাদ রটনা ১৩৭ 'প্রবুদ্ধ ভারত' ২৩, ২৩৯, ২৯৮ ; ২৪৫

পাঃ টীঃ; -নামক মাসিক পত্রিকা
মাজাজ হইতে প্রকাশিত ২৯৮;
পরিচালনায় পরামর্শ ৩১৫
প্রমথনাথ বস্থ—লিথেছেন ৩৪০

প্রমদাদাস মিত্র-কে লিখিত স্বামীজীর শেষ পত্র ৪৩৬-৩৮; প্রাচীন পদ্মী বন্ধু ৪৩৭; অব্রাহ্মণ-শৃদ্র ৪৩৮

প্রাচ্য ৬৯, ৭৩; -জগৎ ৪০, ২৫৭;
-নারী ৪৮; -দেশীয় বার্তা ৫১;
তথায় প্রচারনিরত মিশনারী
৭০; -দেশবাসী ৭০, ৩১৮;
-জ্যোতি ৭৬; -চিস্কাও কর্মধারা
৭৭; -দেশে৮৭, ৮৮, ২০৫; -স্রাতা
৮৮; -অভিমুখে ১০; -এর দিকে

তাকাইয়াধাকা>•;-এর ব্যাধ্যাতা
৩•৭; -গান্তীর্ষ >২; -দেশের জ্বন্ত বুদ্ধের বিশেষ বাণী ১৭০; -ভৃথণ্ডের কল্যাণ চিম্ভাত্রতী ২১৪; -দেশীয় ম্বর ২২৩; -দেশীয় ২৪৬; -মাকৃতি ২৪৭; -দর্শন ২৫৬, ২৯৬; ও পাশ্চান্ত্য বিবাহ আদর্শ ২৬৭; -এর মুক্রাকাশতলে ৩১০

'প্ৰাচ্য ও পাকান্তা'—স্বামীন্দী নিধিত গ্ৰন্থ ২১৮

व्यानायाम ४३४, ४३६

প্রিন্স বিজেট লিওপোল্ড—জাহার্জ দেশে রওনা ৩১৯

প্রিন্সেদ হলে প্রতি রবিবার অপরাহে বক্তৃতা ২৮•

প্রিয়নাথ মুখোপাধ্যায়—গৃহে মধ্যাহ্হ ভোজন ৪০৪

প্রিয়নাথ সিংহ—সাথে স্বামীজীর কথোপকথন ৩৩৫; তৃই বন্ধু সহ স্বামীজী সকাশে ৪১৪-১৫; স্বামীজীর বাল্যবন্ধু ৪১৫

প্রেসবিটেরিয়ান (নীলনাসিক) ১৭ পা: টী:; ২৫, ৭৬, ১২১; -গোঁড়ো-দের শত্রুতা ৭০; -সম্প্রদায় চিকাগো ৮১; -নীলনাসিক ১৩৪; -সম্প্রদায় খুব গোঁড়া ১৩৪;

(মিসেন) প্র্যাট—কেলিনওয়ার্থে চিকাগোবাদিনী মহিলা ১৬২

(শ্রীযুক্ত) ফক্স—'গ্র্যাজুয়েট ফিলোক্রফিক্যাল সোনাইটি'র সম্মুখে
বক্ততার জন্ম সামীজীকে আহ্বান
২৫৬; ক্যান্থিজ কনফারেন্সের
অবৈতনিক সম্পাদক ০৯৬
কক্স—নামক যুবক ওলি বুল গৃহে

খামীজীর সেক্রেটারী ২৯০; লগুনে খামীজীর সহিত ২৯০; -কে খামীজী হৃৎপিণ্ড বন্ধ হরে বাবার কথা বলেন ২৯১; -এর সহিত অন্ত কথা ২৯১

করাসী ২৯৯; -দেশ ৩২৫, ৩২৮
ফাব্ধি, মেরী সি. (শ্রীযুক্তা) ২০২, ২০৩,
২১১; ডেউন্নেটবাসিনী ভক্ত মহিলা
৮৫; তাঁর মতে ৮৬; লিথিরাছেন
৯৮-৯, ১৯৭-৯৯; তাঁর শ্বতিলিপি
১৯৩, ২৫৪; তাঁর লিথিত 'ইন্সপায়ার্ড টক্সে'র ম্থবদ্ধ ১৯৯;
সম্বন্ধে স্থামীজী ২০২-০৩; তাঁর
পত্র ২০৮; তাঁর পরবর্তী পত্র ২০৮১২; তাঁর লেখা ঘটনা ২৬৩-৬৪

ফার্মার, কুমারী সারা—গ্রীনএকার রিলিজিয়াস কনফারেন্সের প্রতি-ষ্ঠান্ত্রী ১৬২;তাঁকে লিখিত স্বামীজীর পত্র ১৬৩; স্বামীজীর বন্ধু ১৭৬; নিউ ইয়র্ক ক্লাসের ব্যবস্থা ১৮৭

কার্মার, মোজেন গেরিদ—বৈহ্যাতিক আলোকের প্রথম প্রচলনকারী ১৬২

কিন্ধে, মার্থা ব্রাউন—শ্বতিলিপি ১১৪-১৬; তাঁর মতে স্বামীজী শক্তির প্রতিমৃতি ১১৬; তাঁর জীবন শাস্ত্র-বাক্যের প্রমাণ ১১৭

ফিলিন্স, মেরী—গৃহে স্বামীজী ১২০; তাঁহার (পাহাড়, ব্লুদ, নদী ঘেরা) স্থন্দর স্থান ১৬১; স্বামীজীর পূর্বপরিচিতা ১৭০, ২৩৮; থাস্বীর বন্ধু ১৭১

ফিল্ড, সারা বার্ড (শ্রীযুক্তা চার্লস আরম্বিন—স্কট উড)—আন্মে-রিকার মহাকবি ৮৫ ফিঙ্কে, মিনি ম্যান্ডার্ন ১২১ ফ্রিয়ার ১০২ ফ্রোরেন্স—এ চিকাগোর হেল দম্পভির সহিত স্বামীন্ত্রীর দাক্ষাৎ ৩২১

'বঙ্গবাদী'— মতে হিন্দুসভা নহে ৪২৬২৭; -সম্পাদক যোগেক্সনাথ বস্থ
কারত্ব ৪২৭; -পত্রিকার বক্তব্য
ত্বামীজীকে মন্দির কর্তৃপক্ষ অপমান
করিয়া সরাইয়া দেন ৪২৭; -কাগজটি
ত্বামীজীর উপর প্রচণ্ড আক্রমণ
চালায় ৪২৮; পত্রিকার কলমের
ভয়ে প্রতিমার পুনরাভিবেক ৪২৯
বনি, চার্লস ক্যারল ২৮, ২৯, ৩৭, ৪৩২;
-পরিচয় ২৪; উদারচেতার অগ্রণী
২৫; তাঁহার মতে দশটি প্রধান
ধর্ম ২৭

বর্ধমানের মহারাজা—দাজিলিংএর প্রাসাদোপম 'রোজব্যান্ধ' স্বামী-জীকে ব্যবহারের জন্ম দেন ৪২১

বলরাম বস্থ---৪১০, ৪১২

বল্পভাচার্য—সম্প্রদায়ের অধংপতন হয় ত্যাগের অভাবে ৪১৯

বস্টন—এর ধর্মপ্রচারক জোসেফ কুক
৩৯; শিকাও সংস্কৃতির কেন্দ্র ১১৯;
'মদীয় আচার্যদেব' ভাষণ না দেওয়া
১২৭; -এর বহু বন্ধুলাভ ১২৯;
-এর কাগজে বিরুদ্ধে লেখা ১৪০;
-এ স্বামী সারদানন্দের বক্তৃতা

বাইবেল ও বেদের তুলনা ৩»;
-অবলম্বী বিভিন্ন সম্প্রদান মধ্যে
উত্তেজনামন্ব আলোচনা ১২১;
-ব্যাধ্যা ১২২

বাইবেলের আক্ষরিক অর্থ ৭১; উদ্বৃতি

১১৫ ; নিগৃঢ় ব্দর্থ ৩১১ ; 'হায়ার ক্রিটিসিজম' ৩৩৩

বাণী ও রচনা (স্বামীজীর) ৩, ৫, ১০, ৩১, ৩৬, ৪২, ৪৩, ৪৭, ৪৮, ৫৬, ৫৭, ৬৪, ৬৫, ৬৮, ৭৯, ৮০, ৯৭, ৯৯, ১০০, ১০১, ১০২, ১৮৪, ১৮০, ১৮০, ১৯৩, ২১৬, ২১৮, ২৪০, ২৮৬, ৩৪৬, ৩৫৫, ৩৬১, ৩৮৯-৯২, ৩৯৫; ১২৭ পা: টা:

বার্ক, মেরী লুই-এর অভিমত ৩৩-৪, ৩৬, ৬৫;-অহসন্ধান ৫৮; পুস্তকে রকফেলারের ঘটনা ৬২-৬৪; -এর বাক্য ১০০; প্রবন্ধাবলম্বনে স্বামী-জীর নিউ ইয়র্কের কার্যাবলীর বিবরণ ২৪৫ পাঃ টীঃ

বার্জার, শ্রীযুক্তা ডোরারোয়েথ লিস—
ট্যানটিনের সহিত বন্ধুত্ব ও
আধ্যাত্মিকতায় স্থনাম ১৮১; -এর
পত্র ১৮১

বার্নহার্ড, সারা—ফরাসী অভিনেত্রী ২৫৩; নিউ ইয়র্কে 'ইৎশীল' অভিনয় ২৫৪; স্বামীজীর সহিত সাক্ষাৎ ২৫৪

বার্বার, শ্রীযুক্তা কে. এল-—নিউ ইয়র্ক-বাসিনী ১৮৪; -গৃহে স্বামীন্সীর 'বার্বার বক্ততাবলী' ১৮৪

বার্লিন--৩৽৬

বাল্টিমোর (ম্যারিল্যাণ্ড)—শহরে
স্থামীজী ১৬৫; হোটেলে হুর্বহার
১৬৬, ১৬৭; -ভ্রমণ ২৭০; -আমেরিকান পত্রিকার সংবাদদাতার
স্থামীজীর সহিত সাক্ষাৎ ১৬৬
বি. আরু, রাজ্য আঘার—২১৮

বিজ্ঞানানন্দ, স্বামী (হরিপ্রসর) 'গুৰুভাতা ১৩১ : বলিয়া-ছিলেন ডেট্রয়েটে স্বামীজীকে বিষ প্রয়োগের চেষ্টা করা হয় ১৩২ বিপিনচন্দ্ৰ পাল--বাজনীতিক নেতা ৩২৪: 'ইণ্ডিয়ান মিরর' পত্তিকায় যে তথা প্রকাশ করেন ৩২৪-২৫ विवाश—वाना ७७৯, ८४४, ८४२, -প্রথা মালাবারের ৩৮৭ বিবেকানন্দ, বিব্কানন্দ, কানন্দ (স্থামী) -8, b, 2b, b), ba, €. k). 48, 4b, 66, 69, 6b, 90, 98, 96, 99, 96, 60, 66, 62, 20. a), a2, a8, ac, 500, 550, ১১8, ১২১; ১২২, ১**২**৪. ১২৬. 508, 50¢, 582, 588, 58b. ১৫৩, ১৮৯,২**০৫,২**০৮,২**০৯,২২**০, २२৯, २८७, २८१, २८०, २८১, २৫२, २१৫, २৮১, ७२७, ७७१, ৩৫৬:-তাঁহার শ্রোতাদের হৃদয় জয় ৩৩ ; মহাসভায় সর্বশ্রেষ্ঠ ব্যক্তি ৩৫-৩৬: তাঁহাকে সর্বশেষ বক্তা রাথার কারণ ৩৮: তাঁহাকে খুষ্টানদের আক্রমণ ৪০; হিন্দু-ধর্মের একমাত্র প্রবক্তা ৪১: -হাদিবান দেশপ্রেমিক ৪৭; নব বার্তার বাহক ৪৯; চিকাগো 'ল্যাটন-লাইসিয়াম ব্যুরোর' সহিত pक ७४ ; वीत मन्नामी ৮२, ১৫¢, ২৫৬; খুষ্টান জগতের 'গোল্ডেন क्न' मश्रक्ष ५१-२; -विद्राधी আন্দোলন ৯৬; ডেটুয়েট থেকে विषाय २७; প্রাচ্য দেশীয় দার্শনিক ও আচার্য ১২৪; ভারতে সর্বত্ত আচার্যের मचान नाफ ১৪१: चारमित्रकार्त्र श्रीकारकार्त्त भाकना ১৪৯:

मर्वकनवन्त्रा धर्मान्छ। ১৫७; कन-প্রিয় ও বন্ধবংসল ১৭১ : হিন্দক্তা শিকাবিরোধীবলা ১৭৩; প্রবর্তিত আন্দোলন ২০৪; প্রচারিত ধর্ম ২৪৮; ধর্মযাজকাত্তরূপ বৈরাগ্য श्राप्ति २८৮: जीवनी युक्त त्राष्ट्रेत জাতীয় বিশ্বকোষে লিখিত হইবে ২৫০:-কে সপ্তদেশ দাবি করিতে পারে ২৫০: -কে হার্ভার্ড বিশ্ব-বিষ্যালয়ে আচার্যের পদ গ্রহণের অমুরোধ কিন্ধ সন্ন্যাসী বলিয়া প্রত্যাখ্যান করেন ২৫৬; সন্ন্যাসী-২৫৬; সাফল্যের সহিত অদ্বৈত সত্য শিখিয়েছেন ২৫৭; মাতৃভক্ত —২৭৩: সকলের প্রীতি অর্জন ৩১৮: লণ্ডন ত্যাগ-কালে প্রতি-ক্রিয়া ও বিদায় সম্ভাষণ ৩২০-২৪ : ইংলণ্ড ও ভারতের মধ্যে হত্ত সংস্থাপনে কুতকার্য ৩২৪; জনগণ অধিনায়করপেই ভারতে পদার্পণ ৩৪১: -কে কলম্বোতে স্বাগত সম্ভাষণ ৩৪২ : গুরুপ্রদত্ত ় নহে ৪২৫; হিন্দুধর্মের শ্রেষ্ঠতা প্রতিপন্ন ৪২৬; সঞ্জীবনী মতে ব্রাহ্ম সমাজের গায়ক ৪২৬: ব্রাহ্ম ধর্ম প্রচার করেন ৪ই৬: মন্দির হইতে বিভাড়িত ৪২৮-২৯; ধর্ম-প্রচারক ও শিল্পীর স্থায় নরনারীকে আকর্ষণ ক্ষমভার অধিকারী ৪৪০

'বিবেকানন্দ লব্ধ'—৩৪৪

বিবেকানন্দের (স্বামী) ৩৭, ৪৭, ৪৮, ৫৬, ৫৮, ৫৯, ৬৫, ৬৬, ৬৭, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৮৫, ৮৬, বিশেষত্ব ৮: ধর্মমহাসভায় বক্তৃতার তালিকা ৩৬-৩৭: জনপ্রিয়তা ৩৯; মুখে স্বীয় স্বাহুভূতির কথা উলাত হয় নাই ৪৫; পাশ্চান্তো প্রচার ৪৬; ধর্ম ৭৬; মুখের বাণী ভারতেরই মর্মবাণী ১৩১; কুৎসা রটনায় ইন্ধন যোগায় ১৩৩: প্রচারের ফলে মিশনারী দের আয়হাস ১৪১ : সফলভায় হিন্দজাতি পুনকজীবিত ১৫২; কথা—ভারত ও আমেরিকা সম্বন্ধে ১৭৫: ইংলণ্ডে আগমনে প্রমাণিত হয় ২২৮: প্রচারিত ভারতের প্রাচীন ধর্ম ২৫১ : শিক্ত ও অমুরাগী ২৬০: মাতৃভক্তি ২৭৩; কাৰ্য লগুনে স্থন্দরভাবে আরম্ভ ২৮০; তাঁর স্বরূপ ৩১৫; আমেরিকায় উপদেশের ফল ও প্রভাব ৩১৮; কার্ষে ডিব্রুতার স্থাষ্ট হয় না ৩২৪: মতবাদের প্রভাব ৩২৪-২৫; মত প্রচারের ফল ৩২৫; ভারতে পদার্পণ ৩৪০ ; ভারত-প্রত্যাগমনের পরে প্রথম স্থদীর্ঘ বক্তৃতা কলছো

'ফ্লোরাল হলে' ৩৪৫; ৺রামেশ্বর यनित पर्यन ०६६-६७; हिन्दुधर्यत প্রচারক হওয়ার দাবি 8:5; इःरबकी नय প্রয়োগের উপর অসাধারণ ক্ষমতা ৪৩১ বিশিষ্টাৰৈত ৩১৩, ৪০০ : -বাদী ১২৯ বিশ্বনাথ উপাধ্যায়, ক্যাপ্টেন ৪২৯ বিশ্বমেলা ১, ৫০, ৮৩ বীরচাঁদ গান্ধী ৩০; -প্রবন্ধ লিখেন ৩৮ বুদ্ধ ৪৩, ৪৭, ৭৪, ৮৭, ১৪৩, ১৬৭, ١٩٠. २٠৮. २১२. २२०, २৫৪. ২৯২, ৩৩১, ৩৪৭, ৩৪৯, ৪১৬ বুল, শ্রীযুক্তা ওলি-গৃহে ক্যান্থিজে श्वामीकी ১२२, ১৬৫, ১৬२, २१०-৭১, ২৭৩, ২৯০; -গ্রীন একার সন্মিলনে ১৬৩; ক্যান্বি,জে ১৬৪; -এর প্রতি স্বামীজীর ভালবাদা ১৯০; -এর হস্তে ক্লাদের ভার ২০১; ক্যান্থিজে ২৩৮: -এর অর্থে কুপানন্দের টাইপরাইটার সংগ্রহ -কে লিখিত ওয়াল্ডোর ২৪৪ : -এর সহিত বস্টনে সাক্ষাৎ २৫१ : - (क পত्र २.६१, २७२, २१० : লিখিয়াছিলেন ২ ৭৪; -এর বাড়ীতে আমেরিকায় গুডউইনের থাকার ব্যবস্থা ২৯৩; ভারতীয় কাজ ও কলিকাতায় স্বায়ী আশ্রমের জন্ম অর্থ সাহায্যে প্রস্তুত ৩২০; -এর অর্থে বেলুড় মঠ স্থাপিত ৩২০; ক্যাম্বি জ কনফারেন্সের পৃষ্ঠপোষণ-কারিনী ও সমাজনেত্রী ৩৯৬: ডা: জেনসকে লিখিত স্বামীজীর সমর্থনে পত্র ৪৩৮-৪১ 'বেদলী'--পত্তিকাও স্বামীজীর পক-

সমর্থক ১৩৪; -পত্রিকা সামীকীর অভিমত প্রামাণিকরপে গ্রহণ ৪৩• -

বেণীশঙ্করজীর—পুস্তক ১০; 'স্বামীজী বিবেকানন্দ; এ ক্রগটন চ্যাপ্টার' ৪২৩

বেদ—হিন্দুধর্মে মূল ভিত্তি-৩৯২; -গ্রন্থ ৪১২; -জ্ঞ পণ্ডিত ৪১৩

বেদাস্ত ১২২ , ১৬২, ১৬৩, ১৬৮, ১৭৬, >b-, >b8, >b6, 208, 209, 200, २७४, २४२, २४१, २४४, ७०१, ७४०, ७১১, ७১२, ७১७, ७১৪, ७১৮, ५८১, ৩৫২,৩৫৬, ৩৬০ : -সম্বত দার্শনিক চিন্তা আমেরিকায় ৮: -দর্শন ৪১. 8७, २**१७**, ७०१, ७১०, ७১१; আমেরিকায় দঢ়ভিত্তিক ১৬১; -শিকা ১৬৩, ১৭৬; -স্ত্র ব্যাখ্যা ১৯২: -সূত্র ব্যাসকুত ব্যাখ্যা ১৯৭: -বিষয়ক ২১০ ; -মত ইংলত্তে প্রচার ইচ্ছা ২১৯: -এর মৌলিক তথ্য ২২১. ২২৩; -এর ভিত্তি ২২৫; -এর প্রতি অমুরাগ ২২৯: -কার্য ২৪২: -সাহিত্যের চাহিদা সাংখ্য-২৪৯ ; *-*এর প্রতি **আ**কর্রণ ২৫০ ; অবাস্তব মনে হয় ২৫৬ ; -সকল ধর্মের দার্শনিক তত্ত বলেই সার্বজনীন ২৯১; -এর তিনটি প্রধান মত ৩১৩; -মত ত্রয়ের সামঞ্জু স্থাপন ৩১৩ : বনের— ৩৩৮: -বাণীকে কার্মে পরিণত ৩৪০ ; -কার্যে পরিণত—৩৫৬ ; -এর উদ্দেশ্য ৩৬৬; -বাদ ৩৬৭; কেশরী ৬৮১: সর্বায়ব-৪০৯: -প্রামাণ্য ৪০৯

বেলুন সোসাইটি ২৮৪

বেশাস্ত, অ্যানি—থিয়সফির প্রতিনিধি
৩০; -এর স্বামীক্ষী সম্বন্ধে লেখা
৫০; -এর লণ্ডনের গৃহে ভক্তি
সম্বন্ধে স্বামীক্ষীর ভাষণ ২৮০

বে-সিটি—অপেরা হাউদে বক্তৃতা ১০৫;

-'টাইমদ প্রেদ' পত্তিকায় লেখা ১০৪
বৌদ্ধ —ধর্ম হিন্দুধর্মের স্বাভাবিক
পরিণতি ৮, ৪৭; -যুগে ভারতে
ধর্মদম্মেলন ২৪; -ধর্ম ২৭, ৪৩,
৯৭,১০৬,১৭৩; -ধর্ম ও হিন্দুধর্মের
সম্পর্ক ৩৬, ৪৭, ৪৮; -দের বৃদ্ধ
৪৩; পুনর্জন্ম স্বীকার করে ৭৬;
-ধর্ম ভারতের দৃষ্টিতে ১৭১,১৭৩;
-ধর্মাবলম্বী ৩°৯; ধর্মকৃত দোষ
৩৯২; হীনজান সম্প্রদায় ৪১৬;
মহাজান সম্প্রদায় ৪১৬

ব্যাগলী, (শ্রীযুক্তা) জন জে; -গৃহে
স্থামীজী ৮২-৩, ১০৩, ১০৪; নাতনী ফ্রান্সেন ব্যাগলী ওয়ালেনের
কথা ৮৩; -পরিচয় ৮৩; -গৃহে
বক্ত্তা ৯৩; -গৃহে আতিথ্য গ্রহণ
৯৬; - গৃহে না উঠার হেতু ৯৯;
আ্যাপেণ্ডিসাইটিলে দেহত্যাগ ৯৯;
-বিচলিত ১৪০; -প রি বারের
তিন্ধানি পত্র ১৪১; -লি থি ত
পত্র ১৪১-৪৩, ১৪৪; -কন্তা হেলেন
ব্যাগলীর পত্র ১৪৪-৪৫; তার
আ্যান্ত্রণে তাঁর গ্রীমাবানে স্থামীজী
১৬৪

ব্যারোজ, (ডা:) জন হেনরী—পরিচয়
১৭ পা: টা:; -সাধারণ সমিতির

সভাপতি ২৫, ১৫০; -স্বামীনী বিবেকানন্দ সম্বন্ধে ৫০; -ধর্ম মহাসভার সভাপতি ১৩৬, ৪৩০;
-এর বিরোধিতা ৪৩০; প্রতিশোধ লইতে উন্থত ৪৩০; -প্রচার করেন স্বামীন্দী জাতিচূত ও আমেরিকার নারী সমাজকে নিন্দা করেছেন ৪৩০-৩১; গোঁড়া মনোভাব নিয়ে খৃষ্টধর্ম প্রচার চেষ্টা ৪৩৩; -ম্ব্রাহ্মণ শূদ্র ৪৩৮; স্বদেশে পদার্পণ অন্তর বিবেকানন্দ সম্বন্ধে ৪৩০; -এর বিবেকানন্দের প্রভাব সম্বন্ধে ভাস্ক মত ৪৪০

ব্যাল্বোয়া সমিতি —২২৭ ব্যালেরেন সোনাইটি —তথায় স্বামাজীর 'ভারতীয় দর্শন ও পাশ্চান্তা সমাজ' বক্তৃতা ২২৭

'ব্ৰহ্মবাদিন'—পত্ৰিকায় প্ৰকাশিত প্ৰবন্ধ ২৪৩, ২৪৪; পাক্ষিক পত্রিকা ২১৪ ; নাম আর মটো ২১৪: -পত্রিকায় স্বামীজীর প্রথম প্রবন্ধ 'সন্ন্যাসীর গীতি' ২১৪. ২৬২: পতিকার জন্ম স্বামীজীর গ্রাহক সংগ্রহ ২২৮ ; -পত্রে লেখা ২২৮; পত্রিকায় লিখিত ২৪৭-৪৮; পত্রিকায় রূপানন্দের পত্র ২৪৮-৪৯ ; পত্রিকায় স্বামী সারদানন্দ স্বামীজীর সিদেম ক্লাবের বক্ততা বিষয়ে লেখা ২৮০-৮১; -পত্রিকায় ম্যাক্স-মূলার গৃহের অভিজ্ঞতা সম্বন্ধে স্বামীজীর প্রবন্ধ ২৮৫; -পত্রিকায় মার্গারেটের লেখা ২৯৫; পরি-চালনার পরামর্শ ৩১৫; -সম্পাদক ৩১৮: -পত্ৰিকা প্ৰকাশে প্ৰচার কাৰ্য ৩৭৯

বেলুন সোসাইটি ২৮৪

বেশান্ত, অ্যানি—থিয়সফির প্রতিনিধি
৩০ ; -এর স্বামীন্সী সম্বন্ধে লেথা
৫০ ; -এর লণ্ডনের গৃহে ভক্তি
সম্বন্ধে স্বামীন্ত্রীর ভাষণ ২৮০

বে-সিটি—অপেরা হাউদে বক্তৃতা ১০৫;

-'টাইমদ প্রেস'পত্রিকায় লেখা ১০৪
বৌদ্ধ —ধর্ম হিন্দুধর্মের স্বাভাবিক
পরিণতি ৮, ৪৭; -যুগে ভারতে
ধর্মদম্মেলন ২৪; -ধর্ম ২৭, ৪৩,
৯৭,১০৬,১৭৩; -ধর্ম ও হিন্দুধর্মের
সম্পর্ক ৩৬, ৪৭, ৪৮; -দের বৃদ্ধ
৪৩; পুনর্জন্ম স্বীকার করে ৭৬;
-ধর্ম ভারতের দৃষ্টিতে ১৭১,১৭৩;
-ধর্মবলম্বী ৩°৯; ধর্মকৃত দোষ
৩৯২; হীনজান সম্প্রাদায় ৪১৬;
মহাজ্ঞান সম্প্রাদায় ৪১৬

ব্যাগলী, (শ্রীযুক্তা) জন জে; -গৃহে
স্থামীজী ৮২-৩, ১০৩, ১০৪; নাতনী ফ্রান্সেদ ব্যাগলী ওয়ালেদের
কথা ৮৩; -পরিচয় ৮৩; -গৃহে
বক্ত্তা ৯৩; -গৃহে আভিথ্য গ্রহণ
৯৬; - গৃহে না উঠার হেতু ৯৯;
স্থ্যাপেণিগুদাইটিদে দেহত্যাগ ৯৯;
-বিচলিত ১৪০; -পরি বারের
তিনধানি পত্র ১৪১; -লি থি ত
পত্র১৪১-৪৩, ১৪৪; -কন্তা হেলেন
ব্যাগলীর পত্র ১৪৪-৪৫; তাঁর
স্থামন্ত্রণে তাঁর গ্রীম্মাবাদে স্থামীজী

ব্যারোজ, (ডা:) জন হেনরী—পরিচয়
১৭ পা: টা:; -সাধারণ সমিতির

সভাপতি ২৫, ১৫০; -স্বামীনী বিবেকানন্দ সম্বন্ধে ৫০; -ধর্ম মহাসভার সভাপতি ১৩৬, ৪৩০;
-এর বিরোধিতা ৪৩০; প্রতিশোধ লইতে উন্থত ৪৩০; -প্রচার করেন স্বামীনী জাতিচ্ত ও আমেরিকার নারী সমাজকে নিন্দা করেছেন ৪৩০-৩১; গোঁড়া মনোভাব নিয়ে খৃষ্টধর্ম প্রচার চেষ্টা ৪৩৩; -অব্রাহ্মণ শুদ্র ৪৩৮; স্বদেশে পদার্পণ অস্তর বিবেকানন্দ সম্বন্ধে ৪৩০; -এর বিবেকানন্দের প্রভাব সম্বন্ধে ভাস্ক মত ৪৪০

ব্যাল্বোয়া সমিতি —২২৭ ব্যালেরেন সোসাইটি —তথায় স্বামীজীর 'ভারতীয় দর্শন ও পাশ্চাত্ত্য সমাজ' বক্তৃতা ২২৭

'ব্ৰহ্মবাদিন'—পত্ৰিকায় প্ৰকাশিত প্ৰবন্ধ ২৪৩, ২৪৪; পাক্ষিক পত্রিকা ২১৪ ; নাম আর মটো ২১৪: -পত্রিকায় স্বামীজীর প্রথম প্রবন্ধ 'সন্ন্যাসীর গীতি' ২১৪. ২৬২: পত্রিকার জন্ম স্বামীজীর গ্রাহক সংগ্রহ ২২৮ ; -পত্রে লেখা ২২৮; পত্রিকায় লিখিত ২৪৭-৪৮; পত্রিকায় রূপানন্দের পত্র ২৪৮-৪৯ ; পত্রিকায় স্বামী সারদানন্দ স্বামীজীর সিদেম ক্লাবের বক্ততা বিষয়ে লেখা ২৮০-৮১ ; -পত্রিকায় ম্যাক্স-মূলার গৃহের অভিজ্ঞতা সম্বন্ধে স্বামীজীর প্রবন্ধ ২৮৫; -পত্রিকায় মার্গারেটের লেখা ২৯৫: পরি-চালনার পরামর্শ ৩১৫; -সম্পাদক ৩১৮: -পত্ৰিকা প্ৰকাশে প্ৰচার কাৰ্য ৩৭৯

বেলুন সোসাইটি ২৮৪

বেশান্ত, অ্যানি—থিয়সফির প্রতিনিধি
৩০ ; -এর স্বামীন্সী সম্বন্ধে লেথা
৫০ ; -এর লণ্ডনের গৃহে ভক্তি
সম্বন্ধে স্বামীন্ত্রীর ভাষণ ২৮০

বে-সিটি—অপেরা হাউদে বক্তৃতা ১০৫;

-'টাইমদ প্রেস'পত্রিকায় লেখা ১০৪
বৌদ্ধ —ধর্ম হিন্দুধর্মের স্বাভাবিক
পরিণতি ৮, ৪৭; -যুগে ভারতে
ধর্মদম্মেলন ২৪; -ধর্ম ২৭, ৪৩,
৯৭,১০৬,১৭৩; -ধর্ম ও হিন্দুধর্মের
সম্পর্ক ৩৬, ৪৭, ৪৮; -দের বৃদ্ধ
৪৩; পুনর্জন্ম স্বীকার করে ৭৬;
-ধর্ম ভারতের দৃষ্টিতে ১৭১,১৭৩;
-ধর্মবলম্বী ৩°৯; ধর্মকৃত দোষ
৩৯২; হীনজান সম্প্রাদায় ৪১৬;
মহাজ্ঞান সম্প্রাদায় ৪১৬

ব্যাগলী, (শ্রীযুক্তা) জন জে; -গৃহে
স্থামীজী ৮২-৩, ১০৩, ১০৪; নাতনী ফ্রান্সেদ ব্যাগলী ওয়ালেদের
কথা ৮৩; -পরিচয় ৮৩; -গৃহে
বক্ত্তা ৯৩; -গৃহে আভিথ্য গ্রহণ
৯৬; - গৃহে না উঠার হেতু ৯৯;
স্থ্যাপেণিগুদাইটিদে দেহত্যাগ ৯৯;
-বিচলিত ১৪০; -পরি বারের
তিনধানি পত্র ১৪১; -লি থি ত
পত্র১৪১-৪৩, ১৪৪; -কন্তা হেলেন
ব্যাগলীর পত্র ১৪৪-৪৫; তাঁর
স্থামন্ত্রণে তাঁর গ্রীম্মাবাদে স্থামীজী

ব্যারোজ, (ডা:) জন হেনরী—পরিচয়
১৭ পা: টা:; -সাধারণ সমিতির

সভাপতি ২৫, ১৫০; -স্বামীনী বিবেকানন্দ সম্বন্ধে ৫০; -ধর্ম মহাসভার সভাপতি ১৩৬, ৪৩০;
-এর বিরোধিতা ৪৩০; প্রতিশোধ লইতে উন্থত ৪৩০; -প্রচার করেন স্বামীনী জাতিচ্ত ও আমেরিকার নারী সমাজকে নিন্দা করেছেন ৪৩০-৩১; গোঁড়া মনোভাব নিয়ে খৃষ্টধর্ম প্রচার চেষ্টা ৪৩৩; -অব্রাহ্মণ শুদ্র ৪৩৮; স্বদেশে পদার্পণ অস্তর বিবেকানন্দ সম্বন্ধে ৪৩০; -এর বিবেকানন্দের প্রভাব সম্বন্ধে ভাস্ক মত ৪৪০

ব্যাল্বোয়া সমিতি —২২৭ ব্যালেরেন সোসাইটি —তথায় স্বামীজীর 'ভারতীয় দর্শন ও পাশ্চাত্ত্য সমাজ' বক্তৃতা ২২৭

'ব্ৰহ্মবাদিন'—পত্ৰিকায় প্ৰকাশিত প্ৰবন্ধ ২৪৩, ২৪৪; পাক্ষিক পত্রিকা ২১৪ ; নাম আর মটো ২১৪: -পত্রিকায় স্বামীজীর প্রথম প্রবন্ধ 'সন্ন্যাসীর গীতি' ২১৪. ২৬২: পত্রিকার জন্ম স্বামীজীর গ্রাহক সংগ্রহ ২২৮ ; -পত্রে লেখা ২২৮; পত্রিকায় লিখিত ২৪৭-৪৮; পত্রিকায় রূপানন্দের পত্র ২৪৮-৪৯ ; পত্রিকায় স্বামী সারদানন্দ স্বামীজীর সিদেম ক্লাবের বক্ততা বিষয়ে লেখা ২৮০-৮১ ; -পত্রিকায় ম্যাক্স-মূলার গৃহের অভিজ্ঞতা সম্বন্ধে স্বামীজীর প্রবন্ধ ২৮৫; -পত্রিকায় মার্গারেটের লেখা ২৯৫; পরি-চালনার পরামর্শ ৩১৫; -সম্পাদক ৩১৮: -পত্ৰিকা প্ৰকাশে প্ৰচার কাৰ্য ৩৭৯

বেলুন সোসাইটি ২৮৪

বেশান্ত, অ্যানি—থিয়সফির প্রতিনিধি
৩০ ; -এর স্বামীন্সী সম্বন্ধে লেথা
৫০ ; -এর লণ্ডনের গৃহে ভক্তি
সম্বন্ধে স্বামীন্ত্রীর ভাষণ ২৮০

বে-সিটি—অপেরা হাউদে বক্তৃতা ১০৫;

-'টাইমদ প্রেস'পত্রিকায় লেখা ১০৪
বৌদ্ধ —ধর্ম হিন্দুধর্মের স্বাভাবিক
পরিণতি ৮, ৪৭; -যুগে ভারতে
ধর্মদম্মেলন ২৪; -ধর্ম ২৭, ৪৩,
৯৭,১০৬,১৭৩; -ধর্ম ও হিন্দুধর্মের
সম্পর্ক ৩৬, ৪৭, ৪৮; -দের বৃদ্ধ
৪৩; পুনর্জন্ম স্বীকার করে ৭৬;
-ধর্ম ভারতের দৃষ্টিতে ১৭১,১৭৩;
-ধর্মবলম্বী ৩°৯; ধর্মকৃত দোষ
৩৯২; হীনজান সম্প্রাদায় ৪১৬;
মহাজ্ঞান সম্প্রাদায় ৪১৬

ব্যাগলী, (শ্রীযুক্তা) জন জে; -গৃহে
স্থামীজী ৮২-৩, ১০৩, ১০৪; নাতনী ফ্রান্সেদ ব্যাগলী ওয়ালেদের
কথা ৮৩; -পরিচয় ৮৩; -গৃহে
বক্ত্তা ৯৩; -গৃহে আভিথ্য গ্রহণ
৯৬; - গৃহে না উঠার হেতু ৯৯;
স্থ্যাপেণিগুদাইটিদে দেহত্যাগ ৯৯;
-বিচলিত ১৪০; -পরি বারের
তিনধানি পত্র ১৪১; -লি থি ত
পত্র১৪১-৪৩, ১৪৪; -কন্তা হেলেন
ব্যাগলীর পত্র ১৪৪-৪৫; তাঁর
স্থামন্ত্রণে তাঁর গ্রীম্মাবাদে স্থামীজী

ব্যারোজ, (ডা:) জন হেনরী—পরিচয়
১৭ পা: টা:; -সাধারণ সমিতির

সভাপতি ২৫, ১৫০; -স্বামীনী বিবেকানন্দ সম্বন্ধে ৫০; -ধর্ম মহাসভার সভাপতি ১৩৬, ৪৩০;
-এর বিরোধিতা ৪৩০; প্রতিশোধ লইতে উন্থত ৪৩০; -প্রচার করেন স্বামীনী জাতিচ্ত ও আমেরিকার নারী সমাজকে নিন্দা করেছেন ৪৩০-৩১; গোঁড়া মনোভাব নিয়ে খৃষ্টধর্ম প্রচার চেষ্টা ৪৩৩; -অব্রাহ্মণ শুদ্র ৪৩৮; স্বদেশে পদার্পণ অস্তর বিবেকানন্দ সম্বন্ধে ৪৩০; -এর বিবেকানন্দের প্রভাব সম্বন্ধে ভাস্ক মত ৪৪০

ব্যাল্বোয়া সমিতি —২২৭ ব্যালেরেন সোসাইটি —তথায় স্বামীজীর 'ভারতীয় দর্শন ও পাশ্চাত্ত্য সমাজ' বক্তৃতা ২২৭

'ব্ৰহ্মবাদিন'—পত্ৰিকায় প্ৰকাশিত প্ৰবন্ধ ২৪৩, ২৪৪; পাক্ষিক পত্রিকা ২১৪ ; নাম আর মটো ২১৪: -পত্রিকায় স্বামীজীর প্রথম প্রবন্ধ 'সন্ন্যাসীর গীতি' ২১৪. ২৬২: পত্রিকার জন্ম স্বামীজীর গ্রাহক সংগ্রহ ২২৮ ; -পত্রে লেখা ২২৮; পত্রিকায় লিখিত ২৪৭-৪৮; পত্রিকায় রূপানন্দের পত্র ২৪৮-৪৯ ; পত্রিকায় স্বামী সারদানন্দ স্বামীজীর সিদেম ক্লাবের বক্ততা বিষয়ে লেখা ২৮০-৮১ ; -পত্রিকায় ম্যাক্স-মূলার গৃহের অভিজ্ঞতা সম্বন্ধে স্বামীজীর প্রবন্ধ ২৮৫; -পত্রিকায় মার্গারেটের লেখা ২৯৫; পরি-চালনার পরামর্শ ৩১৫; -সম্পাদক ৩১৮: -পত্ৰিকা প্ৰকাশে প্ৰচার কাৰ্য ৩৭৯

বেলুন সোসাইটি ২৮৪

বেশান্ত, অ্যানি—থিয়সফির প্রতিনিধি
৩০; -এর স্বামীন্সী সম্বন্ধে লেথা
৫০; -এর লণ্ডনের গৃহে ভক্তি
সম্বন্ধে স্বামীন্ত্রীর ভাষণ ২৮০

বে-সিটি—অপেরা হাউদে বক্তৃতা ১০৫;

-'টাইমদ প্রেস'পত্রিকায় লেখা ১০৪
বৌদ্ধ —ধর্ম হিন্দুধর্মের স্বাভাবিক
পরিণতি ৮, ৪৭; -যুগে ভারতে
ধর্মদম্মেলন ২৪; -ধর্ম ২৭, ৪৩,
৯৭,১০৬,১৭৩; -ধর্ম ও হিন্দুধর্মের
সম্পর্ক ৩৬, ৪৭, ৪৮; -দের বৃদ্ধ
৪৩; পুনর্জন্ম স্বীকার করে ৭৬;
-ধর্ম ভারতের দৃষ্টিতে ১৭১,১৭৩;
-ধর্মাবলম্বী ৩°৯; ধর্মকৃত দোষ
৩৯২; হীনজান সম্প্রদায় ৪১৬;
মহাজান সম্প্রদায় ৪১৬

ব্যাগলী, (শ্রীযুক্তা) জন জে; -গৃহে
স্থামীজী ৮২-৩, ১০৩, ১০৪; নাতনী ফ্রান্সের ব্যাগলী ওয়ালেসের
কথা ৮৩; -পরিচয় ৮৩; -গৃহে
বক্ততা ৯৩; -গৃহে আতিথ্য গ্রহণ
৯৬; - গৃহে না উঠার হেতু ৯৯;
আ্যাপেণ্ডিসাইটিসে দেহত্যাগ ৯৯;
-বিচলিত ১৪০; -প রি বারের
তিন্ধানি পত্র ১৪১; -লি থি ত
পত্র ১৪১-৪৩, ১৪৪; -কল্পা হেলেন
ব্যাগলীর পত্র ১৪৪-৪৫; তার
আমন্ত্রণে তাঁর গ্রীম্মাবাসে স্থামীজী
১৬৪

ব্যারোজ, (ডা:) জন হেনরী—পরিচয়
১৭ পা: টা:; -সাধারণ সমিতির

সভাপতি ২৫, ১৫০; -স্বামীনী বিবেকানন্দ সম্বন্ধে ৫০; -ধর্ম মহাসভার সভাপতি ১৩৬, ৪৩০;
-এর বিরোধিতা ৪৩০; প্রতিশোধ লইতে উন্থত ৪৩০; -প্রচার করেন স্বামীনী জাতিচ্ত ও আমেরিকার নারী সমাজকে নিন্দা করেছেন ৪৩০-৩১; গোঁড়া মনোভাব নিয়ে খৃষ্টধর্ম প্রচার চেষ্টা ৪৩৩; -অব্রাহ্মণ শুদ্র ৪৩৮; স্বদেশে পদার্পণ অস্তর বিবেকানন্দ সম্বন্ধে ৪৩০; -এর বিবেকানন্দের প্রভাব সম্বন্ধে ভাস্ক মত ৪৪০

ব্যাল্বোয়া সমিতি —২২৭ ব্যালেরেন সোসাইটি —তথায় স্বামীজীর 'ভারতীয় দর্শন ও পাশ্চাত্ত্য সমাজ' বক্তৃতা ২২৭

'ব্ৰহ্মবাদিন'—পত্ৰিকায় প্ৰকাশিত প্ৰবন্ধ ২৪৩, ২৪৪; পাক্ষিক পত্রিকা ২১৪ ; নাম আর মটো ২১৪: -পত্রিকায় স্বামীজীর প্রথম প্রবন্ধ 'সন্ন্যাসীর গীতি' ২১৪. ২৬২: পত্রিকার জন্ম স্বামীজীর গ্রাহক সংগ্রহ ২২৮ ; -পত্রে লেখা ২২৮; পত্রিকায় লিখিত ২৪৭-৪৮; পত্রিকায় রূপানন্দের পত্র ২৪৮-৪৯ ; পত্রিকায় স্বামী সারদানন্দ স্বামীজীর সিদেম ক্লাবের বক্ততা বিষয়ে লেখা ২৮০-৮১ ; -পত্রিকায় ম্যাক্স-মূলার গৃহের অভিজ্ঞতা সম্বন্ধে স্বামীজীর প্রবন্ধ ২৮৫; -পত্রিকায় মার্গারেটের লেখা ২৯৫; পরি-চালনার পরামর্শ ৩১৫; -সম্পাদক ৩১৮: -পত্ৰিকা প্ৰকাশে প্ৰচার কাৰ্য ৩৭৯